ঐশ্বর্য্যবলে জীবের সৃষ্টি-সঙ্কল্প হয়, সেই সঙ্কল্পে সত্য স্বপ্ন রথাদির সৃষ্টি হয়। (ফলিতার্থ—সত্যসঙ্কল্প পরমেশ্বরের সঙ্কল্পে সত্য সৃষ্টির সম্ভব আছে)। [অত্রোচ্যতে…জন্তূনাম্] এই আপত্তির প্রত্যাপত্তিতে বলা যায়, অংশাংশি-ভাব থাকিলেও জীবেশ্বরের বিরুদ্ধধর্ম্মবত্তা প্রত্যক্ষ। জীব অসত্যসঙ্কল্প, কিন্তু ঈশ্বর সত্যসঙ্কল্প, ইত্যাদি। তবে কি জীবের ঈশ্বরত্ব নাই? নাই বলা যায় না। আছে, কিন্তু তাহা অবিদ্যার দ্বারা তিরোহিত অর্থাৎ আচ্ছা-দিত (প্রতিবদ্ধ বা অনভিব্যক্ত) আছে। আবরণ-বিধ্বস্ত হইলেই তাহা অভিব্যক্ত বা প্রকাশ প্রাপ্ত (কার্য্যক্ষম) হয়। যে জীব পরমেশ্বরের অহং-গ্রহ উপাসনায় রত থাকে, নিষ্পাপ, যতমান অর্থাৎ বৈরাগ্যবিশিষ্ট, ঈশ্বর প্রসাদে সেই জীবেরই অবিদ্যাবরণ তিরোহিত হয়, তখন তাহার স্বতঃসিদ্ধ জ্ঞানৈশ্বর্য্যশক্তি যথাবৎ আবির্ভূত হয়। যেমন তিমিরযোগে দৃক্‌শক্তি তিরোহিত থাকে, পরে ঔষধ সেবায় তিমির বিনষ্ট হয়, তখন পূর্ব্ববৎ দৃক্‌শক্তির আবির্ভাব হয়, সেইরূপ। অতএব, থাকিলেও স্বভাবতঃই

কুতঃ। ততো হি ঈশ্বরাদ্ধেতোরস্য জীবস্য বন্ধমোক্ষৌ ভবতঃ। ঈশ্বরস্য স্বরূপাপরিজ্ঞানাদ্বন্ধস্তৎস্বরূপপরিজ্ঞানাত্তু মোক্ষঃ। তথা চ শ্রুতিঃ 'জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানিঃ ক্ষীণৈঃ ক্লেশৈর্জ্জন্মমৃত্যুপহানিঃ। তস্যাভিধ্যানাৎ তৃতীয়ং দেহভেদে বিশ্বৈশ্বর্য্যং কেবল আপ্তকামঃ' ইত্যেবমাদ্যা ॥ ৫ ॥

দেহযোগাদ্বা সোঽপি ॥ ৬ ॥*

কস্মাৎ পুনর্জ্জীবঃ পরমাত্মাংশ এব সংস্তিরস্কৃতজ্ঞানৈশ্বর্য্যো ভবতি যুক্তস্তু জ্ঞানৈশ্বর্য্যয়োরতিরস্কৃতত্বং বিস্ফুলিঙ্গ-

---

নন্তরমাত্মজ্ঞানাৎ কেবলোদ্বৈতশূন্য আপ্তকামঃ প্রাপ্তস্বয়ংজ্যোতিরানন্দো ভবতীতি ক্রমমুক্তিরিত্যর্থঃ। ইতি রত্নপ্রভা।

উক্তৈশ্বর্য্যতিরোভাবে দেহাভিমানো হেতুরিতি কথনার্থং সূত্রং, তন্নিরস্যা-

---

যে সর্ব্ব জীবের জ্ঞানৈশ্বর্য্য প্রকট প্রাপ্ত থাকে, তাহা থাকে না। [কুতস্ততো...মাদ্যা] সেই কারণেই ঈশ্বর-নিমিত্তক বদ্ধভাব ও মুক্তভাব। ঈশ্বর স্বরূপতঃ অজ্ঞাত থাকায় বদ্ধ, পরিজ্ঞাত হইলে মোক্ষ। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"সেই দেবকে অহংজ্ঞানে জানিলে সমুদায় পাশের অর্থাৎ বন্ধন রজ্জুর (অবিদ্যাদি ক্লেশ-পঞ্চকের) বিনাশ হয়, ক্লেশ সকল ক্ষয় প্রাপ্ত হইলে তজ্জনিত জন্মমৃত্যুরূপ বন্ধনও প্রকৃষ্টরূপে বিনষ্ট হয়।" তাঁহার অভিধ্যানে মর্ত্ত্যদেহ পাত ও সিদ্ধদেহ লাভ হইলে (অহংগ্রহ উপাসনায়) বন্ধ-মোক্ষ অপেক্ষা তৃতীয় অণিমাদিরূপ অষ্টৈশ্বর্য্য (অণিমা ও লঘিমা প্রভৃতি ৮ প্রকার শক্তি) লাভ হয়, তৎপরে (ভোগান্তে) সে কেবল অর্থাৎ দ্বৈতরহিত ও আপ্তকাম (প্রাপ্ত স্বাত্মানন্দ) হয়। (এই শেষার্দ্ধে সগুণ-জ্ঞানের ক্রমমুক্তিফল বলা হইল এবং পূর্ব্বার্দ্ধে নির্গুণজ্ঞানের মোক্ষফল বলা হইয়াছে, ইহা স্মরণ করিতে হইবেক)।

জীব পরমাত্মাংশ, অথচ তাঁহার জ্ঞানৈশ্বর্য্য লুপ্ত, ইহার কারণ কি? যেমন বিস্ফুলিঙ্গের দাহ-প্রকাশ-শক্তি অতিরস্কৃত থাকে, তেমনি, জীবেরও জ্ঞানৈশ্বর্য্য অতিরস্কৃত থাকা উচিত। ইহার প্রত্যুত্তর এই যে, তাহা

---

* কিঞ্চ সঃ জ্ঞানৈশ্বর্য্যতিরোভাবঃ দেহযোগাৎ দেহাদিসম্পর্কাৎ ভবতীতি শেষঃ।—জীব ঈশ্বর সত্য; কিন্তু দেহ ও ইন্দ্রিয় প্রভৃতির সহিত যোগ অর্থাৎ সম্বন্ধ ঘটনা হওয়ায় তাঁহার জ্ঞান ও ঐশ্বর্য্য অভিভূত হইয়া আছে।

স্যেব দহনপ্রকাশয়োঃ। অত্রোচ্যতে। সত্যমেবৈতৎ। সোঽপি তু জীবস্য জ্ঞানৈশ্বর্য্যতিরোভাবো দেহযোগাদ্দেহেন্দ্রিয়মনো-বুদ্ধিবিষয়বেদনাদিযোগাদ্ভবতি। অস্তি চাত্রোপমা. যথাগ্নের্দ্দহনপ্রকাশনসম্পন্নস্যাপ্যরণিগতস্য দহনপ্রকাশনে তিরোভবতঃ। যথা বা ভস্মনাচ্ছন্নস্য। এবমবিদ্যাপ্রত্যুপস্থাপিতনামরূপকৃতদেহাদ্যুপাধিযোগাৎ তদবিবেকভ্রমকৃতো জীবস্য জ্ঞানৈশ্বর্য্যতিরোভাবঃ। বাশব্দো জীবেশ্বরয়োরন্যত্বাশঙ্কাব্যাবৃত্ত্যর্থঃ। নন্বন্য এব জীব ঈশ্বরাদস্তু তিরস্কৃতজ্ঞানৈশ্বর্য্যত্বাৎ কিং দেহযোগকল্পনয়া। নেত্যুচ্যতে। ন হ্যন্যত্বং জীবস্যেশ্বরাদু-

---

শঙ্কামাহ কস্মাদিতি। সত্যাবরণং নাস্তীত্যঙ্গীকৃত্য কল্পিতাবরণং সাধয়তি—অত্রোচ্যত ইত্যাদিনা। জীবস্যেশ্বরত্বমঙ্গীকৃত্যাবরণকল্পনাৎ পরমন্যত্বকল্পনেত্যাশঙ্কামুদ্ভাব্য শ্রুত্যা নিরস্যতি—নন্বিত্যাদিনা। স্বপ্নেঽপ্যালোকাদেঃ স্বপ্নত্বে

সত্য বটে; কিন্তু দেহসম্বন্ধ থাকায়—দেহ, ইন্দ্রিয়, মন, বুদ্ধি, বিষয়ানুভব,—এই সকল থাকায়—তাঁহার (জীবের) জ্ঞানৈশ্বর্য্য তিরোভূত আছে। [অস্তি···ভাবঃ] ইহার দৃষ্টান্তও আছে। যদ্রূপ দাহ-শক্তি ও প্রকাশশক্তি থাকিলেও কাষ্ঠান্তর্গত বহ্নির ও ভস্মাচ্ছন্ন বহ্নির তাহা তিরোভূত থাকে, তদ্রূপ, জীবেরও অবিদ্যাজনিতনামরূপকৃতদেহাদি-সম্পর্কে জ্ঞানৈশ্বর্য্য তিরোভূত (বিলুপ্ত) হয়। [বা···বৃত্ত্যর্থঃ] জীব ও ঈশ্বর অত্যন্ত ভিন্ন, এ আশঙ্কা নিবারণার্থ সূত্রে বা শব্দ প্রযুক্ত হইয়াছে। [নন্বন্য···ঘটতে।] যদি বল, জীব ঈশ্বর হইতে অত্যন্ত ভিন্ন, তাহাতেই জীবের জ্ঞানৈশ্বর্য্য অল্প, দেহ-সম্পর্কে জ্ঞানৈশ্বর্য্যের তিরোভাব, এ কল্পনার প্রয়োজন কি? প্রয়োজন আছে। জীবকে ঈশ্বর হইতে অত্যন্ত ভিন্ন বলিবার বাধা আছে। জীবের আত্যন্তিক ঈশ্বরভিন্নতা উপপন্ন হয় না। কেন? তাহা বলিতেছি। "সেই এই দেবতা আলোচনা করিলেন।" এই উপক্রমের পর বলা হইয়াছে, "জীবরূপী আত্মা হইয়া অনুপ্রবেশ পূর্ব্বক—"। এই শ্রুতি আত্মশব্দের দ্বারা জীবের অনুসন্ধান (উল্লেখ) করিয়াছেন। (ইহাতেও স্থির হইতেছে যে, পরামাত্মাই জীবরূপে দেহাদিতে অনুপ্রবিষ্ট আছেন)। এতদ্ভিন্ন অন্য শ্রুতিও আছে। যথা—"হে শ্বেতকেতো! সে-ই সত্য, তিনিই আত্মা, তিনিই তুমি।" এ শ্রুতিও জীবের উদ্দেশ করিয়া তাঁহারই

পপদ্যতে। 'সেয়ং দেবতৈক্ষত' ইত্যুপক্রম্য 'অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য' ইত্যাত্মশব্দেন জীবস্য পরামর্শাৎ। 'তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো' ইতি চ জীবায়োপদিশতীশ্বরাত্মত্বম্। অতোঽনন্য এবেশ্বরাৎ জীবঃ সন্ দেহযোগাৎ তিরোহিতজ্ঞানৈশ্বর্য্যো ভবতি। অতশ্চ ন সাঙ্কল্পিকী জীবস্য স্বপ্নে রথাদিসৃষ্টিসিদ্ধির্ঘটতে। যদি চ সাঙ্কল্পিকী স্বপ্নে সৃষ্টিসিদ্ধিঃ স্যাৎ নৈবানিষ্টং কশ্চিৎ স্বপ্নং পশ্যেৎ। ন হি কশ্চিদনিষ্টং সঙ্কল্পয়তে। যৎপুনরুক্তং জাগরিতদেশশ্রুতিঃ স্বপ্নস্য সত্যত্বং খ্যাপয়তীতি ন তৎ সাম্যবচনং সত্যত্বাভিপ্রায়ং স্বয়ংজ্যোতিষ্ট্বনিরোধাৎ। শ্রুত্যৈব চ স্বপ্নে রথাদ্যভাবস্য দর্শিতত্বাৎ। জাগরিতপ্রভববাসনা নিমিত্তত্বাত্তু স্বপ্নস্য তত্তুল্যনির্ভাসত্বাভিপ্রায়ং তৎ। তস্মাদুপপন্নং স্বপ্নস্য মায়ামাত্রত্বম্ ॥ ৬ ॥

জাগ্রতীবাত্মনঃ স্বপ্রকাশত্বমস্ফুটং স্যাৎ প্রাতিভাসিকত্বে ত্বালোকেন্দ্রিয়াদ্যসত্ত্বেঽপ্যর্থাপরোক্ষ্যমাত্মজ্যোতিষ এবেতি স্ফুট সিধ্যতি। তস্মাদ্দেশাদিসাম্যবচনং স্বপ্নস্য জাগ্রত্তুল্যভানাভিপ্রায়মিত্যর্থঃ। ইতি রত্নপ্রভা।

ঈশ্বরাত্মতা উপদেশ করিয়াছেন অর্থাৎ জীবেশ্বরের অভেদ বর্ণন করিয়াছেন। এই জন্যই বলিতে হয়, মানিতে হয়, জীব ঈশ্বর হইতে অভিন্ন হইলেও, ভিন্ন না হইলেও, দেহযোগ হওয়ায় বিলুপ্তজ্ঞানৈশ্বর্য্য হইয়াছেন। যেহেতু জীব তিরস্কৃতজ্ঞানৈশ্বর্য্য—সেই হেতু তিনি স্বপ্নে সংকল্পের দ্বারা সত্য রথাদি সৃজন করিতে পারেন না। [যদি চ··· মাত্রত্বম্] স্বাপ্নিক সৃষ্টি সঙ্কল্পপূর্ব্বিকা হইলে কোনও ব্যক্তি অনিষ্ট স্বপ্ন সন্দর্শন করিত না। কে আপনার অনিষ্ট সঙ্কল্প করে? বলিয়াছিলে যে, জাগরিত-দেশ-শ্রুতি অর্থাৎ জাগ্রতের সমান স্বপ্ন, এই উক্তি স্বপ্নের সত্যতা স্থাপন করিবে, বস্তুতঃ তাহা করিবে না। সত্যতা অভিপ্রায়ে ঐ সাম্য অভিহিত হয় নাই। স্বপ্ন জাগ্রৎবাসনা(সংস্কার)প্রভব। সেই কারণে স্বপ্নকে জাগ্রত্তুল্য বলা হইয়াছে। অন্যথা আত্মার স্বয়ম্প্রকাশতার ব্যাঘাত ও শ্রুতিকর্ত্তৃক স্বাপ্নরথাদির মিথ্যাত্ব কথন বাধিত হইবেক। উপসংহার এই যে, প্রদর্শিত কারণে স্বপ্ন মায়াময়, সত্য নহে।

তদভাবোনাড়ীষু তচ্ছ্রুতেরাত্মনি চ ॥ ৭॥*

স্বপ্নাবস্থা পরিক্ষিতা। সুষুপ্তাবস্থেদানীং পরীক্ষ্যতে। তত্রৈতাঃ সুষুপ্তবিষয়াঃ শ্রুতয়ো ভবন্তি। ক্বচিৎ শ্রূয়তে 'তদ্ যত্রৈতৎ সুপ্তঃ সমস্তঃ সম্প্রসন্নঃ স্বপ্নং ন বিজানাতি আসু তদা নাড়ীষু সৃপ্তো ভবতি' ইতি। অন্যত্র তু নাড়ীরেবানুক্রম্য শ্রূয়তে 'তাভিঃ প্রত্যবসৃপ্য পুরীততি শেতে' ইতি। তথান্যত্রাপি নাড়ীরেবানুক্রম্য 'তাসু তদা ভবতি যদা সুপ্তঃ স্বপ্নং ন কঞ্চন পশ্যতি। অথাস্মিন্ প্রাণ এবৈকধা ভবতি' ইতি।

ইহ হি নাড়ীপুরীতৎপরমাত্মানোজীবস্য সুষুপ্তাবস্থায়াং স্থানত্বেন শ্রূয়ন্তে। তত্র কিমেষাং স্থানানাং বিকল্প আহোস্বিৎ সমুচ্চয়ঃ। কিমতো, যদ্যেবং এতদতোভবতি। যদা নাড়্যো বা পুরীতদ্বা সুষুপ্তস্থানং তদা বিপরীতগ্রহণনিবৃত্তাবপি ন জীবস্য পরমাত্মভাব ইতি। অবিদ্যানিবৃত্তাবপি জীবস্য পরমাত্মভাবায় কারণান্তরমপেক্ষিতব্যম্। তচ্চ কর্ম্মৈব ন তু তত্ত্বজ্ঞানং বিপরীতজ্ঞাননিবৃত্তিমাত্রেণ তস্যোপযোগাৎ। বিপরীতজ্ঞাননিবৃত্তেশ্চ বিনাপি তত্ত্বজ্ঞানং সুষুপ্তাবপি সম্ভবাৎ। ততশ্চ কর্ম্মণৈবাপবর্গো ন জ্ঞানেন। যথাহুঃ—কর্ম্মণৈব

স্বপ্নাবস্থা বিচারিত হইল, এক্ষণে সুষুপ্ত্যবস্থা বিচারিত হইবে। সুষুপ্তিবিষয়ে এই সকল শ্রুতি আছে। এক স্থানে শুনা যায়, "যে প্রকারে সুপ্ত হয় সে প্রকার এই—জীব যখন সুপ্ত হয়, সমস্ত অর্থাৎ বাহ্য করণ নির্ব্যাপার হয়, সম্প্রসন্ন অর্থাৎ মানোলয় হেতু প্রসন্ন (শান্ত শিব ও অদ্বৈতপ্রায়) হয়, জীব তখন, নাড়ীস্থানগত থাকেন।" অন্য স্থানেও নাড়ী অনুক্রমের পর অভিহিত হইয়াছে, "সেই সকল নাড়ীর দ্বারা প্রত্যবসর্পণ পূর্ব্বক পুরীতৎ নাম্নী নাড়ীতে শয়ন করেন।" অন্য শ্রুতিতেও নাড়ী উল্লেখের পর কথিত হইয়াছে—"যখন সুপ্ত হন, কোনও প্রকার স্বপ্নসন্দর্শন করেন না, তখন, অভিহিত নাড়ীস্থানে থাকেন। অনন্তর প্রাণের সহিত একত্ব প্রাপ্ত হন।" আবার শ্রুত্যন্তরে এইরূপ শুনা যায়—"এই যে হৃদয়ান্তরস্থ

---

* তদভাবঃ স্বপ্নদর্শনাভাবঃ সুষুপ্তমিতি যাবৎ। স চ নাড়ীষ্বাত্মনি চেতি ভবতীতি শেষঃ। কুতঃ? তচ্ছ্রুতেঃ। শ্রুতৌ সুষুপ্তস্য তথাবিধত্বমুচ্যত ইত্যর্থঃ। অনেন নাড়্যাদীনাং সমুচ্চয় উক্তঃ।—জীব নাড়ী সম্বন্ধ দ্বারা আত্মাতে (আপন স্বরূপে) সুপ্ত হয়, ইহা শ্রুতির দ্বারা জানা যাইতেছে।

তথান্যত্রাপি 'য এষোঽন্তর্হৃদয় আকাশস্তস্মিন্ শেতে' ইতি। তথান্যত্র 'সতা সোম্য তদা সম্পন্নো ভবতি স্বমপীতো ভবতি' ইতি। তথা 'প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরম্' ইতি চ। তত্র সংশয়ঃ। কিমেতানি নাড্যাদীনি পরস্পরনিরপেক্ষতয়া ভিন্নানি সুপ্তিস্থানানি আহোস্বিৎ পরস্পরাপেক্ষতয়ৈকং সুপ্তিস্থানমিতি। কিন্তাবৎ প্রাপ্তম্। ভিন্নানীতি। কুতঃ। একার্থত্বাৎ। ন হ্যেকার্থানাং ক্বচিৎ পরস্পরাপেক্ষত্বং দৃশ্যতে ব্রীহিযবাদীনাম্। নাড্যাদীনাঞ্চৈকার্থতা সুষুপ্তৌ দৃশ্যতে 'নাড়ীষু সৃপ্তো ভবতি পুরীততি শেতে' ইতি চ তত্র তত্র সপ্তমীনির্দ্দেশস্য তুল্যত্বাৎ।

তু সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ। ইতি। অথ তু পরমাত্মৈব নাড়ী পুরীতৎ সৃপ্তিদ্বারা সুষুপ্তিস্থানং ততোবিপরীতজ্ঞাননিবৃত্তেরস্তি মাত্রয়া পরমাত্মভাবোপযোগঃ। তয়া হি তাবদেষ জীবঃপদবস্থানোভবতি কেবলম্। তত্ত্বজ্ঞানাভাবেন সমূলকাযমবিদ্যায়া অকাযাৎ জাগ্রৎস্বপ্নলক্ষণং জীবস্য ব্যুত্থানং ভবতি। তস্মাৎ প্রয়োজনবত্যেষা বিচারেণেতি। কিং তাবৎ প্রাপ্তম্। নাড়ীপুরীতৎপরমাত্মসু স্থানেষু সুষুপ্তস্য জীবস্য নিলয়নং প্রতি বিকল্পঃ। যথা বহুষু প্রাসাদেষ্বেকো নরেন্দ্রঃ কদাচিৎ ক্বচিন্নিলীয়তে কদাচিৎ ক্বচিদন্যত্র, এবমেকোজীবঃ কদাচিন্নাড়ীষু কদাচিৎ পুরীততি কদাচিদ্ব্রহ্মণীতি। যথা নিরপেক্ষা ব্রীহিযবা ক্রতুসাধনীভূতপুরোডাশপ্রকৃতিতয়া শ্রুতা একার্থা বিকল্প্যন্ত এবং সপ্তমীশ্রুত্যা

আকাশ (ব্রহ্ম), এই আকাশে শয়ন করেন।" আবার অন্য শ্রুতিতে অন্য প্রকার শুনাও যায়। যথা—"হে সৌম্য শ্বেতকেতো! সেই সময়ে সৎসম্পন্ন (ব্রহ্মসম্পন্ন) হয়।" "সেই সময়ে প্রাজ্ঞ আত্মায় সম্যক্ পরিষ্বক্ত (একত্বপ্রাপ্ত) হওয়ায় বাহ্য ও আন্তর জানিতে পারে না—বিভেদজ্ঞান থাকে না।"' [তত্র···তুল্যত্বাৎ] এই সকল শ্রুতির তাৎপর্য্যার্থে সংশয় এই যে, শ্রুত্যুক্ত নাড়ী, পুরীতৎ ও ব্রহ্ম—এগুলি কি পরস্পর নিরপেক্ষরূপে বা পৃথক্ পৃথক্ সুপ্তিস্থান? অর্থাৎ কখন নাড়ীতে, কখন পুরীততে ও কখন ব্রহ্মে শয়ন করেন? অথবা পরস্পরাপেক্ষরূপে একই সুপ্তিস্থান? (ভাবার্থ এই যে, জীব কি ঐ সকল পৃথক্ পৃথক্ স্থানে বিকল্পে সুপ্ত হন? অথবা নাড়ীপথে পুরীতৎ গমন করতঃ ব্রহ্মে শয়ান হন?) পূর্ব্বপক্ষে

নন্থ নৈবং সতি সপ্তমীনির্দ্দেশো দৃশ্যতে 'সতা সোম্য তদা সম্পন্নো ভবতি' ইতি। নৈষ দোষঃ। তত্রাপি সপ্তম্যর্থস্য গম্যমানত্বাৎ। বাক্যশেষে হি তত্রায়তনৈষী জীবঃ সদুপসর্পতি, ইত্যাহ। 'অন্যত্রায়তনমলব্ধ্বা প্রাণমেবোপশ্রয়তে' ইতি প্রাণশব্দেন তত্র প্রকৃতস্য সত উপাদানাৎ। আয়তনঞ্চ সপ্তম্যর্থঃ। সপ্তমীনির্দ্দেশোঽপি তত্র বাক্যশেষে দৃশ্যতে 'সতি সম্পদ্য ন বিদুঃ সতি সম্পদ্যামহে' ইতি। সর্ব্বত্র চ

বায়তনশ্রুত্যা বৈকনিলয়নার্থাঃ পরস্পরানপেক্ষা নাড্যাদয়োঽপি বিকল্পমর্হন্তি :- যত্রাপি নাড়ীভিঃ প্রত্যবসৃপ্য পুরীততি শেত ইতি নাড়ীপুরীততোঃ সমুচ্চয়-শ্রবণং তথা তাসু তদা ভবতি যদা সুপ্তঃ স্বপ্নং ন কঞ্চন পশ্যতি, অথাস্মিন্ প্রাণ এবৈকধা ভবতীতি নাড়ীব্রহ্মণোরাধারয়োঃ সমুচ্চয়শ্রবণং প্রাণশব্দঞ্চ ব্রহ্ম অথাস্মিন্ প্রাণে ব্রহ্মণি স জীব একধা ভবতীতি বচনাৎ তথাপ্যাসু তদা নাড়ীষু সুপ্তো ভবতীতি চ পুরীততি শেত ইতি চ নিরপেক্ষয়োর্নাড়ীপুরীততো-

পাওয়া যায়, ঐ সকল সুপ্তিস্থান পরস্পর নিরপেক্ষ অর্থাৎ স্বাধীন বা ভিন্ন। অর্থাৎ বৈকল্পিক। ভিন্ন বা বৈকল্পিক হইলে ঐ সকলের একার্থতা স্থির থাকিতে পারে। যে সকল পদার্থ একার্থ—এক প্রয়োজনের নিমিত্ত কথিত—সে সকল পদার্থের পরস্পর নিরপেক্ষতা অর্থাৎ বিকল্প দৃষ্ট হয়। যেমন ব্রীহি ও যব প্রভৃতি। (পুরোডাশ প্রস্তুত করণার্থ ব্রীহিযবের উপদেশ, সে নিমিত্ত তাহাদের পরস্পরাপেক্ষতা নাই। উহারা কেহ কাহার অপেক্ষা করে না। তাহাতেই তাহাদের বিকল্প হয়। বিকল্প হয় কি না, ব্রীহির দ্বারাও হয়, যবের দ্বারাও হয়, ইহা মীমাংসকদিগের সিদ্ধান্ত।) সেইরূপ, শ্রুতিতেও নাড়ী প্রভৃতির একার্থতা দেখা যায়। নাড়ীতে গমন করেন, পুরীততে শয়ন করেন, এ সকল স্থলে তুল্যরূপে সপ্তমী বিভক্তির বিন্যাস আছে। (তাহাতে স্থির হয়, বুঝা যায়, সুপ্তিরূপ প্রয়োজনের নিমিত্ত ঐ সকল স্থান তুল্যরূপে অবস্থিত। অর্থাৎ নাড়ী গত হইলেও সুপ্তি হয়, পুরীততে শয়ন করিলেও সুপ্তি হয় এবং ব্রহ্মে একত্ব প্রাপ্ত হইলেও সুপ্তি হয়।) [নন্থ···বিশিষ্যতে] যদি বল "সতা সোম্য তদা—" এ শ্রুতিতে সপ্তমী বিভক্তি নাই, কিন্তু তৃতীয়া বিভক্তি আছে, তাহার প্রত্যুত্তরে আমরা বলি, সপ্তমী বিভক্তি না থাকিলেও দোষ হইতেছে না। কেননা,

বিশেষবিজ্ঞানোপশমলক্ষণং সুষুপ্তং ন বিশিষ্যতে। তস্মাদেকার্থত্বান্নাড্যাদীনাং বিকল্পেন কদাচিৎ কিঞ্চিৎ স্থানং স্বাপায়োপসর্পতীত্যেবং প্রাপ্তে প্রতিপদ্যতে—তদভাবো নাড়ীষ্বাত্মনি চেতি। তদভাব ইতি তস্য প্রকৃতস্য স্বপ্নদর্শনস্যাভাবঃ সুষুপ্তমিত্যর্থঃ। নাড়ীষ্বাত্মনি চেতি সমুচ্চয়েনৈতানি নাড্যাদীনি স্বাপায়োপৈতি ন বিকল্পেনেত্যর্থঃ। কুতঃ। তচ্ছ্রুতেঃ। তথা হি সর্ব্বেষামেষাং নাড্যাদীনাং তত্র তত্র সুপ্তিস্থানত্বং শ্রূয়তে তচ্চ সমুচ্চয়ে সংগৃহীতং ভবতি। বিকল্পে

রাধারত্বেন নির্দ্দেশান্নিরপেক্ষয়োরেবাধারত্বম্। ইয়াংস্তু বিশেষঃ—কদাচিন্নাড্য এবাধারঃ কদাচিন্নাড়ীভিঃ সঞ্চরমাণস্য পুরীতদেব। এবং তাভিরেব সঞ্চরমাণস্য কদাচিদ্ব্রহ্মৈবাধার ইতি সিদ্ধমাধারত্বে নাড়ীপুরীতৎপরমাত্মনামনপেক্ষত্বম্। তথা চ বিকল্পোব্রীহিযববদ্বৃহদ্রথন্তরবদ্বেতি প্রাপ্তম্। এবং প্রাপ্তেঽভিধীয়তে। জীবঃ সমুচ্চয়েনৈবৈতানি নাড্যাদীনি স্বাপায়োপৈতি ন বিকল্পেন। অয়মভিসন্ধিঃ—নিত্যবদাম্নাতানাং যৎ পাক্ষিকত্বং নাম তদ্দাত্যন্তরাভাবে কল্প্যতে। যথাহুঃ—

ঐ তৃতীয়া সপ্তমী অর্থে ব্যবস্থাপিত। ঐ বাক্যের শেষে আছে, "জীব আয়তনান্বেষী অর্থাৎ আশ্রয়ান্বেষী হইয়া সতে (ব্রহ্মে) উপগত হয়।" "অন্য কোথাও আশ্রয় লাভ না করিয়া প্রাণে উপগত হয়।" (প্রাণ=সৎ বা ব্রহ্ম)। আয়তন বা আশ্রয় সপ্তমী বিভক্তিরই অর্থ। বাক্যশেষে স্পষ্ট সপ্তমী বিভক্তিও আছে। যথা—"সতে সম্পন্ন (একীভূত) হইয়াও তাহারা জানে না যে, আমরা সতে অর্থাৎ ব্রহ্মে সম্পন্ন (একত্ব প্রাপ্ত) হইয়াছি।" বিশেষ বিজ্ঞানের অর্থাৎ দ্বৈতজ্ঞানের উপশম হওয়ার নাম সুপ্তি, তাহা সর্ব্বত্রই সমান। (নাড়ীস্থানে, পুরীততে ও ব্রহ্মে, সর্ব্বস্থানেই সমান, ইতর-বিশেষ নাই)। [তস্মা...স্যাৎ] ঐ সকল দেখিয়া বলা যায়, জীব সুষুপ্তির উদ্দেশে নাড়ী, পুরীতৎ ও পরমাত্মা এই তিনের বিকল্পিত বা অন্যতম স্থানে উপসর্পিত হন। এই পূর্ব্বপক্ষের উপর বলা হইয়াছে, তদভাব নাড়ীতে ও আত্মায় ঘটনা হয়। তদভাব শব্দের অর্থ স্বপ্নদর্শনের অভাব অর্থাৎ সুষুপ্তি। তাহা নাড়ী ও আত্মা উভয়সমুচ্চিত স্থানে হয়। অর্থাৎ জীব সুষুপ্তির জন্য একযোগে নাড়ী প্রভৃতিতে উপগত হন। বিকল্পে অর্থাৎ কখন নাড়ীতে ও কখন পুরীতৎ প্রভৃতিতে, এরূপে

হ্যেষাং পক্ষেঃ বাধঃ স্যাৎ। নন্বেকার্থত্বাদ্বিকল্পো নাড়্যা-দীনাং ব্রীহিযবাদিবদিত্যুক্তম্। নৈত্যুচ্যতে। ন হ্যেকবিভক্তি-নির্দ্দেশমাত্রেণৈকার্থত্বং বিকল্পশ্চাপততি। নানার্থত্বসমুচ্চয়-য়োরপ্যেকবিভক্তিনির্দ্দেশদর্শনাৎ। প্রাসাদে শেতে পর্য্যঙ্কে শেত ইত্যেবমাদিষু। তথেহাপি নাড়ীষু পুরীততি ব্রহ্মণি চ স্বপিতীত্যেতদুপপদ্যতে সমুচ্চয়ঃ। তথা চ শ্রুতিঃ 'তাসু তদা ভবতি যদা সুপ্তঃ স্বপ্নং ন কঞ্চন পশ্যতি অথাস্মিন্ প্রাণ

এবমেষোঽষ্টদোষোঽপি যদ্ব্রীহিযববাক্যয়োঃ।
বিকল্প আশ্রিতস্তত্র গতিরন্যা ন বিদ্যতে॥ ইতি।

প্রকৃতক্রতুসাধনীভূতপুরোডাশদ্রব্যপ্রকৃতিতয়া হি পরস্পরানপেক্ষৌ ব্রীহি-যবৌ বিহিতৌ শক্রুতশ্চৈতৌ প্রত্যেকং পুরোডাশমভিনির্ব্বর্ত্তয়িতুম্। তত্র যদি মিশ্রাভ্যাং পুরোডাশোঽভিনির্ব্বর্ত্ত্যেত পরস্পরানপেক্ষব্রীহিযববিধাতৃণী উভে অপি শাস্ত্রে বাধ্যেয়াতাম্। ন চৈতৌ প্রয়োগবচনঃ সমুচ্চেতুমর্হতি। স হি যথাবিহিতান্যঙ্গান্যভিসমীক্ষ্য প্রবর্ত্তমানো নৈতান্যন্যথয়িতুং শক্নোতি মিশ্রণে চান্যথাত্বমেতেষাম্। ন চাঙ্গানুরোধেন প্রধানাভ্যাসোগোসবে উভে কুর্য্যাদিতি-বদ্যুক্তঃ। অশ্রুতো হ্যত্র প্রধানাভ্যাসোঽঙ্গানুরোধেন চ সোঽন্যায্যঃ। ন চাঙ্গ-ভূতৈন্দ্রবায়বাদিগ্রহানুরোধেন যথা প্রধানস্য সোমযাগস্যাবৃত্তিরেবমত্রাপীতি যুক্তম্। সোমেন যজেতেতি হি তত্রাপূর্ব্বযাগবিধিঃ। তত্র চ দশমুষ্টিপরিমিতস্য সোমদ্রব্যস্য সোমমভিষুণোতি সোমমভিপ্লাবয়তীতি চ বাক্যান্তরানুলোচনয়া রসদ্বারেণ যাগসাধনীভূতস্যেন্দ্রবায়্বাদ্যুদ্দেশেন প্রাদেশমাত্রেষূর্দ্ধপাত্রেষু গ্রহণানি পৃথক্ প্রকল্পনানি সংস্কারা বিধীয়ন্তে ন তু সোমযাগোদ্দেশেনেন্দ্রবায়্বাদয়োদেব-তাশ্চোদ্যন্তে যেন তাসাং যাগনিষ্পত্তিলক্ষণৈকার্থত্বেন বিকল্পঃ স্যাৎ। ন চ প্রাদেশমাত্রমেকৈকমূর্দ্ধপাত্রং দশমুষ্টিপরিমিতসোমরসগ্রহণায় কল্পতে যেন

উপগত হন না। কেন-না শ্রুতি ঐরূপ হওয়ার কথাই বলিয়াছেন। নাড়ী, পুরীতৎ ও সৎ (ব্রহ্ম) এই তিনই সুপ্তিস্থান বলিয়া শ্রুতিতে অভিহিত আছে। সে অভিধান বা সে সকল সমুচ্চয় পক্ষেই সঙ্গত, বিকল্প পক্ষে বাধিত। [নন্বেকার্থত্বাৎ…ইত্যত্র] এক প্রয়োজনে কথিত ব্রীহিযবাদির ন্যায় সুপ্তিরূপ এক প্রয়োজনে কথিত নাড়্যাদির বিকল্প গ্রহণ যুক্তিযুক্ত নহে। এক বিভক্তির নির্দ্দেশ থাকিলেই যে একার্থ (একপ্রয়োজন) ও বিকল্প হয়, তাহা হয় না। নানার্থতা (অনেক প্রয়োজন বা অনেক

এবৈকধা ভবতি' ইতি সমুচ্চয়ং নাড়ীনাং প্রাণস্য চ সুষুপ্তৌ শ্রাবয়তি। একবাক্যোপাদানাৎ। প্রাণস্য চ ব্রহ্মত্বং সমধি-

তুল্যার্থতয়া গ্রহণানি বিকল্পেরন্। ন চ যাবন্মাত্রমেকমূর্দ্ধপাত্রং ব্যাপ্নোতি তাবন্মাত্রং গৃহীত্বা পরিশিষ্টং ত্যজ্যেতেতি যুজ্যতে। দশমুষ্টিপরিমিতোপাদান-স্যাদৃষ্টার্থত্বপ্রসঙ্গাৎ। এবং তদ্দৃষ্টার্থং ভবেদ্যদি তৎ সর্ব্বং যাগ উপযুজ্যেত। ন চ দৃষ্টে সম্ভবত্যদৃষ্টকল্পনা ন্যায্যা। তস্মাৎ সকলস্য সোমরসস্য যাগশেষত্বেন সংস্কারার্হত্বাদেকৈকেন চ গ্রহণেন সকলস্য সংস্কর্ত্তুমশক্যত্বাত্তদবয়বস্যৈকেন সংস্কারেঽবয়বান্তরস্য গ্রহণান্তরেণ সংস্কার ইতি কার্য্যভেদাদ্গ্রহণানি সমুচ্চীয়ে-রন্। অতএব সমুচ্চয়দর্শনং দর্শেতানধ্বর্য্যুঃ প্রাতঃসবনে গ্রহান্ গৃহ্লাতীতি। সমুচ্চয়ে চ সতি ক্রমোপ্যুপপদ্যতে। আশ্বিনো দশমো গৃহ্যতে তৃতীয়ো হূয়তে। তথৈবৈন্দ্রবায়বাগ্রান্ গ্রহান্ গৃহ্লাতীতি। তেষাঞ্চ সমুচ্চয়ে সতি যাবদ্যদুদ্দেশেন গৃহীতং তাবৎ তস্যৈ দেবতায়ৈ ত্যক্তব্যমিত্যর্থাদ্যাগস্য বৃত্তা ভবিতব্যম্। যদি পুনঃ পৃথক্কৃতান্যপ্যেকীকৃত্য কাঞ্চন দেবতামুদ্দিশ্য ত্যজে-রন্ পৃথক্করণানি চ দেবতোদ্দেশাশ্চাদৃষ্টার্থা ভবেয়ুঃ। ন চ দৃষ্টে সম্ভবত্যদৃষ্ট-কল্পনা ন্যায্যেত্যুক্তম্। তস্মাৎ তত্র সমুচ্চয়স্যাবশ্যম্ভাবিত্বাদ্গুণানুরোধেনাপি প্রধানাভ্যাস আস্থীয়তে। ইহ ত্বভ্যাসকল্পনায়াং প্রমাণাভাবাৎ পুরোডাশদ্রব্যস্য চানিয়মেন প্রকৃতদ্রব্যে যস্মিন্ কস্মিংশ্চিৎ প্রাপ্ত একৈকা পরস্পরানপেক্ষা ব্রীহিশ্রুতির্যবশ্রুতিশ্চ নিয়ামিকৈকার্থতয়া বিকল্পমর্হতঃ। ন তু নাড়ীপুরীতৎ পরমাত্মনামন্যোন্যানপেক্ষাণামেকনিলয়নার্থত্বসম্ভবো যেন বিকল্পোভবেৎ। ন হ্যেকবিভক্তিনির্দ্দেশমাত্রেণৈকার্থতা ভবতি সমুচ্চিতানামপ্যেকবিভক্তি-নির্দ্দেশদর্শনাৎ। পর্য্যঙ্কে শেতে প্রাসাদে শেত ইতি। তস্মাদেকবিভক্তি-নির্দ্দেশস্যানৈকান্তিকত্বাদন্যতোবিনিগমনা বক্তব্যা। সা চোক্তা ভাষ্যকৃতা

উদ্দেশ্য) ও সমুচ্চয় (যদ্দ্বারা একই কার্য্য দুএর বা ততোধিক পদার্থের যোগ) এই উভয় স্থলে এক বিভক্তির প্রয়োগ দেখা যায়। প্রাসাদে শয়ন করে ও পর্য্যঙ্কে শয়ন করে, ইত্যাদির ন্যায় (কখন প্রাসাদে, কখন পর্য্যঙ্কে, এরূপ বিকল্প নহে) নাড়ীতে পুরীততে ও ব্রহ্মে সুপ্ত হয়, এইরূপ সমুচ্চয় হওয়াই যুক্তিযুক্ত বা সঙ্গত। শ্রুতিও সুষুপ্তিতে নাড়ীর ও প্রাণের (ব্রহ্মের) সমুচ্চয় শুনাইয়াছেন। যথা—"যখন সেই নাড়ীসমূহে থাকেন তখন সুপ্ত হন, কোনও প্রকার স্বপ্ন দেখেন না। অনন্তর এই প্রাণে (পর-মাত্মায়) একীভূত হন।" এ স্থলে একবাক্যে উভয়ের গ্রহণ হওয়ায় সমুচ্চয় অর্থই প্রতীত হইতেছে। শ্রুতিস্থ প্রাণ-শব্দ যে ব্রহ্মের বোধক, তাহা

গতং 'প্রাণস্তথানুগমাদ্' ইত্যত্র। যত্রাপি নিরপেক্ষা ইব নাড়ীঃ সুপ্তিস্থানত্বেন শ্রাবয়তি 'আসু তদা নাড়ীষু সৃপ্তো ভবতি' ইতি তত্রাপি প্রদেশান্তরপ্রসিদ্ধস্য ব্রহ্মণোঽপ্রতিষেধান্নাড়ীদ্বারেণ ব্রহ্মণ্যেবাবতিষ্ঠত ইতি প্রতীয়তে। ন চৈবমপি নাড়ীষু সপ্তমী বিরুধ্যতে। নাড়ীভিরপি ব্রহ্মোপসর্পন্ সৃপ্ত এব নাড়ীষু ভবতি। যো হি গঙ্গয়া সাগরং গচ্ছতি গত এব স গঙ্গায়াং ভবতি। অপি চাত্র রশ্মিনাড়ীদ্বারাত্মকস্য ব্রহ্মলোকমার্গস্য বিবক্ষিতত্বান্নাড়ীস্তুত্যর্থং সৃপ্তিসঙ্কীর্ত্তনম্। নাড়ীষু সৃপ্তো ভবতীত্যুক্ত্বা 'অতস্তং ন কশ্চন পাপ্মা স্পৃশতি' ইতি ব্রুবন্ নাড়ীঃ প্রশংসতি। ব্রবীতি চ পাপ্মস্পর্শাভাবে হেতুং

"যত্রাপি নিরপেক্ষা ইব নাড়ীঃ সুপ্তিস্থানত্বেন শ্রাবয়তী"ত্যাদিনা। সাপেক্ষশ্রুত্যনুরোধেন নিরপেক্ষশ্রুতির্নেতব্যেত্যর্থঃ। শেষমতিরোহিতার্থম্। ননু যদি ব্রহ্মৈব নিলয়নস্থানং তাবন্মাত্রমুচ্যতাং কৃতং নাড়্যুপন্যাসেনেত্যত আহ— "অপি চাত্রেতি"। অপিচেতি সমুচ্চয়ে ন বিকল্পে। এতদুপপত্তিসহিতা

"প্রাণস্তথানুগমাৎ" সূত্রে পাওয়া গিয়াছে। [যত্রাপি···ভবতি] যে শ্রুতিতে নাড়ী নিরপেক্ষ (ভিন্ন বা স্বতন্ত্র) সুপ্তিস্থান বলিয়া প্রতীত হয় যথা— "সেই সময়ে তিনি এই সকল নাড়ীতে সুপ্ত হন অর্থাৎ সঞ্চরণ করেন" ইত্যাদি, সে সকল শ্রুতির অর্থগ্রহণকালে বুঝিতে হইবে, শ্রুত্যন্তরপ্রসিদ্ধ ব্রহ্মের নিষেধ না থাকায় জীব নাড়ী সঞ্চরণ পূর্ব্বক ব্রহ্মে গিয়া সুপ্ত হন। এরূপ অর্থ সপ্তমী বিভক্তি বিরুদ্ধ নহে। ফলিতার্থ—নাড়ীপথে ব্রহ্মে উপসর্পিত (অবস্থিত) হইয়া যেন নাড়ীতেই আছেন। যে গঙ্গা দিয়া সাগরে যায়, অবশ্যই তাহাকে গঙ্গাগত বলা যায়। [অপি চাত্র···ইত্যর্থঃ] ঐ সকল শ্রুতির এ তাৎপর্য্যও হইতে পারে যে, ব্রহ্মলোকের পথ নাড়্যাকার রশ্মি অথবা রশ্মিসম্বন্ধ নাড়ীরূপ পথ। * সেই কারণে নাড়ীর প্রশংসার্থ ঐরূপ নাড়ী সৃপ্তির কথন হইয়াছে। শ্রুতি "নাড়ীতে সৃপ্ত হন" এই কথার

---

* মনুষ্যের শিরঃকপালে একটী সূক্ষ্ম ছিদ্র আছে, তাহার নাম ব্রহ্মরন্ধ্র। ঐ ব্রহ্মরন্ধ্র দিয়া সর্ব্বদাই সূক্ষ্মনাড়ীসদৃশ জ্যোতিঃ নিঃসৃত হইতেছে। সেই জ্যোতির্ম্ময় নাড়ী সূর্য্যলোক পর্য্যন্ত স্পর্শ করিতেছে (সূর্য্যকিরণস্পর্শ দ্বারা)। যোগীরা প্রাণত্যাগ পূর্ব্বক এই ব্রহ্মরন্ধ্র দিয়া নাড়ী পথে পরলোকগামী হন, হইয়া সূর্য্যাদি ক্রমে ব্রহ্মলোক গমন করেন।

'তেজসা হি তদা সম্পন্নো ভবতি' ইতি। তেজসা নাড়ীগতেন পিত্তাখ্যেনাভিব্যাপ্তকরণো ন বাহ্যান্ বিষয়ানীক্ষত ইত্যর্থঃ। অথবা তেজসা ইতি ব্রহ্মণ এবায়ং নির্দ্দেশঃ। শ্রুত্যন্তরে 'ব্রহ্মৈব তেজ এব' ইতি তেজঃশব্দস্য ব্রহ্মণি প্রযুক্তত্বাৎ। ব্রহ্মণা হি তদা সম্পন্নো ভবতি নাড়ীদ্বারেণ অতস্তং ন কশ্চন পাপ্মা স্পৃশতীত্যর্থঃ। ব্রহ্মসম্পত্তিশ্চ পাপ্মস্পর্শাভাবে হেতুঃ সমধিগতঃ। সর্ব্বে পাপ্মানোঽতো নিবর্ত্তন্তে। অপহত-

---

পূর্ব্বোপপত্তিরর্থসাধিনীতি। মার্গোপদেশোপযুক্তানাং নাড়ীনাং স্তুত্যর্থমত্র নাড়ীসঙ্কীর্ত্তনমিত্যর্থঃ। পিত্তেনাভিব্যাপ্তকরণো ন বাহ্যান্ বিষয়ান্ বেদেতি তদ্দ্বারা সুখদুঃখাভাবেন তৎকারণপাপ্মাদর্শনেন নাড়ীস্তুতিঃ। যদা তু তেজো-ব্রহ্ম তদা সুগমম্। অপি চ নাড্যঃ পুরীতদ্বা জীবস্যোপাধ্যাধার এব ভবতী-ত্যয়মর্থঃ। অভ্যুপেত্য জীবস্যাধেয়ত্বমিদমুক্তম্। পরমার্থতস্তু ন জীবস্যাধেয়-ত্বমস্তি। তথাহি—নাড্যঃ পুরীতদ্বা জীবস্যোপাধীনাং করণানামাশ্রয়ঃ। জীবস্তু 'ব্রহ্মাব্যতিরেকাৎ' স্বমহিমপ্রতিষ্ঠঃ। ন চাপি ব্রহ্মজীবস্যাধারস্তাদাত্ম্যাদ্বিকল্প্য তু ব্যতিরেকং ব্রহ্মণ আধারত্বমুচ্যতে জীবম্প্রতি। তথা চ সুষুপ্তাবস্থায়ামুপা-ধীনামসমুদাচারাজ্জীবস্য ব্রহ্মাত্মত্বমেব ব্রহ্মাধারত্বং ন তু নাড়ীপুরীতদাধারত্বম্। তদুপাধিকরণমাত্রাধারতয়া তু সুষুপ্তদশারম্ভায় জীবস্য নাড়ীপুরীতদাধারত্বমিত্য-

পর "সেই কারণে কোনও পাপ তাঁহাকে স্পর্শ করে না" এইরূপ বলিয়া নাড়ীরই প্রশংসা করিয়াছেন। যে কারণে পাপস্পর্শ হয় না তাহাও বলিয়াছেন। যথা—"সেই কালে তিনি তেজঃসম্পন্ন হন।" অভিপ্রায় এই যে, নাড়ীগত পিত্তনামক তেজোদ্বারা তাহার ইন্দ্রিয় সমুদায় অভিভূত হয়, সেই কারণে সে আর বাহ্যিক বিষয় ঈক্ষণে সমর্থ থাকে না। অর্থাৎ বিশেষ বিজ্ঞান-রহিত হয়। অথবা এরূপ বলিতেও পার যে, তেজঃ শব্দে ব্রহ্ম, নাড়ী সঞ্চরণ করিতে করিতে তাঁহাতে সম্পন্ন অর্থাৎ একত্ব প্রাপ্ত হয়, সেই কারণে পাপ তাঁহাকে স্পর্শ করিতে পারে না। (দ্বৈত বিজ্ঞানও রহিত হয়)। তেজঃ-শব্দের ব্রহ্মার্থতা শ্রুত্যন্তর প্রসিদ্ধ। দেখ, "ব্রহ্মই তেজ।" এই শ্রুতিতে ব্রহ্মে তেজঃ-শব্দের প্রয়োগ হইয়াছে। [ব্রহ্ম···শ্রুতিভ্যঃ] পাপ স্পর্শ না হওয়ার কারণ ব্রহ্মসম্পন্ন হওয়া। ব্রহ্মপ্রাপ্ত হইলে পাপ তাহাকে স্পর্শ করে না, এ তথ্য "যেহেতু এই

পাপ্মা হ্যেষ ব্রহ্মলোকঃ' ইত্যাদিশ্রুতিভ্যঃ। এবঞ্চ সতি প্রদেশান্তরপ্রসিদ্ধেন ব্রহ্মণা সুপ্তিস্থানেনানুগতো নাড়ীনাং চয়ঃ সমাশ্রিতো ভবতি। তথা পুরীততোঽপি ব্রহ্মপ্রক্রিয়ায়াং সঙ্কীর্ত্তনাৎ তদনুগুণমেব সুপ্তিস্থানত্বং বিজ্ঞায়তে। 'য এষোঽন্তর্হৃদয় আকাশস্তস্মিন্ শেতে' ইতি হৃদয়াকাশে সুপ্তিস্থানে প্রকৃতে. ইদমুচ্যতে 'পুরীততি শেতে' ইতি। পুরীতদ্ভিতি হৃদয়পরিবেষ্টনমুচ্যতে, তদন্তর্ব্বর্ত্তিন্যপি হৃদয়াকাশে শয়ানঃ. শক্যতে পুরীততি শেত ইতি বক্তুম্। প্রাকারপরিক্ষিপ্তেঽপি হি পুরে বর্ত্তমানঃ প্রাকারে বর্ত্তত ইত্যুচ্যতে। হৃদয়াকাশস্য চ ব্রহ্মত্বং সমধিগতং 'দহর উত্তরেভ্যঃ' ইত্যত্র। তথা নাড়ী-পুরীতৎসমুচ্চয়োঽপি 'তাভিঃ প্রত্যবসৃপ্য পুরীততি শেতে'

ব্রহ্মলোক নিষ্পাপ—সেই হেতু সমুদায় পাপ তাঁহা হইতে নিবৃত্ত হয়।" এই শ্রুতির দ্বারা জানা গিয়াছে। [এবঞ্চ···ইত্যত্র] তাহাতে সিদ্ধান্তলাভ হয় যে, প্রদেশান্তরপ্রসিদ্ধ ব্রহ্মই সুপ্তিস্থান, নাড়ীসমূহ তাহার অনুবল (দ্বার-স্বরূপ) মাত্র। অপিচ, ব্রহ্মের প্রস্তাবে পুরীততের কথন থাকায় জানা যায়, পুরীতৎ সুপ্তিস্থানটী ব্রহ্মেরই অনুগুণ (ব্রহ্ম গমনের উপায়)। "এই যে, হৃদয়ান্তর্ব্বর্ত্তী আকাশ, জীব এই আকাশে সুপ্ত হয়।" শ্রুতি এইরূপে হৃদয়াকাশকে সুপ্তিস্থান বলিয়া প্রস্তাব করিয়াছেন, পরে ঐ প্রস্তাবেই বলিয়াছেন "পুরীততে শয়ন করে ও সুপ্ত হয়।" পুরীতৎ শব্দে হৃদয়বেষ্টন। যে তন্মধ্যগত আকাশে শয়ন করে, অবশ্যই বলা যায় সে পুরীততে শয়ন করে। যে প্রাচীরপরিবেষ্টিত পুরে বিরাজ করে, অবশ্যই বলা যায়, সে প্রাকারে বিরাজ করে। হৃদয়াকাশ-শব্দে ব্রহ্ম, ইহা "দহর উত্তরেভ্যঃ" সূত্রে পাওয়া গিয়াছে। [তথা···স্থানম্] "নাড়ীর দ্বারা প্রতি গমন করে, করিয়া পুরীততে সুপ্ত হয়।" এই শ্রুতিতে একত্র কথন হেতু নাড়ীপুরীততের সমুচ্চয়ই প্রতীত হয়, বিকল্প প্রতীত হয় না। সতের ও প্রাজ্ঞের ব্রহ্মতা সর্ব্বত্র প্রসিদ্ধ অর্থাৎ সমুদায় স্থলেই সৎ শব্দে ও প্রাজ্ঞ শব্দে ব্রহ্ম বুঝায়। ঐ সকল শ্রুতিতে নাড়ী, পুরীতৎ ও ব্রহ্ম, এই তিনই সুপ্তিস্থান বলিয়া কথিত হইয়াছে সত্য; কিন্তু তন্মধ্যে নাড়ী ও পুরীতৎ এই দুইটী সুপ্তিস্থান ব্রহ্মপ্রাপ্তির দ্বার স্বরূপ। বস্তুতঃ ব্রহ্মই সুপ্তির

ইত্যেকবাক্যোপাদানাদবগম্যতে। সৎপ্রাজ্ঞয়োশ্চ প্রসিদ্ধমেব ব্রহ্মত্বমেতাসু শ্রুতিষু—ত্রীণ্যেব সুপ্তিস্থানানি সঙ্কীর্ত্তিতানি নাড়্যঃ পুরীতদ্ব্রহ্ম চ ইতি। তত্রাপি চ দ্বারমাত্রং নাড়্যঃ পুরীতচ্চ।-ব্রহ্মৈব ত্বেকমনপায়ি সুপ্তিস্থানম্। অপি চ নাড়্যঃ পুরীতদ্বা জীবস্যোপাধ্যাধার এব ভবতি, তত্রাস্য করণানি বর্ত্তন্ত ইতি। ন হ্যুপাধিসম্বন্ধমন্তরেণ স্বত এব জীবস্যাধারঃ কশ্চিৎ সম্ভবতি ব্রহ্মাব্যতিরেকেন স্বমহিমপ্রতিষ্ঠিতত্বাৎ। ব্রহ্মাধারত্বমপ্যস্য সুষুপ্তেনৈবাধারাধেয়ভেদাভিপ্রায়েণোচ্যতে কথং তর্হি তাদাত্ম্যাভিপ্রায়েণ যত আহ 'সতা সোম্য তদা সম্পন্নো ভবতি স্বমপীতো ভবতি' ইতি। স্বশব্দেনাত্মাভিলপ্যতে। স্বরূপমাপন্নঃ সুষুপ্তো ভবতীত্যর্থঃ। অপি চ ন কদাচিজ্জীবস্য ব্রহ্মণা সম্পত্তির্নাস্তি স্বরূপস্যানপায়িত্বাৎ। স্বপ্নজাগরিতয়োস্তূপাধিসম্পর্কবশাৎ পররূপা-

---

তুল্যার্থতয়া ন বিকল্প ইতি। "অপি চ ন কদাচিজ্জীবস্যেতি"। ঔৎসর্গিকং ব্রহ্মস্বরূপত্বং জীবস্যাসতি জাগ্রৎস্বপ্নদশারূপেঽপবাদে সুষুপ্তাবস্থায়াং নান্যথ-

---

অনপায়ী (অনশ্বর) মুখ্য বা অদ্বিতীয় স্থান। [অপিচ···ভবতীত্যর্থঃ] আরও দেখ, নাড়ীই হউক, আর পুরীতৎ-ই হউক, যাহা জীবোপাধির আধার বলিয়া স্বীকার্য্য হইবে অবশ্যই তাহাতে ইন্দ্রিয়গণ বিদ্যমান থাকিবেক। কিন্তু উপাধিসম্বন্ধ ব্যতীত জীবের স্বতঃ আধারতা অসম্ভব। কারণ, জীব উপাধিশূন্য হইলেই ব্রহ্মাভিন্ন হয় এবং ব্রহ্মও স্বমহিমায় প্রতিষ্ঠিত (বিরাজিত)। (অভিপ্রায় এই যে, সুষুপ্তিতে উপাধির লয় হয়, সুতরাং ব্রহ্ম ব্যতীত অন্য কিছু—পুরীতৎ অথবা নাড়ী মুখ্য সুপ্তিস্থান হইতে পারে না)। বলিতে পার যে, জীবের ব্রহ্মাধারত্বও সম্ভবে না। কেন-না, যে জীব, সে-ই ব্রহ্ম, অথচ সুষুপ্তিতে আধারাধেয় ভাবের ভেদ কথন দৃষ্ট হয়। সে ভেদ প্রকৃত হইলে তাদাত্ম্য শ্রুতির গতি কি হইবে? তাদাত্ম্য বা অভেদ-শ্রুতি যথা—"হে সৌম্য! জীব সেই সময়ে সতের (ব্রহ্মের) সহিত সম্পন্ন বা অভিন্ন হয়।—স্বরূপ প্রাপ্ত হওয়ায় সুপ্ত হয়।" [অপিচ...ইত্যযুক্তম্] অন্য কথা এই যে, যাহা যাহার স্বরূপ তাহা তাহা

পত্তিমিবাপেক্ষ্য তদুপশমমাত্রাৎ, সুষুপ্তে স্বরূপাপত্তির্বিবক্ষ্যতে। অতশ্চ সুষুপ্তাবস্থায়াং কদাচিৎ সতা সম্পদ্যতে, কদাচিৎ ন সম্পদ্যত ইত্যযুক্তম্। অপি চ স্থানবিকল্পাভ্যুপগমেঽপি বিশেষবিজ্ঞানোপশমলক্ষণং তাবৎ সুষুপ্তং ন ক্বচিদ্বিশিষ্যতে তত্র সতি সম্পন্নস্তাবদেকত্বাৎ, ন বিজানাতীতি যুক্তং 'তৎ কেন কং বিজানীয়াৎ' ইতি শ্রুতেঃ। নাড়ীষু পুরীততি চ শয়ানস্য ন কিঞ্চিদবিজ্ঞানে কারণং শক্যং বিজ্ঞাতুং ভেদবিষয়ত্বাৎ 'যত্র বান্যদিব স্যাৎ তত্রান্যোঽন্যৎ-

---

য়িতুং শক্যমিত্যর্থঃ। অপি চ যেঽপি স্থানবিকল্পমাস্থিষত তৈরপি বিশেষবিজ্ঞানোপশমলক্ষণা সুষুপ্ত্যবস্থাঙ্গীকর্ত্তব্যা। ন চেয়মাত্মতাদাত্ম্যং বিনা নাড্যাদিষু পরমাত্মব্যতিরিক্তেষু স্থানেষূপপদ্যতে। তত্র হি স্থিতোঽয়ং জীব আত্মব্যতিরেকাভিমানী সন্নবশ্যং বিশেষজ্ঞানবান্ ভবেৎ। তথাহি শ্রুতিঃ 'যত্র বান্যদিব স্যাত্তত্রান্যোন্যৎ পশ্যে'দিতি। আত্মস্থানত্বে ত্বদোষঃ। 'যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং পশ্যেদ্বিজানীয়া'দিতি শ্রুতেঃ। তস্মাদপ্যাত্মস্থানত্বস্য দ্বারং নাড্যাদীত্যাহ—"অপি চ স্থানবিকল্পাভ্যুপগমেঽপী"তি। অত্র

হইতে চ্যুত হয় না বলিয়া যে কোনও কালে জীবের ব্রহ্মত্বপ্রাপ্তি হওয়া নাই, এমত নহে। স্বপ্নে ও জাগ্রতে উপাধিসম্পর্ক থাকায় পররূপাপত্তির ন্যায় থাকেন, কিন্তু সুষুপ্তিতে তাহার উপশম (অভাব) হয়। তাহাই তাঁহার স্বরূপ প্রাপ্তি ও সৎসম্পন্ন হওয়া এবং তাহাই শ্রুতির বিবক্ষিত। অতএব, সুষুপ্তাবস্থায় কখন সৎসম্পন্ন ও কখন সৎসম্পন্ন নহে, এ কথা অযুক্ত অর্থাৎ অসঙ্গত। (যখন নাড়ীতে ও পুরীততে সুপ্তি, তখন সৎসম্পন্ন নহেন) [অপিচ···শ্রুতেঃ] ইচ্ছা হয় স্থানবিকল্প (হয় নাড়ী স্থানে না হয় পুরীততে সুপ্তি হয় ইহা) স্বীকার কর, কিন্তু তাহাতে বিশেষবিজ্ঞাননিবৃত্তিরূপ সুষুপ্তির বিশেষ (ভেদ) হইবে না। সর্ব্বত্রই একত্ব ও সৎসম্পন্নতা হেতু বিশেষবিজ্ঞান রহিত হয়, ইহাই যুক্তি ও শ্রুতি উভয়সিদ্ধ। শ্রুতি যথা—"সে সময়ে কে কি দিয়া কি দেখিবে?" ইত্যাদি। নাড়ীতে ও পুরীততে (হৃদয়বেষ্টনান্তরে) শয়ন করিলে যে বিশেষবিজ্ঞান থাকিবে না, তৎপ্রতি কোন কারণ নাই। আত্মৈকত্ব ব্যতীত অন্য সমস্তই ভেদের বিষয়—ভেদ জ্ঞানের

পশ্যেৎ' ইতি শ্রুতেঃ। ননু ভেদবিষয়স্যাপ্যতিদূরাদিকারণমবিজ্ঞানে স্যাৎ'। বাঢ়মেবং স্যাৎ যদি জীবঃ স্বতঃ পরিচ্ছিন্নোঽভ্যুপগম্যেত যথা বিষ্ণুমিত্রঃ প্রবাসী স্বগৃহং ন পশ্যতীতি ন তু জীবস্যোপাধিব্যতিরেকেণ পরিচ্ছেদো বিদ্যতে। উপাধিগতমেবাতিদূরাদিকারণমবিজ্ঞান ইতি যদ্যুচ্যেত তথাপ্যুপাধেরুপশান্তত্বাৎ সত্যেব সম্পন্নো ন বিজানাতীতি যুক্তম্। ন চ বয়মিহ তুল্যবৎ নাড়্যাদিসমুচ্চয়ং প্রতিপাদয়ামঃ। ন হি নাড়্যঃ সুপ্তিস্থানং পুরীতচ্চেত্যনেন বিজ্ঞানেন কিঞ্চিৎ প্রয়োজনমস্তি। ন হ্যেতদ্বিজ্ঞানপ্রতিবদ্ধং ফলং

চোদয়তি—"ননু ভেদবিষয়স্যাপী"তি। ভিদ্যত ইতি ভেদঃ। ভিদ্যমানস্যাপি বিষয়স্যেত্যর্থঃ। পরিহরতি—"বাঢ়মেবং স্যাদি"তি। ন তাবজ্জীবস্যাস্তি স্বতঃপরিচ্ছেদস্তস্য ব্রহ্মাত্মত্বেন বিভুত্বাৎ। ঔপাধিকে তু পরিচ্ছেদে যত্রোপাধিরসন্নিহিতস্তন্মাত্রং ন জানীয়ান্ন তু সর্ব্বম্। ন হ্যসন্নিধানাৎ সুমেরুমবিদ্বান্ দেবদত্তঃ সন্নিহিতমপি ন বেদ। তস্মাৎ সর্ব্ববিশেষবিজ্ঞানপ্রত্যস্তময়ীং সুষুপ্তিং প্রসাধয়তা তদাস্য সর্ব্বোপাধ্যুপসংহারো বক্তব্যঃ। তথা চ সিদ্ধমস্য তদা ব্রহ্মাত্মত্বমিত্যর্থঃ। গুণপ্রধানভাবেন সমুচ্চয়ো ন সমপ্রধানতয়াগ্নেয়াদিবদিতি বদন্ বিকল্পমপ্যপাকরোতি। "ন চ বয়মিহে"তি। স্বাধ্যায়াধ্যয়ন-

স্থান। শ্রুতিও বলিয়াছেন, "আত্মা যে-সময়ে অন্যের ন্যায় থাকেন বা হন সেই সময়ে অন্য হইয়া অন্য দর্শন করেন।" [ননু ভেদ···যুক্তম্] যদি বল, দ্বৈতাজ্ঞানের প্রতি দূরত্বাদি কারণ থাকিতে পারে, দূরত্বাদি দোষেই দ্বৈত অজ্ঞাত থাকিতে পারে, তাহাতে আমরা বলিব, তাহা সত্য বটে; পরন্তু জীবের সম্বন্ধ তাহা স্বাভাবিক নহে। বিষ্ণুমিত্র দূরদেশে, সে জন্য সে আপন গৃহ দেখে না। কিন্তু জীব সেরূপ দূরবর্ত্তী নহে। জীবের সম্বন্ধে নিয়ম এই যে, দৃশ্য হইতে যে দ্রষ্টার দূরবর্ত্তিত্ব তাহা ঔপাধিক। কেন-না, জীব স্বতঃ পরিচ্ছিন্ন নহে; উপাধির দ্বারাই পরিচ্ছিন্ন। যদি উপাধি-নিষ্ঠ দূরতা তাদৃশ অবিজ্ঞানের কারণ, ইহা স্বীকার কর, তাহা হইলে মানিতে হইবেক, প্রদর্শিতস্থলে উপাধি নাই। উপাধি উপশান্ত হইয়াছে, সুতরাং সৎসম্পন্ন (ব্রহ্মসম্পন্ন) হওয়ায় দ্বৈতাভাববশতঃই তৎকালে দ্বৈতজ্ঞান অর্থাৎ ভেদজ্ঞান থাকে না। [ন চ··· সুপ্তিস্থানম্]

কিঞ্চিৎ শ্রূয়তে। নাপ্যেতদ্বিজ্ঞানং ফলবতঃ কস্যচিদঙ্গমুপদিশ্যতে। ব্রহ্ম ত্বনপায়ি সুপ্তিস্থানমিত্যেতৎ প্রতিপাদয়ামঃ। তেন তু বিজ্ঞানেন প্রয়োজনমস্তি। জীবস্য ব্রহ্মাত্মত্বাবধারণং স্বপ্নজাগরিতব্যবহারবিমুক্তত্বাবধারণঞ্চ। তস্মাদাত্মৈব সুপ্তিস্থানম্ ॥ ৭ ॥

অতঃ প্রবোধোঽস্মাৎ ॥ ৮ ॥*

যস্মাচ্চাত্মৈব সুপ্তিস্থানমত এব কারণাৎ নিত্যবদেবাঽস্মাদাত্মনঃ প্রবোধঃ স্বাপাধিকারে শিষ্যতে। কুত এতদাত্মাদি-

---

বিধ্যাপাদিতপুরুষার্থত্বস্য বেদরাশেরেকেনাপি বর্ণেন নাপুরুষার্থেন ভবিতুং যুক্তম্। ন চ সুষুপ্তাবস্থায়াং জীবস্য স্বরূপেণ নাড্যাদিস্থানত্বপ্রতিপাদনে কিঞ্চিৎ প্রয়োজনং ব্রহ্মভূয়প্রতিপাদনে ত্বস্তি। তস্মান্ন সমপ্রধানভাবেন সমুচ্চয়ো নাপি বিকল্প ইতি ভাবঃ। নীতার্থমন্যৎ।

কিঞ্চ ব্রহ্মণঃ সকাশাজ্জীবস্যোত্থানশ্রুতের্ব্রহ্মৈব সুষুপ্তিস্থানমিত্যাহ সূত্রং

শেষ কথা এই যে, আমরা নাড়ী প্রভৃতির সমুচ্চয়তা মুখ্যরূপে প্রতিপাদন করি না। কেন-না, নাড়ী সুপ্তিস্থান? কি পুরীতৎ সুপ্তিস্থান? ইহা জানিবার অল্পমাত্রও প্রয়োজন নাই। তদ্বিজ্ঞানের কোনরূপ ফলও নাই এবং তাহা কোন ফলপ্রদ পদার্থের অঙ্গও নহে। একমাত্র ব্রহ্মই অনপায়ি সুপ্তিস্থান, এতাবৎ মাত্র তত্ত্ব আমাদের প্রতিপাদ্য এবং তাহাই জানিবার প্রয়োজন। উহাতে জীবের ব্রহ্মাত্মতা নিশ্চয় ও স্বপ্ন-জাগ্রৎ-ব্যবহার হইতে তিনি মুক্ত হন, এ নিশ্চয়, এই দুই প্রয়োজন সিদ্ধ হয়। এই সকল কারণে স্বীকার্য্য হয়, আত্মাই সুপ্তিস্থান।

যেহেতু আত্মাই সুপ্তিস্থান, সেই হেতু বা সেই কারণে শ্রুতি সুষুপ্ত্যধিকারে নিত্য নিয়মিতরূপে আত্মা হইতে প্রবুদ্ধ (জাগ্রৎ অবস্থা) হওয়া উপদেশ করিয়াছেন। "এ সকল আবার কোথা হইতে আসিল?" এই প্রশ্নের প্রত্যুত্তর প্রসঙ্গে শ্রুতি বলিয়াছেন "যেমন অগ্নি হইতে ক্ষুদ্র ক্ষুদ্র

---

* অতঃ অস্মাৎ কারণাৎ আত্মনঃ সুপ্তিস্থানত্বাদিত্যর্থঃ। অস্মাৎ আত্মন এব প্রবোধঃ স্যাদিতি যোজনা।—যেহেতু আত্মাই সুপ্তিস্থান—আত্মাতে (আপনার স্বরূপে) সুপ্ত হয়, সেই হেতু আত্মা হইতেই প্রবুদ্ধ বা উত্থিত হয়।

ত্যস্য প্রশ্নস্য প্রতিবচনাবসরে 'যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবৈতস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ' ইত্যাদি। 'সত আগম্য ন বিদুঃ সত আগচ্ছামহে' ইতি চ। বিকল্প্যমানেষু তু সুষুপ্তিস্থানেষু কদাচিৎ নাড়ীভ্যঃ প্রতিবুধ্যতে কদাচিৎ পুরীততঃ কদাচিদাত্মন ইত্যশাসিষ্যৎ। তস্মাদপ্যাত্মৈব তু সুপ্তিস্থানমিতি ॥ ৮ ॥

স এব তু কর্ম্মানুস্মৃতিশব্দবিধিভ্যঃ ॥ ৯ ॥*

তস্যাঃ পুনঃ সৎসম্পত্তেঃ প্রতিবুধ্যমানঃ কিং য এব সৎসম্পন্নঃ স এব প্রতিবুধ্যতে উতান্যো বেতি চিন্ত্যতে। তত্র

কারঃ—অতঃ প্রবোধ, ইতি। নাড়ীপুরীততোঃ কাপ্যুত্থানাপাদনত্বাশ্রবণাৎ ন সুপ্তিস্থানমিত্যর্থঃ। তস্মাদুপাধিলয়ে জীবস্য ব্রহ্মাভেদাদৌপাধিক এব ভেদ ইতি বিবেকাদ্বাক্যার্থাভেদসিদ্ধিরিতি স্থিতম্। ইতি রত্নপ্রভা।

যদ্যপীশ্বরাদভিন্নো জীবস্তথাপ্যুপাধ্যবচ্ছেদেন ভেদং বিবক্ষিত্বাঽধিকরণান্তরারম্ভঃ। স এবেতি দুঃসম্পাদমিতি স বান্যো বেতীশ্বরোবেতি সম্ভবমাত্রে-

স্ফুলিঙ্গ বহির্গত হয়, সেইরূপ, আত্মা হইতে এই সমুদায় প্রাণ (ইন্দ্রিয়) বহিরাগত হয়।" ইত্যাদি। "সৎ (ব্রহ্ম) হইতে আসিয়াও জানিতে পারে না যে আমরা সৎ হইতে আসিয়াছি।" ইত্যাদি। [বিকল্প্য··· স্থানমিতি] সুপ্তিস্থান যদি বিকল্পিত হইত, পৃথক্ পৃথক্ হইত (কখন হয় নাড়ী, কখন পুরীতৎ হইত), তাহা হইলে শাস্ত্রও বলিতেন যে, কখন নাড়ীস্থান হইতে প্রবুদ্ধ হয়, উত্থিত হয়, কখন বা পুরীতৎ হইতে প্রবুদ্ধ হয়, উত্থিত হয়। কিন্তু শাস্ত্র তাহা বলেন নাই। অতএব, আত্মাই সুপ্তিস্থান, ইহা অশংসয়িত সিদ্ধান্ত।

বলা হইল, জীব সুষুপ্তিতে সৎসম্পন্ন হয় অর্থাৎ ব্রহ্মের সহিত এক হইয়া যায়, এবং পুনর্ব্বার তাঁহা হইতে উত্থিত বা প্রতিবুদ্ধ হয়। এই স্থানে প্রশ্ন এই যে, যে সৎসম্পন্ন হয় সে-ই কি প্রতিবুদ্ধ হয়? অথবা অন্য কেহ হয়? পূর্ব্বপক্ষে পাওয়া যায়, অনিয়ম—তাহার কোন নিয়ম

* যঃ সৎসম্পন্নঃ স্যাৎ স এবোত্থিতঃ প্রতিবুদ্ধোবা স্যাদিতি কর্ম্মানুস্মৃত্যাদিভির্ব্বিজ্ঞায়তে। কর্ম্মণোঽনুস্মরণাৎ শব্দাৎ (শব্দঃ শাস্ত্রং) বিদ্যাবিধেশ্চেতি বিভাগঃ।—যে সৎসম্পন্ন হয়, পরমাত্মায় একীভূত বা লীন হয়, সে-ই উত্থিত হয়, অন্য কেহ নূতন হয় না।

প্রাপ্তং তাবৎ অনিয়ম ইতি। কুতঃ। যদা হি জলরাশৌ কশ্চিজ্জলবিন্দুঃ প্রক্ষিপ্যতে জলরাশিরেব স তদা ভবতি। পুনস্তদুদ্ধরণে স এব জলবিন্দুর্ভবতীতি দুঃসম্পাদম্। তদ্বৎ সুপ্তঃ পরেণৈকত্বমাপন্নঃ সম্প্রসীদতি ন স এব পুনরুত্থাতুমর্হতি। তস্মাৎ স এবেশ্বরো বান্যো বা জীবঃ প্রতিবুধ্যত ইত্যেবং প্রাপ্ত ইদমাহ। স এব তু জীবঃ সুপ্তঃ স্বাস্থ্যং গতঃ পুনরুত্তিষ্ঠতি নান্যঃ। কস্মাৎ। কর্ম্মানুস্মৃতিশব্দবিধিভ্যঃ। বিভজ্য হেতূন্ দর্শয়িষ্যামি। কর্ম্মশেষানুষ্ঠানদর্শনাৎ তাবৎ স এবোত্থাতুমর্হতি নান্যঃ। তথা হি পূর্ব্বেদ্যুরনুষ্ঠিতস্য কর্ম্মণো ঽপরেদ্যুঃ শেষমনুতিষ্ঠন্ দৃশ্যতে। ন চান্যেন স্বামিকৃতস্য কর্ম্মণোঽন্যঃ শেষক্রিয়ায়াং প্রবর্ত্তিতুমর্হত্যতিপ্রসঙ্গাৎ। তস্মাদেব এব পূর্ব্বেদ্যুরপরেদ্যুশ্চৈকস্য কর্ম্মণঃ কর্ত্তেতি গম্যতে।

শোপন্যাসঃ। ন হি তস্য শুদ্ধমুক্তস্বভাবস্যাবিদ্যাকৃতব্যুত্থানসম্ভবঃ। অত এব বিমর্শাবসরেঽস্যানুপন্যাসঃ। যদ্ধি দ্ব্যহাদিনির্ব্বর্ত্তনীয়মেকস্য পুংসশ্চোদিতং কর্ম্ম তস্য পূর্ব্বেদ্যুরনুষ্ঠিতস্যাস্তি স্মৃতিরিতি বক্তব্যেঽনুঃ প্রত্যভিজ্ঞানসূচনার্থঃ।

নাই। কেন? তাহা বলিতেছি। [যদা···মাহ] যখন কোন জলরাশিতে বিন্দুপরিমিত জল প্রক্ষিপ্ত হয়, তখন সেই প্রক্ষিপ্ত জল জলরাশিসম্পন্ন হয় অর্থাৎ জলরাশি হইয়াই যায়। পরে যদি সেই জলরাশি হইতে জলবিন্দু উঠান যায়, তাহা হইলে সে জলবিন্দু – যে জলবিন্দু পূর্ব্বপ্রক্ষিপ্ত সেই জলবিন্দু, অন্য জলবিন্দু নহে, তাহা নিশ্চয় করা দুঃসাধ্য। অর্থাৎ সে জলবিন্দু উঠে না। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, সুষুপ্ত জীব সৎসম্পন্ন অর্থাৎ পরমাত্মার সহিত একীভূত হওয়ার পর যখন প্রতিবোধ বা পুনর্জ্জাগ্রৎ (উত্থান) আইসে, তখন, যে সুপ্ত হইয়াছিল সে-ই যে প্রতিবুদ্ধ বা উত্থিত হয়, তাহা হয় না। এই পূর্ব্বপক্ষের সমাধানার্থ এই সূত্র (স এব—ইত্যাদি) বলা হইল। [স এব···দর্শয়িষ্যামি] সেই জীবই অগ্র সুপ্ত, পরে স্বাস্থ্যলাভ করিয়া পুনঃ প্রবুদ্ধ বা পুনরুত্থিত হয়। অন্য অভিনব কেহ উত্থিত হয় না। তৎপ্রতি হেতু কর্ম্ম, অনুস্মরণ, শব্দ ও বিধি (কর্ম্মের ও উপাসনার বিধান)। এই সকল হেতু বিভাগপূর্ব্বক দর্শিত হইতেছে। [কর্ম্ম··· গম্যতে] যেহেতু কর্ম্মের শেষ অনুষ্ঠান করিতে দেখা যায়, সেই হেতু

ইতশ্চ স এবোত্তিষ্ঠতি যৎকারণমতীতেঽহন্যহমদোঽদ্রাক্ষমিতি পূর্ব্বানুভূতস্য পশ্চাৎ স্মরণমন্যস্যোত্থানে নোপপদ্যতে। ন হ্যন্যদৃষ্টমন্যোঽনুস্মর্ত্তুমর্হতি। 'সোঽহমস্মি', ইতি চাত্মানুস্মরণমাত্মান্তরোত্থানে নাবকল্পতে। শব্দেভ্যশ্চ তস্যৈবোত্থানমবগম্যতে 'তথা হি পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যা দ্রবতি বুদ্ধান্তায়ৈবেমাঃ সর্ব্বাঃ প্রজা অহরহর্গচ্ছন্ত্য এতং ব্রহ্মলোকং ন বিন্দন্তি। ত ইহ ব্যাঘ্রো বা সিংহো বা বৃকো

অতএব সোঽহমস্মীত্যুক্তম্। "পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যা দ্রবতী"তি। অয়নম্ আয়ঃ। নিয়মেন গমনং ন্যায়ঃ। জীবঃ প্রতিন্যায়ং সম্প্রসাদে সুষুপ্তাবস্থায়াং বুদ্ধান্তায়াদ্রবতি আগচ্ছতি। প্রতিযোনি যোহি ব্যাঘ্রযোনিঃ সুষুপ্তো বুদ্ধান্তমাগচ্ছন্ স ব্যাঘ্র এব ভবতি ন জাত্যন্তরম্। তদিদমুক্তম্। "ত ইহ ব্যাঘ্রো বা সিংহো বে"তি। "অথ তত্র সুপ্ত উত্তিষ্ঠতী"তি। যো

তাহারই উত্থান, অন্যের নহে। দেখ, যে পূর্ব্ব দিবসে কর্ম্মের অনুষ্ঠান বা আরম্ভ করিয়াছে, পর দিবসে সে-ই সে কর্ম্মের শেষ করে। অন্যকৃত কর্ম্মের শেষ করিতে অন্যের প্রবৃত্তি হইবে কেন? হয় বলিলে অতিব্যাপ্তি দোষ হইবেক। অতএব, পূর্ব্বাপর দিবসে অনুষ্ঠিত একই কর্ম্ম এবং তাহার কর্ত্তাও এক। [ইতশ্চ...কল্পতে] যে সুপ্ত হয়, সেই যে পুনরুত্থিত হয়, এতৎপ্রতি অন্য হেতু এই যে, পূর্ব্ব-দিবসে "আমি দেখিয়াছি," এতদ্রূপ অনুভব করিয়া পর দিবসে তাহার স্মরণ করে—"আমি ইহা দেখিয়াছিলাম।" এ অনুস্মরণ অন্যের উত্থানে সঙ্গত হয় না। একের দৃষ্ট বস্তু অন্যে স্মরণ করিতে পারে না। "সেই আমি—সেই আমি আজও আছি" এই যে আত্মানুস্মরণ, এ অনুস্মরণও আত্মান্তরের উত্থানে উৎপন্ন হইতে পারে না। [শব্দেভ্যশ্চ...মীয়ুঃ] সুপ্ত আত্মারই উত্থান, আত্মান্তরের নহে, ইহা শব্দ অর্থাৎ শ্রুতিবাক্যের দ্বারাও জানা যায়। যথা—"সুষুপ্ত পুরুষ জাগরণের উদ্দেশে পুনর্ব্বার যেরূপে সেই সেই ইন্দ্রিয়স্থানে গমন করে সেইরূপে প্রতি যোনিতে আগমন করেন।" "এই সকল প্রজা প্রত্যহই এই ব্রহ্মলোক লাভ করিতেছে অথচ জানে না যে আমরা ব্রহ্মলাভ করিতেছি।" "পূর্ব্বপ্রবোধে যে যেরূপ ছিল,—সিংহ, ব্যাঘ্র, বৃক, বরাহ, কীট, পতঙ্গ, দংশ, মশক,—যে যেরূপ ছিল, পরপ্রবোধে সে তাহাই হয়।" সুষুপ্ত্যধিকারে পরিপঠিত এই সকল শব্দ

বা বরাহো বা কীটো বা পতঙ্গো বা দংশো বা মশকো বা যদ্‌যদ্ভবন্তি তত্তদা ভবন্তি' ইত্যেবমাদয়ঃ শব্দাঃ স্বাপপ্রবোধাধিকারে পঠিতা নাত্মান্তরোত্থানে সামঞ্জস্যমীয়ুঃ। কর্ম্মবিদ্যাবিধিভ্যশ্চৈবমেব গম্যতে। অন্যথা হি কর্ম্মবিদ্যাবিধয়োঽনর্থকাঃ স্যুঃ। অন্যোত্থানপক্ষে হি সুষুপ্তমাত্রোমুচ্যত ইত্যাপদ্যেত। এবং চেৎ স্যাৎ, বদ কিং কালান্তরফলেন কর্ম্মণা বিদ্যয়া বা কৃতং স্যাৎ। অপি চান্যোত্থানপক্ষে যদি তাবচ্ছরীরান্তরে ব্যবহারমাণো জীব উত্তিষ্ঠেৎ তত্তদ্ব্যবহারলোপপ্রসঙ্গঃ স্যাৎ। অথ তত্র সুপ্ত উত্তিষ্ঠেত কল্পনানর্থক্যং স্যাৎ। যো হি যস্মিন্ শরীরে সুপ্তঃ স তস্মিন্নোত্তিষ্ঠতি, অন্যস্মিন্ শরীরে সুপ্তোঽন্যস্মিন্নুত্তিষ্ঠতি ইতি কোঽস্যাং কল্পনায়াং লাভঃ স্যাৎ। অথ মুক্ত উত্তিষ্ঠেৎ অন্তবান্মোক্ষ আপদ্যেত।

হি জীবঃ সুপ্তঃ স শরীরান্তর উত্তিষ্ঠতি। শরীরান্তরগতস্তু সুপ্তজীবসম্বন্ধিনি

আত্মান্তরের উত্থানে সঙ্গত হয় না। [কর্ম্ম···কৃতং স্যাৎ] কর্ম্মের ও উপাসনার বা জ্ঞানের বিধান থাকাতেও সুপ্তের উত্থান নিশ্চিত হয়। যদি সুপ্তের উত্থান না হইয়া আত্মান্তরের উত্থান নিশ্চিত হয়, তাহা হইলে কর্ম্মবিধি ও বিদ্যাবিধি ব্যর্থ হইবে। যাহাদের মতে অন্যের উত্থান, তাহাদের কর্ম্ম অথবা জ্ঞান কিছুরই প্রয়োজন হয় না। কেননা, সুষুপ্তি হইলেই মুক্তি (পুনর্জ্জন্মনাশ) হয়। সুষুপ্তিই শেষ, এরূপ হইলে, কালান্তরফল কর্ম্মের ও উপাসনার প্রয়োজন কি? লোকে কেন সে সকল কষ্টকর অনুষ্ঠানে প্রবৃত্ত হইবে? [অপি চান্যো···নান্য ইতি] যে সুপ্ত হয় তাহার উত্থান হয় না, নূতনের উত্থান হয়, এতৎপক্ষে—শরীরান্তর ব্যবহারী জীবেরই উত্থান সম্ভব, সুতরাং সে পক্ষে ব্যবহার লোপ প্রাপ্তি দোষ আছে। যদি বল তাহা নহে, সুপ্ত জীবই উঠে, প্রবুদ্ধ হয়, তাহা হইলে ঐ কল্পনা নিরর্থক হইবে। যে শরীরে সুপ্ত হয়—সে যদি সেই শরীর লইয়াই উঠে, তাহা হইলে এক শরীরে সুপ্ত হইয়া অন্য শরীরে উঠে, এরূপ কল্পনা করার প্রয়োজন? তাহাতে লাভ কি? মুক্তাত্মার উত্থান হয় বলিলে মোক্ষের বিনাশিত্ব আপত্তি হইবে। অপিচ, যাহার অবিদ্যাবিনাশ হইয়াছে তাহার উত্থান উপপন্নই হয় না। মুক্তা-

নিবৃত্তাবিদ্যস্য চ পুনরুত্থানমনুপপন্নম্। এতেনেশ্বরোত্থানং প্রত্যুক্তম্। নিত্যনিবৃত্তাবিদ্যত্বাৎ। অকৃতাভ্যাগমকৃতবিপ্রণাশৌ চ দুর্নিবারাবন্যোত্থানপক্ষে স্যাতাম্। তস্মাৎ স এবোত্তিষ্ঠতি নান্য ইতি। যৎপুনরুক্তং যথা জলরাশৌ প্রক্ষিপ্তো জলবিন্দুর্নোদ্ধর্ত্তুং শক্যত এবং সতি সম্পন্নো জীবো নোৎপতিতুমর্হতীতি, তৎ পরিহ্রিয়তে। যুক্তং তত্র বিবেককারণাভাবাজ্জলবিন্দোরনুদ্ধরণম্। ইহ তু বিদ্যতে বিবেককারণং কর্ম্ম চ বিদ্যা চেতি বৈষম্যম্। দৃশ্যতে চ দুর্ব্বিবেচনয়োরপ্যস্মজ্জাতীয়ৈঃ ক্ষীরোদকয়োঃ সংসৃষ্টয়োর্হংসেন বিবেচনম্। অপি চ ন জীবো নাম কশ্চিৎ পরস্মাদাত্মনোঽন্যো বিদ্যতে

আর উত্থান নিষেধ দ্বারা ঈশ্বরাত্মার উত্থান পক্ষও নিষিদ্ধ জানিবে। তিনি নিত্যমুক্ত—কোনও কালে তিনি অবিদ্যাস্পৃষ্ট নহেন। অন্য আত্মার উত্থান (জাগ্রৎ) পক্ষে অকৃতাভ্যাগম ও কৃতপ্রণাশ এই দুই দোষ দুর্নিবার্য্য। (সুপ্ত আত্মা কৃতকর্ম্মের ফলভোগ করিল না, আর প্রবুদ্ধ বা উত্থিত আত্মা কিছু না করিয়াও ভোগ করিল, এ নিশ্চয় বা এ সিদ্ধান্ত যুক্তি বহির্ভূত)। এই সকল কারণে, যে আত্মা সুপ্ত হয় সেই আত্মাই উঠে—প্রবুদ্ধ হয়। [যৎপুন…বিবেচনম্] বলিয়াছিলে যে, যেমন জলরাশিতে জলবিন্দু প্রক্ষিপ্ত হইলে সে জলবিন্দুর উদ্ধার (উঠান) অশক্য, তেমনি, জীব সতে (ব্রহ্মে) একীভূত হইয়া যাওয়ায় সে জীবের উত্থান অসম্ভব। এই আপত্তির নিরাস এইরূপে হইতে পারে। জলরাশিমধ্যগত জলবিন্দুর উদ্ধার অশক্য সত্য; কেন-না, সে স্থলে বিবেককারণের অভাব আছে (পৃথক্ করিবার বা জানিবার উপায় নাই)। কিন্তু প্রকৃত স্থলে (দার্ষ্টান্তিকে অর্থাৎ সুপ্ত জীবের উত্থান পক্ষে) তাহার অভাব নাই। প্রকৃতস্থলে বিবেক-কারণ বিশেষরূপে বিদ্যমান আছে। (ইহা সেই জীবই, এরূপ চিনিবার ও নির্দ্দেশ করিবার বিস্পষ্ট উপায় আছে)। জীবের কর্ম্ম ও বিদ্যা অর্থাৎ জ্ঞান, এই দুএর দ্বারা সেই কি-না তাহা বিবেচিত হইতে পারে। অতএব, জলরাশিতে জলবিন্দুর প্রবেশ, আর পরমাত্মায় জীবের প্রবেশ সমান নহে। তাহা পরিমিশ্রিতরূপ নহে। ক্ষীর-নীর হইতে ক্ষীর উদ্ধৃত করিবার ক্ষমতা অস্মদাদির না থাকিলেও তাহা হংসজাতীয় জীবের আছে। [অপিচ…প্রপঞ্চিতম্] অন্য

যো জলবিন্দুরিব জলরাশেঃ সত্যো বিবিচ্যেত। সদেব তূপাধিসম্পর্কাজ্জীব ইত্যুপচর্য্যত ইত্যসকৃৎ প্রপঞ্চিতম্। এবং সতি যাবদেকোপাধিগতা বন্ধানুবৃত্তিস্তাবদেকজীবব্যবহারঃ। উপাধ্যন্তরগতায়ান্তু বন্ধানুবৃত্তৌ জীবান্তরব্যবহারঃ। স এবায়মুপাধিঃ স্বাপপ্রবোধয়োর্ব্বীজাঙ্কুরন্যায়েনেত্যতঃ স এব জীবঃ প্রতিবুধ্যত ইতি যুক্তম্ ॥ ৯ ॥

মুগ্ধেঽর্দ্ধসম্পত্তিঃ পরিশেষাৎ ॥ ১০ ॥*

অস্তি মুগ্ধো নাম যং মূর্চ্ছিত ইতি লৌকিকাঃ কথয়ন্তি।

শরীর উত্তিষ্ঠতি। ততশ্চ ন শরীরান্তরে ব্যবহারলোপ ইত্যর্থঃ। "অপি চ ন জীবো নাম কশ্চিৎ পরস্মাৎ" ইতি। যথা ঘটাকাশোনাম ন পরমাকাশাদন্যঃ। অথ চান্য ইব যাবদ্ঘটমনুবর্ত্ততে। ন চাসৌ দুর্ব্বিবেচস্তদুপাধের্ঘটস্য বিবিক্তত্বাৎ। এবমনাদ্যনির্ব্বচনীয়াবিদ্যোপধানভেদোপাধিকল্পিতোজীবো ন বস্তুতঃ পরমাত্মনোভিদ্যতে তদুপাধ্যুদ্ভবাভিভবাভ্যাং চোদ্ভূত ইবাভিভূত ইব প্রতীয়তে। ততশ্চ সুষুপ্তাদাবপ্যভিভূত ইব জাগ্রদবস্থাদিষূদ্ভূত ইব তস্য চাবিদ্যাতদ্বাসনোপাধেরনাদিতয়া কার্য্যকারণভাবেন প্রবহতঃ সুবিবেচতয়া তদুপহিতোজীবঃ সুবিবেচ ইতি।

বিশেষবিজ্ঞানাভাবান্মূর্চ্ছা জাগরস্বপ্নাবস্থাভ্যাং ভিদ্যতে পুনরুত্থানাচ্চ

কথা এই যে, পরমাত্মা হইতে পৃথক্, এমন কোন জীব নামক পদার্থ নাই যে তাহাকে জলরাশি হইতে জলবিন্দুর ন্যায় পৃথক্ করিবার চেষ্টা করিবে। পরমাত্মাই উপাধিসম্পর্কে কল্পনায় জীব নাম প্রাপ্ত হইয়াছেন, ইহা বার বার বলা হইয়াছে—দেখান হইয়াছে। [এবং...যুক্তম্] অতএব, যাবৎ এক উপাধিতে বন্ধের অনুবর্ত্তন—তাবৎ এক জীব বলিয়া ব্যবহার এবং উপাধ্যন্তরে অর্থাৎ অন্য উপাধিতে বন্ধানুবর্ত্তন হইলে তাহা অন্য জীব বলিয়া ব্যবহৃত হয়। বীজাঙ্কুরসমান সুষুপ্তি ও জাগ্রৎ এই দুএর মধ্যে একই উপাধি বিদ্যমান, সুতরাং সেই একই জীব উভয়াবস্থায় স্থিত। অর্থাৎ যে সুপ্ত হয় সেই জীবই প্রবুদ্ধ হয়, এ নির্ণয়ই যুক্তিযুক্ত।

মুগ্ধ-নামক একটী অবস্থা আছে, লোকে যাহাকে মূর্চ্ছা বলে,

---

* পরিশেষাৎ জাগ্রদাদিবৈলক্ষণ্যাৎ মুগ্ধে মূর্চ্ছিতেঽর্দ্ধসম্পত্তিঃ সর্ব্বসুষুপ্ত্যাদিধর্ম্মৈরসম্পন্নতা জ্ঞাতব্যা। সর্ব্বৈঃ সুষুপ্তিধর্ম্মৈরসম্পন্নো মুগ্ধঃ সুষুপ্তো ন ভবতি সর্ব্বৈর্ম্মরণাবস্থাধর্ম্মৈরসম্পন্নো মূর্চ্ছিতোঽপি ন কিন্ত্ববস্থান্তরং গত ইতি ভাবঃ।—জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি, মরণ, এই চার অবস্থা

স তু কিমবস্থ ইতি পরীক্ষায়ামুচ্যতে। তিস্রস্তাবদবস্থাঃ শরীরস্থস্য জীবস্য প্রসিদ্ধাঃ—জাগরিতং স্বপ্নঃ সুষুপ্তমিতি। চতুর্থী শরীরাদপসৃপ্তিঃ। ন তু পঞ্চমী কাচিদবস্থা জীবস্য শ্রুতৌ স্মৃতৌ বা প্রসিদ্ধাস্তি। তস্মাচ্চতসৃণামেবাবস্থানামন্যতমাবস্থা মূর্চ্ছেত্যেবং প্রাপ্তে ব্রূমঃ। ন তাবন্মুগ্ধো জাগরিতাবস্থো ভবিতুমর্হতি। ন হ্যয়মিন্দ্রিয়ৈর্ব্বিষয়ানীক্ষতে। স্যাদেতৎ। ইষুকারস্যায়ৈন মুগ্ধো ভবিষ্যতি। যথেষুকারো জাগ্রদপি ইষ্বাসক্তমনস্তয়া নান্যান্ বিষয়ানীক্ষত এবং মুগ্ধো মুশলসম্পাতাদিজনিতদুঃখানুভবব্যগ্রমনস্তয়া জাগ্রদপি নান্যান্ বিষয়ানীক্ষত ইতি। ন। অচেতয়মানত্বাৎ। ইষুকারো হি ব্যাপৃতমনা ব্রবীতীষুমেবাহমেতাবন্তং কালমুপলভমানো-

---

মরণাবস্থায়াঃ। অতঃ সুষুপ্তিরেব মূর্চ্ছা বিশেষজ্ঞানাভাবারিশেষাৎ। চিরানুচ্ছ্বাসবেপথুপ্রভৃত্যয়স্তু সুপ্তেরবান্তরপ্রভেদাঃ। তদ্‌যথা কশ্চিৎ সুপ্তোত্থিতঃ প্রাহ সুপ্তমহমস্বাপ্সং লঘূনি মে গাত্রাণি প্রসন্নং মে মন ইতি। কশ্চিৎ পুনর্দুঃখমস্বাপ্সং গুরূণি মে গাত্রাণি ভ্রমত্যনবস্থিতং মে মন ইহি। ন চৈতাবতা সুষুপ্তির্ভিদ্যতে। তথা বিকারান্তরেঽপি মূর্চ্ছা ন সুষুপ্তের্ভিদ্যতে। তস্মাল্লোকপ্রসিদ্ধ্যভাবান্নেয়ং পঞ্চম্যবস্থেতি প্রাপ্তম্। এবম্প্রাপ্ত

সম্প্রতি সেই অবস্থার পরীক্ষা হইবেক। শরীরস্থ জীবের প্রধানতঃ তিনটী অবস্থা প্রসিদ্ধ। জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি। এতদ্ভিন্ন আর একটী অবস্থা আছে তাহা শরীর হইতে অপসর্পণ (মরণ)। এ অবস্থাটী চতুর্থী বলিয়া গণ্য। জীবের এই চার অবস্থা ব্যতীত অন্য কোন অবস্থা শ্রুতিতে ও স্মৃতিতে প্রখ্যাত নহে। সেই কারণে পাওয়া যায়, বলা যায়, মুগ্ধ বা মূর্চ্ছিতাবস্থাটী ঐ চারের মধ্যে একটী। এতৎ প্রাপ্তে বলা হইল, মুগ্ধেঽর্দ্ধসম্পত্তিঃ। [ন তাবন্মুগ্ধো···নীক্ষতে] মুগ্ধাবস্থাটী জাগ্রদবস্থামধ্যে নিবিষ্ট নহে। কেন-না, মূর্চ্ছিত পুরুষ তৎকালে ইন্দ্রিয় দ্বারা বিষয়ানুভব করেন না। (যে অবস্থায় ইন্দ্রিয়ের দ্বারা বস্তু জানা যায় সেই অবস্থার নাম জাগ্রৎ। এ লক্ষণ মুগ্ধ অবস্থায় নাই)। [স্যাদেতৎ···জাগর্ত্তি] আচ্ছা,

---

মুগ্ধ অর্থাৎ মূর্চ্ছিত অবস্থাটী অতিরিক্ত। কেন-না ইহাতে অর্দ্ধসম্পন্নতা দৃষ্ট হয়। (কোন কোন জাগ্রৎ-ধর্ম্ম দৃষ্ট হয় এবং কোন কোন সুষুপ্ত্যাদিধর্ম্মও দৃষ্ট হয়। সুতরাং মূর্চ্ছা অর্দ্ধসম্পত্তি বলিয়া গণ্য)।

হভূবমিতি মুগ্ধস্তু লব্ধসঞ্জ্ঞো ব্রবীত্যন্ধে তমস্যহমে-তাবন্তং কালং প্রক্ষিপ্তোঽভূবং ন কিঞ্চিন্ময়া চেতিতমিতি। জাগ্রচ্চৈকবিষয়াসক্তচেতসোঽপি দেহো বিধ্রীয়তে মুগ্ধস্য তু দেহো ধরণ্যাং পততি। তস্মাৎ ন জাগর্ত্তি। নাপি স্বপ্নান্ পশ্যতি নিঃসঞ্জ্ঞত্বাৎ। নাপি মৃতঃ প্রাণোষ্মণোর্ভাবাৎ। মুগ্ধে হি জন্তৌ মৃতোঽয়ং স্যাৎ ন বা মৃত ইতি সংশয়ানা উষ্মাস্তি নাস্তীতি হৃদয়দেশমালম্ভতে নিশ্চয়ার্থং, প্রাণোঽস্তি নাস্তীতি চ নাশিকাদেশম্। যদি প্রাণোষ্মণোরস্তিত্বং নাবগচ্ছন্তি, ততো মৃতোঽয়মিত্যধ্যবসায় দহনায়ারণ্যং নয়ন্ত্যথ তু প্রাণমুষ্মাণং বা প্রতিপদ্যন্তে ততো নায়ং মৃত ইত্যধ্যবসায় সঞ্জ্ঞালাভায়াভিষজ্যন্তি। পুনরুত্থানাচ্চ ন দিষ্টং গতং। ন

উচ্যতে। যদ্যপি বিশেষবিজ্ঞানোপশমেন মোহসুষুপ্তয়োঃ সাম্যং তথাপি নৈক্যম্। ন হি বিশেষবিজ্ঞানসদ্ভাবসাম্যমাত্রেণ স্বপ্নজাগরয়োরভেদঃ। বাহ্যেন্দ্রিয়ব্যাপারভাবাভাবাভ্যাস্তু ভেদে তয়োঃ সুষুপ্তমোহয়োরপি প্রয়োজনভেদাৎ কারণভেদাল্লক্ষণভেদাচ্চ ভেদঃ। শ্রমাপনুত্ত্যর্থা হি ব্রহ্মণা সম্পত্তিঃ সুষুপ্তম্।

এমন হইতেও ত পারে যে, মুগ্ধ ইষুকারের ন্যায়? (ইষুকার—শরনির্ম্মাতা শিল্পী) ইষুকার যেমন জাগ্রৎ থাকিয়াও শরাসক্ত চিত্ত হওয়ায় বিষয়ান্তর দর্শন করে না, তেমনি, মূর্চ্ছিত ব্যক্তিও প্রহারজনিত দুঃখানুভব-নিমগ্ন থাকায় বিষয়ান্তর দর্শন করিতে পারে না। এই বিষয়ের প্রত্যুত্তর—তাহা নহে। কেন-না মুগ্ধের চৈতন্য থাকে না—চৈতন্য লুপ্ত থাকে। ইষুকার ইষুনির্ম্মাণ ব্যাপারে নিমগ্ন থাকে বটে; কিন্তু সে বিরতব্যাপার হইলে বলে, এত ক্ষণ আমি ইষুমাত্র দেখিতেছিলাম, অন্য কিছু দেখি নাই। কিন্তু মূর্চ্ছিত পুরুষ সংজ্ঞালাভের পর বলে, এ পর্য্যন্ত আমি ঘোর অজ্ঞানান্ধকারে নিপতিত ছিলাম, অচেতন ছিলাম (আমার কিছু মাত্র চৈতন্য ছিল না)। আরও দেখ, জাগ্রৎকালে চিত্ত একবিষয়াসক্ত থাকিলেও তাহার দেহ বিধৃত থাকে কিন্তু মূর্চ্ছিতের দেহ ধরণীতে নিপতিত হয়। প্রদর্শিত কারণে মুগ্ধ পুরুষ জাগ্রৎ নহে। [নাপি···প্রত্যাগচ্ছতি] মুগ্ধাবস্থা স্বপ্নাবস্থাও নহে। তৎপ্রতি হেতু সংজ্ঞাভাব। স্বপ্নাবস্থায় সংজ্ঞা থাকে, জ্ঞান থাকে, মূর্চ্ছিতের তাহা থাকে না। মূর্চ্ছিত মৃতও নহে।

হি যমং গতো যমরাষ্ট্রাৎ প্রত্যাগচ্ছতি। অস্তু তর্হি সুষুপ্তো নিঃসঞ্জ্ঞত্বাদমৃতত্বাচ্চ। ন। বৈলক্ষণ্যাৎ। মুগ্ধঃ কদাচিচ্চিরমপি নোচ্ছ্বসিতি সবেপথুরস্য দেহো ভবতি ভয়ানকঞ্চ বদনং বিস্ফারিতে নেত্রে। সুষুপ্তস্তু প্রসন্নবদনস্তুল্যকালং পুনঃ পুনরুচ্ছ্বসিতি নিমীলিতে অস্য নেত্রে ভবতঃ। ন চাস্য দেহো বেপ্যতে পাণিপেষণমাত্রেণ চ সুষুপ্তমুত্থাপয়ন্তি ন তু মুগ্ধং মুদ্গরঘাতেনাপি। নিমিত্তভেদশ্চ ভবতি মোহস্বাপয়োঃ।

শরীরত্যাগার্থা তু ব্রহ্মণা সম্পত্তির্মোহঃ। যদ্যপি সত্যপি মোহে ন মরণং তথাপ্যসতি মোহে ন মরণমিতি মরণার্থো মোহঃ। মুশলসম্পাতাদিনিমিত্তত্বান্মোহস্য শ্রমাদিনিমিত্তত্বাচ্চ সুষুপ্তস্য মুখনেত্রাদিবিকারলক্ষণত্বান্মোহস্য প্রস-

---

তৎপ্রতি কারণ, মূর্চ্ছিতের দেহে প্রাণ ও উষ্মা থাকে। জন্তু মূর্চ্ছিত হইলে লোকে জীবিত আছে কি মৃত হইয়াছে বলিয়া সংশয় করে, অনন্তর উষ্মা (তাপ) আছে কি-না জানিবার জন্য তাহার হৃদয়দেশে হস্তার্পণ করে। পরে প্রাণ আছে কি-না জানিবার জন্য নাসিকাদেশে হস্তার্পণ করে। যদি প্রাণের ও উষ্মার অস্তিত্ব অনুভূত না হয় তবে তখন তাহারা নিশ্চয় করে, এ ব্যক্তি মৃত হইয়াছে। তখন তাহার দেহ দাহার্থ শ্মশানভূমে লইয়া যায়। যদি তাহার প্রাণের ও উষ্মার অস্তিত্ব জানিতে পারে, তাহা হইলে নিশ্চয় করে, এ মরে নাই, জীবিত আছে। তখন তাহারা তাহার সংজ্ঞালাভার্থ যত্নবান্ হয়। অপিচ মুগ্ধের পুনরুত্থান হয়, মরণ হইলে তাহা হয় না। যে যমলোকে গিয়াছে, সে কি আর সদ্দেহে যমলোক হইতে প্রত্যাগত হয়? [অস্তু...ঘাতেনাপি] মূর্চ্ছাকালে সংজ্ঞা থাকে না, সুখদুঃখমুক্তিও হয়, সুতরাং মূর্চ্ছা সুষুপ্তি-মধ্যে নিবিষ্ট। ইহার প্রত্যুত্তর—তাহা নহে। কেননা, তদুভয়ের মধ্যে বৈলক্ষণ্য আছে। মূর্চ্ছিতব্যক্তি যখন দীর্ঘকাল রুদ্ধশ্বাস থাকে, তাহার দেহ অনেক সময়ে সকম্প থাকে, তাহার মুখ ভীষণদৃশ্য হয়, নেত্রও বিস্ফারিত হয়; কিন্তু সুষুপ্তের বদন সুপ্রসন্ন, নেত্র নিমীলিত এবং দেহ নিষ্কম্প এবং তাহার শ্বাসপ্রশ্বাস সমান নিয়মে নির্ব্বাহিত হয়। অপিচ, হস্তাবমর্ষণ দ্বারা সুষুপ্তকে উত্থাপিত করা যায়, কিন্তু মুদ্গর প্রহারেও মূর্চ্ছিতের উত্থান হয় না। [নিমিত্ত...ইতি] মূর্চ্ছার ও সুষুপ্তির কারণ এক

মুশলসম্পাতাদিনিমিত্তত্বান্মোহস্য শ্রমনিমিত্তত্বাচ্চ স্বাপস্য। ন চ লোকেঽস্তি প্রসিদ্ধির্মুগ্ধঃ সুপ্ত ইতি। পরিশেষাদর্দ্ধসম্পত্তির্মুগ্ধতেত্যবগচ্ছামঃ। নিঃসজ্ঞত্বাৎ সম্পন্ন ইতরস্মাচ্চ বৈলক্ষণ্যাদসম্পন্ন ইতি। কথং পুনরর্দ্ধসম্পত্তির্মুগ্ধতেতি শক্যতে বক্তুম্। যাবতা সুপ্তং প্রতি তাবদুক্তং শ্রুত্যা 'সতা সোম্য তদা সম্পন্নোভবতি। অত্র স্তেনোঽস্তেনোভবতি। নৈনং সেতুমহোরাত্রে তরতঃ। ন জরা ন মৃত্যুর্ন শোকো ন সুকৃতং ন দুষ্কৃতম্' ইত্যাদি। জীবে হি সুকৃতদুষ্কৃতয়োঃ প্রাপ্তিঃ সুখিত্বদুঃখিত্বপ্রত্যয়োৎপাদনেন ভবতি। ন চ সুখিত্বপ্রত্যয়ো দুঃখিত্বপ্রত্যয়োবা সুষুপ্তে বিদ্যতে। মুগ্ধেঽপি তৌ প্রত্যয়ৌ নৈব বিদ্যেতে। তস্মাদুপাধ্যুপশমাৎ সুষুপ্তবন্মুগ্ধেঽপি কৃৎস্নসম্পত্তিরেব ভবিতুমর্হতি নার্দ্ধসম্পত্তিরিতি। অত্রোচ্যতে। ন

ন্নবদনত্বাদিলক্ষণভেদাচ্চ সুষুপ্তস্য। সুষুপ্তস্য ত্ববান্তরভেদেঽপি নিমিত্তপ্রয়োজনলক্ষণাভেদাদেকত্বম্। তস্মাৎ সুষুপ্তমোহাবস্থয়োর্ব্রহ্মণা সম্পত্তাবপি সুষুপ্তে

নহে, কিন্তু ভিন্ন। প্রহারাদিকারণে মূর্চ্ছা হয়, ঐন্দ্রিয়ক শ্রম কারণে সুষুপ্তি হয়। অপিচ, কোনও লোকে মূর্চ্ছিত'কে সুপ্ত বলে না। এই সকল কারণে, পরিশেষ প্রযুক্ত, মুগ্ধতা অর্দ্ধসম্পত্তি বলিয়া গণ্য। (সম্পন্নও বটে, অসম্পন্নও বটে। এক অংশে সম্পন্ন, অন্য অংশে অসম্পন্ন, সুতরাং অর্দ্ধসম্পন্ন) সংজ্ঞাশূন্যতা বিধায় সম্পন্ন এবং সুষুপ্তি ও মরণ হইতে বৈলক্ষণ্য থাকায় অসম্পন্ন। [কথং...সম্পত্তিরিতি] যদি বল, মূর্চ্ছা অর্দ্ধসম্পত্তিরূপা, এ কথা বলিতে পার কৈ? শ্রুতি সুষুপ্তি বর্ণনায় বলিয়াছেন— "তখন সৎসম্পন্ন হয়" "ঐ সময়ে চোরও সাধু হয়।" "দিন ও রাত্রি ঐ মর্য্যাদা উল্লঙ্ঘন করে না" "জরা, মৃত্যু, শোক, সুকৃত, দুষ্কৃত, এ সকল, কিছুই থাকে না।" ইত্যাদি। জীব যে সুকৃত দুষ্কৃত অর্থাৎ পুণ্যপাপ প্রাপ্ত হয় তাহা সুখিত্ব দুঃখিত্ব জ্ঞান পূর্ব্বক। কিন্তু সুষুপ্তিতে সুখিত্ব জ্ঞান থাকে না, দুঃখিত্ব জ্ঞানও থাকে না। অতএব, উপাধি উপশান্ত (নিবৃত্ত) হওয়ায় মূর্চ্ছাও সুষুপ্তির ন্যায় পূর্ণসম্পত্তি, অর্দ্ধসম্পত্তি নহে। [অত্রোচ্যতে...ইচ্ছন্তি] ইহার প্রত্যুত্তর এই যে, আমরা এমন কথা

ব্রূমো মুগ্ধেঽর্দ্ধসম্পত্তির্জ্জীবস্য ব্রহ্মণা ভবতীতি। কিং তর্হি। অর্দ্ধেন সুষুপ্তপক্ষস্য ভবতি মুগ্ধত্বমর্দ্ধেনাবস্থান্তরপক্ষস্যেতি ব্রূমঃ। দর্শিতে চ মোহস্য স্বাপেন সাম্যবৈষম্যে। দ্বারঞ্চৈতন্মরণস্য। যদাস্য সাবশেষং কর্ম্ম ভবতি তদা বাঙ্মনসে প্রত্যাগচ্ছতঃ। যদা তু নিরবশেষং কর্ম্ম ভবতি তদা প্রাণোষ্মাণাবপগচ্ছতঃ। তস্মাদর্দ্ধসম্পত্তিং ব্রহ্মবিদ ইচ্ছন্তি। যত্তূক্তং ন পঞ্চমী কাচিদবস্থা প্রসিদ্ধাস্তীতি, নৈষ দোষঃ। কাদাচিৎকীয়মবস্থেতি ন প্রসিদ্ধা স্যাৎ। প্রসিদ্ধা চৈষা লোকায়ুর্ব্বেদয়োঃ। অর্দ্ধসম্পত্ত্যভ্যুপগমাচ্চ ন পঞ্চমী গম্যত ইত্যনবদ্যম্ ॥ ১০ ॥

ন স্থানতোঽপি পরস্যোভয়লিঙ্গং সর্ব্বত্র হি ॥ ১১

যাদৃশী সম্পত্তির্ন তাদৃশী মোহ ইত্যর্দ্ধসম্পত্তিরুক্তা। সাম্যবৈষম্যাভ্যামর্দ্ধত্বম্। যদা চৈতদ্বস্থান্তরং তদা ভেদাৎ তৎ প্রবিলয়ায় যত্নান্তরমাস্থেয়ম্। অভেদে তু ন যত্নান্তরমিতি চিন্তাপ্রয়োজনম্।

জ্ঞান দৃঢ়ীভূত আছে, এমত অবস্থায় যদি যথার্থ জ্ঞান জন্মিয়া পূর্ব্বনিবিষ্ট মিথ্যাজ্ঞানকে বিদূরিত বা বিনষ্ট করে, তাহা হইলে তাহা অপবাদ বলিয়া গণ্য। এই অপবাদের অন্য নাম "বাধ"। এখন এই দেহেন্দ্রিয়াদিসংঘাতে আত্মবুদ্ধি (অহং জ্ঞান) স্থির আছে, তত্ত্বমস্যাদি-বাক্যের শ্রবণ ও তদর্থের মনন নিদিধ্যাসনের পর ইহাতে আর আত্মবুদ্ধি থাকিবে না, আত্মাতেই আত্মবুদ্ধি জন্মিবে, জন্মিয়া, পূর্ব্বাবিষ্ট মিথ্যাবুদ্ধিকে তিরোহিত বা বিনষ্ট করিবেক, করিলে ইহার বাধ বা অপবাদ সুসম্পন্ন হইবেক। এ সম্বন্ধে লৌকিক উদাহরণও আছে। যেমন দিক্‌তত্ত্ব সাক্ষাৎকার হইলে দিগ্‌ভ্রান্তির বাধ বা অপবাদ হয় তেমনি। এতন্নিদর্শনানুসারে প্রস্তাবিত ওঁ অক্ষরে অক্ষরবুদ্ধি উৎপাদন করিয়া পূর্ব্বপ্রথিত উদ্গীথ বুদ্ধি নিবারণীয়? কি উদ্গীথ বুদ্ধি উৎপাদন করিয়া পূর্ব্বপ্রথিত অক্ষরবুদ্ধি নিষেধনীয়? এরূপ বিচারও হইতে পারে। [একত্বন্ত··· সীতেতি] একত্বশব্দের অর্থ বাস্তবাভেদ। অর্থাৎ অক্ষর ও উদ্গীথ এই দুএর অর্থ প্রভেদ না থাকা। দ্বিজোত্তম, ব্রাহ্মণ, ভূদেব, এ সকল শব্দ যদ্রূপ, ওঁ অক্ষর ও উদ্গীথ কি তদ্রূপ? উহার মধ্যে কি কোনরূপ প্রভেদ নাই? এরূপ সংশয় বা প্রশ্ন হইতেও পারে। বিশেষণ কি, তাহাও বলিতেছি। ব্যাবর্ত্তক ও বিশেষণ তুল্যার্থ। ওঁ অক্ষরটী সর্ব্ববেদব্যাপী, সেই জন্য ওঁ বলিলে সর্ব্ববেদব্যাপী প্রণবের গ্রহণ হইতে পারে। উদাহৃতস্থলে তাহার ব্যাবর্ত্তন অর্থাৎ ওঁকারের অন্যান্য স্থান নিষেধ করিয়া অক্ষরকে কেবলমাত্র ঔদ্গাত্র (উদ্গাতা = সামগায়ক ঋত্বিক বা পুরোহিত। ঔদ্গাত্র = উদ্গাতা যে কার্য্য করে তাহা অর্থাৎ সামগান করা) বিষয়ে সমর্পণ করাইতেছে বলিয়া উদ্গীথশব্দ ওঁ অক্ষরের বিশেষণ। যেমন লোকে বলে, যে উৎপলটী নীল, সেইটী আন; তেমনি শাস্ত্রও বলিয়াছেন, যে উদ্গীথ ওঁকার—তাহার

এবমিহাপ্যুদ্গীথো য ওঙ্কারস্তমুপাসীতেতি। এবমেতস্মিন্ সামানাধিকরণ্যবাক্যে বিমৃশ্যমাণে এতে পক্ষাঃ প্রতিভান্তি। তত্রান্যতমনির্ধারণে কারণাভাবাদনির্ধারণপ্রাপ্তাবিদমুচ্যতে।—ব্যাপ্তেশ্চ সমঞ্জসমিতি। চশব্দোঽয়ং তুশব্দস্থাননিবেশী পরপক্ষত্রয়ব্যাবর্ত্তনপ্রয়োজনঃ। তদিহ ত্রয়ঃ পক্ষা সাবদ্যা ইতি পর্য্যুদস্যন্তে বিশেষণপক্ষ এবৈকো নিরবদ্য ইত্যুপাদীয়তে। তত্রাধ্যাসে তাবৎ যা বুদ্ধিরিতরত্রাধ্যস্যতে তচ্ছব্দস্য লক্ষণাবৃত্তিত্বং প্রসজ্যেত ফলঞ্চ কল্প্যেত। শ্রূয়ত এব ফলং 'আপয়িতা হ বৈ কামানাং ভবতি'ত্যাদীতি চেৎ, ন। তস্যান্যফলত্বাৎ।

স্থানধ্যবসায়লক্ষণং পক্ষং গৃহ্ণাতি—"তত্রান্যতমে"তি। সিদ্ধান্তমাহ—"ইদমুচ্যতে ব্যাপ্তেশ্চ"। [illegible] বেদব্যাপীতি কিঙ্গতোঽয়মোঙ্কারস্তত্তদাপ্ত্যাদিগুণবিশিষ্টস্তস্মৈ তস্মৈ কামাবাপ্ত্যাদিফলায়োপাস্যত্বেনাধিক্রিয়ত ইত্যপেক্ষায়ামুদ্গীথপদেনেতি বিশিষ্যতে। উদ্গীথপদেনোঙ্কারাদ্যবয়বঘটিতসামভক্তিভেদাভিধায়িনা সমুদায়স্যাবয়বভাবানুপপত্তেস্তৎসম্বন্ধ্যবয়ব ওঙ্কারো লক্ষ্যতে ন পুনরোঙ্কারেণাবয়বিন উদ্গীথস্য লক্ষণা। ওঙ্কারস্যৈবোপরিষ্টাত্তু তত্তদ্গুণবিশিষ্টস্য তত্তৎফলবিশিষ্টস্য চোপব্যাখ্যাস্যমানত্বাৎ। দৃষ্টশ্চ সমুদায়শব্দোঽবয়বে লক্ষণয়া যথা গ্রামো দগ্ধঃ পটো দগ্ধ ইতি তদেকদেশদাহে। অধ্যাসে তু লক্ষণা ফলকল্পনা চ [illegible] তথা হ্যাপ্ত্যাদিগুণকপ্রণবোপাসনাদিদমুদ্গীথতোপাসনস্প্রণবস্যান্যৎ। ন চাপ্ত্যাদি উপাসনেষ্বিব ফলং শ্রূয়তে। তস্মাৎ কল্পনীয়ম্। উদ্গীথসম্বন্ধিপ্রণবোপাসনাধিকারপরে বাক্যে পরার্থে নায়ং দোষঃ। অপি চ গৌণ্যা বৃত্তের্লক্ষণা-

---

উপাসনা কর। [এব...মিতি] "ওঁ অক্ষর উদ্গীথ" এ বাক্যের বিচারণা আরম্ভ করিলে প্রদর্শিত প্রকারে পক্ষচতুষ্টয় প্রাপ্ত হওয়া যায় এবং বিস্পষ্ট কারণের অভাবে কোন একটা নির্দ্দিষ্ট প্রকার বা পক্ষ স্থির হয় না। তাই সূত্রকার পক্ষ স্থির করণার্থ সূত্র বলিলেন, "ব্যাপ্তেশ্চ সমঞ্জসম্।" [চশব্দো...ফলম্] পরা[illegible]মত পক্ষত্রয় ব্যাবর্ত্তন করিবার অভিপ্রায়ে তু-শব্দ নিবেশের পরিবর্ত্তে চ-শব্দের নিবেশ করা হইয়াছে। অর্থাৎ ব্যাপ্তেশ্চ বলিতে ব্যাপ্তেস্তু বলা হইয়াছে, ইহা বুঝিতে হইবে। সদোষ বলিয়া অধ্যাসাদি পক্ষের পরিত্যাগ এবং নির্দ্দোষ বলিয়া কেবলমাত্র বিশেষণ পক্ষের গ্রহণ ন্যায্য। অধ্যাসপক্ষের দোষ এই যে, উদ্গীথের জ্ঞান ওঙ্কারে

আপ্ত্যাদিদৃষ্টিফলং হি তৎ নোদ্গীথাধ্যাসফলম্। অপবাদে-হপি সমানঃ ফলাভাবঃ। মিথ্যাজ্ঞাননিবৃত্তিঃ ফলমিতি চেৎ, ন, পুরুষার্থোপযোগানবগমাৎ। ন চ কদাচিদপ্যোঙ্কারাদোঙ্কার-বুদ্ধির্নিবর্ত্ততে উদ্গীথাদ্বোদ্গীথবুদ্ধিঃ। ন চেদং বাক্যং বস্তু-তত্ত্বপ্রতিপাদনপরম্। উপাসনবিধিপরত্বাৎ। নাপ্যেকত্বপক্ষঃ সঙ্গচ্ছতে। নিষ্প্রয়োজনং হি তদা শব্দদ্বয়োচ্চারণং স্যাৎ। একেনৈব বিবক্ষিতার্থসমর্পণাৎ। ন চ হোত্রবিষয়ে বাহধ্যর্যব-বিষয়ে বাহক্ষরে ওঙ্কারশব্দবাচ্যে উদ্গীথপ্রসিদ্ধিরস্তি। নাপি সকলয়াম্। সাম্নাং দ্বিতীয়ায়াং ভক্তাবুদ্গীথশব্দবাচ্যায়ামোঙ্কার-

---

বৃত্তির্ব্বলীয়সী লাঘবাৎ। লক্ষণয়া হি লক্ষণীয়পরত্বং পদস্য তস্যৈব বাক্যার্থা-ন্তরভাবাৎ। যথা গঙ্গায়াং ঘোষ ইতি লক্ষ্যমাণস্য তীরস্য বাক্যার্থেন্তর্ভাবো-হধিকরণতয়া। গৌর্ব্বাহীক ইত্যত্র তু গোসম্বন্ধিতিষ্ঠন্মূত্রপুরীষাদিলক্ষণয়া ন তৎপরত্বং গোশব্দস্য। অপি তু তৎকক্ষাধ্যবসিততদ্গুণযুক্তবাহীকপরত্বমিতি

অধ্যস্ত (আরোপ) করিলে, ওঙ্কারে তদ্বাচক উদ্গীথ-শব্দের লক্ষণাস্বীকার করিতে হইবে এবং পৃথক্ ফলকল্পনাও করিতে হইবে। লক্ষণা করিতে গেলে যে সম্বন্ধের প্রয়োজন হয়, অসিদ্ধতা বিধায় সে সম্বন্ধও কল্পনীয় হয়। সম্বন্ধের, লক্ষণার ও ফলের কল্পনা অবশ্যই গৌরব দোষাঘ্রাত। যদি বল, ফলশ্রুতি আছে, তু-শব্দার্থক চ-শব্দের প্রয়োগে ইহাই জানান হইয়াছে যে, "এই উপাসনা উপাসকের কামনাসমূহের প্রাপক, যে উপাসনা করে সে কাম প্রাপ্ত হয়" সেই শ্রুত ফলই হইবে, কল্পনা করিতে হইবে কেন? ইহার প্রত্যুত্তর—ঐ শ্রুত ফল অধ্যাসের নহে, উহা আপ্ত্যাদিজ্ঞানের ফল। [অপবাদেহপি...পরত্বাৎ] অপবাদ পক্ষেও ফলাভাব অর্থাৎ কোনরূপ ফল নাই। মিথ্যাজ্ঞান নিবৃত্তিই ফল, এ কথা অবক্তব্য। কেননা, তদ্গত মিথ্যাজ্ঞান নিবৃত্তি পুরুষার্থ মধ্যে গণ্য নহে। তাহাতে কি পুরুষার্থ সিদ্ধ হইবে? অপিচ, কোনও কালে ওঙ্কারে ওঙ্কার-বুদ্ধির ও উদ্গীথে উদ্গীথ-বুদ্ধির নিবৃত্তি হয় না। আরও কথা, এই যে, ঐ বাক্য উপাসনা বিধায়ক, বস্তুতত্ত্ব প্রতিপাদক নহে। বস্তু-তত্ত্ব প্রতিপাদক হইলেও কথঞ্চিৎ সাফল্য থাকিত। [নাপ্যেকত্ব...স্যাৎ] একত্ব পক্ষও সঙ্গত নহে। একত্ব (অনতিরিক্তার্থ) পক্ষে ওঁ উদ্গীথ

শব্দপ্রসিদ্ধির্বেনানতিরিক্তার্থতা স্যাৎ। পরিশেষাদ্বিশেষণপক্ষঃ পরিগৃহ্যতে। ব্যাপ্তেঃ সর্ব্ববেদসাধারণ্যাৎ। সর্ব্বব্যাপ্যক্ষরমিহ মা প্রসঞ্জীতেত্যত উদ্গীথশব্দেনাক্ষরং বিশিষ্যতে। কথং নামোদ্গীথাবয়বভূত ওঙ্কারো গৃহ্যত ইতি। নন্বস্মিন্নপি পক্ষে সমানা লক্ষণা উদ্গীথশব্দস্যাবয়বলক্ষণার্থত্বাৎ। সত্যমেবমেতৎ, লক্ষণায়ামপি তু সন্নিকর্ষবিপ্রকর্ষৌ ভবত এব।

গৌণ্যা বৃত্তের্দুর্বলত্বম্। তদিদমুক্তং "লক্ষণায়ামপি ত্বি"তি গৌণ্যপি বৃত্তির্লক্ষণাবয়বত্বাল্লক্ষণোক্তা। যদ্যপি বৈশ্বদেবীপদমামিক্ষায়াম্প্রবর্ত্ততে তথাপ্যর্থভেদঃ স্ফুটতরঃ। আমিক্ষাপদং হি রূপেণামিক্ষায়াম্প্রবর্ত্ততে। বৈশ্বদেবীপদন্তু তস্যামেব বিশ্বদেববিশিষ্টায়াম্। এবং হি বিজ্ঞানানন্দয়োরপি স্ফুট-

---

এই শব্দদ্বয়ের প্রয়োগ নিষ্প্রয়োজনীয়। ওঁ অথবা উদ্গীথ, দুএর একটীতেই বিবক্ষিতার্থ (অভিপ্রেত বিষয়) লাভ হইতে পারে। হোতৃ-কার্য্যে ও আধ্বর্য্যব-কার্য্যে যে ওঁ প্রযুক্ত হয়—সে ওঁ উদ্গীথ নহে। অর্থাৎ সে ওঁকারের উদ্গীথ প্রসিদ্ধি নাই। সকল সামও উদ্গীথ নহে। সামের যে দ্বিতীয়া ভক্তি; অংশবিশেষ, তাহাই উদ্গীথশব্দের বাচ্য এবং তাহাতেই ওঁ-শব্দের প্রসিদ্ধি। এরূপ স্থলে একার্থতা সিদ্ধ হয় কৈ ? [পরি···গৃহ্যতেতি] এক্ষণে বিশেষণপক্ষ অবশিষ্ট; নির্দ্দোষ বলিয়া সেই অবশিষ্ট পক্ষই গ্রাহ্য। ওঁকারের ব্যাপ্তি অর্থাৎ সর্ব্ববেদসাধারণ্য আছে, সুতরাং ওঁ ইত্যক্ষরং উপাসীত এতৎস্থলে উপাসক মনে করিতে পারেন যে, সর্ব্ববেদব্যাপী ওঁকার প্রস্তাবিত উপাসনায় গ্রহণীয়, শ্রুতি তন্নিষেধার্থ উদ্গীথশব্দ বিশেষণ দিয়াছেন। উদ্গীথ বিশেষণ দেওয়ায় বিশেষ ওঁকারের গ্রহণ হয়। ফলিতার্থ—যে-ওঁকার উদ্গীথের অবয়ব, সেই ওঁকারই উপাসনার্থ গ্রহণীয়। সর্ব্ববেদব্যাপী ওঁকার গ্রহণীয় নহে। [নন্বস্মিন্নপি···লক্ষণা] বলিতে পার যে, উদ্গীথ শব্দের অর্থ উদ্গীথের অবয়ব, ইহা লক্ষণা ব্যতীত সম্পন্ন হয় না। সুতরাং অন্যান্যপক্ষের ন্যায় বিশেষণপক্ষেও লক্ষণা দোষ রহিল। যদি তাহাই রহিল, তবে আর বিশেষণ-পক্ষ গ্রহণের ফল কি ? কথাটা সত্য বটে; কিন্তু লক্ষণার সন্নিকর্ষ বিপ্রকর্ষ আছে। অর্থাৎ নিকটসম্বন্ধ ও দূরসম্বন্ধ আছে। অধ্যাসপক্ষে এক বস্তুর জ্ঞান অন্য বস্তুতে অর্পিত হয় সুতরাং সে পক্ষের লক্ষণা বিপ্রকৃষ্ট অর্থাৎ দূরসম্বন্ধান্বিত। কিন্তু বিশেষণ পক্ষের লক্ষণায় অবয়বীর সন্নিকৃষ্ট অবয়বকে পাওয়া যায়; সে জন্য বিশেষণপক্ষের লক্ষণা নিকট-

অধ্যাসপক্ষে হ্যর্থান্তরবুদ্ধিরর্থান্তরে নিক্ষিপ্যত ইতি বিপ্রকৃষ্টা লক্ষণা, বিশেষণপক্ষে ত্ববয়বিবচনেন শব্দেনাবয়বঃ সমর্প্যত ইতি সন্নিকৃষ্টা লক্ষণা। সমুদায়েষু হি প্রবৃত্তাঃ শব্দা অবয়বেষ্বপি বর্ত্তমানা দৃষ্টাঃ পটগ্রামাদিষু। অতশ্চ ব্যাপ্তের্হেতোরোমিত্যেতস্যোদ্গীথমিত্যেতদ্বিশেষণমিতি সমঞ্জসমেতন্নিরবদ্যমিত্যর্থঃ॥ ৯ ॥

সর্ব্বাভেদাদন্যত্রেমে ॥ ১০ ॥*

বাজসনেয়িনাং ছন্দোগানাঞ্চ প্রাণসম্বাদে শ্রৈষ্ঠ্যগুণান্বিতস্য প্রাণস্যোপাস্যত্বমুক্তং বাগাদয়োঽপি তত্র বসিষ্ঠত্বাদি-

---

তরঃ প্রবৃত্তিনিমিত্তভেদঃ সত্যপি ব্রহ্মণ্যৈকার্থ্যে। ন চ ব্যাখ্যানমুভয়োরপি প্রসিদ্ধার্থত্বাদ্ভিন্নার্থত্বাচ্চ। শেষমতিরোহিতার্থম্।

এবং-শব্দস্য সন্নিহিতপ্রকারভেদপরামর্শার্থত্বাৎ সাক্ষাচ্ছব্দোপস্থাপিতস্য চ সন্নিধানাৎ শাখান্তরগতস্য চানুক্রমতয়া সন্নিধানাভাবান্ন কৌষীতকিপ্রাণসম্বাদবাক্যে প্রাণস্য বসিষ্ঠত্বাদিভির্গুণৈরুপাস্যত্বমপি তু জ্যেষ্ঠশ্রেষ্ঠত্বমাত্রেণেতি পূর্ব্বঃ

সম্বন্ধান্বিত। (দূরসম্বন্ধ অপেক্ষা নিকটসম্বন্ধ শ্রেষ্ঠ ও বলবৎ) [সমু... মিত্যর্থঃ] সমুদায়প্রবৃত্ত শব্দকে অবয়বার্থে প্রবৃত্ত হইতেও দেখা যায়। যেমন বস্ত্র ও গ্রাম প্রভৃতি। (বস্ত্র অবয়বী; সূত্র অবয়ব। অবয়ব দগ্ধ হইলেও লোকে বলে, বস্ত্র দগ্ধ হইয়াছে। গ্রাম অবয়বী, পল্লী অবয়ব। পল্লী বিধ্বস্ত হইলেও লোকে বলে, গ্রামটী ধ্বস্ত হইয়াছে)। প্রদর্শিত কারণে, সর্ব্ববেদব্যাপী ওঁ অক্ষরের উদ্গীথ বিশেষণ, ব্যাবর্ত্তনার্থ প্রদত্ত হইয়াছে, ইহাই সমঞ্জস অর্থাৎ নির্দ্দোষ।

বৃহদারণ্যকে ও ছান্দোগ্যে প্রথমতঃ শ্রেষ্ঠত্ব গুণান্বিত প্রাণের উপাস্যতা কথিত হইয়াছে। তৎপরে বাক্ প্রভৃতির বসিষ্ঠত্বাদিগুণ বর্ণিত

---

* ইমে বশিষ্ঠত্বাদয়ঃ কচিদুক্তা গুণা অন্যত্রাপ্যুপাদীয়ন্ত ইতি শেষঃ। কুতঃ? সর্ব্বাভেদাৎ সর্ব্বত্র সর্ব্ববিজ্ঞানস্যৈক্যাদিত্যর্থঃ।—বাজসনেয়ীরা ও ছান্দোগ্য অধ্যায়ীরা শ্রেষ্ঠত্ব গুণান্বিত প্রাণের উপাসনা বলিয়া বাক্যাদির বসিষ্ঠত্বাদি গুণ বলিয়াছেন। কৌষিতকিশাখাধ্যায়ীরা প্রাণের শ্রেষ্ঠতা বর্ণন করিয়াছেন কিন্তু বসিষ্ঠত্বাদি গুণ বলেন নাই। অন্যান্য উপাসনাতেও এইরূপ অনেকানেক গুণের গ্রহণ অগ্রহণ আছে। সে সকলের সিদ্ধান্ত এই যে, যখন বিজ্ঞান বা উপাসনা অভিন্ন অর্থাৎ এক, তখন অবশ্যই এক স্থানের কথিত গুণ অন্য স্থানে নিক্ষিপ্ত অর্থাৎ সংযোজিত হইবেক।

গুণান্বিতা উক্তাঃ। তে চ গুণাঃ প্রাণে পুনঃ প্রত্যর্পিতাঃ 'যদ্বা অহং বসিষ্ঠোঽস্মি ত্বং তদ্বসিষ্ঠোঽসি' ইত্যাদিনা। অন্যেষামপি তু শাখিনাং কৌষীতকিপ্রভৃতীনাং প্রাণসম্বাদেষু 'অথাতো নিঃশ্রেয়সাদানমেতা হ বৈ দেবতা অহংশ্রেয়সে বিবদমানাঃ' ইত্যেবঞ্জাতীয়কেষু প্রাণস্য শ্রৈষ্ঠ্যমুক্তং ন ত্বিমে বসিষ্ঠত্বাদয়ো গুণা উক্তাঃ। তত্র সংশয়ঃ কিমেতে বসিষ্ঠত্বাদয়ো গুণাঃ ক্বচিদুক্তা অন্যত্রাপ্যস্যেরন্নুত নাস্যেরন্নিতি। তত্র প্রাপ্তং তাবন্নাস্যেরন্নিতি। কুতঃ। এবংশব্দপ্রয়োগাৎ। তথা 'এবং বিদ্বান্ প্রাণে নিঃশ্রেয়সং বিদিত্বা' ইতি হি তত্র তত্রৈবং-

---

পক্ষঃ। সিদ্ধান্তস্তু সত্যং সন্নিহিতং পরামৃশত্যেবঙ্কারো ন-তু শব্দোপাত্তমাত্রং সন্নিহিতং কিন্তু যচ্ছব্দাভিহিতার্থনান্তরীকতয়া প্রাপ্তম্। তদপি হি বুদ্ধৌ সন্নিহিতং সন্নিহিতমেব। যথা যস্য পর্ণময়ী জুহূর্ভবতি, ইত্যব্যভিচরিতক্রতু-সমন্বয়া জুহূহোপস্থাপিতঃ ক্রতুঃ। তস্মাদুপাস্যকপ্রত্যভিজ্ঞানাত্তদব্যভিচারিণঃ প্রকারভেদস্যেহানুক্তস্যাপি বুদ্ধৌ সন্নিধানাৎ প্রকৃতগুণামর্শিনৈবঙ্কারেণ পরা-

হইয়া, সে সকল গুণ প্রাণে সমর্পিত হইয়াছে। যথা—"আমি বসিষ্ঠ, তুমিও বসিষ্ঠ হইলে।" ইত্যাদি। * কৌষিতকি প্রভৃতি অন্যান্য বেদ-শাখায় প্রাণের শ্রেষ্ঠতা মাত্র কথিত হইয়াছে, পরন্তু বসিষ্ঠত্বাদি গুণ কথিত হয় নাই। (অনন্তর শ্রেষ্ঠতার নির্দ্ধারণ। এই সকল দেবতা (ইন্দ্রিয়গণ) আপন আপন শ্রেষ্ঠতা লইয়া বিবাদ করিল। ইত্যাদি প্রস্তাব দেখ)। এখানে সংশয় এই যে, কোন কোন শাখায় যে বসিষ্ঠত্বাদি গুণ উক্ত হইয়াছে সে সকল অন্য শাখায় (যাহাতে তাহার উল্লেখ নাই) নিক্ষেপ বা সংগ্রহ করিতে হইবে কি না। সংশয়ের পর প্রথমতঃ পাওয়া যায়—নিক্ষেপ করিতে হইবে না। কারণ এই যে, শাখান্তরে এবং-শব্দের প্রয়োগ আছে। যথা—"এবং অর্থাৎ এইরূপ জানিল। প্রাণেরই শ্রেষ্ঠতা

---

* বসিষ্ঠত্ব=সুখবাসিত্ব। বাগ্মী সুখে বাস করে, সুতরাং বাক্যের বসিষ্ঠত্ব গুণ আছে। চক্ষুষ্মানেরই পাদপ্রতিষ্ঠা (প্রকৃষ্ট স্থিতি) দেখা যায়, সে জন্য চক্ষুর প্রতিষ্ঠা-গুণ আছে। শ্রবণ দ্বারা সর্ব্ববস্তুজ্ঞান সম্পন্ন হয়, সে কারণ শ্রোত্রের সম্পদ্গুণ। মনোবৃত্তির দ্বারা সর্ব্ব-প্রকার ভোগ্য জীবের আশ্রয়ে অবস্থান করে, এ জন্য মনের আয়তনত্ব গুণ আছে। বাক্য প্রভৃতি যখন জানিল যে, প্রাণই সর্ব্বশ্রেষ্ঠ, তখন তাহারা ঐ সকল স্ব স্ব গুণ প্রাণে সমর্পণ করিল। আরণ্যক ও ছান্দোগ্য উভয়ত্রই এই ভাবের কথা আছে।

শব্দেন বেদ্যং বস্তু নিবেদ্যতে। এবংশব্দশ্চ সন্নিহিতাবলম্বনো ন শাখান্তরপরিপঠিতমেবঞ্জাতীয়কং গুণজাতং শক্নোতি নিবেদয়িতুম্। তস্মাৎ স্বপ্রকরণস্থেরেব গুণৈর্নিরাকাঙ্ক্ষত্বমিত্যেবং প্রাপ্তে প্রত্যাহ—অন্যেরন্নিমে গুণাঃ ক্বচিদুক্তা বসিষ্ঠত্বাদয়োঽন্যত্রাপি। কুতঃ। সর্ব্বাভেদাৎ। সর্ব্বত্রৈব হি তদেবৈকং প্রাণবিজ্ঞানমভিন্নং প্রত্যভিজ্ঞায়তে প্রাণসম্বাদাদিসারূপ্যাৎ। অভেদে চ বিজ্ঞানস্য কথমিমে গুণাঃ ক্বচিদুক্তা অন্যত্র নাস্যেরন্। নন্বেবংশব্দস্তত্র তত্র ভেদেনৈবঞ্জাতীয়কং গুণজাতং বেদ্যত্বায় সমর্পয়তীত্যুক্তম্। অত্রোচ্যতে। যদ্যপি কৌষীতকিব্রাহ্মণগতেনৈবংশব্দেন বাজসনেয়িব্রাহ্মণগতং গুণ-

[তেন তাবদেবঙ্কারেণ শক্যতে পরা-

জানিয়া—" ইত্যাদি। এই স্থানে এবং-শব্দ বেদ্যবস্তু অর্থাৎ বিজ্ঞেয় (উপাস্য) বস্তু সমর্পণ করিতেছে। এবং-শব্দ সন্নিহিতবাচী। যাহা নিকটে থাকে সেই বস্তুই এবং-শব্দের বোধ্য। সুতরাং এবং-শব্দ শাখান্তরপঠিত ঐ সকল গুণ বুঝাইতে সমর্থ নহে। উহা স্বপ্রকরণোক্ত গুণ বুঝাইয়া দিবাই নিরাকাঙ্ক্ষ হয়, সে জন্য অন্য প্রকরণোক্ত গুণ আকর্ষণ করিতে পারে না। এই পূর্ব্বপক্ষের প্রতিপক্ষে সূত্র বলা হইল, সর্ব্বাভেদাৎ। কোন কোন স্থানের কথিত বসিষ্ঠত্বাদি গুণ অন্যস্থানেও নিক্ষিপ্ত হইবেক। কারণ এই যে, সর্ব্বশাখাস্থ সমুদায় বিদ্যা অভিন্ন অর্থাৎ এক। [সর্ব্বত্রৈব... নাস্যেরন্] যে কোন শাখা হউক, সর্ব্বত্রই একই প্রাণ-বিজ্ঞান (একই প্রাণোপাসনা সেই সেই শাখায় কথিত হইয়াছে), ইহা প্রাণ-সংবাদের সারূপ্য দৃষ্টে প্রত্যভিজ্ঞা জ্ঞানের বিষয় হয়। যদি প্রাণ-বিজ্ঞান অর্থাৎ প্রাণোপাসনা এক হয়, বিভিন্ন না হয়, তবে, এক শাখার বসিষ্ঠত্বাদি-গুণ অন্য শাখায় নিক্ষিপ্ত না হইবে কেন? [নন্বেবংশব্দ...শিষ্যতে] বলিয়াছিলে যে, কৌষিতকিব্রাহ্মণের কথিত এবং-শব্দ তৎপ্রকরণোক্ত গুণ-নিচয়কেই বুঝায় ও বাজিব্রাহ্মণোক্ত গুণ অসন্নিহিত বলিয়া পৃথক্ থাকে। সে কথার প্রত্যুত্তর এই।—যদিও কৌষিতকিব্রাহ্মণের এবং-শব্দ বাজিব্রাহ্মণোক্ত গুণের সূচক হয় না, তথাপি, প্রোক্ত উপাসনায় সে সকল গুণ বাজিব্রাহ্মণোক্ত এবং-শব্দে অভিহিত হইতে পারে। কেননা, উপাসনা অভিন্ন অর্থাৎ এক। যেহেতু উপাসনা এক, সেই হেতু শাখান্তর-

জাতমসংশব্দিতমসন্নিহিতত্বাৎ, তথাপি তস্মিন্নেব বিজ্ঞানে বাজসনেয়িব্রাহ্মণগতেনৈবংশব্দেন তৎসংশব্দিতমিতি ন পরশাখাগতমপ্যভিন্নবিজ্ঞানাবরুদ্ধং গুণজাতং স্বশাখাগতাদ্বিশিষ্যতে। ন চৈবং সতি শ্রুতহানিরশ্রুতকল্পনা বা ভবতি। একস্যামপি হি শাখায়াং শ্রুতা গুণাঃ শ্রুতা এব সর্ব্বত্র ভবন্তি গুণবতো ভেদাভাবাৎ। ন হি দেবদত্তঃ শৌর্য্যাদিগুণত্বেন স্বদেশে প্রসিদ্ধো দেশান্তরগতস্তদ্দেশস্থৈরবিভাবিতশৌর্য্যাদিগুণোঽপ্যতদ্গুণো ভবতি, যথা চ তত্র পরিচয়বিশেষাদ্দেশান্তরেঽপি দেবদত্তগুণা বিভাব্যন্তে, এবমভিযোগবিশেষাচ্ছাখান্তরেঽপ্যুপাস্যা গুণাঃ শাখান্তরেঽপ্যস্যেরন্। তস্মাদেকপ্রধানসম্বদ্ধা ধর্ম্মা একত্রাপ্যুচ্যমানাঃ সর্ব্বত্রৈবোপসংহর্ত্তব্যা ইতি ॥ ১০ ॥

ম্রষ্টুম্। তথাপ্যভ্যুপেত্যাপি ক্রম ইত্যাশয়বতা ভাষ্যকৃতোক্তং "তথাপি তস্মিন্নেব বিজ্ঞানে বাজসনেয়িব্রাহ্মণগতেনৈতি"। "শ্রুতহানি"রিতি। কেবলস্য শ্রুতস্য হানিরিতরসহিতস্য চাশ্রুতস্য কল্পনা ন চেত্যর্থঃ। অতিরোহিতমন্যৎ।

কথিত তৎসম্বন্ধীয় গুণ নিচয় স্বশাখায় অভিহিত না হইলেও পৃথক্ বলিয়া গৃহীত হইতে পারে না। [ন চৈবং…প্যস্যেরন্] তাহাতে শ্রুতহানি ও অশ্রুতকল্পনা দোষ হয় না। যে সকল গুণ এক শাখায় (বেদের এক বিভাগে) শ্রুত হইয়াছে, গুণীর ভেদ না থাকায় অর্থাৎ একত্ব থাকায় সে সকল গুণ সে শাখাতেও শ্রুত হইয়াছে, ইহা বুঝিতে হইবেক। স্বদেশে শৌর্য্যাদিগুণে প্রসিদ্ধ দেবদত্ত দেশান্তরে গমন করিয়াছে, তদ্দেশীয়েরা সে সকল গুণ শুনে নাই, তাই বলিয়া কি দেবদত্তের সে সকল গুণ নাই? সে দেশেও যেমন পরিচয়-বিশেষের দ্বারা দেবদত্তের সে সকল পরিগৃহীত হয়, তেমনি, বিশেষ বিশেষ (পরিচায়ক) হেতুর দ্বারা শাখান্তরোক্ত উপাস্য ব্রহ্মের গুণ অন্যান্য শাখাতেও নিক্ষিপ্ত অর্থাৎ পরিগৃহীত হয়। [তস্মা…ইতি] অবশেষে বিচারের উপসংহার এই যে, এক অথচ প্রধান এরূপ উপাস্য সম্বন্ধীয় ধর্ম্ম সকল কোন এক স্থানে শ্রুত না হইলেও সে সকল প্রদর্শিতপ্রকারে ও কারণে সংগৃহীত হইবেক।

আনন্দাদয়ঃ প্রধানস্য ॥ ১১ ॥*

ব্রহ্মস্বরূপপ্রতিপাদনপরাসু শ্রুতিষ্বানন্দরূপত্বং বিজ্ঞানঘনত্বং সর্ব্বগতত্বং সর্ব্বাত্মকত্বমিত্যেবংজাতীয়কা ব্রহ্মণো ধর্ম্মাঃ ক্বচিৎ কেচিৎ শ্রূয়ন্তে। তেষু সংশয়ঃ—কিমানন্দাদয়ো ব্রহ্মধর্ম্মা যাবন্তো যত্র শ্রূয়ন্তে তাবন্ত এব তত্র প্রতিপত্তব্যাঃ কিং বা সর্ব্বে সর্ব্বত্রেতি। তত্র যথাশ্রুতিবিভাগং ধর্ম্মপ্রতিপত্তৌ প্রাপ্তায়ামিদমুচ্যতে, আনন্দাদয়ঃ প্রধানস্য ব্রহ্মণো ধর্ম্মাঃ

গুণবদুপাসনাবিধানস্য বাস্তবগুণব্যাখ্যানাদ্বিবেকার্থমিদমধিকরণম্। যথৈকস্য ব্রহ্মণঃ সম্পদামত্বাদয়ঃ সত্যকামত্বদয়শ্চ গুণা ন সঙ্কীর্য্যেরন্। এবমানন্দবিজ্ঞানত্বাদয়ো বিভুত্বনিত্যত্বাদিভির্গুণৈঃ প্রদেশান্তরোক্তৈর্ন সঙ্কীর্য্যেরন্। তৎসঙ্করৈর্ব্বা সম্পদামত্বাদয়োঽপি সত্যকামত্বাদিভিঃ সঙ্কীর্য্যেরন্। ন হি ব্রহ্মণো ধর্ম্মিণঃ সত্ত্বে কশ্চিদ্বিশেষ ইতি পূর্ব্বঃ পক্ষঃ। রাদ্ধান্তস্তু বাস্তববিধেয়য়োর্ব্বস্তুধর্ম্মতয়া চানুষ্ঠেয়তয়া চাব্যবস্থাব্যবস্থে ব্যবতিষ্ঠেতে। বস্তুধর্ম্মো হি যাবদ্বস্তু

যে সকল শ্রুতি ব্রহ্মের স্বরূপ প্রতিপাদন করিতে (বুঝাইতে) প্রবৃত্ত, সে সকল শ্রুতিতে ও অন্যান্য শ্রুতিতে ব্যস্ত সমস্ত ক্রমে আনন্দরূপত্ব, জ্ঞানঘনত্ব, সর্ব্বগতত্ব ও সর্ব্বাত্মকত্ব প্রভৃতি কোন কোন ব্রহ্মধর্ম্ম শুনা যায়। অর্থাৎ এক শ্রুতিতে আনন্দরূপত্ব ধর্ম্ম শ্রুত আছে, অথচ বিজ্ঞানঘনত্ব ধর্ম্ম শ্রুত নাই। আবার কোন কোন শ্রুতিতে সমুদায় ব্রহ্মধর্ম্ম অভিহিত হইয়াছে, পরন্তু অন্য এক শ্রুতিতে দেখা যায়, সে সকল ধর্ম্মের দুই তিনটী ধর্ম্ম নাই অর্থাৎ কথিত হয় নাই। ইহাতে সংশয় হয়, আনন্দাদি ব্রহ্মধর্ম্ম সকল যেখানে যেটী শ্রুত হইয়াছে সেখানে সেইটী গৃহীত হইবে? কি একবাক্যরীত্যনুসারে সর্ব্বত্রই সকল গুলি গ্রহণ করিতে হইবে? পূর্ব্বপক্ষে পাওয়া

* আনন্দরূপত্ব-বিজ্ঞানঘনত্ব-সর্ব্বগতত্ব-সর্ব্বাত্মকত্ব-সত্যত্বাদয়স্তত্র তত্রোক্তাঃ সর্ব্ব এব ধর্ম্মাঃ প্রধানস্য বিশেষ্যস্য ব্রহ্মণঃ প্রতিপত্তব্যাঃ। সর্ব্বাভেদাদিত্যানুষ্য হেতুর্যোজনীয়ঃ।—আনন্দরূপত্ব প্রভৃতি যে সকল ধর্ম্ম ব্রহ্মে পরিকল্পিত—সে সকল এক স্থানে কথিত হয় নাই। না হইলেও অর্থাৎ সাক্ষাৎ সম্বন্ধে কথিত না হইলেও তাৎপর্য্যবশে বুঝিতে হইবে যে সমুদায় গুলিই সর্ব্বত্র প্রধানের অর্থাৎ বিশেষ্যভূত ব্রহ্মের ধর্ম্ম বা বিশেষণ। অর্থাৎ যে-কিছু ব্রহ্মের স্বরূপ বিশেষণ সমস্তই সর্ব্বত্র সংগৃহীত হইবে। কারণ এই যে, ব্রহ্ম সর্ব্বত্র অভেদ ও প্রধান (বিশেষ্য)। যখন বিশেষ্যের ভেদ নাই, একই বিশেষ্য সর্ব্বত্র কথিত, তখন, কোন এক স্থানে কোন এক বিশেষণ কথিত না হইলেও তাহা কথিতের ন্যায় গণ্য হইবে।

সর্ব্বে সর্ব্বত্র প্রতিপত্তব্যাঃ। কস্মাৎ। সর্ব্বাভেদাদেব। সর্ব্বত্র হি তদেবৈকং প্রধানং বিশেষ্যং ব্রহ্ম ন ভিদ্যতে। তস্মাৎ সার্ব্বত্রিকম্ব্রহ্মধর্ম্মাণাং তেনৈব পূর্ব্বাধিকরণোদিতেন দেবদত্তশৌর্য্যাদিনিদর্শনেন। নন্বেবং সতি প্রিয়শিরস্ত্বাদয়োঽপি ধর্ম্মাঃ সর্ব্বে সর্ব্বত্র সঙ্কীর্য্যেরন্, তথাহি তৈত্তিরীয়কে আনন্দময়মাত্মানং প্রক্রম্যাম্নায়তে 'তস্য প্রিয়মেব শিরো মোদো দক্ষিণঃ পক্ষঃ প্রমোদ উত্তরঃ পক্ষ আনন্দ আত্মা ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা' ইতি, অত উত্তরং পঠতি ॥ ১১ ॥

ব্যবতিষ্ঠতে। নাসাবেকত্রোক্তোঽন্যত্রানুক্তো নাস্তীতি শক্যং বক্তুম্। বিধেয়স্তু পুরুষপ্রযত্নতন্ত্রঃ পুরুষপ্রযত্নশ্চ যত্র যাবদ্গুণবিশিষ্টে ব্রহ্মণি চোদিতঃ স তাবত্যেবাবতিষ্ঠতে নাবিহিতমপি গুণং গোচরীকর্ত্তুমর্হতি। তস্য বিধিতন্ত্রত্বাদ্বিধেশ্চ ব্যবস্থানাৎ। তস্মাদানন্দবিজ্ঞানাদয়ো ব্রহ্মতত্ত্বাত্মতয়োক্তা যত্র যত্র ব্রহ্ম শ্রূয়তে তত্র তত্রানুক্তা অপি লভ্যন্তে। সম্পদ্বামাদয়শ্চোপাসনাপ্রযত্নবিধিবিষয়া যথাবিধ্যবতিষ্ঠন্তে ন তু যথাবস্থিতি সিদ্ধম্। প্রিয়শিরস্ত্বাদীনাং তূপাস্যত্বমারোপ্য ন্যায়ো দর্শিতঃ। তস্য তু বিষয়ঃ সম্পদ্বামাদিরুক্তঃ। মোদনমাত্রং মোদঃ। প্রমোদঃ প্রকৃষ্টো মোদঃ। তাবিমৌ পরস্পরাপেক্ষাবুপচয়াপচয়ৌ।

যায়, ঐ সকল ব্রহ্মধর্ম্ম শ্রৌত বিভাগ অনুসারেই প্রতিপত্তব্য (গ্রহীতব্য)। এই পূর্ব্বপক্ষ প্রাপ্ত আপাত-জ্ঞানের ব্যুদাসার্থ সূত্র বলা হইল, আনন্দাদয়ঃ প্রধানস্য। অর্থ এই যে, আনন্দাদি সমুদায় ধর্ম্মনিচয় প্রধানের (ব্রহ্মের) সম্বন্ধে সার্ব্বত্রিক। অর্থাৎ সর্ব্বত্র সমুদায় ধর্ম্ম সমাবেশিত করিয়া ব্রহ্মতত্ত্ব বুঝিতে হইবেক। কারণ এই যে, ব্রহ্ম সর্ব্বত্রই অভিন্ন অর্থাৎ এক। [সর্ব্বত্র...নিদর্শনেন] সর্ব্বত্র অর্থাৎ সমুদায় বেদান্তে একাদ্বয় ব্রহ্ম প্রধান অর্থাৎ বিশেষ্যরূপে কথিত। সে কারণ, কোন এক শাখায় কোন এক বিশেষণ অনভিহিত হইলেও ব্রহ্ম অভেদ অর্থাৎ এক। (একই ব্রহ্ম সমুদায় শাখায় উপদিষ্ট, সে জন্য শাখান্তরোক্ত বিশেষণ শাখান্তরে নীত হয়, বিভিন্ন ব্রহ্ম প্রতিপাদিত হয় না)। ইতিপূর্ব্বে যে শৌর্য্যাদিগুণের উদাহরণ দেখান হইয়াছে, তাহার দ্বারা ব্রহ্মগুণের সার্ব্বত্রিকতা অনুমান কর। [নন্বেবং...পঠতি] এই সিদ্ধান্তের উপর কেহ কেহ বলিতে পারেন, আপত্তি

প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্তিরুপচয়াপচয়ৌ হি ভেদে ॥ ১২ ॥*

প্রিয়শিরস্ত্বাদীনাং ধর্ম্মাণাং তৈত্তিরীয়কে আম্নাতানাং নাস্ত্যন্যত্র প্রাপ্তিঃ। যৎকারণং প্রিয়ং মোদঃ প্রমোদ আনন্দ ইত্যেতে পরস্পরাপেক্ষয়া ভোক্ত্রন্তরাপেক্ষয়া বোপচিতাপচিতরূপা উপলভ্যন্তে। উপচয়াপচয়ৌ চ সতি ভেদে সম্ভবতঃ।

ব্রহ্মৈক্যাচ্চেদানন্দত্বাদিধর্ম্মাণাং সর্ব্বত্র প্রাপ্তিস্তর্হি সগুণব্রহ্মবিদ্যাগতধর্ম্মপ্রাপ্তিরপি স্যাদিতি শঙ্কানিরাসার্থং সূত্রম্। ব্যাচষ্টে—প্রিয়েতি। পুত্রদর্শনজসুখং প্রিয়ং তদ্বার্ত্তাদিনা মোদস্তস্য বিদ্যাদ্যতিশয়ে প্রমোদ ইত্যেবং তারতম্যবন্তো ধর্ম্মাস্ত্বদ্বয়ে জ্ঞেয়ে ন প্রাপ্নুবন্তি। তেষামব্রহ্মস্বরূপাণাং ব্রহ্মজ্ঞানানুপযোগাদিতি ভাবঃ। তেষাং ব্রহ্মধর্ম্মত্বং চাসিদ্ধমিত্যাহ—ন চৈত ইতি। ব্রহ্মণি চিত্তাব-

করিতে পারেন, তবে প্রিয়শিরস্ত্বাদি ব্রহ্মধর্ম্মও সার্ব্বত্রিক অর্থাৎ তৈত্তিরীয়োক্ত "প্রিয়মেব শিরঃ" ইত্যাদি † গুণও অন্য শাখায় নীত হইবে; এই আপত্তির প্রত্যাপত্তি করণার্থ ১২ সূত্র বলা হইল।

তৈত্তিরীয় উপনিষদে পরিপঠিত প্রিয়শিরস্ত্বাদি ধর্ম্ম অন্য শাখায় নীত হইবে না। কারণ এই যে, মোদ প্রমোদ আনন্দ, এ সকল আপেক্ষিক ও বৃদ্ধিহ্রাসযুক্ত। (আপেক্ষিক অর্থাৎ নিমিত্তাধীন সুতরাং তারতম্যযুক্ত ও হ্রাস-বৃদ্ধিমান্। সুখের তারতম্য অথবা ভোক্তার ইতর বিশেষ ভাব ব্যতীত অন্য কিছু নহে। যথা—পুত্র দর্শনজ সুখ প্রিয়, পুত্রের কুশলাদি জানিলে মোদ এবং তাহাতে বিদ্যাদি অতিশয় অর্থাৎ গুণাধিক্য দেখিলে প্রমোদ। অতএব, প্রিয় মোদ প্রমোদ এ সকল সুখের তারতম্য বা অবস্থাপ্রভেদ ব্যতীত অন্য

---

* ব্রহ্মৈক্যাচ্চেদানন্দাদিধর্ম্মাণাং প্রাপ্তিঃ সর্ব্বত্র তর্হি সগুণব্রহ্মবিদ্যাগতধর্ম্মপ্রাপ্তিরপি স্যাদিত্যশঙ্ক্যাহ শিরেতি। নির্গুণাদ্বয়ে প্রিয়শিরস্ত্বাদীনাং সগুণধর্ম্মাণামপ্রাপ্তিঃ প্রাপ্তির্নাস্তীত্যর্থঃ। হি যতঃ। ভেদে সতি উপচয়াপচয়ৌ সম্ভবতঃ। প্রিয়াদীনামুপচিতাপচিতরূপত্বাদদ্বয়ে তৎপ্রাপ্তির্নাস্তীতি ন তৎ শঙ্কাস্থানমিতি ভাবঃ।—"প্রিয়ই সেই আনন্দময় আত্মার মস্তক, মোদ দক্ষিণ পক্ষ, প্রমোদ বাম পক্ষ, আনন্দ আত্মা এবং ব্রহ্ম প্রতিষ্ঠা মূল পুচ্ছ" এই যে তৈত্তিরীয় শাখোক্ত প্রিয়শিরস্ত্বাদি ধর্ম্ম, গুণ, এ সকল বুদ্ধিহ্রাসধর্ম্মবিশিষ্ট। অর্থাৎ ঐ সকল ধর্ম্ম স্থির ধর্ম্ম নহে। এ কারণ, ঐ সকল ধর্ম্ম অদ্বয় ব্রহ্মের বাস্তব ধর্ম্ম নহে। অদ্বয় ব্রহ্মে ঐ সকল অপ্রসিদ্ধ।

† তিত্তিরীশ্রুতি "আনন্দময় আত্মা" এই উপক্রমে বলিয়াছেন—"তাঁহার শির (মস্তক) প্রিয়, মোদ দক্ষিণ পক্ষ, প্রমোদ বাম পক্ষ, আনন্দ আত্মা ও পুচ্ছ ব্রহ্ম।" তিত্তিরী শ্রুতি ইত্যাদি প্রকারে প্রিয়শিরস্ত্বাদি ধর্ম্ম বলিয়াছেন সত্য; পরন্তু তাহা উপাসনার্থ, স্বরূপবোধনার্থ নহে।

নির্ভেদন্তু ব্রহ্ম 'একমেবাদ্বিতীয়ম্' ইত্যাদিশ্রুতিভ্যঃ। ন চৈতে প্রিয়শিরস্ত্বাদয়ো ব্রহ্মধর্ম্মাঃ। কোশধর্ম্মাস্ত্বেতে ইত্যুপদিষ্টমস্মাভিঃ 'আনন্দময়োঽভ্যাসাৎ' ইত্যত্র [বে০সূ০১।১।১২]। অপি চ পরস্মিন্ ব্রহ্মণি চিত্তাবতারোপায়মাত্রত্বেনৈতে পরিকল্প্যন্তে ন দ্রষ্টব্যত্বেন। এবমপি সুতরামন্যত্রাপ্রাপ্তিঃ প্রিয়শিরস্ত্বাদীনাম্। ব্রহ্মধর্ম্মাস্ত্বেতান্ কৃত্বা ন্যায়মাত্রমিদমাচার্য্যেণাদর্শিতং প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্তিরিতি। স চ ন্যায়োঽন্যেষু নিশ্চিতেষু ব্রহ্মধর্ম্মেষূপাসনায়োপদিশ্যমানেষু নেতব্যঃ সম্পদ্ধামত্বাদিষু সত্যকামত্বাদিষু চ। তেষু হি সত্যপ্যুপাস্যব্রাহ্মণ. একত্বে প্রক্রমভেদাদুপাসনভেদে সতি নান্যোন্যধর্ম্মাণামন্যো-

---

তারোপায়ত্বেঽপি তেষাং প্রাপ্তিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—এবমপীতি। অজ্ঞেয়ত্বাদেষাং ন জ্ঞেয়ে ব্রহ্মণি প্রাপ্তিরিত্যর্থঃ। কিমর্থং তর্হি সূত্রমিত্যত আহ—ব্রহ্মধর্ম্মাংস্ত্বিতি। ব্রহ্মধর্ম্মানিতি কৃত্বা। চিন্তাফলমাহ—স চেতি। জ্ঞেয়ে বাহ্যধর্ম্মাণামনুপযোগাদপ্রাপ্তিরিতি ন্যায়াৎ সম্পদ্ধামত্বাদীনামপ্রাপ্তিরিতি সূত্রং ব্যাখ্যেয়মিত্যর্থঃ। জ্ঞানানুপযোগেঽপি ধ্যানে তেষাং ধর্ম্মাণামুপযোগাদিত্যা-

---

কিছু নহে) ভেদ থাকিলে তাহাতে উপচয় অপচয় অর্থাৎ বৃদ্ধিহ্রাস ও তারতম্য ধর্ম্ম থাকে, তাহা অভেদে থাকিবার সম্ভাবনা কি ? ব্রহ্ম নির্ভেদ—ভেদবর্জ্জিত অর্থাৎ অদ্বয় বা এক। তাঁহাতে বৃদ্ধিহ্রাস অথবা তারতম্য কিছুই নাই। (কাযেই মানিতে হইতেছে, প্রিয়শিরস্ত্বাদি ব্রহ্মধর্ম্ম নহে, ব্রহ্ম ধর্ম্ম না হওয়ায় তাহা অন্য স্থানোক্ত ব্রহ্মবাক্যে নীত হয় না)। [ন চৈতে...ত্বাদীনাম্] অপিচ, ঐ প্রিয়শিরস্ত্বাদি (প্রিয়=সুখ ; শিরঃ=মস্তক। ফলিতার্থ—সুখকে আনন্দময় আত্মার মস্তক বলিয়া জান, ইত্যাদি) ব্রহ্মের ধর্ম্ম নহে ; ও সকল আনন্দময় কোশের ধর্ম্ম। এ কথা "আনন্দময়োঽভ্যাসাৎ" সূত্রে বলা হইয়াছে এবং প্রতিপাদন করাও হইয়াছে। অন্য কথা এই যে, পরব্রহ্মে চিত্তনিবেশ করাইবার জন্যই ঐ সকল (মস্তক, পক্ষ ও পুচ্ছ প্রভৃতি) কল্পিত হইয়াছে মাত্র ; উহা ব্রহ্মজ্ঞানার্থ নহে। অর্থাৎ মহাবাক্য সমুত্থ ব্রহ্মজ্ঞানে ঐ সকলের অল্পমাত্রও উপযোগ নাই। যদি তাহাই না থাকিল, তবে আর কি জন্য ঐ সকল অন্য ব্রহ্মবাক্যে নীত হইবে ? [ব্রহ্ম···মিহাপীতি] বলিতে পার, তবে এ সূত্রের অবতারণা কেন ? কেন তাহা বলিতেছি। আচার্য্য ব্যাস ঐ সকলকে ব্রহ্মধর্ম্ম বলিয়া স্বীকার করিয়া লইয়া এই

ন্যত্র প্রাপ্তিঃ। যথা চ দ্বে ভার্য্যে একং নৃপতিমুপাসাতে চামরেণান্যা ছত্রেণান্যা, তত্র চোপাস্যৈকত্বেঽপ্যুপাসনভেদে ধর্ম্মব্যবস্থা চ ভবতি এবমিহাপীতি। উপচিতাপচিতগুণত্বং হি সতি ভেদব্যবহারে সগুণে ব্রহ্মণ্যুপপদ্যতে ন নির্গুণে পরস্মিন্ ব্রহ্মণি। অতো ন সত্যকামত্বাদীনাং ধর্ম্মাণাং ক্বচিচ্ছ্রুতানাং সর্ব্বত্র প্রাপ্তিরিত্যর্থঃ ॥ ১২ ॥

ইতরে ত্বর্থসামান্যাৎ ॥ ১৩ ॥*

শঙ্কাহ—তেষু হীতি। ধ্যানবিধিপরতন্ত্রাণাং ধর্ম্মাণাং যথাবিধি ব্যবস্থেত্যর্থঃ। ইতি রত্নপ্রভা।

প্রিয়শিরস্ত্বাদি সূত্রে যুক্তিমাত্র দেখাইয়াছেন। যুক্তি-রচনার ফল বা উদ্দেশ্য এই যে, যে সকল ধর্ম্ম বা গুণ উপাসনার্থ উপদিষ্ট, এবং যে সকল ব্রহ্মধর্ম্ম বলিয়া নিশ্চিত (অসংশয়িত), সে সকলের বিনিয়োগে উক্ত ন্যায় অর্থাৎ ঐ যুক্তি উপনায়িত করিবে (দেখাইবে)। যেমন সম্পদ্ধামত্ব ধর্ম্ম ও সত্যকামত্ব ধর্ম্ম। সর্ব্বত্রই উপাস্য ব্রহ্ম এক সত্য; তথাপি, প্রক্রমের ভিন্নতায় উপাসনার ভেদ স্বীকৃত হয় এবং সেই সেই স্থানেই অন্যান্য ধর্ম্ম অন্যান্য উপাসনায় নীত হয় বা পাওয়া যায়। যেমন দুই স্ত্রী একই রাজার উপাসনা করে, এক স্ত্রী চামর দ্বারা এবং অন্য স্ত্রী ছত্রের দ্বারা, সে খানে যেমন উপাস্য এক হইলেও উপাসনার প্রকার ভিন্ন হওয়ায় উপাসনা ধর্ম্মের ব্যবস্থা আছে, এখানেও সেইরূপ বুঝিতে হইবে। (অভিপ্রায় এই যে, যে সকল ধর্ম্ম বা গুণ ধ্যানবিধির অধীন, সে সকলের ব্যবস্থা সেই সেই বিধিরই অনুরূপ। কিন্তু অনুপযোগী বলিয়া জ্ঞেয় ব্রহ্মে সে সকলের প্রাপ্তি নাই)। [উপচিত…রিত্যর্থঃ] সগুণ ব্রহ্মে ভেদ ব্যবহার হয়, সেই জন্য সগুণ ব্রহ্মেই ঐ সকল বৃদ্ধিহ্রাস ঘটিত গুণ উপপন্ন হয়। নির্গুণ পরব্রহ্মে ভেদ ব্যবহার হয় না, সুতরাং তাঁহাতে ঐ সকল বৃদ্ধিহ্রাসযুক্ত গুণের সমাবেশও হয় না। অতএব, ক্বচিৎ শ্রুত সত্যকামত্বাদিধর্ম্ম অসার্ব্বত্রিক অর্থাৎ সে সকল মাত্র সেই সেই স্থানেই সেই সেই উপাসনার্থ ব্যবস্থাপিত জানিবে।

* আনন্দাদীনাং সম্পদ্ধামত্বাদিসাম্যং নাশঙ্কনীয়মিতি তুশব্দার্থোঽনুসন্ধেয়ঃ। অর্থস্য প্রতিপাদ্যস্য ব্রহ্মণো ধর্ম্মিণ একত্বাৎ ইতরে আনন্দরূপত্বাদয়ো ধর্ম্মা সর্ব্বে সর্ব্বত্র প্রতীয়েরন্নিতি তেষাং সম্পদ্ধামত্বাদিবৈষম্যাৎ সর্ব্বত্রোপসংহর্ত্তব্যতা ব্যাঘাত ইতি সূত্রার্থঃ।—[প্রিয়শিরস্ত্বাদি

ইতরে ত্বানন্দাদয়ো ধর্ম্মাঃ ব্রহ্মস্বরূপপ্রতিপাদনায়ৈবোচ্যমানা অর্থসামান্যাৎ প্রতিপাদ্যস্য ব্রহ্মণো ধর্ম্মিণ একত্বাৎ সর্ব্বে সর্ব্বত্র প্রতীয়েরন্নিতি বৈষম্যম্। প্রতিপত্তিমাত্রপ্রয়োজনা হি ত ইতি ॥ ১৩ ॥

আধ্যানায় প্রয়োজনাভাবাৎ ॥ ১৪ ॥*

কাঠকে পঠ্যতে 'ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা অর্থেভ্যশ্চ পরং মনঃ' ইত্যারভ্য 'পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতিঃ' ইতি। তত্র সংশয়ঃ—কিমিমে সর্ব্ব এবার্থাদয়স্ততস্ততঃ

সম্পদ্ধামত্বাদিধর্ম্মেভ্য আনন্দাদীনাং বৈষম্যং জ্ঞানোপযোগিত্বাদিত্যাহ। ইতরে ত্বিতি। ইতি রত্নপ্রভা।

ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা ইতি কিমত্র সর্ব্বেষামেবার্থাদীনাং পরত্বং প্রতি-

---

প্রিয়শিরস্ত্বাদি ও সত্যকামত্বাদি ধর্ম্ম ব্যতীত অন্যান্য ব্রহ্মধর্ম্ম সকল অর্থাৎ আনন্দরূপত্ব ও বিজ্ঞানঘনত্ব প্রভৃতি যে সকল ধর্ম্ম ব্রহ্মের স্বরূপ প্রতিপাদনার্থ উপদিষ্ট—সে সকল প্রতিপাদ্য ব্রহ্মরূপ ধর্ম্মীর একত্ব বিধায় সর্ব্বত্রই প্রতীত হয়, সঙ্কুচিত হয় না। অতএব, প্রিয়শিরস্ত্বাদি ধর্ম্ম ও স্বরূপবোধক আনন্দময়ত্বাদি ধর্ম্ম সমান নহে। সমান নহে বলিয়াই তাহা উক্ত ন্যায়ের (যুক্তির) অবিষয়।

কঠ উপনিষদে পঠিত হইয়াছে—"ইন্দ্রিয়াপেক্ষা অর্থ (বিষয়) পর, অর্থাপেক্ষা মন পর (শ্রেষ্ঠ বা বড়)।" ইত্যাদি। ঐ বাক্যের শেষে আছে, "পুরুষ অপেক্ষা পর এমন কিছু নাই। পুরুষই পরা কাষ্ঠা এবং পরমা গতি।" এখানে

ও সত্যকামত্বাদিবিধানানুসারে ব্যবস্থাপিত হয়। ঐ সকল ধর্ম্ম সার্ব্বত্রিক নহে, এ কথার দ্বারা আনন্দময়ত্বাদি ধর্ম্মের অসার্ব্বত্রিকতা আইসে না। কারণ এই যে, প্রতিপাদ্য জ্ঞেয় ব্রহ্ম অদ্বয় বা এক, সেই জন্য তৎস্বরূপ বোধক যে কিছু—সে সমস্তই সার্ব্বত্রিক অর্থাৎ সর্ব্বত্র প্রতীতির বিষয় হয়। ফলিতার্থ—জ্ঞেয় ব্রহ্মে বাহ্যধর্ম্মের প্রাপ্তি হয় না।

* ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা ইত্যাদৌ কাঠকবাক্যে প্রয়োজনাভাবাৎ নৈষ্ফল্যাৎ নার্থাদীনাং পরত্বপ্রতিপাদনং ফলত্বাৎ পুরুষস্যৈব তু প্রাধান্যেন প্রতিপাদ্যত্বম্। আধ্যানায় আধ্যানপূর্ব্বকায়-সম্যক্‌দর্শনায় সম্যক্‌দর্শনার্থমিতি যাবৎ। তত্রাহফলানামর্থাদীনাং পরত্বকথনং পুরুষশেষতয়েতি দ্রষ্টব্যম্।—কঠ উপনিষদে যে "ইন্দ্রিয়াপেক্ষা পর অর্থ" ইত্যাদি কথা আছে এবং উহার শেষ বাক্যে যে পুরুষের পরত্ব কথন আছে, সে সকল কথায় তত্ত্বজ্ঞানের উপকারার্থ পুরুষেরই পরাৎপরত্ব প্রতিপাদিত হইয়াছে। কেননা, অর্থাদির পরত্ব বর্ণনে ফলাভাব; পরন্তু পুরুষের সর্ব্বপরত্ব জ্ঞানে মুক্তিরূপ ফল আছে।

পরত্বেন প্রতিপাদ্যন্তে উত পুরুষ এবৈভ্যঃ সর্ব্বেভ্যঃ পরঃ প্রদিপাদ্যত ইতি। তত্র তাবৎ সর্ব্বেষামেবৈষাং পরত্বেন প্রতিপাদনমিতি ভবতি মতিঃ। তথা হি শ্রূয়তে—ইদমস্মাৎ পরমিদমস্মাৎ পরমিতি। ননু বহুষ্বর্থেষু পরত্বেন প্রতিপিপাদয়িষিতেষু বাক্যভেদঃ স্যাৎ। নৈষ দোষঃ। বাক্যবহুত্বোপপত্তেঃ। বহূন্যেবহ্যেতানি বাক্যানি প্রভবন্তি বহূনর্থান্ পরত্বোপেতান্ প্রতিপাদয়িতুম্। তস্মাৎ প্রত্যেকমেষাং পরত্বপ্রতিপাদনমিত্যেবং প্রাপ্তে ব্রূমঃ। পুরুষ এবৈভ্যঃ সর্ব্বেভ্যঃ

পিপাদয়িষিতম্, আহো পুরুষস্যৈব তৎপ্রতিপাদনার্থঞ্চেতরেষাং পরত্বপ্রতিপাদনম্। তত্র প্রত্যেকমর্থাদিপরত্বপ্রতিপাদনশ্রুতেঃ শ্রূয়মাণতত্তৎপরত্বে চ সম্ভবতি ন তত্তদতিক্রমে সর্ব্বেষামেকপরত্বাধ্যবসানং ন্যায্যম্। ন চ প্রয়োজনাভাবাদসম্ভবঃ। সর্ব্বেষামেব প্রত্যেকং পরত্বাভিধানস্যাধ্যানপ্রয়োজনত্বাৎ। তত্তদাধ্যানানাঞ্চ প্রয়োজনবত্ত্বস্মৃতেঃ। তথা হি স্মৃতিঃ—

দশ মন্বন্তরাণীহ তিষ্ঠন্তীন্দ্রিয়চিন্তকাঃ।
ভৌতিকাস্তু শতং পূর্ণং সহস্রং ত্বাভিমানিকাঃ॥
বৌদ্ধা দশ সহস্রাণি তিষ্ঠন্তি বিগতজ্বরাঃ।
পূর্ণং শতসহস্রন্তু তিষ্ঠন্ত্যব্যক্তচিন্তকাঃ॥
পুরুষং নির্গুণং প্রাপ্য কালসঙ্খ্যা ন বিদ্যতে। ইতি

এই সংশয় হয় যে, ঐ সকল অর্থাদি কি উক্ত বাক্যে পর পর শ্রেষ্ঠ বলিয়া প্রতিপাদিত হইয়াছে? কি ঐ বাক্য একমাত্র পুরুষেরই সর্ব্বপরত্ব প্রতিপাদন (বোধন) করিতেছে? [তত্র...ব্রূমঃ] এই বিষয়ে বলা যায়, প্রত্যেক পদার্থেরই উত্তরোত্তর পরত্ব (প্রধানত্ব) প্রতিপাদিত হইয়াছে। এ কথা শ্রুতিও বলিয়াছেন অর্থাৎ সাক্ষাৎ শব্দের দ্বারাই অভিহিত হইয়াছে। যথা—"ইহা ইহা অপেক্ষা প্রধান, ইহা ইহা অপেক্ষা প্রধান।" ইত্যাদি। যদি বল, বহু বস্তুর প্রাধান্য প্রতিপাদন করিতে গেলে বাক্যভেদ হইবে অর্থাৎ এক-বাক্যতা ভঙ্গ হইয়া বহু বাক্য হইবে; আমরা বলিব, বাক্যভেদ-দোষ হইবে না। বহু বাক্যই হইবে। ঐ স্থলে বহু বাক্যই উপপন্ন হয়। বাক্য বহু হইলে অবশ্যই সে সকল বহু পরত্বযুক্ত অর্থ বোধন করিতে সমর্থ হইবে। অতএব, ঐ বাক্যে ঐ সকলের প্রত্যেকের পরত্বই প্রতিপাদিত হইয়াছে। এইরূপ পূর্ব্বপক্ষ প্রাপ্তে ১৪ সূত্র বলা হইল। [পুরুষ ...সিদ্ধিঃ] একমাত্র

পরঃ প্রতিপাদ্যত ইতি যুক্তং ন প্রত্যেকমেষাং পরত্বপ্রতিপাদনম্। কস্মাৎ। প্রয়োজনাভাবাৎ। ন হীতরেষু পরত্বেন প্রতিপন্নেষু কিঞ্চিৎ প্রয়োজনং দৃশ্যতে শ্রূয়তে বা। পুরুষে ত্বিন্দ্রিয়াদিভ্যঃ পরস্মিন্ সর্ব্বানর্থব্রাতাতীতে প্রতিপন্নে দৃশ্যতে প্রয়োজনং মোক্ষসিদ্ধিঃ। তথা চ শ্রুতিঃ 'নিচায্য তং মৃত্যুমুখাৎ প্রমুচ্যতে' ইতি। অপি চ পরপ্রতিষেধেন কাষ্ঠাদিশব্দেন চ পুরুষবিষয়মাদরং দর্শয়ন্ পুরুষপ্রতিপত্ত্যর্থৈব পূর্ব্বাপরপ্রবাহোক্তিরিতি দর্শয়তি—আধ্যানায়েতি। আধ্যানপূর্ব্ব-

---

প্রামাণিকস্য বাক্যভেদস্যাভ্যুপেয়ত্বাৎ প্রত্যেকং তেষামর্থাদীনাং পরত্বপরাণ্যেতানি বাক্যানীতি প্রাপ্ত উচ্যতে। ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা ইত্যেষ তাবৎসন্দর্ভো বস্তুতত্ত্বপ্রতিপাদনপরঃ প্রতীয়তে নাধ্যানবিধিপরঃ। তদশ্রুতেঃ। তদত্র যৎপ্রত্যয়স্য সাক্ষাৎ প্রয়োজনবত্ত্বং দৃশ্যতে তৎপ্রত্যয়পরত্বং সর্ব্বেষাম্। দৃষ্টঞ্চ বিষ্ণোঃ পরমপদজ্ঞানস্য নিখিলানর্থসংসারকারণাবিদ্যোপশমঃ। তত্ত্বজ্ঞানোদয়স্য বিপর্য্যাসোপশমলক্ষণত্বেন তত্র তত্র দর্শনাৎ। অর্থাদিপরত্বপ্রত্যয়স্য তু ন দৃষ্টমস্তি প্রয়োজনম্। ন চ দৃষ্টে সম্ভবত্যদৃষ্টকল্পনা ন্যায্যা। ন চ পরমপুরুষার্থহেতুপরত্বে সম্ভবত্যবান্তরপুরুষার্থতোচিতা। তস্মাদ্দৃষ্টপ্রয়োজনবত্ত্বাৎ পুরুষপরত্বপ্রতিপাদনার্থোঽয়ং সন্দর্ভ ইতি গম্যতে। কিঞ্চাদরাদপ্যয়মেবাস্যার্থ ইত্যাহ—"অপি চ পরপ্রতিষেধেনে"তি। নন্বত্রাধ্যানবিধির্নাস্তি তৎ কথমুচ্যত আধ্যানায়েত্যত আহ—"আধ্যানায়ে"তি।

পুরুষই ঐ সকলের পর, ইহাই ঐ বাক্যের প্রতিপাদ্য। ঐ বাক্যে উল্লিখিত পদার্থ-রাশির প্রত্যেকের প্রাধান্য প্রতিপাদিত হয় নাই, পুরুষেরই সর্ব্বপ্রাধান্য প্রতিপাদিত হইয়াছে। কারণ এই যে, পুরুষাতিরিক্ত পদার্থের প্রাধান্য প্রতিপাদন করার প্রয়োজন বা কোনরূপ ফল নাই। অর্থাদি পদার্থকে শ্রেষ্ঠ বলিয়া জ্ঞান করার কোনরূপ ফল দেখা যায় না এবং তাহা শাস্ত্রেও শুনা যায় না। কিন্তু সর্ব্বপর ও সর্ব্বানর্থাতীত পরমপুরুষ জ্ঞানে মোক্ষরূপ ফল দেখা যায়। [তথাচ...প্রধানম্] এ বিষয়ে শ্রুতি প্রমাণ যথা—"অধিকারী পরাৎপর পুরুষ সাক্ষাৎকারের অনন্তর মৃত্যুমুখ হইতে মুক্ত (সংসারমুক্ত) হয়।" আরও দেখ, শ্রুতি পর-প্রতিষেধ ও কাষ্ঠাদি (কাষ্ঠা=সীমা) শব্দের প্রয়োগ করিয়া পুরুষের পরত্বেই আদর দেখাইয়াছেন। তাহাতেও বুঝা যাইতেছে যে, কেবল পুরুষ-জ্ঞানের

কায় সম্যগ্দর্শনায়েত্যর্থঃ। সম্যগ্দর্শনার্থমেব হীহাধ্যানমুপদিশ্যতে ন ত্বাধ্যানমেব স্বপ্রধানম্ ॥ ১৪ ॥

আত্মশব্দাচ্চ ॥ ১৫ ॥*

ইতশ্চ পুরুষপ্রতিপত্ত্যর্থৈবেয়মিন্দ্রিয়াদিপ্রবাহোক্তিঃ, যৎকারণং—

'এষ সর্ব্বেষু ভূতেষু গূঢ়োত্মা ন প্রকাশতে।
দৃশ্যতে ত্বগ্র্যয়া বুদ্ধ্যা সূক্ষ্ময়া সূক্ষ্মদর্শিভিঃ' ॥ ইতি-

প্রকৃতং পুরুষমাত্মেত্যাহ। অতশ্চানাত্মত্বমিতরেষাং বিবক্ষিতমিতি গম্যতে। তস্যৈব চ দুর্ব্বিজ্ঞানতাং সুসংস্কৃতমতিগম্যতাঞ্চ দর্শয়তি তদ্বিজ্ঞানায়ৈব চ 'যচ্ছেদ্বাঙ্মনসী প্রাজ্ঞঃ' ইত্যাধ্যানং বিদধাতি। তদ্ব্যাখ্যাতমানুমানিকমপ্যেকেষামিত্যত্র [বে০সূ০১।৪।১]। এবমনেকপ্রকার আশয়াতিশয়ঃ

অনধিগতার্থপ্রতিপাদনস্বভাবত্বাৎ প্রমাণানাং বিশেষতশ্চাগমস্য পুরুষশব্দবাচ্যস্য চাত্মনঃ স্বয়ং শ্রুত্যৈব দুরধিগমত্বাবধারণাৎ বস্তুতশ্চ দুরধিগমত্বাৎ অর্থাদীনাঞ্চ সুগমত্বাৎ তৎপরত্বেনৈবার্থাদিপরত্বাভিধানস্যেত্যর্থঃ। শ্রুতেরাশ-

---

জন্যই ঐ পরোক্তিপ্রবাহের কথন। আচার্য্য ব্যাস এই শ্রৌত তাৎপর্য্য প্রদর্শনার্থ এই ১৪ সূত্র বলিয়াছেন। ১৪ সূত্রের অর্থ এই যে, ঐ উক্তি ধ্যানমূলক তত্ত্বজ্ঞান আবির্ভাবনার্থ, ইতর পদার্থের প্রাধান্য খ্যাপনার্থ নহে। অমুক অপেক্ষা অমুক পর, এ আধ্যান (ভাবনা) তত্ত্বজ্ঞান দর্শনার্থ উপদিষ্ট; ধ্যানপ্রাধান্যার্থ অথবা অর্থাদিপ্রাধান্যার্থ উপদিষ্ট নহে।

ঐ ইন্দ্রিয়াদিপ্রবাহোক্তি যে পুরুষজ্ঞানার্থ, তাহা তৎপ্রকরণস্থ আত্মশব্দের দ্বারাও স্থিরীকৃত হয়। কাঠকশ্রুতি পুরুষের প্রস্তাব করিয়া বলিয়াছেন, "সমুদায় ভূতে গূঢ় এই আত্মা (আপাত জ্ঞানে) প্রকাশিত হইতেছেন না; কিন্তু তিনি সূক্ষ্মদর্শীর শ্রেষ্ঠতম সূক্ষ্মবুদ্ধিতে দৃষ্ট বা প্রকাশিত হইতেছেন।" [অতশ্চানাত্মত্ব...নেতরেষু] ঐ শ্রুতির দ্বারা ইহাই জানা যাইতেছে যে, পুরুষ অত্যন্ত দুর্ব্বিজ্ঞেয়, তাহা ধ্যানাদিসংস্কৃত বুদ্ধির গম্য, তদতিরিক্ত যে-কিছু—সমস্তই অনাত্মা এবং একমাত্র পুরুষই মুখ্য আত্মা।

---

* আত্মশব্দাদপি তত্র পুরুষপ্রতিপাদ্যতেতি যোজনীয়ম্।—ঐ বাক্যে আত্মশব্দের প্রয়োগ হইয়াছে, তদ্দ্বারাও ঐ বাক্যের পুরুষপ্রতিপাদ্যতা প্রতীত হয়।

শ্রুতেঃ পুরুষে লক্ষ্যতে নেতরেষু। অপি চ 'সোঽধ্বনঃ পারমাপ্নোতি তদ্বিষ্ণোঃ পরমং পদম্' ইত্যুক্তে কিন্তদধ্বনঃ পারং বিষ্ণোঃ পরমং পদমিত্যস্যামাকাঙ্ক্ষায়ামিন্দ্রিয়াদ্যনুক্রমণাৎ পরমপদপ্রতিপত্ত্যর্থ এবায়মায়াস ইত্যবসীয়তে ॥ ১৫ ॥

আত্মগৃহীতিরিতরবদুত্তরাৎ ॥ ১৬ ॥*

ঐতরেয়কে শ্রূয়তে 'আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ

য়াতিশয় ইবাশয়াতিশয়ঃ। তত্তাৎপর্য্যতেতি যাবৎ। কিঞ্চ শ্রুত্যন্তরাপেক্ষিতাভিধানাদপ্যেবমেবার্থাদিপরত্বে তু স্বরূপেণ বিবক্ষিতেনাপেক্ষিতং শ্রুতিরাচষ্ট ইত্যাহ—"অপি চ সোঽধ্বনঃ পারমাপ্নোতি"ইতি।

শ্রুতিস্মৃত্যোর্হি লোকসৃষ্টিঃ পরমেশ্বরাধিষ্ঠিতা—পরমেশ্বরহিরণ্যগর্ভকর্ত্তৃকো-

এই পুরুষ-নামক মুখ্য আত্মার সাক্ষাৎকারার্থ "বুদ্ধিমান্ উপাসক বাগিন্দ্রিয়কে মনে বিলীন বা স্থাপন করিবেন" ইত্যাদি ইত্যাদি আধ্যানের (চিন্তারূপ উপাসনার) বিধান হইয়াছে। প্রথমাধ্যায়ের চতুর্থ পাদের ১ম সূত্রে এ সকলের ব্যাখ্যা প্রদর্শিত হইয়াছে। শ্রুতিতে পুরুষবিষয়েই এইরূপ ও অন্যরূপ আশয়াতিশয় (পুরুষসাক্ষাৎকারার্থ ধ্যানের প্রকারবাহুল্যরূপ শ্রুতি তাৎপর্য্য) দেখা যায়, অন্যপদার্থবিষয়ে নহে। [অপিচ...সীয়তে] আরও দেখ, শ্রুতি "সে পথের পার বিষ্ণুর পরম পদ প্রাপ্ত হয়" এইরূপ বলাতে যে আকাঙ্ক্ষা হইয়াছিল, "পথের পার বিষ্ণুর পরম পদ—তাহা কি? কিংস্বরূপ?" ইত্যাকার জিজ্ঞাসা হইতেছিল, সেই জিজ্ঞাসা পরিপূরণার্থ শ্রুতি ঐরূপে ইন্দ্রিয়াদির উল্লেখ করিয়াছেন। (ইন্দ্রিয়েভ্যঃ পরাহ্যর্থা ইত্যাদি কথা বলিয়াছেন।) ইহাতেও নিশ্চয় হইতেছে যে, শ্রুতি উপাসককে পরম পদ বুঝাইবার জন্যই ঐ আয়াস (অধিক বর্ণনা করার ক্লেশ) স্বীকার করিয়াছেন।

ঐতরেয় উপনিষদে আছে, "সৃষ্টির পূর্ব্বে এ সকল অদ্বয় আত্মাই ছিল,

* আত্মা বা ইদমিত্যাদাবাত্মগৃহীতিঃ পরমাত্মগ্রহণং ন্যায্যম্। কুতঃ? উত্তরাৎ বাক্যশেষাৎ স ঐক্ষতেত্যাদিকাৎ। ইতরবদিতি দৃষ্টান্তঃ। যথেতরেষু তস্মাদ্বেত্যাদিকেষু সৃষ্টিবাক্যেষু পরস্যৈবাত্মনোগ্রহণং যথাবেতরস্মিন্ লৌকিকাত্মশব্দপ্রয়োগে প্রত্যাগাত্মৈব মুখ্যো গৃহ্যতে তথেহাপীত্যর্থঃ। অত্র মহাভূতসৃষ্টিপূর্ব্বকং লোকান্ সৃজতেতি শ্রুতির্ব্ব্যাখ্যেয়া।—"যখন এ সকল সৃষ্টি হয় নাই তখন একমাত্র আত্মা ছিলেন" এই ঐতরেয় শ্রুতিতে আত্মশব্দ আছে। অন্যান্য সৃষ্টিবাক্যের দৃষ্টান্তে এ আত্মশব্দে পরমাত্মারই গ্রহণ করিতে হইবেক। তৎপ্রতি হেতু—উত্তর অর্থাৎ ঐ প্রস্তাবের শেষ বাক্য। পরমাত্মগ্রহণ-যোগ্য বিশেষণান্তরও আছে।

নান্যৎ কিঞ্চন মিষৎ স ঐক্ষত লোকান্নু সৃজা ইতি স ইমা-ল্লোকানসৃজতাম্ভো মরীচীর্ম্মর আপঃ' ইত্যাদি। তত্র সংশয়ঃ কিং পর এবাত্মা ইহাত্মশব্দেনাভিলপ্যতে উতান্যঃ কশ্চিদিতি। কিং তাবৎ। প্রাপ্তং ন পরমাত্মেহাত্মশব্দাভিলপ্যো ভবিতুমর্হতীতি। কস্মাৎ। বাক্যান্বয়দর্শনাৎ। ননু বাক্যান্বয়ঃ সুতরাং পরমাত্মবিষয়ো দৃশ্যতে প্রাগুৎপত্তেরাত্মৈকত্বাবধারণাৎ ঈক্ষণ-পূর্ব্বকস্রষ্টৃত্ববচনাচ্চ। নেত্যুচ্যতে। লোকসৃষ্টিবচনাৎ। পরমা-

---

পলব্ধা। সেয়মিহ মহাভূতসর্গমনভিধায় প্রাথমিকো লোকসৃষ্টিরুপলভ্যমানা-বান্তরেশ্বরকার্য্যা প্রাগুৎপত্তেরাত্মৈকত্বাবধারণঞ্চাবান্তরেশ্বরসম্বন্ধিতয়া গময়তি। পারমেশ্বরসর্গস্য মহাভূতাকাশাদিত্বাদস্য চ তদ্বৈপরীত্যাৎ। অস্তি হি তস্যৈ-বৈকস্য বিকারান্তরাপেক্ষয়াগ্রত্বমস্তি চেক্ষণম্। অপি চৈতস্মিন্নৈতরেয়কে

চলবৎ অন্য কিছু ছিল না। আত্মা আলোচনা করিলেন, আমি লোক সকল সৃজন করিব"। পরে তিনি অম্ভঃ, মরীচী, মর ও আপ্, এ সকল লোক সৃজন করিলেন। (অম্ভঃ = স্বর্গ, মরীচী = অন্তরিক্ষ, মর = মর্ত্ত্য-লোক, আপ্ = পাতাল-লোক)।" এখানে সংশয়—ঐ আত্মশব্দে পরমাত্মার কথন হইয়াছে? কি অন্য কিছু অভিহিত হইয়াছে? কি পাওয়া যায়? পাওয়া যায়—পরমাত্মা ঐ আত্মশব্দের অভিলাপ্য নহে। কারণ, ঐ স্থলে বাক্যান্বয় থাকা দৃষ্ট হয়। অর্থাৎ ঐ বাক্য সূত্রাত্ম-উপাসনার প্রতিপাদক সুতরাং তত্রস্থ আত্মশব্দ সূত্রাত্মারই গ্রাহক (বোধক), পরমাত্মার গ্রাহক নহে। [ননু ··ইতি] কেহ হয় ত বলিবেন, ঐ বাক্যে যখন উৎপত্তির পূর্ব্বে আত্মৈক্যের অবধারণ ও আলোচনাপূর্ব্বক সৃজন করা কথিত হই-য়াছে তখন উহা (ঐ বাক্য) প্রকারান্তরে পরমাত্মপর বা পরমাত্মবোধক হইতেছে। এ বিষয়ে আমরা বলি, ঐ বাক্য পরমাত্ম-বোধক হইতে পারে না। কারণ এই যে, ঐ বাক্য লোকসৃষ্টি বলিতেছে। ঐ বাক্যে যদি সর্ব্ব স্রষ্টা পরমাত্মার কথন হইত তাহা হইলে সর্ব্বপ্রথমে মহাভূত সৃষ্টি বলা হইত। তাহা বলা হয় নাই, অগ্রে লোকসৃষ্টিই বলা হইয়াছে। লোক কি? তাহা বিবেচনা কর। লোক সকল মহাভূতেরই বিন্যাস-বিশেষ, অন্য কিছু নহে। সেই জন্যই শ্রুতি "অন্তরিক্ষের পর অম্ভঃ অর্থাৎ স্বর্গ" ইত্যাদি ক্রমে অম্ভঃ প্রভৃতি শব্দের নির্ব্বচন (ব্যুৎপত্তি) বলিয়াছেন। অপিচ, শ্রুতিতে ও স্মৃতিতে দেখা যায়, লোকসৃষ্টি (যাহা মহাভূতেরই

ত্মনি হি স্রষ্টরি পরিগৃহ্যমাণে মহাভূতসৃষ্টিরাদৌ বক্তব্যা। লোকসৃষ্টিস্ত্বিহাদাবুচ্যতে। লোকাশ্চ মহাভূতসন্নিবেশবিশেষাঃ। তথা চান্তঃপ্রভৃতীন্ লোকত্বেনৈব নির্ব্বক্তি 'অদোঽন্তঃ-পরেণ দিবম্' ইত্যাদিনা। লোকসৃষ্টিশ্চ পরমেশ্বরাধিষ্ঠিতেনাপরেণ কেনচিদীশ্বরেণ ক্রিয়ত ইতি শ্রুতিস্মৃত্যোরুপলভ্যতে। তথা হি শ্রুতির্ভবতি 'আত্মৈবেদমগ্র আসীৎ পুরুষবিধঃ' ইত্যাদ্যা। স্মৃতিরপি—

'স বৈ শরীরী প্রথমঃ স বৈ পুরুষ উচ্যতে।
আদিকর্ত্তা স ভূতানাং ব্রহ্মাগ্রে সমবর্ত্তত' ॥ ইতি।

ঐতরেয়িণোঽপি "অথাতো রেতসঃ সৃষ্টিঃ। প্রজাপতে রেতো দেবাঃ" ইত্যত্র পূর্ব্বস্মিন্ প্রকরণে প্রজাপতিকর্ত্তৃকাং বিচিত্রাং সৃষ্টিমামনন্তি। আত্মশব্দোঽপি তস্মিন্ প্রযুজ্যমানো দৃশ্যতে—আত্মৈবেদমগ্র আসীৎ পুরুষবিধ ইত্যত্র। একত্বাবধারণমপি প্রাগুৎপত্তেঃ স্ববিকারাপেক্ষমুপপদ্যতে।

পূর্ব্বস্মিন্ প্রকরণে প্রজাপতিকর্ত্তৃকৈব লোকসৃষ্টিরুক্তা। তদনুসারাদপ্যেতদেব বিজ্ঞায়তে। অপি চ তাভ্যো গামানয়দিত্যাদয়শ্চ ব্যবহারাঃ শ্রুত্যোক্তা বিশেষবৎপরমাত্মস্থ প্রসিদ্ধাঃ। ততোঽপ্যবান্তরেশ্বর এব বিজ্ঞায়তে। আত্মশব্দপ্রয়োগশ্চাত্রাপি দৃষ্টস্তস্মাদপরাত্মাভিলাপোঽয়মিতি প্রাপ্ত উচ্যতে। পর-

---

রচনা বা বিন্যাস-বিশেষ তাহা) ঈশ্বরাধিষ্ঠিত কোন কিছু কর্ত্তৃক সম্পন্ন হয়। শ্রুতি যথা—"লোকসৃষ্টির পূর্ব্বে এ সকল পুরুষাকার আত্মা ছিল।" (নরাকার আত্মা ব্রহ্মা) ইত্যাদি। স্মৃতি যথা—"লোকসৃষ্টির পূর্ব্বে ব্রহ্মা উৎপন্ন হন। ইনিই প্রথম শরীরী এবং ইহাঁকেই লোক ও শাস্ত্র পুরুষ বলে। ইনিই প্রাণি-নিবহের আদি-কর্ত্তা।" [ঐতরে...ইত্যত্র] ঐতরেয়শাখাধ্যায়ীরাও প্রথম প্রস্তাবে প্রজাপতির বিচিত্র সৃষ্টি বর্ণন করিয়া থাকেন। যথা—"ইহারই পরে রৈতসী সৃষ্টি হয়। দেবতা সকল প্রজাপতির রেতঃ অর্থাৎ কার্য্য।" (প্রজাপতি কারণ, দেবতা ও লোক সকল তাঁহার কার্য্য)। "পূর্ব্বে এ সকল পুরুষবিধ অর্থাৎ নরাকার আত্মা ছিল।" এই শ্রুতিতে প্রজাপতির প্রতি আত্মশব্দের প্রয়োগ হইয়াছে। [একত্বাব...পম্] লোকসৃষ্টির পূর্ব্বে যে একত্বাবধারণ শ্রুত হইয়াছে তাহা স্ববিকারাপেক্ষায়

ঈক্ষণমপি তস্য চেতনত্বাভ্যুপগমাদুপপন্নম্। অপি চ তাভ্যো গামানয়ৎ তাভ্যোঽশ্বমানয়ৎ তাভ্যঃ পুরুষমানয়ৎ তাশ্চাব্রুবন্ ইত্যেবঞ্জাতীয়কো ভূয়ান্ ব্যাপারবিশেষো লৌকিকেষু বিশেষবৎস্বাত্মসু প্রসিদ্ধ ইহানুগম্যতে। তস্মাৎ বিশেষবানেব কশ্চিদিহাত্মা স্যাদিত্যেবং প্রাপ্তে ব্রূমঃ। পর এবাত্মেহাত্মশব্দেন গৃহ্যতে। ইতরবৎ। যথতরেষু সৃষ্টিশ্রবণেষু 'তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ' ইত্যেবমাদিষু পরস্যাত্মনো গ্রহণং যথা বেতরস্মিন্ লৌকিকাত্মশব্দপ্রয়োগে প্রত্যগাত্মৈব

আত্মনো গৃহ্যতিরিহ। যথেতরেষু সৃষ্টিশ্রবণেষু এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত ইত্যাদিষু। তস্মাদুত্তরাৎ স ঐক্ষতেতীক্ষণপূর্ব্বকস্রষ্টৃত্বশ্রবণাদায়েত্যবধারণাচ্চ।

উপপন্ন হয়। (প্রজাপতিই প্রাজাপত্য সৃষ্টির পূর্ব্বে ছিলেন, এ সকল ছিল না, এইরূপে ঐ একত্ববাদ সঙ্গত হইতে পারে) এবং তাঁহার চেতনত্ব স্বীকৃত থাকায় ঈক্ষণও অর্থাৎ আলোচনাও সঙ্গত হয়। [অপিচ...ব্রূমঃ] আরও দেখ, "তিনি প্রজাদিগের উপভোগার্থ গো আনয়ন করিলেন, তাহাদিগের জন্য অশ্ব আনয়ন করিলেন, তাহাদিগের জন্য পুরুষ আনয়ন করিলেন, তখন তাহারা বলিল, আমরা তৃপ্ত হইলাম।" এইরূপ বিশেষ বিশেষ বহু-ব্যাপার লৌকিক সবিশেষ (ভেদ) আত্মসম্বন্ধে প্রসিদ্ধ; সুতরাং তদ্দৃষ্টান্তে প্রদর্শিত শ্রুতিতেও সবিশেষ আত্মার গ্রহণ ন্যায্য, ইহা বেশ্ বুঝা যায়। "প্রদর্শিত প্রকারে অগ্রে একমাত্র আত্মা ছিলেন, তিনি আলোচনা করিলেন, করিয়া প্রজা সৃজন করিলেন" এখানে প্রজাস্রষ্টা বিশেষবান্ আত্মা, ইহা প্রাপ্ত হওয়া যায় (বুঝা যায়), নির্ব্বিশেষ পরমাত্মাকে পাওয়া যায় না। এইরূপ পূর্ব্বপক্ষ উপস্থিত হওয়ায় সিদ্ধান্তার্থ এই ১৬ সূত্র বলা হইল। [পর...ন্যায্যম্] যেমন অন্যান্য সৃষ্টিবাক্যে আত্মশব্দে পরমাত্মার গ্রহণ হয়, তেমনি, এতদ্বাক্যস্থ আত্মশব্দেও পরমাত্মার গ্রহণ হইবে। "সেই এই আত্মা হইতে আকাশ সম্ভূত হইয়াছে" ইত্যাদি বাক্যে যেমন আত্মশব্দে পরমাত্মার গ্রহণ এবং লৌকিক প্রয়োগেও আত্মশব্দে মুখ্য প্রত্যগাত্মার গ্রহণ, তেমনি, এখানেও অর্থাৎ উদাহৃত সৃষ্টি শ্রুতিতেও পরমাত্মার গ্রহণ হইবে। যে স্থানে দেখিবে, "পূর্ব্বে এ সকল আত্মামাত্র ছিল" ইত্যাদি প্রয়োগের পর "পুরুষবিধ" বিশেষণ আছে, সে স্থলে বিশেষণের অনুরোধে সবিশেষ আত্মার (সগুণ ব্রহ্মের) গ্রহণ করিতে পার। কিন্তু এখানে (উদাহৃত শ্রুতিতে)

মুখ্য আত্মশব্দেন গৃহ্যতে তথেহাপি ভবিতুমর্হতি। যত্র তু 'আত্মৈবেদমগ্র আসীৎ' ইত্যেবমাদৌ পুরুষবিধ ইত্যেবমাদি বিশেষণান্তরং শ্রূয়তে ভবেৎ তত্র বিশেষবত আত্মনো গ্রহণম্। অত্র পুনঃ পরমাত্মগ্রহণানুগুণমেব বিশেষণমপ্যুত্তরমুপলভ্যতে 'স ঐক্ষত লোকান্নু সৃজৈ' ইতি 'স ইমাল্লোকানসৃজত' ইত্যেবমাদি। তস্মাৎ তস্যৈব গ্রহণমিতি ন্যায্যম্ ॥ ১৬ ॥

অন্বয়াদিতি চেৎ স্যাদবধারণাৎ ॥ ১৭ ॥*

বাক্যান্বয়দর্শনাৎ ন পরমাত্মগ্রহণমিতি পুনর্যদুক্তং তৎপরিহর্ত্তব্যমিত্যত্রোচ্যতে—স্যাদবধারণাদিতি। ভবেদুপপন্নং পরমাত্মন ইহ গ্রহণম্। কস্মাদবধারণাৎ। পরমাত্মগ্রহণং হি

এতদভিসংহিতম্—মুখ্যং তাবৎ সর্গাৎ প্রাক্কেবলত্বমাত্মপদত্বং স্রষ্টৃত্বঞ্চ পরমেশ্বরস্যাত্র ভবতঃ। তদসত্যামনুপপত্তৌ নান্যত্র ব্যাখ্যাতুমুচিতম্।

ন চ মহাভূতসৃষ্ট্যনভিধানেন লোকসৃষ্ট্যভিধানমনুপপত্তিবীজম্। আকাশপূর্ব্বিকায়াং বস্তুতো ব্রহ্মণঃ সৃষ্টৌ যথা ক্বচিত্তেজঃপূর্ব্বকসৃষ্ট্যভিধানং ন বিরুধ্যতে, এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত ইতি দর্শনাৎ। আকাশং বায়ুং সৃষ্ট্বেতি হি তত্র

সেরূপ বিশেষণ না থাকায় প্রত্যুত তদুত্তরে পরমাত্মার অনুগুণ বিশেষণ থাকায় পরমাত্মার গ্রহণই ন্যায্য। উত্তরে অর্থাৎ পরে যে পরমাত্মার অনুগুণ বিশেষণ (পরমাত্মায় সঙ্গত হয় এরূপ বিশেষণ) আছে, সেই বিশেষণ এই—"তিনি ঈক্ষণ অর্থাৎ আলোচনা করিলেন, আমি লোকসৃজন করিব।" "তিনি এই সকল (পশ্চাদুক্ত) লোক সৃজন করিয়াছেন।" ইত্যাদি। অতএব, উদাহৃত সৃষ্টিবাক্যস্থ আত্মার পরমাত্মা অর্থই ন্যায্য।

পূর্ব্বপক্ষ বাদী বলিয়াছিলেন, বাক্যান্বয় (পূর্ব্বাপর বাক্যের সম্বন্ধ) দেখা যায়, সেই কারণে ঐ আত্মশব্দ পরমাত্মার বোধক নহে। পূর্ব্বপক্ষ বাদীর এই পক্ষ নিরাস করা কর্ত্তব্য বলিয়া ১৭ সূত্র অবতারিত হইল। বাদী

---

* অন্বয়াৎ বাক্যান্বয়দর্শনাৎ ন পরমাত্মগ্রহণং স্যাদিতি যদুক্তং তৎ প্রত্যুচ্যতে স্যাদিতি। অবধারণাৎ ব্রহ্মাত্মত্বাবধারণদর্শনাৎ পরমাত্মগ্রহণমেব স্যাদিতি যোজনা।—বাদী বলিয়াছিলেন, পূর্ব্ববাক্যের অন্বয় (অনুবর্ত্তন) থাকা দেখা যায়, সুতরাং উদাহৃত শ্রুতিস্থ আত্মা পরমাত্মা নহে। বাদীর এই কথার প্রতিবাদার্থ বলা যাইতেছে, যেহেতু সাধারণ বাক্যের প্রয়োগ আছে, (এক এব আত্মা, এইরূপ উক্ত আছে), সেই হেতু ঐ আত্মা পরমাত্মা। (ভাষ্য ও ভাষ্যানুবাদ দেখ)।

প্রাগুৎপত্তেরাত্মৈকত্বাবধারণমাঞ্জসমবকল্পতে। অন্যথা হ্যনাঞ্জসং তৎ পরিকল্প্যেত। লোকসৃষ্টিবচনস্তু শ্রুত্যন্তরপ্রসিদ্ধমহাভূতসৃষ্ট্যন্তরমিতি যোজয়িষ্যামি। যথা 'তত্তেজোঽসৃজত' ইত্যেচ্ছ্রুত্যন্তরপ্রসিদ্ধবিয়দ্বায়ুসৃষ্ট্যনন্তরমিত্যয়ূযুজমেবমিহাপি। শ্রুত্যন্তরপ্রসিদ্ধোহি সমানবিষয়ো বিশেষঃ শ্রুত্যন্তরেষূপসংহর্ত্তব্যো ভবতি। যোঽপ্যয়ং ব্যাপারবিশেষা-

---

পূরয়িতব্যমেবমিহাপি মহাভূতানি সৃষ্টেতি কল্পনীয়ম্। সর্ব্বশাখাপ্রত্যয়ত্বেন জ্ঞানস্য শ্রুতিসিদ্ধ্যর্থমশ্রুতোপলব্ধৌ যত্নবতা ভবিতব্যং ন পুনঃ শ্রুতে মহাভূতাদিত্বে সর্গস্য শৈথিল্যমাদরণীয়ম্। অপি চ স্বাধ্যায়বিধ্যধীনগ্রহণো বেদরাশিরধ্যয়নবিধ্যাপাদিতপ্রয়োজনবদর্থাভিধানো যথা যথা প্রয়োজনাধিক্যমাপ্নোতি তথা তথানুমন্যতেতরাম্। যথা চাস্য ব্রহ্মগোচরত্বে পরমপুরুষার্থোপয়িকত্বং নৈবমন্যগোচরত্বে। তদিদমুক্তম্—"যোঽপ্যয়ং ব্যাপারবিশেষানুগম" ইতি। ন লোকসর্গোঽপি হিরণ্যগর্ভব্যাপারোঽপি তু তদনুপ্রবিষ্টস্য পরমাত্মন ইত্যত্রৈ-

---

যে, বাক্যান্বয় হেতু দেখাইয়া বলেন, ঐ আত্মশব্দে পরমাত্মার গ্রহণ হয় না, তদুত্তরে আমরা বলি, অবধারণ শ্রবণ থাকায় পরমাত্মার গ্রহণই নিশ্চিত হয়। ঐ স্থলে পরমাত্মার গ্রহণই উপপন্ন অর্থাৎ সঙ্গত। কেননা, ঐ স্থলে একত্বাবধারণ শ্রুত আছে। উৎপত্তির পূর্ব্বে যে আত্মৈকতার অবধারণ শুনা যায়, তাহা পরমাত্মার গ্রহণ পক্ষেই সমঞ্জস (স্বভাবিক বা বিনা বাধায় সঙ্গতার্থ); অন্য পক্ষে অসমঞ্জস। "তিনি এই সকল লোক (স্বর্গ, মর্ত্ত্য, পাতাল ও অন্তরিক্ষ) সৃজন করিলেন" এই শ্রুতিতে যে লোক সৃষ্টির কথন আছে তাহা শ্রুত্যন্তর প্রসিদ্ধ মহাভূত সৃষ্টির অনন্তরার্থে যোজনা করিব। অর্থাৎ তিনি মহাভূত সৃজন করিয়া পরে এই সকল লোক সৃজন করিয়াছেন, এইরূপ ব্যাখ্যা করিব। [যথা... ভবতি] "তিনি তেজ সৃষ্টি করিলেন" ইত্যাদি শ্রুতিতে যেমন অন্য শ্রুত্যুক্ত বায়ু সৃষ্টি আকর্ষণ পূর্ব্বক যোজনা করা হয়, অর্থাৎ "বায়ু সৃষ্টির অনন্তর তেজের সৃষ্টি" এইরূপ ব্যাখ্যা করা হয়, সেইরূপ, এখানেও শ্রুত্যন্তর প্রসিদ্ধ মহাভূতের সৃষ্টি যোজনা করা ন্যায্য হইবে। সমান বিষয় হইলে অর্থাৎ বিষয়ভেদ না থাকিলে এক শ্রুতির বিশেষোক্তি অন্য শ্রুতিতে সংগৃহীত হইয়া থাকে। [যোঽপ্যয়ং···বক্ষিতম্] ঐ স্থানে "তাহাদের জন্য গো আনয়ন করিলেন, অশ্ব আনয়ন (সৃষ্টি) করিলেন" ইত্যাদি বহু ব্যাপার

নুগমস্তাভ্যো গামানয়দিত্যাদিঃ সোঽপি বিবক্ষিতার্থাবধারণানুগুণ্যেনৈব গ্রহীতব্যঃ। ন হ্যয়ং সকলঃ কথাপ্রবন্ধো বিবক্ষিত ইতি শক্যতে বক্তুম্। তৎপ্রতিপত্তৌ পুরুষার্থাভাবাৎ। ব্রহ্মাত্মত্বং ত্বিহ বিবক্ষিতম্। তথা হ্যন্তঃপ্রভৃতীনাং লোকানাং লোকপালানাং চাগ্ন্যাদীনাং সৃষ্টিং শিষ্ট্বা করণানি করণায়তনঞ্চ শরীরং উপদিশ্য স এব স্রষ্টা কথং ন্বিদং মদৃতে স্যাদিতি বীক্ষ্য ইদং শরীরং প্রবিবেশেতি দর্শয়তি 'স এতমেব

বোক্তম্। তস্মাদাত্মৈবাগ্র ইত্যুপক্রমাৎ তদ্ব্যাপারেণ চেক্ষণেন মধ্যে পরামর্শাদুপরিষ্টাচ্চ ভেদজাতং মহাভূতৈঃ সহানুক্রম্য ব্রহ্মপ্রতিষ্ঠত্বেন ব্রহ্মণ উপসংহারাদ্ব্রহ্মাভিলাপত্বমেবাস্যেতি নিশ্চীয়তে। যত্র তু পুরুষবিদ্যাদিশ্রবণং তস্য ভবেদ্বন্যপরত্বং গত্যন্তরাভাবাদিতি সর্ব্বমবদাতম্। অপরঃ কল্পঃ। সদুপক্রমস্য সন্দর্ভস্যাত্মোপক্রমস্য চ কিমেকার্থ্যমাহোস্বিদর্থভেদঃ। তত্র সচ্ছব্দস্যাবিশেষেণাত্মনি চাত্মনি চ প্রবৃত্তের্নাত্মার্থত্বং কিন্তু সমস্তবস্তুনুগতসত্তাসামান্যার্থত্বম্।

উল্লিখিত হইয়াছে সত্য; পরন্তু ঐ সকল উল্লেখকে বিবক্ষিতার্থের অনুরূপে যোজনা (ব্যাখ্যা) করিব। ঐ স্থলে সমুদায় বাক্য সন্দর্ভ বিবক্ষিত হওয়া অসম্ভব; সেই জন্য মূল কারণ ব্রহ্মকে বিবক্ষিত জ্ঞান করিয়া তাঁহারই অনুকূলে আর আর বাক্য-নিচয় সংযোজিত করিব। এ কথা এই জন্য বলি, গো আনয়ন ও অশ্ব আনয়ন প্রভৃতির জ্ঞানে পুরুষার্থ (মোক্ষ) নাই। [তথা হি...ধারয়তি] ঐ সকল শ্রৌত কথায় এক বাক্যতাজনিত এই তাৎপর্য্যার্থ পাওয়া যাইতেছে যে, শ্রুতি স্বর্গ প্রভৃতি লোকের ও অগ্ন্যাদি লোকপালের সৃষ্টি উপদেশ করিয়া তৎপরে ইন্দ্রিয়ের ও ইন্দ্রিয়াশ্রয় দেহের উপদেশান্তে দেখাইয়াছেন যে, স্রষ্টা আলোচনাপূর্ব্বক স্বসৃষ্ট শরীর সমূহে অনুপ্রবিষ্ট আছেন। আলোচনার আকার এই—"কথং ন্বিদং মদৃতে স্যাৎ?—আমা ব্যতীরেকে ইহা কি হইবে? কোন্ কার্য্যে লাগিবে? আমার অধিষ্ঠান ব্যতীত ইহা বৃথা, অকর্ম্মণ্য। সৃষ্টিকর্ত্তা এইরূপ আলোচনা করিয়া এই সকল শরীরে প্রবিষ্ট হইলেন।" শ্রুতি এইরূপে লোক, লোকপাল, ইন্দ্রিয় ও ইন্দ্রিয়ায়তন শরীর সৃষ্টি বর্ণনার পরেই স্রষ্টার ঐরূপে শরীর প্রবেশের কথা বলিয়াছেন। যথা—"অনন্তর সেই পরমেশ্বর ইহাকে ছিদ্রিত করিয়া, ব্রহ্মরন্ধ্র নামক দ্বার দিয়া, এতন্মধ্যে প্রবিষ্ট হইলেন"। তিনি দেহ প্রবেশের পর বিবেচনা করিলেন, বাগিন্দ্রিয় বাক্য বলিতেছে, প্রাণ জীবন ব্যাপার করিতেছে,

সীমানং বিদার্য্যৈতয়া দ্বারা প্রাপদ্যত' ইতি। পুনশ্চ 'যদি বাচাঽভিব্যাহৃতং যদি প্রাণেনাভিপ্রাণিতম্' ইত্যেবমাদিনা করণব্যাপারবিবেচনপূর্ব্বকং 'অথ কোঽহম্' ইতি বীক্ষ্য 'স এতমেব পুরুষং ব্রহ্মতমমপশ্যৎ' ইতি ব্রহ্মাত্মত্বদর্শনমবধারয়তি। তথোপরিষ্টাদপি 'এষ ব্রহ্মৈষ ইন্দ্রঃ' ইত্যাদিনা সমস্তং ভেদজাতং সহ মহাভূতৈরনুক্রম্য 'সর্ব্বং তৎ প্রজ্ঞানেত্রং প্রজ্ঞানে প্রতিষ্ঠিতং প্রজ্ঞানেত্রো লোকঃ প্রজ্ঞা প্রতিষ্ঠা প্রজ্ঞানং ব্রহ্ম' ইতি ব্রহ্মাত্মত্বদর্শনমেবাবধারয়তি। তস্মাদিহাত্মগৃহীতিরিত্যনপবাদম্। অপরা যোজনা—আত্মগৃহীতি-

তথা চোপক্রমভেদাদিত্যর্থঃ। স আত্মা তত্ত্বমসীতি চোপসংহার উপক্রমানুরোধেন সম্পদ্যমানতয়া ব্যাখ্যেয়ঃ। তদ্ধি সংসামান্যং পরমাত্মতয়া সম্পাদনীয়ম্। তদ্বিজ্ঞানেন চ সর্ব্ববিজ্ঞানং মহাসামান্যস্য সত্তায়াং সমস্তবস্তুবিস্তারব্যাপি-

তবে আমি কে? এইরূপে প্রত্যেক ইন্দ্রিয়ের কার্য্য পর্য্যালোচনা করিয়া আমি কে? তাহা বিচার করিতে লাগিলেন। বিচারের পর জানিলেন, আমি সেই ব্যাপ্ততম ব্রহ্ম। এইরূপ প্রক্রমে শ্রুতি ব্রহ্মাত্মতা অবধারণ করায় স্থির হইতেছে যে, ব্রহ্মাত্মভাবই ঐ সকল কথাপ্রবন্ধের বিবক্ষিত অর্থ (উদ্দেশ্য বা তাৎপর্য্য)। [তথোপরি...বাদম্] শ্রুতি ঐ কথার পরে আরও বলিয়াছেন। বলিয়াছেন, "ইনিই ব্রহ্ম, ইনিই ইন্দ্র" ইত্যাদি। যে কিছু ভিন্ন ভিন্ন (দেবতা ও ভূত-ভৌতিক), শ্রুতি সমস্তই ঐরূপে উল্লেখ করিয়া পরিশেষে বলিয়াছেন "সমস্তই প্রজ্ঞানের অর্থাৎ চিদাত্মার নিয়ম্য এবং সমস্তই চিদাত্মায় অবস্থিত। লোক সকল প্রজ্ঞানিয়ম্য, প্রজ্ঞা-প্রতিষ্ঠা। প্রজ্ঞান অর্থাৎ চিদাত্মা ব্রহ্ম।" এখন দেখ, শ্রুতি এই শেষ বাক্যেও ব্রহ্মাত্মজ্ঞানের অবধারণ দেখাইয়াছেন। অতএব, উদাহৃত শ্রুতিস্থ আত্মশব্দে পরমাত্মার গ্রহণ পক্ষে কোনও রূপ সংশয় অথবা বাধা দেখা যায় না। [অপরা...দিশতি] এই ১৭ সূত্রের অন্যপ্রকার ব্যাখ্যাও আছে। যথা—বৃহদারণ্যকে "আত্মা কি? কে আত্মা?" এই প্রশ্নের প্রত্যুত্তরে, অভিহিত হইয়াছে—"হৃদয়ে প্রাণগণের মধ্যে যে এই বিজ্ঞানময় অন্তর্জ্যোতিঃ পুরুষ।" আরণ্যক শ্রুতি এইরূপে আত্ম-শব্দোল্লেখে প্রস্তাবারম্ভ করিয়া প্রস্তাবিত প্রত্যগাত্মার অসঙ্গভাব ও মুক্তস্বভাবতা প্রতিপাদন করায় ব্রহ্মাত্মতাই অবধারণ করিয়াছেন। সেই

রিতরবদুত্তরাৎ। বাজসনেয়কে 'কতম আত্মেতি। যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হৃদ্যন্তর্জ্জ্যোতিঃ পুরুষঃ' ইত্যাত্মশব্দেনোপক্রম্য তস্যৈব সর্ব্বসঙ্গবিমুক্তত্বপ্রতিপাদনেন ব্রহ্মাত্মতামবধারয়তি। তথা হ্যুপসংহরতি 'স বা এষ মহানজ আত্মাঽজরোঽমরোঽমৃতোঽভয়ো ব্রহ্ম' ইতি। ছান্দোগ্যে তু 'সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্' ইত্যন্তরেণৈবাত্মশব্দমুপক্রম্য উদর্কে 'স আত্মা তত্ত্বমসি' ইতি তাদাত্ম্যমুপদিশতি। তত্র সংশয়ঃ। তুল্যার্থত্বং কিমনয়োরাম্নানয়োঃ স্যাদতুল্যার্থত্বং বেতি। অতুল্যার্থত্বমিতি তাবৎ প্রাপ্তম্। অতুল্যত্বাদাম্নানয়োঃ। ন হ্যাম্নানবৈষম্যে সত্যর্থসাম্যং যুক্তং প্রতিপত্তুমাম্নানতন্ত্রত্বাদর্থপরিগ্রহস্য। বাজসনেয়কে চাত্মশব্দোপক্রমাদাত্মতত্ত্বোপদেশ ইতি গম্যতে। ছান্দোগ্যে তূপক্রমবি-

---

ত্বাদিত্যেবং প্রাপ্ত উচ্যতে। আত্মগৃহীতির্ব্বাজসনেয়িনামিব ছান্দোগ্যানামপ্যুত্তরাৎ স আত্মা তত্ত্বমসীতি তাদাত্ম্যোপদেশাৎ। অস্তু তাবদাত্মব্যতিরিক্তস্য প্রপঞ্চস্য সদসত্ত্বাভ্যামনির্ব্বাচ্যতয়া ন সত্ত্বং সত্ত্বং ত্বাত্মধাতোরেব তত্ত্বেন নির্ব্বাচ্যত্বাৎ তস্মাদ্ব্রহ্মৈব সন্নিতি। অভ্যুপেত্যাহ সচ্ছব্দস্য সত্তাসামান্যাভিধায়িত্বাৎ

কারণে প্রস্তাবের উপসংহার—"সেই এই আত্মা মহান্, জন্মবর্জ্জিত, অজর, অমর, অমৃত, অভয় ও ব্রহ্ম।" এইরূপে হইয়াছে। কিন্তু ছান্দোগ্য উপনিষৎ ব্রহ্মপ্রকরণ প্রারম্ভে আত্মশব্দের উল্লেখ করেন নাই। ছান্দোগ্য আত্মশব্দ ত্যাগ করিয়া "সৃষ্টির পূর্ব্বে এ সকল সৎ-ই ছিল, তাহা এক ও প্রভেদশূন্য।" এইরূপে প্রস্তাবারম্ভ করিয়াছেন। কেবল উপসংহার কালে বলিয়াছেন "শ্বেতকেতু! সেই আত্মা তুমি।" ছান্দোগ্য এবম্প্রকারে ব্রহ্মতাদাত্ম্য উপদেশ করিয়াছেন। [তত্র পরিগ্রহস্য] এখানে সংশয়—ঐ বাক্য তুল্যার্থ কি-না। প্রথমতঃ ইহাও পাওয়া যায়, বুঝা যায় যে, যখন বাক্যোচ্চারণ অতুল্য, অসমান, তখন তদুভয়ের প্রতিপাদ্যও অসমান্। পাঠের বৈষম্য থাকিলে অর্থের বৈষম্য হয়, সুতরাং উদাহৃত বাক্যদ্বয়ের অর্থের বৈষম্য ব্যতীত সাম্যার্থ গ্রহণ অযুক্ত। কারণ এই যে, অর্থজ্ঞান পাঠক্রমেরই অধীন। [বাজসনে...বিপর্য্যয়ঃ] বাজিব্রাহ্মণে অর্থাৎ বৃহদারণ্যকে আত্মশব্দোল্লেখী উপক্রম দৃষ্টে প্রতীত হয়, বুঝা যায়, ঐ স্থলে আত্মতত্ত্বোপদেশ হইয়াছে এবং ছান্দোগ্যের উপক্রম তদ্বিপরীতক্রমে

উদ্গীথ উপাসনাদি জ্ঞানাত্মক অঙ্গ সকল নিত্যের ন্যায় কর্ম্মে নিয়মিত বা কর্ম্মের নিয়মিতাঙ্গ নহে। অর্থাৎ সে সকল অঙ্গ নিত্যাঙ্গ নহে। কেননা, তাহাই দেখা যায়। অর্থাৎ ঐ সকলের অনিয়মই দৃষ্ট হয়। শ্রুতি ঐরূপ ঐরূপ অঙ্গের (গুণের) নিয়মাভাব দেখাইয়াছেন। যথা—"যে ঐরূপ জানে, উপাসনা করে, সেও করে এবং যে না জানে, সেও করে।" ইত্যাদি। এখানে দেখ, শ্রুতি অবিদ্বানকেও কর্ম্ম করিবার অনুমতি দিতেছেন। আরও দেখ, "হে প্রস্তোতঃ! যে দেবতা প্রস্তাবের অনুগতা অর্থাৎ যিনি প্রস্তাবের রহস্য দেবতা, যদি তাঁহাকে না জানিয়া স্তুতি কর, না জানিয়া গান কর, না জানিয়া প্রতিহার (গান সমাপ্তি) কর" ইত্যাদি শ্রুতিবাক্যে দেখা যাইতেছে যে, প্রস্তাবাদি দেবতার জ্ঞান না থাকিলেও প্রস্তোতা দিগের যাজনাদি নির্ব্বাহ হয়। [অপিচৈবং...স্থিতিঃ] শ্রুতিতে আরও দেখা যায়, কর্ম্মসংশ্লিষ্ট বিজ্ঞানের ফল পৃথক্; কেবল বিজ্ঞানের ও কেবল কর্ম্মের ফলও পৃথক্। বিজ্ঞানের (উপাসনার) যোগ থাকিলে কর্ম্মফলের অব্যাঘাত

বীর্য্যবত্তরমিতি চ তরপ্প্রত্যয়প্রয়োগাৎ বিদ্যাবিহীনমপি কর্ম্ম বীর্য্যবদিতি গম্যতে। তচ্চানিত্যত্বে বিদ্যায়া উপপদ্যতে। নিত্যত্বে তু কথং তদ্বিহীনং কর্ম্ম বীর্য্যবদভ্যনুজ্ঞায়েত। সর্ব্বাঙ্গোপসংহারে হি বীর্য্যবৎ কর্ম্মেতি স্থিতিঃ। তথা লোকসামান্যাদিষু প্রতিনিয়তানি প্রত্যুপাসনং ফলানি শিষ্যন্তে

ব্যাপারাত্মত্বেন স্বত এব ফলসম্বন্ধোপপত্তেরুদ্গীথাদ্যাশ্রয়ণং ফলে বিধানং ন বিরুধ্যতে। বিশিষ্টবিধানাৎ। ফলায় খলূদ্গীথসাধনকমুপাসনং বিধীয়মানং ন বাক্যভেদমাবহতি। নন্ন কর্ম্মাঙ্গোদ্গীথসংস্কার উপাসনং প্রোক্ষণাদিবৎ দ্বিতীয়াশ্রুতিরুদ্গীথমিতি তথা চাঙ্গনাদিষ্বিব সংস্কারেষু ফলশ্রুতেরর্থবাদত্বম্। মৈবম্। ন হ্যত্রোদ্গীথস্যোপাসনং কিন্তু তদবয়বস্যোঙ্কারস্যেত্যুক্তমধস্তাৎ। ন চোঙ্কারঃ

ও আতিশয্য হইয়া থাকে। এ বিষয়ে শ্রুতি প্রমাণ যথা—"যে জানে সেও করে এবং যে না জানে সেও করে।" "কর্ম্ম নানাপ্রকার; বিদ্যাযুক্ত ও অবিদ্যাযুক্ত। যাহা বিদ্যা শ্রদ্ধা ও দেবতাধ্যানাদিপূর্ব্বক কৃত হয় তাহা বীর্য্যবত্তর হয় অর্থাৎ ফলাতিশয়যুক্ত হয়।" এই শ্রুতি জ্ঞানীর কর্ম্মানুষ্ঠান ও অজ্ঞানীর কর্ম্মানুষ্ঠান পৃথক্ করিয়া জ্ঞানীর কর্ম্মানুষ্ঠানকে বীর্য্যবত্তর বলিয়াছেন। দুএর মধ্যে একের আধিক্য দেখিলে তরপ্ প্রত্যয়ের প্রয়োগ হইয়া থাকে। উদাহৃত শ্রুতিতেও বীর্য্যবত্তর, এইরূপ প্রয়োগ থাকায় স্পষ্টই বুঝা যাইতেছে, জ্ঞানীর কর্ম্ম বীর্য্যবত্তর এবং অজ্ঞানীর কর্ম্ম বীর্য্যবৎ। অর্থাৎ অজ্ঞানীর কর্ম্মেও ফল আছে। অজ্ঞানীর কর্ম্মের বীর্য্যবত্তা অর্থাৎ ফলবত্তা উপপন্ন হইতে পারে—যদি কর্ম্মাঙ্গবিদ্যা (জ্ঞান বা উপাসনা) অনিত্য হয়। বিদ্যার নিত্যতা থাকিলে শ্রুতি বিদ্যাবিহীন কর্ম্মকে বীর্য্যবৎ (সফল) বলিবেন কেন? (বিদ্যার নিত্যতা থাকিলে অর্থাৎ বিদ্যাকে কর্ম্মের অবশ্য প্রযোজ্য অঙ্গ বলিয়া স্বীকার করিলে 'বিদ্যাবিহীন' কথা ব্যর্থ হইবে। যখন কর্ম্ম করিতে গেলেই বিদ্যারূপ অঙ্গের প্রয়োজন হইবে, তখন আর তাহা (কর্ম্ম) কি করিয়া বিদ্যাহীন হইবে?) যদি সমুদায় অঙ্গ অনুষ্ঠিত হয় তবেই তাহা (কর্ম্ম) বীর্য্যবান্ (সফল) হয়, ইহাই সিদ্ধান্ত। (বিদ্যা নিত্যাঙ্গ অর্থাৎ অবশ্যানুষ্ঠেয় অঙ্গ হইলে প্রত্যেক কর্ম্মে তাহা অনুষ্ঠিত হইবে; সুতরাং বিদ্যাবিহীন কর্ম্ম অল্পবীর্য্য হয়, এই শ্রৌত উক্তি স্থলশূন্য হইতেছে)। [তথা বিরুধ্যতে] আরও দেখ, শ্রুতি লোক সামান্যে

"কল্পন্তে হাস্মৈ লোকা ঊর্দ্ধাশ্চাবৃত্তাশ্চ" ইত্যেবমাদীনি। ন চেদং ফলশ্রবণমর্থবাদমাত্রং যুক্তং প্রতিপত্তুম্। তথাহি গুণবাদ আপদ্যেত। ফলোপদেশে তু মুখ্যবাদোপপত্তিঃ। প্রযাজাদিষু ত্বিতিকর্ত্তব্যতাকাঙ্ক্ষস্য ক্রতোঃ প্রকৃতত্বাত্তাদর্থ্যে সতি যুক্তং ফলশ্রুতেরর্থবাদত্বম্। তথাঽনারভ্যাধীতেষ্বপি পর্ণময়ীত্বাদিষু। ন হি পর্ণময়ীত্বাদীনামক্রিয়াত্মকানামাশ্রয়মন্তরেণ ফলসম্বন্ধোঽবকল্পতে। গোদোহনাদীনাং হি প্রকৃতাপ্প্রণয়নাদ্যাশ্রয়লাভাদুপপন্নঃ ফলবিধিঃ। তথা বৈল্বাদীনামপি প্রকৃতযূপাদ্যাশ্রয়লাভাদুপপন্নঃ ফলবিধিঃ। ন তু পর্ণময়ীত্বাদিষ্বেবম্বিধঃ কশ্চিদাশ্রয়ঃ প্রকৃতোঽস্তি। বাক্যেনৈব তু জুহ্বাদ্যা-

কর্ম্মাঙ্গমপি তু কর্ম্মাঙ্গোদ্গীথাবয়বঃ। ন চানুপযোগমীপ্সিতম্। তস্মাৎ সক্তূন্ জুহোতীতিবদ্বিনিযোগভঙ্গেনোঙ্কারসাধনাদুপাসনাৎ ফলমিতি সম্বন্ধঃ। তস্মাদ্যথাক্রত্বাশ্রয়াণ্যপি গোদোহনাদীনি ফলসংযোগাদনিত্যানি এবমুদ্গীথাদ্যুপাসনানীতি দ্রষ্টব্যম্। শেষমুক্তং ভাষ্যে। "ন চেদং ফলশ্রবণমর্থবাদমাত্রমি"তি। অর্থবাদমাত্রত্বেঽত্যন্তপরোক্ষা বৃত্তির্যথা ন তথা ফলপরত্বে। ন তু বর্ত্তমানাপদে-

---

প্রত্যেক উপাসনার অনুগত বা নির্দ্দিষ্ট ফল বলিয়াছেন। লোকজ্ঞানে নামোপাসনার কর্ম্ম সমৃদ্ধি ফলও অতিরিক্ত সেই সেই লোকলাভাদি ফলও শ্রুতিকর্ত্তৃক কথিত হইয়াছে। যথা—"ভূমির ঊর্দ্ধে ও অধঃ যে সকল লোক—সে সকল সেই জ্ঞানীর (উপাসকের) ভোগ দিতে সমর্থ।" ইত্যাদি। এ সকল ফলশ্রুতিকে (ফলজ্ঞাপক বাক্যকে) অর্থবাদমাত্র বিবেচনা করা উচিত নহে। অর্থবাদ পক্ষ স্বীকার করিতে গেলে গুণবাদত্ব (অঙ্গপ্রশংসাকারক কথন) স্বীকার করিতে হইবে। উহার দ্বারা ফলের উপদেশ করা হইয়াছে বা হইতেছে, এরূপ তাৎপর্য্য হইলেই উহার মুখ্যার্থবাদতা (প্রধানের সহিত সম্পর্ক কথন) উপপন্ন হয়। প্রযাজ প্রভৃতি যাগাঙ্গের কথা স্বতন্ত্র। ক্রতুর অর্থাৎ যজ্ঞের উপদেশ হইলে (যজ্ঞের যাগ করিবেক, এইরূপ উপদেশ হওয়ায়) তাহাতে যে ইতিকর্ত্তব্যতার আকাঙ্ক্ষা জন্মে (কি প্রকারে ক্রতু করিবেক? এইরূপ জিজ্ঞাসা জন্মে), সেই আকাঙ্ক্ষার বা জিজ্ঞাসার পরিপূরণার্থ প্রযাজাদি অঙ্গের উপদেশ, সুতরাং তদ্গত ফলশ্রবণও অর্থবাদ। অনারভ্য অধীত অর্থাৎ অপ্রক-

শ্রয়তাং বিবক্ষিত্বা ফলে চ বিধিং বিবক্ষিতো বাক্যভেদঃ স্যাৎ। উপাসনানাস্তু ক্রিয়াত্মকত্বাৎ বিশিষ্টবিধানোপপত্তে-রুদ্গীথাদ্যাশ্রয়াণাং ফলবিধানং ন বিরুধ্যতে। তস্মাৎ যথা ক্রত্বাশ্রয়াণ্যপি গোদোহনাদীনি ফলসংযোগাদনিত্যান্যেব-মুদ্গীথাদ্যুপাসনান্যপীতি দ্রষ্টব্যম্। অত এব চ কল্পসূত্র-কারা নৈবঞ্জাতীয়কান্যুপাসনানি ক্রতুষু কল্পয়াঞ্চক্রুঃ ॥ ৪২ ॥

শাৎ সাক্ষাৎ ফলং প্রতীতি। অত এব প্রযাজাদিষু নার্থবাদাদ্বর্ত্তমানোপদেশাৎ ফলকল্পনা। ফলপরত্বে ত্বস্য ন শক্যং প্রযাজাদীনাং পাবার্থ্যেনাফলত্বং বক্তু-মুর্হতি।

রণ-পরিপঠিত পর্ণময়ী বাক্য প্রভৃতিও ঐরূপ। পর্ণময়ীত্বাদি পদার্থ ক্রিয়া নহে, সে জন্য আশ্রয় ব্যতীত সে সকলের সহিত ফলের সম্বন্ধ ঘটনা হয় না অর্থাৎ সে সকলকে ফলবিধি বলা যায় না। কিন্তু গোদোহন বাক্য সেরূপ নহে। গোদোহন বাক্য প্রকরণ-পরিপঠিত; সে জন্য তাহা অপ্ প্রণয়নকে আশ্রয়রূপে প্রাপ্ত হয়; সুতরাং সে স্থলে তাহার ফলবিধিত্ব ইত্যাদি সহজেই উপপন্ন হয়। "অন্নাদ্য কামী বৈল্ব যূপ (বেল কাঠের যূপ) করিবেক" এ স্থলেও প্রস্তাবিত যূপ আশ্রয়রূপে লব্ধ হইতেছে, সুতরাং বৈল্বা-দিবাক্যও ফলবিধায়ক। যেহেতু ফলবিধায়ক, সেই হেতু অর্থবাদ নহে। অর্থবাদ কাহাকেও বিধান করে না, কেবলমাত্র প্রশংসা করে। প্রদর্শিত উদাহরণে যেমন প্রকরণলব্ধ আশ্রয় দৃষ্ট হয়, দেখা যায়, পর্ণময়ীত্বাদিতে সেরূপ কোন আশ্রয় কল্প্ত নাই। অর্থাৎ তৎপ্রস্তাবে উল্লিখিত নাই। "পর্ণময়ী জুহূর্ভবতি" এই বাক্যের দ্বারাই জুহূর আশ্রয়তা উন্নয়ন করা হয়, তৎপরে ফলবিষয়িণী বিধির কল্পনা করা হয়। উপাসনার সহিত অনুষ্ঠেয় কর্ম্মের প্রভেদ এই যে, উপাসনা অনুষ্ঠানরূপিণী নহে। যেহেতু অনুষ্ঠানরূপিণী নহে, সেই হেতু তাহাতে বিশিষ্টবিধান উপপন্ন। বিশিষ্টবিধান উপপন্ন হয় বলিয়াই উদ্গীথাদি আশ্রয় বিষয়ে ফলের বিধান অবিরুদ্ধ। [তস্মাৎ···কল্পয়াঞ্চক্রুঃ] বিচারের উপসংহার এই যে, যেমন গোদোহনাদি কার্য্য ক্রতুর আশ্রয় (অঙ্গ) হইলেও ফলসম্বন্ধ থাকায় (কামনাবিশেষে অনুষ্ঠেয় হওয়ায়) অনিত্য, ঐচ্ছিক; তেমনি, উদ্গীথাদি উপাসনাও কর্ম্মাশ্রয়ে অনিত্য অর্থাৎ ঐচ্ছিক। এতৎকারণেই কল্পসূত্রকার ঋষিরা ঐরূপ ঐরূপ উপাসনাকে ক্রতু-মধ্যে প্রবিষ্ট করান নাই।

প্রদানবদেব তদুক্তম্ ॥ ৪৩ ॥*

বাজসনেয়কে "বদিষ্যাম্যেবাহমিতি বাগদধ্রে" ইত্যত্রাধ্যাত্মং বাগাদীনাং প্রাণঃ শ্রেষ্ঠোঽবধারিতোঽধিদৈবমগ্ন্যাদীনাং বায়ুঃ। তথা ছান্দোগ্যে "বায়ুর্ব্বাব সম্বর্গঃ" ইত্যত্রাধিদৈবমগ্ন্যাদীনাং বায়ুঃ সম্বর্গোঽবধারিতঃ 'প্রাণো বাব সম্বর্গঃ' ইত্যত্রাধ্যাত্মং বাগাদীনাং প্রাণঃ। তত্র সংশয়ঃ—কিং পৃথগ্বেমৌ বায়ুপ্রাণাবুপগন্তব্যৌ স্যাতামুতাপৃথগ্বেতি। অপৃথগিতি তাবৎ প্রাপ্তম্। তত্ত্বাভেদাৎ। ন হ্যভিন্নে তত্ত্বে পৃথগনুচিন্তনং ন্যায্য-

---

তত্তচ্ছব্দার্থালোচনয়া বায়ুপ্রাণয়োঃ স্বরূপাভেদে সিদ্ধে তদধীননিরূপণতয়া তদ্বিষয়োপাসনাপ্যভিন্না। ন চাধ্যাত্মাধিদৈবগুণভেদাদ্ভেদঃ। ন হি গুণভেদে গুণবতো ভেদঃ। ন হ্যগ্নিহোত্রং জুহোতীত্যুৎপন্নস্যাগ্নিহোত্রস্য তণ্ডুলাদিগুণভেদাদ্ ভেদোভবতি। উৎপদ্যমানকর্ম্মসংযুক্তো হি গুণভেদঃ কর্ম্মণোভেদকঃ।

বাজসনেয়ী ব্রাহ্মণে (বৃহদারণ্যক উপনিষদে) আছে—"আমি বলিব, এই ভাবিয়া বাগিন্দ্রিয় ধারণ করিলেন।" ইত্যাদি। এই শ্রুতিতে বচনেন্দ্রিয়াদির মধ্যে আধ্যাত্মিক গণনায় প্রাণ শ্রেষ্ঠ বলিয়া অবধারিত হইয়াছে এবং আধিদৈবিক গণনায় অগ্ন্যাদির মধ্যে বায়ুকে শ্রেষ্ঠত্ব পদে অভিষিক্ত করা হইয়াছে। ছান্দোগ্য উপনিষদেও আধিদৈবিক গণনায় "বায়ুই সম্বর্গ" ইত্যাদি ক্রমে অগ্ন্যাদির মধ্যে বায়ুর সম্বর্গত্ব এবং আধ্যাত্মিক গণনায় বচনেন্দ্রিয়াদির মধ্যে প্রাণের সম্বর্গত্ব কথিত হইয়াছে। [তত্র... ক্রমঃ] এখানে সংশয় হয় যে, বায়ু ও প্রাণ, এই দুই পদার্থ কি পৃথক্? অথবা অপৃথক্ (একই)? তাত্ত্বিক ভেদ না থাকায় প্রথমতঃ পাওয়া যায়, অপৃথক্ অর্থাৎ একই বস্তু। তাত্ত্বিক ব্যতীত পৃথক্ জ্ঞান করা ন্যায্য নহে। শ্রুতিও অধ্যাত্ম ও অধিদৈব ক্রমে তত্ত্বের অভেদ দেখাইয়াছেন। যথা—"অগ্নিই বাগিন্দ্রিয় হইয়া মুখে প্রবিষ্ট আছেন।"

---

* প্রদানবৎ প্রদানপৃথক্ত্বমিব বায়ুপ্রাণয়োঃপৃথক্ত্বং জ্ঞেয়ম্। তদুক্তং জৈমিনিনেতি শেষঃ। পূর্ব্বকাণ্ডে যথা সহাবদানশ্রুতের্দ্দেবৈক্যাচ্চ পুরোডাশানাং সহ প্রক্ষেপে প্রাপ্তেঽপি পৃথক্প্রক্ষেপঃ সিদ্ধান্তিতস্তথাঽত্রাপীতি দ্রষ্টব্যম্।—শ্রুতিতে বায়ুর ও প্রাণের পৃথক্ কথন আছে, অপৃথগুপদেশও আছে, তদ্দৃষ্টে সংশয় হয়, তদুভয় পৃথক্ কি অপৃথক্। প্রথমতঃ পাওয়া যায়, বায়ু ও প্রাণ অপৃথক্ অর্থাৎ একই বস্তু। সিদ্ধান্ত এই যে, পূর্ব্বকাণ্ডোক্ত পুরোডাশ প্রদান যদ্রূপ; এতৎকাণ্ডীয় বায়ু প্রাণের ভেদাভেদোক্তিও তদ্রূপ। তাৎপর্য্য এই যে, বায়ু ও প্রাণ এক নহে, একত্ব পুরস্কারে ধ্যান করাও বিধেয় নহে। ইহার বিস্তৃত বিবরণ ভাষ্য ব্যাখ্যায় দেখ।

ম্। দর্শয়তি চ শ্রুতিরধ্যাত্মমধিদৈবতঞ্চ তত্ত্বাভেদং 'অগ্নির্ব্বাগ্‌ভূত্বা মুখং প্রাবিশৎ' ইত্যারভ্য। তথা 'অত এতে সর্ব্ব এব সমাঃ সর্ব্বেঽনন্তাঃ' ইত্যাধ্যাত্মিকানাং প্রাণানামাধিদৈবিকীং বিভূতিমাত্মভূতাং দর্শয়তি। তথান্যত্রাপি তত্র তত্রাধ্যাত্মমধিদৈবঞ্চ বহুধা তত্ত্বাভেদদর্শনং ভবতি। ক্বচিচ্চ 'যঃ প্রাণঃ স বায়ুঃ' ইতি বিস্পষ্টমেব বায়ুং প্রাণঞ্চৈকীকরোতি। তথোদাহৃতেঽপি বাজসনেয়িব্রাহ্মণে "যতশ্চোদেতি সূর্য্যঃ" ইত্যস্মিন্ উপসংহারশ্লোকে 'প্রাণাদ্বা এষ উদেতি প্রাণেঽস্তমেতি' ইতি প্রাণেনৈবোপসংহরন্নেকত্বং দর্শয়তি। "তস্মাদেকমেব ব্রতঞ্চরেৎ প্রাণ্যাচ্চৈবাপান্যাচ্চ" ইতি চ প্রাণব্রতেনৈবৈকেনোপসংহরন্নেতদেব দ্রঢ়য়তি। তথা ছান্দোগ্যেঽপি "পরস্তান্মহাত্মনশ্চতুরো দেব একঃ কঃ সো জগার ইত্যেকমেব সম্বর্গং গময়তি ন ব্রবীত্যেক একেষাঞ্চতুর্ণাং সম্বর্গোঽপরো-

---

যথামিক্ষাবাজিনসংযুক্তযোঃ কর্ম্মণোর্নোৎপন্নকর্ম্মসংযুক্তঃ অধ্যাত্মাধিদৈবোপদেশেষু চোৎপন্নোপাসনাসংযোগঃ তথোপক্রমোপসংহারালোচনয়া বিদ্যৈকত্ববিনিশ্চয়াদেকৈব সকৃৎ প্রবৃত্তিরিতি পূর্ব্বপক্ষঃ। বাদ্ধান্তস্তু—সত্যং বিদ্যৈকত্বং তথাপি গুণভেদাৎ প্রবৃত্তিভেদঃ। সায়ংপ্রাতঃকালগুণভেদাদ্যথৈকস্মি-

---

ইত্যাদি। অপিচ, শ্রুতি আধ্যাত্মিক প্রাণগণের (ইন্দ্রিয়দিগের) আত্মভূত আধিদৈবিক ঐশ্বর্য্য "ইহারা সকলেই সমান, সকলেই অনন্ত" ইত্যাদি ক্রমে প্রদর্শন করিয়াছেন। শ্রুত্যন্তরেও অধ্যাত্ম অধিদৈব গণনায় নানা ভাবে বস্তুতত্ত্বের অভেদ (একত্ব) প্রদর্শিত হইয়াছে। কোন কোন শ্রুতিতে "যে প্রাণ—সে-ই বায়ু" এবংক্রমে স্পষ্টাভিধানে বায়ুর সহিত প্রাণের একত্ব বর্ণনা আছে। উল্লিখিত বাজসনেয়ী ব্রাহ্মণেও "সূর্য্য যাহা হইতে উদয় প্রাপ্ত হন" ইত্যাদি প্রস্তাবের শেষ শ্লোকে "সূর্য্য প্রাণ হইতে উদিত ও প্রাণে অস্তমিত হন" এইরূপ বলিয়া প্রাণমহিমাবর্ণনের উপসংহার করায় প্রাণের সহিত বায়ুর একত্ব (অভেদ) বুঝাইয়া দেওয়া হইয়াছে। "সেই হেতু একই ব্রত অবলম্বন করিবেক। প্রাণন করিবেক এবং অপানন করিবেক।" (প্রাণন=শ্বাস। অপানন=প্রশ্বাস)। এই শ্রুত্যুক্ত প্রাণ-ব্রতও ঐ একত্বকে দৃঢ় (অবিচাল্য) করিতেছে। ছান্দোগ্য উপনিষদেও একের সম্বর্গতা (উপসংহারকর্তৃত্ব) দর্শিত হইয়াছে। যথা—"অগ্নি, সূর্য্য, জল ও

হপরেষাম্।" তস্মাদপৃথক্ত্বমুপগমনস্যেত্যেবং প্রাপ্তে ব্রূমঃ। পৃথগেব বায়ুপ্রাণাবুপগন্তব্যাবিতি। কস্মাৎ। পৃথগুপদেশাৎ। আধ্যানার্থো হ্যয়মধ্যাত্মাধিদৈববিভাগোপদেশঃ সোঽসত্যাধ্যানপৃথক্ত্বেঽনর্থক এব স্যাৎ। ননূক্তমপৃথগনুচিন্তনং তত্ত্বাভেদাদিতি। নৈষ দোষঃ। তত্ত্বাভেদেঽপ্যবস্থাভেদাদুপদেশভেদবশেনানুচিন্তনভেদোপপত্তেঃ। শ্লোকোপন্যাসস্য চ তত্ত্বাভেদাভিপ্রায়েণাপ্যুপপদ্যমানস্য পূর্ব্বোদিতধ্যেয়ভেদনিরাকরণসামর্থ্যাভাবাৎ। "স যথৈষাং প্রাণানাং মধ্যমঃ প্রাণ এবমেতাসাং দেবতানাং বায়ুঃ" ইতি চোপমানোপমেয়করণাৎ। এতেন ব্রতোপদেশো ব্যাখ্যাতঃ। একমেব ব্রতমিতি

ন্নপ্যগ্নিহোত্রে প্রবৃত্তিভেদ এবমিহাপ্যধ্যাত্মাধিদৈবগুণভেদাদুপাসনস্যৈকস্যাপি প্রবৃত্তিভেদ ইতি সিদ্ধম্। "আধ্যানার্থো হ্যয়মধ্যাত্মাধিদৈববিভাগোপদেশ" ইতি। অগ্নিহোত্রস্যেবাধ্যানস্য কৃতে দধিতণ্ডুলাদিবদয়ং পৃথগুপদেশঃ। "এতেন ব্রতোপদেশ" ইতি। এতেন তত্ত্বাভেদেন। এবকারশ্চ বাগাদিব্রতনিরাকরণার্থঃ। নন্বেতস্যৈ দেবতায়ৈ ইতি দেবতামাত্রং শ্রূয়তে ন তু বায়ুঃ।

জন এই ৪ ও বাক্, চক্ষুঃ, শ্রোত্র ও মন, এই ৪, চার চার আট দেবতা একই এবং সেই একই প্রজাপতি সমুদায়কে উপসংহার প্রাপ্ত করান বা জীর্ণ করেন। কেহ ভেদ বলেন নাই অর্থাৎ উহাদের মধ্যে ভিন্নতা নাই। ঐ ৪টীর মধ্যে এক একের সম্বর্গ, অপর অপরের সম্বর্গ, অর্থাৎ সংহারক বা জীর্ণ কারক।" অতএব, উভয়ে অপৃথক্ অর্থাৎ তদ্দ্বয়ের একত্বই গ্রাহ্য। এইরূপ পূর্ব্বপক্ষ প্রাপ্ত হওয়ায় তৎপরিশোধনার্থ সূত্র বলিতেছেন—প্রদানবদেব। [পৃথগেব...সংহরতি] বায়ু ও প্রাণ পৃথক্, এই পক্ষই স্বীকার্য্য। কারণ, পৃথক্ উপদেশ দৃষ্ট হয়। যখন ধ্যানের নিমিত্ত আধ্যাত্মিক ও আধিদৈবিক বিভাগের উপদেশ হইয়াছে, ধ্যেয়ের অত্যন্ত ঐক্য থাকিলে তাদৃশ উপদেশ অবশ্যই ব্যর্থ হইবে। বস্তুতত্ত্বে ভেদ না থাকিলেই অভেদ ধ্যান করা কর্ত্তব্য, এইরূপ বলিয়াছিলে, আপত্তি করিয়াছিলে, পরন্তু তাহা ন্যায্য নহে। বস্তুতত্ত্বের অভেদ থাকিলেও ভেদোপদেশ হইতে পারে। হইলে দোষ হয় না। যখন অবস্থাভেদ আছে তখন তদনুসারী উপদেশের বলে অবশ্যই ধ্যানের ভেদ হইবে। না হইবে কেন? যদিও শ্লোকপরিপাটী তত্ত্বাভেদ পক্ষেই সঙ্গত, তথাপি, তাহার পূর্ব্বোদিত ধ্যেয়-

চৈবকারো বাগাদিব্রতনিবর্ত্তনেন প্রাণব্রতপ্রতিপত্ত্যর্থঃ। ভগ্ন-ব্রতানি হি বাগাদীন্যুক্তানি 'তানি মৃত্যুঃ শ্রমো ভূত্বোপযেমে' ইতি শ্রুতের্ন বায়ুব্রতনিবৃত্ত্যর্থঃ। 'অথাতো ব্রতমীমাংসা' ইতি প্রস্তুত্য তুল্যবদ্বায়ুপ্রাণয়োরভগ্নব্রতত্বস্য নির্ধারিতত্বাৎ। 'একমেব ব্রতঞ্চরেৎ' ইতি চোক্ত্বা 'তেনো এতস্যৈ দেবতায়ৈ সাযুজ্যং সলোকতাং জয়তি' ইতি বায়ুপ্রাপ্তিং ফলং ব্রুবন্ বায়ুব্রতমনিবর্ত্তিতং দর্শয়তি। দেবতেত্যত্র বায়ুঃ স্যাদপরিচ্ছিন্নাত্মত্বস্য প্রেপ্সিতত্বাৎ পুরস্তাৎ প্রয়োগাচ্চ "সৈষাঽনস্তমিতা দেবতা যদ্বায়ুঃ" ইতি। তথা "তৌ বা এতৌ দ্বৌ

তৎ কথং বায়ুপ্রাপ্তিমাহ ইত্যত আহ—"দেবতেত্যত্র বায়ু"রিতি। বায়ুঃ খল্বগ্ন্যাদীন্ সংবৃণুত ইত্যগ্ন্যাদীনপেক্ষ্যানবচ্ছিন্নোঽগ্ন্যাদযস্তু তেনৈবাবচ্ছিন্না

ভেদ নিবারণ করিবার সামর্থ্য নাই। অর্থাৎ সে শ্লোকে অধ্যাত্মাদি অবস্থাভেদ ঘটিত ধ্যান নিষিদ্ধ হইতেছে না। "ইনি যেমন প্রাণগণের মধ্যে মধ্যম, তেমনি দেবগণের মধ্যে বায়ু।" এই শ্রুতি উপমার দ্বারা ঐ অর্থের দৃঢ়তা দেখাইয়াছেন। ব্রতঘটিত কথাটীও ঐরূপ জানিবে। বাক্-ব্রতাদির নিবৃত্তি বা নিষেধপূর্ব্বক প্রাণব্রত বুঝাইবার জন্য "একই ব্রত" বলা হইয়াছে। আবও দেখ, শ্রুতি বাক্‌প্রভৃতিকে ভগ্নব্রত বলিয়াছেন। যথা—"মৃত্যু শ্রমরূপী হইয়া তাহাদিগকে গ্রহণ করিল।" ইত্যাদি। এ উক্তি বায়ুব্রত নিবর্ত্তক নহে। "অনন্তর ব্রতবিচার—" এইরূপে প্রোক্ত প্রস্তাব আরব্ধ হইয়া পরে বায়ু-প্রাণ-ব্রত তুল্য অভগ্ন, ইহা নির্ধারিত হইয়াছে। "একই ব্রত আচরণ (অনুষ্ঠান) করিবেক" শ্রুতি এইরূপ বলিয়া পরে "এই দেবতার সাযুজ্য ও সালোক্য প্রাপ্ত হয়" এইরূপ বাক্যে বায়ুলোক প্রাপ্তিরূপ ফল হওয়ার কথা বলিয়াছেন, বলিয়া বায়ুব্রতের অনিবৃত্তি দৃঢ় করিয়াছেন। প্রোক্ত বাক্যস্থ উপাসনায় উপাস্য দেব বায়ু। কেননা, তাদৃশ উপাসক বায়ুর ন্যায় অপরিচ্ছিন্নাত্মতা লাভ করিতে ইচ্ছুক এবং ঐ বাক্যের পরে বায়ু-শব্দেরও প্রয়োগ আছে। যথা—"এই যে বায়ু, ইনিই অনস্তমিত দেবতা।" (অস্ত=অদর্শন বা বিনাশ)। আরও দেখ, শ্রুতি "উভয়েই সম্বর্গ, দেবতার মধ্যে বায়ু এবং প্রাণগণের মধ্যে প্রাণ (মুখ্য প্রাণ)।" এইরূপে উক্ত উভয়ের ভিন্নতা দেখাইয়াছেন। এতদ্ভিন্ন, প্রস্তাবের উপসংহার কালেও উভয়ের ভেদ বর্ণন আছে। যথা—"এক

সম্বর্গো বায়ুরেব দেবেষু প্রাণঃ প্রাণেষু” ইতি ভেদেন ব্যপদিশতি “তে বা এতে পঞ্চান্যে পঞ্চান্যে দশ সন্তস্তৎকৃতম্” ইতি চ ভেদেনৈবোপসংহরতি। তস্মাৎ পৃথগেবোপগমনম্। প্রদানবৎ যথা “ইন্দ্রায় রাজ্ঞে পুরোডাশমেকাদশকপালমিন্দ্রিয়াধিরাজায়েন্দ্রায় স্বরাজ্ঞে” ইত্যস্যাং ত্রিপুরোডাশিন্যামিষ্ট্যাং ‘সর্ব্বেষামভিগময়ন্নবদ্যত্যচ্ছং বট্‌কারম্’ ইত্যতো বচনাদিন্দ্রাভেদাচ্চ সহপ্রদানাশঙ্কায়াং রাজাদিগুণভেদাৎ যাজ্যানুবাক্যাব্যত্যাসবিধানাচ্চ যথান্যাসমেব দেবতাপৃথক্ত্বাৎ প্রদানপৃথক্ত্বং ভবত্যেবং তত্ত্বাভেদেঽপ্যাধ্যেয়াংশপৃথক্ত্বাদাধ্যানপৃথক্ত্বমিত্যর্থঃ। তদুক্তং সঙ্কর্ষে “নানা বা দেবতা পৃথগ্‌জ্ঞানাৎ” ইতি [জৈ০ সূত্র০]। তত্র তু দ্রব্যদেবতাভেদাৎ যাগভেদোঽপি বিদ্যতে নৈবমিহ বিদ্যাভেদোঽস্তি। উপক্রমোপসংহারাভ্যামধ্যাত্মাধিদৈবোপদেশেষ্বেকবিদ্যাবিধানপ্রতীতেঃ। বিদ্যৈক্যেঽপি ত্বধ্যাত্মাধিদৈবভেদাৎ প্রবৃত্তিভেদো ভবত্য-

ইতি সম্বর্গগুণতয়া বায়ুবনবচ্ছিন্না দেবতা। “সর্ব্বেষামভিগময়ন্নি”তি। মিলিতানাং শ্রবণাবিশেষাদিন্দ্রস্য দেবতায়া অভেদাৎ ত্রয়াণামপি পুরোডাশানাং সহপ্রদানাশঙ্কায়ামুৎপত্তিবাক্য এব রাজাধিরাজস্বরাজগুণভেদাৎ যাজ্যানুবাক্যাব্যত্যাসবিধানাচ্চ যথান্যাসমেব দেবতাপৃথক্ত্বাৎ প্রদানপৃথক্ত্বং ভবতি।

পাঁচ ও অন্য পাঁচ, মিলনে দশ।” [তস্মাৎ ..দিত্যুক্তম্] অতএব, প্রদানের দৃষ্টান্তে বায়ু-প্রাণের পার্থক্য জ্ঞাত হইবে। শ্রুতি আছে—“রাজা ইন্দ্রের, ইন্দ্রিয়াধিরাজ ইন্দ্রের ও স্বর্গের রাজা ইন্দ্রের উদ্দেশে একাদশকপাল পুরোডাশ প্রদান করিবেন।” (একাদশকপাল পুরোডাশ=১১টী পাত্রে কৃতপাক পিষ্টক। কপাল=পাত্র। পুরোডাশ=পিষ্টকবিশেষ।) এই শ্রুতিতে ত্রিপুরোডাশিনী ইষ্টি (যাগ) অভিহিত হইয়াছে। এই ইষ্টিতে ঐ ত্রিবৃ দেবতাকে স্বাভিমুখে প্রাপ্ত হওয়ায় এবং “বট্‌কারাখ্য দেবতার ভাগস্বরূপ হবিঃ (হোমীয় দ্রব্য) গ্রহণ অথবা ঐ সমুদায় দেবতার উদ্দেশে এক কালে হবির্গ্রহণ করিবেক।” এই বাক্যে ইন্দ্রের অভেদ বা একত্ব প্রযুক্ত সহ প্রদান আশঙ্কা উপস্থাপিত করিয়া সিদ্ধান্ত করিয়াছেন (জৈমিনি) যে,

গ্নিহোত্র ইব সায়ংপ্রাতঃকালভেদাদিত্যভিপ্রেত্য প্রদানবদি-ত্যুক্তম্ ॥ ৪৩ ॥

সহপ্রদানে হি ব্যত্যাসবিধানমনুপপন্নম। ক্রমবতি প্রদানে ব্যত্যাসবিধিরর্থবান্। তথাবিধস্যৈব ক্রমস্য বিবক্ষিতত্বাৎ। সুগমমন্যৎ।

বাজাদি গুণ পরস্পর বিভিন্ন, সেই হেতু এবং যাজ্যানুবাক্যা * মন্ত্রের প্রয়োগ বৈপরীত্য হেতু পার্থক্য (যাগীয় দেবতার পার্থক্য) নিশ্চয় হওয়ায় পাঠানুরূপ পৃথক্ প্রদান স্বীকার্য্য। অর্থাৎ ইন্দ্র এক হইলেও বাজ গুণ, ইন্দ্রিয়াধিবাজ গুণ ও স্বর্গবাজ গুণ এক নহে। যেহেতু এক নহে সেই হেতু সেই সেই গুণের যোগে সেই সেই ইন্দ্র ভিন্ন। যেহেতু যাগীয় দেবতা ইন্দ্র উক্ত প্রকারে বিভিন্ন, সেই হেতু তাঁহাদের উদ্দেশে হবির্গ্রহণও বিভিন্ন সুতরাং যুগপৎ বা এককালে হবির্গ্রহণ করিবেক না। যেমন এতৎস্থলে হবিঃপ্রদানের পার্থক্য, তেমনি, প্রস্তাবিত স্থলে প্রাণের ও বায়ুর তাত্ত্বিক অভেদ থাকিলেও ধ্যেয় অংশে ভেদ থাকায় ধ্যানেরও ভেদ (পার্থক্য) হইবেক। এ সিদ্ধান্ত সঙ্কর্ষকাণ্ডে অর্থাৎ জৈমিন্যুক্ত দেবতাকাণ্ডে কথিত হইয়াছে। যথা—"নিশ্চয়ই দেবতা নানা। কেননা নানা বা পৃথক্‌রূপে জ্ঞান হয় অর্থাৎ বাজাদিগুণভেদ দৃষ্টে ভিন্ন বলিয়া প্রতীত হয়।" সেখানে যদিও দধ্যাদি দ্রব্যের ও দেবতার ভেদ থাকায় যাগভেদ আছে, তাহা থাকুক, কিন্তু এখানে তাহার অনুরূপে বিদ্যাভেদ (বিদ্যা = জ্ঞানাত্মক উপাসনা) নাই। আধ্যাত্মিক ও আধিদৈবিক উপদেশ দৃষ্ট হইলেও উপক্রম ও উপসংহার দ্বারা এক, বিদ্যারই বিধান হইয়াছে বলিয়া স্থির হয়। বিদ্যার বা উপাসনার প্রকারান্তরে ঐক্য থাকিলেও অধ্যাত্ম অধিদৈব ভেদ থাকায় প্রবৃত্তির ভেদ হইবেক। যেমন অগ্নিহোত্র এক, তথাপি সায়ং ও প্রাতঃ, এই দুই কাল ভেদ থাকায় অগ্নিহোত্রেরও কালিক ভেদ স্বীকৃত হয়, সেইরূপ। ফলিতার্থ—অবস্থাভেদ, দেবতাভেদ ও প্রয়োগভেদ, এই তিন্ অংশে দৃষ্টান্ত, সার্ব্বাত্মিক দৃষ্টান্ত নহে।

---

* "বল—যাগ্ কর' এই কথা বলার পর যে মন্ত্র পঠিত হয় সেই মন্ত্র যাজ্যা। "[illegible] —পরে বল" এইরূপ আজ্ঞার পর যে মন্ত্র অধীত হয়, তাহা অনুবাক্যা। যাজ্যানুবাক্যা [illegible] ভিন্ন; কিন্তু কথিত যাগে তাহার বৈপরীত্য আছে। যাহা যাজ্যা, কথিত যাগে [illegible] অনুবাক্যা।

লিঙ্গভূয়স্ত্বাৎ তদ্ধি বলীয়স্তদপি ॥ ৪৪ ॥*

বাজসনেয়িনোঽগ্নিরহস্যে 'নৈব বা ইদমগ্রে সদাসীৎ' ইত্যস্মিন্ ব্রাহ্মণে মনোঽধিকৃত্যাধীয়তে 'ষট্‌ত্রিংশতং সহস্রাণ্যপশ্যদাত্মনোঽগ্নীনর্কান্ মনোময়ান্মনশ্চিতঃ' ইত্যাদি। তথৈব 'বাক্‌চিতঃ প্রাণচিতশ্চক্ষুশ্চিতঃ শ্রোত্রচিতঃ কর্ম্মচিতোঽগ্নিচিতঃ' ইতি পৃথগগ্নীনামনন্তি সাম্পাদিকান্। তেষু সংশয়ঃ।

ইহ সিদ্ধান্তেনোপক্রম্য পূর্ব্বপক্ষয়িত্বা সিদ্ধান্তয়তি। তত্র যদ্যপি ভূয়াংসি সন্তি লিঙ্গানি মনশ্চিদাদীনাং স্বাতন্ত্র্যসূচকানি—তথাপি ন তানি স্বাতন্ত্র্যেণ স্বাতন্ত্র্যং প্রতি প্রাপকাণি প্রমাণপ্রাপিতস্য স্বাতন্ত্র্যমুপোদ্বলয়ন্তি। ন চাত্রাস্তি স্বাতন্ত্র্যপ্রাপকং প্রমাণম্। ন চেদং সামর্থ্যলক্ষণং লিঙ্গং যেনাঽস্য স্বাতন্ত্র্যেণ প্রাপকং ভবেৎ। তদ্ধি সামর্থ্যমভিধানস্য বার্থস্য বা স্যাদ্যথা পূষাদ্যনুমন্ত্রণমন্ত্রস্য।

বাজসনেয়ীরা তাহাদের অগ্নিরহস্যকাণ্ডে "সৃষ্টির পূর্ব্বে এ সকল সৎ ছিল না অসৎও ছিল না," ইত্যাদি কথার পরে মনের প্রস্তাব বা উৎপত্তি বর্ণনা করিয়া বলিয়াছেন—"মনঃ আত্মসম্বন্ধীয়, পূজ্য, মনোময় ও মনশ্চিৎ (মনোময়=মনোবৃত্তিময়। মনশ্চিৎ=মনের দ্বারা নিষ্পন্ন) ছত্রিশ হাজার অগ্নি দেখিতে পাইলেন।" এতদ্ভিন্ন, "বাক্‌চিৎ, প্রাণচিৎ, চক্ষুশ্চিৎ, শ্রোত্রচিৎ, কর্ম্মচিৎ ও অগ্নিচিৎ" ইত্যাদি ক্রমে পৃথক্ অগ্নি পাঠ করিয়াছেন। (বাক্‌চিৎ=বাগিন্দ্রিয় সম্পাদিত। প্রাণচিৎ প্রভৃতিও প্রোক্ত প্রকারে ব্যাখ্যাত হয়। কথা গুলির তাৎপর্য্য এই যে, ইন্দ্রিয় সকল আপন আপন অসংখ্য বৃত্তিরূপ অগ্নি দেখিতে পাইলেন। সে সকল অগ্নি বাস্তবাগ্নি নহে; কিন্তু সাম্পাদিকাগ্নি। সাম্পাদিক=ভাবনা বলে সম্পন্ন করা বা অগ্নিভাবে দেখা।) [তেষু...ভূয়স্ত্বাদিতি] এখানেও সংশয়—ঐ সকল অগ্নি ক্রিয়াঙ্গ অগ্নি কি-না। অর্থাৎ ঐ সকল কি যাগনিষ্পাদনার্থ কল্পিত? কি উপা-

---

* বাজিব্রাহ্মণোক্তমনশ্চিদাদয়োঽগ্নয়ঃ স্বতন্ত্রা বিদ্যাত্মকা এব। কুতঃ? লিঙ্গভূয়স্ত্বাৎ। হি যতঃ। তৎ লিঙ্গং প্রকরণাৎ বলীয়ো বলবৎ। তদপি লিঙ্গবলবত্ত্বমপি পূর্ব্বকাণ্ডে জৈমিনীয়নয়ে উক্তং কথিতং জৈমিনিনেতি যোজনীয়ম্।—বাজসনেয়ি-ব্রাহ্মণে মনশ্চিৎ প্রভৃতি কতকগুলি সাম্পাদিক অগ্নি অভিহিত হইয়াছে। সে সকল অগ্নি যাগাঙ্গ অগ্নি নহে, কিন্তু বিদ্যাঙ্গ অর্থাৎ উপাসনার অঙ্গ। কেননা, সেই সেই স্থানে বহুল উপাসনাঙ্গবোধক চিহ্ন দেখা যায়। প্রকরণ অনুসারে কর্ম্মের আকর্ষণ হইলেও প্রকরণ অপেক্ষা লিঙ্গের প্রাবল্য থাকায় তাহা কর্ম্মাঙ্গবোধনে সমর্থ নহে। জৈমিনি মুনি প্রকরণ অপেক্ষা লিঙ্গের বলবত্তা বলিয়াছেন।

কিমেতে মনশ্চিদাদয়ঃ ক্রিয়ানুপ্রবেশিনস্তচ্ছেষভূতা উত স্বতন্ত্রাঃ কেবলবিদ্যাত্মকা ইতি। তত্র প্রকরণাৎ ক্রিয়ানুপ্রবেশে প্রাপ্তে স্বাতন্ত্র্যং তাবৎ প্রতিজানীতে লিঙ্গভূয়স্ত্বাদিতি। ভূয়াংসি হি লিঙ্গান্যস্মিন্ ব্রাহ্মণে কেবলবিদ্যাত্মকত্বমেষামুপোদ্বলয়ন্তি দৃশ্যন্তে। 'তদ্‌যৎ কিঞ্চেমানি ভূতানি মনসা সঙ্কল্পয়ন্তি তেষামেব সা কৃতিরিতি। তান্ হৈতানেবং-

---

প্রযানুমন্ত্রণে যথা বা পশুনা যজেতেতি একত্বসঙ্খ্যায়া অর্থস্য সঙ্খ্যেয়াবচ্ছেদসামর্থ্যম্। ন চেদমন্যস্যার্থদর্শনলক্ষণং লিঙ্গম্। তথা স্তুত্যর্থেন নাস্য বিধ্যুদ্দেশৈকবাক্যতয়া বিধিপরত্বাৎ। তস্মাদসতি সামর্থ্যলক্ষণে বিরোদ্ধরি প্রকরণমপ্রত্যূহং মনশ্চিদাদীনাং ক্রিয়াশেষতামবগময়তি। ন চ তে হৈতে বিদ্যাচিত

সনার্থ কথিত? প্রকরণ অনুসারে ক্রিয়াঙ্গ বলিয়াই প্রতীত হয়, সূত্রকার সেই প্রতীতি নিবারণার্থ ঐ সকলের স্বাতন্ত্র্য নির্দ্দেশ করিয়া সূত্র বলিতেছেন। স্বাতন্ত্র্য পক্ষে লিঙ্গবাহুল্য অর্থাৎ স্বাতন্ত্র্যবোধক বহুতর চিহ্ন বিদ্যমান থাকায় ঐ সকল অগ্নি স্বতন্ত্র। অর্থাৎ ক্রিয়াঙ্গ নহে। [ভূয়াংসি...প্রকর্ষাৎ] উল্লিখিত ব্রাহ্মণে (বেদভাগে) এমন অনেক গুলি চিহ্ন আছে—যে সকল চিহ্ন ঐ সকলের (মনশ্চিৎ প্রভৃতির) নিরবচ্ছিন্ন বিদ্যাঙ্গতা (উপাসনার অঙ্গভাব) বোধ করায়। "এই সকল ভূত (প্রাণী) মনে মনে যৎকিঞ্চিৎ—যে কিছু—সংকল্প করে, সে যৎকিঞ্চিৎ-ই সেই সকল অগ্নির কার্য্য বলিয়া গণ্য।" "সমুদায় ভূত অর্থাৎ সর্ব্বপ্রাণী সর্ব্বদা জাগ্রৎ অথবা সুপ্ত তদ্‌জ্ঞানীর উদ্দেশে সেই সকল অগ্নি চয়ন করে।" ইত্যাদি। এখানে দেখ, আমি সর্ব্বপ্রাণীর মনোবৃত্তির দ্বারা সর্ব্বক্ষণই অগ্নিচয়ন করিতেছি, এই ধ্যান যখন দৃঢ় বা অবিচাল্য হয়, তখন, সর্ব্বপ্রাণিকৃত যে-কিছু সংকল্প—সমস্তই তাহার অগ্নিকার্য্য বা অগ্নিচয়ন বলিয়া গণ্য হয়। এই অর্থটী মনশ্চিৎ প্রভৃতি অগ্নির ক্রিয়াঙ্গতার নিষেধক এবং উপাসনাঙ্গতার বোধক। যাহা ক্রিয়াঙ্গ—তাহা যৎকিঞ্চিৎ করণে সিদ্ধ হয় না। অপিচ, যে এবংবিৎ অর্থাৎ যে ঐরূপ উপাসক, প্রাণিসকল সর্ব্বদা তদুদ্দেশে তদীয় অগ্নি (মনোবৃত্তিরূপ অগ্নি) চয়ন করে, এ কথাও উপাসনাঙ্গ অগ্নির দ্যোতক। যে অগ্নি ক্রিয়াঙ্গ—সে অগ্নি শাস্ত্রোক্ত সময়ে অনুষ্ঠেয়; সর্ব্বদা অনুষ্ঠেয় নহে। যেমন সর্ব্বদা অনুষ্ঠেয় নহে, তেমনি, সকলের অনুষ্ঠেয়ও নহে। সর্ব্বদানুষ্ঠেয় ও সর্ব্বানুষ্ঠেয় উক্তি থাকায় উক্তাগ্নির উপাসনাঙ্গতা

বিদে সর্ব্বদা সর্ব্বাণি ভূতানি চিন্বন্ত্যপি স্বপতে' ইতি চৈবঞ্জাতীয়কানি। তদ্ধি লিঙ্গং প্রকরণাদ্বলীয়ঃ। তদপ্যুক্তং পূর্ব্বস্মিন্ কাণ্ডে 'শ্রুতিলিঙ্গবাক্যপ্রকরণস্থানসমাখ্যানাং সমবায়ে পারদৌর্ব্বল্যমর্থবিপ্রকর্ষাৎ' ইতি [জৈ০সূ০] ॥ ৪৪ ॥

পূর্ব্ববিকল্পঃ প্রকরণাৎ স্যাৎ ক্রিয়া মানসবৎ ॥ ৪৫ ॥*

নৈতদ্যুক্তং স্বতন্ত্রা এতেঽগ্নয়োঽনন্যশেষভূতা ইতি।

এবেত্যবধারণশ্রুতিঃ ক্রিয়ান্তপ্রবেশং বারয়তি যেন শ্রুতিবিরোধে সতি ন প্রকরণং ভবেৎ বাহ্যসাধনতাপাকরণার্থত্বাদবধারণস্য। ন চ বিদ্যয়া হৈব বিদশ্চিতা ভবন্তীতি পুরুষসম্বন্ধমাপাদয়দ্বাক্যং প্রকরণমপবাধিতুমর্হতি।

অন্যার্থদর্শনং খল্বেতদপি। ন চ তৎস্বাতন্ত্র্যেণ প্রাপকমিত্যুক্তম্। তস্মাত্ত-

---

ব্যতীত ক্রিয়াঙ্গতা সিদ্ধ হয় না। অপিচ, ষট্‌ত্রিংশৎ সহস্র সংখ্যাও উপাসনাঙ্গতার বোধক চিহ্ন। এই সকল লিঙ্গ বা চিহ্ন প্রকরণ অপেক্ষা বলবান্, সুতরাং এই সকলের দ্বারাই প্রকরণলভ্য অর্থের বাধ হয় এবং লিঙ্গলভ্য অর্থের সুদৃঢ় প্রতীতি হইয়া থাকে। এ কথা পূর্ব্বকাণ্ডেও (জৈমিনিকৃত পূর্ব্বমীমাংসায়) কথিত হইয়াছে। যথা—"শ্রুতি, লিঙ্গ, বাক্য, প্রকরণ, স্থান ও সমাখ্যা, এ সকলের সমবায় হইলে অর্থাৎ একত্র দর্শন হইলে, অর্থের দূরতা হেতু ঐ সকলের পর পর দুর্ব্বল জানিবে।" সুতরাং লিঙ্গ অপেক্ষা প্রকরণ দুর্ব্বল, দুর্ব্বল বলিয়া তল্লভ্য অর্থ লিঙ্গলভ্য অর্থের নিকট বাধিত।

[পুনর্ব্বার, পূর্ব্বপক্ষ] যাহা বলিলে তাহা যুক্তিযুক্ত নহে। অর্থাৎ

---

* পূর্ব্বস্য "হষ্টকাভিরগ্নিং চিনুতে" ইত্যুক্তস্য "স এষ ত্বিষ্টকাগ্নিঃ" ইত্যেতস্য সন্নিহিতস্যৈবা হয়ং বিকল্পঃ সঙ্কল্পময়ত্বাখ্যপ্রকারভেদোপদেশঃ ত্রিযাগ্নিবৎ সাঙ্কল্পিকাঽগ্নয়োঽপ্যঙ্গমিতি যাবৎ। প্রকরণাৎ অর্থবাদবাক্যস্থলিঙ্গাপেক্ষয়া বলীয়সাঃ সাম্পাদিকা অপ্যেতে অগ্নয়ঃ ক্রিয়ান্তপ্রবেশিন্য এব। মানসবদিতি দৃষ্টান্তঃ। যথা মানসোঽপি গ্রহকল্পঃ প্রকরণাৎ ক্রিয়াশেষ এবমিহাপীতি সূত্রাঙ্গবার্থঃ।—ঐ সকল মনশ্চিতাদি অগ্নি স্বতন্ত্র এ কথা ন্যায্য নহে। কারণ, উহারই পূর্ব্ব ইষ্টকাগ্নির প্রস্তাব আছে, সুতরাং ঐ উপদেশ তাহারই বিকল্প অর্থাৎ প্রকারভেদ ইহা বিবেচনা করিতে হইবে। যেমন মনঃকল্পিত গ্রহ অর্থাৎ সোমরস ও পাত্র প্রভৃতি সাংকল্পিক হইলেও ক্রিয়াঙ্গ বলিয়া গ্রাহ্য, সেইরূপ, মনশ্চিৎ প্রভৃতি সাম্পাদিক অগ্নিও ক্রিয়াঙ্গ বলিয়া গ্রাহ্য। (ভাষ্য ব্যাখ্যা দেখ)।

পূর্ব্বস্য ক্রিয়াময়স্যাগ্নেঃ প্রকরণাৎ তদ্বিষয় এবায়ং বিকল্প-বিশেষোপদেশঃ স্যান্ন স্বতন্ত্রঃ। ননু প্রকরণাল্লিঙ্গং বলীয়ঃ, সত্যমেব তৎ, লিঙ্গমপি ত্বেবঞ্জাতীয়কং ন প্রকরণাৎ বলীয়ো ভবতি। অন্যার্থদর্শনং হ্যেতৎ সাম্পাদিকাগ্নিপ্রশংসারূপত্বাৎ। অন্যার্থদর্শনঞ্চাসত্যামন্যস্যাং প্রাপ্তৌ গুণবাদেনাপ্যুপপদ্যমানং ন প্রকরণং বাধিতুমুৎসহতে। তস্মাৎ সাম্পাদিকা অপ্যেতে-

---

দপি ন প্রকরণবিরোধায়ালমিতি সাম্পাদিকা অপ্যেতে অগ্নয়ঃ প্রকরণাৎ ক্রিয়ানুপ্রবেশিন এব মানসবৎ। দ্বাদশাহে তু শ্রূয়তে- অনয়া ত্বা পাত্রেণ সমুদ্রং রসয়া প্রাজাপত্যং মনোগ্রহং গৃহ্লামীতি। তত্র সংশয়ঃ। কিং মানসং দ্বাদশাহাদহরন্তরমুত তন্মধ্যপাতিনো দশমস্যাহ্নোঽঙ্গমিতি। তত্র বাগ্বৈ দ্বাদশাহো মনো মানসমিতি মানসস্য দ্বাদশাহাদ্ভেদেন ব্যপদেশাদ্বাঙ্মনসভেদবদ্ভেদঃ। নির্দ্ধৃতানি দ্বাদশাহস্য গতরসানি ছন্দাংসি তানি মানসেনৈবাপ্যায়ন্তীতি চ দ্বাদশাহস্য মানসেন স্তূয়মানত্বাদ্ভেদে চ সতি স্তুতিস্তুত্যভাবস্যোপপত্তেঃ। দ্বাদশাহাদহরন্তরং ন তদঙ্গং পত্নীসংযাজান্তত্বাচ্চাহ্না পত্নীঃ, সংযাজ্য মানসায়

ঐ সকল অগ্নি কাহার অঙ্গ নহে; প্রত্যুত স্বতন্ত্র, এ কথা ন্যায্য নহে। কারণ এই যে, ঐ সকল অগ্নি পূর্ব্বকথিত ক্রিয়াময় অগ্নির প্রকরণে পঠিত; সে জন্য সে সকল ক্রিয়াঙ্গ অগ্নিরই বৈকল্পিক উপদেশ। যেহেতু বৈকল্পিক উপদেশ—সেই হেতু স্বতন্ত্র বা পৃথক্ তত্ত্ব নহে। (ইষ্টকা নামে পরিভাষিত অগ্নি, তাহার চয়ন করিবেক, পূর্ব্বে এইরূপ উপক্রমে ইষ্টকাগ্নিচয়নের বিধান হইয়াছে। সেই ইষ্টকাগ্নিচয়নের সন্নিধানে ঐরূপ বিকল্পের অর্থাৎ তাহারই সঙ্কল্পময় প্রকারের উপদেশ দেখা যায়। অতএব, ক্রিয়াগ্নি যদ্রূপ, এই সাঙ্কল্পিক অর্থাৎ মানসিক (মানস-ব্যাপার সম্পাদ্য) অগ্নিও তদ্রূপ। সুতরাং পুনঃ পূর্ব্বপক্ষ—উক্তাগ্নি ক্রিয়াঙ্গ।) [ননু···মুৎসহতে] যদি বল, প্রকরণ অপেক্ষা লিঙ্গের বলবত্তা আছে, এ কথা বলা হইয়াছে, বলা হইয়াছে সত্য; কিন্তু কথিত প্রকারের লিঙ্গ প্রকরণ অপেক্ষা বলবৎ নহে। (অভিপ্রায় এই যে, বিধিবাক্যস্থ লিঙ্গই বলবৎ, অর্থবাদ বাক্যস্থ লিঙ্গ বলবৎ নহে)। যেহেতু উহা সাম্পাদিক অগ্নির প্রশংসা কারক—সেই হেতু উহা অন্যার্থ অর্থাৎ অন্যের অঙ্গ। ঐ স্থলে যদি অন্যের (ক্রিয়ার) প্রাপ্তি না থাকিত তাহা হইলে ঐ দর্শন বা জ্ঞান অবশ্যই গুণবাদে উপপন্ন হইলেও প্রকরণের বাধা জন্মাইতে পারিত না। [তস্মাৎ...ইত্যর্থঃ]

হগ্নয়ঃ প্রকরণাৎ ক্রিয়ানুপ্রবেশিন এব স্যুঃ। মানসবৎ। যথা দ্বাদশরাত্রস্য দশমেঽহন্যবিবাক্যে পৃথিব্যা পাত্রেণ সমুদ্রস্য সোমস্য প্রজাপতয়ে দেবতায়ৈ গৃহ্যমাণস্য গ্রহণাসাদনহবনাহরণোপহ্বানভক্ষণানি মানসান্যেবাম্নায়ন্তে। স চ মানসোঽপি গ্রহকল্পঃ ক্রিয়াপ্রকরণাৎ ক্রিয়াশেষ এব ভবতি, এবময়মপ্যগ্নিকল্প ইত্যর্থঃ ॥ ৪৫ ॥

প্রসর্পন্তীতি চ মানসস্য পত্নীসংযাজস্য পরস্তাৎ শ্রুতেঃ। ত্রয়োদশাহেঽপ্যবযুত্য দ্বাদশসঙ্খ্যাসমবায়াৎ কথঞ্চিজ্জঘন্যয়াপি বৃত্ত্যা দ্বাদশাহে সংজ্ঞাবিরোধাভাবাদিতি প্রাপ্তেঽভিধীয়তে। প্রমাণান্তরেণ হি ত্রয়োদশত্বেঽহ্নাং সিদ্ধে দ্বাদশাহ ইতি জঘন্যয়া বৃত্ত্যোন্নীয়েত ন ত্বস্তি তাদৃশং প্রমাণান্তরম্। ন চ ব্যপদেশভেদোঽহরবস্তুবত্বং কল্পয়িতুমর্হতি। অঙ্গাঙ্গিভেদেনাপি তদুপপত্তেঃ। অত এব চ স্তুত্যস্তাবকভাবস্যাপ্যুপপত্তিঃ, দেবদত্তস্যেব দীর্ঘৈঃ কেশৈঃ। পত্নীসংযাজান্ততা তু যদ্যপৌৎসর্গিকী তথাপি দশমস্যাহ্নো বিশেষবচনাৎ মানসানি গ্রহণাসাদনহবনাদীনি পত্নীসংযাজাৎ পরাঞ্চি ভবিষ্যন্তি। কিমিব হি ন কুর্য্যাদ্ বচনমিতি। এষ বৈ দশমস্যাহ্নো বিসর্গো যন্মানসমিতি বচনাৎ দশমাহরঙ্গতা গম্যতে বিসর্গোঽন্তোঽন্তবতো ধর্ম্মো ন স্বতন্ত্র ইতি দশমেঽহনি মানসায় প্রসর্পন্তীতি দশমস্যাহ্ন আধারত্বনির্দ্দেশাচ্চ তদঙ্গং মানসং নাহরন্তরমিতি সিদ্ধম্। তদিহ দ্বাদশাহসম্বন্ধিনো দশমস্যাহ্নোঽঙ্গং মানসমিতি ধর্ম্মমীমাংসাসূত্রকৃতোক্তং দশরাত্রগস্যাপি দশমস্যাহ্নোঽঙ্গমিতি ভগবান্ ভাষ্যকার শ্রুত্যন্তরবলেনাহ—যথা দশরাত্রস্য দশমেঽহন্যবিবাক্য ইতি। অবিবাক্য ইতি দশমস্যাহ্নো নাম।

অতএব, ঐ সকল অগ্নি সাম্পাদিক (যাহা সঙ্কল্প বা মানসী-চিন্তায় অগ্নিভাবে সম্পন্নীকৃত হয় তাহা সাম্পাদিক) হইলেও প্রকরণ বলে ক্রিয়ানুপ্রবেশী অর্থাৎ ক্রিয়াঙ্গ বলিয়া গণ্য। ক্রিয়ামধ্যে মানস উক্তি যদ্রূপ, এখানেও তদ্রূপ জানিবে। ক্রিয়াঙ্গে মানস উক্তি যথা—বেদে দ্বাদশরাত্রসাধ্য একটী যাগ অভিহিত আছে। সেই যাগের দশম দিবসে প্রজাপতি দেবতার উদ্দেশে পৃথিবী পাত্রে সমুদ্ররূপ সোমরসের গ্রহণ, আসাদন (যথাস্থানে স্থাপন), হবন, আহরণ, উপাহ্বান ও ভক্ষণ করিবার বিধান আছে। কিন্তু সে সমস্তই মানস অর্থাৎ মনে মনে চিন্তামাত্র করিতে হয়। সমুদ্ররূপ সোমরস ও তাহার গ্রহণ মানস হইলেও তাহা উপাসনা মধ্যে গণ্য

অতিদেশাচ্চ ॥ ৪৬ ॥*

অতিদেশশ্চৈষামগ্নীনাং ক্রিয়ানুপ্রবেশমুপোদ্বলয়তি 'ষট্‌ত্রিংশৎ সহস্রাণ্যগ্নয়োঽর্কাস্তেষামেকৈক এব তাবান্ যাবানসৌ পূর্ব্বঃ' ইতি। সতি হি সামান্যেঽতিদেশঃ প্রবর্ত্ততে। ততশ্চ পূর্ব্বেণেষ্টকাচিতেন ক্রিয়ানুপ্রবেশিনাঽগ্নিনা সাম্পাদিকানগ্নীনতিদিশন্ ক্রিয়ানুপ্রবেশমেবৈষাং দ্যোতয়তি ॥৪৬॥

বিদ্যৈব তু নির্ধারণাৎ ॥ ৪৭ ॥†

তুশব্দঃ পক্ষং ব্যাবর্ত্তয়তি। বিদ্যাত্মকা এবৈতে স্বতন্ত্রা

ন হি সাম্পাদিকানামগ্নীনামিষ্টকাসু চিতেনাগ্নিনা কিঞ্চিদস্তি সাদৃশ্যমন্যত্র-ক্রিয়ানুপ্রবেশাৎ। তস্মাদপি ন স্বতন্ত্র ইতি প্রাপ্তেঽভিধীয়তে।

মা ভূদন্যেষাং শ্রুতিবিধ্যুদ্দেশানামন্যার্থদর্শনানামপ্রাপ্তপ্রাপকত্বমেতেষু ত্বশ্রুতবিধ্যুদ্দেশেষু বচনানি ত্বপূর্ব্বত্বাদিতি ন্যায়াদ্বিধিরুন্নেতব্যঃ। তথা চৈতেভ্যো যাদৃশোঽর্থঃ প্রতীয়তে তদনুরূপ এব স ভবতি। প্রতীয়তে চৈতেভ্যো

নহে; কিন্তু ক্রিয়াপ্রকরণে উক্ত হওয়ায় ক্রিয়াঙ্গ বলিয়া গণ্য। এইরূপ মনশ্চিৎ প্রভৃতিও বস্তুতঃ অগ্নি না হইলেও অগ্নিতুল্য চিন্তনীয় এবং তাহা ক্রিয়া প্রকরণে কথিত হওয়ায় ক্রিয়াঙ্গ বলিয়া গণ্য।

ঐ সকল অগ্নির অতিদেশও দেখা যায়। সেই অতিদেশ (তুলনা) ক্রিয়াঙ্গ বলিয়া বুঝাইতে সমর্থ। ষট্‌ত্রিংশৎ সহস্র অগ্নি ও অর্ক (সূর্য্য) তাহাদিগের মধ্যে প্রত্যেকটী তাহাই—যাহা পূর্ব্বে উক্ত হইয়াছে, এই শ্রুতিতে ক্রিয়াঙ্গতা সাদৃশ্য লইয়া অতিদেশ (তুলনা) করা হইয়াছে। সামান্যের উপদেশ থাকিলেই বিশেষ প্রাপ্তির জন্য অতিদেশ বাক্যের উল্লেখ হইয়া থাকে। পূর্ব্বে যে সামান্যতঃ ইষ্টকাগ্নির উপদেশ আছে, তাহা ক্রিয়ানুপ্রবেশী অর্থাৎ ক্রিয়াঙ্গ, সেই ক্রিয়াঙ্গ অগ্নির দ্বারা অতিদেশ করায় ঐ সকল সাম্পাদিক অগ্নিও ক্রিয়াঙ্গ বলিয়া প্রতীত হইতে পারে।

সূত্রস্থ তু-শব্দের অর্থ উক্ত পূর্ব্বপক্ষের নিষেধ। অর্থাৎ ঐ পূর্ব্বপক্ষ আপ-

---

* সাদৃশ্যেন ক্রিয়াঙ্গত্ববোধনমতিদেশস্তস্মাদপি ক্রিয়াঙ্গত্বময়সীয়তে।—পূর্ব্বোপদিষ্ট ইষ্টকাচিত অগ্নি ক্রিয়াঙ্গ, তাহার সহিত প্রস্তাবিত ঐ সকল সাম্পাদিক অগ্নির অতিদেশ অর্থাৎ তুলনা করা হইয়াছে। এই তুলনা দৃষ্টে বলা যাইতে পারে, ঐ সকল (মনশ্চিৎ প্রভৃতি) অগ্নি ক্রিয়াঙ্গ।

† সিদ্ধান্তসূত্রমেতৎ। তুঃ পক্ষব্যাবর্ত্তকঃ। নির্ধারণাৎ অবধারণাৎ মনশ্চিদাদীনাং বিদ্যা-

মনশ্চিদাদয়োঽগ্নয়ঃ স্যুর্ন ক্রিয়াশেষভূতাঃ। তথা হি নির্ধারয়তি 'তে হৈতে বিদ্যাচিত এব' ইতি 'বিদ্যয়া হৈবেত এবম্বিদশ্চিতা ভবন্তি' ইতি চ ॥ ৪৭ ॥

দর্শনাচ্চ ॥ ৪৮ ॥*

দৃশ্যতে চৈষাং স্বাতন্ত্র্যে লিঙ্গং তৎ পুরস্তাদ্দর্শিতং 'লিঙ্গভূয়স্ত্বাৎ' ইত্যত্র [বে০ সূ০ ৩।৩।৪৪]। ননু লিঙ্গমপ্যসত্যামন্যস্যাং প্রাপ্তাবসাধকং কস্যচিদর্থস্যেত্যপাস্য তৎপ্রকরণসামর্থ্যাৎ ক্রিয়াশেষত্বমধ্যবসিতমিত্যত উত্তরং পঠতি ॥ ৪৮ ॥

মনশ্চিদাদীনাং সান্তর্ত্যঞ্চাবধাবণঞ্চ ফলভেদসমন্বযশ্চ পুরুষসম্বন্ধশ্চ। ন চাস্য গোদোহনাদিবৎ ক্রত্বর্থাশ্রিতত্বং যেন পুরুষার্থস্য কর্ম্মপাবতন্ত্র্যং ভবেৎ। ন চ বিদ্যাচিত এবেত্যবধাবণং বাহ্যসাধনাপাকবণার্থম্। স্বভাবত এব বিদ্যাযা বাহ্যানপেক্ষত্বসিদ্ধেঃ। তস্মাৎ পবিশেষান্মানসগ্রহবৎ ক্রিযান্তুপ্রবেশশঙ্কাপাকবণার্থমবধাবণম্। ন চৈবমর্থত্বে সম্ভবতি দ্যোতকত্বমাত্রেণ নিপাতশ্রুতিঃ পীডনীযা। তস্মাৎ শ্রুতিলিঙ্গবাক্যানি প্রকবণমপোদ্য স্বাতন্ত্র্যং মনশ্চিদাদীনামবগমযন্তীতি সিদ্ধম্।

শ্রুতিলিঙ্গবাক্যৈঃ প্রকবণং বাধ্যমিতি সূত্রত্রযার্থঃ। ইতি বত্নপ্রভা।

ত্তিন বা উত্থিত হইতে পাবে না। কাবণ এই যে, শ্রুতিতে নির্ধাবণ বাক্য আছে। সেই সকল মনশ্চিতাদি অগ্নি যে ক্রিযাঙ্গ নহে, প্রত্যুত স্বতন্ত্র ও উপাসনাঙ্গ; শ্রুতি তাহা অবধাবণবাক্যে (নিশ্চয কবিযা) বলিযাছেন। যথা—"পূর্ব্বোক্ত অগ্নি সকল নিশ্চিত বিদ্যাচিত।" "বিদ্যার বা উপাসনাব দ্বাবা ঐরূপ জ্ঞানীব চিত অর্থাৎ অগ্নিসম্পত্তি হয।" ইত্যাদি।

ঐ সকল যে ক্রিযাঙ্গ নহে, প্রত্যুত স্বতন্ত্র, তদ্বিষযে লিঙ্গ (চিহ্ন) দর্শন আছে। সে সকল লিঙ্গ অর্থাৎ চিহ্ন ইতিপূর্ব্বে "লিঙ্গভূযস্ত্বাৎ" সূত্রে দেখান বা বলা হইয়াছে। যদি কেহ বলেন, অন্যেব (ক্রিয়াব) প্রাপ্তি থাকিলে লিঙ্গদর্শন অসাধক হয় অর্থাৎ কার্য্যকারী বা বোধক হয না, বোধক না হইলেই প্রকবণেব বলে ঐ সকলেব ক্রিযাঙ্গতা নিশ্চিত হইতে পাবে, তাহাব প্রতি উত্তব প্রদানার্থ বলা হইতেছে—

ঙ্গতা সিধ্যতি।—শ্রুতি অবধারণ বাক্যে ঐ সকলকে বিদ্যাঙ্গ বলিয়াছেন; সে জন্য ঐ সকলের বিদ্যাঙ্গতা নিশ্চয় হয়।

* তেষাং স্বাতন্ত্র্যে লিঙ্গান্যপি দৃশ্যন্তে।—ঐ সকলের স্বাতন্ত্র্যপক্ষে লিঙ্গদর্শনও আছে। সে সকল পূর্ব্বে বলা হইয়াছে।

শ্রুত্যাদিবলীয়স্ত্বাচ্চ ন বাধঃ ॥ ৪৯ ॥*

নৈবং প্রকরণসামর্থ্যাৎ ক্রিয়াশেষত্বমধ্যবসায় স্বাতন্ত্র্যপক্ষো বাধিতব্যঃ শ্রুত্যাদিবলীয়স্ত্বাৎ। বলীয়াংসি হি প্রকরণাৎ শ্রুতিলিঙ্গবাক্যানীতি স্থিতং শ্রুতিলিঙ্গসূত্রে। তানি চেহ স্বাতন্ত্র্যপক্ষং সাধয়ন্তি দৃশ্যন্তে। কথম্। শ্রুতিস্তাবৎ 'তে হৈতে বিদ্যাচিত এব' ইতি। তথা লিঙ্গং 'সর্ব্বদা সর্ব্বাণি ভূতানি চিন্বন্ত্যপি স্বপতে' ইতি। তথা বাক্যমপি 'হৈবৈত এবম্বিদশ্চিতা ভবন্তি' ইতি। 'বিদ্যাচিত এব' ইতি হি সাবধা

অনুবন্ধাতিদেশশ্রুত্যাদিভ্য এবমেব বিজ্ঞেয়ম্। তে চ ভাষ্য এব স্ফুটাঃ।

ঐরূপ প্রকরণের বলে ঐ সকলের ক্রিয়াঙ্গতা স্থির করিয়া স্বাতন্ত্র্য পক্ষ বাধিত (বিতাড়িত) করিতে পার না। কেননা, ঐরূপ প্রকরণ অপেক্ষা শ্রুতি, লিঙ্গ, বাক্য, এই তিন প্রমাণই বলবান্। প্রকরণ অপেক্ষা ঐ সকলের বল অধিক, সে জন্য প্রকরণ নিজেই ঐ সকলের দ্বারা বাধা প্রাপ্ত হয়, স্বসম্পর্কিত অর্থ প্রত্যায়ন করিতে পারে না। এ কথা পূর্ব্বমীমাংসার শ্রুতিলিঙ্গাদির বলাবল নির্ণয় সূত্রে অভিহিত হইয়াছে। সে সকলকে অর্থাৎ শ্রুতি, লিঙ্গ ও বাক্য, এই তিন প্রমাণকে উদাহৃত অগ্নির স্বাতন্ত্র্য পক্ষ সাধন ও ক্রিয়াঙ্গপক্ষ নিবারণ করিতে দেখা যায়। [শ্রুতিস্তাবৎ...স্যাৎ] শ্রুতি যথা—"সেই এই মনশ্চিতাদি অগ্নি বিদ্যাচিত ব্যতীত অন্য কিছু নহে অর্থাৎ সাক্ষাৎ ক্রিয়াগ্নি নহে।" লিঙ্গ যথা—"সমুদায় প্রাণী সকল সময়ে এই অগ্নির চয়ন করে।" (ক্রিয়াঙ্গ অগ্নি সকল সময়ে সর্ব্বপ্রাণিকর্ত্তৃক চিত হয় না। এই সকল কারণে মনশ্চিতাদি অগ্নির মাত্র ধ্যানরূপতাই প্রতীত হয়, বাহ্যিকতা প্রতীত হয় না।) বাক্য যথা—'বিদ্যার অর্থাৎ ধ্যানরূপ উপাসনার দ্বারা ঐ সকল সেই সেই উপাসককর্ত্তৃক চিত হইয়া থাকে।" মনশ্চিতাদি অগ্নিকে (অগ্নি বলিয়া কথিত মনশ্চিৎ প্রভৃতি প্রকৃত অগ্নি নহে; কিন্তু অগ্নিতুল্য। অগ্নিরূপে চিন্তনীয় বা ধ্যেয়।) ক্রিয়াঙ্গ বলিতে গেলে "বিদ্যাচিত এব" এই শ্রুতি বাধিত (অর্থ প্রকাশে অসমর্থ

* আদিশব্দাৎ লিঙ্গবাক্যয়োঃ সংগ্রহঃ। শ্রুতিলিঙ্গবাক্যানাং বলীয়স্ত্বাৎ ন বাধঃ। নৈষাং স্বাতন্ত্র্যহানিরিতি যাবৎ।—প্রকরণ বলে ঐ সকলের স্বাতন্ত্র্য ভঙ্গ করিতে পার না। কারণ এই যে, শ্রুতি, লিঙ্গ ও বাক্য, এই তিনই প্রকরণ অপেক্ষা বলবান্। সুতরাং উক্ত তিনের দ্বারা প্রকরণ নিজেই বাধাপ্রাপ্ত হয়।

রণেয়ং শ্রুতিঃ ক্রিয়ানুপ্রবেশেঽমীষামভ্যুপগম্যমানে বাধিতা স্যাৎ। নন্ববাহ্যসাধনত্বাভিপ্রায়মিদমবধারণং ভবিষ্যতি। নেত্যুচ্যতে। তদভিপ্রায়তায়াং হি বিদ্যাচিত ইতীয়তা বিদ্যা-স্বরূপসঙ্কীর্ত্তনেনৈব কৃতত্বাদনর্থকমিদমবধারণং ভবেৎ। স্বরূপমেব হ্যেষামবাহ্যসাধনত্বমিতি। অবাহ্যসাধনত্বেঽপি মানস-গ্রহবৎ ক্রিয়ানুপ্রবেশশঙ্কায়াং তন্নিবৃত্তিফলমবধারণমর্থবৎ ভবিষ্যতি। তথা 'স্বপ্তে জাগ্রতে চৈবম্বিদে সর্ব্বদা সর্ব্বাণি ভূতান্যেতানগ্নীন্ চিন্বন্তি' ইতি সাতত্যদর্শনমেতেষাং স্বাত-

---

সুতরাং মিথ্যা) হইবেক। এস্থলে শ্রুতি-শব্দের অর্থ—সাক্ষাৎ অর্থপ্রত্যায়ক শব্দ। বিদ্যাচিত, এব, এই দুই শব্দে সাক্ষাৎ বা মুখ্যরূপে উক্ত অর্থের প্রতীতি হয়, সেই কারণে উহা শ্রুতি। [নন্ববাহ্য...কল্পতে] যদি বল, ঐ অবধারণ বা ঐ শ্রুতি (বিদ্যাচিত, এব,) অবাহ্যসাধন অভিপ্রায়ে কথিত, ইহা বলা হইয়াছে, আমরা বলি, তাহা নহে। ঐ সকল অগ্নি অবাহ্যসাধন অর্থাৎ মানস বা কেবল মনে মনে ঐ সকলের অগ্নিত্ব ধ্যান অভিপ্রায়ে অভিহিত হয় নাই। ঐ সকল অবাহ্যসাধন অভিপ্রায়ে অভিহিত হইলে "বিদ্যাচিত" এই পর্য্যন্ত বলিলেই সে অভিপ্রায় সিদ্ধ হইত "এব" পর্য্যন্ত বলিতে হইত না। বিদ্যাচিত, এই অংশের দ্বারাই ঐ সকলের উপাসনারূপিত্ব বলা সিদ্ধ হয়; সুতরাং তদুপরি পরিকথিত অবধারণের অর্থাৎ "এব" শব্দের সার্থক্য থাকে না। কেননা, অবাহ্যসাধনতাই ঐ সকলের স্বরূপ। ঐ অগ্নিচয়ন বহিঃস্থ হস্তাদির দ্বারা সাধিত হয় না, কেবলমাত্র মানস-ব্যাপারেই ঐ সকলে অগ্নিভাব আহিত হইয়া থাকে। ঐ সকল অগ্নি অবাহ্য-সাধন—বাহ্য উপকরণে সাধিত হয় না; সুতরাং কেবলমাত্র মনোব্যাপারে (ধ্যানে বা ভাবনায়) সাধিত হয়, সেই জন্য মানসগ্রহের ন্যায় * ঐ সকল ক্রিয়াঙ্গ কি-না সে আশঙ্কা উত্থাপিত হইতে পারে। সেই জন্যই শ্রুতি তাদৃশ আশঙ্কার উচ্ছেদার্থ অবধারণবাচী "এব" শব্দ প্রয়োগ করিয়াছেন।

---

* মানসগ্রহের কথা পূর্ব্বে বলা হইয়াছে। "পৃথিবী-পাত্রে সমুদ্র-সোমরসের পান" ইত্যাদি। পৃথিবীরূপ পাত্রে সমুদ্ররূপ সোমরস স্থাপন করিয়া তাহা অগ্নিতে প্রক্ষেপ করা মানস অর্থাৎ চিন্তনীয় ব্যতীত অন্য কিছু সম্ভবে না। এই চিন্তনীয় বা মানস গ্রহ যাগক্রিয়ার একটী অঙ্গ। এতদ্দৃষ্টান্তে চিন্তনীয় অগ্নি মনশ্চিতাদিও যাগাঙ্গ হইতে পারে, পূর্ব্বপক্ষ কোটীতে এ সকল কথা বলা হইয়াছে, দেখিয়া লও।

স্ত্র্যেণৈব কল্পতে। যথা সাম্পাদিকে বাক্‌প্রাণময়ে অগ্নি-হোত্রে 'প্রাণং তদা বাচি জুহোতি বাচং তদা প্রাণে জুহোতি' ইত্যুক্ত্বা উচ্যতে 'এতে অনন্তে অমৃতে আহুতী জাগ্রচ্চ স্বপংশ্চ সততং জুহোতি' ইতি তদ্বৎ। ক্রিয়ানুপ্রবেশে তু ক্রিয়াপ্রয়োগস্যাহল্পকালত্বাৎ ন সাতত্যেনৈষাং প্রয়োগঃ কল্পেত। ন চেদমর্থবাদমাত্রমিতি ন্যায্যম্। যত্র হি বিস্পষ্টো বিধায়কো লিঙ্গাদিরুপলভ্যতে যুক্তং তত্র সঙ্কীর্ত্তনমাত্রস্যার্থ-বাদত্বমিহ তু বিস্পষ্টবিধ্যন্তরানুপলব্ধেঃ সঙ্কীর্ত্তনাদেবৈষাং বিজ্ঞানানাং বিধানং কল্পনীয়ম্। তচ্চ যথাসঙ্কীর্ত্তনমেব কল্প-য়িতুং শক্যত ইতি সাতত্যদর্শনাৎ তথাভূতমেব কল্প্যতে।

যদি এই তাৎপর্য্য গ্রহণ কর, তাহা হইলে আশঙ্কা নিবৃত্তিরূপ ফলের উৎপাদন করায় ঐ অবধারণ-শব্দের অর্থাৎ "এব"শব্দের সার্থক্যভঙ্গাদি হইবে কেন? আরও দেখ, "সমুদায় প্রাণী সর্ব্বদাই সুপ্ত ও জাগ্রৎ ঐরূপ জ্ঞানীর উদ্দেশে এই সকল অগ্নি চয়ন করিতেছে।" এতৎশ্রুতিস্থ যে সাতত্য শ্রবণ, এই সাতত্য শ্রবণ ক্রিয়াঙ্গপক্ষে সঙ্গত হয় না; কিন্তু উপাসনা পক্ষ স্বীকার করিলে সঙ্গত হয়। [যথা সাম্পাদিকে...সিদ্ধিঃ] বিবেচনা কর, সাম্পাদিক প্রাণময় অগ্নিহোত্রের বিবরণে (আধ্যাত্মিক অগ্নিহোত্র হোমের বিধানে) "সেই সময় অর্থাৎ ধ্যানকালে প্রাণকে বাক্যে এবং বাক্যকে প্রাণে আহুতি দেওয়া হয়" এই উক্তির পর অভিহিত হইয়াছে—"এই দুই অনন্ত ও অমৃত আহুতি সর্ব্বদাই জাগ্রৎ স্বপ্ন উভয় অবস্থায় হুত হয়।" এই উক্তি যদ্রূপ, মনশ্চিৎ প্রভৃতি অগ্নির উল্লেখও তদ্রূপ। ঐ সকল অগ্নিকে ও ঐ হোমকে ক্রিয়া প্রবিষ্ট করিতে পার না। অর্থাৎ ক্রিয়াঙ্গ বলিতে পার না। কেননা, ক্রিয়ার অনুষ্ঠান অল্পকালব্যাপী, সুতরাং তদনুষ্ঠানের সাতত্য অসম্ভব। শ্রুতি যখন সততং জুহোতি বলিয়াছেন, তখন নিশ্চিত উহা উপাসনা-বিশেষ, ক্রিয়ার অঙ্গবিশেষ নহে। ঐ বাক্যকে কেবল-মাত্র অর্থবাদ বলাও ন্যায্য নহে। যে স্থলে স্পষ্টরূপ বিধায়ক লিঙ্গ উপলব্ধ হয় সেই স্থলেই কীর্ত্তনমাত্রের অর্থবাদতা বলা যুক্তিসিদ্ধ। কিন্তু উদাহৃত স্থলে বিস্পষ্ট বিধ্যন্তর উপলব্ধ না হওয়ায় কীর্ত্তনের (উল্লেখের) বলেই ঐ সকল বিজ্ঞানের (ধ্যানাত্মক জ্ঞানের) বিধানকল্পনা কৃত হয়। পরন্তু বিধানকল্পনা কীর্ত্তন দৃষ্টে কীর্ত্তনের অনুসারেই কৃত হইয়া থাকে।

ততশ্চ সামর্থ্যাদেষাং স্বাতন্ত্র্যসিদ্ধিঃ। এতেন "তদ্‌যৎ কিঞ্চেমানি ভূতানি মনসা সঙ্কল্পয়ন্তি তেষামেব সা কৃতিঃ" ইত্যাদি ব্যাখ্যাতম্। তথা বাক্যমপি "এবম্বিদে" ইতি পুরুষবিশেষসম্বন্ধমেবৈষামাচক্ষাণং ন ক্রতুসম্বন্ধং মৃষ্যতে। তস্মাৎ স্বাতন্ত্র্যপক্ষ এব জ্যায়ানিতি ॥ ৪৯ ॥

অনুবন্ধাদিভ্যঃ প্রজ্ঞান্তরপৃথক্ত্ববৎ দৃষ্টশ্চ তদুক্তম্ ॥ ৫০ ॥*

(যদ্রূপ কীর্ত্তন—যদ্রূপ পাঠ—তদ্রূপ বিধান কল্পনীয়) উদাহৃত শ্রুতিতে সাতত্য কীর্ত্তন আছে, সুতরাং সাতত্য রক্ষা হইতে পারে এরূপ কল্পনা করাই বিধেয়। এতদনুসারেও প্রোক্ত অগ্নিসমূহের (মনশ্চিৎ প্রভৃতির) স্বাতন্ত্র্য সিদ্ধি হয়। [এতেন...জ্যায়ানিতি] এই সাতত্য শ্রুতির ব্যাখ্যার দ্বারা "প্রাণী সকল মনে মনে যে কিছু সংকল্প করে," ইত্যাদি শ্রুতিরও ব্যাখ্যা হইল। অপিচ, "যে এবংবিৎ" এ বাক্যেও পুরুষ-বিশেষের সম্বন্ধ অভিহিত হইয়াছে, যজ্ঞসম্বন্ধ অভিহিত হয় নাই। অর্থাৎ ঐ বাক্যেও ক্রিয়াঙ্গ অগ্নি কথিত হয় নাই; কিন্তু উপাসনাঙ্গ অগ্নি কথিত হইয়াছে। সিদ্ধান্তের উপসংহার এই যে, প্রদর্শিত যুক্তিতে মনশ্চিৎ ও বাক্‌চিৎ প্রভৃতি অগ্নির স্বাতন্ত্র্যপক্ষই শ্রেষ্ঠ বলিয়া অবধারিত হয়।

* আদি শব্দাদতিদেশাদয়ঃ। সম্পদুপাস্ত্যৈ মনোবৃত্তিষু ক্রিয়াঙ্গানাং যোজনমনুবন্ধঃ। অনুবন্ধাতিদেশশ্রুতিলিঙ্গবাক্যেভ্যঃ কারণেভ্যঃ স্বাতন্ত্র্যমেব মনশ্চিদাদীনাং বিজ্ঞায়তে। প্রজ্ঞান্তরপৃথক্ত্ববদিতি যথা প্রজ্ঞান্তরাণি শাণ্ডিল্যবিদ্যাপ্রভৃতীনি স্বেন স্বেনানুবন্ধেন (নিমিত্তেন) পৃথগেব কর্ম্মভ্যো বিজ্ঞানান্তরেভ্যশ্চ স্বতন্ত্রাণ্যেব ভবন্ত্যেবং মনশ্চিদাদয়োঽপীতি যোজনীয়ম্। দৃষ্টশ্চ পূর্ব্বতন্ত্রে—আবেষ্টে রাজসূয়প্রকরণপঠিতায়াঃ প্রকরণাদুৎকর্ষঃ। তদুক্তমিতি পূর্ব্বকাণ্ডে।—শ্রুতি যে সম্বৎসর উপাসনার উদ্দেশে মনোবৃত্তিতে যজ্ঞাঙ্গের যোজনা করিয়াছেন তাহা অনুবন্ধ নামে খ্যাত। এই অনুবন্ধ এবং পূর্ব্বোল্লিখিত অতিদেশ, শ্রুতি, বাক্য, লিঙ্গ,—এই হেতু পঞ্চকের দ্বারা মনশ্চিৎপ্রভৃতির স্বতন্ত্রতাই নির্ণীত হয়। অর্থাৎ সে যজ্ঞাঙ্গতা বুদ্ধি সকলে স্থান পায় না। যেমন শাণ্ডিল্যবিদ্যা প্রভৃতি বিজ্ঞান বা উপাসনা অনুবন্ধ প্রভৃতির দ্বারা কর্ম্ম ও অন্য উপাসনা হইতে স্বতন্ত্র বলিয়া নির্দ্ধারিত হয়, সেইরূপ, মনশ্চিদাদিও যজ্ঞাঙ্গ হইতে সমাকৃষ্ট হইয়া উপাসনাঙ্গে স্থাপিত ও স্বতন্ত্র বলিয়া নির্দ্ধারিত হইবেক। আবেষ্টি নামক যাগ রাজসূয়যজ্ঞপ্রস্তাবে পঠিত হইলেও তাহার রাজসূয়াঙ্গতা নিরাকৃত হইয়া স্বতন্ত্রতা নিশ্চয় হইতে দেখা যায়। এ কথা পূর্ব্বকাণ্ডে অর্থাৎ জৈমিনি মুনি কৃত পূর্ব্বমীমাংসা শাস্ত্রে বিবৃত আছে।

ইতশ্চ প্রকরণমুপমৃদ্য স্বাতন্ত্র্যং মনশ্চিদাদীনাং প্রতিপত্তব্যং যৎ ক্রিয়াবয়বান্মনআদিব্যাপারেষ্বনুবধ্নাতি. 'তে মনসৈবাধীয়ন্ত মনসৈবাচীয়ন্ত মনসৈব গ্রহা অগৃহ্যন্ত মনসাঽস্তুবন্ মনসাঽশংসন্ যৎ কিঞ্চিৎ যজ্ঞে কর্ম্ম ক্রিয়তে যৎ কিঞ্চিৎ যজ্ঞীয়ং কর্ম্ম মনসৈব তেষু তন্মনোময়েষু মনশ্চিৎসু মনোময়মক্রিয়ত' ইত্যাদিনা। সম্পৎফলো হ্যয়মনুবন্ধঃ। ন চ প্রত্যক্ষাঃ ক্রিয়াবয়বাঃ সন্তঃ সম্পদা লিপ্সিতব্যাঃ। ন চাত্রোদ্গীথাদ্যু-

---

যদুক্তং পূর্ব্বপক্ষিণাক্রত্বঙ্গত্বে পূর্ব্বেণেষ্টকাচিতেন মনশ্চিদাদীনাং বিকল্প

প্রকরণ ভঙ্গ করিয়া মনশ্চিৎ প্রভৃতিকে স্বতন্ত্র পক্ষে নিক্ষেপ করিবার (মনশ্চিৎ প্রভৃতিকে যজ্ঞাঙ্গ অগ্নি না বলিয়া ধ্যানাঙ্গ বলিবার) অন্য হেতুও আছে। সে অন্য হেতু এই—উক্ত স্থলে যে কিছু ক্রিয়ার অবয়ব—যে-কিছু অঙ্গ—সমস্তই মানস ব্যাপারের অধীন বা ধ্যানসম্পাদ্য। যথা—"সেই সকল অগ্নি মনের দ্বারাই আহিত হয়, মনের দ্বারাই চিত হয়, গ্রহ বা পাত্র মনের দ্বারাই গৃহীত হয়, তাহা মনের দ্বারাই স্তুত হয়, এবং মনের দ্বারাই শংসিত হয়। অধিক কি বলিব, যে-কিছু যজ্ঞকর্ম্ম—যজ্ঞের উপকারক অঙ্গ, যে-কিছু যজ্ঞীয় কর্ম্ম অর্থাৎ যজ্ঞরূপের নির্ব্বাহক, সমস্তই মনের দ্বারা—সমস্তই মনোময়। মনোময় মনশ্চিৎ প্রভৃতি বিষয়ে মনোময়ী ক্রিয়া কৃত হইয়া থাকে।" ইত্যাদি। (ফলিতার্থ—অগ্নি, অগ্ন্যাধ্যান, ইষ্টকাচয়ন, যজ্ঞপাত্র, যজ্ঞপাত্রের স্তুতি, হোতাকর্ত্তৃক তাহার প্রশংসা, এ সমস্তই মনে মনে—বাহিরে নহে। শ্রুতি বলিতেছেন—মনের এক একটী বৃত্তি লইয়া তাহাতে যাগের বা যজ্ঞক্রিয়ার ঐ সকল অঙ্গ যথাক্রমে ভাবনা করিবেক। ইত্যাদি) [সম্পৎ ··দীনাং] ঐ অনুবাদের অর্থাৎ মনোবৃত্তিতে যজ্ঞাঙ্গ-যোজনার ফল সম্পৎ। সম্পৎ অর্থাৎ চিত্তকে তদ্ভাবাপন্ন করা অথবা চিত্তকে তন্ময়ীভূত করা। অগ্নি, অগ্ন্যাধ্যান, অগ্নিচয়ন, পাত্র গ্রহণ, হোতা, উদ্গাতা, অধ্বর্য্যু, তাহাদের কর্ত্তৃক হোম ও যজ্ঞপাত্রস্তুতি, এই সকল যজ্ঞাঙ্গ যদি প্রত্যক্ষে উপস্থিত থাকে, তাহা হইলে কেন বা কোন্ ব্যক্তি সে সকলকে সম্পদ্ভাবে লাভ করিতে বা পাইতে ইচ্ছা করে? বুঝিতে হইবে যে, ঐ সকল বাহিরে বা প্রত্যক্ষে নাই। সমস্তই মনে মনে ভাবিয়া লইতে হয়। সমস্তই যখন মানস, তখন আর ঐ সকলকে প্রকৃত যজ্ঞাঙ্গ বলিতে ক্ষমবান্ নহ। অবশ্যই মানিতে হইবে স্বীকার করিতে

পাসনবৎ ক্রিয়াঙ্গসম্বন্ধাৎ তদনুপ্রবেশিত্বমাশঙ্কিতব্যং শ্রুতি-বৈরূপ্যাৎ। ন হ্যত্র ক্রিয়াঙ্গং কিঞ্চিদাদায় তস্মিন্নদো নামাধ্যসিতব্যমিতি বদতি। ষট্‌ত্রিংশতস্তু সহস্রাণি মনোবৃত্তিভেদানাদায় তেষ্বগ্নিত্বং গ্রহাদীংশ্চ কল্পয়তি পুরুষযজ্ঞাদিবৎ। সঙ্খ্যা চেয়ং পুরুষায়ুষস্যাহঃসু দৃষ্টা সতী তৎসম্বন্ধিনীষু মনোবৃত্তিষ্বারোপ্যত ইতি দ্রষ্টব্যম্। এবমনুবন্ধাৎ স্বাতন্ত্র্যং মনশ্চিদাদীনাম্। আদিশব্দাদতিদেশাদ্যপি যথাসম্ভবং যোজয়িতব্যম্। তথা হি 'তেষামেকৈক এব তাবান্ যাবানসৌ পূর্ব্বঃ' ইতি ক্রিয়াময়স্যাগ্নের্ম্মাহাত্ম্যং জ্ঞানময়ানামেকৈকস্যাতিদিশন্ ক্রিয়ায়ামনাদরং দর্শয়তি। ন চ সত্যেব ক্রিয়াসম্বন্ধে, বিকল্পঃ

ইতি তদতুল্যকার্য্যত্বেন দূষয়তি "ন চ সত্যেব ক্রিয়াসম্বন্ধ"ইতি।

হইবে যে ঐ সকল অগ্নি প্রকৃতাগ্নি অর্থাৎ যজ্ঞাঙ্গ অগ্নি নহে। ঐ সকল কেবল ভাবনানিষ্পাদ্য বা উপাসনাত্মক ধ্যানসম্পাদ্য। ক্রিয়াঙ্গের সহিত সম্বন্ধ আছে, তাই বলিয়া যে উদ্গীথাদি উপাসনার ন্যায় মনশ্চিদাদিও ক্রিয়াঙ্গ হইবে, তাহা হইবে না। কেননা, শ্রুতিবৈরূপ্য আছে। (অর্থাৎ উদ্গীথ উপাসনাবোধক শ্রুতি একরূপ, মনশ্চিৎ প্রভৃতির অগ্নিত্ব বোধক শ্রুতি অন্যরূপ)। সেখানে একটী ক্রিয়াঙ্গ উল্লেখ করিয়া তাহাতে তন্নামক অধ্যাস (আরোপিত জ্ঞান উৎপাদন) করিতে বলা হইয়াছে; কিন্তু এখানে সেরূপ কোন প্রক্রিয়া বলা হয় নাই। এখানে ষট্‌ত্রিংশৎ সহস্র মনোবৃত্তি লইয়া তৎসমুদায়ে অগ্নিত্ব ও গ্রহত্ব (গ্রহ=যজ্ঞপাত্র) প্রভৃতি কল্পনা করিতে বলা হইয়াছে। পুরুষপ্রতীকে যজ্ঞের কল্পনা যদ্রূপ, মনোবৃত্তিপ্রতীকে যজ্ঞের কল্পনাও তদ্রূপ। পুরুষায়ুর সহিত দিবসসমূহের সম্বন্ধ থাকায় তৎসম্বন্ধবিশিষ্ট মনোবৃত্তিনিচয়ে সেই সেই সংখ্যার আরোপ করা হইয়াছে, ইহাই বুঝিতে হইবে। অতএব, উক্ত প্রকার অনুবন্ধে (কারণে) মনশ্চিৎ প্রভৃতির স্বতন্ত্রতা অবধৃত হয় এবং যজ্ঞাঙ্গতা নিবারিত হয়। [আদি...শক্নুবন্তি] আদি-শব্দ প্রয়োগের উদ্দেশ্য এই যে, অনুবন্ধের ন্যায় অতিদেশ, শ্রুতি, লিঙ্গ ও বাক্য, সম্ভব অনুসারে যোজনা করিবে। তদ্‌যথা—"সে সকলের এক একটী তদ্রূপ, যদ্রূপ বা যাহা পূর্ব্ববর্ণিত।" এই শ্রুতি ক্রিয়াঙ্গ অগ্নির মাহাত্ম্য জ্ঞানাঙ্গ অগ্নির (ভাবনাময় অগ্নির) এক একটীর সহিত তুলিত করায় ক্রিয়াবিষয়ে সে

পূর্ব্বেণোত্তরেষামিতি শক্যতে বক্তুম্। ন হি যেন ব্যাপারেণাহবনীয়ধারণাদিনা পূর্ব্বঃ ক্রিয়ায়া উপকরোতি তেনোত্তরে উপকর্ত্তুং শক্নুবন্তি। যত্তু পূর্ব্বপক্ষেঽপ্যতিদেশ উপোদ্বলক ইত্যুক্তং সতি হি সামান্যেঽতিদেশঃ প্রবর্ত্তত ইতি, তদস্মৎপক্ষেঽপ্যগ্নিত্বসামান্যেনাতিদেশসম্ভবাৎ প্রত্যুক্তম্। অস্তি হি সাম্পাদিকানামপ্যগ্নীনামগ্নিত্বমিতি। শ্রুত্যাদীনি চ কারণানি দর্শিতানি। এবমনুবন্ধাদিভ্যঃ কারণেভ্যঃ স্বাতন্ত্র্যং মনশ্চিদাদীনাং প্রজ্ঞান্তরপৃথক্ত্ববৎ। যথা প্রজ্ঞান্তরাণি শাণ্ডিল্যবিদ্যাপ্রভৃতীনি স্বেন স্বেনানুবন্ধেনানুবধ্যমানানি পৃথগেব

সকলের অনাদর দেখাইয়াছেন। ক্রিয়াসম্বন্ধ আছে, তাই বলিয়া পূর্ব্বের সহিত পরের বিকল্প কল্পনা করিতে পার না। কেননা, যে ব্যাপারে পূর্ব্বের উপকার হয় সে ব্যাপারে উত্তরের উপকার সাধিত হয় না। (পূর্ব্ব=ক্রিয়াগ্নি। উত্তর=ধ্যানাগ্নি। ক্রিয়াগ্নি আহবনীয়াদি বাহ্যসাধনসাধ্য; কিন্তু ধ্যানাগ্নি কেবলমাত্র মনোবৃত্তিসাধ্য। সুতরাং সাধ্যভেদ থাকায় পূর্ব্বোত্তরের বিকল্প অসম্ভব। ক্রিয়াগ্নি, অথবা ধ্যানাগ্নি, এরূপ হইলেই বিকল্প হয়। যেমন যবের দ্বারা অথবা ব্রীহির দ্বারা হোম করিলে তাহা বিকল্প বলিয়া গণ্য সেইরূপ।) [যত্তু...দর্শিতানি] যেস্থলে পূর্ব্বে সামান্য কথন থাকে, সেই স্থলেই পরে অতিদেশ সম্ভব হয়, এই বলিয়া পূর্ব্বপক্ষবাদে যে বলা হইয়াছিল, অতিদেশ তাঁহাদের পক্ষ সাধক, সেই কথা লইয়া আমরাও বলি, আমাদেরই পক্ষে (সিদ্ধান্তপক্ষেই) অগ্নিত্ব সামান্যের অতিদেশ সম্ভবে; পূর্ব্ববাদীর পক্ষে তাহা সম্ভবে না। কেননা তাঁহারা দেখেন, ক্রিয়াঙ্গত্ব-সামান্য; পরন্তু আমরা দেখাইলাম, সাধ্যভেদ থাকায় বিকল্প ও সমুচ্চয় উভয়ই অসম্ভব। এ কথা বিস্তৃত করিয়া বলা হইয়াছে। শ্রুতি, বাক্য, লিঙ্গ, এ সকল কারণও দেখান হইয়াছে। [এবমনু...মিতি] এবংরূপ অনুবন্ধাদি কারণ চতুষ্টয়ে প্রোক্ত মনশ্চিৎ প্রভৃতি অগ্নির স্বতন্ত্রতাই নির্ধারিত হয়। অন্য প্রজ্ঞা (জ্ঞান বা উপাসনা) যদ্রূপ পৃথক্, ইহাও তদ্রূপ পৃথক্ জানিবে। শাণ্ডিল্যবিদ্যা, দহরবিদ্যা, ইত্যাদি ইত্যাদি উপাসনা প্রজ্ঞান্তর শব্দের অভিধেয়। সে সকল যেমন স্ব স্ব অনুবন্ধের বলে কর্ম্মসমূহ হইতে ও বিভিন্ন উপাসনা হইতে পৃথক্ ও স্বতন্ত্র, সেইরূপ এই মনশ্চিদাদি অগ্নিও ক্রিয়া, ক্রিয়াঙ্গ ও উপাসনান্তর হইতে

কর্ম্মভ্যঃ প্রজ্ঞান্তরেভ্যশ্চ স্বতন্ত্রাণি ভবন্ত্যেবমিতি। দৃষ্টশ্চাবেষ্টে রাজসূয়প্রকরণপঠিতায়াঃ প্রকরণাদুৎকর্ষঃ। বর্ণত্রয়ানুবন্ধত্বাদ্রাজযজ্ঞত্বাচ্চ রাজসূয়স্য। তদুক্তং প্রথমে কাণ্ডে 'ক্রত্বর্থায়ামিতি চেৎ ন বর্ণত্রয়সংযোগাৎ' ইতি [জৈ০ সূ০] ॥ ৫০ ॥

ন সামান্যাদপ্যুপলব্ধের্মৃত্যুবৎ ন হি লোকাপত্তিঃ ॥ ৫১ ॥*

পৃথক্ বা স্বতন্ত্র। [দৃষ্ট...ইতি] আবেষ্টি নামক যাগ রাজসূয়প্রকরণপঠিত অথচ তাহার তৎপ্রকরণ অপেক্ষা উৎকৃষ্টতা দেখা যায়। (পূর্ব্বমীমাংসাশাস্ত্রে)। বর্ণত্রয়ের সহিত সম্বন্ধ এবং রাজযজ্ঞতা এই দুই হেতুই তদুৎকর্ষের কারণ। এ কথা প্রথমকাণ্ডে অর্থাৎ জৈমিনিকৃত পূর্ব্বমীমাংসায় অভিহিত আছে। যথা—"বর্ণত্রয়সংযোগ হেতুতে আবেষ্টির রাজসূয়ান্তর্গততা নাই।" †

* বাদ্যুপন্যস্তদৃষ্টান্তং বিঘটয়তি নেতি। ন মানসগ্রহসামান্যাদপি মনশ্চিদাদীনাং ক্রিয়াশেষত্বং কল্প্যম্। কুতঃ? উপলব্ধেঃ শ্রুত্যাদিভ্যোঃ পূর্ব্বোক্তেভ্যোহেতুভ্যস্তেষাং কেবলপুরুষার্থতোপলব্ধেরিতি যাবৎ। মৃত্যুবদিতি দৃষ্টান্তঃ। অগ্ন্যাদিত্যপুরুষয়োঃ সমানেঽপি মৃত্যুশব্দপ্রয়োগে ন যথা সাম্যাপত্তিরেবমিহাপি। ন হি লোকাপত্তিরিত্যপি দৃষ্টান্তোভবিতুমর্হতি। "অয়ং বাব লোকো গোতমাগ্নিরস্যাদিত্য এব সমিৎ" ইত্যত্র যথা সমিদাদিসামান্যাল্লোকস্যাগ্নিভাবপ্রাপ্তিস্তথেহাপীতি সূত্রপদানামর্থঃ।—মানসত্ব সামান্যের দ্বারা (তাহাও মানস—মনোমাত্র বিভাব্য এবং মনশ্চিদাদিও মানস—মনোমাত্র বিভাব্য। সুতরাং মানসত্ব পক্ষে উভয়ই সমান।) মনশ্চিদাদি অগ্নিকে ক্রিয়াঙ্গ অগ্নি বলিয়া নির্দ্ধারণ করিতে পার না। কারণ এই যে, শ্রুত্যাদি প্রমাণে ঐ সকলের কেবল পুরুষশেষতা (পুরুষ অর্থাৎ ধ্যানকারী উপাসক। শেষ অর্থাৎ তাহার গুণ।) প্রতীত হয়। যেমন মৃত্যু বিশেষণ থাকায় অগ্নিপুরুষের ও আদিত্য পুরুষের আত্যন্তিক সাম্যবিঘটিত হয়, সেইরূপ, এখানেও অত্যন্ত সাম্য নাই বলিয়া জান। যেমন সমিদাদির সমানতা থাকিলেও এতল্লোকের আত্যন্তিক অগ্নি সাম্য নাই। (ভাষ্য ব্যাখ্যা দেখ)।

† "রাজা (ক্ষত্রিয়) স্বর্গরাজ্য কামনায় রাজসূয়-যজ্ঞ করিবেন।" এইরূপে রাজসূয়-প্রকরণ আরব্ধ (শ্রুতিতে) হইয়াছে। ইহারই কিয়দ্দূরে আবেষ্টি নামক অন্য একটী যাগ কথিত হইয়াছে। ব্রাহ্মণাদিবর্ণভেদে ভিন্নরূপে তাহার অনুষ্ঠান করিবার বিধি দেখা যায়। যদি ব্রাহ্মণ যাগ করে তবে বার্হস্পত্য আহুতি দিবেন, ইত্যাদি। সেই সকল পৃথক্ প্রয়োগ বা পৃথক্ অনুষ্ঠান রাজসূয়-যজ্ঞের বহির্ভূত বর্ণত্রয়ানুষ্ঠেয় আবেষ্টি যাগেরই অঙ্গ। অর্থাৎ তাহা রাজসূয়প্রকরণপঠিত হইলেও রাজসূয়াঙ্গ নহে; তাহা বর্ণত্রয়ানুষ্ঠেয় আবেষ্টি নামক কাম্য যাগের অন্তর্গত অঙ্গ। তৎপ্রতি কারণ এই যে, রাজসূয়যাগ রাজমাত্র কর্ত্তৃক অনুষ্ঠেয়, অন্যবর্ণানুষ্ঠেয় নহে। এই বিষয়ের বিচার ও সিদ্ধান্ত পূর্ব্বমীমাংসার একাদশ অধ্যায়ে অতি বিস্তৃতরূপে লিখিত আছে। সেই বিচার ও সিদ্ধান্ত এতৎ বিচারের ও সিদ্ধান্তের নিদর্শন। অর্থাৎ ইহাও তাহারই অনুরূপ (সেই সিদ্ধান্তের অনুরূপ) ইহা বুঝিতে হইবেক।

যদুক্তং মানসবদিতি তৎ প্রত্যুচ্যতে। ন মানসগ্রহসামান্যাদপি মনশ্চিদাদীনাং ক্রিয়াশেষত্বং কল্প্যম্। পূর্ব্বোক্তেভ্যঃ শ্রুত্যাদিভ্যো হেতুভ্যঃ কেবলপুরুষার্থত্বোপলব্ধেঃ। ন হি কিঞ্চিৎ কস্যচিৎ কেনচিৎ সামান্যং ন সম্ভবতি। ন চ তাবতা যথাস্বং বৈষম্যং নিবর্ত্ততে। মৃত্যুবৎ। যথা 'স বা এষ এব মৃত্যুর্য এষ এতস্মিন্ মণ্ডলে পুরুষঃ' ইতি 'অগ্নির্ব্বৈ মৃত্যুঃ' ইতি চাগ্ন্যাদিত্যপুরুষয়োঃ সমানেঽপি মৃত্যুশব্দপ্রয়োগে নাত্যন্তসাম্যাপত্তিঃ। যথা চ 'অসৌ বাব লোকোঽগ্নির্গৌতমাঽস্যাদিত্য এব সমিৎ' ইত্যত্র ন সমিদাদিসামান্যাল্লোকস্যাঽগ্নিভাবাপত্তিস্তদ্বৎ ॥ ৫১ ॥

অপি চ পূর্ব্বাপরযোর্ভাগযোর্ব্বিদ্যাপ্রাধান্যদর্শনাৎ তন্মধ্যপাতিনোঽপি তৎসামান্যাদ্বিদ্যাপ্রধানত্বমেব লক্ষ্যতে ন কর্ম্মাঙ্গত্বমিত্যাহ সূত্রেণ।

পূর্ব্বে যে মানস-গ্রহের দৃষ্টান্ত দিয়াছিলে অর্থাৎ পৃথিবীরূপ পাত্রে সমুদ্ররূপ সোমরস গ্রহণাদি করিতেছি, ইত্যাদিবিধ চিন্তা বা ধ্যান করিবেক, এই বিধানের কথা বলিয়া তৎসঙ্গে প্রস্তাবিত মনশ্চিদাদি অগ্নির সমানতা দেখাইয়াছিলে, এক্ষণে তাহার প্রতিবাদ বলিব। মানসগ্রহের সহিত সমানতা আছে, তাই বলিয়া মনশ্চিৎ প্রভৃতিকে ক্রিয়াঙ্গ অগ্নি বলিতে পার না। কারণ, পূর্ব্বোক্ত শ্রুতি, বাক্য, অনুবন্ধ ও লিঙ্গের দ্বারা ঐ অগ্নির কেবল পুরুষার্থতাই অনুভূত হয়। অর্থাৎ ঐ সকল অগ্নিভাবে উপাসকের ধ্যেয় বলিয়াই স্থিরীকৃত হয়। এমন কিছুই নাই—যাহা কোন না কোন অংশে সমান হয়। কেবল এক অংশে সাম্য আছে, তাই বলিয়া তাহারা আত্যন্তিক সমান হইবে না। সেরূপ সমানতার উল্লেখ কি কাহার নিজবৈষম্য বিদূরিত করিতে পারে? তাহা পারে না। শ্রুতিতে আছে—"সেই মৃত্যু ইনি—যিনি এতন্মণ্ডলের পুরুষ।" "অগ্নিই মৃত্যু"। এখানে দেখ, অগ্নি ও আদিত্যপুরুষ মৃত্যু-শব্দের প্রয়োগ বিষয়ে সমান হইলেও উক্ত উভয় অত্যন্ত সমান নহে। [যথা চ তদ্বৎ] "হে গৌতম! প্রসিদ্ধ এই লোক অগ্নি, ইহার সমিধ আদিত্য।" এখানেও, সমিধ প্রভৃতির সাম্য থাকিলেও উক্ত শ্লোকের যদ্রূপ অগ্নিভাবাপত্তি অভিহিত, উদাহৃত স্থলেও তদ্রূপ অভিহিত হইয়াছে জানিবে।

পরেণ চ শব্দস্য তাদ্বিধ্যং ভূয়স্ত্বাত্ত্বনুবন্ধঃ ॥৫২॥*

পরস্তাদপি 'অয়ং বাব লোক এষোঽগ্নিশ্চিতঃ' ইত্যেতস্মিন্ অনন্তরে ব্রাহ্মণে তাদ্বিধ্যং কেবলবিদ্যাবিধিত্বং শব্দস্য প্রয়োজনং লভ্যতে ন শুদ্ধকর্ম্মাঙ্গবিধিত্বম্। তত্র হি—

'বিদ্যয়া তদারোহন্তি যত্র কামাঃ পরাগতাঃ।
ন তত্র দক্ষিণা যন্তি নাবিদ্বাংসস্তপস্বিনঃ' ॥

পারিতে। কিন্তু কেবল তাহা অভিহিত হয় নাই, বেদান্তে কেবল সংসারী আত্মা উপদিষ্ট হয় নাই, অধিকন্তু তদভেদে ও তদতিরিক্তরূপে অসংসারী ঈশ্বরাত্মাও বেদ্য বা বিজ্ঞেয় বলিয়া উপদিষ্ট হইয়াছেন। তদনুসারে তাঁহাকে কর্ত্তৃত্বাদিসর্ব্বধর্ম্মরহিত নিষ্পাপ নির্লিপ্ত উদাসীন ও পরমাত্মা বলিয়া জানিতে হইবে। সে জ্ঞান কর্ম্মাঙ্গ হওয়া বা কর্ম্মে প্রবৃত্ত করা দূরে থাকুক, কর্ম্মের উচ্ছেদই করিয়া থাকে। এ তথ্য "উপমর্দ্দঞ্চ" সূত্রে সমর্থিত হইবে। [তস্মাৎ মাদ্যাঃ] অতএব, ভগবান্ বাদরায়ণ যে বলিয়াছেন, কেবল বেদান্তবিহিত বিজ্ঞানে পুরুষার্থ (মোক্ষ) সিদ্ধ হয়, তাহা স্থিরতরই থাকিবেক, শেষত্ব প্রভৃতি হেত্বাভাস তাহাকে চালিত করিতে পারিবে না। (২ হইতে ৭ পর্য্যন্ত সূত্রে যে সকল হেতু প্রদর্শিত হইয়াছে সে সকল প্রকৃত হেতু নহে। সে সকল হেত্বাভাস অর্থাৎ মাত্র দেখিতে হেতুর মত। সুতরাং সে সকলের দ্বারা প্রতিজ্ঞাত তত্ত্ব অব্যভিচরিতরূপে সাধিত হইতে পারে না।) যে সকল শ্রুতি শরীরাভিমানী জীবাত্মার অধিক ঈশ্বরাত্মা বা পরমাত্মা বলিয়াছেন সে সকল শ্রুতি এই—"সর্ব্বজ্ঞ ও সর্ব্ববিৎ।" "বায়ু তাঁহারই ভয়ে বহমান হয়, সূর্য্যও তাঁহার ভয়ে উদিত হন।" "ইনি উদ্যত বজ্র অপেক্ষা অধিক ভয়হেতু।"

হসৃজত' ইত্যেবমাদ্যাঃ। যত্তু প্রিয়াদিসংসূচিতস্য সংসারিণ এবাত্মনো বেদ্যতয়ানুকর্ষণম্ 'আত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতি' 'আত্মা বা অরে দ্রষ্টব্যঃ' 'যঃ প্রাণেন প্রাণিতি স ত আত্মা সর্ব্বান্তরঃ' 'য এষোঽক্ষিণি পুরুষো দৃশ্যতে' ইত্যুপক্রম্য 'এতস্ত্বেব তে ভূয়োঽনুব্যাখ্যাস্যামি' ইতি চৈবমাদি, তদপি 'অস্য মহতো ভূতস্য নিঃশ্বসিতমেতৎ যদৃগ্বেদো যজুর্ব্বেদঃ' 'যোঽশনায়াপিপাসে শোকং মোহং জরাং মৃত্যুমত্যেতি পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে স উত্তমঃ পুরুষঃ' ইত্যবমাদিভির্ব্বাক্যশেষৈঃ সত্যামেবাধি-

---

দিক্ষায়াং পরমাত্মনোঽত্যন্তাভেদ উপদিশ্যতে। যথা সমারোপিতস্য ভুজগস্য রজ্জুরূপাদত্যন্তাভেদঃ প্রতিপাদ্যতে যোঽয়ং সর্পঃ সা রজ্জুরিতি তথা বিদ্যায়াঃ কর্ম্মাঙ্গত্বে দর্শনমুপন্যস্তমেবমকর্ম্মাঙ্গত্বে ন দর্শনমুক্তম্। তত্র কর্ম্মাঙ্গত্বদর্শনানামন্যথাসিদ্ধিরুক্তা। কেবলবিদ্যাদর্শনানান্তু নান্যথাসিদ্ধিরসার্ব্বত্রিকী ব্যাপ্তি-

---

"গার্গি! এই অক্ষরের (ব্রহ্মের) অনুশাসনেই চন্দ্র-সূর্য্য বিধৃত আছে।" "তিনি ঈক্ষণ অর্থাৎ আলোচনা করিলেন, আমি বহু হইব ও জন্মিব। অনন্তর তিনি তেজ সৃষ্টি করিলেন।" ইত্যাদি। [যত্তু...নির্ণীতম্] বেদান্তে প্রিয়াদিসূচিত সংসারী আত্মাও বিজ্ঞেয় বলিয়া উপদিষ্ট হইয়াছে সত্য; যথা—"আত্মার অর্থাৎ আপনার প্রিয় (প্রীতি বা সুখ) বা স্ফূর্ত্তিপ্রদ বলিয়াই এ সমুদায় প্রিয় হয়।" "আত্মাই দ্রষ্টব্য" "যে প্রাণের দ্বারা প্রাণবান্ অর্থাৎ জীবিত থাকা যায় তাহা আত্মা ও সর্ব্বান্তর (সমুদায় দৈহিক পদার্থের অভ্যন্তরে বা মূলে বিরাজমান)।" "চক্ষুতে এই যে পুরুষ দৃষ্ট হন" ইত্যাদি, পরন্তু সে সকল বাক্যও জীবপরমাত্মার আত্যন্তিক ভেদ অভিপ্রায়ে আম্নাত হয় নাই। কারণ, সেই সেই প্রস্তাবের শেষে এই সকল বাক্যসন্দর্ভ আছে। "ঋগ্বেদ যজুর্ব্বেদ সামবেদ প্রভৃতি সমস্তই এই মহদ্ভূতের (নিত্যসিদ্ধ ব্রহ্মের) নিঃশ্বাসতুল্য অর্থাৎ ঋগ্বেদাদি সমুদায় শাস্ত্র তাঁহা হইতে বিনা প্রযত্নে বহির্ব্যক্ত হইয়াছে।" "যিনি ক্ষুধা তৃষ্ণা শোক মোহ জরা মৃত্যু অতিক্রম করেন, পরম জ্যোতিঃ (ব্রহ্ম) সম্পন্ন হইয়া স্বীয় পারমার্থিক রূপ প্রাপ্ত হন, তিনিই উত্তম পুরুষ।" ইত্যাদি। ইত্যাদিবিধ বাক্য শেষ দ্বারা ইহাই প্রতীত হইতেছে যে, শ্রুতির অধিক বলিবার ইচ্ছা থাকায় সেই সেই স্থলে অসংসারী ব্রহ্মের উপদেশ করা অভিপ্রেত,

কোপূদিদিক্ষায়াং নাত্যন্তভেদাভিপ্রায়মিত্যবিরোধঃ। পারমেশ্বরমেব হি শারীরস্য পারমার্থিকং স্বরূপমুপাধিকৃতস্তু শারীরত্বং 'তত্ত্বমসি' 'নান্যোঽতোঽস্তি দ্রষ্টা' ইত্যেবমাদিশ্রুতিভ্যঃ। সর্ব্বঞ্চৈতৎ বিস্তরেণাস্মাভিঃ পুরস্তাৎ তত্র তত্র নির্ণীতম্ ॥ ৮ ॥

তুল্যন্তু দর্শনম্ ॥ ৯ ॥*

যদুক্তমাচারদর্শনাৎ কর্ম্মশেষো বিদ্যেত্যত্র ব্রূমঃ—তুল্যমাচারদর্শনমকর্ম্মশেষত্বেঽপি বিদ্যায়াঃ। তথা হি শ্রুতির্ভবতি 'এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বাংস আহুর্ঋষয়ঃ কারবেয়াঃ কিমর্থা বয়মধ্যেষ্যামহে কিমর্থা বয়ং যক্ষ্যামহে এতদ্ধ স্ম বৈ তৎ পূর্ব্বে

রপ্যুদ্গীথবিদ্যাপেক্ষয়া তস্যা এব প্রকৃতত্বাৎ ন ত্বশেষাপেক্ষয়া। যথা সর্ব্বে ব্রাহ্মণা ভোজ্যন্তামিতি নিমন্ত্রিতাপেক্ষযা তেষামেব প্রকৃতত্বাৎ।

পবোক্তং লিঙ্গদর্শনং প্রত্যাহ—তুল্যস্তিতি। উক্তমনূদ্য সূত্রমুত্তরত্বেন যোজযতি যদিত্যাদিনা। ইতশ্চ বিদ্যায়াঃ ন শেষতেত্যাহ যাজ্ঞবল্ক্যেতি। আদিশব্দেন শুকাদযো গৃহ্যন্তে। কথং তেষামকর্ম্মনিষ্ঠত্বং তদাহ—এতাবদিতি। উভযথা লিঙ্গদর্শনে সংশযমাশঙ্ক্য পবকীযসিদ্ধানামন্যথাসিদ্ধিং বক্তু-

---

তাই তিনি প্রদর্শিত শেষ বাক্যে জীবব্রহ্মের আত্যন্তিক ভেদ বলেন নাই। সুতবাং উত্থাপিত আপত্তিব খণ্ডন ও বিবোধভঞ্জন সুসিদ্ধ হয়। পরমেশ্বরস্বরূপই শারীরাত্মার পারমার্থিক স্বরূপ; তাঁহাব যে শাবীরত্ব বা জীবত্ব তাহা উপাধিকৃত। এ কথা "তত্ত্বমসি" মহাবাক্যে ও "ইহাঁ ছাড়া পৃথক্ দ্রষ্টা নাই—" ইত্যাদি বাক্যে অভিহিত আছে। এ সমস্তই আমরা ইতিপূর্ব্বে সেই সেই স্থানে সবিস্তবে বলিয়াছি।

বলিয়াছিলে যে, আচার দেখা যায় অর্থাৎ জ্ঞানীদিগকেও কর্ম্মানুষ্ঠান করিতে দেখা যায়, তৎকারণে জ্ঞান কর্ম্মাঙ্গ বলিয়া অবধৃত, সে কথারও প্রত্যুত্তর দিতেছি। আচারদর্শন তুল্য অর্থাৎ কর্ম্ম ও কর্ম্মত্যাগ উভয় পক্ষেই আচার দর্শন আছে। শ্রুতিতে যেমন জ্ঞানীর কর্ম্মানুষ্ঠান বর্ণিত আছে তেমনি

---

* দর্শনমাচারদর্শনং তুল্যং কর্ম্মাকর্ম্মশেষত্বে ইতি।—শাস্ত্রে যেমন জ্ঞানীর আচার নিষ্ঠতা অর্থাৎ কর্ম্মানুষ্ঠান রতি দেখিয়াছ, তেমনি কর্ম্মবিরতিও দেখিতে পাইবে। অতএব, আচারদর্শনরূপ হেতু উভয় পক্ষেই তুল্য। সে জন্য তাহা তাহার সাধক হইতে পারে না। (অন্য ব্যাখ্যা দেখ)।

বিদ্বাংসোঽগ্নিহোত্রং ন জুহবাঞ্চক্রিরে এতং বৈ তমাত্মানং বিদিত্বা ব্রাহ্মণাঃ পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণায়াশ্চ ব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্তি' ইত্যেবঞ্জাতীয়কা। যাজ্ঞবল্ক্যাদীনামপি ব্রহ্মবিদামকর্ম্মনিষ্ঠত্বং দৃশ্যতে 'এতাবদরে খল্বমৃতত্বমিতি হোক্ত্বা যাজ্ঞবল্ক্যঃ প্রবব্রাজ' ইত্যেবমাদিশ্রুতিভ্যঃ। অপি চ 'যক্ষ্যমাণো হ বৈ ভগবন্তোঽহমস্মি' ইত্যেতল্লিঙ্গদর্শনং বৈশ্বানরবিদ্যাবিষয়ম্। সম্ভবতি চ সোপাধিকায়াং ব্রহ্মবিদ্যায়াং কর্ম্মসাহিত্যদর্শনং ন ত্বত্রাপি কর্ম্মাঙ্গত্বমস্তি প্রকরণাদ্যভাবাৎ। যৎ পুনরুক্তং 'তচ্ছ্রুতেঃ' ইত্যত্র তত্র ব্রূমঃ ॥ ৯ ॥

মারভতে। অপি চেতি। তত্র যক্ষ্যমাণ ইত্যাদিলিঙ্গদর্শনস্যান্যথাসিদ্ধিমাহ। যক্ষ্যমাণ ইতি। তত্রাপি বিদ্যাত্বান্ন কর্ম্মসাহিত্যমন্যথা ব্রহ্মবিদ্যায়ামপি তৎপ্রসঙ্গাদিত্যাশঙ্ক্যাহ। সম্ভবতীতি। তর্হি বৈশ্বানরবিদ্যায়া ন স্বাতন্ত্র্যেণ ফলবত্ত্বং কর্ম্মাঙ্গত্বাঙ্গীকারাত্তত্রাহ। ন ত্বিতি। যেষাঞ্চ ব্রহ্মবিদামপি কর্ম্ম দৃশ্যতে, ন তত্তেষাং কর্ম্ম তদ্ধি চোদনালক্ষণং তেষাঞ্চাহংমমাভিমানাভাবে চ চোদনাভাবাৎ কথঞ্চিদনুবর্ত্তমানমপি তদাভাসমাত্রমিতি ভাবঃ। পরোক্তাং শ্রুতিমনূদ্য তদুত্তরত্বেন সূত্রমবতারয়তি। যদিতি। ইত্যানন্দগিরিঃ।

কর্ম্মত্যাগও বর্ণিত আছে। কর্ম্মবর্জ্জনবোধিকা শ্রুতি এই—"ব্রহ্মজ্ঞ ঋষিরা এইরূপ বলিয়াছিলেন। আমরা কিজন্য অধ্যয়ন করিব? কিজন্য যজ্ঞ করিব? পূর্ব্ব বিদ্বান্‌গণ অগ্নিহোত্র হোম করেন নাই। ব্রহ্মজ্ঞগণ আত্মার সাক্ষাৎকারলাভ করিয়া পুত্রেচ্ছা ধনেচ্ছা ও লোকেচ্ছা হইতে ব্যুত্থিত হইয়া অর্থাৎ সর্ব্বপ্রকার কামনা পরিত্যাগ করিয়া ব্রহ্মনিষ্ঠতাচরণ করেন অর্থাৎ ব্রহ্মসংস্থ হন।" ইত্যাদি। [যাজ্ঞবল্ক্যা...ব্রূমঃ] যাজ্ঞবল্ক্য, শুক ও নারদ প্রভৃতি জ্ঞানী ছিলেন অথচ কর্ম্মনিষ্ঠ ছিলেন না। "ইহাই অমৃত (মোক্ষ) এই বলিয়া যাজ্ঞবল্ক্য প্রব্রজ্যা অর্থাৎ সন্ন্যাস গ্রহণ করিলেন।" এই শ্রুতিতে জ্ঞানী যাজ্ঞবল্ক্যের কর্ম্মত্যাগের কথা শুনা যায়। "হে মহাভাগগণ! আমি এখন যজ্ঞদীক্ষিত।" এই লিঙ্গদর্শন অর্থাৎ ব্রহ্মজ্ঞ কৈকেয় রাজার যজ্ঞদীক্ষিত হওয়ার কথা, ইহা বৈশ্বানর-উপাসনা-বিষয়ক। যদিও সগুণব্রহ্মজ্ঞানে কর্ম্ম সাহিত্য থাকা অসম্ভব নহে তথাপি তাহা প্রকরণস্থ নহে বলিয়া সে স্থলেও কর্ম্ম সাহিত্যের অভাব আছে। বলিয়াছিলে যে, "উপনিষদা"

অসার্ব্বত্রিকী ॥ ১০ ॥*

'যদেব বিদ্যয়া করোতি' ইত্যেষা শ্রুতি র্ন সর্ব্ববিদ্যা-বিষয়া প্রকৃতবিদ্যাভিসম্বন্ধাৎ। প্রকৃতা চোদ্গীথবিদ্যা 'ওমিত্যেতদক্ষরমুদ্গীথমুপাসীত' ইত্যত্র [ছা০] ॥ ১০ ॥

বিভাগঃ শতবৎ ॥ ১১ ॥†

যদ্যপ্যুক্তং 'তং বিদ্যাকর্ম্মণী সমন্বারভেতে' ইত্যেতৎ সমন্বারম্ভবচনমস্বাতন্ত্র্যে বিদ্যায়া লিঙ্গমিতি তৎ প্রত্যুচ্যতে। বিভাগোঽত্র দ্রষ্টব্যঃ। বিদ্যা অন্যং পুরুষং সমন্বারভতে-

---

তদ্বিভজতে। যদেবেতি। বিদ্যাশব্দস্য সামান্যবিষয়স্য বিশেষাকাঙ্ক্ষস্য প্রাকরণিকবিশেষেণ চরিতার্থত্বাদিতি হেতুমাহ প্রকৃতেতি। আত্মধিয়স্তথাত্বশঙ্কাং প্রত্যাহ প্রকৃতা চেতি। ইত্যানন্দগিরিঃ।

এতদ্বাক্যস্থ তৃতীয়া বিভক্তির বলে উপনিষদ্‌প্রভব জ্ঞানের কর্ম্মাঙ্গতা অবধারিত হইতে পারে; এক্ষণে সে কথার প্রত্যুত্তর বলিব।

তাহা সার্ব্বত্রিক নহে। "বিদ্যা যাহা করে–" এই শ্রুতি সর্ব্ববিদ্যাবোধিকা নহে। কেননা, প্রস্তাবিত বিদ্যারই সহিত উহার সম্বন্ধ। উদ্গীথজ্ঞানে ওঁ এই অক্ষরের উপাসনা করিবেক, এই প্রস্তাবে ঐ কথা অভিহিত হওয়ায় উদ্গীথবিদ্যার সহিতই ঐ শ্রুতির সম্বন্ধ।

বলিয়াছিলে যে, জ্ঞান কর্ম্ম উভয়ই পরলোক গমনে উদ্যত পুরুষের অনুগমন করে, মরণের পর ভোগদেহ জন্মায় বা আরম্ভ করে, এই সমন্বারম্ভ বাক্য জ্ঞানের অস্বাতন্ত্র্য পক্ষের গমক, সে কথার প্রত্যুত্তর দিতেছি।

---

* অসার্ব্বত্রিকী ন সর্ব্ববিদ্যাবিষয়া। প্রকৃতা যা উদ্গীথবিদ্যা তদ্বিষয়া এব সা শ্রুতিরিতি সূত্রার্থঃ।—তৃতীয়া শ্রুতি কর্ম্মাঙ্গের বিনিযোজক সত্য; পরন্তু প্রদর্শিত তৃতীয়া শ্রুতি উদ্গীথবিদ্যাপ্রকরণে অভিহিত; সেই কারণে তাহা সর্ব্ববিদ্যার কর্ম্মাঙ্গতা বোধিকা নহে। অর্থাৎ তদ্দ্বারা কেবল উদ্গীথজ্ঞান'কেই কর্ম্মাঙ্গ বলিতে পার, অন্য জ্ঞানকে (উপাসনাকে) কর্ম্মাঙ্গ বলিতে পার না।

† শতং যথা বিভজ্য দীয়তে পঞ্চাশদেকস্মৈ পঞ্চাশদন্যস্মৈ তথা বিদ্যাকর্ম্মণী অপি বিভাগেন সমন্বারভেতে ন তু সাহিত্যেনেতি।—শত মুদ্রা বিভাগের দৃষ্টান্তে উক্ত উভয়ের (বিদ্যাকর্ম্মের) বিভাগ অবধারণ করিতে হইবে।

কর্ম্মান্যমিতি। শতবৎ। যথা শতমাভ্যাং দীয়তামিত্যুক্তে বিভজ্য দীয়তে পঞ্চাশদেকস্মৈ পঞ্চাশদপরস্মৈ তদ্বৎ। ন চেদং সমন্বারম্ভবচনং মুমুক্ষুবিষয়ম্ 'ইতি নু কাময়মানঃ' ইতি সংসারিবিষয়ত্বোপসংহারাৎ। 'অথাঽকাময়মানঃ' ইতি চ মুমুক্ষোঃ পৃথগুপক্রমাৎ। তত্র সংসারিবিষয়া বিদ্যা বিহিতা প্রতিষিদ্ধা চ পরিগৃহ্যতে, বিশেষাভাবাৎ কর্ম্মাপি বিহিতং প্রতিষিদ্ধঞ্চ যথাপ্রাপ্তানুবাদিত্বাৎ। এবং সত্যবিভাগেনাপীদং সমন্বারম্ভবচনমবকল্পতে। যচ্চোক্তং 'তদ্বতো বিধানাৎ' ইত্যত উত্তরং পঠতি ॥ ১১ ॥

সুগমম্। অবিভাগোঽপি ন দোষ ইত্যাহ—"ন চেদং সমন্বারম্ভবচনমি"তি। সংসারিবিষয়া বিদ্যা বিহিতা যথোদ্গীথবিদ্যা প্রতিষিদ্ধা চ যথা সচ্ছাস্ত্রাধিগমনলক্ষণা।

সেই সমন্বারম্ভ দীয়মান শত সংখ্যার দৃষ্টান্তে বিভাগক্রমেই হয়। বিদ্যা অর্থাৎ জ্ঞান যে-পুরুষকে যে-রূপে আরম্ভ করে, কর্ম্ম সে পুরুষকে সে রূপে আরম্ভ করে না। জ্ঞানফল একপ্রকার, কর্ম্মফল অন্যপ্রকার। যেমন "দুই ব্যক্তিকে শত মুদ্রা দাও" বলিলে বিভাগ প্রক্রিয়ায় এক জনকে পঞ্চাশ অন্যজন'কে পঞ্চাশ দেওয়া হয়, সেইরূপ, বিদ্যা ও কর্ম্ম বিভাগ প্রণালীতেই ফলপ্রদান করে। [ন চেদং...পঠতি] এমন বলিতে পারিবে না যে, ঐ সমন্বারম্ভ বাক্য মুমুক্ষু বিষয়ে অভিহিত। অর্থাৎ তদ্দ্বয় মুমুক্ষুর অনুগমন করে, সংসারীর অনুগমন করে না, এরূপ নহে। কারণ, শ্রুতি "এইরূপ কামনা বা সংকল্প করে বলিয়া সংকল্পানুরূপ লোকে যায়" এইরূপে সংসারী জীব লক্ষ্য করিয়া প্রোক্ত প্রস্তাব শেষ করিয়াছেন। অপিচ "যে কামনা করে না, সংকল্প ত্যাগ করে—" এইরূপে মুমুক্ষুবিষয়ক পৃথক্ উপক্রম (প্রস্তাব বা সন্দর্ভ) বলিয়াছেন। তন্মধ্যে যে সকল বিদ্যা সংসারগোচরা সে সকল বিদ্যা অবিশেষে বিহিত ও প্রতিষিদ্ধ। আর যে বিদ্যা সংসারগোচরা নহে, সে বিদ্যাবিষয়ে ঐ সমন্বারম্ভ বাক্যের অবিভাগ অর্থাৎ সমুচ্চয় উপপন্ন হইতে পারে। বলিয়াছিলে যে কর্ম্ম বেদাধ্যয়নবান্ পুরুষের জন্য বিহিত, তদনুসারেও বৈদিকজ্ঞানের কর্ম্মশেষতা প্রতীত হয়, আচার্য্য ব্যাস সে কথারও উত্তর দিয়াছেন

অধ্যয়নমাত্রবতঃ ॥ ১২ ॥*

'আচার্য্যকুলাৎ বেদমধীত্য' ইত্যত্রাধ্যয়নমাত্রস্য শ্রবণাদধ্যয়নমাত্রবত এব কর্ম্মবিধিরিত্যধ্যবস্যামঃ। নন্বেবং সত্যবিদ্বত্ত্বাদনধিকারঃ কর্ম্মসু প্রসজ্যেত। নৈষ দোষঃ। ন বয়মধ্যয়নপ্রভবং কর্ম্মাববোধনমধিকারকারণং বারয়ামঃ। কিং তর্হি। ঔপনিষদমাত্মজ্ঞানং স্বাতন্ত্র্যেণৈব প্রয়োজনবৎ প্রতীয়মানং ন কর্ম্মাধিকারকারণতাং প্রতিপদ্যত ইত্যেতাবৎ প্রতিপাদয়ামঃ। যথা চ ন ক্রত্বন্তরজ্ঞানং ক্রত্বন্তরাধিকারিণাপেক্ষ্যতে এবমেতদপি দ্রষ্টব্যমিতি। যদপ্যুক্তং 'নিয়মাচ্চ' ইতি। অত্রাভিধীয়তে ॥ ১২ ॥

অধ্যয়নমাত্রবত এব কর্ম্মবিধির্ন তূপনিষদধ্যয়নবতঃ। এতদুক্তং ভবতি। যদধ্যয়নমর্থাববোধপর্য্যন্তং কর্ম্মসূপযুজ্যতে। যথা কর্ম্মবিধিবাক্যানাং তন্মাত্রবত এবাধিকারঃ কর্ম্মসু নোপনিষদধ্যয়নবতস্তদধ্যয়নস্য কর্ম্মস্বনুপযোগাদিতি। অধ্যয়নমাত্রবত এবেতি মাত্রগ্রহণেনার্থজ্ঞানং বা ব্যবচ্ছিন্নমিতি মন্যানো ভ্রান্তশ্চোদয়তি—"নন্বেবং সতী"তি। স্বাভিপ্রায়মুদ্ঘাটয়ন্ সমাধত্তে—"ন বয়"মিতি। উপনিষদধ্যয়নাপেক্ষং মাত্রগ্রহণং নার্থবোধাপেক্ষমিত্যর্থঃ।

"গুরুকুলে বাস করতঃ বেদ অধ্যয়ন করিয়া—" এই বাক্যে অধ্যয়ন শব্দ সন্নিবিষ্ট থাকায় নিশ্চয় হয়, যে কেবলমাত্র বেদ উচ্চারণ করিতে শিখিয়াছে—অভ্যাস করিয়াছে, সেও কর্ম্মকাণ্ডে অধিকারী। অর্থবোধ ব্যতীত প্রকৃত কর্ম্মাধিকার হয় না সত্য; পরন্তু আমরা এমন কথা বলি না যে, অধ্যয়নপ্রসূত কর্ম্মবিষয়ক জ্ঞান কর্ম্মের অধিকার নিবারক। আমরা ইহাই প্রতিপাদন করিব, দেখাইব, যে বেদমস্তক উপনিষদ্ ও তৎপ্রভব আত্মজ্ঞানের ফল স্বতন্ত্র, এবং তাহাই কর্ম্মাধিকারের অপ্রয়োজক। যে এক যজ্ঞ করিবে সে যেমন অন্য যজ্ঞের জ্ঞান অপেক্ষা করে না, তেমনি, যে কর্ম্ম করিবে সেও ঔপনিষদ আত্মজ্ঞান অপেক্ষা করে না। কারণ এই যে, অর্থ জানুক বা না জানুক, উপনিষদুক্ত মন্ত্র অভ্যস্ত হইলেই সে কর্ম্মবিষয়ে কৃতকার্য্য হইতে পারে। আর এক কথা বলিয়াছিলে যে, কর্ম্ম করার নিয়ম দেখা যায়, সে কথারও প্রত্যুত্তর দিতেছি।'

* মাত্রশব্দেন জ্ঞানস্য ব্যবচ্ছেদঃ।—কর্ম্মাধিকারে জ্ঞানের প্রতীক্ষা নাই। তাহা কেবলমাত্র অধ্যয়ন সাপেক্ষ।

নাবিশেষাৎ ॥ ১৩ ॥*

'কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেৎ' ইত্যেবমাদিষু নিয়মশ্রবণেষু ন বিদুষ ইতি বিশেষোঽস্তি। অবিশেষেণ নিয়মবিধানাৎ ॥ ১৩ ॥

স্তুতয়েঽনুমতির্বা ॥ ১৪ ॥†

'কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি' ইত্যত্রাপরো বিশেষ আখ্যায়তে। যদ্যপ্যত্র প্রকরণসামর্থ্যাৎ বিদ্বানেব কুর্ব্বন্নিতি সম্বধ্যতে তথাপি বিদ্যাস্তুতয়ে কর্ম্মানুজ্ঞানমেতৎ দ্রষ্টব্যম্। 'ন কর্ম্ম লিপ্যতে নরে' ইতি হি বক্ষ্যতি। এতদুক্তং ভবতি। যাব-

---

কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণীত্যবিদ্যাবদ্বিষয়মিত্যর্থঃ। বিদ্যাবদ্বিষয়ত্বেঽপ্যবিরোধো বিদ্যাস্তুত্যর্থত্বাদিত্যাহ।

অপি চ বিদ্যাফলং প্রত্যক্ষং দর্শয়ন্তী শ্রুতিঃ কালান্তরভাবিফলকর্ম্মাঙ্গত্বং বিদ্যায়া নিরাকরোতীত্যাহ।

"কর্ম্মতৎপর থাকিয়া শতবর্ষব্যাপী জীবন ইচ্ছা করিবেক" ইত্যাদি বাক্যে কর্ম্মকরণের নিয়ম শুনা যায় সত্য; পরন্তু সে নিয়ম জ্ঞানী অজ্ঞানী সাধারণ। জ্ঞানীর পক্ষে কোনরূপ বিশেষ নিয়ম শ্রুত হয় নাই।

"এতদ্দেহে কর্ম্ম করিতে করিতে—" এই স্থানে অপর এক অর্থ আছে। "কর্ম্ম কুর্ব্বন্" এই কথার সঙ্গে প্রকরণ অনুসারে বিদ্বানের সম্বন্ধ বা অন্বয় হয় হউক, তথাপি দোষ হইবে না। অর্থাৎ জ্ঞানীও কর্ম্ম করিবেন, এ অর্থ হইলেও তাহা অস্মৎ পক্ষের প্রতিকূল হইবে না। কারণ, ঐ কর্ম্মানুজ্ঞা ("বিদ্বান্ কর্ম্ম করিতে করিতে" এ কথা) জ্ঞান প্রশংসার্থ ব্যতীত অন্য অর্থে প্রযোজিত হয় নাই। কেননা, শ্রুতি ঐ কথার অব্যবহিত পরেই বলিয়াছেন—কর্ম্ম বিদ্বান্ নরে লিপ্ত হয় না। কর্ম্ম বিদ্বান্ নরে

---

* দর্শিতং যন্নিয়মবিধানং তদবিদ্বদ্বিষয়মিতি।—অবিশেষে নিয়মের বিধান সুতরাং জ্ঞানীর সম্বন্ধে বিশেষাভাব। অর্থাৎ জ্ঞানীও কর্ম্ম তৎপর হইবেন, এ বিশেষ ঐ বিধানে লব্ধ হয় না।

† অথবা স্তুতয়ে বিদ্যাপ্রশংসার্থং অনুমতিঃ কর্ম্মানুজ্ঞানম্।—অথবা ঐ কর্ম্মানুমতি (কর্ম্ম করিবার আদেশ বা বিধান) বিদ্যার (জ্ঞানের বা উপাসনার) স্তুতিনিমিত্ত অর্থাৎ ঐ কথা বিদ্যামহিমা বলিবার জন্য বা বিদ্যা প্রশংসা করিবার জন্য।

জ্জীবং কর্ম্ম কুর্ব্বত্যপি পুরুষে বিদুষি ন কর্ম্ম লেপায় ভবতি বিদ্যাসামর্থ্যাদিতি তদেবং বিদ্যা স্তূয়তে ॥ ১৪ ॥

কামকারেণ চৈকে ॥ ১৫ ॥*

অপি চৈকে বিদ্বাংসঃ প্রত্যক্ষীকৃতবিদ্যাফলাঃ সন্তস্তদবষ্টম্ভাৎ ফলান্তরসাধনেষু প্রযাজাদিষু প্রয়োজনাভাবং পরামৃশন্তি। কামকারেণেতি। শ্রুতির্ভবতি বাজসনেয়িনাম্ 'এতদ্ধ স্ম বৈ তৎ পূর্ব্বে বিদ্বাংসঃ প্রজাং ন কাময়ন্তে কিং প্রজয়া করিষ্যামো যেষাং নোঽয়মাত্মাঽয়ং লোক' ইতি। অনুভবারূঢ়মেব চ বিদ্যাফলং ন ক্রিয়াফলবৎ কালান্তরভাবীত্যসকৃদাবেদিতম্। অতোঽপি ন বিদ্যায়াঃ কর্ম্মশেষত্বং নাপি তদ্বিষয়ায়াঃ ফলশ্রুতেরযথার্থত্বং শক্যমাশ্রয়িতুম্ ॥ ১৫ ॥

কামকার ইচ্ছা।

লিপ্ত হয় না, এই কথায় ইহাই বলা হইয়াছে যে, বিদ্যার এমনই প্রভাব যে, যাবজ্জীবন কর্ম্ম করিলেও তাহা বিদ্বান্ (আত্মতত্ত্বজ্ঞানী) নরে সংস্পৃষ্ট হয় না। জ্ঞান বলে সে সকল পদ্মপত্রস্থ জলের ন্যায় বিশ্লিষ্ট হইয়া যায়। এইরূপ জ্ঞানস্তুতি করা হইয়াছে মাত্র।

কোন কোন জ্ঞানী—যাঁহারা জ্ঞানফল প্রত্যক্ষ করিয়াছিলেন তাঁহারা—সেই উপলক্ষ্যে কাম্যফলোপায় প্রযাজ প্রভৃতি যাগে প্রয়োজনাভাব বুঝিতে পারিয়াছিলেন এবং তাহা স্মরণ করিয়াছিলেন। এই কথাই কামকারেণসূত্রে বলা হইয়াছে অর্থাৎ দেখান হইয়াছে। এ সম্বন্ধে যজুর্ব্বেদীয় বাজসনেয়ী শাখায় শ্রুতি আছে। যথা—"পূর্ব্ব পূর্ব্ব জ্ঞানীরা প্রজা কামনা করেন নাই (প্রজা—সন্তান। তদুপলক্ষিত গার্হস্থ্য ধর্ম্ম)। তাঁহারা জানিয়াছিলেন ও বলিয়াছিলেন, যে আত্মাই আমাদের প্রত্যক্ষ লোক; সুতরাং আমরা প্রজা লইয়া কি করিব" ইত্যাদি। [অনু...শ্রয়িতুম্] অনুভবারূঢ় বা প্রত্যক্ষীকৃতজ্ঞানফল কর্ম্মফলের ন্যায় কালান্তরভাবী নহে। জ্ঞানের অব্যবহিত পরেই জ্ঞানফল অনুভূত হয়, এ তথ্য আমরা

---

* একে ঋষয়ঃ বিদ্বাংসঃ কামকারেণ স্বেচ্ছাতঃ। ইচ্ছাদিসাধ্যকর্ম্মণস্ত্যাগাৎ ন জ্ঞানং কর্ম্মণোঽঙ্গমিতি স্থিতিঃ।—প্রত্যক্ষীকৃতবিদ্যাফল পূর্ব্বর্ষিগণ কামনাপ্রসূত বা ইচ্ছাসাধ্য কর্ম্ম করেন নাই।

উপমর্দ্দঞ্চ ॥ ১৬ ॥*

অপি চ কর্ম্মাধিকারহেতোঃ ক্রিয়াকারকফললক্ষণস্য সমস্তস্য প্রপঞ্চস্যাবিদ্যাকৃতস্য বিদ্যাসামর্থ্যাৎ স্বরূপোপমর্দ্দমামনন্তি 'যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং পশ্যেৎ তৎ কেন কং জিঘ্রেৎ' ইত্যাদিনা। বেদান্তোদিতাত্মজ্ঞানপূর্ব্বিকান্তু কর্ম্মাধিকারসিদ্ধিং প্রত্যাশাসানস্য কর্ম্মাধিকারোচ্ছিত্তিরেব প্রসজ্যেত। তস্মাদপি স্বাতন্ত্র্যং বিদ্যায়াঃ ॥ ১৬ ॥

ঊর্দ্ধরেতঃসু চ শব্দে হি ॥ ১৭ ॥†

অধিকোপদেশাদিত্যনেনাত্মন এব শুদ্ধবুদ্ধোদাসীনত্বাদয় উক্তাঃ। ইহ তু সমস্তক্রিয়াকারকফলবিভাগোপমর্দ্দঞ্চেতি।

পুনঃপুনঃ বলিয়াছি ও প্রতিপাদন করিয়াছি। সে জন্যও জ্ঞান কর্ম্মের সহচর বা অঙ্গ নহে এবং তৎসম্বন্ধীয় ফলবাক্যও অর্থবাদ নহে।

অন্য হেতুও আছে। সে হেতু এই। শ্রুতি বলিয়াছেন যে, যাহা যাহা কর্ম্মাধিকারের কারণ—অর্থাৎ ক্রিয়া ও কারক (কর্ত্তা কর্ম্ম সম্প্রদান প্রভৃতি), সে সমুদায়ই মিথ্যাপ্রপঞ্চ বা অবিদ্যাবিজৃম্ভিত। সেই জন্যই সে সকল বিদ্যার উদরে উপমর্দ্দিত বা বিলীন হইয়া যায়। যথা—"যে সময়ে জ্ঞানীর এ সমস্তই আত্মভূত হয়, সে সময়ে বা তখন কে কি দিয়া কি দেখিবে?" ইত্যাদি। যাহারা বেদান্তোক্ত জ্ঞানের উদয়ের পরে কর্ম্মাধিকারের আশা করেন তাহাদের আশা নিরাশাই। বৈদান্তিক আত্মজ্ঞান উদিত হইলে কর্ম্মাধিকার হওয়া দূরে থাকুক, তদ্দ্বারা তাহার মূলোচ্ছেদই হইয়া থাকে। অতএব, বিদ্যার (জ্ঞানের) স্বাতন্ত্র্যই সিদ্ধান্ত, সাহিত্যপক্ষ সিদ্ধান্ত নহে।

* অশেষক্রিয়াবিভাগোপমর্দ্দকত্বং জ্ঞানস্যেতি নাত্মবিজ্ঞানং কর্ম্মাঙ্গমিতি।—ঔপনিষদ আত্মবিজ্ঞান কর্ম্মাঙ্গ হওয়া দূরে থাকুক, তাহার উদয়ে কর্ম্মের উপমর্দ্দন (বিনাশ) দেখা যায়।

† ঊর্দ্ধরেতঃসু চতুর্থাশ্রমেষু। হি যতঃ। শব্দে বৈদিকেষু শব্দেষু।—ঊর্দ্ধরেতঃ আশ্রমে অর্থাৎ সন্ন্যাসাশ্রমে বিদ্যাশ্রুতি দেখা যায়। যে আশ্রমে কর্ম্ম নাই, প্রত্যুত কর্ম্মের ত্যাগ আছে, সেই আশ্রমেই জ্ঞানের বিধান। ইহাতেও বুঝা যায়, কর্ম্মের সহিত জ্ঞানের সমুচ্চয় সম্বন্ধ নাই। কর্ম্মত্যাগের আশ্রয়ীভূত চতুর্থাশ্রম (সন্ন্যাস) বেদশব্দবোধিত। (ভাষ্য দেখ)।

ঊর্দ্ধরেতঃসু চাশ্রমেষু বিদ্যা শ্রূয়তে। ন চ তত্র কর্ম্মাঙ্গত্বং বিদ্যায়া উপপদ্যতে কর্ম্মাভাবাৎ। ন হ্যগ্নিহোত্রাদীনি বৈদিকানি কর্ম্মাণি তেষাং সন্তি। স্যাদেতৎ। ঊর্দ্ধরেতস আশ্রমা ন শ্রূয়ন্তে বেদ ইতি তদপি নাস্তি। তেঽপি হি বৈদিকেষু শব্দেষ্ববগম্যন্তে। 'ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ। যে চেমেঽরণ্যে শ্রদ্ধাতপ ইত্যুপাসতে' 'তপঃশ্রদ্ধে যে হ্যুপবসন্ত্যরণ্যে' 'এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি' 'ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ' ইত্যেবমাদিষু। প্রতিপন্নাপ্রতিপন্নগার্হস্থ্যানামপাকৃতানপা-

---

সুবোধম্।

বিদ্যাস্বাতন্ত্র্যে হেত্বন্তরমাহ। ঊর্দ্ধরেতঃস্বিতি। বিদ্যাকর্ম্মণী নাঙ্গাঙ্গিভূতে মিথো ব্যতিরেকিত্বাদৃতুগমননৈষ্ঠিকব্রতবদিতি মত্বা যোজয়তি—উদ্ধেত্যাদিনা। তথাপি কথং কর্ম্মাঙ্গত্বং বিদ্যায়া ব্যাসেধ্যতে তত্রাহ ন চেতি। তেষামপি স্নানাদিকর্ম্মাস্তীত্যাশঙ্ক্যাহ ন হীতি। বাধিতানুবৃত্ত্যা তৎসদ্ভাবেঽপি বৈদিকাগ্নিহোত্রাদ্যভাবাৎ ক্রত্বঙ্গতা জ্ঞানস্যেত্যর্থঃ। শব্দে হীত সূত্রাবয়বব্যাবৃত্ত্যামাশঙ্কামাহ স্যাদিতি। সূত্রাবয়বেনোত্তরমাহ তদপীতি। কর্ম্মানধিকৃতান্ধাদিবিষয়ং পারিব্রাজ্যমিত্যাশঙ্ক্যাহ প্রতিপন্নেতি। ঋণাপাকরণে শ্রুতিস্মৃতিভ্যাং গৃহস্থস্যৈবাপাকৃতর্ণত্রয়স্যৈবোদ্ধরেতঃশব্দিতমৈথুনাসমাচারোপলক্ষিতং পারিব্রাজ্যমিত্যাশঙ্ক্যাহ—অপাকৃতেতি। সাক্ষাদ্বিধিশ্রুতিবিরোধেঽর্থবাদশ্রুতিস্মৃত্যোর্ব্বাধ্যতেত্যভিপ্রেত্যোক্তম্ শ্রুতীতি। শ্রুতির্ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেদি-

---

ঊর্দ্ধরেতঃ আশ্রমে (সন্ন্যাস নামক চতুর্থাশ্রমে) বিদ্যার শ্রবণ আছে। সে আশ্রমে কিরূপে বিদ্যার কর্ম্মাঙ্গতা স্থির রাখিবে? সে আশ্রমে ত কর্ম্ম নাই? সে আশ্রমে, কি অগ্নিহোত্র কি অন্য কর্ম্ম কোনও কর্ম্ম নাই। [স্যাদেতৎ...দিষু] কৈ? বেদে ত ঊর্দ্ধরেতঃ আশ্রমের শ্রবণ নাই? (ঊর্দ্ধরেত নামক আশ্রমই নাই; সুতরাং সে আশ্রম উল্লেখে জ্ঞানের কর্ম্মাঙ্গতার ব্যভিচার প্রদর্শন অসিদ্ধ বা অযৌক্তিক) এ কথাও বলিতে পার না। কারণ, ঊর্দ্ধরেতঃ আশ্রমও বৈদিক শব্দে পাওয়া যায় বা দেখা যায়। যথা—"ধর্ম্ম স্কন্ধ তিন্। দান, অধ্যয়ন ও তপঃ।" "যাহারা অরণ্যে শ্রদ্ধাপূর্ব্বক তপঃ উপাসনা করে।" "যাহারা অরণ্যে তপঃশ্রদ্ধার উপাসনা করে।" "পরিব্রাজকলোক ইচ্ছা করিয়াই তাঁহারা প্রব্রজ্যা করেন।" "ব্রহ্মচর্য্য সমাপ্তি হইলেই পরিব্রাজক হইবেক অর্থাৎ প্রব্রজ্যাশ্রম লইবেক।" ইত্যাদি। [প্রতি · ইতি] গার্হস্থ্যপ্রাপ্ত হউক বা গার্হস্থ্যপ্রাপ্ত না হউক,

কৃতর্ণানাঞ্চোর্দ্ধরেতস্ত্বং শ্রুতিস্মৃতিপ্রসিদ্ধং তস্মাদপি স্বাতন্ত্র্যং বিদ্যায়া ইতি ॥ ১৭ ॥

পরামর্শং জৈমিনিরচোদনা চাপবদতি হি ॥১৮॥*

"ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ" ইত্যাদয়ো যে শব্দা ঊর্দ্ধরেতসামাশ্রমাণাং সদ্ভাবায়োদাহৃতা ন তে তৎপ্রতিপাদনায় প্রভবন্তি।

ত্যাদ্যা দর্শিতা, স্মৃতিস্তু যস্যাশ্রমবিকল্পমেকে ব্রুবতে যমিচ্ছেৎ তমাবসেদিত্যাদ্যোদাহার্য্যা। ঊর্দ্ধরেতঃস্বাশ্রমেষু বিদ্যায়াঃ সিদ্ধৌ ফলিতমাহ তস্মাদিতি। তস্যাঃ স্বাতন্ত্র্যে কেবলায়াঃ সিদ্ধা মুক্তিঃ ফলিতেতি বক্তুমিতীত্যুক্তম্। ইত্যানন্দগিরিঃ।

সিদ্ধ ঊর্দ্ধরেতসামাশ্রমিত্বে তদ্বিদ্যানামকর্ম্মাঙ্গতয়াপবর্গতা স্যাৎ। আশ্র-

---

অপাকৃত ঋণত্রয় হউক বা অনপাকৃত ঋণত্রয় হউক, ঊর্দ্ধরেতস্ত্ব অর্থাৎ সন্ন্যাসধর্ম্ম শ্রুতি স্মৃতি উভয়ত্রই প্রসিদ্ধ আছে। অতএব, তদনুসারেও বিদ্যার স্বাতন্ত্র্যসিদ্ধি হয়।

ঊর্দ্ধরেতঃ আশ্রম আছে, তাহা শাস্ত্রীয়, এতৎপ্রতিপাদনার্থ যে সকল শব্দ "ধর্ম্ম স্কন্ধ তিন্" ইত্যাদি প্রকারে প্রদর্শিত হইল, সে সকল সে আশ্রমের প্রতিপাদক নহে অর্থাৎ তদ্দ্বারা চতুর্থাশ্রমসদ্ভাব প্রতিপাদিত হয় না। কারণ, জৈমিনি মুনি বলিয়াছেন, দেখাইয়াছেন, ঐ সকল শব্দে বিধি-বিভক্তি নাই। বিধি বিভক্তি না থাকায় ঐ সকলের মাত্র পরামর্শতা অর্থাৎ মাত্র উল্লেখভাব প্রতীত হয়, চতুর্থাশ্রম প্রতিপাদিত হয় না। ফলিতার্থ—চতুর্থাশ্রম অসিদ্ধ। লিঙ অথবা অন্য কোন বিধায়ক শব্দ ঐ স্থলে দৃষ্ট হয় না এবং ঐ সকলের প্রত্যেকের অন্য অর্থে তাৎপর্য্য থাকা প্রতীত হয়। [ত্রয়ো. .ইতি] "ধর্ম্মস্কন্ধ তিন্, তন্মধ্যে প্রথম স্কন্ধ

---

*পরামর্শঃ অনুবাদঃ। বিধায়কঃ শব্দাশ্চোদনা। তে চ লিঙাদয়স্তদভাবোঽচোদনা। অপবাদো নিন্দা। জৈমিনিরাচার্য্যস্তেষু তেষু বাক্যেষু পরামর্শমনুবাদমাশ্রমান্তরস্য মন্যতে ন বিধিম্। যতঃ অচোদনা বিধায়কশব্দাভাবস্তত্রেতি শেষঃ। ন কেবলমচোদনা অপি চাপবদতি নিন্দতি প্রত্যক্ষা শ্রুতিরাশ্রমান্তরম্। উদাহৃতেষু বাক্যেষু লিঙাদ্যভাবাৎ পারিব্রাজ্যস্য বিধেয়তা (অনুষ্ঠেয়তা) নাস্তীত্যর্থঃ। তৎপরামর্শস্তু ব্রহ্মসংস্থতান্যত্যর্থং ন তু তদ্বিধানার্থমিতি জৈমিনের্ম্মতম্।—ঊর্দ্ধরেতঃশব্দিত চতুর্থাশ্রম (সন্ন্যাসাশ্রম) প্রতিপাদক যে সকল প্রমাণ (শাস্ত্র) আহরণ করিলে, দেখাইলে, সে সকল তাহা (চতুর্থাশ্রম সদ্ভাব) সমর্থন করিতে শক্ত নহে। কারণ, জৈমিনি মুনি বলিয়াছেন, শাস্ত্রে গার্হস্থ্য ব্যতীত আশ্রমান্তরের বিধান নাই। ধর্ম্ম স্কন্ধ তিন্, ইত্যাদি

যতঃ পরামর্শমেষু শব্দেষ্বাশ্রমান্তরাণাং জৈমিনিরাচার্য্যো মন্যতে ন বিধিম্। কুতঃ। ন হ্যত্র লিঙাদীনামন্যতমশ্চোদনাশব্দোঽস্তি। অর্থান্তরপরত্বঞ্চৈতেষাং প্রত্যেকমুপলভ্যতে। ত্রয়ো ধর্ম্মস্কন্ধা ইত্যত্র তাবদ্‌যজ্ঞোঽধ্যয়নং দানমিতি প্রথমঃ। তপ এব দ্বিতীয়ঃ। ব্রহ্মচার্য্যাচার্য্যকুলবাসী তৃতীয়োঽত্যন্তমাত্মানমাচার্য্যকুলেঽবসাদয়ন্ সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তীতি পরামর্শপূর্ব্বকমাশ্রমাণামনাত্যন্তিকফলত্বং সঙ্কীর্ত্ত্যাত্যন্তিকফলতয়া ব্রহ্মসংস্থতা স্তূয়তে 'ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতি' ইতি। ননু পরামর্শেঽপ্যাশ্রমা গম্যন্ত এব। সত্যং গম্যন্তে। স্মৃত্যা-

---

মিত্বেন ত্বেষামন্যার্থপরামর্শমাত্রান্ন সিধ্যতি। বিধ্যভাবাৎ। স্মৃত্যাচারপ্রসিদ্ধিশ্চ তেষাং প্রত্যক্ষশ্রুতিবিরোধাদপ্রমাণম্। নিন্দতি হি প্রত্যক্ষা শ্রুতিরাশ্রমান্তরং 'বীরহা বা এষ দেবানা'মিত্যাদিকা। প্রত্যক্ষশ্রুতিবিরোধে চ স্মৃত্যাচারযোরপ্রামাণ্যমুক্তং 'বিরোধে ত্বনপেক্ষং স্যাদসতি হ্যনুমানমি'তি তদে-

যজ্ঞ অধ্যয়ন দান। (এই বাক্যে গার্হস্থ্যের পরামর্শ অর্থাৎ উল্লেখ বা অনুসন্ধান করা হইয়াছে।) দ্বিতীয় স্কন্ধ তপশ্চরণ। (এই বাক্যে বানপ্রস্থাশ্রম পরামৃষ্ট হইয়াছে।) তৃতীয় স্কন্ধ ব্রহ্মচর্য্য, আচার্য্যকুলে বাস, গুরুকুল বাস দ্বারা আপনাকে (দেহকে) অতিশয়িতরূপে অবসন্ন করা। (ইহাই ব্রহ্মচর্য্যাশ্রমের স্মারক।) যাহারা তাহা করে তাহারা সকলেই পুণ্যলোক প্রাপ্ত হয়।" এই শ্রুতি আশ্রমত্রয়ের পরামর্শ (অনুবাদ বা অনুসন্ধান) করতঃ সে সকল আশ্রমের ফলের অনিত্যতা ব্যক্ত করিয়া অবশেষে ব্রহ্মনিষ্ঠতার (ব্রহ্মজ্ঞানের) স্তুতি বা প্রশংসা করিয়াছেন। যথা—"ব্রহ্মনিষ্ঠ অমৃতত্ব প্রাপ্ত অর্থাৎ মুক্ত হয়।" এখানে দেখ, স্পষ্টতঃ আশ্রমবিধায়ক শব্দ নাই। অর্থাৎ গার্হস্থ্য ব্যতীত অন্যাশ্রমের গ্রহণ করিবেক, এমন কোন বিধান এতদ্বাক্যে লব্ধ হইতেছে না। [ননু…বা] যদি বল, আশ্রমবোধক শব্দের পরামর্শ অর্থাৎ উল্লেখ আছে, ঐ উল্লেখের বলেই আশ্রমান্তরের বিধান লব্ধ হইবেক; পূর্ব্বোক্তের উল্লেখ ও অনুবাদ পরামর্শ নামে প্রসিদ্ধ এবং অনুবাদ পূর্ব্ববাদসাপেক্ষ; সুতরাং অনুবাদ

বাক্যে লিঙ প্রভৃতি বিধায়ক শব্দ নাই। অপিচ, আশ্রমবাচক শব্দও নাই; অধিকন্তু আশ্রমান্তরের অপবাদ অর্থাৎ নিন্দা আছে। ইত্যাদি ইত্যাদি কারণে চতুর্থাশ্রম অবৈধ (বিধিবোধিত নহে, সুতরাং অনুষ্ঠেয়ও নহে)।

চারাভ্যাস্তু তেষাং প্রসিদ্ধির্ন প্রত্যক্ষায়াঃ শ্রুতেঃ। অতশ্চ প্রত্যক্ষশ্রুতিবিরোধে সত্যনাদরণীয়াস্তে ভবিষ্যন্ত্যনধিকৃত-বিষয়া বা। ননু গার্হস্থ্যমপি সহৈবোর্দ্ধরেতোভিঃ পরামৃষ্টং যজ্ঞোঽধ্যয়নং দানমিতি প্রথম ইতি। সত্যমেবং তথাপি তু গৃহস্থং প্রত্যেবাগ্নিহোত্রাদীনাং কর্ম্মণাং বিধানাৎ শ্রুতিপ্রসিদ্ধ-মেব তদস্তিত্বম্। তস্মাৎ স্তুত্যর্থ এবাঽয়ং পরামর্শো ন চোদ-নার্থঃ। অপি চাপবদতি হি প্রত্যক্ষা শ্রুতিরাশ্রমান্তরং 'বীরহা

তৎ সর্ব্বমাহ 'ত্রয়ো ধর্ম্মস্কন্ধা' ইত্যাদিনা 'অনধিকৃতবিষয়া বেত্যন্তেন। অন্ধ-পঙ্গ্বাদয়ো হি যে নৈমিত্তিককর্ম্মানধিকৃতাস্তান্ প্রত্যাশ্রমান্তরবিধিরিতি। অপি চাপবদতি হি। ন কেবলমন্যপরতয়া পরামর্শস্যাশ্রমান্তরং ন লভ্যতে অপি ত্বাশ্রমান্তরনিন্দাদ্বারেণাপবাদাদপীত্যর্থঃ। স্যাদেতৎ। ভবত্বেষ পরা-

---

বা পরামর্শ দেখিলেই প্রতীত হয়, পূর্ব্বে অন্যত্র তাহার বিধান বা প্রসিদ্ধি আছে। (অতএব, পরামর্শও বিধানসিদ্ধির অন্যতম কারণ বলিয়া গণ্য।) তাহা সত্য বটে; কিন্তু সে প্রসিদ্ধি স্মৃতি ও আচার হইতে সম্প্র-সূত। সাক্ষাৎ কোন প্রত্যক্ষা শ্রুতিকে ঐ সকল আশ্রমের বিধান করিতে দেখা যায় না। যেহেতু আশ্রমান্তর শ্রুতিবিহিত নহে; সেই হেতু কেবলমাত্র স্মৃত্যাচারপ্রসিদ্ধ আশ্রমান্তর শ্রুতিবিরুদ্ধ। যেহেতু শ্রুতিবিরুদ্ধ সেই হেতু সে সকল অনাদরণীয়। কিংবা যাহারা গার্হস্থ্যাশ্রমের অনধিকারী—অনুপ-যুক্ত—তাহাদেরই জন্য অন্যান্য আশ্রম বিহিত। (অন্ধ ও পঙ্গু প্রভৃতি—যাহারা কর্ম্ম করিতে অশক্ত—তাহারাই কর্ম্মত্যাগরূপ সন্ন্যাসাশ্রমের অধি-কারী)। [ননু...চোদনার্থঃ] বলিতে পার যে, যজ্ঞ অধ্যয়ন দান, এই কথায় গার্হস্থ্যও পরামৃষ্ট (অভিহিত) হইয়াছে এবং তাহা ঊর্দ্ধরেতঃ আশ্রম-বাক্যের একাংশ, সুতরাং ঊর্দ্ধরেতঃ আশ্রম অপ্রামাণিক হইলে গার্হস্থ্যও অপ্রামাণিক হইবে। ইহার প্রত্যুত্তরে আমাদের বক্তব্য এই যে, উক্ত বাক্যে গার্হস্থ্যের পরামর্শ (অনুবাদ) হইয়াছে সত্য; পরন্তু গৃহস্থকর্ত্তব্য অগ্নিহোত্রাদি কর্ম্মের বিধান শ্রুতিপ্রসিদ্ধ। অর্থাৎ সে আশ্রম সাক্ষাৎ শ্রুতির (শব্দের) দ্বারা বিহিত। যেহেতু তাহা শ্রুতিবিহিত সেই হেতু উদাহৃত বাক্যে তাহার পরামর্শ অর্থাৎ অনুবাদ। এই অনুবাদ বা পরামর্শ বিধানার্থ নহে; কিন্তু স্তুত্যর্থ (প্রশংসার্থ)। [অপিচ...বিধিঃ] আরও দেখ, শ্রুতি সাক্ষাৎ নিন্দার্থবাচী শব্দে অন্যান্য আশ্রমের অপবাদ অর্থাৎ নিন্দা করিয়াছেন।

বা এষ দেবানাং যোঽগ্নিমুদ্বাসয়তে। আচার্য্যায় প্রিয়ং ধনমাহৃত্য প্রজাতন্তুং মা ব্যবচ্ছেৎসীর্নাপুত্রস্য লোকোঽস্তীতি। তৎ সর্ব্বে পশবো বিদুঃ' ইত্যেবমাদ্যা। তথা 'যে চেমেঽরণ্যে শ্রদ্ধাতপ ইত্যুপাসতে। তপঃশ্রদ্ধে যে হ্যুপবসন্ত্যরণ্যে' ইতি চ দেবযানোপদেশো নাশ্রমান্তরোপদেশঃ। সন্দিগ্ধঞ্চাশ্রমান্তরাভিধানং 'তপ এব দ্বিতীয়ঃ' ইত্যেবমাদিষু। তথা 'এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি' এতদপি লোকসংস্তবনপরং ন পারিব্রাজ্যবিধিঃ। ননু ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজে-

---

মর্শোঽন্যার্থঃ। যে চেমেরণ্য ইত্যাদিভ্যস্ত্বাশ্রমান্তরং সেৎস্যতীত্যত আহ—"যে চেমেঽরণ্য"ইতি। অস্যাপি দেবপথোপদেশপরত্বাৎ নৈতৎপরত্বমিত্যর্থঃ। ন চান্যপরাদপি স্ফুটতরাশ্রমান্তরপ্রত্যয় ইত্যাহ—"সন্দিগ্ধঞ্চে"তি। ন হি তপ এব দ্বিতীয় ইত্যত্রাশ্রমান্তরাভিধায়ী কশ্চিদস্তি শব্দ ইতি। নন্বেতমেব প্রব্রাজিন ইতি বচনাদাশ্রমান্তরং সেৎস্যতীত্যত আহ—"তথা 'এতমেবে"তি। "এতদপি লোকসংস্তবনপরমি"তি। অধিকরণারম্ভমাক্ষিপ্য নাস্তি প্রত্যক্ষবচনমিতি কৃত্বাচিন্তেয়মিতি সমাধত্তে—"ননু ব্রহ্মচর্য্যাদেবে"তি।

যথা—"যে অগ্নি পরিচর্য্যা করে সে-ই দেবতাদের শত্রুহন্তা হয়। অথবা সে-ই ব্যক্তিই দেবগণের মধ্যে অবস্থান করতঃ বীরঘাতী হয়।" "বেদদাতা গুরুকে তাঁহার অভিলষিত ধন (গুরুদক্ষিণা) প্রদান করতঃ পরে সন্তান পরম্পরার বিচ্ছেদ করিও না। অপুত্রের লোক (স্বর্গাদি) নাই। তাহাদিগের সকলকেই পশুতুল্য।" ইত্যাদি। "যাহারা অরণ্যবাসী হইয়া শ্রদ্ধা তপঃ সহকারে উপাসনা করে" ইত্যাদি বাক্যেও আশ্রমান্তরের উপদেশ হয় নাই। ঐ সকল বাক্যে মাত্র দেবযান পথের উপদেশ হইয়াছে। "তপস্যাই দ্বিতীয়" ইত্যাদি বাক্যে আশ্রমান্তরের কথন হইয়াছে কি-না সন্দেহ (কারণ, ঐ সকল স্থলে আশ্রমবাচক শব্দ নাই।) "পরিব্রাজকগণ এই লোক (আত্মলোক, মোক্ষ) ইচ্ছা করিয়া প্রব্রজ্যা করেন।" এই স্থলে সন্ন্যাসাশ্রমের পর্য্যায়ে (নামান্তরে) প্রব্রজ্যা-শব্দ আছে সত্য; পরন্তু তাহাতে বিধায়ক শব্দ (লিঙ বিভক্তি প্রভৃতি) না থাকায় তাহার দ্বারা পারিব্রজ্যের (চতুর্থাশ্রমের) বিধান সিদ্ধ হয় নাই। উহা বিধেয় বা অনুষ্ঠেয়রূপ নহে। কেবল লোকস্তুতির জন্যই উহার উল্লেখ। [ননু...দ্রষ্টব্যম্] যদি বল, ব্রহ্মচর্য্য হইতে প্রব্রজ্যা করিবেক, এই ত

দিতি বিস্পষ্টমিদং প্রত্যক্ষং পারিব্রাজ্যবিধানং জাবালানাম্। সত্যমেবমিদমনপেক্ষ্য ত্বেতাং শ্রুতিময়ং বিচার ইতি দ্রষ্টব্যম্॥ ১৮॥

অনুষ্ঠেয়ং বাদরায়ণঃ সাম্যশ্রুতেঃ॥ ১৯॥*

অনুষ্ঠেয়মাশ্রমান্তরং বাদরায়ণ আচার্য্যো মন্যতে। বেদেষু শ্রবণাদগ্নিহোত্রাদীনাঞ্চাবশ্যানুষ্ঠেয়ত্বাত্তদ্বিরোধাদনধিকৃতানুষ্ঠেয়মাশ্রমান্তরমিতি হীমাং মতিং নিরাকরোতি গার্হস্থ্যবদেষাশ্রমান্তরমপ্যনিচ্ছতা প্রতিপত্তব্যমিতি মন্যমানঃ। কুতঃ।

ভবত্বন্যার্থঃ পরামর্শস্তথাপ্যেতস্মাদাশ্রমান্তরাণি প্রতীয়মানানি চ নাপাকরণমর্হন্তি। এবং তান্যপাক্রিয়েরন্ যদ্যস্মান্ন প্রতীয়েরন্। প্রতীয়মানানি বা শ্রুত্যা বাধ্যেরন্। ন তাবন্ন প্রতীয়ন্তে। তথাহি—ত্রয়োধর্ম্মস্কন্ধা ইতি স্কন্ধত্রিত্বং প্রতিজ্ঞাতম্। তত্র স্কন্ধশব্দোযদ্যাশ্রমপরো ন স্যাদপি তু সমূহবচন-

---

জাবাল দিগের বিস্পষ্ট বিধান আছে? "প্রব্রজেৎ—প্রব্রজ্যা করিবেক" এই ত সন্ন্যাসবিধায়ক প্রত্যক্ষা শ্রুতি আছে? ইহার প্রত্যুত্তর—ঐ শ্রুতি পর্য্যবেক্ষণ না করিয়াই এতৎ বিচার উপস্থাপিত করা হইয়াছে।

অন্যান্য আশ্রমও গার্হস্থ্যের ন্যায় অনুষ্ঠেয় (বিধেয় বা বিধানলব্ধ), ইহা বাদরায়ণের (ব্যাসের) মত। তৎপ্রতি হেতু—সাম্যশ্রবণ। বেদে সমানরূপে আশ্রম চতুষ্টয় শ্রুত হইয়াছে। অগ্নিহোত্রাদি কর্ম্ম অবশ্যানুষ্ঠেয়, গৃহস্থ তাহার অধিকারী, অন্য আশ্রম তাহার বিপরীত বা বিরোধী (অন্য আশ্রমে অবশ্যানুষ্ঠেয় অগ্নিহোত্রাদির আচরণ দেখা যায় না), সুতরাং অগ্নিহোত্রাদি কর্ম্মে অসমর্থ অন্ধ পঙ্গু প্রভৃতির জন্যই কর্ম্মবর্জ্জিত আশ্রমান্তরের বিধান; অর্থাৎ তাদৃশ ব্যক্তিই অগত্যা কর্ম্মবর্জ্জিত আশ্রমের অধিকারী; এইরূপ মতি (বুদ্ধি) সূত্রকার ব্যাস এতৎসূত্রে নিরাকৃত করিতেছেন। সূত্রকার ভাবিয়া দেখিয়াছেন, ইচ্ছা না থাকিলেও বাদীদিগকে গার্হস্থ্যের ন্যায় অন্যাশ্রমের বিধান স্বীকার করিতে হইবে। কারণ,

---

* আশ্রমান্তরমিতি যোজ্যম্। সাম্যং সমানত্বং পরামর্শস্য তস্মাৎ। সিদ্ধান্তসূত্রমেতৎ।—বাদরায়ণ মুনির মত এই যে, অন্য আশ্রমও গার্হস্থ্যবৎ অনুষ্ঠেয়। কারণ এই যে, আশ্রম সমূহের পরামর্শ অর্থাৎ অনুবাদ সমান। উদ্ধৃতবাক্যে গার্হস্থ্যের অনুবাদ যদ্রূপ, আশ্রমান্তরের অনুবাদও তদ্রূপ। সুতরাং পরামর্শসাম্য বলে অন্য আশ্রমও গার্হস্থ্যের ন্যায় অনুষ্ঠেয় বা বিধেয়। (ভাষ্যানুবাদ দেখ)।

সাম্যশ্রুতেঃ। সমানা হি গার্হস্থ্যেনাশ্রমান্তরস্য পরামর্শশ্রুতির্দৃশ্যতে 'ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ' ইত্যাদ্যা। যথেহ শ্রুত্যন্তরবিহিতমেব গার্হস্থ্যং পরামৃষ্টমেবমাশ্রমান্তরমপীতি প্রতিপত্তব্যম্। যথা চ শাস্ত্রান্তরপ্রাপ্তয়োরেব নিবীতপ্রাচীনাবীতয়োঃ পরামর্শ উপবীতবিধিপরে বাক্যে। তস্মাৎ তুল্যমনুষ্ঠেয়ত্বং গার্হস্থ্যেনাশ্রমান্তরস্য। তথা 'এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি' ইত্যস্য বেদানুবচনাদিভিঃ সমভিব্যাহারঃ। 'যে চেমেঽরণ্যে শ্রদ্ধাতপ ইত্যুপাসতে' ইত্যস্য চ পঞ্চাগ্নিবি-

---

স্ততোধর্ম্মাণাং যজ্ঞাদীনাং প্রাতিস্বিকোৎপত্তীনাং কিমপেক্ষ্য ত্রিত্বং সঙ্খ্যাসু ব্যবস্থাপ্যেত। একৈকাশ্রমোপসংগৃহীতাস্ত্বাশ্রমাণাং ত্রিত্বাচ্ছক্যাস্ত্রিত্বে ব্যবস্থাপয়িতুমিত্যাশ্রমত্রিত্বপ্রতিজ্ঞোপপত্তিঃ। তত্র যজ্ঞাদিলিঙ্গোগৃহাশ্রম একো ধর্ম্মস্কন্ধোব্রহ্মচারীতি দ্বিতীয়স্তপ ইতি চ তপঃপ্রধানাত্তু বানপ্রস্থাশ্রমান্নান্যোব্রহ্মসংস্থ ইতি চ পারিশেষ্যাৎ পরিব্রাডিতি বক্ষ্যতি। তস্মাদন্যপরাদপি পরামর্শা

পরামর্শ, শ্রুতি দুই দিকেই সমান। [সমানা ..বিদ্যযা] ধর্ম্মস্কন্ধ তিন্, এই শ্রুতিতে গৃহাশ্রম ও অন্য আশ্রম সমানরূপে পরামৃষ্ট হইয়াছে। ধর্ম্মস্কন্ধবাক্যে শ্রুত্যন্তরবিহিত গার্হস্থ্যের যদ্রূপ পরামর্শ (অনুবাদ), শাস্ত্রান্তরবিহিত অন্য আশ্রমেরও তদ্রূপ পরামর্শ (অনুবাদ), ইহা জানিবে। এক স্থানের বিহিত যে অন্য স্থানে পরামৃষ্ট (অনূদিত) হয়, তাহার উদাহরণ (দৃষ্টান্ত) আছে। যেমন উপবীত বাক্যে শাস্ত্রান্তর প্রাপ্ত নিবীত ও প্রাচীনাবীত * পরামৃষ্ট (অনূদিত) হয় বা হইয়াছে, সেইরূপ, উদাহৃত বাক্যেও আশ্রমান্তরের পরামর্শ হইয়াছে এবং সে পরামর্শ সাধু বলিয়া গণ্য। ফল কথা এই যে অন্যান্য আশ্রমও গার্হস্থ্যের ন্যায় অনুষ্ঠেয়। অপিচ, "পরিব্রাজকগণ এই আত্মলোক লাভার্থ প্রব্রজ্যা (সর্ব্বকর্ম্মত্যাগরূপ সন্ন্যাস) করেন" এই বাক্য ও "ব্রাহ্মণগণ বেদাধ্যয়ন, যজ্ঞ, দান, ইত্যাদির দ্বারা

---

* উত্তরীয় বস্ত্র মালাবৎ কণ্ঠলম্বিত করতঃ ধারণ করিলে অথবা তদ্দ্বারা দেহার্দ্ধ বেষ্টন করিলে নিবীত নাম প্রাপ্ত হয়। বামস্কন্ধ হইতে দক্ষিণভাগে উত্তরীয় স্থাপন করিলে তাহা উপবীত এবং দক্ষিণ স্কন্ধাবদ্ধ করতঃ বামভাগাবলম্বী করিলে তাহা প্রাচীনাবীত নাম প্রাপ্ত হয়। মনুষ্য কার্য্যে নিবীত, পিতৃকার্য্যে প্রাচীনাবীত, তদ্ভিন্ন কার্য্যে উপবীত। পূর্ব্বমীমাংসায় "নিবীতং মনুষ্যাণাং' ইত্যাদি বাক্যের উদ্দেশ্য বিচারিত হইয়াছে এবং তাহাতে স্থির হইয়াছে যে, উপবীত বিধানার্থই নিবীত ও প্রাচীনাবীত পরামৃষ্ট (অনূদিত) হইয়াছে।

দ্যয়া। যত্তূক্তং 'তপ এব দ্বিতীয়ঃ' ইত্যাদিষ্বাশ্রমান্তরাভিধানং সন্দিগ্ধমিতি। নৈষ দোষঃ। নিশ্চয়কারণসদ্ভাবাৎ। ত্রয়ো ধর্ম্মস্কন্ধা ইতি হি স্কন্ধত্রিত্বং প্রতিজ্ঞাতং ন চ যজ্ঞাদয়ো ভূয়াংসো ধর্ম্মা উৎপত্তিভিন্নাঃ সন্তোঽন্যত্রাশ্রমসম্বন্ধাৎ ত্রিত্বেঽন্তর্ভাবয়িতুং শক্যন্তে। তত্র যজ্ঞাদিলিঙ্গো গৃহাশ্রম একো ধর্ম্মস্কন্ধো নির্দ্দিষ্টঃ। ব্রহ্মচারীতি চ স্পষ্ট আশ্রমনির্দ্দেশঃ। তপ ইত্যপি কোঽন্যস্তপঃপ্রধানাদাশ্রমাদ্ধর্ম্মস্কন্ধোঽভ্যুপগম্যেত। 'যে চেমেঽরণ্যে' ইতি চারণ্যলিঙ্গাৎ শ্রদ্ধাতপো-

---

দাশ্রমান্তরাণি প্রতীয়মানানি দেবতাধিকরণন্যায়েন ন শক্যন্তেঽপাকর্ত্তুম্। ন চ প্রত্যক্ষশ্রুতিবিরোধোবীবহা বেত্যাদেঃ প্রতিপন্নগার্হস্থ্যং প্রমাদাদজ্ঞানাদ্বাগ্নিমুদ্বাসয়িতুং প্রবৃত্ত প্রত্যুপপত্তেঃ। এবঞ্চাবিরোধে সিদ্ধবৎ পরামর্শাদাশ্রমান্তরাণাং শাস্ত্রান্তরসিদ্ধিং বা কল্পয়িষ্যামোযথোপবীতবিধিপরে বাক্যে 'উপব্যয়তে দেবলক্ষ্যমেব তৎ কুরুতে' ইত্যত্র 'নিবীতং মনুষ্যাণাং প্রাচীনাবীতং পিতৃণামি'তি শাস্ত্রান্তরসিদ্ধয়োর্নিবীতপ্রাচীনাবীতয়োঃ পরামর্শ ইতি।

ব্রহ্ম জানিবার ইচ্ছা করেন" এই বেদান্তবচন-বাক্য একসঙ্গে পঠিত এবং "যাহারা অরণ্যে শ্রদ্ধাই তপঃস্থানীয়, এইরূপে উপাসনা করে" এই বাক্যও পঞ্চাগ্নিবিদ্যাবিধায়ক বাক্যের সাহিত্যে (এক সঙ্গে) অভিহিত। (সুতরাং তুল্যবিধান)। [যত্তূক্তং ..শ্রমান্তরম্] বলিয়াছিলে যে, "তপ এব দ্বিতীয়ঃ" এই বাক্যে আশ্রমান্তরের বিধান হইয়াছে কি না সন্দেহ, বস্তুতঃ তাহা সন্দেহযুক্ত নহে। যখন নিশ্চায়ক হেতু আছে তখন আর তাহাতে সন্দেহ করা অযুক্ত। নিশ্চায়ক হেতু থাকিলে ঐরূপ উক্তি দোষবহন করে না। বিবেচনা কর, "তিন্ ধর্ম্মস্কন্ধ" এই প্রথমোক্ত বাক্যে তিন্ সংখ্যা পরিগণিত বা প্রতিজ্ঞাত হইয়াছে। শাস্ত্রে যজ্ঞাদি বহু ধর্ম্ম অভিহিত থাকায় আশ্রম বিভাগ ব্যতীত সে সমুদায় তিনের অন্তর্ভূত হইবার সম্ভাবনা নাই। সুতরাং প্রতীত হইতেছে, যজ্ঞাদিচিহ্নিত গৃহাশ্রম এক স্কন্ধ, ব্রহ্মচার্য্যাশ্রম (ব্রহ্মচারী শব্দ বিস্পষ্ট আশ্রমবাচক) দ্বিতীয় স্কন্ধ এবং তপোনামক অন্য এক স্কন্ধ তাহার তৃতীয়। এই স্থানে জিজ্ঞাস্য এই যে, তপঃশব্দে তপস্যাপ্রধান আশ্রম ব্যতীত অন্য কিছু গ্রহণ করিতে পার না। অন্য কোন্ ধর্ম্মস্কন্ধ গ্রহণ করিবে? অবশ্যই অরণ্য শব্দের সামর্থ্যে ও শ্রদ্ধাতপঃশব্দের দ্বারা অতিরিক্ত এক আশ্রম গ্রহণ করিতে হইবে। যদি তাহাই হয় তবে তাহা চতুর্থাশ্রম

ভ্যামাশ্রমগৃহীতিঃ। তস্মাৎ পরামর্শেঽপ্যনুষ্ঠেয়মাশ্রমান্তরম্ ॥ ১৯ ॥

বিধির্বা ধারণবৎ ॥ ২০ ॥*

বিধির্ব্বায়মাশ্রমান্তরস্য ন পরামর্শমাত্রম্। ননু বিধিত্বাভ্যুপগম একবাক্যতাপ্রতীতিরুপরুধ্যেত। প্রতীয়তে চাত্রৈকবাক্যতা পুণ্যলোকফলাস্ত্রয়ো ধর্ম্মস্কন্ধা ব্রহ্মসংস্থতা ত্বমৃতত্বফলেতি। সত্যমেতৎ। সতীমপি ত্বেকবাক্যতাপ্রতীতিং পরিত্যজ্য বিধিরেবাভ্যুপগন্তব্যঃ। অপূর্ব্বত্বাদ্বিধ্যন্তরস্যাদর্শনাৎ

যদ্যপি ব্রহ্মসংস্থত্বস্তুতিপরতয়াঽস্য সন্দর্ভস্যৈকবাক্যতা গম্যতে সম্ভবন্ত্যা ঞ্চৈকবাক্যতায়াং বাক্যভেদোঽন্যান্যস্তথাপ্যাশ্রমান্তরাণাং পূর্ব্বসিদ্ধেরভাবাৎ পরামর্শানুপপত্তেরপরামর্শে চ স্তুতেরসম্ভবেন কিম্পরতয়া একবাক্যতাঽস্তু ইতি তাং তদ্ভক্ত্বা ধারণবদ্বরমপূর্ব্বত্বাদ্বিধিরেবাঽস্তু। যথা—অধস্তাৎ সমিধং ধারয়ন্নুদ্রবেদুপরি হি দেবেভ্যোধারয়তীত্যত্র সত্যামপ্যধোধারণেনৈকবাক্যতাপ্রতীতৌ বিধীয়ত এবোপরিধারণমপূর্ব্বত্বাৎ। যথোক্তম্ 'বিধিস্তু ধারণেঽপূর্ব্বত্বাদি'তি তথেহাপ্যাশ্রমান্তরপরামর্শশ্রুতির্ব্বিধিরেবেতি কল্প্যতে। সম্প্রতি

ব্যতীত অন্য কিছু নহে। অতএব, পরামর্শ অর্থাৎ অনুবাদ বাক্য হইলেও তদ্দ্বারা (ধর্ম্মস্কন্ধশব্দঘটিত বাক্যের দ্বারা) গার্হস্থ্য ব্যতীত চতুর্থাশ্রমেরও বৈধতা অবধারণ হয়। সুতরাং উপসংহার—উত্তরাশ্রম গার্হস্থ্যের সহিত সমান অনুষ্ঠেয় (বিধেয় বা বিধিবোধিত)।

অথবা ঐটীই বিধায়ক বাক্য। ঐ বাক্যে কেবলমাত্র আশ্রমান্তরের উল্লেখ হয় নাই, উহাতে বিধানও হইয়াছে। ঐ বাক্যকে বিধিবাক্য বলিয়া অঙ্গীকার করিতে গেলে একবাক্যতা প্রতীতির বাধা জন্মে সত্য, (তিন্ ধর্ম্মস্কন্ধের ফল পুণ্যলোকপ্রাপ্তি কিন্তু ব্রহ্মসংস্থতার ফল মোক্ষ। এই যে ব্রহ্মনিষ্ঠতার প্রশংসা, এ প্রশংসার দ্বারা সমুদায় বাক্য একীকৃত হয়, হইয়া

* বেত্যবধারণে। বিধিরেবাঽয়ং ন পরামর্শঃ। ধারণবদিতি দৃষ্টান্তঃ। একবাক্যতাজ্ঞানেঽপি তত্ত্যাগেনাপূর্ব্বার্থে বিধৌ দৃষ্টান্তঃ—ধারণবদিতি। ভাষ্যে চৈতদ্বিবৃতমস্তি।—পরামর্শ পক্ষ স্বীকার করিলেও চতুর্থাশ্রমের অনুষ্ঠেয়তা প্রাপ্ত হওয়া যায়। কিন্তু বিচার চক্ষে দেখিতে গেলে ঐ বাক্যই তাহার বিধায়ক বলিয়া প্রতীত হইবে। পূর্ব্বমীমাংসায় যেমন উপরিধারণ বাক্যে বিধি, সেইরূপ এখানেও ধর্ম্মস্কন্ধ বাক্যে আশ্রমবিধি। দৃষ্টান্তের বিবরণ ভাষ্য ব্যাখ্যায় পাইবেন।

বিস্পষ্টাচ্চাশ্রমান্তরপ্রত্যয়াৎ গুণবাদকল্পনয়ৈকবাক্যত্বপ্রয়োজনানুপপত্তেঃ। ধারণবৎ। যথা 'অধস্তাৎ সমিধং ধারয়ন্নুদ্রবেদুপরি হি দেবেভ্যো ধারয়তি' ইত্যত্র সত্যামপ্যধোধারণেনৈকবাক্যতাপ্রতীতৌ বিধীয়ত এবোপরিধারণমপূর্ব্বত্বাৎ।

পরামর্শেঽপীতরেষামাশ্রমাণাং ব্রহ্মসংস্থতাসংস্তবসামর্থ্যাদেব বিধাতব্যা। ন

একই অর্থের প্রতীতি জন্মায়। সুতরাং ঐকাশ্রম্যই বিহিত বলিয়া বিজ্ঞাত হওয়া যায় সত্য;) পরন্তু সে একবাক্য ও একজ্ঞান পরিত্যাগ করিয়া বিধিত্ব স্বীকার করাই সঙ্গত। কারণ এই যে, ঐ আশ্রমবিশেষ অপূর্ব্ব অর্থাৎ পূর্ব্বপ্রাপ্ত নহে। ফলিতার্থ এই যে, তদ্বিধায়ক বিধ্যন্তর দৃষ্ট হয় না, বিধ্যন্তর দৃষ্ট না হওয়ায় উদাহৃত বাক্যেই প্রোক্ত আশ্রমের বিধান অবশ্যস্বীকার্য্য। [বিস্পষ্টা…কল্প্যতে] যখন স্পষ্টতঃই আশ্রম প্রতীতি হইতেছে তখন আর স্তুতিবাদ কল্পনা করিয়া একবাক্য করিবার প্রয়োজন নাই। পূর্ব্বমীমাংসায় যেরূপে ধারণ-বাক্যের বিধিত্ব স্বীকৃত হইয়াছে, এই উত্তরমীমাংসায় সেইরূপেই উদাহৃত বাক্যের বিধিত্ব স্বীকৃত হইবে। একটী শ্রুতি আছে—"তাহার নীচে সমিধ স্থাপন করিবেক। দেবতার উদ্দেশে উপরিধারণ করিতেছে।" এই বাক্যে "নীচে সমিধ ধারণ" এই অংশে বিধিবিভক্তি ও উপরিধারণ অংশে পরামর্শ অর্থাৎ অনুবাদ প্রয়োগ দৃষ্ট হয়। সুতরাং প্রতীত হয়, প্রদর্শিত তদুভয় বাক্য এক হইয়া এক অর্থকে অর্থাৎ অধোধারণরূপ অর্থকে বলবৎ করিতেছে। বস্তুতঃ তাহা নহে। একবাক্যতা প্রতীত হইলেও উপরিধারণের অপূর্ব্বত্ব থাকায় (অন্য বাক্যে বিহিত না হওয়ায়) ইহাই সুস্থির হয় যে, প্রোক্ত সন্দর্ভ বাক্যদ্বয়ে বিভক্ত। তাহার শেষ বাক্যে উপরিধারণের বিধান অর্থাৎ বিধিবিভক্তি না থাকিলেও, "উপরি ধারয়তি—উপরে ধারণ করিতেছে" এইরূপ প্রয়োগ থাকিলেও, তাহা বিধি বলিয়া গণ্য। * এ কথা পূর্ব্বমীমাংসার শেষ লক্ষণে অর্থাৎ অঙ্গবিচার

* মহাপিতৃযজ্ঞ ও মৃত ব্যক্তির অগ্নিহোত্র, এই দুই স্থলে ঐ বাক্য কথিত হইয়াছে। বাক্যের অর্থ এই যে, যখন হোমীয় ঘৃতাদি স্রুক্ নামক হোমপাত্রে লইয়া হোমকুণ্ড সমীপে নীত হইবে তখন পিত্র্য হোম হইলে সেই হোমীয় ঘৃতাদির নীচে সমিধ পাতিত করিবেক। ইহার নাম অধোধারণ, এবং বিধায়ক লিঙ বিভক্তি থাকায় এই অধোধারণ বাক্যই বিধিবাক্য। আর দৈব (দেবতার উদ্দেশে) হোম হইলে তাহার উপরে সমিধ স্থাপন করে, এই বাক্যে যে উপরে সমিধ দিবার কথা আছে, তাহা উপরিধারণ। এই উপরিধারণ বিধিবিভক্তির দ্বারা অভিহিত না হইলেও পূর্ব্বাপ্রাপ্ততা বিধায় বিধি বলিয়া গণ্য। অর্থাৎ ধারয়তি শব্দের পরিবর্ত্তে ধারয়েৎ এইরূপ পদপ্রযুক্ত করা হয়। এ সকল কথা পূর্ব্বমীমাংসায় আছে। অতএব, যদ্রূপ পূর্ব্ব-

তথা চোক্তং শেষলক্ষণে 'বিধিস্তু ধারণেঽপূর্ব্বত্বাৎ' ইতি। তদ্বদিহাপ্যাশ্রমপরামর্শশ্রুতির্ব্বিধিরেবেতি কল্প্যতে। যদাপি পরামর্শ এবায়মাশ্রমান্তরাণাং তদাপি ব্রহ্মসংস্থতা তাবৎ সংস্তবসামর্থ্যাদবশ্যবিধেয়াঽভ্যুপগন্তব্যা। সা চ কিং চতুর্ষ্বাশ্রমেষু যস্য কস্যচিদাহোস্বিৎ পরিব্রাজকস্যৈবেতি বিবেক্তব্যম্। যদি চ ব্রহ্মচার্য্যন্তেষ্বাশ্রমেষু পরামৃশ্যমানেষু পরিব্রাজকোঽপি পরামৃষ্টস্ততশ্চতুর্ণামপ্যাশ্রমাণাং পরামৃষ্টত্বাবিশেষাদনাশ্রমিত্বানুপপত্তেশ্চ যঃ কশ্চিচ্চতুর্ষ্বাশ্রমেষু ব্রহ্মসংস্থো ভবিষ্যতি।

খল্বিধেয়ং সংস্তূয়তে তদর্থত্বাৎ সংস্তবস্যেত্যাহ—"যদাপী"তি। অত্রাবান্তর-বিচারমাবভতে "সা চ কিং চতুর্ষ্বি"তি। বিচারপ্রয়োজনমাহ—"যদি চে"তি। নন্বনাশ্রম্যেব ব্রহ্মসংস্থোভবিষ্যতীত্যত আহ—"নাশ্রমিত্বে"তি। তত্র পূর্ব্ব-

সূত্রে সুব্যক্ত আছে। যথা—"পূর্ব্বপক্ষ বিদূরিত করিবে। করিয়া ইহাই অবধারণ করিবে যে, অপূর্ব্ব অর্থাৎ বাক্যান্তর প্রাপ্ত নহে বলিয়া ধারণ বাক্য বিধিবাক্য; অনুবাদ বাক্য নহে।" পূর্ব্বমীমাংসার এই সূত্রে যেমন ধারণের বিধিত্ব সিদ্ধান্তিত হইয়াছে, তেমনি, এই উত্তর মীমাংসাতেও আশ্রম-শ্রুতির বিধিত্ব সিদ্ধান্তিত হইবে। [যদাপি...যুক্তম্] ঐ বাক্য আশ্রমান্তর পরামর্শক হইলেও তদ্দ্বারা স্তুতির সামর্থ্যে ব্রহ্মনিষ্ঠতার বিধান হইতে পারে। "যদ্ধি স্তূয়তে তৎ বিধীয়তে—যাহার স্তুতি তাহারই বিধান" এতদ্দৃষ্টে ব্রহ্মনিষ্ঠতাও বিধেয়, ইহা স্বীকৃত হইলে তখন বিবেচ্য হইবে যে, ব্রহ্মসংস্থতা কোন্ আশ্রমের জন্য বিধেয়। চার আশ্রমের যে কোন আশ্রমের? কি কেবল পরিব্রাজকের? যদি অন্য আশ্রম ত্রয়ের সহিত পারিব্রাজ্যও পরামৃষ্ট হইয়া থাকে তবে অনাশ্রমিত্ব বাক্যের (অনাশ্রমী ন তিষ্ঠেত্তু দিনমেকমপি দ্বিজঃ 'এই বাক্যের) সার্থক্য থাকিবেক না। তাহাতে এইরূপ বিধান নিষ্পত্তি হইবে যে, আশ্রমচতুষ্টয়ের মধ্যে যে কোন আশ্রমী ব্রহ্মনিষ্ঠ হইতে পারিবে। আর যদি আশ্রমত্রয়ের সঙ্গে পারিব্রাজ্যের পরামর্শ না হইয়া থাকে, অর্থাৎ তাহা যদি অপ্রাপ্ত থাকে, তাহা হইলে এই বিধান লব্ধ হইবে যে, মাত্র পরিব্রাজক ব্রহ্মনিষ্ঠ হইবেন। ফলতঃ, এই শেষ পক্ষই সঙ্গত।

মীমাংসায় উপরি সামধ ধারণের অপূর্ব্বতা দৃষ্টে পিত্র্যহোম ও 'দৈবহোম এই দুই বিষয়ে অধোধারণ ও উপরিধারণ বিধেয় বলিয়া স্থির করা হয়। সে স্থলে যেমন বাক্যভেদ অর্থাৎ দুই বাক্য স্বীকার করার দোষ হয় না, তদ্রূপ, এখানেও দুই বাক্য দোষাবহ হইবেক না।

অথ ন পরামৃষ্টস্ততঃ পরিশিষ্যমাণঃ পরিব্রাড়েব ব্রহ্মসংস্থ ইতি সেৎস্যতি। তত্র তপঃশব্দেন বৈখানসগ্রাহিণা পরামৃষ্টঃ

পক্ষমাহ—"তত্র তপঃশব্দেনে"তি। অয়মভিসন্ধিঃ। ন তাবদ্ব্রহ্মসংস্থ ইতি পদং প্রত্যস্তমিতাবয়বার্থং পরিব্রাজকেঽশ্বকর্ণাদিপদবদ্রূঢ়ম্। তদাশ্রমপ্রাপ্তিমাত্রেণৈব অমৃতীভাব ইতি ন তদ্ভাবায় ব্রহ্মজ্ঞানমপেক্ষতে। তথা চ নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়েতি বিরোধঃ। ন চ সম্ভবত্যবয়বার্থে সমুদায়শক্তিকল্পনা। তস্মাদ্ব্রহ্মণি সংস্থাঽস্যেতি ব্রহ্মসংস্থঃ। এবং চতুর্ষ্বাশ্রমেষু যস্যৈব ব্রহ্মণি নিষ্ঠত্বমাশ্রমিণঃ স ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতীতি যুক্তম্। তত্র তাবদ্ব্রহ্মচারিগৃহস্থৌ স্বশব্দাভিহিতৌ। তপঃপদেন চ তপঃপ্রধানতয়া ভিক্ষুবানপ্রস্থাবুপস্থাপিতৌ। ভিক্ষুরপি হি সমধিকশৌচাষ্টগ্রাসী ভোজননিয়মাদ্ভবতি বানপ্রস্থস্তপঃপ্রধানঃ। ন চ গৃহস্থাদেঃ কর্ম্মিণোব্রহ্মনিষ্ঠত্বাসম্ভবঃ। যদি তাবৎ কর্ম্মযোগঃ কর্ম্মিতা সা ভিক্ষোরপি কায়বাঙ্মনোভিরস্তি। অথ যে ন ব্রহ্মার্পণেন কর্ম্ম কুর্ব্বন্তি কিন্তু কামার্থিতয়া তে কর্ম্মিণস্তথা সতি গৃহস্থাদয়োঽপি ব্রহ্মার্পণেন কর্ম্ম কুর্ব্বাণা ন কর্ম্মিণঃ। তস্মাদ্ব্রহ্মণি তাৎপর্য্যং ব্রহ্মনিষ্ঠতা ন তু কর্ম্মত্যাগঃ। প্রমাণবিরোধাৎ। তপসা চ দ্বয়োরাশ্রময়োরেকীকরণেন ত্রয় ইতি ত্রিত্বমুপপদ্যতে। এবঞ্চ ত্রয়োঽপ্যাশ্রমা অব্রহ্মসংস্থাঃ সন্তঃ পুণ্যলোকভাজোভবন্তি যঃ পুনরেতেষু ব্রহ্মসংস্থঃ সোঽমৃতত্বভাগিতি। ন চ যেষাং পুণ্যলোকভাগিত্বং তেষামেবামৃতত্বমিতি বিরোধঃ। যথা দেবদত্তযজ্ঞদত্তৌ মন্দপ্রজ্ঞাবভূতাং সম্প্রতি তয়োর্যজ্ঞদত্তস্তু শাস্ত্রাভ্যাসাৎ পটুপ্রজ্ঞোবর্ত্তত ইতি তথেহাপি য এবাব্রহ্মসংস্থাঃ পুণ্যলোকভাজস্ত এব ব্রহ্মসংস্থা অমৃতত্বভাজ ইত্যবস্থাভেদাদবিরোধঃ। তথাচ ব্রহ্মসংস্থ ইতি যৌগিকং পদং প্রকৃতবিষয়ং ভবিষ্যতি। যথাগ্নেয়্যাগ্নীধ্রমুপতিষ্ঠত ইত্যত্র বিনিযুক্তাপি প্রকৃতৈবাগ্নেয়ী গৃহ্যতে। ন চ বিনিযুক্তবিনিযোগবিরোধঃ। যদি হ্যত্রাগ্নেয়্যুপদিশ্যেত ততো যথা প্রতীতা তথোদ্দিশ্যেত। বিনিযুক্তা চ প্রতীতির্ভবেদিতি বিনিযুক্তবিনিয়োগবিরোধঃ। ইহ তু আগ্নীধ্রোপস্থানে সা বিধেয়ত্বেন বিনিযুজ্যতে ন তূদ্দিশ্যতে। বিধেয়ত্বেন চ বিনিয়োগে আগ্নেয়ীপদার্থাপেক্ষণাৎ প্রকৃতাতিক্রমে প্রমাণাভাবাৎ তাবতা চ শাস্ত্রোপপত্তের্নাপ্রকৃতানামপি গ্রহণসম্ভবঃ। ন চ যাতযামতয়া ন বিনিযোগঃ। বাচস্তোমে সর্ব্বেষামেব মন্ত্রাণাং বিনিযোগাদন্যত্রাপ্যবিনিয়োগপ্রসঙ্গাৎ তথেহাপি প্রকৃতা এবাশ্রমা বুদ্ধিবিপরিবর্ত্তিনঃ পরামৃশ্যন্তে নানুক্তঃ পরিব্রাড়েবেতি পূর্ব্বঃ

এই স্থলে কেহ কেহ বলেন, তপঃশব্দ বানপ্রস্থ আশ্রমের বোধক, সুতরাং তপঃশব্দ থাকায় পরিব্রাজক বানপ্রস্থের বিশেষণরূপে পরামৃষ্ট হইয়াছেন।

পরিব্রাড়পীতি কেচিৎ। তদযুক্তম্। ন হি সত্যাং গতৌ বানপ্রস্থবিশেষণেন পরিব্রাজকো গ্রহণমর্হতি। যথাত্র ব্রহ্মচারিগৃহমেধিনাবসাধারণেনৈব স্বেন স্বেন বিশেষণেন বিশেষিতাবেবং ভিক্ষুবৈখানসাবপীতি যুক্তম্। তপশ্চাসাধারণো ধর্ম্মো বানপ্রস্থানাং কায়ক্লেশপ্রধানত্বাত্তপঃশব্দস্য তত্র রূঢ়েঃ। ভিক্ষোস্তু ধর্ম্ম ইন্দ্রিয়সংযমাদিলক্ষণো নৈব তপঃশব্দেনাভিলপ্যেত। চতুষ্টেন চ প্রসিদ্ধা আশ্রমাস্ত্রিত্বেন পরামৃষ্যন্ত ইত্যন্যায্যম্। অপি চ ব্যপদেশো বা ভবতি 'ত্রয় এতে পুণ্য-

---

পক্ষঃ। বাদ্ধান্তমুপক্রমতে। "তদযুক্তম্। ন হি সত্যাং গতৌ বানপ্রস্থবিশেষণেনে'তি। যথোপক্রান্তং তথৈব পরিসমাপনমুচিতম্। যৎসঙ্খ্যাকাশ্চ যে প্রসিদ্ধাস্তে তৎসঙ্খ্যাকা এব কীর্ত্ত্যন্ত ইতি চোচিতম। ন তু সত্যাং গতাবুৎসর্গস্যাপবাদোযুজ্যতে। অসাধারণেনৈকৈকেন লক্ষণেনৈকৈক আশ্রমোবক্তুমুপক্রান্ত ইতি তথৈব সমাপনমুচিতম্। ন তু সাধারণাসাধারণাভ্যামুপক্রম সমাপ্তী শ্লিষ্যেতেণ ন চ তপোনাম নাসাধারণং বানপ্রস্থানামিত্যত আহ—"তপশ্চাসাধারণ"ইতি। ন খলু পরাকাদিভিঃ কায়ক্লেশপ্রধানো যথা বানপ্রস্থস্তথা ভিক্ষুঃ সত্যপ্যষ্টগ্রাসাদিনিয়মে। ন চ শৌচসন্তোষশমদমাদয়স্তপঃপক্ষে বর্ত্তন্তে তত্র বৃদ্ধানাং তপঃপ্রসিদ্ধেরসিদ্ধেঃ। অতএব বৃদ্ধাস্তপসোভেদেন শৌচাদীনাচক্ষতে—শৌচসন্তোষতপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মা ইতি। সিদ্ধসঙ্খ্যাভেদেষু চ সঙ্খ্যান্তরাভিধানমশ্লিষ্টমিত্যাহ—"চতুষ্টেন চে"তি। "অপি

যাঁহারা এ কথা বলেন তাহাদের কথা যুক্তিযুক্ত নহে। [ন ন্যায্যম] যখন গত্যন্তর আছে তখন আর কেন বানপ্রস্থবিশেষণে পরিব্রাজকের গ্রহণ করিবে? করিলে তাহা অবশ্যই অন্যায্য হইবে। ব্রহ্মচারী ও গৃহস্থ এই উভয় যেমন নিজ নিজ অসাধারণ বিশেষণে বিশেষিত, সেইরূপ, ভিক্ষু ও বানপ্রস্থও অনন্যসাধারণ নিজ ধর্ম্মের দ্বারা বিশেষিত। বানপ্রস্থী দিগের নিজ অসাধারণ (নির্দ্দিষ্ট বা নিয়মিত) ধর্ম্ম তপস্যা, তাহা কায়ক্লেশপ্রধান। কায়ক্লেশপ্রধান কৃচ্ছ্রাদি ধর্ম্মেই তপঃশব্দ রূঢ় অর্থাৎ প্রসিদ্ধ। আর ভিক্ষুর (চতুর্থাশ্রমের) অসাধারণ ধর্ম্ম ইন্দ্রিয়সংযমাদি, তাহা তপঃশব্দের অভিলাপ্য নহে। অপিচ যখন চার আশ্রমই প্রসিদ্ধ, তখন তিন আশ্রমের পুনামর্শ, এ কথা ন্যায্য নহে। প্রসিদ্ধ চতুর্ব্বাশ্রমের এক আশ্রম লুপ্ত হইবে, এ কথা সম্ভবতঃ সর্ব্ববাদীর পক্ষেই অসঙ্গত। [অপিচ ··ভাক্] অপিচ, আশ্রম বিষয়ে ভেদব্যপদেশও দেখা যায়। ভেদব্যপদেশ অর্থাৎ বিভিন্ন বলিয়া গণনা

লোকভাজ একোঽমৃতত্বভাক্' ইতি। পৃথক্ত্বে চ ব্যপদেশোঽবকল্পতে। ন হ্যেবম্ভবতি দেবদত্তযজ্ঞদত্তৌ মন্দপ্রজ্ঞাবন্যতরস্তয়োর্ম্মহাপ্রজ্ঞ ইতি। ভবতি ত্বেবং দেবদত্তযজ্ঞদত্তৌ মন্দপ্রজ্ঞৌ বিষ্ণুমিত্রস্তু মহাপ্রজ্ঞ ইতি। তস্মাৎ পূর্ব্বে ত্রয় আশ্রমিণঃ পুণ্যলোকভাজঃ পরিশিষ্যমাণঃ পরিব্রাড়মৃতত্বভাক্। কথং পুনর্ব্রহ্মসংস্থশব্দো যোগাৎ প্রবর্ত্তমানঃ সর্ব্বত্র সম্ভবন্ পরিব্রাজক এবাবতিষ্ঠেত, রূঢ্যভ্যুপগমে বাশ্রমমাত্রাদমৃতত্বপ্রাপ্তের্জ্ঞানানর্থক্যপ্রসঙ্গ ইতি। অত্রোচ্যতে। ব্রহ্মসংস্থ ইতি হি

চ ব্যপদেশো বে"তি। ত্রয় এত ইতি কিং ভিক্ষুরপি পরামৃশ্যতে কিং বা ভিক্ষুবর্জ্জং ত্রয় এব ন তা বলয় ইতি ভিক্ষুসংগ্রহে তদ্বর্জ্জনমেতে ত্রয় ইত্যত্র কর্ত্তুং শক্যম্। এত ইতি প্রকৃতানাং সাকল্যেন পরামর্শাৎ। ভিক্ষুসংগ্রহে চ ন তস্য পুণ্যলোকত্বমব্রহ্মসংস্থত্বাভাবাদ্ভিক্ষোঃ। তেন তস্য ব্রহ্মসংস্থস্য সদা পুণ্যলোকত্বমমৃতত্বঞ্চেতি বিরোধঃ। ত্রিষু চ ব্রহ্মসংস্থপদে যদেতি সম্বন্ধনীয়ম্। ভিক্ষৌ চ সদেতি বৈষম্যম্। তদিদমুক্তম্। "পৃথক্ত্বে চে"তি। পূর্ব্বপক্ষাভাসং স্মারয়তি—"কথং পুনর্ব্রহ্মসংস্থশব্দোযোগাদি"তি। তন্নিরাকরোতি—"অত্রোচ্যত"-

---

বা উল্লেখ। যথা—"কথিত তিন্ আশ্রম স্বর্গাদি লোক প্রাপ্ত করায় এবং এক আশ্রম মোক্ষ প্রাপ্ত করায়।" এই ব্যপদেশও ঐরূপ ভিন্ন ফলের কথন, আশ্রমের পার্থক্য বা ভিন্ন পক্ষেই সঙ্গত, একাশ্রম ও আশ্রম ত্রিত্ব এই দুই পক্ষে অসঙ্গত। দেবদত্ত ও যজ্ঞদত্ত নির্ব্বোধ, তদুভয়ের একজন সুবোধ, এ কথা যেমন অসঙ্গত, গৃহী ও বনপ্রস্থী, তন্মধ্যে একজন ব্রহ্মসংস্থ, এ কথা তদপেক্ষা অসঙ্গত। দেবদত্ত ও যজ্ঞদত্ত নির্ব্বোধ, কিন্তু বিষ্ণুমিত্র সুবোধ, এই কথা এবং গৃহী ও বনপ্রস্থী পুণ্যলোকভাগী এবং ব্রহ্মসংস্থ পরিব্রাজক মোক্ষভাগী, এই কথা সম্যক্ সঙ্গত জানিবে। প্রোক্ত কারণে পূর্ব্ব পূর্ব্ব বিভিন্ন আশ্রমী পুণ্যলোকভাগী এবং অবশিষ্ট পরিব্রাজক মোক্ষভাগী। [কথং···নিমিত্তঃ] যদি বল, ব্রহ্মসংস্থশব্দের যোগার্থ—ব্রহ্মে সম্যক্ অবস্থিতি, তাহা সকল আশ্রমেই সম্ভবে। আশ্রমীমাত্রেই যখন ব্রহ্মসংস্থ হইতে পারেন, যখন তাহা সকল আশ্রমেই সম্ভবে, তখন তাহাকে কিরূপে মাত্র পরিব্রাজকপর (পরিব্রাজক-বাচক) বলিতে পার? যদি বল ঐ শব্দ পঙ্কজাদি শব্দের ন্যায় পরিব্রাজকে রূঢ়, তাহা বলিলেও অর্থাৎ ব্রহ্মসংস্থ শব্দের চতুর্থাশ্রমবাচিতা স্বীকার করিলেও নিষ্কৃতি নাই। কারণ, যদি

ব্রহ্মণি পরিসমাপ্তিরনন্যব্যাপারতারূপতন্নিষ্ঠত্বমভিধীয়তে। তচ্চ ত্রয়াণামাশ্রমাণাং ন সম্ভবতি স্বাশ্রমবিহিতকর্ম্মানুষ্ঠানে প্রত্যবায়শ্রবণাৎ। পরিব্রাজকস্য তু সর্ব্বকর্ম্মসন্ন্যাসাৎ প্রত্যবায়ো ন সম্ভবত্যননুষ্ঠাননিমিত্তঃ। শমদমাদিস্তু তদীয়ো ধর্ম্মো ব্রহ্মসংস্থতায়া উপোদ্বলকো ন বিরোধী। ব্রহ্মনিষ্ঠত্বমেব হি তস্য শমদমাদ্যুপবৃংহিতং স্বাশ্রমবিহিতং কর্ম্ম. যজ্ঞাদি চেতরেষাং তদ্ব্যতিক্রমে চ তস্য প্রত্যবায়ঃ। তথা চ

ইতি। অয়মভিসন্ধিঃ। সত্যং যৌগিকঃ শব্দঃ সতি প্রকৃতসম্ভবে ন তদতিপত্ত্যাঽপ্রকৃতে বর্ত্তিতুমর্হতি। অসতি তু সম্ভবে মা ভূৎ প্রমাদপাঠ ইত্যপ্রকৃতে বর্ত্তয়িতব্যঃ। দর্শিতশ্চাত্রাসম্ভবোঽধস্তাদিতি। এষ হি ব্রহ্মসংস্থতালক্ষণো ধর্ম্মো ভিক্ষোরসাধারণ আশ্রমান্তরাণি তৎসংস্থান্যতৎসংস্থানি চ ভিক্ষুস্তৎসংস্থ ইত্যেব তৎসংস্থতা হি স্বভাবং ব্যবচ্ছিন্দতী বিরোধাৎ যস্তৎসংস্থ এব তত্রাঞ্জসী নান্যত্র। শমদমাদিস্তু তদীয় ইতি স্বাঙ্গমব্যবধায়কমিত্যর্থঃ। ব্রহ্মসংস্থত্বমসাধারণং পরিব্রাজকধর্ম্মং শ্রুতিবাদর্শয়তীত্যাহ—"তথা চ ন্যাসোব্রহ্মে"তি।

আশ্রমমাত্রাবলম্বনে অমৃতত্ব (মোক্ষ) লাভ হয় তাহা হইলে জ্ঞানের প্রয়োজন কি? সার্থক্য কি? এ কথার প্রত্যুত্তর এই যে, ব্রহ্মসংস্থশব্দের মুখ্যার্থ ব্রহ্মে সর্ব্বব্যাপারের পরিসমাপ্তি অনন্যব্যাপার বা অনন্যচিত্ত হইয়া ব্রহ্মচিন্তনে তৎপর হওয়া আর ব্রহ্মসংস্থ হওয়া তুল্যার্থ। তাদৃশ ব্রহ্মনিষ্ঠতা গার্হস্থ্যাদি আশ্রমীর অসম্ভব। অসম্ভব কেন? তাহা বলিতেছি। গৃহস্থাদি আশ্রমী নিজ নিজ আশ্রম বিহিত কর্ম্মের অনুষ্ঠান ত্যাগ করিলে পাপী হওয়ার কথা আছে। পরন্তু পারিব্রাজ্য আশ্রমে সে কথা নাই। পরিব্রাজক বিধিবিধানক্রমে সর্ব্বকর্ম্ম সন্ন্যাস (ত্যাগ) করিয়াছেন, সেজন্য পরিব্রাজকের কর্ম্মাকরণজনিত প্রত্যবায় (পাপ) হয় না। [শমদমা...প্রত্যবায়ঃ] পরিব্রাজকের ধর্ম্ম শমদমাদি, তাহা ব্রহ্মসংস্থতার বিরোধী নহে; প্রত্যুত পরিপোষক। শমদমাদির দ্বারা ব্রহ্মনিষ্ঠতার বৃংহণ করাই প্রব্রজ্যাশ্রমের কার্য্য এবং যজ্ঞাদি করা অপরাশ্রমের কার্য্য। কাযেই যজ্ঞাদি কার্য্য না করিলে গৃহস্থাদি আশ্রমীর আশ্রমবিহিত কর্ম্মের ত্যাগজনিত অধর্ম্ম হয়, সন্ন্যাসীর তাহা হয় না। বরং তাহাতে সন্ন্যাসীর স্বাশ্রমবিহিত কর্ত্তব্যই করা হয়। [তথাচ...তবতি] এ কথা শ্রুতিতে আছে, স্মৃতিতেও আছে। শ্রুতি যথা—"সন্ন্যাসই ব্রহ্মা (হিরণ্যগর্ভ)। কারণ এই যে, ব্রহ্মাই শ্রেষ্ঠ—সর্ব্বজীবের অভীষ্ট-দেবতা। যিনি পর—পরমাত্মা,

'ন্যাসোব্রহ্মা। ব্রহ্মা হি পরঃ পরো হি ব্রহ্মা' 'তানি বা এতান্যবরাণি তপাংসি ন্যাস এবাত্যরেচয়ৎ' 'বেদান্তবিজ্ঞান-সুনিশ্চিতার্থাঃ সন্ন্যাসযোগাদ্‌যতয়ঃ শুদ্ধসত্ত্বাঃ' ইত্যাদ্যাঃ শ্রুতয়ঃ। স্মৃতয়শ্চ 'তদ্‌বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ' ইত্যাদ্যা ব্রহ্মসংস্থস্য কর্ম্মাভাবং দর্শয়ন্তি। তস্মাৎ পরিব্রাজকস্যাশ্রমমাত্রাদমৃতত্বপ্রাপ্তের্জ্ঞানানর্থক্যপ্রসঙ্গ ইত্যেষোঽপি দোষো নাবতরতি। তদেবং পরামর্শেঽপীতরেষামাশ্রমাণাং পারিব্রাজ্যং তাবদ্‌ব্রহ্মসংস্থতালক্ষণং লভ্যত এব। অনপেক্ষ্যৈব জাবালশ্রুতিমাশ্রমান্তরবিধায়িনীময়মাচার্য্যেণ বিচারঃ প্রবর্ত্তিতঃ। বিদ্যত এব ত্বাশ্রমান্তরবিধিশ্রুতিঃ প্রত্যক্ষা। 'ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেৎ গৃহী ভূত্বা বনীভবেৎ বনী ভূত্বা প্রব্রজেৎ যদি বেতরথা ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ গৃহাদ্বা বনাদ্বা'

সর্ব্বসঙ্গপরিত্যাগো হি ন্যাসঃ স ব্রহ্ম। কুত ইত্যত আহ—"ব্রহ্মা হি পরঃ"। অতঃ পরো ন্যাসো ব্রহ্মেতি। কিমপেক্ষ্য পরঃ সন্ন্যাস ইত্যত আহ— "তানি বা এতান্যবরাণি তপাংসি ন্যাস এবাত্যরেচয়দি"তি। এতদুক্তং ভবতি। ব্রহ্মপরতয়া সর্ব্বেষণাপরিত্যাগলক্ষণো ন্যাসো ব্রহ্মেতি। তথা চেদৃশং ন্যাসলক্ষণং

তিনিই ব্রহ্মা। ফলিতার্থ—সন্ন্যাস পরমাত্মবিজ্ঞানের বা পরমাত্মপ্রাপ্তির হেতু; সুতরাং তাহা ব্রহ্মা বা ব্রহ্ম।" "পূর্ব্বোক্ত সত্যাদি অবর তপস্যা, নিকৃষ্টলাভের উপায়, সন্ন্যাস সে সকল অপেক্ষা অতিরিক্ত অর্থাৎ শ্রেষ্ঠ। ব্রহ্মসংস্থতার দ্বারা মুক্তি হয়; সে জন্য তাহা মুক্তির কারণ।" "বিশুদ্ধবুদ্ধি বৈরাগ্যবান্ যতিরা সন্ন্যাসের সাহায্যে বেদান্তবিজ্ঞান (তত্ত্বজ্ঞান) লাভ করিয়া মুক্ত হন।" ইত্যাদি। স্মৃতি যথা—"তদ্‌বুদ্ধি, তদাত্মা, তন্নিষ্ঠ ও তৎপরায়ণ—" ইত্যাদি। উল্লিখিত শ্রুতি ও স্মৃতি ব্রহ্মসংস্থের কর্ম্মত্যাগ দেখাইয়াছেন। অতএব, পরিব্রাজক প্রব্রজ্যাশ্রম গ্রহণ মাত্রে মোক্ষভাগী হইলে জ্ঞানের সার্থক্য থাকে না, এ আপত্তি অবতারিত হইতেই পারে না। [তদেবং··· ইতি] এ পর্য্যন্ত যেরূপ শাস্ত্র ও যুক্তি আহরণপূর্ব্বক প্রদর্শিত হইল, তৎসমুদায়ে ইহাই প্রাপ্ত হওয়া যায় যে, "ধর্ম্ম স্কন্ধ তিন্—" ইত্যাদি বাক্যে অন্যান্য আশ্রমের পরামর্শ অর্থাৎ অনুবাদ হইলেও তদ্বাক্যে ব্রহ্মসংস্থতালক্ষণ প্রব্রজ্যার প্রাপ্তি আছেই। প্রব্রজ্যাশ্রমবিধায়িনী জাবালশ্রুতির প্রতীক্ষা না করিয়াই আচার্য্য ব্যাস এই বিচার প্রবর্ত্তিত করিয়াছেন।

* ঐ সকল কর্ম্ম বিদ্যার সহকারী অর্থাৎ জ্ঞানোৎপত্তি বিষয়ে উপকারক। কারণ, ঐ সকল "ব্রহ্মবাদীরা সেই এই আত্মাকে বেদার্থানুষ্ঠানের দ্বারা জানিতে ইচ্ছা করেন" ইত্যাদি বাক্যের দ্বারা বিহিত। এ নির্ণয় "সর্ব্বাপেক্ষা

সহকারিত্বেন রূপেণৈষাং বিদ্যাসাধনত্বমবগন্তব্যম্।—আশ্রমবিহিত কর্ম্মকলাপ [illegible] দ্বারা, আপেক্ষিক মোক্ষের প্রতি তাহার সাক্ষাৎ কারণত্বে [illegible]

ন চেদং বিদ্যাসহকারিত্ববচনমাশ্রমকর্ম্মণাং প্রযাজাদিবৎ বিদ্যা-ফলবিষয়ং মন্তব্যম্। অবিধিলক্ষণত্বাদ্‌বিদ্যায়া অসাধ্যত্বাচ্চ বিদ্যাফলস্য। বিধিলক্ষণং হি সাধনং দর্শপূর্ণমাসাদি স্বর্গফল-সিষাধয়িষয়া সহকারিসাধনান্তরমাকাঙ্ক্ষতে নৈবং বিদ্যা। তথা চোক্তং 'অতএব চাগ্নীন্ধনাদ্যনপেক্ষা' ইতি [বে০সূ০৩। ৪।২৬।] তস্মাদুৎপত্তিসাধনত্ব এবৈষাং সহকারিত্ববাচো

যথা সহৈব দশভিঃ পুত্রৈর্ভারং বহতি গর্দ্দভীতি সংস্বেব দশপুত্রেষু সৈব ভারস্য বাহিকেতি। "অবিধিলক্ষণত্বাদি"তি। বিহিতং হি দর্শপৌর্ণমাসাদ্যঙ্গৈর্যুজ্যতে. ন ত্ববিহিতম্। গ্রাহকগ্রহণপূর্ব্বকত্বাদঙ্গভাবস্য বিধেশ্চ গ্রাহকত্বাৎ অবিহিতে চ তদনুপপত্তেঃ। চতসৃণামপি চ প্রতিপত্তীনাং ব্রহ্মণি বিধানানুপপত্তেবি-ত্যুক্তং প্রথমসূত্রে। দ্রষ্টব্যো নিদিধ্যাসিতব্য ইতি চ বিধিসরূপং ন বিধি-রিত্যপ্যুক্তম্। উৎপত্তিং প্রতি হেতুভাবস্তু সত্ত্বশুদ্ধ্যা বিবিদিষোপজনদ্বারে-

---

সূত্রে প্রদর্শিত হইয়াছে। [ন চেদং...যুক্তিঃ] আশ্রমবিহিত কর্ম্মকলাপ জ্ঞানের সহকারী সত্য; পরন্তু সে সহকারিত্ব প্রযাজাদির ন্যায় জ্ঞানফল মোক্ষ বিষয়ে নহে। যদ্রূপ প্রযাজ অনুযাজ প্রভৃতি অঙ্গযাগ প্রধান যাগের সাহায্য করে, অর্থাৎ স্বরূপ নির্ব্বাহ করে, স্বর্গাদি ফল উৎপাদনের সাহায্য করে না, সেইরূপ, আশ্রমবিহিত কর্ম্মও চিত্তশুদ্ধিপর্য্যন্তমাত্র জ্ঞানের সাহায্য করে কিন্তু বিদ্যাফল মোক্ষ উৎপাদনের সাহায্য করে না। কারণ, বিদ্যার বা জ্ঞানের ফল কৃতিসাধ্য নহে, সুতরাং বিধির অধীন নহে। (তাহা নিত্যসিদ্ধ ও অযত্নসাধ্য।) যাহা সাধননিষ্পাদ্য অর্থাৎ যাহা জন্মায়, প্রকৃতপক্ষে তাহাই বিধির যোগ্য। দর্শাদি যাগ স্বর্গের সাধন, তাহা স্বর্গ জন্মায়, সেই কারণে তাহা বিধিলক্ষণ অর্থাৎ তাহাতেই বিধি সম্ভব হয়। অতএব, যেমন বিধিযোগ্য দর্শপূর্ণমাস যাগ স্বর্গ ফল জন্মাইবার সাধন, তাহা যেমন অঙ্গ কর্ম্মের সাহায্য প্রতীক্ষা করে, জ্ঞান সেরূপ সাহায্য প্রতীক্ষা করে না। অর্থাৎ মোক্ষফল জন্মাইবার নিমিত্ত অন্য কাহার সহায়তা প্রতীক্ষা করে না। স্বতঃসিদ্ধ মোক্ষ জ্ঞানের অনন্তর আপনা আপনি প্রকাশিত হয়। এ কথা "অতএব চাগ্নীন্ধনাদ্যনপেক্ষা" সূত্রে বিচারিত ও নির্ণীত হইয়াছে। প্রদর্শিত হেতু কূটের দ্বারা এই সিদ্ধান্ত লব্ধ হয় যে, আশ্রমবিহিত কর্ম্মকলা-পের সহকারিত্ব জ্ঞানের পক্ষে, জ্ঞানফল মোক্ষের পক্ষে নহে। অভিপ্রায় এই যে, কর্ম্মফল চিত্তশুদ্ধি উৎপাদন দ্বারা জ্ঞানের উপকার করে, সহায়তা

যুক্তিঃ। ন চাত্র নিত্যানিত্যসংযোগবিরোধ আশঙ্ক্যঃ। কর্ম্মাভেদেঽপি সংযোগভেদাৎ। নিত্যো হ্যেকঃ সংযোগো যাবজ্জীবাদিবাক্যকল্পিতো ন তস্য বিদ্যাফলত্বম্। অনিত্যস্ত্বপরঃ সংযোগঃ 'তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি' ইত্যাদিবাক্যকল্পিতঃ। তস্য বিদ্যাফলত্বম্। যথা একস্যাপি খাদিরস্যনিত্যেন সংযোগেন ক্রত্বর্থতা অনিত্যেন সংযোগেন পুরুষার্থতা চ তদ্বৎ ॥ ৩৩ ॥

সর্ব্বথাপি ত এবোভয়লিঙ্গাৎ ॥ ৩৪ ॥*

ত্যধস্তাদুপপাদিতম্। অসাধ্যত্বাচ্চ বিদ্যাফলস্যাপবর্গস্য। স্বরূপাবস্থানলক্ষণো হি সঃ। ন চ স্বং রূপং ব্রহ্মণঃ সাধ্যং নিত্যত্বাৎ। শেষমতিরোহিতার্থম্।

করে, তৎপরে আর কিছু করে না। [ন চাত্র...তদ্বৎ] এই সিদ্ধান্তে বিরোধের আশঙ্কা করিও না। একই কর্ম্ম অথচ তাহা দ্বিরূপ—নিত্য ও অনিত্য, এ কথা বিরুদ্ধ, এরূপ আশঙ্কা করিও না। (একই অগ্নিহোত্র অবশ্যকর্ত্তব্য বিধায় নিত্য, সদা অনুষ্ঠেয়, আবার ফলকামনায় কর্ত্তব্য বলিয়া অনিত্য। ফলেচ্ছা থাকিলে তৎকর্ত্তৃক অনুষ্ঠেয় হয়, ফলেচ্ছা না থাকিলে পরিত্যক্ত হয়; সুতরাং অনিত্য। নিত্যানুষ্ঠানে জ্ঞানের উপকার; অনিত্যানুষ্ঠানে কাম্যলাভ; সুতরাং বিরুদ্ধ বলা হইল, এমন মনে করিও না।) কারণ, কর্ম্ম এক হইলেও সংযোগের (সম্বন্ধের) পার্থক্য আছে। তদনুসারে উক্ত সিদ্ধান্তের বিরোধ ভঞ্জন হয়। কর্ম্মের নিত্যানিত্যতা নাই। কর্ম্ম একই, পরন্তু তাহার সম্বন্ধ বা সংযোগ দ্বিবিধ। এক সংযোগ নিত্য, তাহা "যত কাল জীবন তত কাল অগ্নিহোত্র" ইত্যাদি ইত্যাদি বাক্যে বিহিত এবং আর এক সংযোগ অনিত্য, তাহা "ব্রাহ্মণগণ বেদার্থের দ্বারা আপনাকে জানিতে ইচ্ছা করেন" ইত্যাদি ইত্যাদি বাক্যে বিহিত। প্রথমোক্ত নিত্যসংযোগে বিদ্যা-ফলের অভাব আছে এবং শেষোক্ত অনিত্য সংযোগে তাহার বিদ্যমানতাই আছে। এইরূপ সম্বন্ধভেদে একের উভয়রূপিতা অবশ্যই অবিরুদ্ধ। খাদির যূপ একই কিন্তু যে খাদির যূপ নিত্যসম্বন্ধের দ্বারা ক্রতুর অঙ্গ বা উপকারক হয়, আবার সেই খাদির যূপই অনিত্যসংযোগের দ্বারা পুরুষের গুণ বা পুরুষের উপকারক হয়। সঙ্কলিত সিদ্ধান্তও পূর্ব্বমীমাংসানুগত প্রোক্ত সিদ্ধান্তের অনুরূপ।

* সর্ব্বথাপি বিদ্যাসহকারিত্বাশ্রমধর্ম্মস্বরূপপক্ষদ্বয়েঽপি অগ্নিহোত্রাদয়ো ধর্ম্মা অনুষ্ঠেয়া এব।

সর্ব্বথাপ্যাশ্রমধর্ম্মত্বপক্ষে বিদ্যাসহকারিত্বপক্ষে চ ত এবাগ্নিহোত্রাদয়ো ধর্ম্মা অনুষ্ঠেয়াঃ। ত এবেত্যবধারয়ন্নাচার্য্যঃ কিং নিবর্ত্তয়তি। কর্ম্মভেদাশঙ্কামিতি ব্রূমঃ। যথা কুণ্ডপায়িনাময়নে 'মাসমগ্নিহোত্রং জুহ্বতি' ইত্যত্র নিত্যাদগ্নিহোত্রাৎ কর্ম্মান্তরমুপদিশ্যতে নৈবমিহ কর্ম্মভেদোঽস্তীত্যর্থঃ। কুতঃ। উভয়লিঙ্গাৎ শ্রুতিলিঙ্গাৎ স্মৃতিলিঙ্গাচ্চ। শ্রুতিলিঙ্গং তাবৎ

যথা মাসমগ্নিহোত্রং জুহ্বতীতি প্রকরণান্তরাৎ কর্ম্মভেদ এবমিহাপি 'তমেনং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেনে'তি ক্রতুপ্রকরণমতিক্রম্য শ্রবণাৎ প্রকরণান্তরাত্তদ্বুদ্ধিব্যবচ্ছেদে সতি কর্ম্মান্তরমিতি প্রাপ্ত উচ্যতে।

অগ্নিহোত্রাদি আশ্রম-ধর্ম্মও বটে, পক্ষান্তরে জ্ঞানের সহকারী সাধনও বটে। সুতরাং একই অগ্নিহোত্রাদি উভয়ত্র অনুষ্ঠেয়। অর্থাৎ আশ্রমধর্ম্ম বলিয়াই হউক আর জ্ঞানোপকারক বলিয়াই হউক, সর্ব্বপ্রকারে অগ্নিহোত্রাদি ধর্ম্মের অনুষ্ঠেয়তা প্রাপ্ত হওয়া যায়। আচার্য্য ব্যাস "তে এব—সেই অগ্নিহোত্রাদি কর্ম্মই" এইরূপ সাবধারণ বাক্যে ঐ সকলের ভেদাশঙ্কা নিবারণ করিয়াছেন। (জ্ঞানসাধন অগ্নিহোত্রাদি হয় ত আশ্রমীর কর্ত্তব্য অগ্নিহোত্রাদি হইতে ভিন্ন অর্থাৎ পৃথক্, এরূপ আশঙ্কা ঐ সাবধারণ বাক্যের দ্বারা নিবর্ত্তিত হইয়াছে।) কুণ্ডপায়ী দিগের অয়নগত অগ্নিহোত্র * যেমন সর্ব্ববিদিত নিত্যাগ্নিহোত্র হইতে ভিন্ন, পৃথক্ কর্ম্ম, এখানে সেরূপ ভেদ বা পার্থক্য উপদিষ্ট হয় নাই। অর্থাৎ প্রসিদ্ধ অগ্নিহোত্রাদি কর্ম্মই "বিবিদিষন্তি যজ্ঞেন—" ইত্যাদি উপনিষদ্বাক্যে জ্ঞানসাধনত্বরূপে অর্থাৎ জ্ঞানসাধন বলিয়া উপদিষ্ট হইয়াছে। কারণ, শ্রুতি স্মৃতি উভয়ত্রই উক্ত সিদ্ধান্তের পোষক বাক্য আছে। [শ্রুতিলিঙ্গং...ধারণম্] শ্রুতিস্থ

কুতঃ? উভয়লিঙ্গাৎ শ্রুতিলিঙ্গাৎ স্মৃতিলিঙ্গাচ্চ।—জ্ঞানের সহকারী কারণ বলিয়াই হউক আর আশ্রমীর কর্ত্তব্য বলিয়াই হউক, বৈদিক অগ্নিহোত্রাদি কর্ম্মের অনুষ্ঠান করিবেক। একই অগ্নিহোত্রাদি কর্ম্ম উক্ত উভয় অধিকারীর উক্তবিধ সম্বন্ধ অনুসারে অনুষ্ঠেয়, ইহা অবধারিত আছে। হেতু এই যে, শ্রুতি ও স্মৃতি উভয় শাস্ত্রেই উভয়বিধ অনুষ্ঠেয়তা পক্ষে লিঙ্গদর্শন আছে। (লিঙ্গ=জ্ঞাপক চিহ্ন অথবা বোধকবাক্য)।

* কুণ্ডপায়ী=শাখাবিশেষোক্ত যজ্ঞের অনুষ্ঠাতা। অয়ন=কুণ্ডপায়ী দিগের অবশ্যকর্ত্তব্য কর্ম্মবিশেষ। কুণ্ডপায়ীরা অয়ন-যাগ নির্ব্বাহার্থ একটি মাসব্যাপক কর্ম্ম অনুষ্ঠান করে। সেই মাসব্যাপক কর্ম্মের নাম অগ্নিহোত্র। এই অগ্নিহোত্র "যাবজ্জীবমগ্নিহোত্রং জুহোতি" এতদ্বাক্যবিহিত নিত্যাগ্নিহোত্র হইতে ভিন্ন বা পৃথক্। তাহা "মাসমগ্নিহোত্রং জুহ্বতি" এতদ্বাক্যের দ্বারা বিহিত।

'তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি' ইতি সিদ্ধবদুৎপন্নরূপাণ্যেব যজ্ঞাদীনি বিবিদিষায়াং বিনিযুঙ্‌ক্তে ন জুহ্বতীত্যাদিবদপূর্ব্বমেবৈষাং রূপমুৎপাদয়তীতি। স্মৃতিলিঙ্গমপি 'অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ' ইতি বিজ্ঞাতকর্ত্তব্যতাকমেব কর্ম্ম বিদ্যোৎপত্ত্যর্থং দর্শয়তি। "যস্যৈতে অষ্টাচত্বারিংশৎসংস্কারা" ইত্যাদ্যা চ সংস্কারপ্রসিদ্ধির্বৈদি-

---

সত্যপি প্রকরণান্তরে তদেব কর্ম্ম শ্রুতেঃ স্মৃতেশ্চ সংযোগভেদঃ পরং যথাঽগ্নিহোত্রং জুহুয়াৎ স্বর্গকামোযাবজ্জীবমগ্নিহোত্রং জুহুয়াদিতি তদেবাগ্নিহোত্রমুভয়সংযুক্তম্। ন হি প্রকরণান্তরং সাক্ষাদ্ভেদকং কিন্ত্বজাতজ্ঞাপনস্বরসো বিধিঃ প্রকরণৈক্যে স্ফুটতরপ্রত্যভিজ্ঞাবলেন স্বরসং জহ্যাৎ। প্রকরণান্তরেণ তু বিঘটিতপ্রত্যভিজ্ঞানঃ স্বরসমজহৎ কর্ম্ম ভিনত্তি। ইহ তু সিদ্ধবদুৎপন্নরূপাণ্যেব যজ্ঞাদীনি বিবিদিষায়াং বিনিযুঞ্জানো ন জুহোতীত্যাদিবদপূর্ব্বমেষাং রূপমুৎপাদয়িতুমর্হতি। ন চ তত্রাপি নৈয়মিকাগ্নিহোত্রে মাসবিধির্নাপূর্ব্বাগ্নিহোত্রোৎপত্তিরিতি সাম্প্রতম্। হোম এব সাক্ষাৎ বিধিশ্রুতেঃ। কালস্ত চানুপাদেয়স্যাবিধেয়ত্বাৎ। কালে হি কর্ম্ম বিধীয়তে ন কর্ম্মণি কাল ইত্যুৎ-

---

পোষক বাক্য বা শ্রৌত চিহ্ন এই যে, শ্রুতি "ব্রাহ্মণগণ বেদার্থ বিচার ও যজ্ঞাদির দ্বারা আত্মা জানিবেন" এই বলিয়া পূর্ব্বপরিচিত যজ্ঞাদি কর্ম্মকে আত্মবিবিদিষায় বিনিয়োগ করিয়াছেন। অপরিচিতরূপ অর্থাৎ অন্য কোন নূতন যজ্ঞাদির স্বরূপ উপদেশ করেন নাই। (সুতরাং স্থির হইতেছে যে, আশ্রমী ও জ্ঞানকামী মুমুক্ষু উভয়ের অনুষ্ঠেয় অগ্নিহোত্রাদি অভিন্ন।) স্মৃতিস্থ পোষক বাক্য বা চিহ্ন এই যে, স্মৃতি "যে ব্যক্তি ফল অনুসন্ধান না করিয়া কর্ত্তব্য কর্ম্ম সকল অনুষ্ঠান করে" এই বলিয়া জ্ঞাতকর্ত্তব্যতাক কর্ম্মেরই জ্ঞানোৎপত্তিসহায়তা বর্ণন করিয়াছেন। (জ্ঞাতকর্ত্তব্যতাক=যে সকল কর্ম্ম কর্ত্তব্য বলিয়া জানা আছে অর্থাৎ শাস্ত্রান্তরে বিহিত আছে সেই সকল কর্ম্ম। যে সকল কর্ম্মের স্বরূপ, ইতিকর্ত্তব্যতা ও ফল শাস্ত্রান্তরে উপদিষ্ট আছে সেই সকল কর্ম্মই ফলকামনাশূন্য হইয়া অনুষ্ঠান করিলে জ্ঞানপ্রদ হয়।) স্মৃতিতে বেদোক্ত ও স্মৃত্যুক্ত কর্ম্মকলাপের সংস্কার নাম দেখা যায়। সেই স্মৃতিপ্রসিদ্ধ সংস্কারনামের সার্থক্যবলেও কর্ম্মভেদাশঙ্কা বিদূরিত হইতে পারে। যে স্মৃতিতে বৈদিক কর্ম্মকলাপ সংস্কার নামে প্রসিদ্ধ আছে, সঙ্কেতিত হইয়াছে, সে স্মৃতি এই—"যাহার এই অষ্টচত্বারিংশৎ (৪৮)

কেষু কর্ম্মসু তৎসংস্কৃতস্য বিদ্যোৎপত্তিমভিপ্রেত্য স্মৃতৌ ভবতি। তস্মাৎ সাধ্বিদমভেদাবধারণম্ ॥ ৩৪ ॥

অনভিভবঞ্চ দর্শয়তি ॥ ৩৫ ॥*

সহকারিত্বস্যৈবৈতদুপোদ্বলকং লিঙ্গদর্শনং অনভিভবঞ্চ দর্শয়তি শ্রুতির্ব্রহ্মচর্য্যাদিসাধনসম্পন্নস্য রাগাদিভিঃ ক্লেশৈঃ 'এষ হ্যাত্মা ন নশ্যতি যং ব্রহ্মচর্য্যেণানুবিন্দতে' ইত্যাদিনা।

সর্গঃ। ইহ তু বিবিদিষায়াং বিধিশ্রুতিন যজ্ঞাদৌ। তানি তু সিদ্ধান্যেবানূদ্যন্ত ইত্যৈককর্ম্ম্যাৎ সংযোগপৃথক্ত্বং সিদ্ধম্। স্মৃতিকক্তা। লিঙ্গদর্শনমুক্তম্।

নিত্যানি কর্ম্মাণি স্বতঃ পুণ্যলোকাবাপ্তিফলান্যপি জ্ঞানকামেনানুষ্ঠিতানি জ্ঞানার্থানীত্যুক্তম্। ইদানীং ব্রহ্মচর্য্যাদীনামাশ্রমকর্ম্মণাং ক্লেশতনূকরণেন বিদ্যোদয়ে হেতুতেত্যত্র লিঙ্গমাহ। অনভিভবঞ্চেতি। সূত্রস্য তাৎপর্য্যোক্তি-

---

সংস্কার—" ইত্যাদি। † যে এই ৪৮ সংস্কারে সংস্কৃত—তাহারই জ্ঞানোৎপত্তি হওয়া সুসম্ভব। (৪৮ সংস্কারে সংস্কৃত এ কথার তাৎপর্য্য—সংস্কার বলে তাহাদের চিত্তমল থাকে না, পরিমার্জ্জিত হয়, সুতরাং তাহারা সংস্কৃত অর্থাৎ বিশুদ্ধসত্ব হয়। বিশুদ্ধসত্ব হইলেই জ্ঞানের আবির্ভাব হয়।) প্রদর্শিত প্রকারে কর্ম্মভেদ শঙ্কা নিবারিত হইতেছে, সে জন্য ঐ সাবধারণ প্রয়োগ সাধু বলিয়া গণ্য।

যেমন প্রদর্শিত শ্রৌত লিঙ্গের দ্বারা আশ্রমবিহিত অগ্নিহোত্রাদি কর্ম্মের বিদ্যাসহকারিতা নিশ্চিত হয়, তেমনি, ব্রহ্মচর্য্যাদি কর্ম্মেরও বিদ্যাহেতুতা অবধারিত হয়। কারণ, শ্রুতিই দেখাইয়াছেন যে, ব্রহ্মচর্য্যাদিসাধনসম্পন্ন পুরুষ রাগদ্বেষাদি ক্লেশে অভিভূত হয় না। ক্লেশে অভিভূত না হইলেই নিষ্প্রতিবন্ধকে জ্ঞানোদয় হয়। যথা—"যে আত্মা ব্রহ্মচর্য্যাদির দ্বারা অনুভবারূঢ় হন, সেই এই আত্মা পুনঃ অদর্শনগত হন না।", ইত্যাদি।

---

* অনভিভবং রাগাদিভিঃ। দর্শয়তি শ্রুতিরিতি শেষঃ। ব্রহ্মচর্য্যাদীনামাশ্রমকর্ম্মণাং ক্লেশতনূকরণদ্বারেণ বিদ্যোদয়হেতুত্বং শ্রুত্যা দর্শিতমিতি।—শ্রুতি ইহাও দেখাইয়াছেন যে, ব্রহ্মচর্য্যাদিসাধনসম্পন্ন ব্যক্তি রাগাদি দোষে আক্রান্ত হন না। অভিপ্রায় এই যে, ব্রহ্মচর্য্যাদি আশ্রম কর্ম্মও রাগ দ্বেষ অভিনিবেশ প্রভৃতি ক্লেশপঞ্চক ক্ষীণ করে, করিয়া জ্ঞানোদয়ের কারণ হয়।

† গর্ভাধান হইতে পত্নীভিগম পর্য্যন্ত সংস্কার কর্ম্ম ১৪, তৎপরে ৫ মহাযজ্ঞ, ৭ সোমযজ্ঞ, ৭ হবির্যজ্ঞ, ৭ পাকযজ্ঞ, অভ্যুক্ত থাকিয়া সংহিতাধ্যয়ন, প্রায়ণ কর্ম্ম, জপ, উৎক্রমণ, দৈহিক কর্ম্ম, ভস্মসঞ্চয়ন, অস্থিসঞ্চয়ন, শ্রাদ্ধ, এই ৮। সমুদায়ে ৪৮ এবং সমস্তই শুদ্ধিজনক বলিয়া সংস্কার সংজ্ঞায় সংজ্ঞিত।

তস্মাদ্‌যজ্ঞাদীন্যাশ্রমকর্ম্মাণি চ ভবন্তি বিদ্যাসহকারীণি চেতি স্থিতম্ ॥ ৩৫ ॥

অন্তরা চাপি তু তদ্‌দৃষ্টেঃ ॥ ৩৬ ॥*

বিধুরাদীনাং দ্রব্যাদিসম্পদ্রহিতানাঞ্চান্যতমাশ্রমপ্রতিপত্তিহীনানামন্তরালবর্ত্তিনাং কিং বিদ্যায়ামধিকারোঽস্তি কিং বা নাস্তীতি সংশয়ে নাস্তীতি তাবৎ প্রাপ্তম্। আশ্রমক-

---

পূর্ব্বকমক্ষরার্থং কথয়তি। সহকারিত্বস্যেতি। উভয়বিধ্যধীনমর্থমুপসংহরতি। তস্মাদিতি। ইত্যানন্দগিরিঃ।

আশ্রমকর্ম্মণাং বিদ্যোপায়ত্বে সত্যনাশ্রমকর্ম্মণাং নৈবমিতি মন্বানং প্রত্যাহ। অন্তরেতি। অনাশ্রমিণো বিধুরাদীন্ বিষয়ীকৃত্য তেষাং কর্ম্মিত্বপ্রসিদ্ধের্নিন্দাপ্রসিদ্ধেশ্চ সংশয়মাহ। বিধুরেতি। অত্রানাশ্রমকর্ম্মণামুক্তবিদ্যাহেতুত্বোক্ত্যা পাদাদিসঙ্গতিঃ। পূর্ব্বপক্ষে যথা বিধুরকর্ম্মণাং বিদ্যাহেতুত্বাসিদ্ধিস্তথৈবাশ্রমকর্ম্মণামপি বিদ্যাহেতুত্বাসিদ্ধিঃ। সিদ্ধান্তে ত্বাশ্রমিত্বস্য জ্যায়স্ত্বাৎ কর্ম্মণাং তৎসিদ্ধিরিতি মন্বানঃ সংশয়মনূদ্যপূর্ব্বপক্ষমাহ। নাস্তীত্যাদিনা।

অতএব, যজ্ঞাদি কর্ম্ম আশ্রমিকর্ত্তব্যও বটে; তত্ত্বজিজ্ঞাসুর জ্ঞানোৎপত্তির সাহায্যকারীও বটে।

আশ্রমকর্ম্ম বিদ্যালাভের উপায়, এতৎ প্রসঙ্গে অন্য এক সংশয় উপস্থিত হয়। সে সংশয় এই—কোন এক আশ্রম আশ্রয় করিতে পারে নাই এরূপ বিধুর-নামক অন্তরালবর্ত্তী ব্যক্তি ও দ্রব্যহীন যৎপরোনাস্তি দরিদ্র (যাহারা দ্রব্যাভাবে আশ্রমবিহিত কার্য্য করিতে অপারক) তাহাদের বিদ্যাধিকার আছে কি নাই। পূর্ব্বপক্ষে পাওয়া যায়, যখন আশ্রম কর্ম্মই বিদ্যালাভের উপায় তখন তাহাদের অর্থাৎ তাদৃশ অনাশ্রমীর বিদ্যাধিকার অসম্ভাব্য। উত্তরপক্ষ অর্থাৎ সিদ্ধান্তপক্ষ এই যে, অনাশ্রমিরূপে অন্তরালে অবস্থান করিলেও বিধুরদিগের বর্ণধর্ম্ম দানাদিতে অধিকার থাকায় এবং দরিদ্রদিগের

---

* অন্তরা অন্তরালে বর্ত্তমানা বিধুর-সংজ্ঞয়া প্রসিদ্ধাস্তেষামপি বিদ্যায়ামধিকার ইতি পুরণীয়ম্। হেতুমাহ তদিতি। শ্রুতিস্মৃতীতিহাসশাস্ত্রেষু রৈকপ্রভৃতীনাং বিধুরাণাং ব্রহ্মবিদ্বদর্শনাদিত্যর্থঃ।—আশ্রমবিহিত অগ্নিহোত্রাদি ও ব্রহ্মচর্য্যাদি কর্ম্ম পরম্পরাসম্বন্ধে জ্ঞানোৎপত্তির কারণ, এই অবধারণ অনুসারে অনাশ্রমীরও বিদ্যাধিকার আছে কিনা তাহা বিচার্য্য হইতেছে। পূর্ব্বপক্ষে নাই বলা যাইতে পারে, কিন্তু সিদ্ধান্তপক্ষে তাহা আছে বলাই উচিত। অনাশ্রমী বিধুর ও নিতান্ত দরিদ্র, ইহারা আশ্রমবিহিত কর্ম্ম করণে অক্ষম ও অনধিকারী হইলেও জ্ঞানোৎপাদক জপাদি কর্ম্মের দ্বারা বিদ্যাধিকার আয়ত্ত করিতে পারে, ইহা পুরাণাদি শাস্ত্রে দেখা যায় অর্থাৎ নিদর্শিত হইয়াছে।

র্ম্মণাং বিদ্যাহেতুত্বাবধারণাৎ আশ্রমকর্ম্মাসম্ভবাচ্চৈতেষামিত্যেবং প্রাপ্ত, ইদমাহ—অন্তরা চাপি তু। অনাশ্রমিত্বেনাঽন্তরালে বর্ত্তমানোঽপি বিদ্যায়ামধিক্রিয়তে। কুতঃ। তদ্দৃষ্টেঃ। রৈক্বাচক্নবীপ্রভৃতীনামেবম্ভূতানামপি ব্রহ্মবিত্ত্বশ্রুত্যুপলব্ধেঃ ॥ ৩৬ ॥

অপি চ স্মর্য্যতে ॥ ৩৭ ॥*

সম্বর্ত্তপ্রভৃতীনাঞ্চ নগ্নচর্য্যাদিযোগাদনপেক্ষিতাশ্রমকর্ম্মণা

বিবিদিষাবাক্যে যজ্ঞাদিষু প্রত্যেকং করণবিভক্তিশ্রুতেরাশ্রমকর্ম্মাভাবেঽপি বর্ণমাত্রধর্ম্মাণাং দানাদীনাং সম্ভবাৎ বিধুরাদীনামপি বিদ্যাধিকারঃ স্যাদিত্যাশঙ্ক্য কেবলবর্ণধর্ম্মাণাং বিদ্যাসাধনত্বে সত্যাশ্রমকর্ম্মণাং বৈয়র্থ্যাদনাশ্রমিণামনধিকারো বিদ্যায়ামিত্যাহ। আশ্রমেতি। অনাশ্রমকর্ম্মণাং ন বিদ্যাহেতুতেতি পূর্ব্বপক্ষমনূদ্য সিদ্ধান্তয়তি। এবমিতি। প্রতিজ্ঞাং ব্যাকরোতি। অনাশ্রমিত্বেনেতি। তদ্দৃষ্টেরিতি ব্যাচষ্টে। রৈক্বেতি। ইত্যানন্দগিরিঃ।

শ্রৌতীং দৃষ্টিং শিষ্ট্বা স্মার্ত্তীমপি দর্শয়তি। অপীতি। শ্রুতিস্মৃতিভ্যাং সিদ্ধে সিদ্ধান্তেঽনন্তরসূত্রনিবস্যঙ্কোদ্যমাহ। নন্বিতি। জন্মান্তরকৃতাদপি কর্ম্মণো রৈক্বাদীনাং বিদ্যাসম্ভবাৎ বর্ণোপাধাবুক্তাৎ কর্ম্মণো বিদ্যেত্যত্র শ্রুতিস্মৃত্যো-

---

দেবারাধনা ও জপাদি কার্য্যে সামর্থ্য থাকায় তাহাদেরও বিদ্যাধিকার সম্ভব হয়। রৈক্ব ও বাচক্নবী প্রভৃতি বিধুর ও দরিদ্র ছিলেন অথচ তাঁহারা শ্রুতিতে ব্রহ্মজ্ঞ বলিয়া বিখ্যাত। (সমাবর্ত্তন দ্বারা ব্রহ্মচর্য্য ব্রত উদ্‌যাপন করিয়াছে অথচ বিবাহ করিয়া গৃহী হয় নাই কি বনব্রজ্যাদি করে নাই এরূপ লোক বিধুর। পত্নীবিয়োগ হইয়াছে, তৎপরে আর দারপরিগ্রহ করে নাই ও সন্ন্যাসাদি আশ্রমও গ্রহণ করে নাই, সেরূপ লোকও বিধুর। ইহাদিগের বর্ণধর্ম্ম দান পূজাদিতে অধিকার থাকায় সেই সকলের দ্বারাই তাহাদের ব্রহ্মবিদ্যাধিকার বিদ্যমান থাকে।)

সম্বর্ত্ত প্রভৃতি ঋষি নগ্নচর্য্যায় (নগ্নচর্য্যা = বস্ত্রত্যাগী সন্ন্যাসী) থাকিতেন, কোনও কিছু আশ্রমকর্ম্ম করিতেন না, অথচ মহাভারতাদি ইতিহাস-স্মৃতিতে লিখিত আছে, তাঁহারা মহাযোগী ছিলেন। বলিতে পার যে, প্রদর্শিত শাস্ত্র (শ্রুতি ও স্মৃতি) জ্ঞাপক মাত্র, বিধায়ক নহে। বিধায়ক শাস্ত্র কৈ ? বিধায়ক

---

* আশ্রমকর্ম্মত্যাগিনাং সম্বর্ত্তপ্রভৃতীনাং জ্ঞানিত্বমিতি শেষঃ।—সম্বর্ত্ত প্রভৃতি ঋষি আশ্রম কর্ম্ম করিতেন না অথচ তাঁহারা জ্ঞানী হইয়াছিলেন। 'এ কথা ইতিহাসাত্মক' স্মৃতিতে (পুরাণাদি গ্রন্থে) উক্ত হইয়াছে।

মপি মহাযোগিত্বং স্মর্য্যত ইতিহাসে। ননু লিঙ্গমিদং শ্রুতি-স্মৃতিদর্শনমুপন্যস্তং কা নু খলু প্রাপ্তিরিতি সাঽভিধীয়তে ॥৩৭॥

বিশেষানুগ্রহশ্চ ॥ ৩৮ ॥*

তেষামপি বিধুরাদীনামবিরুদ্ধৈঃ পুরুষমাত্রসম্বন্ধিভির্জপোপবাসদেবতারাধনাদিভির্ধর্ম্মবিশেষৈরনুগ্রহো বিদ্যায়াঃ সম্ভবতি। তথা চ স্মৃতিঃ—

'জপ্যেনৈব তু সংসিধ্যেদ্ব্রাহ্মণো নাত্র সংশয়ঃ।
কুর্য্যাদন্যন্ন বা কুর্য্যান্মৈত্রো ব্রাহ্মণ উচ্যতে' ॥

রনিয়ামকত্বাৎ নিয়ামকান্তরং বক্তব্যমিত্যর্থঃ। আশ্রমধর্ম্মাভাবেঽপি বর্ণধর্ম্মবিশেষৈরনুগৃহীতা বিদ্যোদেষ্যতীতি সূত্রেণ সমাধত্তে সেতি। ইত্যানন্দগিরিঃ।

যদি বিদ্যাসহকারীণ্যাশ্রমকর্ম্মাণি হন্ত ভো বিধুরাদীনামনাশ্রমিণামনধিকারো বিদ্যায়াম্। অভাবাৎ সহকারিণামাশ্রমকর্ম্মণামিতি প্রাপ্ত উচ্যতে। নাত্যন্তমকর্ম্মাণো রৈক্কবিধুরবাচক্রবীপ্রভৃতয়ঃ। সন্তি হি তেষামনাশ্রমিত্বে জপোপবাসদেবতারাধনাদীনি কর্ম্মাণি। কর্ম্মণাঞ্চ সহকারিত্বমুক্তম্। আশ্রমকর্ম্মণামুপ-

শাস্ত্র ব্যতীত প্রদর্শিত স্মারক শাস্ত্র কার্য্যকারী হইতে পারে না। সূত্রকার এতৎপ্রশ্নের প্রত্যুত্তরার্থ বলিতেছেন।

জ্ঞানের অবিরোধী কেবলমাত্র পুরুষসম্বন্ধীয় (পুরুষমাত্রকর্ত্তব্য) জপ, উপবাস ও দেবসেবা প্রভৃতি ধর্ম্মবিশেষ দ্বারা বিধুর ও দরিদ্রদিগের প্রতিও বিদ্যার অনুগ্রহ হইতে পারে। স্মৃতি বলিয়াছেন "ব্রাহ্মণ জপকর্ম্মের দ্বারাও সিদ্ধ হন। অন্য কোন আশ্রমধর্ম্ম করুন বা না করুন, তিনি মৈত্র ব্রাহ্মণ।" (মৈত্র=মিত্রতার অবস্থানকারী। অহিংসক বা দয়াবান্।) এই স্মৃতি বিধুর ও দরিদ্রদিগের আশ্রমকর্ম্ম সম্ভব না হইলেও তাহাদিগের জপাধিকার আছে বলিয়াছেন। অন্য স্মৃতিতেও আছে "বহু জন্মের পর সিদ্ধিলাভ করে, পরে পরমা গতি প্রাপ্ত হয়।" এই স্মৃতি জন্মান্তরসঞ্চিতধর্ম্মসংস্কারবিশিষ্ট দিগের প্রতি বিদ্যার অনুগ্রহ বর্ণন করিয়াছেন। বিদ্যার অর্থাৎ জ্ঞানের ফল দৃষ্ট

---

* বর্ণধর্ম্মবিশেষৈরনুগ্রহো বিদ্যায়া ইতি পূরণীয়ম্। আশ্রমধর্ম্মাভাবেঽপি বর্ণধর্ম্মৈরনুগৃহীতা বিদ্যা উদেষ্যতীতি সূত্রতাৎপর্য্যার্থঃ।—আশ্রমবিশেষে অনবস্থিত বিধুর প্রভৃতি বিশেষ বিশেষ বর্ণধর্ম্মে রত থাকেন। আচরিত সেই সেই ধর্ম্মের দ্বারা তাঁহাদিগের প্রতি বিদ্যার অনুগ্রহ (উদয়) হইতে দেখা যায়। অর্থাৎ জ্ঞানোদয়ের প্রতি বর্ণধর্ম্মেরও নিমিত্ততা আছে।

ইত্যসম্ভবাদাশ্রমকর্ম্মণোঽপি জপেঽধিকারং দর্শয়তি। জন্মান্তরানুষ্ঠিতৈরপি চাশ্রমকর্ম্মভিঃ সম্ভবত্যেব বিদ্যায়া অনুগ্রহঃ। তথাচ স্মৃতিঃ—

'অনেকজন্মসংসিদ্ধস্ততো যাতি পরাং গতিম্'।

ইতি জন্মান্তরসঞ্চিতানপি সংস্কারবিশেষানুগ্রহীতৄন্ বিদ্যায়া দর্শয়তি। দৃষ্টার্থা চ বিদ্যা প্রতিষেধাভাবমাত্রেণাপ্যর্থিনমধিকরোতি শ্রবণাদিষু। তস্মাদ্বিধুরাদীনামপ্যধিকারো ন বিরুধ্যতে ॥ ৩৮ ॥

অতস্ত্বিতরজ্জ্যায়ো লিঙ্গাচ্চ ॥ ৩৯ ॥*

অতস্ত্বন্তরালবর্ত্তিত্বাদিতরদাশ্রমবর্ত্তিত্বং জ্যায়োবিদ্যাসাধনং

লক্ষণত্বাদিতি ন তেষামনধিকারোবিদ্যাসু। "জন্মান্তরানুষ্ঠিতৈরপি চে"তি। ন খলু বিদ্যাকার্য্যে কর্ম্মণামপেক্ষাঽপি তূৎপাদে। উৎপাদয়ন্তি চ বিবিদিষোপহারেণ কর্ম্মাণি বিদ্যাম্। উৎপন্নবিবিদিষাণাং পুরুষধৌরেয়াণাং বিদুরসম্বর্ত্তপ্রভৃতীনাং কৃতং কর্ম্মভিঃ। যদ্যপি চেহ জন্মনি কর্ম্মাণ্যননুষ্ঠিতানি তথাপি বিবিদিষাতিশয়দর্শনাৎ প্রাচি ভবেঽনুষ্ঠিতানি তৈরিতি গম্যত ইতি। ননু যথাধীতবেদ এব ধর্ম্মজিজ্ঞাসায়ামধিক্রিয়তে নানধীতবেদ ইহ জন্মনি তথেহ জন্মন্যাশ্রমকর্ম্মোৎপাদিতবিবিদিষ এব বিদ্যায়ামধিকৃতো নেতর ইত্যনাশ্রমিণামনধিকারো বিধুরপ্রভৃতীনামিত্যত আহ—"দৃষ্টার্থা চে"তি। অবিদ্যানিবৃত্তির্ব্বিদ্যায়া দৃষ্টোঽর্থঃ। স চান্বয়ব্যতিরেকসিদ্ধো ন নিয়মমপেক্ষত ইত্যর্থঃ। প্রতিষেধো বিঘাতস্তস্যাভাব ইত্যর্থঃ। যদ্যনাশ্রমিণামপ্যধিকারো বিদ্যায়াং কৃতং তর্হ্যাশ্রমৈরতিবহুলায়াসৈরিত্যাশঙ্ক্যাহ—

স্বস্থেনাশ্রমিত্বমাস্থেয়ম্। দৈবাৎ পুনঃ পত্ন্যাদিবিয়োগতঃ সত্যনাশ্রমিত্বে

অর্থাৎ ঐহিক বা প্রত্যক্ষ। সুতরাং প্রতিবন্ধকের অভাব বা প্রতিবন্ধক মোচন হইলেই বিদ্যাসাধক শ্রবণ মননাদির দ্বারা বিদ্যাধিকার জন্মে। অতএব, বিধুর প্রভৃতির বিদ্যাধিকার অবিরুদ্ধ।

বিধুর অর্থাৎ অনাশ্রমী থাকা অপেক্ষা আশ্রমাবস্থান শ্রেষ্ঠ। কারণ

---

* অতঃ অন্তরালবর্ত্তিত্বাৎ অনাশ্রমিত্বাৎ ইতরৎ অন্যৎ আশ্রমিত্বং জ্যায় শ্রেষ্ঠমিতি লিঙ্গাৎ শ্রৌতাৎ স্মার্ত্তাচ্চ বিজ্ঞায়তে।—আশ্রমিত্ব অনাশ্রমিত্ব উভয়ের মধ্যে আশ্রমিত্বই শ্রেষ্ঠ, ইহা শ্রুতিস্মৃতির তাৎপর্য্যার্থ পর্য্যালোচনে বিজ্ঞাত হওয়া যায়।

শ্রুতিস্মৃতিসন্দৃব্ধত্বাৎ। শ্রুতিলিঙ্গাচ্চ 'তেনৈতি ব্রহ্মবিৎ পুণ্যকৃৎ তৈজসশ্চ' ইতি। 'অনাশ্রমী ন তিষ্ঠেত দিনমেকমপি দ্বিজঃ।' 'সম্বৎসরমনাশ্রমী স্থিত্বা কৃচ্ছ্রমেকঞ্চরেৎ' ইতি চ স্মৃতিলিঙ্গাৎ ॥ ৩৯ ॥

"তদ্ভূতস্য তু নাতদ্ভাবো জৈমিনেরপি নিয়মাতদ্রূপাভাবেভ্যঃ ॥ ৪০ ॥*

সম্ভূর্দ্ধরেতস আশ্রমা ইতি স্থাপিতম্। তাংস্তু প্রাপ্তস্য কথঞ্চিত্ততঃ প্রচ্যুতিরস্তি নাস্তি বেতি সংশয়ঃ। পূর্ব্বধর্ম্মস্বনুষ্ঠানচিকীর্ষয়া রাগাদিবশেন বা প্রচ্যুতোঽপি স্যাৎ বিশেষা-

---

ভবেদধিকারোবিদ্যাসামিতি শ্রুতিস্মৃতিসন্দর্ভেণ বিবিদিষন্তি যজ্ঞেনেত্যাদিনা জ্ঞাবস্থাবগতেঃ শ্রুতিলিঙ্গাৎ স্মৃতিলিঙ্গাচ্চাবগম্যতে। তেনৈতি পুণ্যকৃদিতি শ্রুতিলিঙ্গমনাশ্রমী ন তিষ্ঠেতেত্যাদি চ স্মৃতিলিঙ্গম্।

আরোহবৎ প্রত্যবরোহোঽপি কদাচিদূর্দ্ধরেতসাং স্যাদিতি মন্দাশঙ্কানিরা-

---

এই যে, আশ্রমে অবস্থিত থাকিলে আশ্রমবিহিত অনুষ্ঠান উপচিত হইতে থাকে। তৎকারণে আশ্রমাবস্থানের জ্ঞানসাধনতা অনাশ্রমাবস্থা অপেক্ষা অন্তরঙ্গ (নিকট সাধন)। আশ্রমিত্ব অনাশ্রমিত্ব উভয়ের মধ্যে যে আশ্রমিত্বই শ্রেষ্ঠ, তাহা শ্রুতিও বলিয়াছেন এবং স্মৃতিও বলিয়াছেন। অধিকন্তু স্মৃতি অনাশ্রমীর নিন্দা করিয়াছেন। শ্রুতি যথা—"আশ্রমধর্ম্ম রত থাকিলে ক্রমে ব্রহ্মবিৎ পুণ্যকৃৎ ও তেজঃসম্পন্ন হন।" স্মৃতি যথা—"দ্বিজ অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য, এক দিনও অনাশ্রমী থাকিবেন না।" "যদি পূর্ণ এক বৎসর অনাশ্রমী থাকেন তাহা হইলে তাহাকে প্রায়শ্চিত্তাত্মক কৃচ্ছ্রব্রত অনুষ্ঠান করিতে হইবে।"

শাস্ত্রে ঊর্দ্ধরেত আশ্রমের অর্থাৎ সন্ন্যাসাশ্রমের বিধান আছে, ইহা স্বীকৃত হইয়াছে। এক্ষণে সংশয়—সে আশ্রম প্রাপ্ত হইলে পুনর্ব্বার তাহা

* তদ্ভূতস্য প্রাপ্তোর্দ্ধরেতোভাবস্য অতদ্ভাবস্ততঃ প্রচ্যুতির্নাস্তীতি নিয়মাদিশাস্ত্রেভ্যো বিজ্ঞায়তে। এতচ্চ মতং জৈমিনেরপি।—ঊর্দ্ধরেত আশ্রম অর্থাৎ সন্ন্যাস নামক চতুর্থাশ্রম প্রাপ্ত হইলে তাহা হইতে আর অবরোহণ হয় না। অর্থাৎ সে আর নিম্নাশ্রমে আসিতে পারে না। ইহা জৈমিনি ও বাদরায়ণ উভয়েরই অভিমত। অবরোহণ না হওয়ার জ্ঞাপক নিয়মশাস্ত্র, অতদ্রূপের অর্থাৎ অবরোহণের নিষেধ শাস্ত্র ও শিষ্টাচার। (ভাষ্যব্যাখ্যা দেখ)।

ভাবাৎ। ইত্যেবং প্রাপ্ত উচ্যতে। তদ্ভূতস্য তু প্রতিপন্নোর্দ্ধ-রেতোভাবস্য ন কথঞ্চিদপ্যতদ্ভাবো ন ততঃ প্রচ্যুতিঃ স্যাৎ। কুতঃ। নিয়মাতদ্রূপাভাবেভ্যঃ। তথা হি—অত্যন্তমাত্মানমাচার্য্যকুলেঽবসাদয়ন্নিতি অরণ্যমিয়াদিতি পদন্ততো ন পুনরেয়াদিত্যুপনিষদিতি।

"আচার্য্যেণাভ্যনুজ্ঞাতশ্চতুর্ণামেকমাশ্রমম্।
আবিমোক্ষাৎ শরীরস্য সোঽনুতিষ্ঠেদ্যথাবিধি॥"

ইতি চৈবঞ্জাতীয়কো নিয়মঃ প্রচ্যুত্যভাবং দর্শয়তি। যথা চ 'ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেৎ ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ' ইতি চৈবমাদীন্যারোহরূপাণি বচাংস্যুপলভ্যন্তে নৈবম্প্রত্যবরোহ-

---

করণার্থমিদমধিকরণম্। পূর্ব্বস্মেষু যাগহোমাদিষু বাগতো বা গৃহস্থোঽহং পত্ন্যাদিপরিবৃতঃ স্যামিতি। নিয়মং ব্যাচষ্টে "তথা হ্যত্যন্তমাত্মানমি"তি। অতদ্রূপতামবরোহতুল্যতাভাবম। ব্যাচষ্টে—"যথা চ ব্রহ্মচর্য্যং সমাপ্যে"তি।

হইতে প্রচ্যুত হইতে পারে কি না? অর্থাৎ ফিরিয়া আবার গার্হস্থ্যাদি গ্রহণ করিতে পারে কি না? কোনরূপ বিশেষ উল্লেখ না থাকায় পূর্ব্বপক্ষে পাওয়া যায়, আর একবার পূর্ব্বধর্ম্ম সকল (গার্হস্থ্যাদিবিহিত কর্ম্মকলাপ) ভালরূপে অনুষ্ঠান করিব, এইরূপ ইচ্ছার দ্বারা ফিরিতেও পারে। আবার পক্ষান্তরে দেখা যায়, দোষশ্রুতি থাকায় পুনর্গার্হস্থ্য অশাস্ত্রীয়। এইরূপ পক্ষাপক্ষ লাভ হয় বলিয়াই সূত্রকার তন্নির্ণয়ার্থ সূত্র বলিলেন। সূত্রের অর্থ এই যে, তদ্ভূত—একবার সেই ভাব প্রাপ্ত অর্থাৎ চতুর্থাশ্রমপ্রাপ্ত হইলে আর তাহার অতদ্ভাব অর্থাৎ কোনও প্রকারে ইচ্ছোদ্রেক হইলেও তাহা হইতে অবরোহণ (পুনর্গার্হস্থ্যাদিতে আগমন) নাই। তৎপ্রতি হেতু—নিয়ম, অতদ্রূপতা ও অভাব। নিয়ম অর্থাৎ মরণান্ত অরণ্যবাস প্রভৃতির নিয়ম। শাস্ত্র সেইরূপে থাকিবার নিয়ম বাঁধিয়া দিয়াছেন। অতদ্রূপতা (তদ্রূপ করার নিষেধশাস্ত্র) অর্থাৎ সন্ন্যাস ভঙ্গ করিয়া পুনর্গার্হস্থ্য না করা। শাস্ত্র সেরূপ করার দোষোদ্ঘোষণ করিয়াছেন। অভাব অর্থাৎ ষ্টাচারের অভাব। কোনও শিষ্ট সেরূপ করেন নাই। [তথা হি, বিদ্যন্তে] নিয়ম যথা—"আপনাকে গুরুগৃহে অতিশয়িত ক্লেশসাধ্য কর্ম্মের দ্বারা ক্লিষ্ট করতঃ পরে অরণ্যে গমন করিবেক। অর্থাৎ নির্জ্জনসেবিত্ব উপলক্ষিত ঊর্দ্ধরেত আশ্রম অবলম্বন করিবেক। ইহাই শাস্ত্রোপদিষ্ট পথ। তাহা হইতে

রূপাণি। ন চৈবমাচারাঃ শিষ্টা বিদ্যন্তে। যত্তু পূর্ব্বধর্ম্মস্বনুষ্ঠানচিকীর্ষয়া প্রত্যবরোহণমিতি তদসৎ। 'শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ' ইতি স্মরণাৎ। ন্যায়াচ্চ। যো হি যং প্রতি বিধীয়তে স তস্য ধর্ম্মো ন তু যো যেন স্বনুষ্ঠাতুং শক্যতে। চোদনালক্ষণত্বাদ্ধর্ম্মস্য। ন চ রাগাদিবশাৎ প্রচ্যুতিঃ। নিয়মশাস্ত্রস্য বলীয়স্ত্বাৎ। জৈমিনেরপীত্যপিশব্দেন জৈমিনিবাদরায়ণয়োরত্র সম্প্রতিপত্তিং শাস্তি প্রতিপত্তিদার্ঢ্যায় ॥ ৪০ ॥

অভাবং শিষ্টাচারাভাবম্। বিভজতে—"ন চৈবমাচারাঃ শিষ্টা"ইতি। অতিরোহিতার্থমন্যৎ।

আর পুনরাগত হইবেক না অর্থাৎ পুনর্গার্হস্থ্যে আসিবেক না। ইহাই উপনিষৎ অর্থাৎ রহস্য (শাস্ত্রের নিগূঢ় তত্ত্ব।)" "গুরুকর্ত্তৃক আদিষ্ট হইয়া চার আশ্রমের কোন এক আশ্রম মরণান্ত পর্য্যন্ত বিধিবিধানক্রমে অনুষ্ঠান করিবেক।"এইরূপ এইরূপ নিয়ম বা নিয়ামক শাস্ত্র উত্তরাশ্রমগৃহীতার পূর্ব্বাশ্রমে ফিরিয়া আসা নাই বলিয়াছেন। অতদ্রূপ অর্থাৎ আরোহণ ক্রমের ন্যায় অবরোহণ ক্রমের অভাব (না থাকা) দেখা যায়। "ব্রহ্মচর্য্য সমাপ্ত করিয়া গৃহী হইবেক। অথবা ব্রহ্মচর্য্যের পরেই প্রব্রজ্যা করিবেক।" এই যেমন পর পর উচ্চ আশ্রম গমনের ক্রম দেখা যায়, এরূপ অবরোহণ ক্রম কুত্রাপি বা কোনও শাস্ত্রবাক্যে দৃষ্ট হয় না। অপিচ, ফিরিয়া আসা সম্বন্ধে শিষ্টাচারও নাই। কোনও শিষ্টকে (ধর্ম্মমর্ম্মজ্ঞ আস্তিক ঋষিকে) উত্তরাশ্রম গ্রহণের পর পুনর্গার্হস্থ্য করিতে দেখা যায় নাই। [যত্তু...ধর্ম্মস্য] বলিয়াছিলে যে, পূর্ব্বধর্ম্ম সকল ভালরূপে অনুষ্ঠান করিবার ইচ্ছায় পুনরাবর্ত্তন ঘটিতে পারে, আমরা বলি, ঘটিতে পারে না। কারণ এই যে, স্মৃতির অনুশাসন আছে— "সর্ব্বাঙ্গ সুন্দর পরধর্ম্ম অপেক্ষা অল্প কিছু স্বধর্ম্ম শ্রেষ্ঠ।" (পরধর্ম্ম=অন্যাশ্রমের ধর্ম্ম)। এ বিষয়ে যুক্তিও আছে। যুক্তি এই যে, যে যাহা ভালরূপ অনুষ্ঠান করিতে সমর্থ—তাহাই তাহার ধর্ম্ম, এমন নহে; কিন্তু যাহা যাহার জন্য বিহিত—তাহাই তাহার ধর্ম্ম। ইহাই বিধিবাক্যানুমেয় ধর্ম্ম বা ধর্ম্মলক্ষণের রহস্য। [ন চ...দার্ঢ্যায়] চতুর্থাশ্রমী স্বাবলম্বিত আশ্রম হইতে চ্যুত হইতে পারিত যদি রাগের অর্থাৎ ঐচ্ছিক ব্যবহারের প্রাবল্য থাকিত।

ন চাধিকারিকমপি পতনানুমানাত্তদযোগাৎ ॥ ৪১ ॥*

যদি নৈষ্ঠিকো ব্রহ্মচারী প্রমাদাদবকীর্য্যেত কিং তস্য 'ব্রহ্মচর্য্যবকীর্ণী নৈর্ঋতং গর্দ্দভমালভেত' ইত্যেতৎ প্রায়শ্চিত্তং স্যাদুত নেতি। নেত্যুচ্যতে। যদপ্যধিকারলক্ষণে নির্ণীতং প্রায়শ্চিত্তং—অবকীর্ণিপশুশ্চ তদ্বদাধানস্যাপ্রাপ্তকালত্বাদিতি তদপি ন নৈষ্ঠিকস্য ভবিতুমর্হতি। কিং কারণম্।

প্রায়শ্চিত্তং ন পশ্যামীতি নৈষ্ঠিকং প্রতি প্রায়শ্চিত্তাভাবস্মরণাৎ নৈর্ঋতগর্দ্দভালম্ভঃ প্রায়শ্চিত্তমুপকুর্ব্বাণকং প্রতি। তস্মাচ্ছিন্নশিরস ইব পুংসঃ প্রতিক্রিয়াভাব ইতি পূর্ব্বঃ পক্ষঃ। সূত্রযোজনা তু—ন চাধিকারিকমধিকারলক্ষণে

কিন্তু রাগপ্রাবল্যের সম্ভাবনা নাই। কারণ, রাগ অপেক্ষা নিয়ম শাস্ত্র বলবান্ এবং তাহারই বলে রাগের খর্ব্বতা সঙ্ঘটন হয়। এ সিদ্ধান্ত কেবল বাদরায়ণসম্মত নহে, জৈমিনিসম্মতও বটে।

নৈষ্ঠিক ব্রহ্মচারী যদি দৈবাৎ বা অনবধানতাপ্রযুক্ত অবকীর্ণী অর্থাৎ ভঙ্গব্রত বা ব্রহ্মচর্য্যচ্যুত হন তাহা হইলে তাঁহাকে "অবকীর্ণী ব্রহ্মচারী নির্ঋতি দেবতার উদ্দেশে গর্দ্দভ পশু আলম্ভন করিবেন" এতৎশাস্ত্রোক্ত প্রায়শ্চিত্ত করিতে হইবে কি না তাহা এতৎসূত্রে বিচারিত হইয়াছে। বিচারের নিষ্কর্ষ

* আধিকারিকং অধিকারলক্ষণে নির্ণীতং যৎ প্রায়শ্চিত্তং তৎ নৈষ্ঠিকে ভবিতুং নার্হতি। কুতঃ? পতনানুমানাৎ তদযোগাৎ। অপ্রতিসমাধেয়পতনস্মরণাৎ তৎপ্রায়শ্চিত্তাযোগাদিতি যাবৎ।—পূর্ব্বমীমাংসার প্রথমকাণ্ডে একটী প্রায়শ্চিত্ত কথিত হইয়াছে, তাহা এই—"ব্রহ্মচর্য্য ভঙ্গ হইলে গর্দ্দভ পশু বা করিয়া তদ্দ্বারা নৈর্ঋত যাগ করিবেক।' এই প্রায়শ্চিত্ত নৈষ্ঠিক ব্রহ্মচারী পক্ষে বিহিত নহে। উপকুর্ব্বাণের প্রতি বিহিত। কারণ এই যে, উক্ত প্রায়শ্চিত্ত পশুহোমাত্মক, পশুহোম অগ্ন্যাধানসাপেক্ষ সুতরাং তাহা স্ত্রীগ্রহণসাপেক্ষ। পশুহোমের নিমিত্ত অগ্ন্যাধান করিতে হইলে অগ্ন্যাধানার্থ স্ত্রীগ্রহণ করিতে হইবেক কিন্তু স্ত্রীগ্রহণ করিলে নৈষ্ঠিকের পাতিত্য জন্মে। সে পাতিত্যের বা সে পাতকের প্রায়শ্চিত্ত নাই। সেই জন্য প্রোক্ত প্রায়শ্চিত্ত নৈষ্ঠিকের নহে, উপকুর্ব্বাণের। উপকুর্ব্বাণ ব্রহ্মচারী স্ত্রীগ্রহণ ও অগ্নিগ্রহণ করিলে সেরূপ পাতকী হন না—নৈষ্ঠিক যেরূপ হন। অতএব, প্রায়শ্চিত্তনাশ্য নহে একরূপ পাতক স্মৃত (স্মৃতিতে উক্ত) হওয়ায় নৈষ্ঠিক ব্রহ্মচারীর ব্রহ্মচর্য্য ভঙ্গজনিত দোষের নাশক প্রায়শ্চিত্তের অভাব (না থাকাই) স্বীকৃত হয়। ফলিতার্থ এই যে, ইচ্ছাপূর্ব্বক ব্রহ্মচর্য্য ভঙ্গ করিলে নৈষ্ঠিকের পতন ও প্রায়শ্চিত্তাভাব কিন্তু তাহা অনিচ্ছাপূর্ব্বক হইলে প্রায়শ্চিত্ত ও পতনাভাব স্বীকৃত হয়। উপকুর্ব্বাণের ইচ্ছানিচ্ছাকৃত দোষের পরিহার আছে।

'আরূঢ়ো নৈষ্ঠিকং ধর্ম্মং যস্তু প্রচ্যবতে পুনঃ।
প্রায়শ্চিত্তং ন পশ্যামি যেন শুধ্যেৎ স আত্মহা' ॥

ইত্যপ্রতিসমাধেয়পতনস্মরণাৎ ছিন্নশিরস ইব প্রতিক্রিয়ানুপপত্তেঃ। উপকুর্ব্বাণস্য তু তাদৃক্‌পতনস্মরণাভাবাদুপপদ্যতে তৎপ্রায়শ্চিত্তম্ ॥ ৪১ ॥

উপপূর্ব্বমপি ত্বেকে ভাবমশনবত্তদুক্তম্ ॥ ৪২ ॥*

অপি ত্বেকে আচার্য্যা উপপাতকমেবৈতদিতি মন্যন্তে

প্রথমকাণ্ডে নির্ণীতমবকীর্ণিপশুশ্চ তদ্বদাধানস্যাপ্রাপ্তকালত্বাদিত্যনেন যৎ প্রায়শ্চিত্তং তন্ন নৈষ্ঠিকে ভবিতুমর্হতি। কুতঃ। আরূঢ়ো নৈষ্ঠিকমিতি স্মৃত্যা পতনশ্রুত্যনুমানাৎ তৎপ্রায়শ্চিত্তাযোগাৎ।

শ্রুতিস্তাবৎ স্ববসতোঽসঙ্কুচদ্‌বৃত্তির্ব্রহ্মচারিমাত্রস্য নৈষ্ঠিকস্যোপকুর্ব্বাণস্য

এই যে, হইবে না। যদিও অধিকারনির্ণয় প্রকরণে কথিতপ্রকার প্রায়শ্চিত্ত অভিহিত হইয়াছে, কথিত হইয়াছে, তথাপি, সে নির্ণয় নৈষ্ঠিকের জন্য নহে। কেন না নৈষ্ঠিকের অগ্ন্যাধান নাই। অগ্ন্যাধান না থাকায় উক্ত প্রায়শ্চিত্ত অসম্ভব। তাহার অগ্ন্যাধানের যথাযোগ্য কাল অতিক্রান্ত। শাস্ত্র আছে, "যে ব্যক্তি নৈষ্ঠিকধর্ম্মে আরোহণ করিয়া পশ্চাৎ তাহা হইতে চ্যুত হয়, এমন কোন প্রায়শ্চিত্ত দেখি না যে, তদ্দ্বারা সেই আত্মঘাতী অতিপাতকী শুদ্ধ হইতে পারে।" এই শাস্ত্রে নৈষ্ঠিকের বিবাহকরণজনিত পাপের নাশক প্রায়শ্চিত্ত না থাকা অভিহিত হইয়াছে। পাপনাশক প্রায়শ্চিত্ত না থাকায় তৎকর্ম্মকরণে পতিত হইতে হয়, সুতরাং অজ্ঞানকৃত সকৃৎ ব্রহ্মচর্য্যভঙ্গের জন্য যে প্রায়শ্চিত্ত শ্রবণ আছে, সে প্রায়শ্চিত্ত উপকুর্ব্বাণের পক্ষেই বিহিত। নৈষ্ঠিকের পক্ষে নহে। যেমন শিরশ্ছেদের চিকিৎসা নাই, তেমনি, নৈষ্ঠিকাশ্রম আশ্রয় করিয়া পশ্চাৎ তাহা ত্যাগ করিলে তাহারও প্রায়শ্চিত্ত নাই। উপকুর্ব্বাণের সেরূপ পাতিত্য শুনা যায় না, সুতরাং উক্ত প্রায়শ্চিত্ত উপকুর্ব্বাণ ব্রহ্মচারীর পক্ষেই বিহিত।

---

* উপপদং পূর্ব্বং যস্য তৎপাতকম্। উপপাতকমিতি যাবৎ। নৈষ্ঠিকব্রতলোপস্যোপপাতকত্বং একে ঋষয় আহুরিতি শেষঃ। অতএব ভাবং প্রায়শ্চিত্তাস্তিত্বম্। অশনবদিতি দৃষ্টান্তঃ। যথা ব্রহ্মচারিণো মধুমাংসাদিভক্ষণে ব্রতলোপঃ প্রায়শ্চিত্তঞ্চ তথা। তদুক্তমিতি জৈমিনিনা পূর্ব্বকাণ্ডে।—কোন কোন ঋষি বলিয়াছেন, নৈষ্ঠিক ব্রহ্মচারীর গুরুদারাদি ব্যতীত অন্য স্ত্রীতে ব্রহ্মচর্য্য লোপ হইলে তজ্জনিত তাহার উপপাতক জন্মে, সেই জন্য তাহার প্রায়-

যন্নৈষ্ঠিকস্য গুরুদারাদিভ্যোঽন্যত্র ব্রহ্মচর্য্যং বিশীর্য্যতে ন তন্মহাপাতকং ভবতি গুরুতল্পাদিষু মহাপাতকেষ্বপরিগণনাৎ। তস্মাদুপকুর্ব্বাণবন্নৈষ্ঠিকস্যাপি প্রায়শ্চিত্তভাবমিচ্ছন্তি। ব্রহ্মচারিত্বাবিশেষাদবকীর্ণিত্বাবিশেষাচ্চ। অশনবৎ। যথা ব্রহ্মচারিণো মধুমাংসাশনে ব্রতলোপঃ পুনঃ সংস্কারশ্চৈবমিতি। যে হি প্রায়শ্চিত্তাভাবমিচ্ছন্তি ন তেষাং মূলমুপল-

---

চাবিশেষেণ প্রাযশ্চিত্তমুপদিশতি সাক্ষাৎ। প্রাযশ্চিত্তং ন পশ্যামীতি তু স্মৃতিস্তস্যামপি চ সাক্ষাৎ প্রাযশ্চিত্তং ন কর্ত্তব্যমিতি প্রাযশ্চিত্তনিষেধো ন গম্যতে। ন পশ্যামীতি তু দর্শনাভাবেন সোঽনুমাতব্যঃ। তথা চ স্মৃতির্নিষেধার্থেত্যনুমায

কোন কোন আচার্য্য (শাস্ত্রোপদেষ্টা) মনে করেন ও বলেন, তাহা (প্রমাদকৃত ব্রহ্মচর্য্যবিলোপ) উপপাতক মধ্যে গণ্য। যদি নৈষ্ঠিক ধর্ম্মে (উর্দ্ধরেত আশ্রমে) অবস্থিত ব্যক্তির গুরুপত্ন্যাদি ব্যতীত অন্য স্ত্রীতে ব্রহ্মচর্য্য ভঙ্গ হয়, তাহা হইলে তাহাতে মহাপাতক হয় না, কিন্তু উপপাতক হয়। কারণ, শাস্ত্রে তাহা মহাপাতক গণনায় পরিগণিত হয় নাই। যাহাতে যাহাতে মহাপাতক জন্মে তাহা তাহা স্মৃতিতে পরিগণিত আছে; পরন্তু সে গণনায় গুরুশয্যাভিগম প্রভৃতি গণিত হইয়াছে কিন্তু অন্য স্ত্র্যভিগম গণিত হয় নাই। সুতরাং বুঝা যাইতেছে, নৈষ্ঠিকের গুরুপত্নী ব্যতীত অন্য নারীতে ব্রহ্মচর্য্য অবসন্ন হইলে মহাপাতক না হউক, উপপাতক হয়। যেহেতু উপপাতক হয়, সেই হেতু উপকুর্ব্বাণের ন্যায় নৈষ্ঠিকেরও উপপাতকপ্রায়শ্চিত্ত আচরণ করিতে হয়। ব্রহ্মচারিত্ব ও অবকীর্ণিত্ব (যাহার ব্রহ্মচর্য্য নষ্ট হয় সে অবকীর্ণী) দুএতেই আছে সুতরাং দু-ই প্রায়শ্চিত্তার্হ। ইহার দৃষ্টান্ত অশন অর্থাৎ অভক্ষ্যভক্ষণ ও অপেয় পান। যেমন মদ্যপানে ও মাংসভক্ষণে ব্রহ্মচারীর ব্রহ্মচর্য্য থাকে না, নষ্ট হয়, অনন্তর তাহার পুনঃসংস্কার (প্রায়শ্চিত্ত, তৎপরে পুনরুপনয়ন) অনুষ্ঠিত হয়, সামান্যতঃ রেতঃসেকনিবন্ধন ব্রহ্মচর্য্য ভঙ্গ হইলেও সেইরূপ ব্যবস্থা জানিবে। মদ্যমাংস ভক্ষণ করিলে তাহারা যেরূপ প্রায়শ্চিত্তী হয়, রেতঃসেক করিলেও সেইরূপ প্রায়শ্চিত্তী হয়। [যে. হি.৫.ব্যাখ্যাতব্যম্] যাঁহারা প্রায়শ্চিত্ত নাই বলেন, তাঁহারা নির্মূল ব্যবস্থা

শ্চিত্ত আছে। প্রমাদবশতঃ মদ্য মাংসাদি ভক্ষণে তাহাদের ব্রতভঙ্গ ও প্রায়শ্চিত্ত থাকা দৃষ্ট হয়, তদ্রূপ, মৈথুনানুষ্ঠানের দ্বারাও ব্রহ্মচর্য্য নাশ ও তাহার প্রায়শ্চিত্ত আছে, ইহা বিদিত হইবে। জৈমিনি মুনিও পূর্ব্বমীমাংসায় এ কথা বলিয়াছেন। (ভাষ্যানুবাদ দেখ)।

ভ্যতে। যে তু ভাবমিচ্ছন্তি তেষাং ব্রহ্মচার্য্যবকীর্ণী ত্বেতদবিশেষশ্রবণং মূলম্। তস্মাদ্ভাবো যুক্ততরঃ। তদুক্তং প্রমাণলক্ষণে—'সমা বিপ্রতিপত্তিঃ স্যাৎ শাস্ত্রস্থা বা তন্নিমিত্তত্বাৎ' ইতি। প্রায়শ্চিত্তাভাবস্মরণন্ত্বেবং সতি যত্নগৌরবোৎপাদনার্থমিতি ব্যাখ্যাতব্যম্। এবং ভিক্ষুবৈখানসয়োরপি বানপ্রস্থো

তদর্থা শ্রুতিরনুমাতব্যা। শ্রুতিস্তু সামান্যবিষয়া বিশেষমুপসর্পন্তী শীঘ্রপ্রবৃত্তিরিতি। স্মার্ত্তং প্রায়শ্চিত্তাদর্শনন্তু যত্নগৌরবোৎপার্থম্। এতদুক্তং ভবতি। কৃতনির্ণেজনৈরপ্যেতৈর্ন সঙ্খ্যানং কর্ত্তব্যমিতি। সূত্রার্থস্তু প্রপূর্ব্বমপি পাতকং নৈষ্ঠিকস্যাবকীর্ণত্বং ন মহাপাতকম্। অপিরেবকারার্থে। অত একে প্রায়শ্চিত্ত-

---

দেন। অর্থাৎ প্রায়শ্চিত্ত না থাকা পক্ষে কোনরূপ মূল (শ্রুতি বা শাস্ত্র) দেখা যায় না। যাঁহারা তাঁহাদের প্রায়শ্চিত্তের ভাব অর্থাৎ অস্তিত্ব আছে বলেন, তাঁহারা অমূলক বলেন না, সমূল কথাই বলেন। "ব্রহ্মচারী অবকীর্ণী অর্থাৎ ভঙ্গব্রত হইলে—" এই শাস্ত্র তাঁহাদের মূল। অতএব, ভাবপক্ষই (প্রায়শ্চিত্তের অস্তিত্ব পক্ষই) ন্যায্য ও শাস্ত্র সম্মত। এসিদ্ধান্ত পূর্ব্বমীমাংসার যববরহাধিকরণ সম্মত। পূর্ব্বমীমাংসার প্রথমাধ্যায়ে বলা হইয়াছে যে "প্রতিপত্তি অর্থাৎ প্রতীতি সমান হইলে শাস্ত্রীয় প্রতীতিই গ্রাহ্য। কেননা, শাস্ত্রীয় প্রতীতিই ধর্ম্মের নিমিত্ত—কর্ম্মলাভের উপায় (কারণ)।" "প্রায়শ্চিত্তং ন পশ্যামি—প্রায়শ্চিত্ত দেখি না" এ কথা যত্নাধিক্য উৎপাদনের * জন্যই বলা হইয়াছে, প্রায়শ্চিত্তাভাব সমর্থন জন্য নহে। [এবং...সর্ত্তব্যম] পশ্চাদুক্ত প্রমাণ অনুসারে ভিক্ষু ও বৈখানস

---

* যববরাহাধিকরণ যথা—এক স্থলে লিখিত আছে, যবময় চরু ও বারাহী উপানৎ। সেখানে প্রিয়ঙ্গু ও কৃষ্ণশকুনি গ্রহণ করিতে হইবে? কি দীর্ঘশূক শস্য ও শূকর অর্থ গ্রহণ করিতে হইবে? প্রিয়ঙ্গু নামক ফল ও দীর্ঘশূক শস্য উভয় পদার্থেই যবশব্দ ও বরাহশব্দ সঙ্কেতিত। কারণ, কৃষ্ণশকুনি ও শূকর এই পদার্থেই যথাক্রমে যব বরাহশব্দের প্রয়োগ দেখা যায়। সুতরাং সন্দেহ হয়। পরে উক্ত শব্দের দ্বারা উক্ত অর্থদ্বয় সমানরূপে প্রতীত হয় বলিয়া পূর্ব্বপক্ষে বিকল্প (কৃষ্ণশকুনি ও শূকর, দুয়ের এক) লাভ হয় কিন্তু শূকর ও দীর্ঘশূক শস্য অর্থেই তাহার সিদ্ধান্ত করা হয়। কারণ, শাস্ত্রমূলা প্রতীতিই ধর্ম্মকার্য্যে গ্রাহ্য। শাস্ত্রমূলা প্রতীতি যথা,--"যখন অন্যান্য ওষধি শুকাইয়া যায় তখন ইহারা হৃষ্ট থাকে।" এই শাস্ত্র বাক্যে বুঝা যায়, দীর্ঘশূক শস্যই যব। "বরাহ গোর পশ্চাৎ দৌড়িতেছে" এই শাস্ত্রীয় বাক্যে জানা যায়, শূকরই বরাহ। অতএব যেমন যববরাহাদি স্থলে শাস্ত্রপ্রসিদ্ধ দীর্ঘশূক শস্য ও শূকর গৃহীত হয়, সেইরূপ, এখানেও শাস্ত্রমূল প্রতীতি অনুসারে প্রায়শ্চিত্ত থাকা স্বীকার্য্য। উপকুর্ব্বাণ ও নৈষ্ঠিক শব্দের অর্থ প্রভেদ এইরূপ।—যে ব্রহ্মব্রত (ব্রহ্মচর্য্য)

দীক্ষাভেদে কৃচ্ছ্রং দ্বাদশরাত্রঞ্চরিত্বা মহাকক্ষং বর্দ্ধয়েৎ। ভিক্ষুর্ব্বানপ্রস্থবৎ সোমবৃদ্ধিবর্জং স্বশাস্ত্রসংস্কারশ্চ, ইত্যেবমাদিপ্রায়শ্চিত্তস্মরণমনুসর্ত্তব্যম্ ॥ ৪২ ॥

বহিস্তূভয়থাপি স্মৃতেরাচারাচ্চ ॥ ৪৩ ॥*

যদূর্দ্ধরেতসাং স্বাশ্রমেভ্যঃ প্রচ্যবনং মহাপাতকং, যদি বোপপাতকমুভয়থাপি শিষ্টৈস্তে বহিঃ কর্ত্তব্যাঃ।

ভাবমিচ্ছন্তীতি। আচার্য্যাণাং বিপ্রতিপত্তৌ বিশেষাভাবাৎ সাম্যং ভবেৎ। শাস্ত্রস্থা যা বা প্রসিদ্ধিঃ সা গ্রাহ্যা শাস্ত্রমূলত্বাৎ। উপপাদিতঞ্চ প্রায়শ্চিত্তভাবপ্রসিদ্ধেঃ শাস্ত্রমূলত্বমিতি। সুগমমিতবৎ। যদি নৈষ্ঠিকাদীনামস্তি প্রায়শ্চিত্তং তৎ কিমেতৈঃ, কৃতনির্ণেজনৈঃ সম্ব্যবহর্ত্তব্যমুত নেতি। তত্র দোষকৃতত্বাদসম্ব্যবহারস্য প্রায়শ্চিত্তেন তন্নিবর্হণাদনিবর্হণে বা তৎকরণবৈয়র্থ্যাৎ সংব্যবহার্য্যা এবেতি প্রাপ্ত উচ্যতে।

নিষিদ্ধকর্ম্মানুষ্ঠানজন্যমেনোলোকদ্বয়েঽপ্যশুদ্ধিমাপাদয়তি দ্বৈধম্। কস্যচিদেনসোলোকদ্বয়েঽপ্যশুদ্ধিরপনীয়তে প্রায়শ্চিত্তৈরেনোনিবর্হণং কুর্ব্বাণৈঃ কস্যচিত্তু পরলোকাশুদ্ধিমাত্রমপনীয়তে প্রায়শ্চিত্তৈরেনোনিবর্হণং কুর্ব্বাণৈঃ।

সম্বন্ধেও এইরূপ ব্যবস্থা জানিবে। "ব্রতভঙ্গ অর্থাৎ অনবধানতায় ব্রহ্মচর্য্য নষ্ট হইলে বানপ্রস্থ দ্বাদশরাত্রব্যাপী কৃচ্ছ্রব্রত অনুষ্ঠান করিয়া বহু তৃণকাষ্ঠ বর্দ্ধন করিবেন। সকৃৎ ও দৈবাৎ ব্রহ্মচর্য্য ভ্রংশ হইলে বানপ্রস্থের ন্যায় ভিক্ষুও সোমবৃদ্ধিবর্জ্জিত কৃচ্ছ্রব্রত করিবেন এবং স্বশাস্ত্রোক্ত সংস্কার করিবেন।" ইত্যাদি।

ঊর্দ্ধরেত আশ্রমীরা স্বকীয় আশ্রম হইতে ভ্রষ্ট হইলে (রেতঃসেকনিবন্ধন ব্রহ্মচর্য্য চ্যুত হইলে) মহাপাতক হউক আর উপপাতক হউক, প্রায়শ্চিত্ত করুক বা না করুক, সাধু কর্ত্তৃক তাঁহারা স্বসমাজচ্যুত হইবেন। এই বিষয়ে শাস্ত্র ও শিষ্টাচার উভয়প্রমাণ আছে। শাস্ত্র যথা—"যে ব্যক্তি

উদ্‌যাপন করিয়া সম্প্রতি গৃহস্থ হইয়াছে, বিবাহ করিয়াছে, ঋতু ব্যতীত অন্য কালে ঐচ্ছিক অভিগমন করে নাই, সে উপকুর্ব্বাণ। যে বেদ পড়া শেষ হইলেও সমাবর্ত্তন (বেদব্রত ব্রহ্মচর্য্য পরিত্যাগ) না করিয়া আমরণ গুরুকুল বাসে প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছে সে নৈষ্ঠিক।

* বহিঃ বহিষ্কার্য্যা সাধুভিরিতি শেষঃ।—ঊর্দ্ধরেতস্ত্ব ভঙ্গ হইলে তাহাতে তাঁহাদের মহাপাতক হউক আর উপপাতক হউক, যে কোন প্রকার পাতক হউক না কেন, কৃতপ্রায়শ্চিত্ত হইলেও তাঁহারা অব্যবহার্য্য।

'আরূঢ়ো নৈষ্ঠিকং ধর্ম্মং যস্তু প্রচ্যবতে পুনঃ।
প্রায়শ্চিত্তং ন পশ্যামি যেন শুধ্যেৎ স আত্মহা' ॥ ইতি
'আরূঢ়পতিতং বিপ্রং মণ্ডলাচ্চ বিনিঃসৃতম্।
উদ্বন্ধং কৃমিদষ্টঞ্চ স্পৃষ্ট্বা চান্দ্রায়ণং চরেৎ' ॥ ইতি
চৈবমাদিনিন্দাতিশয়স্মৃতিভ্যঃ শিষ্টাচারাচ্চ। ন হি যজ্ঞাধ্যয়নবিবাহাদীনি তৈঃ সহাচরন্তি শিষ্টাঃ ॥ ৪৩ ॥

স্বামিনঃ ফলশ্রুতেরিত্যাত্রেয়ঃ ॥ ৪৪ ॥*

অঙ্গেষপাসনেষু সংশয়ঃ। কিন্তানি যজমানকর্ম্মাণ্যাহোস্বিদৃত্বিক্কর্ম্মাণি। কিন্তাবৎ প্রাপ্তম্। যজমানকর্ম্মাণীতি।

ইহ লোকাশুদ্ধিত্বেনসাপাদিতা ন শক্যাঽপনেতুম। যথা স্ত্রীবালাদিঘাতিনাম্। যথাহুঃ—বিশুদ্ধানপি ধর্ম্মতো ন সম্পিবেদিতি। তথা চ—প্রায়শ্চিত্তৈর্বপৈত্যেনোযদজ্ঞানকৃতং ভবেদিতি। কামতঃ কৃতমপি। বালঘ্নাদিস্তু কৃতনির্ণেজনোঽপিবচনাদব্যবহার্য্য ইহ লোকে জাযত ইতি। বচনঞ্চ বালঘ্নাংশ্চেত্যাদি। তস্মাৎ সর্ব্বমবদাতম্।

প্রথমে কাণ্ডে শেষলক্ষণে তথাকাম ইত্যত্রর্ত্বিক্সম্বন্ধে কর্ম্মণঃ সিদ্ধে

নৈষ্ঠিক ধর্ম্ম গ্রহণ করিয়া পশ্চাৎ তাহা [illegible] কোন প্রায়শ্চিত্ত দেখিনা যে সেই আত্মঘ্ন সে পাপ হইতে শুদ্ধ হয় অর্থাৎ নিষ্কৃতি পায়।" "আরূঢ়-পতিত ব্রাহ্মণকে সমাজচ্যুত অর্থাৎ রাজার দ্বারা নির্ব্বাসন দণ্ডে দণ্ডিত করিবেক। উদ্বন্ধন মৃত ও কৃমিদষ্ট মৃত ব্যক্তিকে স্পর্শ করিয়া চান্দ্রায়ণব্রত করিবেক।" অতিশয়িত নিন্দাবোধিকা এই সকল স্মৃতি প্রোক্ত অর্থের পোষক প্রমাণ। অপিচ, সাধু লোক যে তাদৃশ ব্যক্তির সহিত একত্রে যাগযজ্ঞ করেন না, বৈবাহিক সম্বন্ধও করেন না, সে সকল ব্যবহারও শাস্ত্রবৎ প্রমাণ।

যজ্ঞাঙ্গ প্রণব প্রভৃতিতে যে সকল উপাসনা বিহিত, সে সকলে অপর এক সংশয় হইতে পারে। সে সকল যজমানের কি পুরোহিতের!

---

* ফলশ্রুতেঃ যজ্ঞাঙ্গোপাসনফলস্য স্বামিগামিত্বশ্রবণাৎ স্বামিনো যজমানস্যৈব তৎকর্ত্তব্যমিত্যাত্রেয়োমন্যতে।—যজমান যজ্ঞাঙ্গ উপাসনার ফলভাগী, সুতরাং সে সকল উপাসনা যজমানেরই কর্ত্তব্য, পুরোহিতের কর্ত্তব্য নহে। অর্থাৎ ধ্যান বা উপাসনা যজমানই করিবেন, পুরোহিত করিবেন না, ইহা আত্রেয় মুনি বলিয়াছেন।

কুতঃ। ফলশ্রুতেঃ। ফলং হি শ্রূয়তে 'বর্ষতি হাস্মৈ বর্ষয়তি হ এতদেবং বিদ্বান্ বৃষ্টৌ পঞ্চবিধং সামোপাস্তে' ইত্যাদি [ছা০ উ০]। তচ্চ স্বামিগামি ন্যায্যং তস্য সাঙ্গে প্রয়োগেঽধিকৃতত্বাদধিকৃতাধিকারত্বাচ্চৈবঞ্জাতীয়কস্য। ফলঞ্চ কর্ত্তুর্য্যুপাসনাঙ্গং শ্রূয়তে 'বর্ষত্যস্মৈ য উপাস্তে' ইত্যাদি [ছা০ উ০]। ননু ঋত্বিজোঽপি ফলং দৃষ্টং—আত্মনে বা যজমানায় বা যং কামং কাময়তে তমাগায়তীতি। ন। তস্য বাচনিক-

---

কিংকামো যজমান উতার্ত্বিজ্য ইতি সংশয্যার্ত্বিজ্যেঽপি কর্ম্মণি যাজমান এব কামো গুণফলেষ্বিতি নির্ণীতমিহ ত্বেবঞ্জাতীয়কানি চাঙ্গসম্বন্ধান্যুপাসনানি কিং যাজমানান্যেবোতার্ত্বিজ্যানীতি বিচার্য্যত ইতি ন পুনরুক্তম্। তত্রোপাসকানাং ফলশ্রবণাদনধিকারিণস্তদনুপপত্তের্যজমানস্য চ কর্ম্মজনিতফলোপভোগভাজোঽধিকারাদৃত্বিজাঞ্চ তদনুপপত্তের্ব্বচনাচ্চ রাজাজ্ঞাস্থানীয়াৎ ক্বচিদৃত্বিজাং ফলশ্রুতেরসতি বচনে যজমানস্য ফলবদুপাসনং তস্য ফলশ্রুতেঃ। তং হ বকো

পূর্ব্বপক্ষে প্রতীত হয়, তাহা যজমানেরই। কারণ, যজমানের সম্বন্ধেই ফল শ্রবণ আছে। যথা—"যে এবম্প্রকার জানে, জানিয়া বৃষ্টিতে সাম পঞ্চক উপাসনা করে, দেবতারা তাহারই সম্বন্ধে জলবর্ষণ করেন।" এখানে দেখ, কথিতফল স্বামিগামী অর্থাৎ যজমানগামী বলিয়া শ্রুত হইয়াছে। যজ্ঞ সম্পূর্ণরূপে অনুষ্ঠিত হইলে অনুষ্ঠাতার ফললাভ হওয়া ন্যায্য। ঐ রূপ ফলে যজমানেরই অধিকার। কেননা যজ্ঞ যজমানেরই অধিকৃত। অভিপ্রায় এই যে, যজমানই যজ্ঞ করে; এবং যজমানই উপাসনা করে; সুতরাং প্রোক্ত ফল যজমানেরই হয়; পুরোহিতের হয় না। পুরোহিত কর্ত্তা নহেন, কর্ত্তার নিযুক্ত মাত্র। উপাসনাকারী ফলপ্রাপ্ত হন, ইহা অন্য শ্রুতিতেও শুনা যায়। যথা—"যে উপাসনা করে তাহারই উদ্দেশে বর্ষণ হয়।" ইত্যাদি। [ননু...মন্যতে] যদি বল যে, ঋত্বিক্‌গামী ফলশ্রবণও আছে, যথা—"আপনার জন্য অথবা যজমানের জন্য যে কাম্যের কামনা করে পুরোহিত সেই কাম্যের গান করিতেছে।" ইত্যাদি। এ বিষয়ে আমরা বলিব, তাহা নহে। অর্থাৎ প্রদর্শিত ফলও ঋত্বিক্‌গামী নহে। কারণ, তাহা বাচনিক—বচনপ্রতিপাদিত। এজন্য বুঝিতে হইবে যে, ফলার্থ যজ্ঞাঙ্গ উপাসনা সকল স্বামীর অর্থাৎ যজমানের কর্ত্তব্য। পুরো

ত্বাৎ। তস্মাৎ স্বামিন এব ফলবৎসূপাসনেষু কর্ত্তৃত্বমিত্যাত্রেয় আচার্য্যোমন্যতে ॥ ৪৪ ॥

আর্ত্বিজ্যমিত্যৌড়ুলোমিস্তস্মৈ হি পরিক্রীয়তে ॥ ৪৫ ॥*

নৈতদস্তি স্বামিকর্ম্মাণ্যুপাসনানীতি। ঋত্বিক্কর্ম্মাণ্যেতানি স্যুরিত্যৌড়ুলোমিরাচার্য্যোমন্যতে। কিং কারণম্। তস্মৈ হি সাঙ্গায় কর্ম্মণে ঋত্বিক্ পরিক্রীয়তে। তৎপ্রয়োগান্তঃপাতীনি চোদ্গীথাদ্যুপাসনান্যধিকৃতাধিকারত্বাৎ। তস্মাৎ গোদোহনাদিকর্ম্মনিয়মবদেব ঋত্বিগ্‌ভির্নির্ব্বর্ত্তেরন্। তথা চ—'তং হ

দাল্‌ভ্যো বিদাঞ্চকারেত্যাদেরুপাসনস্য চ সিদ্ধবিষয়তয়া ন্যায়াপবাদসামর্থ্যাভাবাদ্‌যাজমানমেবোপাসনাকর্ম্মেতি প্রাপ্ত উচ্যতে।

উপাখ্যানাৎ তাবদুপাসনমৌদ্গাত্রমবগম্যতে। তদ্বলবতি সতি বাধকেঽন্যথোপপাদনীয়ম। ন চর্ত্বিক্কর্ত্তৃক উপাসনে যজমানগামিতাফলস্যাসম্ভবিনী।

হিতের নহে। যজমানই সেই সকল উপাসনা করিবেন, পুরোহিত করিবেন না। এ নির্ণয় আত্রেয় নামক আচার্য্যের অভিমত।

ঔড়ুলোমী বলেন, তাহা নহে। অর্থাৎ সে সকল উপাসনা স্বামীর অর্থাৎ যাগকর্ত্তা যজমানের কর্ত্তব্য নহে। সে সকল ঋত্বিকের অর্থাৎ যজ্ঞ পুরোহিতেরই কর্ত্তব্য। হেতু এই যে, ঋত্বিক্ সেই সকল কর্ম্মের জন্যই যজমান কর্ত্তৃক ক্রীত। অর্থাৎ যজমান তাঁহাদিগকে আত্মগামী যজ্ঞফল উৎপাদনার্থ দ্রব্যের দ্বারা কিনিয়া লইয়াছেন। উদ্গীথাদি উপাসনা যজ্ঞেরই অন্তঃপাতী, সে জন্য তাহা যজ্ঞনির্ব্বাহক ঋত্বিকেরই নির্ব্বাহ্য। ঋত্বিক্‌গণ যজমানের নিকট যজ্ঞ করিবার অধিকার প্রাপ্ত হইয়াছেন, সেই কারণে তাঁহারা যজ্ঞাঙ্গ উপাসনার অধিকারী। অতএব, যজ্ঞকার্য্যের নিমিত্ত গোদোহনাদি কর্ম্ম যেমন ঋত্বিক্‌কর্ত্তৃক নির্ব্বাহিত হয়, যজমান তাহা

* আর্ত্বিজ্যং ঋত্বিগভিরভিনির্ব্বর্ত্তনীয়মিতৌড়ুলোমিরাচার্য্যোমন্যতে। হি যতঃ তস্মৈ তৎফললাভায় পরিক্রীয়তে ঋত্বিক যজমানেনেতি যোজনীয়ম।—ঔড়ুলোমি মুনি বলেন, ফল যজমান গত সত্য, পরন্তু সে সকল উপাসনা ঋত্বিক কর্ত্তৃকই নির্ব্বাহিত হইবে। কারণ, যজমান সেই সেই ফললাভের নিমিত্ত ঋত্বিক দিগকে দ্রব্যের দ্বারা কিনিয়া লইয়াছেন।

বকো দাল্‌ভ্যো বিদাঞ্চকার স হ নৈমিষীয়াণামুদ্গাতা বভূব' ইত্যুদ্গাতৃকর্ত্তৃকতাং বিজ্ঞানস্য দর্শয়তি। যত্তূক্তং কর্ত্রাশ্রয়ং ফলং শ্রূয়ত ইতি। নৈষ দোষঃ। পরার্থত্বাদৃত্বিজোঽন্যত্র বচনাৎ ফলসম্বন্ধানুপপত্তেঃ ॥ ৪৫ ॥

শ্রুতেশ্চ ॥ ৪৬ ॥*

'যাং বৈ কাঞ্চন যজ্ঞ ঋত্বিজ আশিষমাশাসত ইতি যজমানায়ৈব তামাশাসত ইতি হোবাচেতি' 'তস্মাদু হৈবম্বিদুদ্গাতা ব্রূয়াৎ কং তে কামমাগায়ানি' ইতি [ছা০ উ০]

তেন হি স পরিক্রীতস্তদ্গামিনে ফলায় ঘটতে। তস্মান্ন ব্যসনিতামাত্রেণোপাখ্যানমন্যথয়িতুং যুক্তমিতি রাদ্ধান্তঃ।

ইতশ্চোপাস্তীনাং ঋত্বিকর্ত্তৃত্বং যজমানগামিফলত্বং চেত্যাহ। শ্রুতেশ্চেতি। উৎসর্গতঃ শ্রুতিলিঙ্গৈশ্চ সিদ্ধমর্থমুপসংহরতি। তস্মাদিতি। সিদ্ধে চোপা-

---

করেন না, সেইরূপ, উদ্গীথাদি উপাসনাও ঋত্বিক্‌কর্ত্তৃক নির্ব্বাহিত হইবেক, যজমান তাহা করিবেন না। "দল্‌ভ গোত্রীয় বক নামা ঋষি নৈমিষারণ্যবাসীদিগের যজ্ঞে উদ্গাতা (ঋত্বিক্‌বিশেষ) হইয়াছিলেন, এবং তিনিই তাহা জানিয়াছিলেন অর্থাৎ উপাসনা করিয়াছিলেন।" এই শ্রুতি বিজ্ঞানে (উপাসনায়) উদ্গাতারই কর্ত্তৃত্ব দেখাইয়াছেন। আরেয় যে বলিয়াছেন, শ্রুতি দেখাইয়াছেন, ফল যজ্ঞকর্ত্তার আশ্রিত, যজ্ঞকর্ত্তাই যজ্ঞফল পায়, তাহা দোষাবহ নহে। অর্থাৎ তাহাও এতৎসিদ্ধান্তের প্রতিকূল নহে। কারণ, ঋত্বিক্ সকল পরপ্রয়োজনে নিযুক্ত; সুতরাং বিস্পষ্ট বচন ব্যতীত ফলের সহিত তাঁহাদের সম্বন্ধ হয় বা আছে, তাহা বলা যায় না।

"ঋত্বিক্‌গণ যজ্ঞে যে প্রার্থনা করেন, তাহা যজমানের জন্যই করেন, ঋষি এই কথা বলিলেন। অতএব, তদভিজ্ঞ উদ্গাতা যজমানকে বলিবেন, তোমার কোন্ কামনা গান করিব—প্রার্থনা করিব।" এই শ্রুতি স্পষ্টই বলিয়াছেন, দেখাইয়াছেন, জ্ঞান বা উপাসনা ঋত্বিকেরই কর্ত্তব্য

---

* শ্রুতেশ্চ শ্রুতিলিঙ্গাদপ্যঙ্গোপাস্তীনাং যজমানগামিফলত্বেঽপি ঋত্বিককর্ত্তৃত্বম্।—শ্রুতিতাৎপর্য্যের দ্বারাও নির্ণীত হয় যে, অঙ্গোপাসনা সকল ঋত্বিকগণই করিবেন, যজমান তাহা করিবেন না।

ঋত্বিক্কর্তৃকস্য বিজ্ঞানস্য যজমানগামি ফলং দর্শয়তি। তস্মাদঙ্গোপাসনানামৃত্বিক্কর্ম্মত্বসিদ্ধিঃ ॥ ৪৬ ॥

সহকার্য্যন্তরবিধিঃ পক্ষেণ তৃতীয়ং তদ্বতো বিধ্যাদিবৎ ॥ ৪৭ ॥*

'তস্মাদ্ব্রাহ্মণঃ পাণ্ডিত্যং নির্ব্বিদ্য বাল্যেন তিষ্ঠাসেৎ বাল্যঞ্চ পাণ্ডিত্যঞ্চ নির্ব্বিদ্যাঽথ মুনিরমৌনঞ্চ মৌনঞ্চ নির্ব্বিদ্যাথ ব্রাহ্মণঃ' ইতি বৃহদারণ্যকে শ্রূয়তে। তত্র সংশয়ঃ। মৌনং বিধীয়তে ন বেতি। ন বিধীয়ত ইতি তাবৎ প্রাপ্তম্।

স্তীনাম্ ঋত্বিক্কর্তৃত্বে তন্নিদ্ধাবণানিযমন্যাযেন স্বতন্ত্রফলত্বসিদ্ধিবিতি ভাবঃ। ইত্যানন্দগিবিঃ।

তস্মাদ্ব্রাহ্মণঃ পাণ্ডিত্যং নির্ব্বিদ্য নিশ্চযেন লব্ধা বাল্যেন তিষ্ঠাসেদ্বাল্যঞ্চ পাণ্ডিত্যঞ্চ নির্ব্বিদ্যাঽথ মুনিবমৌনঞ্চ মৌনঞ্চ নির্ব্বিদ্যাঽথ 'ব্রাহ্মণ ইতি। যত্র হি বিধিবিভক্তিঃ শ্রূযতে স বিধেযঃ। বাল্যেন তিষ্ঠাসেদিত্যত্র চ সা শ্রূযতে ন

কিন্তু তাহাব ফল যজমানেব। প্রদর্শিত কাবণে স্থিব হইতেছে যে, যজ্ঞাঙ্গ উপাসনা সকল ঋত্বিকেবই কর্ত্তব্য, যজমানেব নহে।

বৃহদাবণ্যকে আছে—"সেই হেতু ব্রাহ্মণ পাণ্ডিত্য লাভ কবিয়া বাল্যে অবস্থান কবিবেন। বাল্য ও পাণ্ডিত্য স্থিবতবরূপে লব্ধ হইলে মুনি হইবেন। মৌন ও অমৌন নিশ্চযরূপে লাভ করিতে পাবিলেই ব্রাহ্মণ (ব্রহ্মজ্ঞ) হওযা যায। অর্থাৎ ব্রহ্মসাক্ষাৎকাব হয।" অধ্যযনাদিপ্রভব ব্রহ্ম

---

* অন্যৎ সহকাবি সহকার্য্যন্তবং তস্য বিধিব্বিধানমেব। মৌননাম্নো বিদ্যাসহকাবিণো বিধানমেব মন্তব্যম্। এতচ্চ পক্ষেণ পাক্ষিকম্। পক্ষশ্চ ভেদদর্শনপ্রাবল্যম্। ভেদদর্শনপ্রাবল্যে সতি মৌনং বিধেযমিতি ভাবঃ। তৃতীযমিতি বাল্যপাণ্ডিত্যাপেক্ষযা। কস্যেদং মৌনমিত্যত আহ তদ্বতো বিদ্যাবতঃ। বিদ্যাবত এব ভেদদর্শনপ্রাবল্যে মৌনং বিধীযত ইতি যাবৎ। বিধ্যাদিবদিতি দৃষ্টান্তঃ। বিধ্যাদির্ব্বিধিমুখ্যস্তদ্বৎ। অন্যৎ ভামত্যামনুসন্ধেয়ম্।—বৃহদারণ্যক শ্রুতিতে যে মৌনের কথা আছে তাহা বিধি কি অনুবাদ। পূর্ব্বপক্ষে পাওযা যায়, বিধি নহে। পবন্তু সিদ্ধান্ত—মৌন জ্ঞানেব সহকারী কারণ অথচ তাহা পূর্ব্বপ্রাপ্ত নহে। সে জন্য তাহা বিধি। এই মৌন বাল্য ও পাণ্ডিত্য অপেক্ষা তৃতীয় এবং ইহা জ্ঞানাতিশয়রূপী। ইহা বিদ্যাবান্ সন্ন্যাসীব প্রতি বিহিত পরন্তু তাহা অঙ্গবিধি অর্থাৎ মুখ্যবিধিব অঙ্গ। পূর্ব্বমীমাংসায় যেমন, দর্শপূর্ণমাস নামক মুখ্য যাগবিধির অঙ্গীভূত বিধি অগ্ন্যাধানাদি, এই উত্তর মীমাংসাতেও তেমনি মুখ্য বিদ্যাবিধির অঙ্গীভূত বিধি মৌন। (ভাষ্যব্যাখ্যা দেখ)।

বাল্যেন তিষ্ঠাসেদিত্যত্রৈব বিধেরবসিতত্বাৎ। ন হ্যথ মুনিরিত্যত্র বিধায়িকা বিভক্তিরুপলভ্যতে। তস্মাদয়মনুবাদো যুক্তঃ। কুতঃ প্রাপ্তিরিতি চেৎ। মুনিপণ্ডিতশব্দয়োর্জ্ঞানার্থত্বাৎ পাণ্ডিত্যং নির্ব্বিদ্যেত্যত্রৈব প্রাপ্তং মৌনম্। অপি চ, অমৌনঞ্চ মৌনঞ্চ নির্ব্বিদ্যাহথ ব্রাহ্মণ ইত্যত্র তাবদ্ ব্রাহ্মণত্বং ন বিধীয়তে প্রাগেব প্রাপ্তত্বাৎ। তস্মাদ্ যথাহথ ব্রাহ্মণ ইতি প্রশংসাবাদস্তথৈবাহথ মুনিরিত্যপি ভবিতুমর্হতি। সমানানির্দ্দেশত্বাৎ। ইত্যেবং প্রাপ্তে ব্রূমঃ—সহকার্য্যন্তরবিধিরিতি।

শ্রূয়তেতু মৌনে। তস্মাৎ যথাহথ ব্রাহ্মণ ইত্যেতদশ্রূয়মাণবিধিকর্মবিধেয়মেবং মৌনমপি। ন চাপূর্ব্বত্বাদ্বিধেয়ম্। তস্মাদ্ব্রাহ্মণঃ পাণ্ডিত্যং নির্ব্বিদ্যেতি পাণ্ডিত্যবিধানাদেব মৌনসিদ্ধেঃ পাণ্ডিত্যমেব মৌনমিতি। অথ বা ভিক্ষুবচনোহয়ং মুনিশব্দস্তত্র দর্শনাৎ গার্হস্থ্যমাচার্য্যকুলং মৌনং বানপ্রস্থমিত্যত্র তস্যাহন্যতোবিহিতস্যাহয়মনুবাদঃ। তস্মাদ্বাল্যমেবাত্র বিধীয়তে। মৌনন্তু প্রাপ্তং

বুদ্ধির নাম পণ্ডা, তদ্বিশিষ্ট সাধকই পণ্ডিত, তাহার কার্য্য পাণ্ডিত্য অর্থাৎ ব্রহ্মশ্রবণ। তাহা অসন্দিগ্ধ ও অবিপর্য্যস্তরূপে লাভ হইলেই পাণ্ডিত্য লাভ হয়। বাল্য=বালভাব অর্থাৎ নিতান্ত সারল্য—শুদ্ধবুদ্ধি। কথা গুলির অভিপ্রায় বা তাৎপর্য্য—অসম্ভাবনাত্যাগরূপ মননই মৌন। সঙ্কলিতার্থ—অগ্রে শ্রবণ, তৎপরে মনন, তৎপরে মুনি। মুনি=নিরন্তর মননশীল অর্থাৎ নিদিধ্যাসনতৎপর। সমুদায় কথার নিষ্কর্ষ—শ্রবণ, মনন ও নিদিধ্যাসন অবিচাল্য বা স্থিরতর হওয়ার পর ব্রাহ্মণ হয়। ব্রাহ্মণ—ব্রহ্মসাক্ষাৎকারবান্ বা ব্রহ্মাহমিত্যাকার অনুভবপ্রাপ্ত। এই স্থলে সংশয়—উল্লিখিত শ্রুতিতে—মৌনের (মননশীলতার বা নিদিধ্যাসনের) বিধান হইয়াছে কি না! পূর্ব্বপক্ষে পাওয়া যায়, 'বাল্যেন তিষ্ঠাসেৎ—বাল্যভাবে অবস্থান করিবেক, মাত্র এই স্থানেই বিধিবিভক্তি দেখা যায়; মুনি-বাক্যে বিধিবিভক্তি দেখা যায় না। মুনি-বাক্যে "অথ মুনিঃ" এই মাত্র আছে। বিধিবিভক্তি না থাকাতেই বুঝা যাইতেছে, প্রোক্ত বাক্যে মৌনের বিধান হয় নাই; মাত্র তাহার অনুবাদ হইয়াছে। অনুবাদ বলাই যুক্ত, বিধান বলা অযুক্ত। [কুতঃ...বিধিরিতি] যদি বল, প্রাপ্তি ব্যতীত অনুবাদ হয় না। মৌনের প্রাপ্তি কোথায়? কোন্ বাক্যে মৌনের বিধান

বিদ্যাসহকারিণো মৌনস্য বাল্যপাণ্ডিত্যবদ্বিধিরেবাশ্রয়িতব্যঃ। অপূর্ব্বত্বাৎ। ননু পাণ্ডিত্যশব্দেনৈব মৌনস্যাবগতত্বমুক্তম্। নৈষ দোষঃ। মুনিশব্দস্য জ্ঞানাতিশয়ার্থত্বান্মননান্মুনিরিতি চ ব্যুৎপত্তিসম্ভবাৎ "মুনীনামপ্যহং ব্যাসঃ" ইতি চ প্রয়োগদর্শনাৎ। ননু মুনিশব্দ উত্তমাশ্রমবচনোঽপি দৃশ্যতে 'গার্হস্থ্যমাচার্য্যকুলং মৌনং বানপ্রস্থম্' ইত্যত্র। ন। "বাল্মীকির্মুনিপুঙ্গবঃ" ইত্যাদিষু ব্যভিচারদর্শনাৎ। ইতরাশ্রমসন্নিধানাচ্চ। পারিশেষ্যাৎ তত্রোত্তমাশ্রমোপাদানং জ্ঞানপ্রধানত্বাদুত্তমাশ্রমস্য। তস্মাদ্বাল্যপাণ্ডিত্যাপেক্ষয়া তৃতীয়মিদং মৌনং

প্রশংসার্থমনূদ্যত ইতি যুক্তম্। ভবেদেবং যদি পণ্ডিতপর্য্যায়োমুনিশব্দো

হইয়াছে? ইহার প্রত্যুত্তরে বলিতে পারি, মুনিশব্দের ও পণ্ডিতশব্দের জ্ঞানবাচিতা আছে। সুতরাং "পাণ্ডিত্যং নির্ব্বিদ্য" এই বাক্যে মৌনের বিধান বা প্রাপ্তি, প্রোক্ত বাক্যে তাহার প্রশংসাবাদ। "অথ ব্রাহ্মণঃ" এখানে যেমন ব্রাহ্মণত্বের বিধান নহে, পূর্ব্বেই তাহার প্রাপ্তি (ব্রাহ্মণত্ব সিদ্ধি) আছে, প্রাপ্তি থাকায় তাহার উল্লেখ প্রসংশাবাদ, তেমনি, "অথ মুনিঃ" এখানেও মৌনের প্রশংসাবাদ। এইরূপ পূর্ব্বপক্ষ প্রাপ্তে বলিতেছেন, সহকার্য্যন্তরবিধিঃ। [বিদ্যা ..দর্শনাৎ] মৌন জ্ঞানের সহকারী, সে জন্য তাহাও বাল্য পাণ্ডিত্যের ন্যায় বিহিত। অর্থাৎ বিধিবিভক্তি না থাকিলেও অপূর্ব্বতা বিধায় মৌনের বিধিত্ব অনুমান করিবে। (অন্য কোন বাক্যে যাহার বিধান হয় নাই তাহা অপূর্ব্ব। মৌনও অপূর্ব্ব অর্থাৎ পূর্ব্বসিদ্ধ নহে। সুতরাং ঐ বাক্যেই তাহার বিধান উহ্য করিতে হইবেক।) বলিয়াছিলে যে, পাণ্ডিত্য শব্দেই মুনিত্ব পাওয়া যায়; তদুত্তরে আমরা বলি, পাওয়া গেলেও তাহা দোষাবহ নহে। অর্থাৎ তাহাতে প্রকৃত মৌনের প্রাপ্তি হয় না (বিধান সিদ্ধ হয় না)। কারণ, মুনি-শব্দ প্রকৃত পক্ষে জ্ঞানাতিশয়বাচী এবং "মননান্মুনিরুচ্যতে" এই ব্যুৎপত্তি অনুসারে উহার মুখ্যার্থ মনন। (এই মনন জ্ঞানের স্বতন্ত্র উপায়—শ্রবণের নিদিধ্যাসনের ন্যায় সহকারী কারণ।) "আমি মুনির মধ্যে ব্যাস" এইরূপ প্রয়োগও আছে। (পাণ্ডিত্যশব্দের জ্ঞানার্থতা থাকিলেও তদ্দ্বারা বিদ্যা সহকারী মৌন বা মনন লব্ধ বা সিদ্ধ হয় না।) [ননু...বিধীয়তে] যদি

জ্ঞানাতিশয়রূপং বিধীয়তে। যত্তু বাল্য এব বিধেঃ পর্য্যবসানমিতি, তথাপ্যপূর্ব্বত্বান্মুনিত্বস্য বিধেয়ত্বমাশ্রীয়তে—মুনিঃ স্যাদিতি। নির্ব্বেদনীয়ত্বনির্দ্দেশাদপি মৌনস্য বাল্যপাণ্ডিত্যবদ্বিধেয়ত্বাশ্রয়ণম্। তদ্বতো বিদ্যাবতঃ সন্ন্যাসিনঃ। কথং বিদ্যাবতঃ সন্ন্যাসিন ইত্যবগম্যতে তদধিকারাৎ 'আত্মানং বিদিত্বা পুত্রাদ্যেষণাভ্যো ব্যুত্থায়াঽথ ভিক্ষাচর্য্যং চরন্তি'

ভবেদপি তু জ্ঞানমাত্রং পাণ্ডিত্যম্। জ্ঞানাতিশয়সম্পত্তিস্তু মৌনম্। তত্রৈব তৎপ্রসিদ্ধেঃ। আশ্রমভেদে তু তৎপ্রবৃত্তির্গার্হস্থ্যাদিপদসন্নিধানাৎ। তস্মাদপূর্ব্বত্বান্মৌনস্য বাল্যপাণ্ডিত্যাপেক্ষয়া তৃতীয়মিদং মৌনং জ্ঞানাতিশয়রূপং বিধীয়তে। এবঞ্চ নির্ব্বেদনীয়ত্বমপি বিধান আঞ্জসং স্যাদিত্যাহ—"নির্ব্বেদনীয়ত্বনির্দ্দেশাদি"তি। কস্যেদং মৌনং বিধীয়তে বিদ্যাসহকারিতয়েত্যত আহ—"তদ্বতো" বিদ্যাবতঃ সন্ন্যাসিনো ভিক্ষোঃ। পৃচ্ছতি। "কথমি"তি। বিদ্যাবত্তা প্রতীয়তে ন সন্ন্যাসিতেত্যর্থঃ। উত্তরং তদধিকারাৎ। ভিক্ষোস্তদধিকারাৎ। তদ্দর্শয়তি—"আত্মানং বিদিত্বে"তি। সূত্রাবয়বং যোজয়িতুং

বল, মুনিশব্দের উত্তমাশ্রমবাচিতাও আছে (উত্তমাশ্রম=চতুর্থাশ্রম বা সন্ন্যাস), যথা—"গার্হস্থ্য, আচার্য্যকুল, মৌন ও বানপ্রস্থ।" প্রদর্শিত শাস্ত্রে মৌনশব্দ আশ্রমার্থে প্রযুক্ত হইয়াছে সত্য; পরন্তু উহা তাহার অসাধারণ বোধক নহে। অর্থাৎ উক্তার্থের ব্যভিচার অন্য প্রয়োগে দৃষ্ট হয়। যথা—"মুনিপুঙ্গব (শ্রেষ্ঠ) বাল্মিকি।" (বাল্মিকি কেবলমাত্র আশ্রমনিষ্ঠ কিন্তু মননশীল।) উত্তমাশ্রম জ্ঞানপ্রধান, সে জন্য মৌনশব্দে উত্তমাশ্রমই গ্রাহ্য। সেই কারণে বাল্য ও পাণ্ডিত্য এই উপায় দ্বয় অপেক্ষা মৌন তৃতীয় স্থানে পরিপঠিত এবং জ্ঞানাতিশয়রূপ মৌন উদাহৃত-মুনি বাক্যেই বিহিত। [যত্তু...ইতি] যদিও বাল্যেন তিষ্ঠাসেৎ—বাল্যে অবস্থান করিবেক, এই স্থানেই বিধির পর্য্যবসান অর্থাৎ বিধিত্ব কেবল বাল্য বিষয়েই প্রত্যক্ষ; তথাপি, পূর্ব্বপ্রাপ্ত নহে বলিয়া মৌনও বিধেয় (বিধির বিষয়)। এ স্থলে "মুনি হইবেক" এইরূপ অর্থের আশ্রয় লওয়াই কর্ত্তব্য। বিশেষতঃ মুনি-ধর্ম্মে নির্ব্বেদের (বৈরাগ্যের) উল্লেখ আছে, সে কারণেও বাল্য পাণ্ডিত্যের ন্যায় মৌনের বিধেয়তা। এই মৌন বিদ্বানের (সন্ন্যাসীর) সম্বন্ধেই বিহিত। অর্থাৎ জ্ঞানীরাই মৌন সাধনের অধিকারী। বিদ্বান্ শব্দের সন্ন্যাসী অর্থ গ্রহণ করিবার কারণ এই যে,

উপাস্য, আদিত্যাদি তাহার ফল। শাস্ত্র বলিযাছেন, সেই সেই কর্ম্মে আদিত্যলোকপ্রাপ্ত্যাদি ফল হইযা থাকে, তাহাতেই কর্ম্মাত্মক উদ্গীথাদি অপেক্ষা ফলাত্মক আদিত্যাদির উৎকৃষ্টতা উপপন্ন বা অবধারিত হয। বলিযাছিলে যে, উৎকর্ষাপকর্ষের অবধারণ না থাকায অনিযম, অর্থাৎ কিসে কোন্ দৃষ্টি নিক্ষেপ করিতে হইবে তাহার কোন নিযম নাই, সে কথা এতদ্দ্বারা দূরনিরস্ত হইতেছে। [অপিচ বিদধাতি] আরও দেখ, শ্রুতি "ওঁ এই অক্ষরকে উদ্গীথ জ্ঞানে জানিবেক, উপাসনা করিবেক।" "ওঁ অক্ষরের ব্যাখ্যা এই—" এইরূপে বা এই বলিযা উদ্গীথেরই উপাস্যতা বলিযাছেন, অবশেষে তাহাতেই আদিত্যাদি মতির বিধান করিয়াছেন। [যত্তূক্তং…প্রবর্ত্ততে] বলিযাছিলে যে, আদিত্যাদি উদ্গীথাদি জ্ঞানে উপাসিত হইলে কর্ম্মভাব প্রাপ্ত হইবেন, হইযা কর্ম্মফল প্রদান করিবেন,

---

যেমন অঙ্গভাবপ্রাপ্তিসাপেক্ষ, স্বতন্ত্ররূপে ফলপ্রদ নহে, তেমনি, লোকফল উপাসনাও কর্ম্মাঙ্গ-ভাবপ্রাপ্তিসাপেক্ষ। হেতু এই যে, যে যে কর্ম্মের অধিকারী সে তদঙ্গাশ্রিত উপাসনার অধি-কারী। বিশদ কথা এই যে, গোদোহনের পৃথক্‌ফল অভিহিত থাকিলেও তাহা (গোদোহন) 'যেমন ক্রিয়াঙ্গের উপকারক হইযা ফলপ্রদ হয়, সেইরূপ অঙ্গাশ্রিত উপাসনারও কর্ম্মসমৃদ্ধি-কল্পে অন্যান্য ফলের উল্লেখ থাকিলেও সে সকল ফল স্বতন্ত্ররূপে উৎপন্ন হয় না। সে সকল ফলও সেই সেই কর্ম্মের অধীন। সুতরাং কর্ম্মফল ও সে সকলের ফল সমান। এতৎকারণে অবধারণীয় -অঙ্গেরই উপাস্যতা, লোকাদির উপাস্যতা নহে।'

'তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম' ইতি তু লাক্ষণিক এষ পৃথিব্যগ্ন্যো-র্ঋক্সামশব্দপ্রয়োগঃ। লক্ষণা চ যথাসম্ভবং সন্নিকৃষ্টেন বিপ্রকৃষ্টেন বা স্বার্থসম্বন্ধেন প্রবর্ত্ততে। তত্র যদ্যপি ঋক্সাময়োঃ পৃথিব্যগ্নিদৃষ্টিচিকীর্ষা তথাপি প্রসিদ্ধয়োর্ঋক্সাময়োর্ভেদেনানুকীর্ত্তনাৎ পৃথিব্যগ্ন্যোশ্চ সন্নিধানাৎ তয়োরেবৈষ ঋক্সামশব্দপ্রয়োগঃ ঋক্সামসম্বন্ধাদিতি নিশ্চীয়তে। ক্ষত্তৃশব্দোঽপি হি কুতশ্চিৎ কারণাদ্রাজানমুপসর্পন্ ন নিবারয়িতুং পার্য্যতে। 'ইয়মেবর্ক্' ইতি চ যথাক্ষরন্যাসমৃচ এব পৃথিবীত্বমবধারয়তি। পৃথিব্যা হি ঋক্ত্বেঽবধার্য্যমাণ ইয়মৃগেবেত্যক্ষরন্যাসঃ স্যাৎ।

ণীতি ভাবঃ। "তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সামেতি ত্বি"তি। অন্যথাপি লক্ষণোপপত্তৌ ন ঋক্সামেত্যধ্যাসকল্পনা পৃথিব্যগ্ন্যোরিত্যর্থঃ। অক্ষরন্যাসালোচনয়া তু বিপরীতমেবেত্যাহ— "ইয়মেবর্ক্"ইতি। লোকেষু পঞ্চবিধং সামোপাসীতেতি দ্বিতীয়ানির্দ্দেশাৎ সাম্নামুপাস্যত্বমবগম্যতে। তত্র যদি সামধীরধ্যস্যেত ততো ন সামান্যুপাস্যেরন্ অপি তু লোকাঃ পৃথিব্যাদয়ঃ। তথা চ দ্বিতীয়ার্থং পরিত্যজ্য তৃতীয়ার্থঃ পরিকল্পেত সাম্নেতি লোকেষ্বিতি সপ্তমী দ্বিতীয়ার্থে কথঞ্চিন্নীয়তে। অগারে গাবো বাস্যন্তাং প্রাবারে কুসুমানীতিবৎ। তেনোক্তন্যায়ানুরোধেন সপ্তম্যাশ্চোভয়থাপ্যবশ্যং কল্পনীয়ার্থত্বাদ্বরং যথাশ্রুতদ্বিতীয়ার্থানুরোধায় তৃতীয়ার্থে সপ্তমী ব্যাখ্যাতব্যা। লোকপৃথিব্যাদিবুদ্ধ্যা পঞ্চবিধং

সে কথা নিতান্ত অযুক্ত। উপাসনা নিজেই কর্ম্ম, তাহাতেই তাহার ফলদাতৃত্ব প্রসিদ্ধ। উদ্গীথ প্রভৃতিকে আদিত্যাদিভাবে দেখিলেও তাহার কর্ম্মাত্মকতা অপগত হয় না। "এই ঋকে সাম আরূঢ়" এতৎ শ্রুতিতে যে পৃথিবীতে ও অগ্নিতে যথাক্রমে ঋক্ সামশব্দের প্রয়োগ হইয়াছে তাহা লাক্ষণিক অর্থাৎ গৌণ প্রয়োগ। লক্ষণা সম্ভবমত দূর ও নিকট স্বার্থসম্বন্ধ অবলম্বন করিয়া প্রবৃত্ত হয়। [তত্র...পৃথিব্যাদ্যাশ্রয়ম্] ঋকে ও সাম্নে পৃথিবীদৃষ্টি ও অগ্নিদৃষ্টি অধ্যারোপিত করা অভিপ্রেত হইলেও প্রসিদ্ধ ঋক্সাম ভিন্ন অন্য ঋক্সামের অনুকীর্ত্তন ও তৎসন্নিধানে পৃথিবীর ও অগ্নির উল্লেখ থাকায় সেই দুএরই সহিত তদুভয়ের সম্বন্ধ অবধারণ করা হয়। তাহাতেও স্থির হয় অর্থাৎ নিশ্চিত হয়, পৃথিবীতে ও অগ্নিতে উক্ত ঋক্সামশব্দের প্রয়োগ হইয়াছে। ক্ষত্তৃ-শব্দ কারণ বিশেষে রাজাতে উপসর্পিত (প্রাপ্ত) হইলে কে তাহা নিবারণ করিতে পারে? শ্রুতিও "ইহাই ঋক্" এইরূপে ঋকেরই পৃথিবীত্ব অবধারণ করিয়াছেন। যদি পৃথিবীর ঋক্ত্ব

'য এবং বিদ্বান্ সাম গায়তি' [ছা০ উ০] ইতি চাঙ্গাশ্রয়মেব বিজ্ঞানমুপসংহরতি ন পৃথিব্যাদ্যাশ্রয়ম্। তথা 'লোকেষু পঞ্চবিধং সামোপাসীত' [ছা০ উ০] ইতি যদ্যপি সপ্তমী-নির্দ্দিষ্টা লোকাস্তথাপি সাম্ন্যেব তে অধ্যস্যেরন্। দ্বিতীয়া-নির্দ্দেশেন সাম্ন উপাস্যত্বাবগমাৎ। সামনি হি লোকেষ্বধ্যস্য-মানেষু সাম লোকাত্মনোপাসিতং ভবত্যন্যথা পুনর্লোকাঃ সামাত্মনোপাসিতাঃ স্যুঃ। এতেন 'এতদ্গায়ত্রং প্রাণেষু প্রোতম্' [ছা০।২।১১] ইত্যাদি ব্যাখ্যাতম্। যত্রাপি তুল্যো দ্বিতীয়ানির্দ্দেশঃ 'অথ খল্বমুমাদিত্যং সপ্তবিধং সামোপাসীত'

হিংকারপ্রস্তাবোদ্গীথপ্রতীহারনিধনপ্রকারং সামোপাসীতেতি নির্ণীয়তে। নন্বু যত্রোভয়ত্রাপি দ্বিতীয়ানির্দ্দেশো যথা খল্বমুমেবাদিত্যং সপ্তবিধং হিংকার-প্রস্তাবোদ্গীথপ্রতীহারোপদ্রবনিধনপ্রকারং সামোপাসীতেতি তত্র

নিশ্চিত হয় তবেই "ইহাই ঋক্" এতদ্রূপ শব্দ বিন্যাস সম্ভব হয়। অপিচ "যে এইরূপ জানিয়া সাম গান করে—" এইরূপে অঙ্গাশ্রিত উপাসনাতেই প্রস্তাবের উপসংহার অর্থাৎ সমাপ্তি হইতে দেখা যায়, পৃথিব্যাশ্রিত জ্ঞানে নহে। * [তথা ব্যাখ্যাতম্] "লোকেষু পঞ্চবিধং সাম" এতদ্বাক্যস্থ লোকশব্দে সপ্তমী বিভক্তি থাকিলেও সামে লোকদৃষ্টি নিক্ষেপ করিতে হইবে। (লোকজ্ঞানে সামের উপাসনা করিতে হইবে।) কারণ, বাক্যান্তরে দ্বিতীয়া বিভক্তি নির্দ্দেশ থাকায় সামেরই উপাস্যতা প্রতীত হয়। সামে লোকদৃষ্টি অধ্যস্ত হইলেই সাম লোকভাবে উপাসিত হয়, বিপরীত করিলে লোকই উপাস্য হয়, সাম অনুপাস্য হইয়া পড়ে। এই ব্যাখ্যার দ্বারা "এই গায়ত্র সাম প্রাণে অবস্থিত" ইত্যাদি বাক্যও ব্যাখ্যাত হইল। অর্থাৎ গায়ত্র সামও প্রাণজ্ঞানে উপাস্য, ইহাও বলা হইল। [যত্রাপি দৃষ্টিঃ] যেস্থলে দেখিবে, সমান দ্বিতীয়া নির্দ্দেশ অর্থাৎ উভয়ত্রই দ্বিতীয়া

---

* ধ্যেয়বস্তুতে ধ্যানালম্বনবাচী পদের প্রয়োগ অন্যায্য। বাজাতে কি কখন সূত পদের প্রয়োগ হয়? এই আশঙ্কা নিরাসার্থ দর্শিত বিচার প্রবর্ত্তিত হইয়াছে। বিচারের নিষ্পত্তি বা ফল এই যে, 'এতস্যাং ঋচি অধ্যূঢং সাম' এই প্রয়োগে ঋকসামশব্দের মুখ্যার্থ গ্রহণ করিবার উপায় নাই। করিলে পুনরুক্তি দোষ হইবে অথবা তৎ ও এতৎ এই দুই শব্দ ব্যর্থ হইবে। সেই কারণে, ঋক ও সাম শব্দের প্রসিদ্ধ ঋক ও প্রসিদ্ধ সাম অর্থ ত্যাগ করিয়া লক্ষণার দ্বারা পৃথিবী ও অগ্নি অর্থ গ্রহণ করা হয়। অপিচ, প্রতীকাভিন্ন জ্ঞান সুদৃঢ় হইবেক, এই অভিপ্রায়েও প্রতীকসন্নিহিত পৃথিব্যাদিতে প্রতীক পদের প্রয়োগ করা সঙ্গত বৈ অসঙ্গত নহে। প্রতীকশব্দের অর্থ আলম্বন, ধ্যানের আলম্বন। এ স্থলে তাহা ঋক্ ও সাম।

[ছা০।২।৯] ইতি তত্রাপি 'সমস্তস্য খলু সাম্ন উপাসনং সাধু' 'ইতি তু পঞ্চবিধস্য' 'অথ সপ্তবিধস্য' [ছা০।২।৭] ইতি চ সাম্ন এবোপাস্যত্বোপক্রমাৎ তস্মিন্নেবাদিত্যাধ্যাসঃ। এতস্মাদেব চ সাম্ন উপাস্যত্বাবগমাৎ 'পৃথিবী হিঙ্কারঃ' [ছা০ ২।৭] ইত্যাদিনির্দ্দেশবিপর্য্যয়েঽপি হিঙ্কারাদিষ্বেব পৃথিব্যাদি-দৃষ্টিঃ। তস্মাদনঙ্গাশ্রয়া আদিত্যাদিমতয়োঽঙ্গেষূদ্গীথাদিষু ক্ষিপ্যেরন্নিতি সিদ্ধম্ ॥ ৬ ॥

আসীনঃ সম্ভবাৎ ॥ ৭ ॥*

কো বিনিগমনায়াং হেতুরিত্যত আহ—"তত্রাপী"তি। তত্রাপি সমস্তস্য সপ্তবিধস্য সাম্ন উপাসনমিতি সাম্ন উপাস্যত্বশ্রুতেঃ। সাধ্বিতি পঞ্চবিধস্য সাধুত্বং চাস্য ধর্ম্মত্বম্। তথা চ শ্রুতিঃ 'সাধুকারী সাধুর্ভবতী'তি হিঙ্কারানুবাদেন পৃথিবীদৃষ্টিবিধানে হিঙ্কারঃ পৃথিবীতি প্রাপ্তে। বিপরীতনির্দ্দেশঃ পৃথিবী হিঙ্কার ইতি।

বিভক্তি, সে স্থলেও ঐরূপ হইবে। "অনন্তর এই আদিত্যই সপ্তবিধ সাম এইরূপে উপাসনা অর্থাৎ ধ্যান করিবেক।" এই বাক্যে আদিত্য ও সাম উভয়শব্দেই দ্বিতীয়া বিভক্তি আছে। "সমুদায় সামের উপাসনা শ্রেষ্ঠ" "ইহা পঞ্চবিধ সামের উপাসনা" "ইহা সপ্তবিধ সামের উপাসনা"† ইত্যাদিবাক্যে সামের উপাসনা প্রক্রান্ত হওয়ায় সামেই আদিত্যাদি বুদ্ধির অধ্যাস অবধারিত হয় এবং উক্ত শাস্ত্রে ও যুক্তিতে সামের উপাসনা অবধারিত হওয়ায় "পৃথিবী হিংকার" ইত্যাদি বাক্যে বিপরীত বিন্যাস (প্রথমে অনুপাস্য পৃথিবীর উল্লেখ) থাকিলেও হিংকারাদিতে পৃথিব্যাদি দৃষ্টি করিবেক, পৃথিব্যাদিতে হিংকারাদি দৃষ্টি করিবেক না, ইহাও অবধারিত হয়। [তস্মা...সিদ্ধম্] অতএব, যজ্ঞের অঙ্গ উদ্গীথ প্রভৃতিই অনঙ্গ আদিত্যাদি জ্ঞানে উপাস্য ইহা সিদ্ধান্তিত হইল।

* নিয়মেনাসীন উপবিষ্ট উপাসীতেতি শেষঃ। কুতঃ? সম্ভবাৎ। সম্ভবতি হি সমান-প্রত্যয়প্রবাহকরণাত্মকমুপাসনমুপবিষ্টস্যৈব।—শাস্ত্রনিয়মে আসীন অর্থাৎ উপবিষ্ট হইয়াই উপাসনা করিবেক। কারণ, আসনোপবিষ্ট ব্যক্তিরই ধ্যানাত্মক উপাসনা সম্ভব হয়। (ভাষ্য ব্যাখ্যা দেখ)।

† সাম অর্থাৎ বেদগান। কোন কোন বেদগানে পাঁচ ভক্তি ও কোন বেদগানে সাত ভক্তি আছে। (লৌকিক গানে যাহাকে ধুয়া বলে, বৈদিক গানের ভক্তি প্রায় তাহাই।) হিংকার,

কর্ম্মাঙ্গসম্বন্ধিষু তাবদুপাসনেষু কর্ম্মতন্ত্রত্বান্নাসনাদিচিন্তা নাপি সম্যগ্দর্শনে। বস্তুতন্ত্রত্বাৎ জ্ঞানস্য। ইতরেষু তূপাসনেষু কিমনিয়মেন তিষ্ঠন্নাসীনঃ শয়ানো বা প্রবর্ত্তেতোত নিয়মেনাসীন এবেতি চিন্তয়তি। তত্র মানসত্বাদুপাসনস্যানিয়মঃ শরীরস্থিতেরিত্যেবং প্রাপ্তে ব্রবীতি। আসীন এবোপাসীতেতি। কুতঃ। সম্ভবাৎ। উপাসনং নাম সমানপ্রত্যয়প্রবাহকরণম্। ন চ তদ্গচ্ছতো ধাবতো বা সম্ভবতি। গত্যাদীনাং চিত্তবিক্ষেপকরত্বাৎ। তিষ্ঠতোঽপি দেহধারণে ব্যাপৃতং মনো

কর্ম্মাঙ্গসম্বন্ধিষু যত্র হি তিষ্ঠতঃ কর্ম্ম চোদিতং তত্র তৎসম্বন্ধোপাসনাঽপি তিষ্ঠতৈব কর্ত্তব্যা। যত্র বাসীনস্য তত্রোপাসনাপ্যাসীনেনৈবেতি। নাপি সম্যগ্দর্শনে বস্তুতন্ত্রত্বাৎ প্রমাণতন্ত্রত্বাচ্চ। প্রমাণতন্ত্রা চ বস্তুব্যবস্থা প্রমাণং সাঽপেক্ষত ইতি তত্রাপ্যনিয়মো যন্মহতা প্রযত্নেন বিনোপাসিতুমশক্যম্। যথা প্রতীকাদি যথা বাসম্যগ্দর্শনমপি তত্ত্বমস্যাদি তত্রৈষা চিন্তা। তত্র চোদকশাস্ত্রাভাবাদনিয়মে প্রাপ্তে যথা শক্যত ইত্যুপবন্ধাদাসীনস্যৈব সিদ্ধম্। নন্থ যস্যামবস্থায়াং ধ্যায়তিরুপচর্য্যতে প্রযুজ্যতে কিমসৌ তদা তিষ্ঠতো ন ভবতি।

কর্ম্মাঙ্গ উপাসনা সকল কর্ম্মের অধীন, সে জন্য সে সকল উপাসনায় আসনাদির বিচার সম্ভাবিত। সম্যক্ দর্শন অর্থাৎ তত্ত্বজ্ঞানে আসনাদির নিয়ম নাই। কারণ, তাহা বস্তুর অধীন। বস্তুজ্ঞান শয়ান পুরুষেও দৃষ্ট হয়। কিন্তু অন্যান্য উপাসনায় তাহার বিচার প্রয়োজনীয়। সে জন্য চিন্তা—সে সকল কি উত্থিত, উপবিষ্ট, শয়ান, তিনের যে কোন প্রকার অবলম্বন করিয়া করিবেক? কি নিয়মপূর্ব্বক উপবিষ্ট হইয়া করিবেক? [তত্র ··সম্ভবাৎ] পূর্ব্বপক্ষে পাওয়া যায়, উপাসনা সকল মানস, মনের ব্যাপার, সুতরাং তাহাতে শারীরিক নিয়ম প্রয়োজনীয় নহে। শারীরিক নিয়ম প্রয়োজনীয় নহে, এই পক্ষের প্রতিবাদার্থ বলিতেছেন—উপাসনার্থ আসীন হইবেক অর্থাৎ কোন এক নির্দ্দিষ্ট আসনে উপবিষ্ট হইবেক। কারণ, আসীন পুরুষেরই উপাসনা সম্ভবে, অন্যের নহে। [উপাসনং···তস্যোপাসনম্] উপাসনা কি?-না সমানপ্রত্যয় প্রবাহিত করা—অবিচ্ছেদে ধ্যেয়াকারা চিত্তবৃত্তি উত্থাপিত করা। তাহা যাইতে যাইতে ও দৌড়িতে দৌড়িতে হয় না (করা যায় না)। কারণ, গমন ও শীঘ্রগমন প্রভৃতি চিত্তবিক্ষেপকর। গমনাদি কালে ধ্যেয়-

---

প্রস্তাব, উদ্গীথ, প্রতিহার ও নিধন, এই পাঁচ নামে পাঁচ ভক্তি ও তৎসহিত উপদ্রব ও ওঙ্কার সাত ভক্তি।

ন সূক্ষ্মবস্তুনিরীক্ষণক্ষমং ভবতি। শয়ানশ্চাপ্যকস্মাদেব নিদ্রয়াঽভিভূয়তে। আসীনস্য ত্বেবঞ্জাতীয়কো ভূয়ান্ দোষঃ সুপরিহর ইতি সম্ভবতি তস্যোপাসনম্ ॥ ৭ ॥

ধ্যানাচ্চ ॥ ৮ ॥*

অপি চ ধ্যায়ত্যর্থ এষ যৎ সমানপ্রত্যয়প্রবাহকরণম্। ধ্যায়তিশ্চ প্রশিথিলাঙ্গচেষ্টেষু প্রতিষ্ঠিতদৃষ্টিষ্বেকবিষয়াক্ষিপ্তচিত্তেষূপচর্য্যমাণো দৃশ্যতে। ধ্যায়তি বকো ধ্যায়তি প্রোষিতবন্ধুরিত্যাসীনস্যানায়াসো ভবতি। তস্মাদপ্যাসীনকর্ম্ম উপাসনম্ ॥ ৮ ॥

ন ভবতীত্যাহ। আসীনশ্চাবিদ্যমানায়াসো ভবতীতি। অতিরোহিতার্থমিতরৎ।

কিঞ্চ ধ্যাতার আসীনা এব স্যুর্ধ্যায়তিশব্দার্হত্বাৎ বকাদিবদিত্যাহ। ধ্যানাচ্চেতি। [ইতি রত্নপ্রভা।

গোচর একাগ্রতা থাকেনা অর্থাৎ মন চঞ্চল থাকে। দাঁড়াইয়া থাকিলেও মন দেহধারণে ব্যাপৃত থাকে, সে জন্য সে তৎকালে সূক্ষ্মবস্তু নিরীক্ষণে ক্ষমবান্ হয় না। শয়ান ব্যক্তিও সহসা নিদ্রাভিভূত হইয়া পড়ে, সে জন্য শয়ান পুরুষের সম্বন্ধেও ধ্যানাত্মক উপাসনা অসম্ভব হয়। অতএব, শাস্ত্রোক্ত নিয়মে উপবিষ্ট হইলে ঐ সকল দোষ অর্থাৎ বাধা বিঘ্ন পরিহার করা যাইতে পারে এবং সেই কারণে উপাসনা আসীন পুরুষেই সম্ভবে।

প্রবাহাকারে একজাতীয় প্রত্যয় (বৃত্তিরূপ জ্ঞান) উত্থাপন করার নাম উপাসনা। উপাসনা ও ধ্যান তুল্যার্থ। অঙ্গ সকল শিথিল, দৃষ্টি স্থির, এক বিষয়েই চিত্তের অবস্থান, এরূপ দেখিলেই লোকে তাহাতে ধ্যা-ধাতুর প্রয়োগ করে। (ধ্যা—ধ্যান বা চিন্তা)। বক ধ্যান করিতেছে—চিন্তা করিতেছে। বিরহিণী কি ভাবিতেছে—ধ্যান করিতেছে। এবম্বিধ ধ্যান আসীন ব্যক্তিরই অনায়াসসাধ্য। অতএব, উপাসনা কার্য্যটী উপবিষ্টেরই, উত্থিতাদির নহে।

---

* ধ্যানসমানার্থত্বাদুপাসনস্য। ধ্যায়ত্যর্থানুগমাদিতি যাবৎ। ধ্যাতার আসীন এব স্যুঃ ধ্যায়তিশব্দার্থার্হত্বাৎ বকাদিবদিত্যুদ্দেশ্যম্।—উপাসনা কি? ধ্যানই উপাসনা। সুতরাং তাহা

অচলত্বঞ্চাপেক্ষ্য ॥ ৯ ॥*

অপি চ 'ধ্যায়তীব পৃথিবী' ইত্যত্র পৃথিব্যাদিষ্বচলত্বমেবাপেক্ষ্য ধ্যায়তিবাদো ভবতি। তচ্চ লিঙ্গমুপাসনস্যাসীনকর্ম্মত্বে ॥ ৯ ॥

স্মরন্তি চ ॥ ১০ ॥†

স্মরন্ত্যপি চ শিষ্টা উপাসনাঙ্গত্বেনাসনং 'শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ' ইত্যাদিনা। অত এব চ পদ্মকাদীনামাসনবিশেষাণামুপদেশো যোগশাস্ত্রে ॥ ১০ ॥

অত্রৈব শ্রৌতং দৃষ্টান্তমাহ। অচলত্বঞ্চেতি। [ইতি রত্নপ্রভা।

বাহ্যস্য শারীরস্য বা আসনস্য স্মরণাৎ নিয়ম ইত্যাহ। স্মরন্তি চেতি। [ইতি রত্নপ্রভা।

ধ্যান কথাটী নিশ্চলত্ব দৃষ্টে প্রচারিত। পৃথিবী স্থিরা, নিশ্চলা, ইহা দেখিয়া লোকে বলে পৃথিবী যেন ধ্যান করিতেছেন—চিন্তা করিতেছেন। অতএব, ধ্যা-ধাতুর অর্থ ধ্যান, তাহা নিশ্চলত্ব বা একাগ্রতা দেখিলেই প্রযোজিত হয়। উপাসনা যে উপবিষ্টেরই কার্য্য, উক্ত প্রবাদও তাহার অন্যতম জ্ঞাপক।

শিষ্টগণও উপাসনার অঙ্গস্বরূপ কতিপয় আসন স্মরণ করিয়াছেন। যথা—"পবিত্র প্রদেশে চিত্তস্থৈর্য্যকারক আসন বিন্যস্ত করতঃ—" ইত্যাদি, যেহেতু আসন উপাসনার অঙ্গ, চিত্তস্থৈর্য্যকারক বলিয়া ধ্যানের সহায়, সেই হেতু যোগশাস্ত্রে পদ্মাসন ও স্বস্তিকাসন প্রভৃতি ভিন্ন ভিন্ন আসন উপদিষ্ট হইয়াছে।

আসীন পুরুষেরই অধিকৃত। অঙ্গচেষ্টারহিত, স্থিরদৃষ্টি ও তন্মনস্ক বা একাগ্রচিত্ত দেখিলেই লোকে বলে, ধ্যান করিতেছে। এতদনুসারে নির্ণীত হয়, ধ্যান বা উপাসনা অঙ্গচেষ্টাবিবর্জ্জিত উপবিষ্ট পুরুষেরই কার্য্য।

* নিশ্চলত্বমেব লক্ষ্যীকৃত্য ধ্যায়তিবাদোভবতি লোকে সোঽপি লিঙ্গম্।—বাহিরে নিশ্চলত্ব দেখিলে অন্তরের একাগ্রতা অনুমিত হয়। সেই কারণে অচলভাব দৃষ্টে ধ্যানশব্দের প্রয়োগ হইয়া থাকে। তাদৃশ প্রয়োগসামান্যও উপাসকের আসনাবস্থানের গমক।

† পদ্মকস্বস্তিকাদীন্যাসনানীতি শেষঃ।—স্মৃতিকারেরাও উপাসনার উপযুক্ত চিত্তস্থৈর্য্যকারক আসন বিন্যাসের বিধান বলিয়াছেন এবং যোগশাস্ত্রেও পদ্ম-স্বস্তিকাদি আসনের উপদেশ দেখা যায়।

যত্রৈকাগ্রতা তত্রাবিশেষাৎ ॥ ১১ ॥*

দিগ্দেশকালেষু সংশয়ঃ। কিমস্তি কশ্চিন্নিয়মো নাস্তি বেতি। প্রায়েণ বৈদিকেষ্বারম্ভেষু দিগাদিনিয়মদর্শনাৎ স্যাদিহাপি কশ্চিন্নিয়ম ইতি যস্য মতিস্তং প্রত্যাহ। দিগ্দেশকালেষ্বর্থলক্ষণ এব নিয়মঃ। যত্রৈবাঽস্য দিশি দেশে কালে বা মনসঃ সৌকর্য্যেণৈকাগ্রতা ভবতি তত্রৈবোপাসীত। 'প্রাচী-

---

সমে শুচৌ শর্করাবহ্নিবালুকাবিবর্জ্জিত ইত্যাদিবচনান্নিয়মে সিদ্ধে দিগ্দেশাদিনিয়মমবাচনিকমপি প্রাচীনপ্রবণে বৈশ্বদেবেন যজেতেতিবৎ বৈদিকারম্ভসামান্যাৎ ক্বচিৎ কশ্চিদাশঙ্কতে তমনুগ্রহীতুমাচার্য্যঃ সুহৃদ্ভাবেনৈতদাহ

পূর্ব্বাদি দিক্, তীর্থাদি দেশ ও পূর্ব্বাহ্নাদি কাল বিষয়ে সংশয় হইতে পারে। অধিকাংশ বৈদিককার্য্যে দিগাদির নিয়ম দেখা যায়, উপাসনাকর্ম্মও বৈদিক, সেই কারণে সংশয় হয়,—উপাসনাকার্য্যে দিগাদির নিয়ম আছে কি নাই। বৈদিক ক্রিয়ায় দিগাদির নিয়ম দেখিয়া যাঁহারা মনে করেন—উপাসনা কর্ম্মেও দিগ্দেশাদির নিয়ম আছে, তাঁহাদের প্রতি বলিতেছেন—উপাসনায় পূর্ব্বাদি দিক্, তীর্থাদি দেশ ও প্রদোষাদি কাল, এ সকলের নিয়ম নাই। কিন্তু সে সকল বিষয়ে অর্থলক্ষণ নিয়ম আছে। (অর্থ—একাগ্রতারূপ প্রয়োজন। লক্ষণ—জ্ঞাপক। যাহা যাহা একাগ্রতার উপযুক্ত তাহা তাহাই আদরণীয়। অভিপ্রায় এই যে, উপাসনায় একাগ্রতার যত আদর; দিগাদির তত আদর নাই।) যে দিকে, যে স্থানে ও যে সময়ে বসিলে উপাসক স্বচ্ছন্দতা বোধ করিবেন ও তদেকাগ্র হইতে পারিবেন সেই দিকে সেই স্থানে ও সেই সময়ে উপাসনার্থ আসনোপবিষ্ট হইবেন। বৈশ্বদেব ক্রিয়ায় "পূর্ব্বদিক আশ্রয় করিয়া অর্থাৎ পূর্ব্বাভি-

---

* যস্মিন্ দেশে দিশি কালে বা অস্য সাধকস্য একাগ্রতা ধ্যেয়ে লব্ধস্থিতিকং চিত্তং স্যাৎ তত্রৈবাসীনো ভবেৎ। দিগাদিনিয়মো নাস্তীত্যভিপ্রায়ঃ। হেতুমাহ—অবিশেষাৎ। বিশেষাভাবাৎ। একাগ্রতায়া এব ইষ্টায়া সর্ব্বত্র সমত্বাচ্চ।—উপাসনায় উপবেশনার্থ পূর্ব্বদিক্ প্রভৃতির নিয়ম নাই। যে দিকে ও যে সময়ে সাধকের চিত্তস্থৈর্য্য হইবে সেই দিকে ও সেই সময়ে স্বানুকূল আসনে উপবেশন করিবেক। কারণ, শাস্ত্র এমন কিছু অঙ্গুলি নির্দ্দেশ করিয়া বলেন নাই যে, অমুক দিকে ও অমুক সময়ে বসিয়া উপাসনা করিবেক। বলিবার প্রয়োজনও নাই। উদ্দেশ্য একাগ্রতা—তাহা যে দিকে বসিলে সহজে সম্পন্ন হয় সেই দিকেই তাহার গ্রাহ্য।

দিক্‌পূর্ব্বাহ্নপ্রাচীনপ্রবণাদিবৎ বিশেষাশ্রবণাদেকাগ্রতায়া ইষ্টায়াঃ সর্ব্বত্রাবিশেষাৎ। নন্বু বিশেষমপি কেচিদামনন্তি—

'সমে শুচৌ শর্করাবহ্নিবালুকা-
বিবর্জ্জিতে শব্দজলাশ্রয়াদিভিঃ।
মনোঽনুকূলে ন তু চক্ষুঃপীড়নে
গুহানিবাতাশ্রয়ণে প্রযোজয়েৎ' ইতি।

সত্যমস্ত্যেবঞ্জাতীয়কো নিয়মঃ। সতি ত্বেতস্মিংস্তদ্গতেষু বিশেষেষ্বনিয়ম ইতি সুহৃদ্ভূত্বা আচার্য্য আচষ্টে।—'মনোঽনুকূলে' ইতি। এষা শ্রুতির্যত্রৈকাগ্রতা তত্রেত্যেতাবদিতি দর্শয়তি ॥ ১১ ॥

স্ম। যত্রৈকাগ্রতা মনসস্তত্রৈব ভাবনাং প্রযোজয়েৎ। অবিশেষাৎ। ন হ্যত্রাস্তি বৈশ্বদেবাদিবদ্বচনং বিশেষকং তস্মাদিতি।

মুখে, পূর্ব্বাহ্ন কালে ও প্রাগ্‌নিম্ন প্রদেশে বৈশ্বদেব কর্ম্ম করিবেক" এই যেমন বিশেষ শ্রবণ (নির্দ্দিষ্ট শ্রৌত উল্লেখ) আছে, উপাসনা ক্রিয়ায় সেরূপ বিশেষ শ্রবণ কুত্রাপি নাই। না থাকিবার কারণ এই যে, বাঞ্ছনীয় একাগ্রতা সর্ব্বত্রই অবিশেষ। (পূর্ব্বাভিমুখে বসিলেও একাগ্র হওয়া যায় এবং অন্য দিক্ অভিমুখেও একাগ্র হওয়া যায়)। [নন্বু…দর্শয়তি] যদি বল, বিশেষ নির্দ্দেশ আছে, যথা—"সমান (উচ্চ নীচ রহিত), শুচি, অর্থাৎ পবিত্র, কাঁকর না থাকে, নিকটে অগ্নি না থাকে, বালুকাময় না হয়, কোলাহল না থাকে, জলের নিকট না হয়, মনের অনুকূল হয়, দংশমশকাদির উৎপীড়ন না থাকে, এরূপ স্থানে ও বায়ুবিবর্জ্জিত গুহাদি স্থানে যোগানুষ্ঠান করিবেক।" এ বিষয়ে আমাদের বক্তব্য এই যে, যোগানুষ্ঠানের নিমিত্ত ঐ সকল প্রকার (নির্দ্দেশ) অভিহিত হইয়াছে সত্য; পরন্তু উহার কোনও একটাকে নিয়মান্তঃপাতী করা হয় নাই। সমদেশ ব্যতীত হইবেই না, এমন কথা ঐ শাস্ত্রে অভিহিত হয় নাই। শাস্ত্রবক্তা আচার্য্য যোগীদিগের সুহৃৎ হইয়া বলিয়াছেন, 'মনোঽনুকূলে—যেখানে যাহার মন একাগ্র হইবে—সে সেই স্থানেই যোগাভ্যাস করিবেক। সূত্রকার ব্যাসও জিজ্ঞাসু গণের বন্ধু হইয়া বলিয়াছেন "যত্রৈকাগ্রতা তত্র।"

আপ্রায়ণাৎ তত্রাপি হি দৃষ্টম্ ॥ ১২ ॥*

আবৃত্তিঃ সর্ব্বোপাসনেষ্বাদর্ত্তব্যেতি স্থিতমাদ্যেঽধিকরণে। তত্র যানি তাবৎ সম্যগ্দর্শনার্থান্যুপাসনানি তান্যবঘাতাদিবৎ কার্য্যপর্য্যবসানানীতি জ্ঞাতমেবৈষামাবৃত্তিপরিমাণম্। ন হি সম্যগ্দর্শনে কার্য্যে নিষ্পন্নে যত্নান্তরং কিঞ্চিচ্ছাসিতুং শক্যম্। অনিযোজ্যব্রহ্মাত্মত্বপ্রতীতেঃ শাস্ত্রস্যাবিষয়ত্বাৎ। যানি পুনরভ্যুদয়ফলানি তেষ্বেষা চিন্তা। কিং কিয়ন্তঞ্চিৎ কালং প্রত্যয়মাবর্ত্ত্যোপরমেদুত যাবজ্জীবমাবর্ত্তয়েদিতি। কিং তাবৎ প্রাপ্তম্। কিয়ন্তঞ্চিৎ কালং প্রত্যয়মভ্যস্যেৎ-

---

অধিকরণবিষয়ং বিবেচয়তি—"তত্র যানি তাব"দিতি। অবিদ্যমান-নিযোজ্যা যা ব্রহ্মাত্মপ্রতিপত্তিস্তস্যাঃ। শাস্ত্রং হি নিযোজ্যস্য কার্য্যরূপনিয়োগ সম্বন্ধমববোধয়তীতি তস্যৈব কর্ম্মণ্যৈশ্বর্য্যলক্ষণমধিকারং তচ্চৈতদুভয়মতীন্দ্রিয়-ত্বাদ্ভবতি শাস্ত্রলক্ষণং প্রমাণান্তরাপ্রাপ্যে শাস্ত্রস্যার্থবত্ত্বাৎ ব্রহ্মাত্মত্বপ্রতীতেস্তু

প্রথম বিচারে নির্ণীত হইয়াছে যে, সমুদায় উপাসনায় আবৃত্তি (পুনঃ পুনঃ উপাসনা করা) অতীব প্রয়োজনীয়। এবং তাহাতেই জানা গিয়াছে, যে সকল উপাসনা তত্ত্বজ্ঞানের সাক্ষাৎ অঙ্গ সে সকল তত্ত্বজ্ঞান না হওয়া পর্য্যন্ত আবর্ত্তনীয় এবং তত্ত্বজ্ঞান অঙ্কুরিত হইলে তাহা আর প্রয়োজনীয় নহে। তণ্ডুল প্রস্তুত করাই অবঘাতের প্রয়োজন তণ্ডুল প্রস্তুত হইলে তখন আর অবঘাতের প্রয়োজন কি। তত্ত্বজ্ঞান জন্মানই উপাসনার কার্য্য, তত্ত্বজ্ঞান হইলে তাহাতে আর কোনও কিছু কর্ত্তব্যোপদেশ নাই। কারণ, তত্ত্ব-জ্ঞানে নিয়োগপথাতীত ব্রহ্মাত্মভাব প্রকাশিত হয়। সুতরাং তত্ত্বজ্ঞানী তখন শাস্ত্রের অবিষয় অর্থাৎ অশাস্ত হয়। কিন্তু যে সকল উপাসনার ফল অভ্যুদয় সেই সকল উপাসনায় এই চিন্তা (বিচার) উপস্থিত হইতেছে যে, উপাসক সে সকল কি কিছু কাল আবর্ত্তিত করিয়া পরিত্যাগ করিবেন? কি, মরণ পর্য্যন্ত আবর্ত্তিত করিবেন? [কিং...প্রাপ্তেঃ] বিচারে

---

* প্রায়ণং মরণং,তৎপর্য্যন্তং প্রত্যয়াবৃত্তিঃ কর্ত্তব্যা। হি যতঃ প্রায়ণকালেঽপ্যাবৃত্তেঃ কর্ত্তব্যত্বং শ্রুতৌ দৃষ্টম্।—উপাসনা অর্থাৎ ধ্যান মরণকালপর্য্যন্ত করিতে হইবেক, দুই একবার করিলে হইবেক না। কারণ, শ্রুতিতে ও স্মৃতিতে দেখা যায়, মরণকালের উপাস্যজ্ঞানই বিশেষ ফল-প্রদ হয়।

সৃজেৎ। আবৃত্তিবিশিষ্টস্যোপাসনশব্দার্থস্য কৃতত্বাদিতি। এবং প্রাপ্তে ব্রূমঃ।—আপ্রায়ণাদেবাবর্ত্তয়েৎ প্রত্যয়ম্। অন্ত্যপ্রত্যয়বশাদদৃষ্টফলপ্রাপ্তেঃ। কর্ম্মাণ্যপি হি জন্মান্তরোপভোগ্যং ফলমারভমাণানি তদনুরূপং ভাবনাবিজ্ঞানং প্রায়ণকালে আক্ষিপন্তি। 'সবিজ্ঞানো ভবতি সবিজ্ঞানমেবান্ববক্রামতি যচ্চিত্তস্তেনৈষ প্রাণমায়াতি প্রাণস্তেজসা যুক্তঃ সহাত্মনা যথাসঙ্কল্পিতং লোকং নয়তি' ইতি চৈবমাদিশ্রুতি-

জীবন্মুক্তেন দৃষ্টত্বান্নাস্তীহ তিরোহিতমিব কিঞ্চনেতি কিমত্র শাস্ত্রং করিষ্যতি, নন্বেবমপ্যভ্যুদয়ফলান্যুপাসনানি তত্র নিযোজ্যনিয়োগলক্ষণস্য চ কর্ম্মণি স্বামিতালক্ষণস্য চ সম্বন্ধস্যাতীন্দ্রিয়ত্বাৎ তত্র সকৃৎ করণাদেব শাস্ত্রার্থসমাপ্তৌ প্রাপ্তায়ামুপাসনপদবেদনীয়াবৃত্তিমাত্রমেব কৃতবত উপরমঃ প্রাপ্তস্তাবতৈব কৃতশাস্ত্রার্থত্বাদিতি প্রাপ্তেঽভিধীয়তে। সবিজ্ঞানো ভবতীত্যাদিশ্রুতের্যত্র স্বর্গাদিফলানামপি কর্ম্মণাং প্রায়ণকালে স্বর্গাদিবিজ্ঞানাপেক্ষকত্বং তত্র কৈব কথাঽতীন্দ্রিয়ফলানামুপাসনানাম্। তানি খলু আ প্রায়ণং তত্তদুপাস্য-

---

কি পাওয়া যায়? বিচারের প্রথম কোটীতে পাওয়া যায়, উপাসনা বা জ্ঞানসন্ততি কিছু কাল অভ্যস্ত করিয়া পরে পরিত্যাগ করিবেক। কারণ, তাহাই উপাসনা শব্দের অর্থ, তাহা করা হইলেই শাস্ত্রার্থ-পালন করা হয়। (উপাসনা = পুনঃ পুন ধ্যান। অর্থাৎ বার বার ধ্যেয় পদার্থ চিত্তারূঢ় করা)। চিন্তার প্রথম কোটীতে এইরূপ প্রাপ্ত হওয়া যায় বলিয়া তাহার সিদ্ধান্ত বলা যাইতেছে। সাধক তাহা মরণ পর্য্যন্ত আবর্ত্তন করিবেন। কারণ, অদৃষ্টফল অর্থাৎ ভাবিফল মরণকালিক শেষ ধ্যানের দ্বারাই স্ফূর্ত্তিপ্রাপ্ত হয়। [কর্ম্মাণ্যপি...দর্শনাচ্চ] যে সকল জ্ঞানকর্ম্মের ফল পরজন্মে ভোগ হইবে সেই সকল জ্ঞানকর্ম্মের সংস্কার মরণকালেই আক্ষিপ্ত অর্থাৎ প্রাপ্তব্য ফলমূর্ত্তিতে অভিব্যক্ত হয়। এ বিষয়ে শ্রুতিপ্রমাণ যথা—"সেই ধ্যাতা মৃত্যুকালে সবিজ্ঞান হয়। অর্থাৎ ভাবনাময় জ্ঞানে আক্রান্ত হয়। অনন্তর সবিজ্ঞান হইয়া উৎক্রান্ত হয়, গৃহীতদেহ পরিত্যাগ করে। (সবিজ্ঞান হওয়া আর ভাবিফল স্ফূর্ত্তিরূপ ভাবনাময় আতিবাহিক দেহপ্রাপ্তি হওয়া সমান কথা)। চিত্ত মরণকালে যে আকারে অবস্থিতি করে, তাহার মন তখন সেই আকারে প্রাণে আগমন করে। প্রাণ উৎক্রমণ পথ উদানে আইসে। অনন্তর তাহা জীবকে সংকল্পিতানুরূপ লোকে লইয়া যায়।" শ্রুতিতে যে তৃণজলায়ুকার

ভ্যস্তৃণজলায়ুকামিদর্শনাচ্চ। প্রত্যয়াস্ত্বেতে স্বরূপানুবৃত্তিং মুক্ত্বা কিমন্যৎ প্রায়ণকালে ভাবনাবিজ্ঞানমপেক্ষেরন্। তস্মাৎ যে প্রতিপত্তব্যফলভাবনাত্মকাঃ প্রত্যয়াস্তেষাপ্রায়ণাদাবৃত্তিঃ। তথা চ শ্রুতিঃ 'স যাবৎক্রতুরয়মস্মাল্লোকাৎ প্রৈতি' ইতি প্রায়ণকালেঽপি প্রত্যয়ানুবৃত্তিং দর্শয়তি। স্মৃতিরপি—

'যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্।
তং তমেবৈতি কৌন্তেয়! সদা তদ্ভাবভাবিতঃ'॥ ইতি

'প্রায়ণকালে মনসাঽচলেন' [ভ০গী০] ইতি চ। 'সো-

গোচরবুদ্ধিপ্রবাহবাহিতয়া দৃষ্টেনৈব রূপেণ প্রায়ণসময়ে তদ্বুদ্ধিং ভাবয়িষ্যন্তি। কিমত্র ফলবৎপ্রায়ণসময়ে বুদ্ধ্যাক্ষেপেণ। ন হি দৃষ্টে সম্ভবত্যদৃষ্টকল্পনা যুক্তা। তস্মাৎ আপ্রায়ণং প্রবৃত্তা বৃত্তিরিতি। তদিদমুক্তম্। "প্রত্যয়াস্ত্বেতে" ইতি। তথা চ শ্রুতিঃ সর্ব্বাতীন্দ্রিয়বিষয়া 'স যথাক্রতুরয়মস্মাল্লোকাৎ প্রৈতি তাবৎক্রতুর্হামুং লোকং প্রেত্যাভিসম্ভবতী'তি। ক্রতুঃ সঙ্কল্পবিশেষঃ। স্মৃতয়শ্চোদাহৃতা ইতি।

দৃষ্টান্ত আছে, তদনুসারেও প্রোক্ত সিদ্ধান্ত লব্ধ হয়। [প্রত্যয়া...শ্রাবয়তি] উপাসনাত্মক জ্ঞান যদি ধারাবাহীরূপে মরণ পর্য্যন্ত অবস্থিতি করে তাহা হইলে তাহাই তাহার অন্ত্যবিজ্ঞান হইবেক। তাহা অন্য কোন ভাবনাবিজ্ঞান (অদৃষ্টপ্রভাবে সমুদিত জ্ঞান বিশেষ) অপেক্ষা করিবে না। অভিপ্রায় এই যে, যেমন কর্ম্ম দুই এক বার কৃত হইলেই তদ্দ্বারা অদৃষ্ট সঞ্চিত হয়, সেই সঞ্চিতাদৃষ্টের দ্বারা মৃত্যুকালে ভাবিফলস্ফূর্ত্তিরূপ ভাবনাবিজ্ঞান (ভাবনাময় আতিবাহিক দেহ) জন্মে, ধ্যানাবৃত্তিরূপ উপাসনায় সেরূপ ব্যবস্থা নহে। ধ্যানই মরণ পর্য্যন্ত স্থায়ী হইয়া ধ্যানানুরূপ আতিবাহিক দেহ জন্মায়। অতএব, যে সকল উপাসনার ফল তন্ময়ীভাব প্রাপ্তি, সে সকল মরণ পর্য্যন্ত অনুষ্ঠেয়। এ বিষয়ে শ্রুতিপ্রমাণ যথা—"যে যাহা ধ্যান করিতে করিতে এ শরীর ত্যাগ করে" ইত্যাদি। এই শ্রুতি মরণকালেও ধ্যানাবৃত্তি করিতে বলিয়াছেন। এ কথা স্মৃতিতেও আছে। যথা—"হে অর্জ্জুন! জীব মৃত্যুকালে যে ভাব ধ্যান করিতে করিতে কলেবর পরিত্যাগ করে, সে সর্ব্বদা তদ্ভাবভাবিত হওয়ায় সেই লোক প্রাপ্ত হইয়া থাকে।" "মরণ-

হস্তবেলায়ামেতৎ ত্রয়ং প্রতিপদ্যেত' ইতি চ মরণবেলায়াং কর্ত্তব্যশেষং শ্রাবয়তি ॥ ১২ ॥

তদধিগম উত্তরপূর্ব্বাঘয়োরশ্লেষবিনাশৌ তদ্ব্যপদেশাৎ ॥ ১৩ ॥*

গতস্তৃতীয়শেষঃ। অথেদানীং ব্রহ্মবিদ্যাফলং প্রতি চিন্তা প্রজায়তে। ব্রহ্মাধিগমে সতি তদ্বিপরীতফলং দুরিতং ক্ষীয়তে ন বা ক্ষীয়ত ইতি সংশয়ঃ। কিং তাবৎ প্রাপ্তং ফলার্থত্বাৎ

গতস্তৃতীয়শেষঃ সাধনগোচরো বিচারঃ। ইদানীমেতদধ্যায়গতফলবিষয়া চিন্তা প্রতন্যতে। তত্র তাবৎ প্রথমমিদং বিচার্য্যতে কিং ব্রহ্মাধিগমে ব্রহ্মজ্ঞানে সতি ব্রহ্মজ্ঞানফলান্মোক্ষাদ্বিপরীতফলং দুরিতং বন্ধনফলং ক্ষীয়তে ন ক্ষীয়ত ইতি সংশয়ঃ। কিং তাবৎ প্রাপ্তম্। শাস্ত্রেণ হি ফলায় যদ্বিহিতং প্রতিষিদ্ধঞ্চানর্থপরিহারায়াহশ্বমেধাদি ব্রহ্মহত্যাদি চাপূর্ব্বাবান্তরব্যাপারং কিং তদপূর্ব্বমুপরতেঽপি কর্ম্মণ্যত্র সুখদুঃখোপভোগাৎ প্রাগ্ নাবিরন্তুমর্হতি। স

কালে অচঞ্চল ধ্যেয়াকার চিত্তে—" "সে মৃত্যুকালেও এই তিন্ মন্ত্র (অক্ষিতমসি, অচ্যুতমসি, প্রাণশংসিতমসি) স্মরণ করিবেক।" ইত্যাদি। এই সকল শ্রুতি ও স্মৃতি মরণ পর্য্যন্ত ধ্যানের কর্ত্তব্যতা দেখাইয়াছেন।

জ্ঞান সাধন উপাসনা প্রভৃতিতে অত্যধিক আদর দেখাইবার জন্যই ফলাধ্যায়ে কতিপয় সাধন বিচার কৃত হইল। এখন এই ফলাধ্যায়ে বিদ্যাফল বিচারিত হইবে। প্রথমতঃ এই চিন্তা (বিচার) উপস্থিত যে, ব্রহ্মজ্ঞান হইলে পূর্ব্বসঞ্চিত দুরিত (জ্ঞানপ্রতিবন্দী পাপ) ক্ষয় প্রাপ্ত হয় কি না। চিন্তার অর্থাৎ বিচারের প্রথম পক্ষ এই যে, যখন ফল দেওয়াই কর্ম্মের পরম প্রয়োজন, তখন তাহা ফল না দিয়া ক্ষয়প্রাপ্ত হইতে পারে না। শ্রুতির দ্বারাও জানা গিয়াছে যে, কর্ম্মের ফলদায়িনী শক্তি আছে। যদি তাহা ভোগ উৎপাদন না করিয়াও ক্ষয়প্রাপ্ত হয় বল, তাহা হইলে শ্রুতিকে তিরস্কার করা অর্থাৎ অপ্রমাণ বলা হইবে। স্মৃতিকারেরাও বলিয়াছেন—"কর্ম্ম

---

* তস্য ব্রহ্মণোঽধিগমঃ সাক্ষাৎকারস্তস্মিন্ সতি উত্তরাঘস্যাশ্লেষঃ পূর্ব্বাঘস্য চ বিনাশঃ স্যাৎ। হেতুমাহ তদিতি। উত্তরপূর্ব্বাঘয়োরশ্লেষবিনাশয়োর্ব্যপদেশস্তাৎপর্য্যেণ কথনং তস্মাৎ। অঘং পাপম্। উত্তরাঘস্য ভাবিপাপস্য। পূর্ব্বাঘস্য সঞ্চিতপাপরাশেঃ।—ব্রহ্মজ্ঞান হইলেই পূর্ব্ব পাপ নষ্ট হয় এবং পরে যে সকল পাপ ঘটনা হইবে সে সকল তাহাতে অশ্লিষ্ট অর্থাৎ লিপ্ত হইবে না। শ্রুতি সেইরূপ কথাই বলিয়াছেন। (ভাষ্যানুবাদ দেখ)

কর্ম্মণঃ ফলমদত্ত্বা ন সম্ভাব্যতে ক্ষয়ঃ। ফলদায়িনী হ্যস্য শক্তিঃ শ্রুত্যা সমধিগতা। যদি তদন্তরেণৈব ফলোপভোগমুপমৃদ্যেত শ্রুতিঃ কদর্থিতা স্যাৎ। স্মরন্তি চ 'ন হি কর্ম্মাণি ক্ষীয়ন্তে' [ম০ ভা০] ইতি। নন্বেবং সতি প্রায়শ্চিত্তোপদেশোঽনর্থকঃ প্রাপ্নোতি। নৈষ দোষঃ। প্রায়শ্চিত্তানাং নৈমিত্তিকত্বোপপত্তের্গৃহদাহেষ্ট্যাদিবৎ। অপি চ প্রায়শ্চিত্তানাং দোষসংযোগেন বিধানাৎ ভবেদপি দোষক্ষপণার্থতা। ত্বেবং ব্রহ্মবিদ্যায়া বিধানমস্তি। নন্বনভ্যুপগম্যমানে ব্রহ্ম-

---

হি তস্য বিনাশহেতুস্তদভাবে কথং বিনশ্যেদিতি তস্যাকস্মিকত্বপ্রসঙ্গাৎ শাস্ত্রব্যাকোপাচ্চেতি। অদত্তফলঞ্চেৎ কর্ম্মাঽপূর্ব্বং বিনশ্যতি কর্ম্মণ এব ফলপ্রসবসামর্থ্যবোধকশাস্ত্রমপ্রমাণং ভবেৎ। ন চ প্রায়শ্চিত্তমিব ব্রহ্মজ্ঞানমদত্তফলান্যপি কর্ম্মাপূর্ব্বাণি ক্ষিণোতীতি সাম্প্রতম্। প্রায়শ্চিত্তানামপি তদপ্রক্ষয়হেতুত্বাৎ তদ্বিধানস্য চৈনস্বিনবাধিকাবিপ্রাপ্তিমাত্রেণোপপত্তাবুপাত্তদুরিতনিবর্হণফলাক্ষেপকত্বাযোগাৎ। অতএব স্মরন্তি—নাভুক্তং ক্ষীয়তে কর্ম্মেতি। যদি পুনরপেক্ষিতোপায়তাত্মা প্রায়শ্চিত্তবিধির্ন নিযোজ্যবিশেষপ্রতিলম্ভমাত্রেণ নির্বৃণোতীত্যপেক্ষিতাকাঙ্ক্ষায়াং দোষসংযোগেন শরণাত্তন্নিবর্হণফলঃ কল্পেত তথাঽপি ব্রহ্মজ্ঞানস্য তৎসংযোগেনাশ্রবণান্ন দুরিতনিবর্হণসামর্থ্যে প্রমাণমস্তি। মোক্ষ-

ভোগ ব্যতীত কোটিকল্পেও ক্ষয়প্রাপ্ত হয় না।" ["নন্বেবং...ভবিষ্যতি] বলিতে পার যে, তবে প্রায়শ্চিত্ত শাস্ত্রের উপদেশ ব্যর্থ। কিন্তু আমরা দেখাইব, ব্যর্থ নহে। প্রায়শ্চিত্ত সকল গৃহদাহেষ্টির ন্যায় নৈমিত্তিক। * পাপ দোষ বিনাশার্থ প্রায়শ্চিত্ত বিধান দৃষ্ট হয় কিন্তু ব্রহ্মজ্ঞান সম্বন্ধে সেরূপ বিধান দৃষ্ট হয় না। পাপক্ষয়ার্থ বিহিত বলিয়া প্রায়শ্চিত্তের পাপনাশক ক্ষমতা থাকিতে পারে কিন্তু ব্রহ্মজ্ঞান সেরূপে বিহিত না হওয়ায় তাহার পাপনাশক ক্ষমতা থাকা মানিতে পার না। কর্ম্ম যদি ব্রহ্মজ্ঞানে ক্ষয়প্রাপ্ত না হয় আর যদি তাহা অবশ্য ভোক্তব্যই হয়, তাহা হইলে কাহারও কস্মিন্ কালে মোক্ষ হইবেক না, এমন আপত্তি করিতে পার না। কর্ম্ম যেমন দেশ কাল ও নিমিত্ত অনুসারে ফলপ্রসব করিয়া থাকে

---

* অগ্নিহোত্রী দিগের অগ্নিগৃহ দগ্ধ হইলে যে দোষ হয় সে দোষ বিনাশার্থ একটি যাগের বিধান আছে। যাগটার নাম ক্ষামবতী। ক্ষামবতী যাগ করিলে গৃহদাহজন্য দোষ নষ্ট হয়, ইহা শাস্ত্রের সেই সেই স্থানে লিখিত আছে

বিদঃ কর্ম্মক্ষয়ে তৎফলস্যাবশ্যভোক্তব্যত্বাদনির্ম্মোক্ষঃ স্যাৎ। নেত্যুচ্যতে। দেশকালনিমিত্তাপেক্ষো মোক্ষঃ কর্ম্মফলবদ্ভবিষ্যতি। তস্মাৎ ন ব্রহ্মবিদ্যাধিগমে দুরিতনিবৃত্তিঃ। ইত্যেবং প্রাপ্তে ব্রূমঃ—তদধিগমে। ব্রহ্মাঽধিগমে সত্যুত্তরপূর্ব্বাঽঘয়োরশ্লেষবিনাশৌ ভবতঃ। উত্তরস্যাশ্লেষঃ। পূর্ব্বস্য বিনাশঃ। কস্মাৎ। তদ্ব্যপদেশাৎ। তথা হি ব্রহ্মবিদ্যাপ্রক্রিয়ায়াং সম্ভাব্যমানসম্বন্ধস্যাগামিনো দুরিতস্যানভিসম্বন্ধং বিদুষো ব্যপদিশতি 'যথা পুষ্করপলাশ আপো ন শ্লিষ্যন্ত এবমেবম্বিদি পাপং কর্ম্ম ন শ্লিষ্যতে' ইতি। তথা বিনাশমপি পূর্ব্বোপচিতস্য দুরিতস্য ব্যপদিশতি 'তদ্‌যথেষীকা তূলমগ্নৌ' প্রোতং

বত্তস্যাপি স্বর্গাদিফলবদ্দেশকালনিমিত্তাপেক্ষয়োপপত্তেঃ। শাস্ত্রপ্রামাণ্যাৎ সম্ভবিষ্যতি অসাববস্থা যস্যামুপভোগেন সমস্তকর্ম্মক্ষয়ে ব্রহ্মজ্ঞানং মোক্ষং প্রসোষ্যতি। যোগর্দ্ধ্যৈব বা দিবি ভুব্যন্তরিক্ষে বহূনি শরীরেন্দ্রিয়াণি নির্ম্মায় ফলান্যুপভুজ্যার্দ্ধেন যোগসামর্থ্যেন যোগী কর্ম্মাণি ক্ষপয়িত্বা মোক্ষী সম্পৎস্যতে। স্থিতে চৈতস্মিন্নর্থে ন্যায়বলাৎ যথা পুষ্করপলাশ ইত্যাদিব্যপদেশো ব্রহ্মবিদ্যাস্তুতিমাত্রপরতয়া ব্যাখ্যেয় ইতি প্রাপ্ত উচ্যতে। ব্যাখ্যায়েতৈবং ব্যপদেশোঽপি কর্ম্মবিধিবিরোধঃ স্যান্ন ত্বয়মস্তি। শাস্ত্রং হি ফলোৎপাদনসামর্থ্যমাত্রং কর্ম্মণামব

তেমনি ব্রহ্মজ্ঞানও দেশকালাদি নিমিত্ত অনুসারে মোক্ষফল প্রসব করিতে পারে। (অভিপ্রায় এই যে, সঞ্চিত কর্ম্ম সকল ভোগ দ্বারা ক্ষয়প্রাপ্ত হইলে তখন মোক্ষলাভ হইবেক)। [তস্মাৎ...ব্যপদেশাৎ] প্রদর্শিত প্রকারে পক্ষলাভ হইতেছে যে, ব্রহ্মজ্ঞান হইলেই যে দুরিত নিবৃত্তি হয় তাহা হয় না। এইরূপ পূর্ব্বপক্ষ প্রাপ্তে বলা হইল—ব্রহ্মজ্ঞান হইলেই ভবিষ্যৎ পাপের অশ্লেষ ও পূর্ব্বসঞ্চিত পাপের বিনাশ হইয়া থাকে। কারণ, শ্রুতিতে ঐরূপ ব্যপদেশ (সঞ্চিত পাপের নাশ ও ভবিষ্যৎ পাপের অস্পর্শ বর্ণিত) আছে। [তথা হি...ইতি] শ্রুতি ব্রহ্মজ্ঞান প্রকরণে বলিয়াছেন যে, জ্ঞান হওয়ার পর যে সকল পাপকার্য্য ঘটনা হইবেক সে সকলের সহিত জ্ঞানীর সম্বন্ধ অর্থাৎ সংস্পর্শ সম্ভব হয় না। যথা—"জল যেমন পদ্মপত্রে লিপ্ত হয় না তেমনি পাপকর্ম্ম সকল জ্ঞানীতে লিপ্ত হয় না।" আবার অন্য শ্রুতিতে আছে, ব্রহ্মজ্ঞান হইলে পূর্ব্বসঞ্চিত পাপ-

প্রদূয়েতৈবং হাস্য সর্ব্বে পাপ্মানঃ প্রদূয়ন্তে' ইতি। অয়মপরঃ কর্ম্মক্ষয়ব্যপদেশো ভবতি।

'ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে' ইতি।

যদুক্তমনুপভুক্তফলস্য কর্ম্মণঃ ক্ষয়কল্পনায়াং শাস্ত্রকদর্থনং স্যাদিতি। নৈষ দোষঃ। ন হি বয়ং কর্ম্মণঃ ফলদায়িনীং শক্তিমবজানীমহে। বিদ্যত এব সা। সা তু বিদ্যাদিনা কারণান্তরেণ প্রতিবধ্যত ইতি বদামঃ। শক্তিসদ্ভাবমাত্রে চ শাস্ত্রং

গময়তি ন তু কুতশ্চিদাগন্তুকান্নিমিত্ততঃ প্রায়শ্চিত্তাদেস্তদপ্রতিবন্ধমপি। তস্য তত্রৌদাসীন্যাৎ। যদি শাস্ত্রবোধিতফলপ্রসবসামর্থ্যমপ্রতিবদ্ধমাগন্তুকেন কেনচিৎ কর্ম্মণা ততস্তৎফলং প্রসূত এবেতি ন শাস্ত্রব্যাঘাতঃ। নাভুক্তং কর্ম্ম ক্ষীযত ইতি চ স্মরণমপ্রতিবদ্ধসামর্থ্যকর্ম্মাভিপ্রায়ম্। দোষক্ষয়োদ্দেশেন চাপরবিদ্যানামস্তি প্রায়শ্চিত্তবদ্বিধানমৈশ্বর্য্যফলানামপ্যুভয়সংযোগাবিশেষাৎ। যত্রাপি নির্গুণায়াং পরবিদ্যায়াং দোষোদ্দেশো নাস্তি তত্রাপি তৎস্বভাবালোচনাদেব তৎপ্রক্ষয়প্রসবসামর্থ্যমবসীয়তে। ন হি তত্ত্বমসিবাক্যার্থপরিভাবনাভুবা প্রসংখ্যানেন নিমৃষ্টনিখিলকর্ত্তৃভোক্তৃত্বাদিবিভ্রমো জীবঃ ফলোপভোগেন যুজ্যতে। ন হি রজ্জুং ভুজঙ্গসমারোপনিবন্ধনা ভযকম্পাদয়ঃ সতি রজ্জুতত্ত্বসাক্ষাৎকারে প্রভবন্তি কিন্তু সংস্কারশেষাৎ কিঞ্চিৎ কালমনুবৃত্ত্যাপি নিবর্ত্তন্ত এব। অমুমে-

---

রাশি ক্ষয়প্রাপ্ত হয়। যথা—"যেমন তুলা সকল অগ্নিতে দগ্ধ হয় তেমনি জ্ঞান হইলে সঞ্চিত পাপরাশিও দগ্ধ হইয়া যায়।" এইরূপ আর একটী কর্ম্মক্ষয়ের উল্লেখ আছে। যথা—"সেই পরাবর পুরুষ (ব্রহ্ম) দৃষ্ট হইলে দ্রষ্টার হৃদয়গ্রন্থি ভাঙ্গিয়া যায়, সংশয় সকল ছিন্ন হয় এবং সমুদায় পাপ ক্ষয়প্রাপ্ত হয়।" [যদুক্ত...স্মৃতিভ্যঃ] বলিয়াছিলে যে, ভোগব্যতিরেকেও কর্ম্মের ক্ষয় হয়, এরূপ বলিলে বা স্বীকার করিলে শাস্ত্রার্থ ভঙ্গ করা হয়, তদুত্তরে বলিতেছি, তাহা হয় না। আমরা কর্ম্মের ফলদায়িনী শক্তি নাই অথবা তাহা অকিঞ্চিৎকর, এমন কথা বলি না। আমরা বলি, তাহা আছে পরন্তু তাহা বিদ্যাদি কারণে প্রতিবদ্ধ হয় (নিরুদ্ধ হয়, ফল দিতে পারে না।) মাভুক্তং ক্ষীয়তে কর্ম্ম ইত্যাদি শাস্ত্র কর্ম্মের ফলদায়িনী শক্তি আছে, এইটুকু মাত্র বলিয়াছেন, দেখাইয়াছেন, তাহা অবরুদ্ধ হয় কি-না তাহা বলেন নাই। অপিচ, ঐ স্মৃতি ঔৎসর্গিক অর্থাৎ

ব্যাপ্রিয়েত ন প্রতিবন্ধাপ্রতিবন্ধয়োরপি। ন হি কর্ম্ম ক্ষীয়ত ইত্যেতদপি স্মরণমৌৎসর্গিকম্। ন হি ভোগাদৃতে কর্ম্ম ক্ষীয়তে তদর্থত্বাদিতি। ইষ্যত এব প্রায়শ্চিত্তাদিনা দুরিতস্য ক্ষয়ঃ। 'সর্ব্বং পাপ্মানং তরতি তরতি ব্রহ্মহত্যাং যোঽশ্বমেধেন যজতে য উ চৈনমেবং বেদ' ইত্যাদি শ্রুতিস্মৃতিভ্যঃ। যত্তূক্তং নৈমিত্তিকানি প্রায়শ্চিত্তানি ভবিষ্যন্তীতি তদসৎ। দোষসংযোগেন চোদ্যমানানামেষাং দোষনিদ্রুতিফলসম্ভবে ফলান্তরকল্পনানুপপত্তেঃ। যৎপুনরেতদুক্তং ন প্রায়শ্চিত্তবৎ

বার্থমনুবদন্তো যথা পুরুষপলাশ ইত্যাদয়ো ব্যপদেশাঃ সমবেতার্থাঃ সন্তো ন স্তুতিমাত্রতয়া কথঞ্চিদ্ব্যাখ্যানমর্হন্তি। ননূক্তং সম্ভবিষ্যতি সাবস্থা জীবাত্মনো

সাধারণভাবে অভিহিত। ভোগই কর্ম্মের ফল, সুতরাং বিনা ভোগে কর্ম্মের বিনাশ নাই, এই ব্যাপক বা সামান্য শাস্ত্র প্রায়শ্চিত্ত বিধায়ক বিশেষ শাস্ত্রের দ্বারা সঙ্কুচিত সুতরাং প্রায়শ্চিত্তাদির দ্বারাও পাপ বিনাশ স্বীকৃত হয়। প্রায়শ্চিত্তাদির দ্বারা পাপ নিবৃত্তি হওয়ার প্রমাণ এই— "যে অশ্বমেধ যজ্ঞ করে এবং যে জ্ঞানী সে সর্ব্বপাপ উত্তীর্ণ ও ব্রহ্মহত্যা পাপ উত্তীর্ণ হয়।" [যত্তূক্তং পত্তেঃ] প্রায়শ্চিত্ত সকল নৈমিত্তিক অর্থাৎ আগন্তুক কারণে বিহিত। যেমন পুত্রজন্ম কারণে জাতেষ্টি ও গৃহদাহ কারণে ক্ষামবতী ইষ্টি (যাগ), সেইরূপ। সুতরাং সে সকলের দ্বারা পাপ বিনাশ সম্ভাবনা নাই, এ অভিপ্রায় সাধু নহে। কারণ, পাপসংযোগেই প্রায়শ্চিত্তের বিধান, সুতরাং পাপবিনাশ ফলের সম্ভাবনা থাকিতে ফলান্তর কল্পনা (অনুমান) অন্যায্য। [যৎ পুনরেতদুক্তং ..সিদ্ধিঃ] পাপক্ষয় উদ্দেশে প্রায়শ্চিত্তেরই বিধান দৃষ্ট হয়, কিন্তু উপাসনার বিধান দৃষ্ট হয় না, এ কথার প্রত্যুত্তরে আমরা বলি, সগুণ উপাসনার বিধান দৃষ্ট হয়। সেই সেই সগুণ-উপাসনা বাক্যের শেষভাগে উপাসকের ঐশ্বর্য্যলাভ ও পাপক্ষয় হওয়ার কথা লিখিত আছে। তাহা যে বিবক্ষিত নহে, এমন কথা বলিতে পার না। বলিবার কারণও নাই। সুতরাং নিশ্চয় হয়, অগ্রে পাপক্ষয় পরে ঐশ্বর্য্যাগম সেই সেই উপাসনার অবশ্যম্ভাবী ফল। অসম্ভব বলিয়া নির্গুণ উপাসনার বিধান নাই সত্য; কিন্তু না থাকিলেও তাহাতে আপনার নির্গুণতা ও নিষ্ক্রিয়তা সাক্ষাৎকার হওয়ায় সমুদায় সঞ্চিত কর্ম্ম

দোষক্ষয়োদ্দেশেন বিদ্যাবিধানমস্তীতি। অত্র ব্রূমঃ। সগুণাসু তাবদ্বিদ্যাসু বিদ্যত এব বিধানম্। তাসু চ বাক্যশেষে ঐশ্বর্য্যপ্রাপ্তিঃ পাপনিবৃত্তিশ্চ বিদ্যাবত উচ্যতে। তয়োশ্চাবিবক্ষাকারণং নাস্তীত্যতঃ পাপ্মপ্রহাণপূর্ব্বকৈশ্বর্য্যপ্রাপ্তিস্তাসাং ফলমিতি নিশ্চীয়তে। নির্গুণায়াস্তু বিদ্যায়াং যদ্যপি বিধানং নাস্তি তথাপ্যকর্ত্রাত্মবোধাৎ কর্ম্মপ্রদাহসিদ্ধিঃ। অশ্লেষ ইতি চাগামিষু কর্ম্মসু কর্ত্তৃত্বমেব ন প্রতিপদ্যতে ব্রহ্মবিদিতি দর্শয়তি। অতিক্রান্তেষু তু যদ্যপি মিথ্যাজ্ঞানাৎ

যস্যাং পর্য্যায়েণোপভোগাদ্বা যোগর্দ্ধেঃ প্রভাবতো যুগপন্নৈকবিধকায়নির্ম্মাণেনাপর্য্যায়েণোপভোগাদ্বা জন্তুঃ কর্ম্মাণি ক্ষপয়িত্বা মোক্ষী সম্পৎস্যত ইত্যত

দগ্ধ হইয়া যায়। [অশ্লেষ · স্যাৎ] যেমন আত্মযাথার্থ্যজ্ঞানে সঞ্চিত কর্ম্মের বিনাশ সিদ্ধ হয় তেমনি ভবিষ্যৎ কর্ম্মের অশ্লেষ (ভবিষ্যতে কর্ম্মলিপ্ত না হওয়া) হইয়া থাকে। তাহার কারণ, ব্রহ্মজ্ঞান হইলে সে কোনও কর্ম্মে আপনার কর্ত্তৃত্ব অনুভব করে না, সুতরাং কর্ত্তৃত্ব অনুভব না করায় তাহার স্বভাবপ্রবৃত্ত যাদৃচ্ছিক কর্ম্ম সকল পুণ্যপাপ উৎপাদনে সমর্থ হয় না। জ্ঞানোৎপত্তির পূর্ব্বে তৎকর্ত্তৃক যে সকল কর্ম্ম অনুষ্ঠিত হইয়াছিল সে সকল কর্ম্মে তাহার সম্পূর্ণ কর্ত্তৃত্বভ্রম ছিল এবং তাহাতে তাহার শুভাশুভ অদৃষ্ট উৎপন্ন ও সঞ্চিত হইয়াছিল, কিন্তু ইদানীং জ্ঞানোৎপত্তি হওয়ায় জ্ঞানের সামর্থ্যে তাহার সে ভ্রম অপগত হওয়ায় সে সকল অদৃষ্টও লয়প্রাপ্ত হইয়াছে। এই দুই রহস্য (তথ্য) বুঝাইবার জন্য সূত্রকার ব্যাস অশ্লেষ ও বিনাশ এই দুই শব্দ প্রয়োগ করিয়াছেন। জ্ঞানী জ্ঞানোৎপত্তির পূর্ব্বে সম্পূর্ণ আত্মবিস্মৃত ছিলেন, আপনাকে কর্ত্তা ভোক্তা বলিয়া জানিতেন, ইদানীং জ্ঞান হওয়ায় তাহার সম্পূর্ণ বিপরীত হইয়াছেন। এখন তিনি আপনাকে ত্রৈকালিক অকর্ত্তা অভোক্তা বলিয়া জানিতেছেন। ভূত ভবিষ্যৎ বর্ত্তমান এই তিন্ কালের কোনও কালে আমি কর্ত্তা ভোক্তা নহি এবং সচ্চিদানন্দ নিত্য নির্ব্বিকার ব্রহ্মই আমি, এইরূপ অনুভব করিতেছেন। এবম্প্রকার অনুভবের সামর্থ্যেই তাদৃশ ব্রহ্মাত্মজ্ঞানীর মোক্ষ উপপন্ন হয়। জ্ঞানে যদি কালকালান্তরের জন্মজন্মান্তরের সঞ্চিত কর্ম্মাপূর্ব্ব (পুণ্যপাপ) ক্ষয়প্রাপ্ত না হইত

কর্ত্তৃত্বং প্রতিপেদ ইব তথাপি বিদ্যাসামর্থ্যাৎ মিথ্যাজ্ঞাননিবৃত্তেস্তান্যপি প্রলীয়ন্ত ইত্যাহ বিনাশ ইতি। পূর্ব্বপ্রসিদ্ধকর্ত্তৃত্বভোক্তৃত্বস্বরূপবিপরীতং হি ত্রিষ্বপি কালেষ্বকর্ত্তৃত্বাভোক্তৃত্বস্বরূপং ব্রহ্মাহমস্মি নেতঃ পূর্ব্বমপি কর্ত্তা ভোক্তা বাঽহমাসং নেদানীং নাপি ভবিষ্যতি কাল ইতি ব্রহ্মবিদবগচ্ছতি। এবমেব চ মোক্ষ উপপদ্যতে। অন্যথা হ্যনাদিকালপ্রবৃত্তানাং কর্ম্মণাং ক্ষয়াভাবে মোক্ষাভাবঃ স্যাৎ। ন চ দেশকালনিমিত্তাপেক্ষো মোক্ষঃ কর্ম্মফলবৎ ভবিতুমর্হতি। অনিত্যত্বপ্রসঙ্গাৎ পরোক্ষত্বানুপপত্তেশ্চ জ্ঞানফলস্য। তস্মাৎ ব্রহ্মাধিগমে দুরিতক্ষয় ইতি স্থিতম্ ॥ ১৩ ॥

আহ "এবমেব চ মোক্ষ উপপদ্যতে" ইতি। অনাদিকালপ্রবৃত্তা হি কর্ম্মাশয়া অনিয়তকালবিপাকাঃ ক্রমবতা তাবৎ ভোগেন ক্ষেতুমশক্যাঃ। ভুঞ্জানঃ খল্বয়মপরানপি সঞ্চিনোতি কর্ম্মাশয়ানিতি নাপ্যপর্য্যায়মুপভোগেনাসক্তঃ কর্ম্মান্তরাণ্যসঞ্চিন্বানঃ ক্ষেষ্যতীতি সাম্প্রতম্। কল্পশতানি ক্রমকালভোগ্যানাং সম্প্রতি ভোক্তুমসামর্থ্যাৎ দীর্ঘকালফলানি চ কর্ম্মাণি কথমেকপদে ক্ষেষ্যন্তি। তস্মাৎ নান্যথা মোক্ষসম্ভবঃ। ননু সৎস্বপি কর্ম্মাশয়ান্তরেষু সুখদুঃখফলেষু মোক্ষফলত্বাৎ কর্ম্মণঃ সমুদাচরতো ব্রহ্মভাবমনুভূয়ার্থলব্ধবিপাকানাং কর্ম্মান্তরাণাং ফলানি ভোক্ষ্যন্ত ইত্যত আহ "ন চ দেশকালনিমিত্তাপেক্ষঃ"ইতি। ন হি কার্য্যঃ সন্ মোক্ষো মোক্ষো ভবিতুমর্হতি ব্রহ্মভাবো হি সঃ। ন চ ব্রহ্ম ক্রিয়তে নিত্যত্বাদিত্যর্থঃ। "পরোক্ষত্বানুপপত্তেশ্চ জ্ঞানফলস্য।" জ্ঞানফলং খলু মোক্ষোঽভ্যুপেয়তে। জ্ঞানস্য চানন্তরভাবিনি জ্ঞেয়াদিব্যক্তিঃ ফলং সৈবাবিদ্যোচ্ছেদমাদধতী ব্রহ্মস্বভাবস্বরূপাবস্থানলক্ষণায় মোক্ষায় কল্পতে। এবং হি দৃষ্টার্থতা জ্ঞানস্য স্যাৎ। অপূর্ব্বাধানপরম্পরয়া জ্ঞানস্য মোক্ষফলে কল্প্যমানে জ্ঞানস্য পরোক্ষফলত্বমদৃষ্টার্থত্বং ভবেৎ। ন চ দৃষ্টে সম্ভবত্যদৃষ্টকল্পনা যুক্তেত্যর্থঃ। তস্মাদ্ব্রহ্মাধিগমে ব্রহ্মজ্ঞানে সত্যদ্বৈতসিদ্ধৌ দুরিতক্ষয় ইতি সিদ্ধম্।

তাহা হইলে কস্মিন্ কালেও মোক্ষ হইত না। এবং মোক্ষশাস্ত্র প্রলাপতুল্য হইত। [ন চ…স্থিতম্] মোক্ষ কর্ম্মফল স্বর্গাদির সমনিয়মান্বিত নহে। কর্ম্মফল স্বর্গাদি যেমন দেশকালাদির অধীন, জ্ঞানফল মোক্ষ সেরূপ নহে। তাহাতে অনিত্যতা দোষ ও অপরোক্ষতার ব্যাঘাত আছে। মোক্ষ যে

ইতরস্যাপ্যেবমসংশ্লেষঃ পাতে তু ॥ ১৪ ॥*

পূর্ব্বস্মিন্নধিকরণে বন্ধহেতোরঘস্য স্বাভাবিকস্যাশ্লেষবিনাশৌ জ্ঞাননিমিত্তৌ শাস্ত্রব্যপদেশান্নিরূপিতৌ। ধর্ম্মস্য পুনঃ শাস্ত্রীয়ত্বাৎ শাস্ত্রীয়েণ জ্ঞানেনাবিরোধ ইত্যাশঙ্ক্য তন্নিরাকরণায় পূর্ব্বাধিকরণন্যায়াতিদেশঃ ক্রিয়তে। ইতরস্যাঽপি পুণ্যস্য কর্ম্মণ এবমঘবদসংশ্লেষো বিনাশশ্চ জ্ঞানবতো ভবতঃ। কুতঃ। তস্যাঽপি স্বফলহেতুত্বেন জ্ঞানফলপ্রতিবন্ধিত্বপ্রসঙ্গাৎ। 'উভে

---

* অধর্ম্মস্য স্বাভাবিকত্বেন রাগাদিনিবন্ধনত্বেন শাস্ত্রীয়েণ ব্রহ্মজ্ঞানেন প্রতিবন্ধো যুক্তঃ। ধর্ম্মজ্ঞানয়োস্তু শাস্ত্রীয়ত্বেন জ্যোতিষ্টোমদর্শপৌর্ণমাসবদবিরোধান্নোচ্ছেদ্যোচ্ছেত্তৃভাবো যুজ্যতে। পাপ্মনশ্চ বিশেষতো ব্রহ্মজ্ঞানোচ্ছেদ্যত্বশ্রুতের্ধর্ম্মস্য ন তদুচ্ছেদ্যত্বম্। বিশেষবিধানস্য শেষপ্রতিষেধনান্তরীয়কত্বেন লোকতঃ সিদ্ধেঃ। যথা দেবদত্তো দক্ষিণেক্ষা পশ্যতীত্যুক্তে ন বামেন পশ্যতীতি

নিত্যাপরোক্ষ তাহা শ্রুতিপ্রমাণে সিদ্ধ। অতএব, ব্রহ্মাত্মজ্ঞান হইলে পাপ থাকে না, তাহা সমূলে উন্মূলিত হয়, ইহাই স্থিরতর সিদ্ধান্ত।

পূর্ব্ব বিচারে শাস্ত্রীয় উল্লেখ অনুসারে সিদ্ধান্তিত বা নিরূপিত হইল যে, জ্ঞান হইলে সংসারবন্ধনের কারণ সঞ্চিত পাপের বিনাশ ও আগামী পাপের অশ্লেষ (অস্পর্শ) হয়। পুণ্যের অবস্থা কি হয় তাহা তাহাতে জানা যায় নাই। সে জন্য আশঙ্কা হয়, পুণ্যও শাস্ত্রীয়, জ্ঞানও শাস্ত্রীয়, সুতরাং পুণ্যের সহিত জ্ঞানের নাশ্যনাশকভাব না থাকিতেও পারে। অর্থাৎ জ্ঞান হইলে পুণ্য বিনাশ না হইতেও পারে। সূত্রকার ব্যাস ঐ আশঙ্কা দূরীকরণার্থ পূর্ব্বসিদ্ধান্তের অতিদেশ করিয়াছেন—জ্ঞান হইলে পাপের অশ্লেষ বিনাশের ন্যায় পুণ্যেরও অশ্লেষ বিনাশ হয়। কারণ এই যে, পুণ্যও ভোগের উৎপাদক, সে বিধায় তাহাও জ্ঞানফল মোক্ষের প্রতিবন্ধক। ফলিতার্থ এই যে, পুণ্যক্ষয় ব্যতীত মোক্ষলাভ অসম্ভব হইয়া পড়ে; সে জন্য তাহারও বিনাশ স্বীকার্য্য। [উভে...প্রয়োগাৎ]

---

* ইতরস্য পাপাদন্যস্য পুণ্যস্য অপি এবং পাপস্যেবাশ্লেষো বিদুষো ভবতি। অশ্লেষ ইত্যুপলক্ষণং বিনাশোঽপি ভবতি। ফলহেতুত্বেন প্রতিবন্ধকত্বসাম্যাদিতি ভাবঃ। তু অবধারণে। বিদ্যাসামর্থ্যাৎ পাপপুণ্যয়োরশ্লেষবিনাশসিদ্ধের্ব্বিদ্যাবতঃ শরীরপাতানন্তরং মুক্তিরবশ্যম্ভাবিনীতি যোজনা।—জ্ঞানের সামর্থ্যে যেমন পাপের বিনাশ ও অস্পর্শ সংঘটন হয় তেমনি পুণ্যেরও বিনাশ ও অস্পর্শ হয়। পাপপুণ্য উভয়ের অভাব হওয়ায় জ্ঞানীর বিদেহকৈবল্য অবশ্যম্ভাবী।

উ হৈবৈষ এতেন তরতি' ইত্যাদিশ্রুতিষু দুষ্কৃতবৎ সুকৃতস্যাপি প্রণাশব্যপদেশাৎ অকর্ত্রাত্মবোধনিমিত্তস্য চ কর্ম্মক্ষয়স্য সুকৃতদুষ্কৃতয়োস্তুল্যত্বাৎ 'ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি' ইতি চাবিশেষ শ্রুতেঃ। যত্রাপি কেবল এব পাপ্মশব্দঃ পঠ্যতে তত্রাপি তেনৈব পুণ্যমপ্যাকলিতমিতি দ্রষ্টব্যম্। জ্ঞানাপেক্ষয়া নিকৃষ্টফলত্বাৎ। অস্তি চ শ্রুতৌ পুণ্যেঽপি পাপ্মশব্দঃ 'নৈনং সেতুমহোরাত্রে তরতঃ' ইত্যত্র সহ দুষ্কৃতেন সুকৃতমপ্যনুক্রম্য 'সর্ব্বে পাপ্মানোঽতো নিবর্ত্তন্ত' ইত্যবিশেষেণৈব

গম্যতে। উভে হ্যেবৈষ এতে তরতীতি চ যথাসম্ভবং ব্রহ্মজ্ঞানেন দুষ্কৃতং ভোগেন সুকৃতমিতি। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণীতি চ সামান্যবচনং সর্ব্বে পাপ্মান ইতি বিশেষশ্রবণাৎ পাপকর্ম্মাণীতি বিশেষ উপসংহরণীয়ম্। তস্মাৎ ব্রহ্মজ্ঞানাৎ দুষ্কৃতস্যৈব ক্ষয়ো ন সুকৃতস্যেতি প্রাপ্তে পূর্ব্বাধিকরণবাদ্ধান্তোঽতিদিশ্যতে। নো খলু ব্রহ্মবিদ্যা কেনচিদদৃষ্টেন দ্বারেণ দুষ্কৃতমপনয়ত্যপি তু দৃষ্টেনৈব ভোক্তৃভোক্তব্যভোগাদিপ্রবিলয়দ্বারেণ তচ্চৈতত্তুল্যং সুকৃতেঽপীতি কথমেতদপি নোচ্ছিন্দ্যাৎ। এবঞ্চ সতি ন শাস্ত্রীয়ত্বসাম্যমাত্রমবিরোধহেতুঃ। ন হি প্রত্যক্ষত্বসামান্যমাত্রাদবিরোধো জলানলাদীনাম্। ন চ সুকৃতশাস্ত্রমনর্থকমব্রহ্মবিদং প্রতি তদ্বিধেরর্থবত্ত্বাৎ। এবমবস্থিতে চ পাপ্মশ্রুত্যা পুণ্যমপি গৃহীতব্যম্। ব্রহ্মজ্ঞানমপেক্ষ্য পুণ্যস্য নিকৃষ্টফলত্বাৎ। তৎ ফলং হি ক্ষয়াতিশয়বৎ।

"এই জ্ঞানী পাপ ও পুণ্য এই উভয় হইতে উত্তীর্ণ হন।" ইত্যাদি শ্রুতিতে দুষ্কৃত কর্ম্মের বিনাশের ন্যায় সুকৃত কর্ম্মেরও বিনাশ অভিহিত হইয়াছে। এ বিষয়ে যুক্তিও আছে। যুক্তি এই যে, আত্মার অকর্ত্তৃভাব সাক্ষাৎকার হইলে তন্নিবন্ধন যে কর্ম্মক্ষয় ঘটনা হয় সে ঘটনা সুকৃত দুষ্কৃত উভয়ত্রই সমান। (ভাবার্থ এই যে, সুকৃতও কর্ম্ম, দুষ্কৃতও কর্ম্ম, সুতরাং কর্ম্মক্ষয় শব্দে উক্ত উভয়ের লাভ অবশ্যম্ভাবী)। "এই জ্ঞানীর সমুদায় কর্ম্ম ক্ষয়প্রাপ্ত হয়" ইত্যাদি শ্রুতিতেও অবিশেষে কর্ম্মক্ষয় হওয়ার উল্লেখ দৃষ্ট হয়, কেবল দুষ্কর্ম্মেরই ক্ষয় হয়, এরূপ নির্দ্দিষ্ট নির্দ্দেশ দৃষ্ট হয় না। যে সকল শ্রুতিতে নির্দ্দিষ্ট নির্দ্দেশ অর্থাৎ স্পষ্ট পাপশব্দের উল্লেখ দৃষ্ট হইবে সে সকল শ্রুতিতেও পুণ্যশব্দের সংগ্রহ করিতে হইবেক। কারণ, পুণ্যও জ্ঞানফল মোক্ষের প্রতিবন্ধক ও জ্ঞান অপেক্ষা নিকৃষ্ট। শ্রুতিতেও পুণ্যের উপর পাপশব্দের প্রয়োগ আছে। যথা—"দিবা ও রাত্রি এই দুই 'সেতু (মর্য্যাদা) ইহাকে

প্রকৃতেষু পাপ্মশব্দপ্রয়োগাৎ। পাতে ত্বিতি তু শব্দোঽবধারণার্থঃ। এবং ধর্ম্মাধর্ম্ময়োর্ব্বন্ধহেত্বোর্ব্বিদ্যাসামর্থ্যাদশ্লেষবিনাশসিদ্ধেরবশ্যম্ভাবিনী বিদুষঃ শরীরপাতে মুক্তিরিত্যবধারয়তি ॥ ১৪ ॥

অনারব্ধকার্য্যে এব তু পূর্ব্বে তদবধেঃ ॥ ১৫ ॥*

পূর্ব্বয়োরধিকরণয়োর্জ্ঞাননিমিত্তঃ সুকৃতদুষ্কৃতয়োর্ব্বিনাশোঽবধারিতঃ। স কিমবিশেষেণারব্ধকার্য্যয়োরনারব্ধকার্য্যয়োশ্চ ভবত্যুত বিশেষেণারব্ধকার্য্যয়োরেবেতি বিচার্য্যতে।

ন হ্যেবং মোক্ষোনিরতিশয়ত্বান্নিত্যত্বাচ্চ। দৃষ্টপ্রয়োগশ্চায়ং পাপ্মশব্দো বেদে পুণ্যপাপয়োঃ। তদ্‌যথা পুণ্যপাপে অনুক্রম্য সর্ব্বে পাপ্মানোঽতো নিবর্ত্তন্ত ইত্যত্র। তস্মাদবিশেষেণ পুণ্যপাপয়োরশ্লেষবিনাশাবিতি সিদ্ধম্।

যদ্যদ্বৈতজ্ঞানস্বভাবালোচনয়োত্তরপূর্ব্বসুকৃতদুষ্কৃতযোরশ্লেষবিনাশৌ হন্ত আরব্ধানারব্ধকার্য্যযোশ্চাবিশেষেণৈব বিনাশঃ স্যাৎ। কর্ত্তৃকর্ম্মাদিপ্রবিলয়স্যো-

---

(কর্ম্মকে) অতিক্রম করিতে পারে না।" এতৎপ্রস্তাবে দুষ্কৃতের সহিত সুকৃতের আকর্ষণ করতঃ অবশেষে "ইহাতেই সমুদায় পাপ লয়প্রাপ্ত হয়" ইত্যাদি প্রকারে প্রস্তাবিত পুণ্যের উদ্দেশেও পাপশব্দ প্রয়োজিত হইয়াছে। [পাতে...ধারয়তি] তু-শব্দের অর্থ অবধারণ অর্থাৎ নিশ্চয়। সংসারবন্ধনের কারণীভূত ধর্ম্ম ও অধর্ম্ম বিদ্যার সামর্থ্যে অশ্লেষ ও বিনাশ প্রাপ্ত হয় সুতরাং দেহ পাতের পর জ্ঞানীর মোক্ষ অবধারিত ও অবশ্যম্ভাবী।

পর পর দুই বিচারে অবধারিত হইয়াছে, জ্ঞান হইলে সুকৃত দুষ্কৃত উভয়ই ক্ষয়প্রাপ্ত হয়। কিন্তু সঞ্চিত ক্ষয় হয় কি প্রারব্ধ ক্ষয় হয় কি অবিশেষে সর্ব্বকর্ম্ম ক্ষয়প্রাপ্ত হয় তাহা অবধারিত হয় নাই। সেইজন্য এই ১৫ সূত্রে তাহার অবধারণার্থ বিচার আরব্ধ হইল। "এই জ্ঞানী সুকৃত

---

* অনারব্ধং অপ্রবৃত্তং কার্য্যং ফলং যয়োস্তাদৃশে এব সুকৃতদুষ্কৃতে তত্ত্বজ্ঞানাৎ ক্ষীয়েতে নত্বারব্ধফলে। হেতুমাহ তদিতি। তস্য দেহপাতাবধিত্বোক্তত্বাদিত্যর্থঃ।—পূর্ব্বকৃত যে সকল কর্ম্ম ফল দিতে আরম্ভ করে নাই, মাত্র সংস্কাররূপে সঞ্চিত আছে এবং যে সকল কর্ম্ম এতৎ শরীরে সঞ্চিত হইয়াছে, সেই সকল কর্ম্ম তত্ত্বজ্ঞান হইলে দগ্ধ হইয়া যায় অর্থাৎ সে সকল আর সুখদুঃখাদি সংসারফল প্রসব করে না। কিন্তু যে সকল কর্ম্ম এতজ্জন্ম জন্মাইয়া এতজ্জন্মযোগ্য ভোগ দিতে আরম্ভ করিয়াছে, সে সকল তত্ত্বজ্ঞানে দগ্ধ হয় না। সেই জন্য এতজ্জন্ম ও এতজ্জন্মানুরূপ ভোগ সমাপ্ত না হওয়া পর্য্যন্ত জ্ঞানফল মোক্ষ অবরুদ্ধ থাকে।

তত্র 'উভে উ হৈবৈষ এতেন তরতি' ইত্যেবমাদিশ্রুতিষ্বধিশেষশ্রবণাদবিশেষেণৈব ক্ষয় ইত্যেবং প্রাপ্তে প্রত্যাহ—অনারব্ধকার্য্যে এব ত্বিতি। অপ্রবৃত্তে ফলে এব পূর্ব্বে জন্মান্তরসঞ্চিতে অস্মিন্নপি চ জন্মনি প্রাক্ জ্ঞানোৎপত্তেঃ সঞ্চিতে সুকৃতদুষ্কৃতে জ্ঞানাধিগমাৎ ক্ষীয়েতে ন ত্বারব্ধকার্য্যে সামিভুক্তফলে যাভ্যামেতৎ ব্রহ্মজ্ঞানায়তনং জন্ম নির্ম্মিতম্। কুত এতৎ। 'তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যে' ইতি শরীর-

---

ভয়ত্রাবিশেষাৎ। তন্নিবন্ধনত্বাচ্চ বিনাশস্য। ন চ সংস্কারশেষাৎ কুলালচক্রভ্রমণবদনুবৃত্তিঃ। বস্তুনঃ খল্বনুবৃত্তিঃ। মায়াবাদিনশ্চ পুণ্যপাপয়োশ্চ মায়ামাত্রবিনির্ম্মিতত্বেন মায়ানিবৃত্তৌ ন পুণ্যাপুণ্যে ন তৎসংস্কারোবস্তুসন্তীতি কস্যানুবৃত্তিঃ। ন চ রজ্জৌ সর্পাদিবিভ্রমজনিতা ভয়কম্পাদয়ো নিবৃত্তেঽপি বিভ্রমে যথানুবর্ত্তন্তে তথেহাপীতি যুক্তম্। তত্রাপি সর্পাসত্ত্বেঽপি তজ্জ্ঞানস্য সত্ত্বে তজ্জনিতভয়কম্পাদীনাং তৎসংস্কারাণাঞ্চ বস্তুসত্ত্বেন নিবৃত্তেঽপি বিভ্রমেঽনিবৃত্তেঃ। অত্র তু ন মায়া ন তজ্জঃ সংস্কারো ন তদ্গোচর ইতি তুচ্ছত্বাৎ কিমনুবর্ত্তেত। ন সংস্কারশেষো ন কর্ম্মেত্যবিশেষেণারব্ধকার্য্যাণামনারব্ধকার্য্যাণাঞ্চ নিবৃত্তিঃ। ন চ তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যেঽথ সম্পৎস্যত ইতি

দুষ্কৃত উভয় হইতে উত্তীর্ণ হয়" এতৎ শ্রুতিতে সামান্যতঃ পুণ্যপাপ ক্ষয়ের শ্রবণ থাকায় প্রথমতঃ প্রাপ্ত হওয়া যায়, আরব্ধ অনারব্ধ সমুদায় কর্ম্মই অবিশেষে ক্ষয়প্রাপ্ত হয়। এই আপাত প্রাপ্ত পক্ষের বা সংশয়িত জ্ঞানের সিদ্ধান্তার্থ বলা হইল—অনারব্ধ অর্থাৎ সঞ্চিত কর্ম্মই ক্ষয়প্রাপ্ত হয়। [অপ্রবৃত্তে...নাচক্ষীত] অনারব্ধকার্য্য অর্থাৎ অপ্রবৃত্তফল। যে সকল শুভাশুভ কর্ম্ম ভোগ জন্মাইতে আরম্ভ করে নাই, সঞ্চিত আছে, তুষ্ণীম্ভাবে আছে, তাহা। জ্ঞান হইলে জন্মান্তরসঞ্চিত ও এতজ্জন্মসঞ্চিত তাদৃশ শুভাশুভ কর্ম্ম ক্ষয়প্রাপ্ত হয়, অর্দ্ধভুক্ত আরব্ধকর্ম্ম অক্ষুণ্ণ থাকে। অর্থাৎ যে সকল কর্ম্ম ফল দিতে আরম্ভ করিয়াছে, শরীর জন্মাইয়াছে, সুতরাং কিয়ৎ পরিমাণে ভোগও হইয়াছে, জ্ঞান হইলেও সে সকল কর্ম্ম নষ্ট হয় না। তাহা ভোগ শেষ না হওয়া পর্য্যন্ত থাকে। কারণ, শ্রুতি তাহা সেইরূপ সীমাবধারণ করিয়া বুঝাইয়া দিয়াছেন। শ্রুতি বলিয়াছেন, "জ্ঞান হইলেও মুক্ত হইতে তাহার সেই পর্য্যন্ত বিলম্ব—যে পর্য্যন্ত তাহার শরীর পাত না হয়। শরীর পাতের পরেই তাহার ব্রহ্মসম্পত্তি অর্থাৎ মোক্ষ হয়।" এই শ্রুতিতে ক্ষেমপ্রাপ্তির

পাতাবধিকরণাৎ ক্ষেমপ্রাপ্তেঃ। ইতরথা হি জ্ঞানাদশেষ-কর্ম্মক্ষয়ে সতি স্থিতিহেত্বভাবাৎ জ্ঞানপ্রাপ্ত্যনন্তরমেব ক্ষেম-মশ্নুবীত তত্র শরীরপাতপ্রতীক্ষাং নাচক্ষীত। ননু বস্তুবলেনৈ-বায়মকর্ত্রাত্মবোধঃ কর্ম্মাণি ক্ষপয়ন্ কথং কানিচিৎ ক্ষপয়েৎ কানিচিচ্চোপেক্ষেৎ। ন হি সমানেঽগ্নিবীজসম্পর্কে কেষা-ঞ্চিদ্বীজশক্তিঃ ক্ষীয়তে কেষাঞ্চিন্ন ক্ষীয়ত ইতি শক্যমঙ্গীকর্ত্তু-

---

শ্রুতের্দ্দেহপাতপ্রতীক্ষাবদ্ধকার্য্যাণাং যুক্তা। ন হ্যেষা শ্রুতিববধিভেদবিধায়ি-পি তু ক্ষিপ্রতাপরা। যথা লোক এতাবন্মে চিরং যৎ স্নাতো ভুঞ্জানশ্চেতি। ন হি তত্র স্নানভোজনে অবধিত্বেন বিধীয়েতে কিন্তু ক্ষেপীয়স্তা প্রতিপাদ্যতে। উভয়বিধানে হি বাক্যং ভিদ্যেতাবধিভেদশ্চিরতা চ। ইতি প্রাপ্তেঽভিধি-য়তে। যদ্যপ্যদ্বৈতব্রহ্মতত্ত্বসাক্ষাৎকারোঽনাদ্যবিদ্যোপদর্শিতপ্রপঞ্চমাত্রবিরো-ধিতয়া তন্মাত্রবিরোধিতয়া তন্মধ্যপতিতসকলকর্ম্মবিরোধী তথাপ্যনারব্ধবিপাকং কর্ম্মজাতং দ্রাগিত্যেব সমুচ্ছিনত্তি ন ত্বারব্ধবিপাকং সম্পাদিতজাত্যায়ুর্ব্বিততপূ-র্ব্বাপরীভূতসুখদুঃখোপভোগপ্রবাহং কর্ম্মজাতম্। তদ্ধি সমুদাচরদ্বৃত্তিতয়েতরে-ভ্যঃ প্রসুপ্তবৃত্তিভ্যো বলবৎ। অন্যথা দেবর্ষীণাং হিরণ্যগর্ভমনূদ্দালকপ্রভৃতীনাং বিগলিতনিখিলক্লেশজালাবরণতয়া পরিতঃ প্রদ্যোতমানবুদ্ধিসত্ত্বানাং ন জ্যোগ্-

---

(মুক্তিলাভের) সীমা শরীরের পতন। যাবৎ না শরীরের পতন হয়, শারীর ভোগ সমাপ্ত হয়, তাবৎ শরীরারম্ভক ভুক্তাবশিষ্ট পুণ্যপাপ থাকে, দাহপ্রাপ্ত হয় না। ভোগেই তাহার সমাপ্তি বা ক্ষয়। জ্ঞান হইলে যদি প্রারব্ধও ক্ষয়প্রাপ্ত হইত তাহা হইলে জ্ঞানী শরীরস্থিতির কারণ না থাকায় সেই মুহূর্ত্তেই অশরীর বা মুক্ত হইত এবং শ্রুতিও শরীর পাত প্রতীক্ষার কথা বলিতেন না। [ননু...এব] যদি বল, অকর্ত্তৃব্রহ্মাত্মজ্ঞান আপন বলে কর্ম্ম বিনাশ করিবেক, অথচ কোন কোন কর্ম্ম বিনাশ করিবেক ও কোন কোন কর্ম্ম বিনাশ করিবেক না ইহা কিরূপে সঙ্গত হইতে পারে? অগ্নিবীজসম্বন্ধ সমান হইলে সে স্থলে কি কতক বীজের অঙ্কুরশক্তি থাকে ও কতক বীজের অঙ্কুরশক্তি নষ্ট হয়? তাহা হয় না। ইহার প্রত্যুত্তর এই যে, তত্ত্বজ্ঞান প্রবৃত্তফল কর্ম্মাশয় (ফল দিতে আরম্ভ করিয়াছে, অর্থাৎ শরীর জন্মাইয়াছে এরূপ কর্ম্মাশয়) অবলম্বন ব্যতীত উৎপন্ন হইতে পারে না। কর্ম্মাশয়ের নিয়ম এই যে, সে ফল দিতে প্রবৃত্ত হইলে শীঘ্র প্রতিনিবৃত্ত হয় না। কুলালচক্র সবেগে ঘুরিতে প্রবৃত্ত হইলে মধ্যে যদি

মিতি। উচ্যতে। ন তাবদনাশ্রিত্যারব্ধকার্য্যং কর্ম্মাশয়ং জ্ঞানোৎপত্তিরুপপদ্যতে। আশ্রিতে চ তস্মিন্ কুলালচক্রবৎ প্রবৃত্তবেগস্যাঽন্তরালে প্রতিবন্ধাসম্ভবাদ্ভবতি বেগক্ষয়প্রতিপালনম্। অকর্ত্রাত্মবোধোঽপি হি মিথ্যাজ্ঞানবাধনেন কর্ম্মাণ্যুচ্ছিনত্তি। বাধিতমপি মিথ্যাজ্ঞানং দ্বিচন্দ্রাদিজ্ঞানবৎ সংস্কারবশাৎ কঞ্চিৎ কালমনুবর্ত্তত এব। অপি চ নৈবাত্র বিবদিতব্যং ব্রহ্মবিদঃ কঞ্চিৎ কালং শরীরং ধ্রিয়তে ন ধ্রিয়ত ইতি। কথং হ্যেকস্য স্বহৃদয়প্রত্যয়ং ব্রহ্মবেদনং দেহধারণঞ্চাপরেণ প্রতিক্ষেপ্তুং শক্যেত। শ্রুতিস্মৃতিষু চ স্থিতপ্রজ্ঞলক্ষণ-

---

জীবিতা ভবেৎ। শ্রূয়তে চৈষাং শ্রুতিস্মৃতীতিহাসপুরাণেষু তত্ত্বজ্ঞতা চ মহাকল্পকল্পমন্বন্তরাদিজীবিতা চ। ন চৈতে মহাধিয়ো ন ব্রহ্মবিদো ব্রহ্মবিদশ্চাল্পপুণ্যমেধসো মনুষ্যা ইতি শ্রদ্ধেয়ম্। তস্মাদাগমানুসারতোঽস্তি প্রারব্ধবিপাকানাং কর্ম্মণাং প্রক্ষয়ায় তদীয়সমস্তফলোপভোগপ্রতীক্ষা সত্যপি তত্ত্বসাক্ষাৎকারে। তাবদেব চিরমিতি ন চিরতা বিধীয়তে অপি তু শ্রুত্যন্তরসিদ্ধাং চিরতামনূদ্য দেহপাতাবধিমাত্রবিধানম্। তদেতদভিসন্ধায়োচিত্যমাত্রতয়াহ স্ম ভগবান্ ভাষ্যকারঃ—"ন তাবদনাশ্রিত্যারব্ধকার্য্যং কর্ম্মাশয়"মিতি। ন চেদং ন জাতু দৃষ্টং যদ্বিরোধিসমবায়ে বিরোধ্যন্তরমনুবর্ত্তত ইত্যাহ—"অকর্ত্রাত্মবোধোঽপী"তি। যদা লোকেঽপি বিরোধিনোঃ কিঞ্চিৎ কালং সহানুবৃত্তিরুপলব্ধা তদ্বেহাগমবলাদ্দীর্ঘকালমপি ভবন্তীতি ন শক্যা নিবারয়িতুম্। প্রমাণসিদ্ধস্য নিয়োগপর্য্যনুযোগানুপপত্তেঃ। তদেবং মধ্যস্থান্ প্রতিপাদ্য যে ভাষ্যকারপ্রাপ্তং মন্যন্তে তান্ প্রত্যাহ—"অপি চ নৈবাত্র বিবদিতব্য"মিতি। স্থিতপ্রজ্ঞশ্চ ন সাধকস্তস্যোত্তরোত্তরধ্যানোৎকর্ষেণ পূর্ব্বপ্রত্যয়ানবস্থিতত্বাৎ। নিরতিশয়স্তু স্থিতপ্রজ্ঞঃ।

বাধা প্রাপ্ত না হয় তাহা হইলে অবশ্যই তাহার ঘূর্ণন বেগক্ষয় না হওয়া পর্য্যন্ত অবস্থান করিবেক। অকর্ত্তৃ ব্রহ্মাত্মজ্ঞানও মিথ্যাজ্ঞান অপসারিত করিয়া কর্ম্মোচ্ছেদ করিলেও চক্রদৃষ্টান্তে বহুকালপ্রবৃত্ত মিথ্যাজ্ঞানের সংস্কার শীঘ্র অপগত হয় না, অধিকন্তু কিয়ৎপরিমিত কাল তাহার অনুবর্ত্তন থাকিয়া যায়। তাই জ্ঞান হইলেও জ্ঞানীর কিয়ৎপরিমিত কাল শরীর ধারণ সম্ভবটন হয়। [অপিচ...নির্ণয়ঃ] ব্রহ্মসাক্ষাৎকার হইলে কিছু কাল শরীর ধারণ হয় কিনা, ইহা লইয়া বিবাদ করিবার প্রয়োজন নাই। জ্ঞান হইলেও শরীর ধারণ হয় ইহা ব্রহ্মজ্ঞের স্বানুভবসিদ্ধ। অন্যে তাহার কি প্রত্যা-

নির্দ্দেশেনৈতদেব নিরুচ্যতে। তস্মাদনারব্ধকার্য্যয়োরেব সুকৃতদুষ্কৃতয়োর্ব্বিদ্যাসামর্থ্যাৎ ক্ষয় ইতি নির্ণয়ঃ ॥ ১৫ ॥

অগ্নিহোত্রাদি তু তৎকার্য্যায়ৈব তদ্দর্শনাৎ ॥ ১৬ ॥*

পুণ্যস্যাপ্যশ্লেষবিনাশয়োরঘন্যায়োঽতিদিষ্টঃ সোঽতিদেশঃ সর্ব্বপুণ্যবিষয় ইত্যাশঙ্ক্য প্রতিবক্তি—অগ্নিহোত্রাদি ত্বিতি। তুশব্দ আশঙ্কামপনুদতি। যন্নিত্যং কর্ম্ম বৈদিকমগ্নিহোত্রাদি তত্তৎকার্য্যায়ৈব ভবতি জ্ঞানস্য যৎ কার্য্যং তদে-

---

স চ সিদ্ধ এব। ন চ জ্ঞানকার্য্যা ভয়কম্পাদয়ো জ্ঞানমাত্রাদনুৎপাদাৎ। সর্ব্বাবচ্ছেদোঽহি তস্য ভয়কম্পাদিহেতুঃ। স চাসন্ননির্ব্বচনীয় ইতি কুতো বস্তুসতঃ কার্য্যোৎপাদঃ। ন চ কার্য্যমপি ভয়কম্পাদি বস্তু সৎ। তস্যাপি বিচারাসহত্বেনানির্ব্বাচ্যত্বাৎ। অনির্ব্বাচ্যাচ্চানির্ব্বাচ্যোৎপত্তৌ নানুপপত্তিঃ। যাদৃশো হি যক্ষস্তাদৃশো বলিরিতি সর্ব্বমবদাতম্।

যদি পুণ্যস্যাপ্যশ্লেষবিনাশৌ হন্ত নিত্যমপ্যগ্নিহোত্রাদি ন কর্ত্তব্যং যোগমারুরুক্ষুণা। তস্যাপীতরপুণ্যবদ্বিদ্যয়া বিনাশাৎ। প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য দূরাদস্পর্শনং বরমিতি ন্যায়াৎ। ন চ বিবিদিষন্তি যজ্ঞেন দানেনেতি মোক্ষলক্ষ-

---

খ্যান করিবে? শ্রুতি ও স্মৃতি স্থিতপ্রজ্ঞের লক্ষণ কথন দ্বারা ঐ তত্ত্বই বলিয়াছেন ও বুঝাইয়াছেন। অতএব, জ্ঞান বলে অপ্রবৃত্তফল পুণ্যপাপের ক্ষয় হওয়াই সিদ্ধান্ত।

পাপের ন্যায় পুণ্যেরও অনাশ্লেষ ও বিনাশ হয় ইহা ১৪ সূত্রে অতিদেশ করা হইয়াছে অর্থাৎ বলা হইয়াছে। তাহাতেই আশঙ্কা—সে অতিদেশ সর্ব্বপুণ্যবিষয়ক কি না। আশঙ্কার প্রতিবাদ অর্থাৎ নিরাকরণ মানসে

---

যথা—"তাঁহারা প্রথমতঃ অর্চ্চিঃ (অর্চ্চিঃ=তেজঃ) সম্পন্ন হন, পরে অর্চ্চিঃ হইতে দিনদেবতায় গমন করেন।" আর একপ্রকার পথ আছে, তাহার নাম দেবযান। যথা—"উপাসক এই দেবযান পথ অবলম্বন করিয়া প্রথমতঃ অগ্নিলোকে আগমন করেন।" অন্য একপ্রকার পথে বায়ুলোকে গমন অভিহিত হইয়াছে। যথা—"উপাসক পুরুষ এ লোক পরিত্যাগ করিয়া প্রথমতঃ বায়ুলোকে গমন করেন।" অন্য এক শ্রুতিতে সূর্য্যলোক গমনের কথাও আছে। যথা—"তাঁহারা সূর্য্যের দ্বারা অর্থাৎ সূর্য্যে সম্ভূত হইয়া তথা হইতে ব্রহ্মলোকে গমন করেন।" [তত্র···পন্থান ইতি] ইত্যাদি ইত্যাদি বিভিন্ন প্রকার পথের শ্রবণ থাকায় সংশয় হয়, ঐ সকল পথ বাস্তবিক বিভিন্ন কি না। শ্রুতি কি বাস্তবিক পৃথক্ ঐ সকল পথ উপদেশ করিয়াছেন? কি একই পথ বিভিন্ন বিশেষণে সেই সেই প্রস্তাবে ব্যক্ত করিয়াছেন? প্রথমতঃ পাওয়া যায়, ঐ সকল পথ বাস্তবিক বিভিন্ন। ঐ সকল ভিন্ন ভিন্ন প্রকরণে কথিত ও ভিন্ন ভিন্ন উপাসনার অঙ্গীভূত (যেমন এক এক উপাসনা উপদিষ্ট হইয়াছে তেমনি সেই সেই উপাসকের উপাসনার ফলস্বরূপ বিভিন্ন গতি ও গন্তব্য পথও কথিত হইয়াছে); সুতরাং উল্লিখিত পথ বাস্তবিক বিভিন্ন। একই পথের ঐ সকল বিশেষণ, এরূপ হইলে "তৈরেব রশ্মিভিঃ" এই অবধারণ ও "যাবৎ—অর্থাৎ যত ক্ষণ তাহার দেহ শ্মশানে নীত হইবে তত ক্ষণ তাহার মন অর্থাৎ সূক্ষ্মশরীর আদিত্যলোকে যাইবেক" এই ত্বরা বোধক বাক্য

তাবদ্ভিন্না এবৈতাঃ সৃতয় ইতি ভিন্নপ্রকরণস্থিতত্বাদ্ভিন্নো-পাসনশেষত্বাচ্চ। অপি চ 'অথৈতৈরেব রশ্মিভিঃ' ইত্যব-ধারণমর্চ্চিরাদ্যপেক্ষায়ামুপরুধ্যেত ত্বরাবচনঞ্চ পীড্যেত 'স যাবৎ ক্ষিপ্যেন্মনস্তাবদাদিত্যং গচ্ছতি' ইতি। তস্মাদন্যোন্য-ভিন্না এবৈতে পন্থান ইত্যেবং প্রাপ্তেঽভিদধ্মহে—অর্চ্চিরাদি-নেতি। সর্ব্বো ব্রহ্মপ্রেপ্সুরর্চ্চিরাদিনৈবাঽধ্বনা রংহতীতি প্রতিজানীমহে। কুতঃ। তৎপ্রথিতেঃ। প্রথিতো হ্যেষ মার্গঃ সর্ব্বেষাং বিদুষাম্। তথাহি পঞ্চাগ্নিবিদ্যাপ্রকরণে 'যে চামী অরণ্যে শ্রদ্ধাং সত্যমুপাসতে' ইতি বিদ্যান্তরশীলিনাম-প্যর্চ্চিরাদিকা সৃতিঃ শ্রাব্যতে। স্যাদেতৎ। যাসু বিদ্যাসু ন কাচিদ্গতিরুচ্যতে তাস্বেবেয়মর্চ্চিরাদিকোপতিষ্ঠতাং যাসু

যথমধ্বানমপি ভিন্দন্তিতি সন্দেহেঽভেদেঽপ্যধ্বনো ভাগভেদোপপত্তের্ন ভাগি-ভেদকল্পনোচিতা গৌরবপ্রসঙ্গাৎ। একদেশপ্রত্যভিজ্ঞানাচ্চ বিশেষণবিশেষ্য-ভাবোপপত্তের্নানেকাধ্বকল্পনা। অথৈতৈরেব রশ্মিভিরিত্যেবাবধারণং ন

উপরুদ্ধ হয়। অর্থাৎ অবধারণ-বাক্যের ও ত্বরা-বাক্যের মুখ্যার্থ থাকে না। সেই কারণে বলিতেছি, ঐ সকল পৃথক্ পথ। একই পথ; তাহার বিশেষ-ণার্থ ঐ সকল অভিহিত, তাহা নহে। [এবং...বিদুষাম্] এই পূর্ব্বপক্ষের প্রতিপক্ষে বলা হইল—অর্চ্চিরাদিনা। ব্রহ্মজিগমিষু মাত্রেই প্রথমে অর্চ্চিঃ (তেজ), তৎপরে অহ (দিন), এবংক্রমে গমন করেন, ইহা অর্চ্চিরাদি-সূত্রের প্রতিজ্ঞা। কারণ এই যে, ঐ পথই প্রথিত অর্থাৎ ব্রহ্মজ্ঞদিগের মধ্যে প্রসিদ্ধ। [তথাহি...শ্রাব্যতে] ছান্দোগ্য উপনিষদের পঞ্চাগ্নিবিদ্যা (অগ্নি বুদ্ধিতে যোষিৎ প্রভৃতি পাঁচ আধারে উপাসনা) প্রকরণে "যাহারা অরণ্যে থাকিয়া শ্রদ্ধা সত্যের (ব্রহ্মের) উপাসনা করে" ইত্যাদি বাক্যে দহরোপাসক ব্যতীত অন্য উপাসকদিগেরও অর্চ্চিরাদি পথে গতি হয় বলা হইয়াছে। [স্যাদেতৎ... ভেদ এব] স্বীকার করিলাম যে, উপাসকের অর্চ্চিরাদি পথে গতি হয়। কিন্তু তাহা সকল উপাসকের নহে। শাস্ত্রে যে সকল উপাসনার ফল-স্বরূপ নির্দ্দিষ্ট গতি অভিহিত হয় নাই সেই সকল উপাসনাতেই উপাসকের অর্চ্চিরাদি পথে গতি হয় বলিতে পার; কিন্তু যে সকল উপাসনার ফলান্তর (অন্যফল) শ্রুত আছে সে সকল উপাসনায় উপাসকের অর্চ্চিরাদি পথে

ত্বন্যান্যা শ্রাব্যতে তাসু কিমর্চ্চিরাদ্যাশ্রয়ণমিতি। অত্রোচ্যতে। ভবেদেতদেবং যদ্যত্যন্তভিন্না এবৈতাঃ স্মৃতয়ঃ স্যুঃ। একৈব ত্বেষা স্মৃতিরনেকবিশেষণা ব্রহ্মলোকপ্রতিপাদনী ক্বচিৎ কেনচিদ্বিশেষণেনোপলক্ষিতেতি বদামঃ। সর্ব্বত্রৈকদেশপ্রত্যভিজ্ঞানাদিতরেতরবিশেষণবিশেষ্যভাবোপপত্তেঃ। প্রকরণভেদেঽপি বিদ্যৈকত্বে ভবতীতরেতরবিশেষগুণোপসংহারবদ্গতিবিশেষণানামপ্যুপসংহারঃ। বিদ্যাভেদেঽপি গ-

---

তাবদর্থান্তরনিবৃত্ত্যর্থং তৎপ্রাপকৈরেব বাক্যান্তরৈর্ব্বিরোধাৎ। তস্মাদন্যানপেক্ষামস্যাবধারয়তীতি বক্তব্যম্। ন চৈকং বাক্যমপ্রাপ্তমধ্বানং প্রাপয়তি তস্য চানপেক্ষতাং প্রতিপাদয়তীত্যর্থদ্বয়ায় পর্য্যাপ্তম্। তস্মাদ্বিধিসামর্থ্যপ্রাপ্ত-

---

গতি হয়, এ কথা কিপ্রকারে বলিতে পার? প্রশ্নের প্রত্যুত্তর এই যে, ঐ প্রশ্ন করিতে পারিতে, যদি ঐ সকল পথ অত্যন্ত ভিন্ন হইত। ভিন্ন ভিন্ন স্থলে ভিন্ন ভিন্ন পথবোধক শব্দ উচ্চারিত হইলেও বস্তুতঃ সে সকলের অভিধেয় এক অর্থাৎ পথ এক। বস্তুতঃই ব্রহ্মজ্ঞদিগের ব্রহ্মলোক গমনের পথ এক। সেই একই পথ বিভিন্ন স্থলে বিভিন্ন বিশেষণে বিশেষিত হইয়াছে। সেই সকল বিশেষণের বিশেষ্যভূত পথ এক; দুই বা ততোধিক নহে। প্রত্যেক স্থলেই সেই শাস্ত্রবিদিত দেবযান পথের একদেশ (এক এক অংশ) প্রত্যভিজ্ঞাত (সেই পথই এই, এতদ্রূপে অনুভূত) হয়। সুতরাং একত্রোক্ত পথের সহিত অন্যত্রোক্ত পথবিশেষণ গুলির সমন্বয় হওয়াই সঙ্গত। যদিও প্রকরণ ভেদ আছে, অর্থাৎ এক প্রকরণে একরূপ, অন্য প্রকরণে অন্যরূপ উক্তি আছে, থাকিলেও সে সকলের বিশেষ গুণের উপসংহারের দৃষ্টান্তে উপসংহার হইতে পারে। (পূর্ব্বে দেখান হইয়াছে যে, যে শাখায় যতই ব্রহ্মগুণ অভিহিত হউক, সমুদায়ই এক ব্রহ্মে সমর্পিত হইবে, হইয়া অদ্বয় ব্রহ্ম বোধ করাইবেক। তদ্দৃষ্টান্তে এখানেও বুঝিতে হইবেক যে, ব্রহ্ম গমনের পথ এক; পরন্তু যে যে প্রকরণে যে প্রকার পথ বিশেষণ বা পথ বোধক শব্দ উচ্চারিত হইয়াছে সমুদায়ই সেই ব্রহ্ম পথের বিশেষণ। অর্থাৎ সে সকলের দ্বারা পৃথক্ পৃথক্ পথ বুঝিতে হইবেক না, একই পথ সেই সেই বিশেষণে বিশেষিত হইয়াছে, ইহাই বুঝিতে হইবেক) বিদ্যা অর্থাৎ উপাসনা এক নহে সত্য; কিন্তু তাহাদের গন্তব্য এক (একই ব্রহ্ম সমুদায় উপাসকের অভিগমনীয়) এবং সেই সেই স্থলে তাহাদিগের গতির

ত্যেকদেশপ্রত্যভিজ্ঞানাদ্গন্তব্যাভেদাচ্চ গত্যভেদ এব। তথা-হি 'তে তেষু ব্রহ্মলোকেষু পরাঃ পরাবতো বসন্তি তস্মিন্ বসতি শাশ্বতীঃ সমাঃ সা যা ব্রহ্মণো জিতির্যা চ ব্যুষ্টিস্তাং জিতিং জয়তি তাং ব্যুষ্টিং ব্যশ্নুতে তদ্য এবৈতং ব্রহ্ম-লোকং ব্রহ্মচর্য্যেণানুবিন্দতি' ইতি চ [কৌ০উ০] তত্র তত্র তদেবৈকং ফলং ব্রহ্মলোকপ্রাপ্তিলক্ষণং প্রদর্শ্যতে। যত্ত্বে-তৈরেবেত্যবধারণমর্চ্চিরাদ্যাশ্রয়ণেন স্যাদিতি। নৈষ দোষঃ। রশ্মিপ্রাপ্তিপরত্বাদস্য। ন হ্যেক এব শব্দো রশ্মীংশ্চ প্রাপয়িতুমর্হত্যর্চ্চিরাদীংশ্চ ব্যাবর্ত্তয়িতুম্। তস্মাদ্রশ্মিসম্বন্ধ এবায়মবধার্য্যত ইতি দ্রষ্টব্যম্। ত্বরাবচনঞ্চার্চ্চিরাদ্যপেক্ষা-

---

মযোগব্যবচ্ছেদমেবকারো বদতীতি যুক্তম্। "ত্বরাবচনঞ্চে"তি। ন খল্বেক-স্মিন্নেব গন্তব্যে পথি ভেদমপেক্ষ্য ত্বরাঽবকল্প্যতে কিন্তু গন্তব্যভেদাদপি তদুপ-পত্তিঃ। যথা কশ্মীরেভ্যো মথুরাং ক্ষিপ্রং যাতি চৈত্র ইতি তথেহাপ্যন্যতঃ

কোন কোন অংশ প্রত্যভিজ্ঞার বিষয় হওয়ায় সকলেরই এক গতি বলিয়া অবধারিত হয়। (গতি=ব্রহ্মলোকে বাস)। [তথাহি...দ্রষ্টব্যম্] এ কথা কৌষিতকি-ব্রাহ্মণে আছে। যথা—"যাহারা ব্রহ্মচর্য্যের দ্বারা এই ব্রহ্ম-লোক (ব্রহ্ম=হিরণ্যগর্ভ বা কার্য্যব্রহ্ম, ইহার নামান্তর ব্রহ্মা, তাঁহার লোক) জয় করে, লাভ করে, তাহারা সেই ব্রহ্মলোকে অতি দীর্ঘায়ু ব্রহ্মার সমান আয়ুঃ প্রাপ্ত হইয়া দীর্ঘকাল বাস করে। ব্রহ্মার যেরূপ জয় ও ব্যাপ্তি, তাহারা সেইরূপ জয় ও ব্যাপ্তি প্রাপ্ত হয়।" এইরূপে সেই সেই উপাসনায় ব্রহ্মলোকপ্রাপ্তিরূপ একই ফল সেই সেই স্থানে অভিহিত হইয়াছে। "এতৈরেব রশ্মিভিঃ—" এইরূপ অবধারণ আছে সত্য; থাকিলেও দোষ হইতেছে না। কারণ, ঐ "এব" শব্দ রশ্মিপ্রাপ্তি তাৎ-পর্য্যেই প্রযুক্ত হইয়াছে। একই অবধারণবাচী "এব" শব্দ রশ্মিপ্রাপ্তি বুঝাইবে ও অর্চ্চিরাদি প্রাপ্তির ব্যাবর্ত্তন (বারণ) করিবে, এরূপ হয় না। সুতরাং ঐ বাক্যে রশ্মিসম্বন্ধ পক্ষই অবধারিত হয়। (অভিপ্রায় এই যে, রাত্রে বিস্পষ্ট রশ্মি না থাকায় রশ্মিসম্বন্ধের অভাব হয় এরূপ মনে করিও না। সে সময়েও রশ্মিসম্পর্ক ঘটনা হয়।) [ত্বরা...রিত্যুক্তম্] "স যাবৎ ক্ষিপেৎ মনস্তাবদাদিত্যং গচ্ছতি" এই যে ত্বরাবাক্য, এ বাক্যও

য়ামপি ক্ষৈপ্র্যার্থত্বান্নোপরুধ্যতে যথা নিমিষমাত্রেণাত্রাগম্যত ইতি। অপি চ 'অথৈতয়োঃ পথোর্ন কতরেণ চ ন' ইতি মার্গদ্বয়ভ্রষ্টানাং কষ্টং তৃতীয়ং স্থানমাচক্ষাণা পিতৃযানব্যতিরিক্তমেকমেব দেবযানমর্চ্চিরাদিপর্ব্বাণং পন্থানং প্রথয়তি। ভূয়াংসি চার্চ্চিরাদিশ্রুতৌ মার্গপর্ব্বাণি। অল্পীয়াংসি ত্বন্যত্র। ভূয়সাঞ্চানুগুণ্যেনাল্পীয়সাঞ্চ নয়নং ন্যায্যমিত্যতোঽপ্যর্চ্চিরাদিনা তৎপ্রথিতেরিত্যুক্তম্ ॥ ১ ॥

বায়ুমব্দাদবিশেষবিশেষাভ্যাম্ ॥ ২ ॥*

কুতশ্চিদ্গন্তব্যাদনেনোপায়েন ব্রহ্মলোকং ক্ষিপ্রং প্রয়াতীতি। "ভূয়াংসি চার্চ্চিরাদিশ্রুতৌ মার্গপর্ব্বাণী"তি। অয়মর্থঃ। একত্বাৎ প্রাপ্তব্যস্য ব্রহ্মলোকস্যাল্পপর্ব্বণা মার্গেণ তৎপ্রাপ্তৌ সম্ভবন্ত্যাং বহুমার্গোপদেশোব্যর্থঃ প্রসজ্যতে তত্র চেতনস্যাপ্রবৃত্তেঃ। তস্মাদ্ভূয়সাং পর্ব্বণামবিরোধেনাল্পানাং তদনুপ্রবেশ এব যুক্ত ইতি।

(ত্বরা=বিলম্ব না হওয়া) অন্য গন্তব্য অপেক্ষায় সঙ্গত হইতে পারে। ভাবার্থ এই যে, যেমন লৌকিক পথে গতি বিলম্ব হইয়া থাকে, এ পথে সেরূপ বিলম্ব হয় না। এই তাৎপর্য্যেই উক্ত ত্বরাবাক্যের অর্থ পর্য্যবসিত, ইহা অবধারণ কর। আরও কথা এই যে, শ্রুতি দেবযান ও পিতৃযান এই দুই পথ বর্ণনা করিয়া পরে বলিয়াছেন, উভয় পথ ভ্রষ্ট দিগের স্থান অতি কষ্টকর এবং তাহা তৃতীয় বলিয়া গণ্য। শ্রুতি সেই কষ্টদায়ক তৃতীয় স্থানের কথা বলাতেই বুঝা যাইতেছে, পিতৃযান পথের অতিরিক্ত দেবযান নামক অন্য একটী পথ আছে এবং সে পথটী অর্চ্চিঃ প্রভৃতিবহুপর্ব্বযুক্ত। (পর্ব্ব=গাঁইট অর্থাৎ এক একটী বিভাগ) কথাটীর ভাবার্থ এই যে, শুভ পথ অনেক থাকিলে শ্রুতি "তৃতীয় স্থান" এরূপ নির্দ্দেশ করিতেন না। অর্চ্চিঃ শ্রুতিতে দেখা যায়, পথটীর অনেক গুলি পর্ব্ব বা বিভাগ আছে কিন্তু অন্য শ্রুতিতে দেখা যায়, অল্প কতিপয় বিভাগ আছে। সেই জন্যই বলিলাম, সামঞ্জস্যের অনুরোধে বহুর অনুগুণেই অল্পের উন্নয়ন হওয়া ন্যায্য—ন্যায়সঙ্গত।

*অব্দাৎ সংবৎসরাৎ পরং বায়ুমভিসম্ভবতীতি অবিশেষবিশেষাভ্যাং উপদেশাভ্যাং বিজ্ঞায়তে।—উপাসক সংবৎসরের পরে বায়ুর অধিকারে গমন করেন ইহা সামান্যতঃ উপদেশ ও বিশেষরূপ উপদেশ দ্বারা স্থিরীকৃত হয়। (ভাষ্যভাষা দেখ)

কেন পুনঃ সন্নিবেশবিশেষেণ গতিবিশেষাণামিতরেতর-বিশেষণবিশেষ্যভাব ইতি তদেতৎ সুহৃদ্ভূত্বাচার্য্যো গ্রথয়তি। 'স এতং দেবযানং পন্থানমাপদ্যাগ্নিলোকমাগচ্ছতি স বায়ুলোকং স বরুণলোকং স ইন্দ্রলোকং স প্রজাপতিলোকং স ব্রহ্মলোকং' ইতি [১।৩] কৌষিতকিনাং দেবযানঃ পন্থাঃ পঠ্যতে। তত্রার্চ্চিরগ্নিলোকশব্দৌ তাবদেকার্থৌ জ্বলনবচনত্বাদিতি নাত্র সন্নিবেশক্রমঃ কশ্চিদন্বেষ্টব্যঃ। বায়ুস্ত্বর্চ্চিরাদি-

---

শ্রুত্যাদ্যভাবে পাঠস্য ক্রমং প্রতি নিয়ন্তৃতা।
ঊর্দ্ধাক্রমণমাত্রে চ শ্রুতা বায়োর্নিমিত্ততা॥

স বায়ুমাগচ্ছতি তস্মৈ স তত্র বিজিহীতে যথা রথচক্রস্য খং তেন স ঊর্দ্ধমাক্রমত ইতি হি বায়ুনিমিত্তমূর্দ্ধাক্রমণং শ্রুতং ন তু বায়ুনিমিত্তমাদিত্যগমনম্। স আদিত্যং গচ্ছতীত্যাদিত্যগমনমাত্রপ্রতীতেঃ। ন চ তেনেত্যনন্তর-

---

জিজ্ঞাসু এক্ষণে জানিতে ইচ্ছা করিবেন যে, কিরূপ সন্নিবেশে সেই সেই গতিবিশেষ পরস্পর বিশেষণবিশেষ্যভাব প্রাপ্ত হয়। (অর্থাৎ অমুক স্থান হইতে অমুক স্থান, তৎপরে অমুক স্থান, এইরূপ একটী নির্দ্দিষ্ট ক্রমান্বিত পথ দেখাইতে হইলে, বুঝাইতে হইলে, প্রথম হইতে শেষ পর্য্যন্ত যত গুলি পথপর্ব্ব বা পথাংশ উপস্থিত হইবে সে গুলি সমস্তই পর পর উল্লেখ করিয়া বা সাজাইয়া দেখাইতে বা বুঝাইতে হইবে। অমুক স্থান হইতে অমুক স্থান, তথা হইতে অমুক স্থান, এই যে নির্দ্দিষ্টক্রমান্বিত ভিন্ন ভিন্ন স্থান, ইহাই সন্নিবেশ শব্দের অভিধেয়। সন্নিবেশ অর্থাৎ সাজান। ভিন্ন ভিন্ন স্থান পর পর ক্রমে বলা বা সাজাইয়া দেখান। পথ একটী পরন্তু তাহার পর্ব্ব (বিশ্রামের স্থান বা থাকিবার আড্ডা) অনেক, এরূপ হইলে সে গুলি সমস্তই পথের বিশেষণ বলিয়া জানিতে হইবে। পথ বিশেষ্য; পথাংশ সকল তাহার বিশেষণ। বুঝিতে হইবে যে, সেই সেই বিশেষণে বিশেষিত বা সেই সেই বিশেষণান্বিত একটীমাত্র পথ উপদিষ্ট হইয়াছে।) জ্ঞানী ও উপাসকগণ ব্রহ্মলোকে গমন করেন, তাঁহাদের সেই ব্রহ্মলোক গমনের পথ কিরূপ সন্নিবেশবিশিষ্ট, কিরূপেই বা সেই একই পথ শ্রুত্যুক্ত নানা বিশেষণে বিশেষিত হইতেছে, আচার্য্য ব্যাস তাহা তাঁহাদিগের সুহৃদ্ হইয়া "বায়ুমব্দাৎ" ইত্যাদি সূত্রে গ্রথিত করিয়াছেন। [স···ইতি] কৌষিতকি-শ্রুতিতে লিখিত আছে—"ব্রহ্ম-

বর্ত্মন্যশ্রুতঃ কতমস্মিন্ স্থানে সন্নিবেশয়িতব্য ইত্যুচ্যতে। 'তেঽর্চ্চিষমভিসম্ভবন্ত্যর্চ্চিষোঽহরহ্ন আপূর্য্যমাণপক্ষমাপূর্য্যমাণপক্ষাদ্‌যান্ ষড়ুদঙ্‌ঙেতি মাসাংস্তান্ মাসেভ্যঃ সম্বৎসরং সম্বৎসরাদাদিত্যম্' [কৌ০ উ০] ইত্যত্র সম্বৎসরাৎ পরাঞ্চমাদিত্যাদর্ব্বাঞ্চং বায়ুমভিসম্ভবন্তি। কস্মাৎ। অবিশেষবিশেষা-

---

শ্রুতোর্দ্ধাক্রমণক্রিয়াসম্বন্ধি নিরাকাঙ্ক্ষমাদিত্যগমনক্রিয়য়াপি সম্বন্ধুমর্হতি; ন চাদিত্যগমনস্য তেনেতি বিনা কাচিদনুপপত্তির্যেনান্যসম্বন্ধমপ্যনুষজ্যতে। তত্রাগ্নিলোকমাগচ্ছতি স বায়ুলোকমিত্যাদিসন্দর্ভগতস্য পাঠস্য ক্বচিন্নিয়ামকত্বেন কৃপ্তসামর্থ্যাৎ অগ্নিবায়ুবরুণক্রমনিয়ামকত্বশ্রুত্যাদ্যভাবাদিতি প্রাপ্তে প্রত্যুচ্যতে।

লোকজিগমিষু সেই উপাসক এই দেবযান পথ প্রাপ্ত হইয়া প্রথমতঃ অগ্নিলোকে আইসেন। পরে তিনি বায়ুলোকে, বরুণলোকে, ইন্দ্রলোকে, প্রজাপতিলোকে ও ব্রহ্মলোকে আগমন করেন।" এই শ্রুতিতে প্রথমতঃ অগ্নিলোক গমনের কথা আছে এবং অন্য শ্রুতিতে প্রথমতঃ অর্চ্চিঃ প্রাপ্তির উল্লেখ আছে। দেখিতে গেলে অর্চ্চিঃশব্দ ও অগ্নিলোক শব্দ তুল্যার্থ বলিয়া প্রতীত হইবেক। অর্চ্চিঃশব্দেও জ্বলন বুঝায়, অগ্নিশব্দেও জ্বলন বুঝায়। সুতরাং দেবযান পথের প্রথম পর্ব্বের সন্নিবেশ ক্রম কিরূপ তাহা অন্বেষণ করিতে হয় না। অর্থাৎ প্রথম পর্ব্বে কোনরূপ সন্দেহ হয় না। কিন্তু কৌষিতকি-শ্রুত্যুক্ত বায়ুপর্ব্বে সংশয় হয়। কৌষিতকী যে দেবযান পথের বর্ণনা করিয়াছেন, তাহাতে বায়ুলোক গমনের কথা আছে; কিন্তু অর্চ্চিঃ শ্রুতিতে অর্থাৎ ছান্দোগ্যোক্ত দেবযান পথের বর্ণনায় বায়ুলোক গমনের উল্লেখ নাই। সে জন্য দেখা উচিত যে, প্রোক্ত বায়ু-নামক পথপর্ব্ব কোন্ স্থানে সন্নিবিষ্ট আছে। অর্থাৎ ব্রহ্মগন্তা উপাসক কোন স্থান হইতে বায়ুলোকে গমন করেন, তাহাই আমাদের বিচার্য্য। [উচ্যতে...বিশেষাভ্যাম্] প্রশ্নের প্রত্যুত্তর এই যে, "তাহারা প্রথমে অর্চ্চিঃপ্রাপ্ত হয়। অর্চ্চিঃ হইতে দিবসে, দিবস হইতে শুক্লপক্ষে, শুক্লপক্ষ হইতে উত্তরায়ণে, ষণ্মাসাত্মক উত্তরায়ণ হইতে সংবৎসরে, সংবৎসর হইতে আদিত্যে গিয়া সম্ভূত হন।" এই শ্রুতিতে যে সংবৎসর ও আদিত্যশব্দ আছে, বায়ুর সন্নিবেশ তদুভয়ের মধ্যে, ইহা অবধারণ কর। অর্থাৎ সংবৎসরের পরে বায়ুতে সম্ভূত হন, তৎপরে আদিত্যলোকে গমন করেন। এ কথা এই জন্য বলিতে হয় ও স্বীকার করিতে হয় যে, ঐ

ভ্যাম্। তথাহি 'স বায়ুলোকম্' ইত্যত্রাবিশেষোপদিষ্টস্য বায়োঃ শ্রুত্যন্তরে বিশেষোপদেশো দৃশ্যতে 'যদা বৈ পুরুষোঽস্মাল্লোকাৎ প্রৈতি স বায়ুমাগচ্ছতি তস্মৈ স তত্র বিজিহীতে যথা রথচক্রস্য খং তেন স ঊর্দ্ধমাক্রমতে স আদিত্যমাগচ্ছতি' ইতি [কৌ০উ০]। এতস্মাদাদিত্যাদ্বায়োঃ পূর্ব্বত্বদর্শনাদ্বিশেষাদব্দাদিত্যনয়োরন্তরালে বায়ুর্নিবেশয়িতব্যঃ।

ঊর্দ্ধশব্দো ন লোকস্য কস্যচিৎ প্রতিপাদকঃ।
তত্তেদাপেক্ষয়া যুক্তমাদিত্যেন বিশেষণম্॥

ভবেদেতদেবং যদূর্দ্ধশব্দাৎ কশ্চিল্লোকভেদঃ প্রতীয়তে স তূপরিদেশমাত্রবাচী লোকভেদাদ্বিনাঽপর্য্যবস্যল্লোকভেদবাচিনাদিত্যপদেনাদিত্যে ব্যবস্থাপ্যতে। তথা চাদিত্যলোকগমনমেব বায়ুনিমিত্তমিতি শ্রৌতক্রমনিয়মে পাঠঃ পদার্থমাত্রপ্রদর্শনার্থো ন তু ক্রমায় প্রভবতি শ্রুতিবিরোধাদিতি সিদ্ধম্। বাজসনেয়িনাং সম্বৎসরলোকো ন পঠ্যতে ছান্দোগ্যানাং দেবলোকো ন পঠ্যতে তত্রোভয়ানুরোধাদুভয়পাঠে ন মাসসম্বন্ধাৎ সংবৎসরঃ পূর্ব্বঃ পশ্চিমো দেব-

---

অবিশেষ (সামান্যাকারের) উপদেশ অন্য শ্রুতিতে বিশেষরূপে উপদিষ্ট হইয়াছে। (একস্থানে সামান্যতঃ উপদেশ আছে অথচ অন্য স্থানে তাহা বিশেষরূপে উপদিষ্ট হইয়াছে, এরূপ হইলে সেই সামান্য উপদেশ'কে বিশেষপর বলিয়া গ্রহণ করিতে হইবেক।) [তথাহি·· তব্যঃ]. যে শ্রুতিতে বিশেষ উপদেশ আছে সে শ্রুতি পরে বলিব। কিন্তু যে শ্রুতিতে অবিশেষ উপদেশ, সে শ্রুতি এই—"সে বায়ুলোকে গমন করে।" ইত্যাদি। এই শ্রুতি সামান্যতঃ বায়ুলোক গমনের কথা বলিয়াছেন কিন্তু কিরূপ ক্রমে বায়ুলোক গতি হয় তাহা বিশেষ করিয়া বলেন নাই। তাহা না বলায় সুতরাং অবিশেষ উপদেশ হইয়াছে। অবিশেষে উপদিষ্ট এই বায়ু অন্য শ্রুতিতে বিশেষরূপে উপদিষ্ট হইতে দেখা যায়। যথা—"যখন সেই উপাসক পুরুষ এ লোক হইতে পরলোকে যান অর্থাৎ এতদ্দেহ ত্যাগ করেন, তখন তিনি বায়ুলোক প্রাপ্ত হন। বায়ু তাঁহাকে প্রাপ্ত হয়, হইয়া তাঁহার জন্য আপনাতে রথচক্রছিদ্রতুল্য ছিদ্র অর্থাৎ অবকাশ প্রদান করেন। তখন তিনি সেই ছিদ্র পথে ঊর্দ্ধগামী হন; হইয়া আদিত্যে গমন করেন।" ইহাই বিশেষোপদেশ, এই বিশেষোপদেশে আদিত্য গমনের পূর্ব্বে বায়ুলোক গমন পাওয়া যাইতেছে। অতএব, এ দিকে সংবৎসর, ও দিকে আদিত্য, মধ্যে বায়ু, এইরূপ সন্নিবেশ অর্থাৎ ক্রমপরিপাটী অবধারণ

কস্মাৎ পুনরগ্নেঃ পরত্বদর্শনাদ্বিশেষাদর্চ্চিষোঽনন্তরং বায়ুর্ন নিবেশ্যতে। নৈষোঽস্তি বিশেষ ইতি বদামঃ। ননূদাহৃতা শ্রুতিঃ 'স এতং দেবযানং পন্থানমাপদ্যাগ্নিলোকমাগচ্ছতি। স বায়ুলোক'মিতি। উচ্যতে। কেবলোঽত্র পাঠঃ পৌর্ব্বাপর্য্যেণাবস্থিতো নাত্র ক্রমবচনঃ কশ্চিচ্ছব্দোঽস্তি। পদার্থোপদর্শনমাত্রং হ্যত্র ক্রিয়ত এতঞ্চৈতঞ্চ স গচ্ছতীতি। ইতরত্র পুনর্ব্বায়ুপ্রত্তেন রথচক্রমাত্রেণ ছিদ্রেণোর্দ্ধমাক্রম্যাদিত্যমাগচ্ছতীত্যবগম্যতে ক্রমঃ। তস্মাৎ সূক্তমবিশেষবিশেষাভ্যামিতি। বাজসনেয়িনস্তু 'মাসেভ্যো দেবলোকং দেবলোকাদাদিত্যমি'তি সমামনন্তি। তত্রাদিত্যানন্তর্য্যায় দেবলোকাদ্বায়ু-

---

লোকঃ। ন হি মাসো দেবলোকেন সম্বধ্যতে কিন্তু সংবৎসরেণ। তস্মাত্তয়োঃ পরস্পরসম্বন্ধাৎ মাসারভ্যত্বাচ্চ সংবৎসরস্য মাসানন্তর্য্যে স্থিতে দেবলোকঃ সম্বৎসরস্য পরস্তাদ্ভবতি। তত্রাদিত্যানন্তর্য্যায় বায়োঃ সম্বৎসরাদিত্যস্য স্থানে

করা কর্ত্তব্য। [কস্মাৎ…বিশেষাভ্যামিতি] বলিতে পার যে, প্রথমোক্ত শ্রুতিতে অগ্নির, পরে বায়ুর কথন আছে, তাহা দেখিয়া অগ্নি হইতে বায়ুলোকগামী হয় এরূপ না বল কেন? ইহার প্রত্যুত্তর—অগ্নির পরে বায়ুর কথন আছে সত্য; পরন্তু তাহা সাধারণভাবে। তাহাতে বিশেষ প্রতীতি হয় না। তোমরা শ্রুতি দেখাইয়াছ সত্য—"সে এই দেবযান পথ প্রাপ্ত হয়, হইয়া অগ্নিলোক, বায়ুলোক ও বরুণলোক গমন করে।" দেখাইলেও বিশেষ নির্দ্দেশ না থাকায় তদ্দ্বারা অগ্নির পরে বায়ুর সন্নিবেশ সাধিত হয় না। ঐ শ্রুতিতে মাত্র পূর্ব্বাপরী ভাবে অবস্থিত কতিপয় স্থান বর্ণিত হইয়াছে, পরন্তু গমনের ক্রম বর্ণিত হয় নাই। গমনের ক্রম বর্ণিত না হওয়ায় বুঝিতে হইতেছে যে, ঐ শ্রুতিতে মাত্র স্থান গুলি দর্শিত হইয়াছে, গতিক্রম দর্শিত হয় নাই। অমুক অমুক লোকে যায়, এই মাত্র বলা হইয়াছে। কিন্তু শ্রুত্যন্তরে "সে বায়ুপ্রদত্ত ছিদ্রপথে উর্দ্ধ আক্রম করে, অনন্তর আদিত্য লোকে যায়" এইরূপ ক্রম বা গমনের প্রণালী উপদিষ্ট হইতে দেখা যায়। অতএব, সূত্রকার ব্যাস পূর্ব্বোক্ত অবিশেষ ও সন্নিহিতোক্ত বিশেষ এই দ্বিবিধ উপদেশ লক্ষ্য করিয়া সংবৎসরের পরে ও আদিত্যের পূর্ব্বে বায়ুর সন্নিবেশ অবধারণ করিয়াছেন অবশ্যই তাহা সুসঙ্গত হইয়াছে। [বাজ…বিবেক্তব্যম্] বাজসনেয়ীরা (যজুর্ব্বেদাধ্যায়ীরা) "মাসেভ্যো দেবলোকং দেবলোকাদাদি-

মভিসম্ভবেয়ুঃ। বায়ুমব্দাদিতি তু ছান্দোগ্যশ্রুত্যপেক্ষয়োক্তম্। ছান্দোগ্যবাজসনেয়কয়োস্ত্বেকত্র দেবলোকো ন বিদ্যতে পরত্র সম্বৎসরঃ। তত্র শ্রুতিদ্বয়প্রত্যয়াদুভাবপ্যুভয়ত্র গ্রথিতব্যৌ। তত্রাপি মাসসম্বন্ধাৎ সম্বৎসরঃ পূর্ব্বঃ পশ্চিমো দেবলোক ইতি বিবেক্তব্যম্ ॥ ২ ॥

তড়িতোঽধি বরুণঃ সম্বন্ধাৎ ॥ ৩ ॥ *

'আদিত্যাচ্চন্দ্রমসং চন্দ্রমসো বিদ্যুতং' ইত্যস্যা বিদ্যুত

দেবলোকাদ্বায়ুমিতি পঠিতব্যম্। বায়ুমব্দাদিতি তু সূত্রমত্রাপি বাচকমেব। তথাপি সম্বৎসরাৎ পরাঞ্চমাদিত্যাদর্ব্বাঞ্চং বায়ুমভিসম্ভবন্তীতি ছান্দোগ্যপাঠমাত্রাপেক্ষয়োক্তম্। তদিদমাহ—"বায়ুমব্দাদিতি ত্বি"তি।

তড়িদন্তেঽর্চ্চিরাদ্যেঽধ্বন্যপ্যতিস্তড়িতঃ পরঃ।
তৎসম্বন্ধাৎ তথেন্দ্রাদিরপ্যতেঃ পর ইষ্যতে ॥

ত্যম্" এইরূপ পাঠ পড়িয়া থাকেন। তাহাতে সংবৎসরের উল্লেখ নাই। না থাকিলেও গুণোপসংসার ন্যায় † অবলম্বনে সিদ্ধান্ত করিতে হইবেক—উপাসক দেবলোক হইতে বায়ুতে গিয়া অভিসম্ভূত হন, তথা হইতে আদিত্যে গমন করেন। বাজিশ্রুতি অনুসারে "দেবলোকাদ্বায়ুং" এইরূপ সূত্র হওয়া উচিত হইলেও বুঝিতে হইবে যে, বায়ুমব্দাৎ-সূত্র ছান্দোগ্য শ্রুতি লক্ষ্য করিয়া গ্রথিত হইয়াছে। ছান্দোগ্যে দেবলোকের উল্লেখ নাই, এবং বাজসনেয়ী শাখায় সম্বৎসরের উল্লেখ নাই। সেজন্য, শ্রুতিদ্বয়ের সামঞ্জস্য বিধানার্থ উক্ত উভয় শ্রুতিতে উক্ত উভয় গাঁথিয়া লইতে হইবেক। তাহাতে মাসসম্বন্ধ অনুসারে পূর্ব্বে সম্বৎসর, তৎপরে দেবলোক, এইরূপ সমাবেশ লব্ধ হইবেক এবং তাহাতে এইরূপ ক্রম নিষ্পন্ন হইবেক। যথা—মাস, তৎপরে সম্বৎসর, তৎপরে দেবলোক, তৎপরে বায়ু, তৎপরে আদিত্য। (সূত্রোক্ত বায়ুশব্দের অর্থও দেবলোকগমনপূর্ব্বক বায়ুলোকে গমন)।

কৌষিতকি শ্রুতিতে অগ্নির পরে বায়ু পর্ব্বের কথা লিখিত ছিল, প্রকৃতপক্ষে তাহার (বায়ুর) স্থান কোথায়? তাহা বলা হইয়াছে।

---

* তড়িতঃ বিদ্যুতঃ অধি উপরি বরুণস্তন্নামকোলোক ইতি সম্বন্ধাৎ বিদ্যুদ্বরুণয়োর্ব্বিবক্ষাতে।—বিদ্যুৎ লোকের পরে বরুণলোক, ব্রহ্মলোকগামী উপাসক তৎক্রমে গমন করেন, ইহা বিদ্যুতের সহিত বরুণের প্রকট সম্বন্ধ থাকায় নির্ণীত হয়।

† নানা শাখায় নানা বাক্যে নানা ব্রহ্মগুণ লিখিত হইলেও সে সকল গুণ এক ব্রহ্মে নীত হইয়া থাকে। যে যুক্তিতে নীত হয় সেই যুক্তি "গুণোপসংসার ন্যায়।"

উপরিষ্টাৎ বরুণলোকমিত্যয়ং বরুণঃ সম্বধ্যতে। অস্তি হি সম্বন্ধো বিদ্যুদ্বরুণয়োঃ। 'যদা হি বিশালা বিদ্যুতস্তীব্রাস্তনয়িত্নুর্নির্ঘোষা জীমূতোদরেষু প্রনৃত্যন্ত্যথাপঃ প্রপতন্তি বিদ্যোততে স্তনয়তি বর্ষিষ্যতি বা' ইতি চ ব্রাহ্মণম্। অপাঞ্চাধিপতির্ব্বরুণ ইতি শ্রুতিস্মৃতিপ্রসিদ্ধিঃ। বরুণাচ্চাধীন্দ্রপ্রজাপতী। স্থানান্তরাভাবাৎ পাঠসামর্থ্যাচ্চাগন্তুকত্বাদপি বরুণাদীনামন্ত এব নিবেশঃ। বৈশেষিকস্থানাভাবাৎ বিদ্যুচ্চান্ত্যাহর্চ্চিরাদৌ বর্ত্মনি ॥ ৩ ॥

আতিবাহিকস্তল্লিঙ্গাৎ ॥ ৪ ॥*

আগন্তূনাং নিবেশোঽন্তে স্থানাভাবাৎ প্রসাধিতঃ।
তথা চেন্দ্রাদিরাগান্তুঃ পঠ্যতে চাপ্যতেঃ পরঃ ॥

কিন্তু ছান্দোগ্য শ্রুতিতে যে বায়ুর পরে বরুণের উল্লেখ আছে, তাহার স্থান বলা হয় নাই। তাহার স্থান এই সূত্রে নির্ণীত হইবেক। "আদিত্য হইতে চন্দ্র, চন্দ্র হইতে বিদ্যুৎ" এই শ্রুতিতে যে বিদ্যুৎ-লোকের কথা আছে, সেই বিদ্যুৎ-লোকের উপরে বরুণের স্থান, ইহা স্থিরীকৃত হয়। কারণ, বিদ্যুতের সহিত বরুণের নিকট সম্বন্ধ থাকা দৃষ্ট হয়। বিদ্যুৎ ও বরুণ উভয়ের মধ্যে পরস্পর সম্বন্ধ থাকা এইরূপে অনুমিত হইতে পারে।—"যখনই দেখা যায়, অতি বিশাল বিদ্যুৎ সকল অতিতীব্র মেঘনির্ঘোষে মেঘোদরে নৃত্য করে তখনই অথবা তাহার অব্যবহিত পরেই জলবর্ষণ উপস্থিত হয়।" এ বিষয়ে বেদবাক্যও আছে। যথা—"বিদ্যুৎ নৃত্য করিতেছে, মেঘ গর্জ্জন করিতেছে, অচিরাৎ জলবর্ষণ হইবেক।" বরুণ যে জলের অধিপতি তাহা শ্রুতি-স্মৃতি উভয়ত্রই প্রসিদ্ধ। বরুণের উপরে ইন্দ্র ও প্রজাপতি এই দুএর স্থান, ইহা অন্য স্থানের অভাব বা অনুল্লেখ ও পাঠক্রমের সামর্থ্য, এই দুই হেতুতে অবধারিত হইবে। যাঁহারা আগন্তুক—তাঁহাদিগের স্থান সর্ব্বশেষে—এই যে লৌকিক ন্যায়, এ ন্যায় অনুসারেও বরুণাদির শেষস্থানতা নির্ণীত হয়। ফলকথা—অর্চ্চিরাদিমার্গে বিশেষ স্থানের অভাবে অর্থাৎ উল্লেখ না থাকায় বিদ্যুতের স্থান সর্ব্ব শেষে, ইহা অবশ্যই বুঝিতে হইবেক।

* মার্গপর্ব্বত্বেনোক্তা অর্চ্চিরাদয়ো ন মার্গচিহ্নানি নাপি ভোগভূময়ঃ কিন্ত্বাতিবাহিকা

তেষ্বেবার্চ্চিরাদিষু সংশয়ঃ। কিমেতানি মার্গচিহ্নান্যুত ভোগভূময়োঽথবা নেতারোগন্তৃণামিতি। তত্র মার্গলক্ষণভূতা অর্চ্চিরাদয় ইতি তাবৎ প্রাপ্তম্। তৎস্বরূপত্বাদুপদেশস্য। যথা হি কশ্চিল্লোকে গ্রামং নগরং বা প্রতিষ্ঠাসমানোঽনুশিষ্যতে গচ্ছেতস্ত্বমমুং গিরিং ততো ন্যগ্রোধং ততো নদীং ততো গ্রামং ততো নগরং বা প্রাপ্স্যসীতি। এবমিহাপ্যর্চ্চিষোঽহরহ্ন আপূর্য্যমাণপক্ষমিত্যাহ। অথ বা ভোগভূময় এতা ইতি প্রাপ্তম্।

মার্গচিহ্নসরূপত্বাচ্চিহ্নান্যেবার্চ্চিরাদয়ঃ।
ভর্ত্তৃভোগভুবো বা স্যুর্লোকত্বান্নাতিবাহিকাঃ॥

অর্চ্চিরাদিশব্দা হি জ্বলনাদাবচেতনেষু নিরূঢ়বৃত্তয়ো লোকে। ন চৈষাং ত্বাবধিকানামিব নিয়মবতী সংবহনস্বরূপা স্বতন্ত্রক্রিয়া বুদ্ধিপূর্ব্বা সম্ভবত্যচেতনানাম্। তস্মাল্লোকশব্দবাচ্যত্বাদ্ভর্ত্তুর্জ্জীবাত্মনো ভোগভূময় এবেতি মন্যামহে।

অর্চ্চিঃ বা অগ্নি, তৎপরে দিন, তৎপরে শুক্লপক্ষ, তৎপরে উত্তরায়ণ, এই যে বলা হইল, বস্তুকল্পে ঐ সকল কি? কিংস্বরূপ? ঐ সকল কি দেবযান পথের এক একটী স্থান (চিহ্ন?) কি ঐ সকল ব্রহ্মলোক প্রস্থিত উপাসক জীবের ভোগস্থান (বিশ্রাম স্থান)? অথবা তাঁহাদিগের বাহকবিশেষ? [তত্র...ইত্যাহ] প্রশ্নের প্রথম উত্তরে পাওয়া যায়, অর্চ্চিঃ প্রভৃতি দেবযান পথের চিহ্নস্বরূপ। কারণ, উপদেশের স্বরূপ প্রায় ঐ প্রকারই হয়। যেমন কোন লোক কোন এক নগরে অথবা গ্রামে যাইবেক, পথজ্ঞ উপদেষ্টা তাহাকে যেমন বলে, উপদেশ করে, যাও—এ স্থান হইতে অমুক পাহাড়, তার পর এক বৃহৎ বটবৃক্ষ, তৎপরে নদী, তৎপরে গ্রাম, সে স্থানে গেলে অথবা তথা হইতে গন্তব্য নগর পাইবে। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, অর্চ্চিঃ (অগ্নিলোক), অর্চ্চিঃ হইতে দিবা, দিবা হইতে শুক্লপক্ষ, ইত্যাদি কথা বলা হইয়াছে। [অথবা...ইত্যাদি]

গন্তৃণামিতি তেষাং প্রাপকত্বলিঙ্গাদ্বিজ্ঞায়তে।—ব্রহ্মগমনের নিমিত্ত যে দেবযান পথ শ্রুতিতে উক্ত হইয়াছে এবং অর্চ্চি, অহ (দিন), শুক্লপক্ষ, উত্তরায়ণ, ইত্যাদি পথপর্ব্ব কথিত হইয়াছে, ঐ সকল পথপর্ব্ব কি? ঐ সকল কি কেবল চিহ্ন? না ভোগস্থান? কি ব্রহ্মলোক প্রস্থিত জীবের বাহক? প্রশ্নের সিদ্ধান্ত এই যে, ঐ সকল চিহ্নও নহে, ভোগভূমিও নহে, উহারা আতিবাহিক দেবতাবিশেষ। কারণ, আতিবাহিকী দেবতার অনেক চিহ্ন ঐ সকলে বিদ্যমান আছে।

তথা হি লোকশব্দেনাগ্ন্যাদীনুপবধ্নাতি 'অগ্নিলোকমাগচ্ছতি' ইত্যাদি। লোকশব্দশ্চ প্রাণিনাং ভোগায়তনেষু ভাষ্যতে মনুষ্যলোকঃ পিতৃলোকো দেবলোক ইতি চ। তথা চ ব্রাহ্মণং 'অহোরাত্রেষু তেষু লোকেষু সৃজ্যন্তে' ইত্যাদি। তস্মান্নাতিবাহিকা অর্চ্চিরাদয়ঃ। অচেতনত্বাদপ্যেতেষামাতিবাহিকত্বানুপপত্তিঃ। চেতনা হি লোকে রাজনিযুক্তাঃ পুরুষা দুর্গেষু মার্গেষ্বতিবাহ্যানতিবাহয়ন্তীত্যেবং প্রাপ্তে ব্রূমঃ। আতিবাহিকা এবৈতে ভবিতুমর্হন্তি। কুতঃ। তল্লিঙ্গাৎ। তথা হি 'চন্দ্রমসো বিদ্যুতং তৎ পুরুষোঽমানবঃ স এতান্ ব্রহ্ম

অপি চার্চ্চিষ ইত্যস্মাদপাদানং প্রতীয়তে।
ন হেতুর্নাগুণে হেতৌ পঞ্চমী দৃশ্যতে ক্বচিৎ॥

জাড্যাদ্বদ্ধ ইত্যাদিষু গুণবচনেষু জাড্যাদিষু হেতুপঞ্চমী দৃষ্টা। ন চার্চ্চিরাদিশব্দা গুণবাচিনো যেন পঞ্চম্যা তেষাং বহনং প্রতি হেতুত্বমুচ্যতে। অপা-

---

প্রথম প্রত্যুত্তরে মনস্তোষ না হয় ত দ্বিতীয় পক্ষ গ্রহণ কর। অর্থাৎ ঐ অর্চ্চিঃ প্রভৃতি এক একটী ভোগস্থান, এইরূপ অবধারণ কর। শ্রুতি "অগ্নিলোকমাগচ্ছতি" ইত্যাদি ক্রমে অগ্নি প্রভৃতি কএকটী পথপর্ব্বে লোকশব্দ যোজিত করিয়াছেন, তাহাতে প্রতীতি হয়, ঐ অর্চ্চিঃ প্রভৃতি সমস্তই লোকবিশেষ। লোকশব্দও প্রাণীদিগের ভোগায়তনে (ভোগার্থ স্থান বা শরীর অর্থে) প্রসিদ্ধ। যেমন মনুষ্যলোক, দেবলোক, পিতৃলোক, ইত্যাদি। ব্রাহ্মণেও অর্থাৎ বেদভাগ বিশেষেও ঐ কথা আছে। যথা—"তাহারা দিন ও রাত্রি লোকে সৃষ্ট হয়।" ইত্যাদি। [তস্মান্নাতি...তল্লিঙ্গাৎ] প্রদর্শিত কারণে অর্চ্চিঃ প্রভৃতির ভোগভূমিত্ব পক্ষ স্থিরীকৃত হয়, আতিবাহিক পক্ষ নহে। যেহেতু অর্চ্চিঃ প্রভৃতি অচেতন সেই হেতু তাহাদের আতিবাহিকত্ব অনুপপন্ন। লোকমধ্যে দেখা যায়, সচেতন জীবেরাই রাজা কর্ত্তৃক কি অন্য কর্ত্তৃক অথবা স্বয়ংপ্রযুক্ত হইয়া পথে ও দুর্গমপ্রদেশে অতিবহনীয় জীবদিগকে বহন করে। এইরূপ পক্ষ প্রাপ্ত হওয়ার পর সিদ্ধান্ত পক্ষ বলিতেছেন—ঐ সকল অর্থাৎ অর্চ্চিঃ প্রভৃতি পথচিহ্ন নহে, ভোগস্থানও নহে। উহারা আতিবাহিক—চেতন। কেন-না, উহাদের আতিবাহিকত্ব পক্ষে লিঙ্গ অর্থাৎ গমক হেতু আছে। [তথাহি...দোষঃ]

গময়তি' ইতি সিদ্ধবদ্গময়িতৃত্বং দর্শয়তি। যাবদ্বচনং বাচনিক-মিতি ন্যায়াৎ তদ্বচনং তদ্বিষয়মেবোপক্ষীণমিতি চেৎ। ন। প্রাপ্তমানবত্বনিবৃত্তিমাত্রপরত্বাদ্বিশেষণস্য। যদ্যর্চ্চিরাদিষু পুরুষা গময়িতারঃ প্রাপ্তাস্তে চ মানবাস্ততো যুক্তং তন্নি-বৃত্ত্যর্থং পুরুষবিশেষণমমানব ইতি। ননু লিঙ্গমাত্রমগমকং ন্যায়াভাবাৎ। নৈষ দোষঃ॥ ৪॥

দানত্বঞ্চাচেতনেষ্বপ্যস্তীতি নাতিবাহিকাঃ। ন চামানবস্য পুরুষস্য বিদ্যুদাদিষু বোঢ়ৃত্বদর্শনাদর্চ্চিরাদীনামপি বোঢ়ৃত্বমুন্নেয়ম্। যাবদ্বচনং হি বাচনিকং ন তদ-ব্যুচ্যে সঞ্চারয়িতুমুচিতম্। অপি চার্চ্চিরাদীনাং বোঢ়ৃত্বে বিদ্যুদাদীনামপি বোঢ়ৃত্বান্নামানবঃ পুরুষো বোঢ়া শ্রূয়েত। যতঃ শ্রূয়তে ততোঽবগচ্ছামো বিদ্যুদাদিবন্নার্চ্চিরাদীনাং বোঢ়ৃত্বমিতি। তস্মাদ্ভোগভূময় এবার্চ্চিরাদয়ো নাতিবাহিকা ইতি প্রাপ্তে প্রত্যুচ্যতে—

তৎপ্রস্তাবের উপসংহারে দর্শিত হইয়াছে, "চন্দ্র হইতে বিদ্যুৎ, বিদ্যুৎ হইতে তাহাদিগকে অমানব পুরুষেরা ব্রহ্ম লোকে লইয়া যায়।" এই শ্রুতি প্রস্তাবিত অর্চ্চিঃ প্রভৃতি সমুদায় পর্ব্বকে বাহকরূপে নির্দ্দেশ করিতে সমর্থ। যদি বল, "পুরুষোঽমানবঃ স এতান্ ব্রহ্ম গময়তি" এই বচন বিদ্যুতের পরে যে পুরুষ—সেই পুরুষের অমানবত্বের বোধক মাত্র, তাহাতে তাহার নেতৃত্ব অর্থাৎ বাহকত্ব সিদ্ধ হয় হউক, কিন্তু অর্চ্চিরাদির বাহকত্বে প্রমাণ কি? অর্চ্চিরাদি বাহক না হইয়া ভোগভূমি বিশেষ হইলেই বা ক্ষতি কি? ইহার প্রত্যুত্তর এই যে, ঐ বিশেষণ (পুরুষঃ অমানবঃ এই বিশেষণ) মাত্র নেতার মানবত্ব নিষেধ করিয়াছে, অন্য কিছু করে নাই। যদি অর্চ্চিঃ প্রভৃতিতে বাহক পুরুষ পাওয়া যাইত (কোনও শ্রুতিবাক্যে) এবং তাহারা যদি মানব হইত, তাহা হইলে বিদ্যুতের অনন্তর যে পুরুষ লইয়া যাইবেক সেই পুরুষের মানবত্ব নিষেধের জন্য উক্ত অমানব শব্দের যোজনা অবশ্যই সঙ্গত বলিয়া গণ্য হইত। (বস্তুতঃ ঐ এক পুরুষ শব্দে অমানবত্ব ও নেতৃত্ব উভয় বিধান হয় না, হইতে পারেও না। অর্চ্চিঃ প্রভৃতি শব্দের দ্বারা নেতৃত্ব বিধান হইয়াছিল, ইদানীং তাহারই অনুবাদে অমানবত্বের বিধান হইয়াছে। ফলিতার্থ এই যে, অর্চ্চিঃ হইতে বিদ্যুৎ পর্য্যন্ত সমস্তই চেতন, দেবাত্মা ও ব্রহ্মলোক প্রাপক। নেতা বা বাহক। যে পুরুষ বিদ্যুৎ হইতে লইয়া যায় সে ব্রহ্মলোকবাসী অমানব সত্ব।) পাছে কেহ প্রশ্ন করেন, আশঙ্কা করেন যে, যুক্তিযোগ ব্যতীত কেবল

উভয়ব্যামোহাৎ তৎসিদ্ধেঃ ॥ ৫ ॥*

যে তাবদর্চ্চিরাদিমার্গগাস্তে দেহবিয়োগাৎ সম্পিণ্ডিতকরণগ্রামা ইত্যস্বতন্ত্রা অর্চ্চিরাদীনামপ্যচেতনত্বাদস্বাতন্ত্র্যম্ ইত্যতোঽর্চ্চিরাদ্যভিমানিনশ্চেতনা দেবতাবিশেষা অতিযাত্রায়াং নিযুক্তা ইতি গম্যতে। লোকেঽপি হি মত্তমূর্চ্ছিতাদয়ঃ সম্পিণ্ডিতকরণগ্রামাঃ পরপ্রযুক্তবর্ত্মানো ভবন্তি। অনবস্থিত-

---

সপিণ্ডকরণানাং হি সূক্ষ্মদেহবতাং গতৌ।
ন স্বাতন্ত্র্যং ন চাগ্ন্যাদ্যা নেতারোঽচেতনাস্ত তে ॥

ঈদৃশী হি নিয়মবতী গতিঃ স্বয়ং বা প্রেক্ষাবতোঽপ্রেক্ষাবতো বা প্রেক্ষাবৎপ্রযুক্তস্য। ন তাবদ্বিগলিতস্থূলকলেবরাঃ সূক্ষ্মদেহবতঃ সম্পিণ্ডিতকরণগ্রামা উৎক্রান্তিমন্তো জীবাত্মানো মত্তমূর্চ্ছিতবৎ স্বয়ং প্রেক্ষাবন্তো যদেবং

মাত্র লিঙ্গ (বোধক চিহ্ন—সেই ভাবের কথা) পদার্থাবধারণে ক্ষমবান্ নহে, তাঁহাদের প্রতি বক্তব্য এই যে, তাহা দোষাবহ নহে। অর্থাৎ ঐ বিষয়ে যুক্তির অনুগ্রহও আছে। যথা—

যাহারা অর্চ্চিরাদি পথে ব্রহ্মলোকে যায় তাহারা সকলেই দেহ ত্যাগের পর পীণ্ডিতেন্দ্রিয় হয়। (পিণ্ডিতেন্দ্রিয় অর্থাৎ তাহাদের ইন্দ্রিয় নির্ব্ব্যাপার ও মনে লয়প্রাপ্ত)। সে জন্য তাহারা অন্যতন্ত্র অর্থাৎ জড়বৎ পরপ্রেরণীয় বা পরাধীন। ফলিতার্থ—তাহারা স্বয়ং যাইতে অক্ষম। অপিচ, অর্চ্চিঃ, অহঃ, শুক্লপক্ষ, এ সকল অচেতন, অচেতন বলিয়া স্বাধীন নহে। সুতরাং তাহারাও বুদ্ধিপূর্ব্বক বহন করিতে অপারক। যখন দেখা যায়, পথ ও পথিক উভয়ই অজ্ঞ, তখন অবশ্যই বুঝিতে হইবে যে, অর্চ্চিঃ প্রভৃতির অভিমানী চেতন দেবতারাই অতিযাত্রায় নিযুক্ত অর্থাৎ বাহকতায় নিযুক্ত আছে। লোকমধ্যেও দেখা যায়, মত্ত ও মূর্চ্ছিত ব্যক্তিরা পীণ্ডিতেন্দ্রিয় হয়, সে জন্য তাহারা পথে পরকর্ত্তৃক বাহিত হয়। [অনব··· ভবতি] আরও দেখ, অর্চ্চিঃ প্রভৃতি অস্থির—স্থিরবস্তু নহে। (অর্থাৎ

---

* উভয়ব্যামোহাৎ মার্গতদ্গন্ত্রোরজ্ঞত্বাৎ ঊর্দ্ধগতির্ন স্যাৎ অতশ্চেতনান্তরেণ নেয় ইতি তৎসিদ্ধের্ন্যায়ানুগ্রহসিদ্ধেরুক্তলিঙ্গং ন্যায়োপেতমেবেতি সূত্রাক্ষরার্থঃ।—অর্চ্চিঃ প্রভৃতি পথ অচেতন, তাহাতে যে যাইতেছে সেও তখন মূর্চ্ছিত। উভয়ের অজ্ঞতায় ঊর্দ্ধ গতি অসম্ভব হয় সুতরাং বিবেচনা করা বা স্থির করা উচিত যে, কোন চেতন তাহাকে লইয়া যায়। এই যে যুক্তি বা লৌকিক ন্যায়, এই ন্যায়ের অনুগ্রহে পূর্ব্বোক্ত সিদ্ধান্তি অর্থাৎ কর্ত্তৃত্ব ও বাহকের চেতনত্ব অকাট্য হইতে পারে। (ভাষ্যব্যাখ্যা দেখ)।

ত্বাদপ্যর্চ্চিরাদীনাং ন মার্গলক্ষণত্বোপপত্তিঃ। ন হি রাত্রৌ প্রেতস্যাহঃস্বরূপাভিসম্ভব উপপদ্যতে। ন চ প্রতিপালনমস্তীত্যুক্তমধস্তাৎ। ধ্রুবত্বাৎ দেবতাত্মনাং নায়ং দোষো ভবতি। অর্চ্চিরাদিশব্দতা চৈষামর্চ্চিরাদ্যভিমানাদুপপদ্যতে। 'অর্চ্চিষোঽহঃ' ইত্যাদিনির্দ্দেশস্ত্বাতিবাহিকত্বেঽপি ন বিরুধ্যতে। অর্চ্চিষা হেতুনাঽহরভিসম্ভবন্তি। অহ্না হেতুনাপূর্য্যমাণপক্ষমিতি। তথা চ লোকপ্রসিদ্ধেষ্বপ্যাতিযাত্রিকেষ্বেবঞ্জাতীয়ক উপদেশো দৃশ্যতে—গচ্ছ ত্বমিতোবলবর্ম্মাণং ততোজয়সিংহং

স্বাতন্ত্র্যেণ। গচ্ছেয়ুস্তদ্বদর্চ্চিরাদয়োঽপি মার্গচিহ্নানি বা শমীকারঙ্করাদিবৎ ভোগভূময়ো বা সুমেরুশৈলেলাবৃতাদিবদুভয়থাপ্যচেতনতয়া ন নয়নং প্রত্যেষামস্তি স্বাতন্ত্র্যম্। ন চৈতেভ্যোঽন্যস্য চেতনস্য নেতুঃ কল্পনা সতি শ্রুতানাং চৈতন্যসম্ভবে। ন চ পরমেশ্বর এবাঽস্য নেতেতি যুক্তম্। তস্যাত্যন্তসাধারণতয়া লোকপালগ্রহাদীনামকিঞ্চিৎকরত্বাৎ। তস্মাদ্ ব্যবস্থিত এব পরমেশ্বরস্য সর্ব্বাধ্যক্ষত্বে যথা যথাস্বং লোকপালাদীনাং স্বাতন্ত্র্যম্ এবমিহাপ্যর্চ্চিরাদীনামাতিবাহিকত্বমেব দর্শনানুসারাচ্ছব্দার্থ ইতি যুক্তম্। ইমমেবার্থমমানব পুরুষাতিবাহনলক্ষণং লিঙ্গমুপোদ্বলয়তীত্যুক্তং "অনবস্থিতত্বাদপ্যর্চ্চিরাদীনা"-

সকল সময়ে থাকে না)—সে জন্য তাহারা পথচিহ্ন বলিয়া গণ্য হইতে পারে না। যে রাত্রিকালে মরে সে তখন দিবা কোথায় পাইবে? রাত্রিমৃত ব্যক্তির দিবসস্বরূপে উৎপন্ন হওয়া অনুপপন্ন। দিবসের প্রতীক্ষাও সম্ভব হয় না। সে কথা বলিয়া আসিয়াছি। অতএব, অর্চ্চিঃ প্রভৃতি যদি দেবাত্মা বলিয়া স্থিরীকৃত হয় তাহা হইলে আর উল্লিখিত দোষ স্থানপ্রাপ্ত হয় না। [অর্চ্চি...ইতি] "অর্চ্চিঃ" "অহ" "শুক্লপক্ষ," এ সকল নাম বা প্রয়োগ অভিমানী দেবতাতেও হইতে পারে। অর্চ্চিরভিমানিনী দেবতা অর্চ্চিঃ, দিবাভিমানিনী দেবতা দিবা, ইত্যাদি। আতিবাহিক পক্ষেও "অর্চ্চিঃ" এরূপ প্রয়োগও হইতে পারে। সে পক্ষে অর্থ—অর্চ্চি-হেতু অর্থাৎ অর্চ্চির দ্বারা বা অর্চ্চির নিকট হইতে দিবসে, এইরূপ হইবেক। আতিযাত্রিক বিষয়ে যে সকল লোকপ্রসিদ্ধ প্রয়োগ বা উপদেশ হইতে দেখা যায় সে সকল উপদেশও উদাহৃত বৈদিক উপদেশের তুল্যরূপ। যেমন এই একটী লৌকিক উপদেশ। যাও—এ স্থান হইতে বলবর্ম্মার নিকট যাও। তথা হইতে জয়সিংহের নিকট গমন করিও। তথা হইতে কৃষ্ণগুপ্তের নিকট যাইও।

ততঃ কৃষ্ণগুপ্তমিতি। অপি চোপক্রমে 'তেঽর্চ্চিষমভিসম্ভবন্তি' ইতি সম্বন্ধমাত্রমুক্তং ন সম্বন্ধবিশেষঃ কশ্চিৎ। উপসংহারে তু 'স এতান্ ব্রহ্ম গময়তি' ইতি সম্বন্ধবিশেষোঽতিবাহ্যাতিবাহকলক্ষণ উক্তঃ। তেন স এবোপক্রমেঽপীতি নির্দ্ধার্য্যতে। সম্পিণ্ডিতকরণগ্রামত্বাদেব চ গন্তৄণাং ন তত্র ভোগসম্ভবঃ। লোকশব্দস্ত্বনুপভুঞ্জানেষ্বপি গন্তৄষু গময়িতুং শক্যতেঽন্যেষাং তল্লোকবাসিনাং ভোগভূমিত্বাৎ। অতোঽগ্নিস্বামিকং লোকং প্রাপ্তোঽগ্নিনাঽতিবাহ্যতে বায়ুস্বামিকং

মিতি। অবস্থিতং হি মার্গচিহ্নং ভবত্যব্যভিচারান্নানবস্থিতং ব্যভিচারাদিতি। অর্চ্চিষ ইতি চ হেতৌ পঞ্চমী নাপাদানে। গুণত্বং চাশ্রিততয়া। ন চ বৈশেষিকপরিভাষয়া নিয়ম আস্থেয়ো লোকবিরোধাৎ। অপি চ তেঽর্চ্চিরভিসম্ভবন্তীতি সম্বন্ধমাত্রমুক্তমিতি সামান্যবচনে শব্দে বিশেষাকাঙ্ক্ষিণি স্ফুটং যদ্বিশেষপদং তেন তৎসামান্যং নিয়ম্যতে। যথা ব্রাহ্মণমানয় ভোজয়িতব্য

(বলবর্ম্মা জয়সিংহের নিকট, জয়সিংহ কৃষ্ণগুপ্তে পৌছাইয়া দিবেক)। [অপি...যোজয়িতব্যম্] উপক্রমে অর্থাৎ প্রস্তাবের আরম্ভে যদিও অর্চ্চির সহিত ব্রহ্মলোকগামীর কোনরূপ বিস্পষ্ট সম্বন্ধ অভিহিত হয় নাই, অর্চ্চিতে অভিসম্ভূত হয়, মাত্র এইরূপ একটা সম্বন্ধ সাধারণ উক্ত হইয়াছে, তাহা হইলেও উপসংহারে অর্থাৎ প্রস্তাব সমাপ্তিতে তদুভয়ের স্পষ্ট বাহ্য-বাহক সম্বন্ধ অভিহিত হইয়াছে। যথা—"স এতান্ ব্রহ্ম গময়তি—সেই অমানব পুরুষ ইহাদিগকে ব্রহ্মলোকে লইয়া যায়।" অর্চ্চি বাহক কি পথচিহ্ন তাহা উপক্রম দৃষ্টে নির্ণীত না হইলেও উপসংহার দৃষ্টে নির্ণীত হইতে পারে (অর্চ্চিঃ বাহক, পথচিহ্ন নহে)। অর্চ্চিঃ ভোগভূমিও নহে। গন্তা তখন পিণ্ডিতেন্দ্রিয় থাকে, সুতরাং তখন তাহার ভোগ অসম্ভব। যদি বল, তবে ভোগবাচী লোকশব্দের প্রয়োগ কেন? সে কথার প্রত্যুত্তরে ইহাই বুঝিতে হইবে যে, সেস্থানে গন্তার ভোগ না থাকিলেও তল্লোকবাসীদিগের ভোগ থাকায় তদুদ্দেশেই ভোগবাচী লোকশব্দের প্রয়োগ হইয়াছে। সিদ্ধান্ত পক্ষে এইরূপ যোজনা করিবে। যে লোকের অধিপতি অর্চ্চিঃ অর্থাৎ অগ্নি, উপাসক সেই লোকপ্রাপ্ত হইবামাত্র অগ্নি তাহাকে বহন করে (লইয়া যায়) এবং বায়ু যে লোকের স্বামী সে লোকে যাইবামাত্র বায়ু তাহাকে বহন করে, ইত্যাদি।

লোকং প্রাপ্তো বায়ুনেতি যোজয়িতব্যম্। কথং পুনরাতিবাহিকত্বপক্ষে বরুণাদিষু তৎসম্ভবঃ। বিদ্যুতো হ্যধিবরুণাদয় উপক্ষিপ্তাঃ। বিদ্যুতশ্চানন্তরমাব্রহ্মপ্রাপ্তেরমানবস্যৈব পুরুষস্য গময়িতৃত্বং শ্রুতমিত্যত উত্তরং পঠতি ॥ ৫ ॥

বৈদ্যুতেনৈব ততস্তচ্ছ্রুতেঃ ॥ ৬ ॥*

ততো বিদ্যুদভিসম্ভবনাদূর্দ্ধম্। বিদ্যুদনন্তরবর্ত্তিনৈবামানবেন পুরুষেণ বরুণলোকাদিষ্বতিবাহ্যমানা ব্রহ্মলোকং গচ্ছন্তীত্যবগন্তব্যম্। 'তান্ বৈদ্যুতান্ পুরুষোঽমানবঃ' 'স এতান্ ব্রহ্মলোকং গময়তি' ইতি তস্যৈব গময়িতৃত্বশ্রুতেঃ। বরুণাদ-

ইতি তদ্বিশেষাপেক্ষায়াং যদা তৎসন্নিধাবুপনিপততি পদং কণ্ঠাদি তদা তেনৈতন্নিয়ম্যতে এবমিহাপীতি।

বিদ্যুল্লোকমাগতোঽমানবঃ পুরুষো বৈদ্যুতস্তেনৈব ন তু বরুণাদিনা স্বয়-

[কথং...পঠতি] পাছে কেহ ভাবেন, প্রশ্ন করেন, বরুণাদির আতিবাহিকত্ব সম্ভব হয় কৈ? কেন না, সূত্রকার অব্যবহিত পূর্ব্বে বিদ্যুতের পরে বরুণাদির অবস্থান স্থির করিয়াছেন কিন্তু বলিয়াছেন, বিদ্যুতের পরে অমানব পুরুষেরই নেতৃত্ব (ব্রহ্মলোকপ্রাপকত্ব) বরুণাদির নেতৃত্ব নহে; এই প্রশ্নের উত্তরদানার্থ সূত্র—

বুঝিতে হইবে, বিদ্যুতে অভিসম্ভূত হওয়ার পর বিদ্যুতের পরবর্ত্তী অমানব পুরুষের দ্বারা বরুণাদি লোকে বাহিত হয়, হইয়া তথা হইতে ব্রহ্মলোকে নীত হয়। "বিদ্যুৎ লোকে সমাগত অমানব পুরুষ বিদ্যুতে সম্ভূত সেই সকল পথিক দিগকে লইয়া যায়।" "সেই অমানব পুরুষ ইহাদিগকে ব্রহ্মলোক প্রাপ্ত করায়।" ইত্যাদি শ্রুতিতে অমানব পুরুষেরই নেতৃত্ব শ্রুত হইয়াছে। [বরুণাদয়স্তু···ইতি] বরুণ প্রভৃতি তাহাদিগের বাধা জন্মায় না অথবা

* ততস্তদনন্তরং বিদ্যুদভিসম্ভবনানন্তরমিতি যাবৎ বিদ্যুল্লোকমাগতো বৈদ্যুতস্তেন এব অমানবেন পুরুষেণ বৈদ্যুতাৎ লোকাৎ বরুণাদীনাং লোকে নীয়মানা ব্রহ্মলোকমভিসম্ভবেয়ুঃ। তচ্ছ্রুতে তস্যৈবামানবস্য পুরুষস্য গময়িতৃত্বশ্রবণাদিতি সূত্রব্যাখ্যা।—বিদ্যুতে অভিসম্ভূত হইলে ব্রহ্মলোকবাসী অমানব পুরুষেরা তাহাকে বরুণাদিলোকে বহন করে, লইয়া যায়, তৎপরে ব্রহ্মলোকে লইয়া যায়। বরুণ প্রভৃতিরা লইয়া যায় না, তাহারা অমানব পুরুষদিগের সাহায্য করে মাত্র। শ্রুতি বলিয়াছেন, অমানবপুরুষেরাই নেতা, বরুণাদি নেতা নহে।

য়স্তু তস্যৈবাপ্রতিবন্ধকরণেন সাহায্যানুষ্ঠানেন বা কেনচিদনুগ্রাহকা ইত্যবগন্তব্যম্। তস্মাৎ সূক্তমাতিবাহিকা দেবতাত্মানোঽর্চ্চিরাদয় ইতি ॥ ৬ ॥

কার্য্যং বাদরিরস্য গত্যুপপত্তেঃ ॥ ৭ ॥*

'স এতান্ ব্রহ্ম গময়তি' ইত্যত্র বিচিকিৎসতে। কিং কার্য্যমপরং ব্রহ্ম গময়ত্যাহোস্বিৎ পরমেবাবিকৃতং মুখ্যং ব্রহ্মেতি। কুতঃ সংশয়ঃ। ব্রহ্মশব্দপ্রয়োগাৎ গতিশ্রুতেশ্চ।

মুহ্যতে তচ্ছ্রুতেস্তস্যৈব স্বয়ং বোঢ়ৃত্বশ্রুতেঃ। বরুণাদয়স্তু তৎসাহায়কে বর্ত্তমানা বোঢ়ারো ভবন্তীতি চ বৈষম্যং ন বোঢ়ৃত্ব ইতি সর্ব্বমবদাতম্।

কার্য্যমপ্রাপ্তপূর্ব্বত্বাদপ্রাপ্তপ্রাপণী গতিঃ।
প্রাপয়েদ্ ব্রহ্ম ন পরং প্রাপ্তত্বাজ্জগদাত্মকম্ ॥

তত্ত্বমসিবাক্যার্থসাক্ষাৎকারাৎ প্রাক্ কিল জীবাত্মাঽবিদ্যাকর্ম্মবাসনাদ্যুপাধ্যবচ্ছেদাৎ বস্তুতোঽনবচ্ছিন্নোঽবচ্ছিন্নমিবাঽভিন্নোঽপি লোকেভ্যোভিন্নমিবাত্মানমভিমন্যমানঃ স্বরূপাদন্যানপ্রাপ্তানর্চ্চিরাদীন্ লোকান্ গত্যাপ্নোতীতি যুজ্যতে। অদ্বৈততত্ত্বব্রহ্মসাক্ষাৎকারবতস্তু বিগলিতনিখিলপ্রপঞ্চাবভাসবিভ্রমস্য ন গন্তব্যং ন গতির্ন গময়িতার ইতি কিং কেন সঙ্গতম্। তস্মাদনিদর্শনং

কোনরূপ সাহায্য করে, করিয়া অনুগ্রাহক হয়, ইহা অবধারণ কর। অর্চ্চিঃ প্রভৃতি পথ চিহ্ন অথবা ভোগস্থান নহে, তাহারা আতিবাহিকী দেবতা, এ সিদ্ধান্ত প্রদর্শিত প্রকারে সঙ্গত হইতে পারে।

"সেই অমানব পুরুষ তাহাদিগকে ব্রহ্ম পাওয়ায়" এই স্থানে সংশয় আছে। (এ বার গন্তব্যের বিচার। গন্তব্য ব্রহ্ম পরব্রহ্ম কি অপর ব্রহ্ম, তাহা অন্বেষণ করা যাউক)। সংশয় এই যে, অমানব পুরুষেরা যে ব্রহ্মপ্রাপ্ত করায়, সে ব্রহ্ম জন্মবান্ অপর ব্রহ্ম (অপর ব্রহ্ম হিরণ্যগর্ভ,

* অধুনাগন্তব্যং চিন্তয়তি। পরব্রহ্ম গন্তব্যমিতি পূর্ব্বপক্ষে মার্গস্য মুক্ত্যর্থতা স্যাৎ। কার্য্যব্রহ্মেতি পক্ষে ভোগার্থতেতি মনসিকৃত্য প্রথমং সিদ্ধান্তপক্ষমাহ। অমানবাঃ পুরুষাঃ কার্য্যং বিকারধর্ম্মোপেতং সগুণমেব ব্রহ্ম গময়তীতি বাদরিরাচার্য্য আহ। যতোঽস্যৈব কার্য্যব্রহ্মণ এব গতিরুপপদ্যতে গুণপরিচ্ছিন্নত্বাৎ। গতিঃ প্রাপ্তিঃ। গন্তব্যলাভ ইতি যাবৎ। কার্য্যং বিকারসম্বন্ধেন জন্মবান্ ব্রহ্মাপরনামা হিরণ্যগর্ভঃ।—অমানব পুরুষেরা ব্রহ্মপ্রাপ্ত করায়, এই ব্রহ্ম নির্গুণ ব্রহ্ম নহে কিন্তু সগুণ ব্রহ্ম। কারণ, সগুণ ব্রহ্মেই গতিশ্রুতি সঙ্গতার্থ হয়। (ভাষ্যব্যাখ্যা দেখ)।

তত্র কার্য্যমেব সগুণমপরং ব্রহ্ম নয়ত্যেতানমানবাঃ পুরুষা ইতি বাদরিরাচার্য্যো মন্যতে। কুতঃ। অস্য গত্যুপপত্তেঃ। অস্য হি কার্য্যব্রহ্মণো গন্তব্যত্বমুপপদ্যতে প্রদেশত্বাৎ। ন তু

ন্যগ্রোধসংযোগবিভাগা ন্যগ্রোধবানরতদ্গতিতৎসংযোগবিভাগানাং মিথোভেদাৎ। ন চ তত্রাপি প্রাপ্তপ্রাপ্তিঃ। কর্ম্মজেন হি বিভাগেন নিরুদ্ধায়াং পূর্ব্বপ্রাপ্তাবপ্রাপ্তস্যৈবোত্তরপ্রাপ্তেরুৎপত্তেঃ। এতদপি বস্তুতো বিচারাসহতয়া সর্ব্বমনির্ব্বচনীয়বিজৃম্ভিতমবিদ্যায়াঃ সমুৎপন্নাদ্বৈততত্ত্বসাক্ষাৎকারো ন বিদ্বানভিমন্যতে। বিদুষোঽপি দেহপাতাৎ পূর্ব্বং স্থিতপ্রজ্ঞস্য তথাভাসমাত্রেণ সাংসারিকধর্ম্মানুবৃত্তিরভ্যুপেয়তে এবমালিঙ্গশরীরপাতাৎ বিদুষস্তদ্ধর্ম্মানুবৃত্তিস্তথা চাপ্রাপ্তপ্রাপ্তের্গত্যুপপত্তিস্তদ্দেশপ্রাপ্তৌ চ লিঙ্গদেহনিবৃত্তের্মুক্তিঃ শ্রুতিপ্রামাণ্যাদিতি চেৎ। ন। পরবিদ্যাবত উৎক্রান্তিপ্রতিষেধাদ্ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি ন তস্মাৎ প্রাণা উৎক্রামন্ত্যত্রৈব সমবলীয়ন্ত ইতি। যথা বিদ্যাব্রহ্মপ্রাপ্ত্যোঃ সমানকালতা শ্রূয়তে। 'ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি' 'আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ন বিভেতি' 'তদাত্মানমেব বেদাঽহং ব্রহ্মাস্মীতি তৎ সর্ব্বমভবৎ' 'তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যত' ইতি পৌর্ব্বাপর্য্যাশ্রবণাৎ পরবিদ্যাবতোমুক্তিং প্রতি নোপায়ান্তরাপেক্ষেতি লক্ষ্যতেঽভিসন্ধিঃ শ্রুতেঃ। উপপন্নঞ্চৈতৎ। ন খলু ব্রহ্মৈবেদং বিশ্বমহং ব্রহ্মাস্মীতি পরিভাবনাভুবা জীবাত্মনো ব্রহ্মভাবসাক্ষাৎকারেণোন্মূলিতায়ামনবয়বেনাবিদ্যায়ামস্তি গন্তব্যগন্তৃবিভাগো বিদুষস্তদভাবে কথময়মর্চ্চিরাদিমার্গে প্রবর্ত্তেত। ন চ ছায়ামাত্রেণাপি সাংসারিকধর্ম্মানুবৃত্তিস্তত্র প্রবৃত্ত্যঙ্গং যাদৃচ্ছিকপ্রবৃত্তিঃ শ্রদ্ধাবিহীনস্য দৃষ্টার্থানি কর্ম্মাণি ফলন্তি ন ফলন্তি চ। অদৃষ্টার্থানান্তু ফলে কা কথেত্যুক্তং প্রথমসূত্রে। ন চার্চ্চিরাদিমার্গভাবনায়াঃ পরব্রহ্মপ্রাপ্ত্যর্থমবিদুষঃ প্রত্যুপদেশঃ। তথা চ কর্ম্মান্তরেষ্বিব নিত্যাদিষু তত্রাপি শ্রাদ্ধস্য প্রবৃত্তিরিতি সাম্প্রতম্। বিকল্পাসহত্বাৎ। কিমিয়ং পরবিদ্যানপেক্ষা পরব্রহ্মপ্রাপ্তিসাধনং তদপেক্ষং বা। ন তাবদনপেক্ষা 'তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়ে'তি পরব্রহ্মবিজ্ঞানাদন্যস্যাধ্বনঃ সাক্ষাৎ প্রতিষেধাৎ পরবিদ্যা-

---

যাঁহার অন্য নাম ব্রহ্ম।) কি মুখ্য ও অবিকৃত পরব্রহ্ম? এ সংশয়ের হেতু কি? সংশয়ের হেতু ব্রহ্মশব্দের প্রয়োগ ও তাঁহাতে গতি হওয়ার কথা। (ব্রহ্ম বলিতে পরব্রহ্ম এবং গতি হয় বা প্রাপ্ত হয় বলিলে পরিচ্ছিন্ন পদার্থই উপলব্ধি পথে আইসে। পরব্রহ্ম নিরপেক্ষ বৃহৎ অর্থাৎ পরিপূর্ণ—ব্যাপক। তিনি সর্ব্বদা সর্ব্বত্র সর্ব্বজীবের প্রাপ্ত আছেন, সেজন্য ব্রহ্ম পাওয়ার কথা পরব্রহ্মপর নহে, কার্য্যব্রহ্ম পর।) [তত্র...গন্তৃণাম্] এই স্থলে বাদরি

পরস্মিন্ ব্রহ্মণি গন্তৃত্বং গন্তব্যত্বং গতির্ব্বাঽবকল্পতে সর্ব্বগতত্বাৎ প্রত্যগাত্মত্বাচ্চ গন্তৃণাম্ ॥ ৭ ॥

বিশেষিতত্বাচ্চ ॥ ৮ ॥*

'ব্রহ্মলোকান্ গময়তি তে তেষু ব্রহ্মলোকেষু পরাঃ

পেক্ষত্বে তু মার্গভাবনায়াঃ কিমিয়ং বিদ্যাকার্য্যে মার্গভাবনাসাহায়কমাচরত্যথ বিদ্যোৎপাদে। ন তাবদ্বিদ্যাকার্য্যে তয়া সহ তস্য দ্বৈতাদ্বৈতগোচরতয়া মিথো বিরোধেন সহাসম্ভবাৎ। নাপি যজ্ঞাদিবদ্বিদ্যোৎপাদে সাক্ষাদ্ব্রহ্মপ্রাপ্ত্যুপায়ত্বশ্রবণাৎ এতান্ ব্রহ্ম গময়তীতি যজ্ঞাদেস্তু বিবিদিষাসংযোগেন শ্রবণাদ্বিদ্যোৎপাদাঙ্গত্বম্। তস্মাদুপন্যস্তবহুশ্রুত্যনুরোধাদুপপত্তেশ্চ ব্রহ্মশব্দোঽসম্ভবন্মুখ্যবৃত্তির্ব্রহ্মসামীপ্যাদপরব্রহ্মণি লক্ষণয়া নেতব্যঃ। তথা চ লোকেষ্বিতি বহুবচনোপপত্তেঃ কার্য্যব্রহ্মলোকস্য। পরস্য ত্বনবয়বতয়া তদ্দ্বারেণাপ্যনুপপত্তের্লোকত্বঞ্চেলাবৃত্তাদিবৎ সন্নিবেশবিশেষবতি ভোগভূমৌ নিরূঢ়ং ন কথঞ্চিৎ যোগেন প্রকাশে ব্যাখ্যাতং ভবতি। তস্মাৎ সাধুদর্শী স ভগবান্ বাদরিরসাধুদর্শী জৈমিনিরিতি সিদ্ধম্। অপ্রামাণিকানাং বহুপ্রলাপাঃ সর্ব্বগতস্য দ্রব্যস্য গুণাঃ সর্ব্বগতা এব চৈতন্যানন্দাদয়শ্চ গুণিনঃ পরমাত্মনো ভেদাভেদবন্তো গুণা ইত্যাদয়ো দূষণায়ানুভাষ্যমাণা অপ্যপ্রামাণিকত্বমাবহন্ত্যস্মাকমিত্যুপেক্ষিতাঃ। গ্রন্থযোজনা তু প্রতিপ্রত্যগাত্মত্বাচ্চ গন্তৃণাম্। প্রতি প্রতি অঞ্চতি গচ্ছতীতি প্রত্যক্ প্রতিভাববৃত্তি ব্রহ্ম তদাত্মত্বাদ্গন্তৃণাং জীবাত্মনামিতি।

আচার্য্য (ব্যাস) মনে করেন ও বলেন, অমানব পুরুষেরা গুণপরিচ্ছিন্ন অপর ব্রহ্মকেই পাওয়ায়। (অপর ব্রহ্ম=ব্রহ্মা) কেন-না, তিনিই গন্তব্য ব্য পাওয়ার যোগ্য। গতি বা প্রাপ্তি তাঁহাতেই উপপন্ন হয়। পরব্রহ্মে কি গন্তৃত্ব কি গন্তব্যত্ব কি গতি কিছুই উপপন্ন হয় না। কারণ, পরব্রহ্ম অপরিচ্ছিন্ন নির্গুণ সর্ব্বগত ও গন্তার প্রত্যগাত্মা।

"ব্রহ্মলোক প্রাপ্ত করায়। তাহারা সেই ব্রহ্মলোকে দীর্ঘকাল ব্রহ্মার

---

* বহুবচন-লোকশব্দ-সপ্তমীবিভক্তিভিরিতি বোধ্যম্। তেন তেন বিশেষণেন গন্তব্যং পরস্মাৎ ব্যাবৃত্তমিতি।—বহুবচনের লোকশব্দের ও আধারার্থক সপ্তমী বিভক্তির দ্বারা বিশেষিত হওয়ায় স্পষ্টই প্রতীত হইতেছে, দেবযান পথের পথিক দিগের গন্তব্য বিকারবিশিষ্ট অপরব্রহ্ম; অবিকৃত পরব্রহ্ম নহে। পরব্রহ্ম পূর্ণ; সে কারণ তিনি গন্তব্য নহেন। পরিচ্ছিন্ন বস্তুই গন্তব্য বা প্রাপ্তব্য। অসীম পদার্থ সর্ব্বদা সর্ব্বত্র প্রাপ্তই আছেন।

পরাবতো বসন্তি' ইতি শ্রুত্যন্তরে বিশেষিতত্বাৎ কার্য্যব্রহ্ম-বিষয়ৈব গতিরিত্যবগম্যতে। ন হি বহুবচনেন বিশেষণং পরস্মিন্ ব্রহ্মণ্যবকল্পতে। কার্য্যে ত্ববস্থাভেদোপপত্তেঃ সম্ভবতি বহুবচনম্। লোকশ্রুতিরপি বিকারগোচরায়ামেব সন্নিবেশ-বিশিষ্টায়াং ভোগভূমাবাঞ্জসী। গৌণী ত্বন্যত্র 'ব্রহ্মৈব লোক এষ সম্রাট্' ইত্যাদিষু। অধিকরণাধিকর্ত্তব্যনির্দ্দেশোঽপি পরস্মিন্ ব্রহ্মণি নাঞ্জসঃ স্যাৎ। তস্মাৎ কার্য্যবিষয়মেবেদং নয়নম্। ননু কার্য্যবিষয়েঽপি ব্রহ্মশব্দো নোপপদ্যতে সমস্তস্য হি জগতো জন্মাদিকারণং ব্রহ্মেতি প্রতিষ্ঠাপিতমিত্যত্রোচ্যতে ॥ ৮ ॥

সামীপ্যাত্তু তদ্ব্যপদেশঃ ॥ ৯ ॥*

"গৌণীত্বন্যত্রে"তি। যৌগিক্যপি হি যোগগুণাপেক্ষয়া গৌণ্যেব।

(আয়ুঃপরিমিত কাল) বাস করে।" এই শ্রুতিতে যে বিশেষ উক্তি আছে সেই বিশেষ উক্তির (বহুবচন, লোকশব্দ ও আধারার্থে সপ্তমী বিভক্তির প্রয়োগের) দ্বারা স্থির হয়, গতিশ্রুতি কার্য্যব্রহ্মবিষয়েই প্রয়োজিত। পরব্রহ্ম বহুবচনে বিশেষিত হন না। কার্য্যব্রহ্মই অবস্থাভেদ অনুসারে বহুবচনে বিশেষিত হইতে পারেন। বিকার বিষয়েই লোকশব্দের মুখ্য প্রয়োগ হয়। যাহা সন্নিবেশবিশিষ্ট ভোগভূমি (স্থান), তাহাই লোক-শব্দের মুখ্যার্থ। "ব্রহ্মই লোক—" ইত্যাদি সন্দর্ভে যে ব্রহ্মে লোকশব্দের প্রয়োগ হইয়াছে তাহা গৌণী অর্থাৎ লক্ষণাক্রমে প্রয়োজিত। "সেখানে তাহারা বাস করে" এই যে অধিকরণের ও অধিকর্ত্তব্যের নির্দ্দেশ (ব্রহ্মলোক অধিকরণ, উপাসকেরা তাহাতে অধিকর্ত্তব্য। অধিকরণ অর্থাৎ বাসস্থান বা বাসের আধার। অধিকর্ত্তব্য অর্থাৎ বাসকারী।) এ নির্দ্দেশও কার্য্যব্রহ্ম ব্যতীত পরব্রহ্মে মুখ্যরূপে সঙ্গত হয় না। এই সকল হেতুতে উক্ত বাক্য (ব্রহ্ম প্রাপ্ত হয় বা করায়, ইত্যাদি বাক্য) কার্য্যব্রহ্মবিষয়ে ব্যাখ্যাত হয়। যদি কেহ বলেন, প্রশ্ন করেন, কার্য্যব্রহ্ম অর্থে ব্রহ্মশব্দের প্রয়োগ কিরূপে উপপন্ন হয়? পূর্ব্বে বলা হইয়াছে, ব্রহ্ম সমুদায় জগতের জন্মস্থিতি-লয়ের মূলকারণ, ইহার প্রত্যুত্তরার্থ সূত্র—

---

* কার্য্যব্রহ্মণো গন্তব্যত্বেঽনাবৃত্তিফলশ্রবণফলমঞ্জসং স্যাদিতি শঙ্কাব্যাবৃত্ত্যর্থস্তুশব্দঃ। পর-

তুশব্দ আশঙ্কাব্যাবৃত্ত্যর্থঃ। পরব্রহ্মসামীপ্যাদপরস্য ব্রহ্মণস্তস্মিন্নপি ব্রহ্মশব্দপ্রয়োগো ন বিরুধ্যতে। পরমেব হি ব্রহ্ম বিশুদ্ধোপাধিসম্বন্ধং ক্বচিৎ কৈশ্চিদ্বিকারধর্ম্মৈর্ম্মনোময়ত্বাদিভিরুপাসনায়োপদিশ্যমানমপরমিতি স্থিতিঃ। ননু কার্য্যপ্রাপ্তাবনাবৃত্তিশ্রবণং লভ্যতে। ন হি পরস্মাৎ ব্রহ্মণোঽন্যত্র ক্বচিৎ নিত্যতা সম্ভবতি। দর্শয়তি চ দেবযানপথা প্রস্থিতানামনাবৃত্তিং 'এতেন প্রতিপদ্যমানা ইমং মানবমাবর্ত্তং

"বিশুদ্ধোপাধিসম্বন্ধমি"তি। মনোময়ত্বাদয়ঃ কল্পনাঃ কার্য্যাঃ কার্য্যত্বাৎ। অবিশুদ্ধা অপি শ্রেয়োহেতুত্বাদ্বিশুদ্ধাঃ।

হিরণ্যগর্ভে ব্রহ্মশব্দের প্রয়োগ হয় কি-না এই আশঙ্কা ব্যাবৃত্ত করিবার জন্য অর্থাৎ "হয়" এই সিদ্ধান্ত স্থাপন করিবার জন্য সূত্রে তুশব্দের প্রয়োগ হইয়াছে। অপর ব্রহ্ম অর্থাৎ ব্রহ্মা বা হিরণ্যগর্ভ পরব্রহ্মের অতি সমীপবর্ত্তী। সেই কারণে তাঁহাতে ব্রহ্মশব্দের প্রয়োগ বিরুদ্ধ প্রয়োগ নহে। (যেমন গঙ্গাতীরবাসীকে গঙ্গাবাসী বলা যায় সেইরূপ) পরব্রহ্মই কোন কোন স্থলে বিশুদ্ধ উপাধি সম্পর্ক অনুসারে উপাধিগত কোন কোন ধর্ম্মের দ্বারা উপাসনার্থ অর্থাৎ তিনি মনোময় ও দীপ্তরূপী, ইত্যাদি প্রকারে উপাসিত হউন, এই অভিপ্রায়ে শ্রুতি কর্ত্তৃক উপদিষ্ট হইয়াছেন। ইহাই বেদান্তের সিদ্ধান্ত বা মর্ম্মকথা। [ননু... ক্রমঃ] এক্ষণে প্রশ্ন হইতে পারে যে, উপাসক যদি কার্য্যব্রহ্মই প্রাপ্ত হন তাহা হইলে তাঁহাদের অনাবৃত্তি ফল ঘটে কৈ? পরব্রহ্ম ব্যতীত অন্য কিছুরই ত নিত্যতা নাই? অথচ শ্রুতি বলিয়াছেন, দেবযান পথে "প্রস্থিত দিগের অনাবৃত্তি হয় অর্থাৎ তাহারা আর জন্ম গ্রহণ করে না। যাহা পরম মোক্ষ তাহাই তাহারা প্রাপ্ত হয় অর্থাৎ ব্রহ্মনিত্যতা লাভ করে। যথা—"দেবযান পথের পথিকেরা পুনর্ব্বার এই মনুষ্য সম্বন্ধীয় আবর্ত্তে নিপতিত হন না। অর্থাৎ আর তাঁহাদের কোনরূপ জন্ম হয় না।" "তাঁহাদের আর ইহলোকে আসিতে হয় না।" "তাঁহারা মূর্দ্ধন্যনাড়ী পথে নিষ্ক্রান্ত হন, হইয়া ঊর্দ্ধলোকে গমন করতঃ অমৃতত্ব অর্থাৎ

ব্রহ্মসামীপ্যাদপরস্মিন্ ব্রহ্মশব্দপ্রয়োগ ইতি সূত্রতাৎপর্য্যম্।—অপর ব্রহ্ম অর্থাৎ হিরণ্যগর্ভ পরব্রহ্মের অতি সন্নিহিত, সেই কারণে লক্ষণাশক্তির দ্বারা তাঁহাতে ব্রহ্মশব্দের ব্যপদেশ অর্থাৎ হিরণ্যগর্ভে ব্রহ্মশব্দের প্রয়োগ সাধু বলিয়া গণ্য হয়।

নাবর্ত্তন্তে' ইতি। 'তেষামিহ ন পুনরাবৃত্তিরস্তি' 'তয়োর্দ্ধমায়-ন্নমৃতত্বমেতি' ইতি চ। অত্র ক্রমঃ ॥ ৯ ॥

কার্য্যাত্যয়ে তদধ্যক্ষেণ সহাতঃ পরমভিধানাৎ ॥ ১০ ॥*

কার্য্যব্রহ্মলোকপ্রলয়প্রত্যুপস্থানে সতি তত্রৈবোৎপন্নসম্যগ্দর্শনাঃ সন্তস্তদধ্যক্ষেণ হিরণ্যগর্ভেণ সহাঽতঃ পরং পরিশুদ্ধং বিষ্ণোঃ পরং পদং প্রতিপদ্যন্ত ইতি। ইত্থং ক্রমমুক্তিরনাবৃত্ত্যাদিশ্রুত্যভিধানেভ্যোঽভ্যুপগন্তব্যা। ন হ্যঞ্জসৈব গতিপূর্ব্বিকা পরপ্রাপ্তিঃ সম্ভবতীত্যুপপাদিতম্ ॥ ১০ ॥

স্মৃতেশ্চ ॥ ১১ ॥†

প্রতিসঞ্চরো মহাপ্রলয়ঃ, তস্মিন্ প্রাপ্তে পরস্ত হিরণ্যগর্ভস্যান্তে সমষ্টিলিঙ্গশরীররূপবিকারাবসানে ব্রহ্মলোকনিবাসিনঃ কৃতাত্মানঃ শুদ্ধধিয়স্তত্রোৎপন্নসম্যগ্ধিয়ঃ সর্ব্বে ব্রহ্মণা মুচ্যমানেন সহ পরং পদং প্রবিশন্তীতি যোজনা। এবং সিদ্ধান্তমুক্ত্বা তেন নিরুক্তপূর্ব্বপক্ষমাহ—কঃ পুনরিত্যাদিনা। ইতি রত্নপ্রভা।

মোক্ষ প্রাপ্ত হন।" ইত্যাদি। এই প্রশ্নের প্রত্যুত্তরার্থ অর্থাৎ প্রশ্নের সিদ্ধান্ত কথনার্থ সূত্র—

কার্য্যব্রহ্মলোকের অর্থাৎ হিরণ্যগর্ভলোকের প্রলয় (বিনাশ) কাল আগত হইলে সমুৎপন্নব্রহ্মজ্ঞান তল্লোকবাসীরা আপনাদের অধিপতির (হিরণ্যগর্ভের) সহিত বিষ্ণুর বিশুদ্ধ পরম পদ প্রাপ্ত হয়। ইহারই নাম ক্রমমুক্তি, এইরূপ ক্রমমুক্তি অনাবৃত্ত্যাদি শ্রুতির সামর্থ্যে অবশ্য স্বীকার্য্য। সাধক ঐরূপে পরব্রহ্ম প্রাপ্ত হয়, অন্য কোনরূপে নহে। মুখ্যরূপে গতিপূর্ব্বক পরব্রহ্ম প্রাপ্তি সম্ভবে না, তাহা পূর্ব্বে প্রতিপাদন করা হইয়াছে।

* কার্য্যব্রহ্মলোকস্য অত্যয়ে প্রলয়কালে আগত ইতি যাবৎ তদধ্যক্ষেণ হিরণ্যগর্ভেণ সহ তে সর্ব্বে ব্রহ্মলোকবাসিনস্তত্রৈবোৎপন্নজ্ঞানদর্শনা ততঃ পরং শুদ্ধং ব্রহ্ম প্রতিপদ্যন্ত ইতি শ্রুতের্ব্বাক্যান্নির্ণীয়তে।—কার্য্যব্রহ্ম ব্রহ্মার অবসানকালে অর্থাৎ মহাপ্রলয়কালে ব্রহ্মার সহিত এক সঙ্গে সমুদায় ব্রহ্মলোকবাসী ব্রহ্মজ্ঞান লাভ করতঃ শুদ্ধ ব্রহ্ম প্রাপ্ত হন অর্থাৎ মুক্ত হন।

† স্মৃতিপ্রামাণ্যাদপি গন্তব্যস্য কার্য্যত্বম্।—দেবযান পথের পথিক দিগের গন্তব্য ব্রহ্ম যে সগুণ ব্রহ্ম তাহা স্মৃতিতেও কথিত আছে।

স্মৃতিরপ্যেতমর্থমনুজানাতি—

'ব্রহ্মণা সহ তে সর্ব্বে সম্প্রাপ্তে প্রতিসঞ্চরে।
পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদম্॥' ইতি।

তস্মাৎ কার্য্যব্রহ্মবিষয়া গতিঃ শ্রূয়ত ইতি সিদ্ধান্তঃ। কঃ পুনঃ পূর্ব্বপক্ষমাশঙ্ক্যাহয়ং সিদ্ধান্তঃ প্রতিষ্ঠাপিতঃ 'কার্য্যং বাদরিঃ' ইত্যাদিনেতি। স ইদানীং সূত্রেরেবোপপ্রদর্শ্যতে॥ ১১॥

পরং জৈমিনির্মুখ্যত্বাৎ॥ ১২॥*

জৈমিনির্হ্যাচার্য্যঃ 'স এতান্ ব্রহ্ম গময়তি' ইত্যত্র পর-

প্রতিসঞ্চরো মহাপ্রলয়ঃ।

পাঠক্রমাদর্থক্রমো বলবানিতি যথার্থক্রমং পঠ্যন্তে সূত্রাণি। স এতান্ ব্রহ্ম গময়তীতি বিচিকিৎস্যতে। কিং পরং ব্রহ্ম গময়ত্যাহোস্বিৎ অপরং কার্য্যং ব্রহ্মেতি।

স্মৃতিও ঐ অর্থ অনুমোদন করিয়াছেন। যথা—"প্রতিসঞ্চর অর্থাৎ মহাপ্রলয় উপস্থিত (ব্রহ্মার আয়ুঃ পরিসমাপ্ত) হইলে পরমেষ্ঠীর অর্থাৎ সমষ্টিলিঙ্গশরীরাভিমানী হিরণ্যগর্ভের অন্ত অর্থাৎ অবসান (বিনাশ) হয়। তৎপরে সেই বিকারী ব্রহ্মের (ব্রহ্মার) সহিত কৃতাত্মা অর্থাৎ লব্ধব্রহ্মজ্ঞান সমুদায় তল্লোকবাসী বিষ্ণুর পরম পদে প্রবেশ করে অর্থাৎ মুক্ত হয়।" স্মৃতির এই তাৎপর্য্য দৃষ্টে সিদ্ধান্ত হয় যে, গতিশ্রুতি কার্য্যব্রহ্মবিষয়েই পর্য্যবসিত। [কঃ…দর্শ্যতে] এই স্থানে হয় ত সকলেই জিজ্ঞাসা করিবেন যে, সূত্রকর্ত্তা ব্যাস কোন্ পূর্ব্বপক্ষ আশঙ্কা করিয়া "কার্য্যং বাদরিঃ" ইত্যাদি সূত্রে উক্ত সিদ্ধান্ত স্থাপন করিলেন? (পূর্ব্বপক্ষ বা আশঙ্কা না থাকিলে বিচার উঠে না। সিদ্ধান্ত স্থাপনও হয় না।) ঐ জিজ্ঞাসা যেন হইবেই হইবে, এইরূপ অবধারণ করিয়া সূত্রকার সূত্রের দ্বারা সেই পূর্ব্বপক্ষ দেখাইতেছেন।

জৈমিনি মুনির পক্ষ স্বতন্ত্রপ্রকার, এবং তাহাই পূর্ব্বপক্ষ বা আশঙ্কার

---

* অমানবাঃ পুরুষাঃ পরমেব ব্রহ্ম গময়তীতি জৈমিনির্মন্যতে। পরমেব হি মুখ্যং ব্রহ্ম।—জৈমিনি বলেন, অমানব পুরুষেরা দেবযান প্রস্থিত উপাসকদিগকে পরব্রহ্ম প্রাপ্ত করায়। ব্রহ্ম বলিলে পরব্রহ্মই বুঝায় এবং পরব্রহ্মই ব্রহ্মশব্দের মুখ্য অর্থ।

মেব ব্রহ্ম প্রাপয়তীতি মন্যতে। কুতঃ। মুখ্যত্বাৎ। পরং হি ব্রহ্ম ব্রহ্মশব্দস্য মুখ্যমালম্বনং গৌণমপরম্। মুখ্যগৌণয়োশ্চ মুখ্যে সম্প্রত্যয়ো ভবতি ॥ ১২ ॥

মুখ্যত্বাদমৃতং প্রাপ্তেঃ পরপ্রকরণাদপি।
গন্তব্যং জৈমিনির্ম্মেনে পরমেবার্চ্চিরাদিনা ॥

ব্রহ্ম গময়তীত্যত্র হি নপুংসকব্রহ্মপদং পরস্মিন্নেব ব্রহ্মণি নিরূঢ়ত্বাদনপেক্ষতয়া মুখ্যমিতি সতি সম্ভবে ন কার্য্যে ব্রহ্মণি গুণকল্পনয়া ব্যাখ্যাতুমুচিতম্। অপি চামৃতত্বফলাবাপ্তির্ন কার্য্যব্রহ্মপ্রাপ্তৌ যুজ্যতে। তস্য কার্য্যত্বেন মরণধর্ম্মবত্ত্বাৎ। কিঞ্চ তত্র তত্র পরমেব ব্রহ্ম প্রকৃত্য প্রজাপতিসদ্মপ্রতিপত্ত্যাদয় উচ্যমানা নাপরব্রহ্মবিষয়া ভবিতুমর্হন্তি প্রকরণবিরোধাৎ। ন চ পরস্মিন্ সর্ব্বগতে গতির্নোপপদ্যতে প্রাপ্তত্বাদিতি যুক্তম্। প্রাপ্তেঽপি হি প্রাপ্তিফলা গতির্দৃশ্যতে। যথৈকস্মিন্ ন্যগ্রোধপাদপে মূলাদগ্রমগ্রাচ্চ মূলং গচ্ছতঃ শাখামৃগস্যৈকেনৈব ন্যগ্রোধপাদপেন নিরন্তরং সংযোগবিভাগা ভবন্তি। ন চৈতে তদবয়ববিষয়া ন তু ন্যগ্রোধবিষয়া ইতি সাম্প্রতং তথা সতি ন শাখামৃগো ন্যগ্রোধেন যুজ্যতে ন্যগ্রোধাবয়বস্য তদবয়বযোগাৎ এবং দৃশ্যমানানামপি তদবয়বানাং ন যোগস্তদবয়বযোগাৎ তদনেন ক্রমেণ তদবয়বেষু পরমাণুষু ব্যবতিষ্ঠতে। তে চাতীন্দ্রিয়া ইতি কস্মিন্নু নামায়মনুভবপদ্ধতিমধ্যাস্তাং সংযোগতপস্বী। তস্মাদকামেনাপ্যনুভবানুরোধেন প্রাপ্ত এব প্রাপ্তিফলত্বাবগতিরেষিতব্যা। তৎ ব্রহ্ম প্রাপ্তমপি প্রাপ্তিফলায়াবগতের্গোচরো ভবিষ্যতি। ব্রহ্মলোকেষ্বিতি চ বহুবচনমেকস্মিন্নপি প্রয়োগসাধুতামাত্রেণ গময়িতব্যম্। লোকশব্দশ্চালোকনে প্রকাশে বর্ত্তয়িতব্যো ন তু সন্নিবেশবতি দেশবিশেষে। তস্মাৎ পরব্রহ্মপ্রাপ্ত্যর্থো গত্যুপদেশসামর্থ্যাদয়মর্থো ভবতি। যথা বিদ্যাকর্ম্মবশাদর্চ্চিরাদিনা গতস্য সত্যলোকমতিক্রম্য পরং জগৎকারণং ব্রহ্মলোকমালোকং স্বয়ম্প্রকাশমিতি যাবৎ প্রাপ্তস্য তত্রৈব লিঙ্গং প্রলীয়তে ন তু গতিমেবম্ভূতাং বিনা লিঙ্গপ্রবিলয় ইতি। অতএব শ্রুতিঃ। 'পুরুষায়ণাঃ পুরুষং প্রাপ্যান্তং গচ্ছন্তি।' তদনেনাভিসম্বন্ধিনা পরং ব্রহ্ম গময়ত্যমানব ইতি মেনে জৈমিনিরাচার্য্যঃ। তত্ত্বদর্শী তু বাদরির্দ্দদর্শ—

কারণ। কাযেই সিদ্ধান্তের প্রয়োজন। জৈমিনি বলেন, অমানব পুরুষেরা যে ব্রহ্ম পাওয়ায় তাহা পরব্রহ্ম। কারণ, পরব্রহ্মই মুখ্যব্রহ্ম। পরব্রহ্মই ব্রহ্মশব্দের মুখ্য আলম্বন। ব্রহ্ম বলিলে পরব্রহ্মই বুঝায়, অপর ব্রহ্ম গৌণ। অর্থাৎ সন্নিধানলক্ষণায় হিরণ্যগর্ভে ব্রহ্মশব্দের প্রয়োগ হইয়াও থাকে; সেজন্য তাহা মুখ্য নহে; কিন্তু গৌণ। মুখ্যার্থ ও গৌণার্থের সংশয় হইলে

দর্শনাচ্চ ॥ ১৩ ॥*

'তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতি' ইতি চ গতিপূর্ব্বকমমৃতত্বং দর্শয়তি। অমৃতত্বঞ্চ পরস্মিন্ ব্রহ্মণ্যুপপদ্যতে ন কার্য্যে। বিনাশিত্বাৎ কার্য্যস্য। 'অথ যত্রান্যৎ পশ্যতি তদল্পং তন্মর্ত্ত্যম্' ইতি বচনাৎ পরব্রহ্মবিষয়ৈব চৈষা গতিঃ কঠবল্লীষু পঠ্যতে। ন হি তত্র বিদ্যান্তরপ্রক্রমোঽস্তি, 'অন্যত্র ধর্ম্মাদন্যত্রাধর্ম্মাৎ' ইতি পরস্যৈব ব্রহ্মণঃ প্রক্রান্তত্বাৎ ॥ ১৩ ॥

ন চ কার্য্যে প্রতিপত্ত্যভিসন্ধিঃ ॥ ১৪ ॥†

দহরবিদ্যায়াং কঠবল্লীষু পরব্রহ্মপ্রকরণে চ তয়োর্দ্ধমায়ন্নিতি গতির্দর্শিতা। ইতি রত্নপ্রভা।

মুখ্যার্থই গৃহীত হয়। অভিধা শক্তির দ্বারা ‡ মুখ্যার্থই বুদ্ধিস্থ হয়, মুখ্যার্থে সঙ্গতি না হইলে কাযেই গৌণার্থের গ্রহণ হইয়া থাকে।

"ব্রহ্মোপাসক সুষুম্নানাড়ীরন্ধ্রে নির্গত হন, হইয়া অমৃতত্বলাভ করেন" এই শ্রুতি গতিপূর্ব্বক অমরত্ব লাভ হয় বলিতেছেন। অমরত্ব পরব্রহ্ম ব্যতীত কার্য্যব্রহ্মে উপপন্ন হয় না। কারণ, কার্য্যব্রহ্ম বিনাশী—প্রকৃত অমর নহে। মুখ্যব্রহ্ম ব্যতীত সমস্তই বিনাশী—তাহা শ্রুতিকর্ত্তৃক অভিহিত হইয়াছে। যথা—"যাহাতে ভেদ দর্শন হয় তাহা অল্প অর্থাৎ পরিচ্ছিন্ন ও মরণশীল।" যে গতি বিচারিত হইতেছে সে গতি পরব্রহ্মবিষয়িণী। কঠবল্লীতেও পরব্রহ্মবিষয়িণী গতি পঠিত হইয়াছে। কঠবল্লীতে বিদ্যান্তরের প্রকরণ নাই, তাহা পরব্রহ্মেরই প্রকরণ। কঠবল্লীতে "যাহা ধর্ম্মের অন্য, অধর্ম্মের অন্য—"ইত্যাদি ক্রমে পরব্রহ্মই প্রক্রান্ত হইয়াছেন। (কাযেই বলিতে হয়, ব্রহ্ম পাওয়ায় কি-না পরব্রহ্ম পাওয়ায়)।

* দর্শনং শ্রৌতবিজ্ঞানং তস্মাদপি। তস্মিন্নর্থে শ্রৌতবিজ্ঞানমপ্যস্তীত্যর্থঃ।—শ্রুতি "অমৃতত্ব প্রাপ্ত হয়" এই কথা বলিয়া ঐ অর্থেরই গ্রাহ্যতা দেখাইয়াছেন।

† উপাসকস্য মরণকালে যা প্রতীপত্ত্যভিসন্ধিঃ ব্রহ্মপ্রাপ্তিসংকল্পঃ সা কার্য্যে ব্রহ্মণি ন সম্ভবতীত্যতস্মাদপি কারণাৎ গন্তব্যব্রহ্মণঃ পরত্বম্। সা ন কার্য্যব্রহ্মবিষয়েতি ভাবঃ।—"আমি প্রজাপতির সভাগৃহে যাইতেছি" এই জ্ঞান বা এ অভিসন্ধি কার্য্যব্রহ্মবিষয়ক নহে। পরব্রহ্ম বিষয়েই ঐ অনুসন্ধান শ্রুত হইয়াছে। (ভাষ্যানুবাদ দেখ)।

‡ "যস্যোচ্চারণমাত্রেণ সহজং যৎ প্রতীয়তে। তস্য শব্দস্য যা শক্তিঃ সাঽভিধা পরিকীর্ত্তিতা।" শব্দ উচ্চারিত হইবামাত্র যে-অর্থ প্রতীত করায় সেই অর্থ অভিধামূলক ও মুখ্য।

অপি চ 'প্রজাপতেঃ সভাং বেশ্ম প্রপদ্যে' ইতি নায়ং কার্য্যবিষয়ঃ প্রতিপত্ত্যভিসন্ধিঃ। 'নামরূপয়োর্নির্ব্বহিতা তে যদন্তরা তদ্ব্রহ্ম' ইতি কার্য্যবিলক্ষণস্য পরস্যৈব ব্রহ্মণঃ প্রকৃতত্বাৎ 'যশোঽহং ভবামি ব্রাহ্মণানাম্' ইতি চ সর্ব্বাত্মত্বেনোপক্রমাৎ 'ন তস্য প্রতিমাস্তি যস্য নাম মহদ্‌যশঃ' ইতি চ পরস্যৈব ব্রহ্মণো যশোনামত্বপ্রসিদ্ধেঃ। সা চেয়ং বেশ্ম প্রতিপত্তির্গতিপূর্ব্বিকা যা হার্দ্দবিদ্যায়ামুদিতা 'অপরাজিতা পূর্ব্রহ্মণঃ প্রভুবিমিতং হিরণ্ময়ম্' ইত্যত্র। পদেরপি চ গত্যর্থত্বান্মার্গাপেক্ষতাঽবসীয়তে। তস্মাৎ পরব্রহ্মবিষয়া গতি-

---

প্রতিপত্ত্যভিসন্ধিঃ—প্রতিপত্তির্গতিঃ পদের্গত্যর্থত্বাদভিসন্ধিস্তাৎপর্য্যম্।

উপাসকের মরণকালীন "আমি প্রজাপতি ব্রহ্মার সভাগৃহ প্রাপ্ত হইলাম" এই যে শ্রুত্যুক্ত সংকল্প, এ সংকল্প কার্য্যব্রহ্মবিষয়ক। (প্রজাপতি, সভা ও বেশ্মশব্দ থাকায়)। সেজন্য গন্তব্য ব্রহ্ম পরব্রহ্ম নহে, এরূপ আশঙ্কা করিও না। ঐ সংকল্প বা ঐ অভিসন্ধি কার্য্যব্রহ্মবিষয়ক নহে; উহাও পরব্রহ্ম বিষয়ক। কারণ, "তিনি নামের ও রূপের নির্ব্বাহক। নাম ও রূপ যাঁহার বহির্ব্বর্ত্তী তাহা ব্রহ্ম।" শ্রুতিতে এবংক্রমে যে কার্য্যবিলক্ষণ ব্রহ্মের অর্থাৎ পরব্রহ্মের প্রস্তাব আরব্ধ হইয়াছে, উক্ত গতি-শ্রুতি সেই প্রস্তাবের অন্তর্গত। অতএব, পরব্রহ্মের প্রকরণে পরিপঠিত গতিশ্রুতি সুতরাং পরব্রহ্মবিষয়িণী। ঐ প্রস্তাবের উপক্রমেও "আমি ব্রাহ্মণ দিগের যশঃ, (আত্মা) হইয়াছি। ক্ষত্রিয় দিগের ও বৈশ্য দিগের যশঃ (আত্মা) হইয়াছি" এইরূপ কথা আছে। সর্ব্বাত্মা পরব্রহ্ম উক্ত প্রস্তাবে উপক্রান্ত হওয়ায় বুঝিতে হইতেছে যে ঐ প্রকরণ পরমাত্মারই প্রকরণ। (পরব্রহ্ম ও পরমাত্মা তুল্য কথা) এবং তৎপ্রকরণোক্ত গন্তব্যব্রহ্মও পরব্রহ্ম। যশঃ শব্দে পরব্রহ্ম বুঝায়, এ কথা "যাঁহার অন্য নাম মহদ্‌যশঃ তাঁহার প্রতিমা (তুলনা) নাই।" এই শ্রুতিতে প্রসিদ্ধ। (ফলিতার্থ—উপাসকের প্রদর্শিত প্রকারের মরণকালীন সঙ্কল্প পরব্রহ্মবিষয়ক, অপরব্রহ্মবিষয়ক নহে।) প্রোক্ত সঙ্কল্পবাক্যে গতিপূর্ব্বক ব্রহ্মবেশ্মপ্রাপ্তি অভিহিত হইয়াছে, আবার উহাই হার্দ্দবিদ্যায় (হৃদ্‌পদ্মস্থব্রহ্মোপাসনা প্রস্তাবে) "সেই লোকে ব্রহ্মার অজ্ঞানীর অপরাজেয় (অপ্রাপ্য) পুরী—যাহা প্রভু ব্রহ্মার নির্ম্মিত—তত্রত্য

শ্রুতয় ইতি পক্ষান্তরম্। তাবেতৌ দ্বৌ পক্ষাবাচার্য্যেণ সূত্রিতৌ। গত্যুপপত্ত্যাদিভিরেকঃ। মুখ্যত্বাদিভিরপরঃ। তত্র গত্যুপপত্ত্যাদয়ঃ প্রভবন্তি মুখ্যত্বাদীনাভাসয়িতুং ন তু মুখ্যত্বাদয়ো গত্যুপপত্ত্যাদীন্ ইত্যাদ্য এব সিদ্ধান্তো ব্যাখ্যাতঃ। দ্বিতীয়স্তু পূর্ব্বঃ পক্ষঃ। ন হ্যসত্যপি সম্ভবে মুখ্যস্যৈবার্থস্য গ্রহণমিতি কশ্চিদাজ্ঞাপয়িতা বিদ্যতে। পরবিদ্যাপ্রকরণেঽপি চ তৎস্তুত্যর্থং বিদ্যান্তরাশ্রয়গত্যনুকীর্ত্তনমুপপদ্যতে 'বিষ্বঙ্ঙন্যা উৎক্রমণে ভবন্তি' ইতিবৎ। 'প্রজাপতেঃ সভাং বেশ্ম প্রতিপদ্যে' ইতি তু পূর্ব্ববাক্যবিচ্ছেদেন কার্য্যেঽপি প্রতিপত্ত্যভিসন্ধির্ন বিরুধ্যতে। সগুণেঽপি ব্রহ্মণি চ সর্ব্বাত্মত্ব-

---

যস্য ব্রহ্মণো নামাভিধানং যশ ইতি। "পূর্ব্ববাক্যবিচ্ছেদেনে"তি। শ্রুতিবাক্যে বলীয়সী প্রকরণাৎ। "সগুণেঽপি ব্রহ্মণী"তি। প্রশংসার্থমিত্যর্থঃ। চোদয়তি—

হিরণ্ময় গৃহ—তাহা তাহারা প্রাপ্ত হয়" এবংক্রমে অনূদিত হইয়াছে। অপিচ, শ্রুতি বলিয়াছেন, প্রপদ্যে—অর্থাৎ প্রজাপতির গৃহপ্রাপ্ত হই, এই পদ-ধাতুর অর্থ গতি বা যাওয়া। এ স্থলে গৃহে যাওয়া। সুতরাং তাহা পথসাপেক্ষ। সে হেতুতেও স্থির হয়, ঐ ব্রহ্মবিষয়িণী গতিশ্রুতি পরব্রহ্মেই পর্য্যবসিত। [তাবেতৌ...পক্ষঃ] গন্তব্য ব্রহ্মবিষয়ে এইরূপ পক্ষদ্বয় দৃষ্ট হয়। পূর্ব্বোক্ত পক্ষ (যাহা সিদ্ধান্ত) বাদরি মুনির অর্থাৎ ব্যাসের অভিমত এবং পরোক্ত পক্ষ জৈমিনি মুনির সম্মত। পরন্তু আচার্য্য ব্যাস উভয়পক্ষই সূত্রে গ্রথিত করিয়াছেন। এক পক্ষের অবলম্বন গতির উপপত্তি এবং অপর পক্ষের অবলম্বন ব্রহ্মশব্দের মুখ্যতা। বিচার চক্ষে দেখিতে গেলে দেখা যায়—"গতির উপপত্তি" এই হেতুটী মুখ্যত্ব হেতুকে আভাসীকৃত করিতে পারে কিন্তু মুখ্যত্ব হেতুটী গতির উপপত্তিকে আভাসীকৃত করিতে পারে না। (ফলিতার্থ—গতিশ্রুতির উপপত্তি (সঙ্গত হওয়া) ব্রহ্মশব্দের মুখ্যার্থ ভঙ্গ করিতে পারে কিন্তু ব্রহ্মশব্দের মুখ্যার্থ গতিশ্রুতির যুক্ততা নষ্ট করিতে পারে না)। সেই জন্যই আদ্যপক্ষ সিদ্ধান্ত এবং দ্বিতীয়পক্ষ (জৈমিনির পক্ষ) পূর্ব্বপক্ষ। [ন হ্যসতি...শ্রুতয়ঃ] সম্ভব নাই অথচ মুখ্যার্থ গ্রহণ কর, কে এরূপ আজ্ঞা দিতে পারে? ঐরূপ আজ্ঞার দাতা নাই। যদিও উহা পরাবিদ্যাপ্রকরণে উক্ত হইয়াছে তথাপি উহাকে পরাবিদ্যার প্রশংসার্থ

কীর্ত্তনং 'সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ' ইত্যাদিবৎ কল্পতে। তস্মাদপররিষয়া এব গতিশ্রুতয়ঃ। কেচিৎ পুনঃ পূর্ব্বাণি পূর্ব্বপক্ষসূত্রাণি ভবন্ত্যুত্তরাণি সিদ্ধান্তসূত্রাণীত্যেতাং ব্যবস্থামনুরুধ্যমানাঃ পরবিষয়া এব গতিশ্রুতীঃ প্রতিষ্ঠাপয়ন্তি। তদনুপপন্নম্। গন্তব্যত্বানুপপত্তের্ব্রহ্মণঃ। যৎ 'সর্ব্বগতং সর্ব্বান্তরং সর্ব্বাত্মকঞ্চ পরং ব্রহ্ম' 'আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যঃ' 'যৎ সাক্ষাদপরোক্ষাদ্ব্রহ্ম' 'য আত্মা সর্ব্বান্তরঃ' 'আত্মৈবেদং সর্ব্বম্' 'ব্রহ্মৈবেদং বিশ্বং বরিষ্ঠম্' ইত্যাদিশ্রুতিনির্দ্ধারিত বিশেষং তস্য গন্তব্যতা ন কদাচিদপ্যুপপদ্যতে। ন হি গতমেব গম্যেত। অন্যো হ্যন্যদগচ্ছতীতি প্রসিদ্ধং লোকে।

অভিহিত বলিলে দোষ কি? পরাবিদ্যার প্রশংসার্থ অপরা বিদ্যার আশ্রয় লওয়া ও গতি উপদেশ করা অনুপপন্ন নহে। যেমন পরা বিদ্যার প্রস্তাবে উৎক্রমণের নিমিত্ত অন্যান্য নাড়ী থাকা কথিত হইয়াছে সেইরূপ এখানেও পরব্রহ্মপ্রস্তাবে অপরব্রহ্ম অভিহিত হইয়াছেন। "প্রজাপতির সভা-গৃহ পাই—" এ বাক্যকে পূর্ব্ববাক্য হইতে বিচ্ছিন্ন করিবেন। (পূর্ব্ববাক্য ও এ বাক্য এক নহে, কিন্তু পৃথক্। পূর্ব্ব বাক্য পরব্রহ্মপ্রতিপাদক এবং এ বাক্য অপরব্রহ্মবোধক, এরূপ স্থির করিবেন) করিলে সগুণ ব্রহ্ম প্রাপ্তির সংকল্প বিরুদ্ধ বলিয়া মনে হইবে না। সগুণ ব্রহ্মে সার্ব্বাত্ম্য কীর্ত্তন সর্ব্বগন্ধ সর্ব্বকর্ম্ম সর্ব্বকাম ইত্যাদির ন্যায় যোজনীয়। অর্থাৎ সগুণ পদার্থেও ঐ ঐ ঔপচারিক প্রয়োগ হইতে পারে, হইলে তাহা অশাস্ত্রীয় হয় না। অতএব, ঐ গতিশ্রুতি যে অপরব্রহ্মবিষয়িণী সে পক্ষে আর সংশয় নাই। [কেচিৎ...লোকে] এই স্থলে কোন কোন ব্যাখ্যাকার বলেন, প্রথমোক্ত পক্ষই পূর্ব্বপক্ষ এবং শেষোক্ত পক্ষই সিদ্ধান্ত। তাঁহারা শেষোক্ত পক্ষের সিদ্ধান্তভাব রক্ষার নিমিত্ত প্রোক্ত গতিশ্রুতিকে পরব্রহ্মে পর্য্যবসিত করেন। কিন্তু তাহা হয় না। অর্থাৎ তাহা অনুপপন্ন বা যুক্তিবিরুদ্ধ। কেননা, পরব্রহ্মের গন্তব্যতা নিতান্ত অনুপপন্ন (অযুক্ত)। যিনি "যাহা সর্ব্বগত, সর্ব্বান্তর, সর্ব্বাত্মক, তাহাই পরব্রহ্ম।" "তিনি আকাশের ন্যায় সর্ব্বগত ও নিত্য।" "যাহা সাক্ষাৎ অপরোক্ষ অর্থাৎ স্বাধীন চেতন তাহা ব্রহ্ম।" "যে আত্মা সমুদায় প্রাণীর অন্তরে রাজমান।" "এ সমস্তই

ননু লোকে গতস্যাঽপি গন্তব্যতা দেশান্তরবিশিষ্টস্য দৃষ্টা। যথা পৃথিবীস্থ এব পৃথিবীং দেশান্তরদ্বারেণ গচ্ছতি তথাঽনন্যত্বেঽপি বালস্য কালান্তরবিশিষ্টং বার্দ্ধক্যং স্বাত্মভূতমেব গন্তব্যং দৃষ্টম্। তদ্বৎ ব্রহ্মণোঽপি সর্ব্বশক্ত্যুপেতত্বাৎ কথঞ্চিৎ গন্তব্যতা স্যাদিতি। ন। প্রতিষিদ্ধসর্ব্ববিশেষত্বাদ্ব্রহ্মণঃ। 'নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্' 'অস্থূলম্-

"ননু লোকে গতস্যাঽপি গন্তব্যতা দেশান্তরবিশিষ্টস্যে"তি। ন্যগ্রোধবানরদৃষ্টান্ত উপপাদিতঃ। পরিহরতি—"ন প্রতিষিদ্ধসর্ব্ববিশেষত্বাদ্ব্রহ্মণ"ইতি। অয়মভিসন্ধিঃ—যথা তথা ন্যগ্রোধাবয়বী পরিণামবানুপজনাপায়ধর্ম্মভিঃ কর্ম্মজৈঃ সংযোগবিভাগৈঃ সংযুজ্যতাময়ং পুনঃ পরমাত্মা নিরস্তনিখিলভেদপ্রপঞ্চঃ কূট-

আত্মা" "এ সমুদায়ই ব্রহ্ম ও বরিষ্ঠ।" ইত্যাদি ইত্যাদি বিশেষরূপে নির্দ্দিষ্ট হইয়াছেন মুখ্যরূপে তাঁহার গন্তব্যতা উপপন্ন হয় না। যাহা যাওয়া আছে, পাওয়া আছে, তাহা আবার পাইব কি, যাইবই বা কোথায়? যাওয়া ও পাওয়া কি? যাওয়া ও পাওয়া ভেদানুবিদ্ধ। অর্থাৎ এক একত্র হইতে অন্যত্র যায় ও এক অন্য এক'কে পায়। উক্ত প্রকারের যাওয়া ও পাওয়া লোকবিদিত; সুতরাং পরিপূর্ণস্বভাব অদ্বয় ব্রহ্মে যাওয়া ও পাওয়া উভয়ই বিরুদ্ধ। [ননু...ব্রহ্মণঃ] যদি বল, লোকমধ্যে দেশান্তরবিশিষ্টতা অনুসারে গতের গন্তব্যতা বা প্রাপ্তের প্রাপ্তব্যতা দৃষ্ট হয়, যেমন পৃথিবীস্থ ব্যক্তি দেশান্তর দ্বারা পৃথিবীতেই গমন করে, পৃথিবীকেই পায়, বালক যেমন কালান্তরবিশিষ্ট বার্দ্ধক্যে গমন করে বা বার্দ্ধক্য পায়, সেইরূপ, সর্ব্বশক্তিমান্ ব্রহ্মও কোন এক প্রকারে গন্তব্য হইতে পারেন। (পৃথিবীতে যাওয়াই আছে, পৃথিবীকে পাওয়াই আছে, সে ভাবে পৃথিবী গত ও প্রাপ্ত; কিন্তু এক প্রদেশ হইতে অন্য প্রদেশ, এ ভাবে পৃথিবীর সেই সেই অংশ গন্তব্য ও প্রাপ্তব্য। যে বালক সে-ই বৃদ্ধ সুতরাং বাল্য ও বার্দ্ধক্য স্বাত্মভূত, এ ভাবে বার্দ্ধক্য গন্তব্যও নহে, প্রাপ্তব্যও নহে। কিন্তু কালান্তরে প্রকটপ্রাপ্ত হয়, সে ভাবে বার্দ্ধক্য গন্তব্যও বটে, প্রাপ্তব্যও বটে) ইহার প্রত্যুত্তরে আমরা বলি, তাহা নহে। অর্থাৎ প্রদেশের ও বার্দ্ধক্যের গন্তব্যতা আছে দেখিয়া তদ্দৃষ্টান্তে ব্রহ্মের গন্তব্যতা নির্ণয় করিতে পার না। কারণ, ব্রহ্ম প্রদেশাদি পরিহীন। ষড় প্রকার বিশেষ বা প্রভেদ উল্লেখ করিবে সমস্তই ব্রহ্মে প্রতিষিদ্ধ। [নিষ্কলং...গন্তব্যতা] "ব্রহ্ম নিষ্কল (তাঁহার অংশ বা

নণ্বহ্রস্বমজমদীর্ঘম্' 'স বাহ্যাভ্যন্তরো হ্যজঃ' 'স বা এষ মহানজ আত্মাঽজরোঽমরোঽমৃতোঽভয়ো ব্রহ্ম' 'স এষ নেতি নেতি' ইত্যাদিশ্রুতিস্মৃতিন্যায়েভ্যো ন দেশকালাদিবিশেষযোগঃ পরমাত্মনঃ কল্পয়িতুং শক্যতে যেন ভূপ্রদেশবয়োঽবস্থান্যায়েন অস্য গন্তব্যতা স্যাৎ। ভূবয়সোস্তু প্রদেশাবস্থাদিবিশেষযোগাদুপপদ্যতে দেশকালবিশিষ্টা গন্তব্যতা। জগদুৎপত্তিস্থিতিপ্রলয়হেতুত্বশ্রুতেরনেকশক্তিত্বং ব্রহ্মণ ইতি চেৎ। ন। বিশেষনিরাকরণশ্রুতীনামনন্যার্থত্বাৎ। উৎপত্ত্যাদিশ্রুতীনামপি

স্থনিত্যো ন ন্যগ্রোধবৎ সংযোগবিভাগভাগ্ ভবিতুমর্হতি। কাল্পনিকসংযোগবিভাগস্তু কাল্পনিকস্যৈব কার্য্যব্রহ্মলোকস্যোপপদ্যতে ন পরস্য। শঙ্কতে—"জগদুৎপত্তিস্থিতিপ্রলয়হেতুত্বশ্রুতেরি"তি। ন হ্যুৎপত্ত্যাদিহেতুভাবোঽপরিণামিনঃ সম্ভবতি। তস্মাৎ পরিণামীতি। তথা চ ভাবিকমস্যোপপদ্যতে গন্তব্যত্বমিত্যর্থঃ। নিরাকরোতি—"ন বিশেষনিরাকরণশ্রুতীনামি"তি। বিশেষ-

---

প্রদেশ নাই), নিষ্ক্রিয় (চলন বা গতি নাই), শান্ত, অনিন্দিত, নির্লেপ।" "তিনি স্থূল নহেন, সূক্ষ্মও নহেন, হ্রস্ব নহেন, দীর্ঘও নহেন।" "বাহিরেও তিনি, অন্তরেও তিনি, যেহেতু তিনি নিত্য—জন্মবান্ নহেন।" "তিনি মহান্, জন্মবর্জ্জিত, আত্মা, অজর, অমর, অভয় ও নিরতিশয় বৃহৎ অর্থাৎ পূর্ণ।" "ইহা নহে ইহা নহে, এইরূপে জ্ঞেয় অর্থাৎ সর্ব্বনিষেধের সীমাস্বরূপ।" এইরূপ এইরূপ শ্রুতি, তন্মূলা স্মৃতি ও তদনুকূলা যুক্তি বিদ্যমানে ব্রহ্মের প্রদেশ, অবস্থা, কালকৃতবিশেষ কি অন্য কোনরূপ প্রভেদ থাকা কল্পনা করিতেও পারিবে না। সুতরাং তাঁহার ভূপ্রদেশ, বয়স ও অবস্থার অনুরূপ গন্তব্যতা আছে বলিতেও পারিবে না। পৃথিবী ও বয়স্ এ দুএর প্রদেশ ও অবস্থাবিশেষ থাকায় তদ্বিশিষ্ট গন্তব্যতা মান্য করিতে পার, কিন্তু ব্রহ্মে তাহা পার না। [জগদুৎপত্তি...মর্হতি] ব্রহ্ম জগতের উৎপত্তির, স্থিতির ও প্রলয়ের কারণ, এইরূপ শ্রুতি থাকায় তদ্দৃষ্টে ব্রহ্মের নানাশক্তির যোগ আছে বলিবে, তাহাও পারিবে না। কারণ, ব্রহ্মে কোনরূপ বিশেষ নাই, এতদর্থপ্রতিপাদক নিষেধ শ্রুতি সকল অনন্যার্থ অর্থাৎ নির্ব্বিশেষ অর্থেই প্রমাণ। (উৎপত্তি শ্রুতি সকল স্বার্থে প্রমাণ নহে।) উৎপত্তি-স্থিতি-প্রলয়-বোধিনী-শ্রুতি স্বার্থে প্রমাণ, এ কথা বলিতে বা স্বীকার করিতে সমর্থ নহ। কারণ, ঐ সকল শ্রুতির কারণের একত্ব-

সমানমনন্যার্থত্বমিতি চেৎ ন তাসামেকত্বপ্রতিপাদনপরত্বাৎ। মৃদাদিদৃষ্টান্তৈর্হি সতো ব্রহ্মণ একস্য সত্যত্বং বিকারস্য চানৃতত্বং প্রতিপাদয়চ্ছাস্ত্রং নোৎপত্ত্যাদিপরং ভবিতুমর্হতি। কস্মাৎ পুনরুৎপত্ত্যাদিশ্রুতীনাং বিশেষনিরাকরণশ্রুতিশেষত্বং ন পুনরিতরশেষত্বমিতরাসামিতি। উচ্যতে। বিশেষনিরাকরণ-শ্রুতীনাং নিরাকাঙ্ক্ষার্থত্বাৎ। ন হ্যাত্মন একত্বনিত্যত্বশুদ্ধত্বা-দ্যবগতৌ সত্যাং ভূয়ঃ ক্বচিদাকাঙ্ক্ষোপজায়তে পুরুষার্থসমা-প্তিবুদ্ধ্যুৎপত্তেঃ 'তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপ-শ্যতঃ' 'অভয়ং বৈ জনক প্রাপ্তোঽসি' 'বিদ্বান্ ন বিভেতি কুতশ্চ ন' 'এতং হ বাব ন তপতি কিমহং সাধু নাকরবং কি-

---

নিরাকরণং সমস্তশোকাদিদুঃখশমনতয়া পুরুষার্থফলবৎ। অফলং তূৎপত্ত্যাদি-বিধানম্। তস্মাৎ ফলবতঃ সন্নিধাবাম্নায়মানং তদর্থমেবোচ্যত ইত্যুপপত্তিঃ।

প্রতিপাদন অর্থেই তাৎপর্য্য, উৎপত্ত্যাদি অর্থে তাৎপর্য্য নহে। যে শাস্ত্র মৃত্তিকাদির দৃষ্টান্ত আহরণ করিয়া ব্রহ্মাদ্বয়ের সত্যতা ও বিকারের মিথ্যাত্ব প্রতিপাদন করিয়াছে সে শাস্ত্র ব্রহ্মৈকত্বপর ব্যতীত উৎপত্ত্যাদিপর হইতে পারে না। ("যৎপরঃ শব্দঃ স শব্দার্থঃ" এই ন্যায় বা নিয়ম অনুসারে সৃষ্টি-শ্রুতি অন্যপরতাবিধায় স্বার্থে অপ্রমাণ বলিয়া স্থির আছে)। [কস্মাৎ... শ্রুতিভ্যঃ] উৎপত্ত্যাদি শ্রুতি বিশেষ নিরাকরণ শ্রুতির উপকারকমাত্র, এ কথাই বা বলি কেন? বিশেষ নিরাকরণ শ্রুতি উৎপত্ত্যাদির উপকারক, এ কথাই বা না বলি কেন? তাহা বলিতেছি। বিশেষনিবারিণী শ্রুতি নিরা-কাঙ্ক্ষ—অর্থাৎ ঐ সকল শ্রুতির অর্থ অবগতিগোচরে আসিলে শ্রোতার কোনরূপ আকাঙ্ক্ষা থাকে না, আপনার অদ্বয়ত্ব নিত্যত্ব ও শুদ্ধত্ব সাক্ষাৎকৃত হইলে পুরুষার্থ বুদ্ধি সমাপ্ত হয় সুতরাং তখন আর কোনও কিছুর আকাঙ্ক্ষা থাকে না। (আর কিছু বিজ্ঞেয় থাকে না—কোনও কিছু জানিবার ইচ্ছা থাকে না।) "একত্বদর্শীর তখন শোকই বা কি? মোহই কি?" "হে জনক! তুমি অভয়প্রাপ্ত হইয়াছ।" "ব্রহ্মজ্ঞানী কোনও কিছু হইতে ভয় প্রাপ্ত হন না।" (অন্য কিছুর বোধ থাকিলে ত তাহা হইতে ভয় হইবে। জ্ঞানীর দৃষ্টিতে আত্মাতিরিক্ত বস্তু নাই সেইজন্য জ্ঞানী নির্ভয়) "আমি সৎ-কর্ম্ম করিলাম কি, অসৎকর্ম্ম করিলাম এ চিন্তা জ্ঞানীকে তাপিত করে না।" ইত্যাদি শ্রুতি শ্রোতার প্রমা (আপনার ব্রহ্মতাবোধ) উৎপাদন করিলে

মহং পাপমকরবম্' ইত্যাদিশ্রুতিভ্যঃ। তথৈব চ বিদুষাং তুষ্ট্যনুভবাদিদর্শনাৎ বিকারানৃতাভিসন্ধ্যপবাদাচ্চ 'মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি' ইতি। অতো ন বিশেষনিরাকরণশ্রুতীনামন্যশেষত্বমবগন্তুং শক্যং নৈবমুৎপত্ত্যাদিশ্রুতীনাং নিরাকাঙ্ক্ষার্থত্বপ্রতিপাদনসামর্থ্যমস্তি। প্রত্যক্ষস্তু তাসামন্যার্থত্বং সমনুগম্যতে। তথা হি 'তত্রৈতচ্ছুঙ্গমুৎপতিতং সোম্য বিজানীহি নেদমমূলং ভবিষ্যতি' ইত্যুপন্যস্যোদর্কে সত এবৈকস্য জগন্মূলস্য বিজ্ঞেয়ত্বং দর্শয়তি। 'যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎ প্রয়ন্ত্যভি-

---

তদ্ধি বিজিজ্ঞাসস্বেতি চ শ্রুতিঃ। তস্মাচ্ছ্রুত্যুপপত্তিভ্যাং নিরস্তসমস্তবিশেষব্রহ্মপ্রতিপাদনপরোঽয়মাম্নায়ো ন তূৎপত্ত্যাদিপ্রতিপাদনপরঃ। তস্মান্ন গতি-

---

আর তাহার কিছু জানিবার প্রয়োজন থাকে না। [তথৈব চ…ব্রহ্মণঃ] যাঁহারা জ্ঞানী—তাঁহাদিগকে ঐ পর্য্যন্ত জানিয়াই পরিতুষ্ট থাকিতে দেখা যায় এবং শাস্ত্রকে বিকারের মিথ্যাত্ব ও মিথ্যাবিকারে অভিসন্ধিমানের নিন্দা করিতে দেখা যায়। যথা—"সে মৃত্যুর বশতাপন্ন হয়—যে ব্রহ্মে নানা অর্থাৎ ভেদ দর্শন করে।" অতএব, যে সকল শ্রুতি ব্রহ্মের বিশেষ (নানাভাব) নিষেধ করিতেছে সে সকল শ্রুতিকে অন্য শ্রুতির অর্থাৎ উৎপত্ত্যাদিবোধিকা শ্রুতির অঙ্গ বলিতে কদাচ পার না। অর্থাৎ উৎপত্ত্যাদি শ্রুতি প্রধান, আর বিশেষনিষেধক বা নির্গুণ প্রতিপাদক শ্রুতি অপ্রধান (উৎপত্ত্যাদি শ্রুতির বা গুণপ্রতিপাদক শ্রুতির পোষক) এরূপ বলিতে পার না। কারণ, বিশেষনিষেধক বা ভেদনিষেধক শ্রুতি যেরূপ নৈরাকাঙ্ক্ষ্য প্রতিপাদন করে, উৎপত্ত্যাদি শ্রুতি সেরূপ নৈরাকাঙ্ক্ষ্য প্রতিপাদন করিতে ক্ষমবতী নহে। উৎপত্ত্যাদি শ্রুতির অন্য শেষতা (মাত্র বিশেষ নিবারক শ্রুতির উপকারকত্ব) প্রত্যক্ষ সিদ্ধ। (স্পষ্টই অনুভূত হয় যে, জগন্মূল অদ্বয় ব্রহ্ম বুঝাইবার জন্যই উৎপত্ত্যাদি শ্রুতি প্রবৃত্ত।) নিদর্শন দেখ—শ্রুতি বলিতেছেন "সৌম্য! শ্বেতকেতু! এ বিষয়ে এই শুঙ্গ অর্থাৎ হেতু অবগত হও যে এ জগৎ মূলশূন্য নহে। অর্থাৎ অবশ্যই ইহার একটী মূল (আদি কারণ) আছে।" শ্রুতি এইরূপ বলিয়া পশ্চাৎ বলিয়াছেন—দেখাইয়াছেন—একমাত্র সৎ-ই জগতের মূল এবং তাহাই বিজ্ঞেয়।

সম্বিশন্তি। তদ্বিজিজ্ঞাসস্ব তদ্ব্রহ্ম' ইতি চ। এবমুৎপত্ত্যাদি-শ্রুতীনামৈকাত্ম্যাবগমপরত্বাৎ নানেকশক্তিযোগো ব্রহ্মণঃ। অতশ্চ গন্তব্যত্বানুপপত্তিঃ 'ন তস্য প্রাণা উৎক্রামন্তি' 'ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি' ইতি চ পরস্মিন্ ব্রহ্মণি গতিং নিবারয়তি। তদ্ব্যাখ্যাতং 'স্পষ্টো হ্যেকেষাম্' ইত্যত্র। গতিকল্পনায়াঞ্চ গন্তা জীবো গন্তব্যস্য ব্রহ্মণোঽবয়বো বিকারোঽন্যো বা ততঃ

স্তাত্ত্বিকী। অপি চেয়ং গতির্ন বিচারং সহত ইত্যাহ—"গতিকল্পনায়াঞ্চে"তি। অন্যানন্যত্বাশ্রয়াবয়ববিকারপক্ষৌ। অন্যো বাত্যন্তম্। অথ কস্মাদাত্যন্তিক-

---

(সৎ = ব্রহ্ম)। অন্য শ্রুতিও বলিয়াছেন। যথা—"যাঁহা হইতে এই ভূত সকল উৎপন্ন হইয়াছে, যাঁহাতে স্থিত হইতেছে, প্রলয়কালে যাঁহাতে এ সকল লীন হইবেক, তুমি তাঁহাকেই জান—তিনিই ব্রহ্ম।" ইহাতে বুঝিতে হইতেছে যে, উৎপত্তি-স্থিতি-বিনাশ-বোধিকা শ্রুতি একাদ্বয় ব্রহ্ম বুঝাইতেই প্রবৃত্তা এবং তাহাতেই সে সকল শ্রুতির তাৎপর্য্য, তাহাদের স্বার্থে তাৎপর্য্য নাই, স্বার্থে তাৎপর্য্য না থাকায় তাহারা স্বার্থে অপ্রমাণ; কিন্তু পরার্থে অর্থাৎ বিশেষ নিষেধক ও অখণ্ডৈকরসব্রহ্মবোধক শ্রৌত অর্থে প্রমাণ। যেহেতু স্বার্থে অপ্রমাণ, সেই হেতু তাহাদের দ্বারা ব্রহ্মে অনেক শক্তির অস্তিত্ব বা ব্রহ্মের নানাত্ব মান্য করিতে পার না। [অতশ্চ...ইত্যত্র] ব্রহ্ম যে মুখ্য গন্তব্য নহেন (পাওয়া ছিল না, পাওয়া হইল,—যাওয়া ছিল না, যাওয়া হইল;—এরূপ হইলে তাহা মুখ্য গন্তব্য হয়। যেমন গ্রাম-নগরাদি।) তৎপ্রতি অন্য হেতুও আছে। সে হেতু এই—"ন তস্য প্রাণা উৎক্রামন্তি—ব্রহ্মপ্রাপ্ত জ্ঞানীর প্রাণ উৎক্রান্ত হয় না অর্থাৎ কোথাও গমন করে না, সেই দেহেই লয়প্রাপ্ত হয়।" "তিনি ব্রহ্মই ছিলেন পরন্তু অজ্ঞাত ছিলেন, অজ্ঞান তিরোহিত হওয়ায় যে-ব্রহ্ম সে-ই ব্রহ্মই হইলেন।" এই শ্রুতি বলিয়াছেন, পরব্রহ্মে গতি হয় না (যাওয়া নাই)। এ রহস্য বিশদরূপে "স্পষ্টো হ্যেকেষাম্" সূত্রে বর্ণিত হইয়াছে। [গতিকল্পনায়াঞ্চ...ক্ষুপ্তম্] যদি গতি কল্পনা কর অর্থাৎ গন্তা জীব ব্রহ্মে গমন করে বল, তাহা হইলে তোমার প্রতি এইরূপ প্রশ্ন হইবে যে, গন্তা অর্থাৎ গমনকর্ত্তা জীব কি গন্তব্য ব্রহ্মের অবয়ব (অংশ)? না বিকারবিশেষ? অথবা সর্ব্বথা ভিন্ন? অবশ্যই কোনরূপ ভেদ আছে বলিতে হইবেক, নচেৎ গমন-কথা উপপন্ন হইবেক না। (গমন কিনা যাওয়া বা পাওয়া, তাহা

স্যাৎ। অত্যন্ততাদাত্ম্যে গমনানুপপত্তেঃ। যদ্যেবং ততঃ কিং স্যাৎ। উচ্যতে। যদ্যেকদেশস্তেনৈকদেশিনোনিত্যপ্রাপ্তত্বান্ন পুনর্ব্রহ্মগমনমুপপদ্যতে। একদেশৈকদেশিত্বকল্পনা চ ব্রহ্মণ্যনুপপন্না। নিরবয়বত্বপ্রসিদ্ধেঃ। বিকারপক্ষেঽপ্যেতত্তুল্যম্। বিকারেণাপি বিকারিণো নিত্যপ্রাপ্তত্বাৎ। ন হি ঘটো মৃদাত্মতাং পরিত্যজ্যাবতিষ্ঠতে। পরিত্যাগেঽভাবপ্রাপ্তেঃ। বিকারাবয়বপক্ষয়োশ্চ তদ্বতঃ স্থিরত্বাৎ ব্রহ্মণঃ সংসারগমন-

---

মনন্যত্বং ন কল্পত ইত্যত আহ—"অত্যন্ততাদাত্ম্যে"ইতি। মৃদাত্মতয়া হি স্বভাবেন ঘটাদয়ো ভাবাস্তদ্বিকারা ব্যাপ্তাঃ। তদভাবে ন ভবন্তি শিংশপেব বৃক্ষত্বাভাব ইতি বিকারাবয়বপক্ষয়োশ্চ তদ্বতঃ সহ বিকারাবয়বৈঃ স্থিরত্বাদচলত্বাদ্ব্রহ্মণঃ সংসারলক্ষণং গমনং বিকারাবয়বয়োরনুপপন্নম্। ন হি স্থিরাত্মকমস্থিরং ভবতি। অন্যানন্যত্বেঽপি চৈকস্য বিরোধাদসম্ভবতীতি ভাবঃ। অথান্য এব জীবো ব্রহ্মণঃ। তথা চ ব্রহ্মণ্যসংসরত্যপি জীবস্য সংসারঃ কল্পত

বিভিন্ন পদার্থ ব্যতীত ঘটে না।) যদি বল, সে কথায় আসে যায় কি? ঐ প্রশ্নের ফল কি? তাহা বলিতেছি। জীব যদি ব্রহ্মের একদেশ (অবয়ব) হন, তাহা হইলে ব্রহ্ম জীবের নিকট সর্ব্বদাপ্রাপ্ত আছেন, সুতরাং পুনর্ব্বার ব্রহ্মগমন বলা অযুক্ত। আরও দোষ এই যে, ব্রহ্ম যখন নিরবয়ব—নিষ্প্রদেশ—তখন জীবকে ব্রহ্মের প্রদেশ বা অবয়ব বলা নিতান্ত বিরুদ্ধ। এ দোষ বিকার পক্ষেও আছে। বিকারীও বিকারের নিকট নিত্যপ্রাপ্ত। ঘট একটী বিকার (মৃত্তিকার বিকার), সে সর্ব্বদাই মৃত্তিকা প্রাপ্ত আছে। ঘট কোনও কালে মৃত্তিকা পরিত্যাগ করিয়া বিদ্যমান থাকে না। ঘট যখন মৃত্তিকাভাব ত্যাগ করিবে তখন সে নিজেও অভাবগ্রস্ত হইবেক অর্থাৎ থাকিবেক না। জীব ব্রহ্মের বিকার কিংবা অবয়ব, এই দুই পক্ষে আরও দোষ দেখা যায়। যে বিকারবিশিষ্ট সে বিকারী। যে অবয়ববিশিষ্ট সে অবয়বী। এ স্থলে জীববিশিষ্ট ব্রহ্মই উক্ত শব্দদ্বয়ের (বিকারী ও অবয়বী এই দুই শব্দের) অভিধেয়। অথচ তিনি স্থির পদার্থ। স্থির পদার্থের গমন নিতান্ত অনবকল্প্ত অর্থাৎ তাহা কল্পনারও অযোগ্য। (ব্রহ্ম স্থির পদার্থ সুতরাং তদংশ বা তদ্বিকার জীবও স্থির পদার্থ। সুতরাং জীবের ব্রহ্মগমন অসিদ্ধ। আমাদের মতে অজ্ঞান বিজৃম্ভিত উপাধির গমনাগমনে জীবের গমনাগমন ভ্রমগৃহীত সুতরাং

মপ্যনবকল্পম্। অথান্য এব জীবো ব্রহ্মণঃ সোঽণুর্ব্ব্যাপী মধ্যমপরিমাণো বা ভবিতুমর্হতি। ব্যাপিত্বে গমনানুপপত্তিঃ। মধ্যমপরিমাণত্বে চানিত্যত্বপ্রসঙ্গঃ। অণুত্বেঽপি কৃৎস্নশরীরবেদনানুপপত্তিঃ। প্রতিষিদ্ধে চাণুত্বমধ্যমপরিমাণত্বে বিস্তরেণ পুরস্তাৎ। পরস্মাচ্চান্যত্বে জীবস্য 'তত্ত্বমসি' ইত্যাদিশাস্ত্রবাধপ্রসঙ্গঃ। বিকারাবয়বপক্ষয়োরপি সমানো দোষঃ। বিকারাবয়বয়োস্তদ্বতোঽনন্যত্বাদদোষ ইতি চেৎ। ন। মুখ্যৈকত্বানুপপত্তেঃ। সর্ব্বেষ্বেতেষু পক্ষেষ্বনির্ম্মোক্ষপ্রসঙ্গঃ সংসার্য্যাত্মত্বানিবৃত্তেঃ। নিবৃত্তৌ বা স্বরূপনাশপ্রসঙ্গঃ। ব্রহ্মাত্মত্বানভ্যুপ-

---

ইতি। এতদ্বিকল্প্য দূষয়তি—"সোঽণুরি"তি। "মধ্যমপরিমাণত্বে"ইতি। মধ্যমপরিমাণানাং ঘটাদীনামনিত্যত্বদর্শনাৎ। "ন মুখ্যৈকত্ব"ইতি। ভেদাভেদয়োর্ব্বিরোধিনোরেকত্রাসম্ভবাদ্বুদ্ধিব্যপদেশভেদাদর্থভেদোঽযুতসিদ্ধতয়োপচারেণাভিন্নমুচ্যত ইত্যমুখ্যমস্যৈকত্বমিত্যর্থঃ। অপি চ জীবানাং ব্রহ্মাবয়বত্বপরিণামাত্যন্তভেদপক্ষেষু তাত্ত্বিকী সংসারিত্বেতি মুক্তৌ স্বভাবহানাজ্জীবানাং বিনাশপ্রসঙ্গঃ। ব্রহ্মবিবর্ত্তত্বে তু ব্রহ্মৈবৈষাং স্বভাবঃ প্রতিবিম্বানামিব বিম্বং তচ্চাবিনাশীতি ন জীববিনাশ ইত্যাহ—"সর্ব্বেষ্বেতেষ্বি"তি। মতান্তরমুপন্য-

---

অদোষ) [অথান্য...গমাৎ] যদি বল, জীব ও ব্রহ্ম অত্যন্ত ভিন্ন, তাহা হইলে বলিতে হইবেক,—জীব অণুপরিমাণ কি মহান্ ব্যাপী কি মধ্যম পরিমাণ (শরীরপরিমাণ)? মহান্ ব্যাপীর গতি অসিদ্ধ; সে জন্য মহান্ ব্যাপী বলিতে পার না। মধ্যম পরিমাণ বলিলে অবশ্যই জীবকে অনিত্য অর্থাৎ নশ্বর বলিতে হইবেক। (বিচারে এ পক্ষেও ব্রহ্মগমন বা মোক্ষ অনুপপন্ন।) অণুপরিমাণ পক্ষও সদোষ। জীব পরমাণুতুল্য সূক্ষ্ম হইলে এক সময়ে সর্ব্বশরীর বেদনা (জ্ঞান) অসম্ভব হইয়া পড়ে। এ সকল কথা পূর্ব্বে বিশদ ও বিস্তার পূর্ব্বক বলিয়া আসিয়াছি। জীব সর্ব্বমূল ব্রহ্ম হইতে অত্যন্ত ভিন্ন হইলে "তৎ ত্বং অসি—তিনিই তুমি" ইত্যাদি শ্রুতি বাধা প্রাপ্ত হয়। এ দোষ (শ্রুতি-বাধা) বিকার পক্ষে ও অবয়ব পক্ষেও আছে। বিকার ও বিকারী অবয়ব ও অবয়বী এক, ভিন্ন নহে, শ্রুতিবাধ দোষ হইবে কেন? এরূপ বলিতে পার না। কারণ, তাহাতে মুখ্য একত্ব নিষ্পন্ন হয় না। (মুখ্য একত্বই অর্থাৎ ব্রহ্মাদ্বৈতই শ্রুতির অভিপ্রেত)। যত গুলি পক্ষ স্থাপন করিলাম সমুদায়

গমাৎ। যত্তু কৈশ্চিজ্জল্প্যতে বিনৈব ব্রহ্মজ্ঞানং নিত্যনৈমিত্তিকানি কর্ম্মাণ্যনুষ্ঠীয়ন্তে প্রত্যবায়ানুৎপত্তয়ে কাম্যানি প্রতিষিদ্ধানি চ পরিহ্রিয়ন্তে স্বর্গনরকানবাপ্তয়ে সাম্প্রতদেহোপভোগ্যানি চ কর্ম্মাণ্যুপভোগেনৈব ক্ষপ্যন্ত ইতি ততো বর্ত্তমানদেহপাতাদূর্দ্ধং দেহান্তরপ্রতিসন্ধানকারণাভাবাৎ স্বরূপাবস্থানলক্ষণং কৈবল্যং বিনাপি ব্রহ্মাত্মতয়ৈবংবৃত্তস্য সেৎস্যতীতি তদসৎ। প্রমাণাভাবাৎ। ন হ্যেতৎ শাস্ত্রেণ কেনচিৎ প্রতি-

---

স্মৃতি'দূষয়িতুমারভতে। "যত্তু কৈশ্চিজ্জল্প্যতে বিনৈব ব্রহ্মজ্ঞানং নিত্যনৈমিত্তিকানী"তি। যথা হি কফনিমিত্তো জ্বর উপাত্তস্য কফস্য বিশেষোণাদিভিঃ প্রক্ষয়ে কফান্তরোৎপত্তিনিমিত্তদধ্যাদিবর্জ্জনে প্রশান্তোঽপি ন পুনর্ভবতি, এবং কর্ম্মনিমিত্তো বন্ধ উপাত্তানাং কর্ম্মণামুপভোগাৎ প্রক্ষয়ে প্রশাম্যতি। কর্ম্মান্তরাণাঞ্চ বন্ধহেতূনামননুষ্ঠানাৎ কারণাভাবে কার্য্যানুপপত্তের্ব্বন্ধাভাবাৎ স্বভাবসিদ্ধো মোক্ষ আরোগ্যমিবোপাত্তদুরিতনিবর্হণায় চ নিত্যনৈমিত্তিককর্ম্মানুষ্ঠানাদ্দুরিতনিমিত্তপ্রত্যবায়ো ন ভবতি। প্রত্যবায়ানুৎপত্তৌ চ স্বস্থস্বান্তো ন নিষিদ্ধান্যাচরেদিতি। তদেতদ্দূষয়তি—"তদসৎ প্রমাণাভাবাদি"তি। শাস্ত্রং

পক্ষেই অনির্ম্মোক্ষ (মুক্তির অভাব) ও সংসারিত্বের অনিবৃত্তি এই দুই দোষ অনিবার্য্য। সংসারিত্ব নিবৃত্তি হয় বলিতে গেলে আত্মনাশের আপত্তি (আপনার অভাব—না থাকা) হইবেক। [যত্তু...ভাবাৎ] এই স্থলে কেহ কেহ জল্পনা করেন, পাপোৎপত্তি না হয়, এই অভিসন্ধিতে তদুদ্দেশে বিহিত নিত্য নৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠানে রত থাকা, স্বর্গনরক না জন্মে, এই অভিপ্রায়ে কাম্য নিষিদ্ধ বর্জ্জন করা, ভোগদ্বারা বিনষ্ট হয়, এরূপ ভাবে বিদ্যমান দেহভোগ্য ভোগের দ্বারা প্রারব্ধ কর্ম্মের ক্ষয় করা, এই তিনের সমাবেশে কালকর্ত্তন করিতে পারিলে, দেহপাতের পর দেহান্তর প্রতিসন্ধানের কারণ না থাকায় * স্বরূপাবস্থানরূপ মোক্ষ বিনা ব্রহ্মাত্মজ্ঞানেও সিদ্ধ হইতে পারে। কর্ম্মজড় দিগের এই সিদ্ধান্ত প্রমাণশূন্য; সুতরাং সৎসিদ্ধান্ত নহে [ন হ্যেতৎ··· স্মৃতিভ্যঃ] ঐরূপে মোক্ষ হয় ইহা কোনও শাস্ত্র বলেন নাই। মোক্ষার্থী

---

* দেহান্তরপ্রতীসন্ধান অর্থাৎ পুনর্জ্জন্ম। পুনর্জ্জন্মের প্রতি কারণ, শুভাশুভ কর্ম্ম (পুণ্যপাপ); তাহা কাম্যনিষিদ্ধ কর্ম্মানুষ্ঠানপ্রভব। জীব যদি কাম্যকর্ম্ম ও নিষিদ্ধ কর্ম্ম না করে, তাহা হইলে স্বর্গ নরক ভোগের কারণীভূত পুণ্যপাপ সঞ্চিত হয় না। নিত্য নৈমিত্তিক

পাদিতম্। মোক্ষার্থী ইত্থং সমাচরেৎ ইতি স্বমনীষয়া ত্বেতৎ তর্কিতম্। যস্মাৎ কর্ম্মনিমিত্তঃ সংসারস্তস্মাৎ নিমিত্তাভাবাৎ ন ভবিষ্যতীতি। ন চৈতৎ তর্কয়িতুমপি শক্যতে নিমিত্তাভাবস্য দুর্জ্ঞানত্বাৎ। বহূনি কর্ম্মাণি জাত্যন্তরসঞ্চিতানি ইষ্টানিষ্টবিপাকান্যেকৈকস্য জন্তোঃ সম্ভাব্যন্তে তেষাং বিরুদ্ধফলানাং যুগপদুপভোগাসম্ভবাৎ কানিচিল্লব্ধাবসরাণীদং জন্ম নির্ম্মিমতে কানিচিত্তু দেশকালনিমিত্তপ্রতীক্ষাণ্যাসত ইত্যতস্তেষামবশিষ্টানাং সাম্প্রতেনোপভোগেন ক্ষপণাসম্ভবাৎ ন যথাবর্ণিত-

---

খল্বস্মিন্ প্রমাণং তচ্চ মোক্ষমাণস্যাত্মজ্ঞানমেবোপদিশতি ন তুক্তমাচারম্। ন চাত্রোপপত্তিঃ প্রভবতি সংসারস্যানাদিতয়া কর্ম্মাশয়স্যাপ্যসঙ্খ্যেয়স্যানিয়তবিপাককালস্য ভোগেনোচ্ছেত্তুমশক্যত্বাদিত্যাহ—"ন চৈতত্তর্কয়িতুমপী"তি। চোদ-

---

কথিতপ্রকার আচার অবলম্বন করিবেক, এরূপ বিধান কুত্রাপি দৃষ্ট হয় না। ঐ কথা তাঁহারা নিজ বুদ্ধির দ্বারা উৎপ্রেক্ষা বা উহ্য করিয়া বলেন, সে জন্য তাহা প্রমাণ নহে এবং তাহাতে প্রমাণ দিতে পারেন না। তাঁহাদের তর্ক এই—"সংসার কর্ম্মনিমিত্তক—কর্ম্মপ্রভাবেই সংসারগতি লব্ধ হয়। যদি কর্ম্ম (অনুষ্ঠানজনিত পুণ্যপাপ বা ধর্ম্মাধর্ম্ম) না থাকে, তাহা হইলে নিমিত্ত না থাকায় নৈমিত্তিক সংসার (পুনর্জ্জন্ম) হইবে না।" কর্ম্মজড় দিগের এ তর্ক তর্ক নহে; কিন্তু তর্কাভাস। কারণ, নিমিত্তাভাব (একবারে, কর্ম্মসদ্ভাব না থাকা) নিতান্ত দুর্জ্ঞেয়। যেহেতু নিতান্ত দুর্জ্ঞেয়, বুদ্ধির অগম্য, সেই হেতু তাহা অসিদ্ধ বা সংশয়িত। ঐরূপ তর্ক না করাই উচিত এবং তাহা সঙ্গতও নহে। লক্ষ লক্ষ জন্ম ব্যতীত হইয়াছে, সেই সেই জন্মে লক্ষ লক্ষ কর্ম্ম করিয়াছে, তজ্জনিত লক্ষ লক্ষ ইষ্টানিষ্ট ফলপ্রদ পুণ্যপাপ সঞ্চিত হইয়া আছে, সেই সকল বিরুদ্ধফল কর্ম্মের ফলভোগ এক সময়ে ও এক দেহে সমাপ্ত হইবার সম্ভাবনা কি? কর্ম্মাশয়স্থিত কোন কোন কর্ম্ম (পুণ্য ও পাপ) পূর্ব্বদেহের পতন কালে প্রবল অর্থাৎ ফলদানোন্মুখ হইয়া এতজ্জন্ম জন্মাইয়াছে; হয় ত আরও লক্ষ লক্ষ কর্ম্ম কর্ম্মাশয়ে তুল্যভাবে থাকিয়া দেশ, কাল ও নিমিত্ত

কর্ম্মের অনুষ্ঠান করায় পাপোৎপত্তি হওয়া স্থগিত হয় এবং সঞ্চিত পুণ্যপাপ যাহা থাকে তাহা ভোগ দ্বারা ক্ষয় প্রাপ্ত হয়। সুতরাং তাদৃশ কর্ম্মের পুনর্জ্জন্মকারণের অভাব হওয়ায় কৈবল্য লাভ হইয়া থাকে।

চরিতস্যাপি বর্ত্তমানদেহপাতে দেহান্তরনিমিত্তাভাবঃ শক্যতে নিশ্চেতুং কর্ম্মশেষসদ্ভাবসিদ্ধিশ্চ। 'তদ্য ইহ রমণীয়চরণাঃ' 'ততঃ শেষেণ' ইত্যাদিশ্রুতিস্মৃতিভ্যঃ। স্যাদেতৎ। নিত্যনৈমিত্তিকানি তেষাং ক্ষেপকাণি ভবিষ্যন্তীতি। তন্ন। বিরোধাভাবাৎ। সতি হি বিরোধে ক্ষেপ্যক্ষেপকভাবো ভবতি ন চ জন্মান্তরসঞ্চিতানাং সুকৃতানাং নিত্যনৈমিত্তিকৈরস্তি বিরোধঃ শুদ্ধিরূপত্বাবিশেষাৎ। দুরিতানাং ত্বশুদ্ধিরূপত্বাৎ সতি হি বিরোধে ভবতু ক্ষেপণম্। ন তু তাবতা দেহান্তরনিমিত্তাভাবসিদ্ধিঃ। সুকৃতনিমিত্তত্বোপপত্তেঃ। দুশ্চরিতস্যাপ্যশেষক্ষপণা-

---

রতি—"স্যাদেতৎ। নিত্যে"তি। পরিহরতি—"তন্ন বিরোধাভাবাদি"তি। যদি হি নিত্যনৈমিত্তিকানি কর্ম্মাণি সুকৃতমপি দুষ্কৃতমিব নিবর্হেয়ুস্ততঃ কাম্যকর্ম্মোপদেশা দত্তজলাঞ্জলয়ঃ প্রসজ্যেরন্। ন হ্যস্তি কশ্চিচ্চাতুর্ব্বর্ণ্যে চাতুরাশ্রম্যে বা যো ন নিত্যনৈমিত্তিকানিত্যকর্ম্মাণি করোতি। তস্মাৎ নৈষাং সুকৃতবিরোধি-

বিশেষ প্রতীক্ষা করিতেছে। সে সকল পুণ্যপাপ ফল দিবার অবসর পায় নাই, সময় পায় নাই, তুষ্ণীম্ভাবে আছে, থাকিয়া দেশ, কাল ও নিমিত্তান্তর (অন্য দেহ বা জন্মান্তর) প্রতীক্ষা করিতেছে, এতদ্দেহে এতদ্দেহোচিত ভোগ দ্বারা সে সকল কর্ম্মের ক্ষয় হইবার সম্ভাবনাও নাই। অতএব, বর্ণিতপ্রকার সদাচারীর বিদ্যমান দেহের (এতদ্দেহের) বিনাশ হইলে যে তাহার আর কর্ম্মশেষ থাকিবেক না, অভুক্তফল পুণ্যপাপ থাকিবেক না, দেহান্তরোৎপত্তির কারণের অভাব হইবে, তাহা কে নিশ্চয় করিয়া বলিতে পারে? কেহই পারে না। বরং কর্ম্ম শেষ থাকে, জ্ঞান ব্যতীত নিঃশেষে কর্ম্মক্ষয় হয় না, এই পক্ষই সিদ্ধ হয় অর্থাৎ প্রমাণে পাওয়া যায়। "ইহলোকে যাহারা রমণীয়চারী অর্থাৎ পুণ্যশীল—" ইত্যাদি ইত্যাদি শ্রুতি ও তদনুকূলা স্মৃতি উভয়ই কর্ম্মশেষসদ্ভাব পক্ষে প্রমাণ। [স্যাদেতৎ...নবগমাৎ] নিত্যনৈমিত্তিক কর্ম্ম পূর্ব্বসঞ্চিত কর্ম্মের (অদৃষ্টের) নিবারক, এ কথা স্থানপ্রাপ্ত হইবে না (থাকিবেক না)। কারণ; উক্ত উভয়ের মধ্যে বিরোধ নাই। বিরোধ থাকিলেই ক্ষেপ্যক্ষেপকতা ঘটে, অন্যথা তাহা ঘটে না। জন্মান্তরসঞ্চিত সুকৃতের সহিত নিত্য-নৈমিত্তিক কর্ম্মের কি বিরোধিতা আছে যে নিত্যনৈমিত্তিক

নবগমাৎ। ন চ নিত্যনৈমিত্তিকানুষ্ঠানাৎ প্রত্যবায়ানুৎপত্তি-মাত্রং ন পুনঃ ফলান্তরোৎপত্তিরিতি প্রমাণমস্তি ফলান্তরস্যা-প্যনুনিষ্পাদিনঃ সম্ভবাৎ। স্মরতি হ্যাপস্তম্বঃ। তদ্‌যথা 'আম্রে ফলার্থে নির্ম্মিতে ছায়াগন্ধাবনূৎপদ্যেতে এবং ধর্ম্মং চর্য্য-

---

তেতি। অভ্যুচ্চয়মাত্রমাহ—"ন চ নিত্যনৈমিত্তিকানুষ্ঠানাদি"তি। "ন চাসতি

কর্ম্মে পূর্ব্বসঞ্চিত সুকৃত বিদূরিত হইবে? শুদ্ধে অশুদ্ধে বিরোধ আছে বটে; কিন্তু শুদ্ধে শুদ্ধে বিরোধ নাই। পূর্ব্ব সুকৃতও শুদ্ধ, নিত্যনৈমিত্তিক কর্ম্মও শুদ্ধ; সুতরাং বিরোধ না থাকায় নিত্যনৈমিত্তিক কর্ম্মে সুকৃতের প্রক্ষয় অস্বীকার্য্য। বরং অশুদ্ধ বলিয়া দুরিতাপূর্ব্ব সকল শুদ্ধিরূপ নিত্য-নৈমিত্তিক কর্ম্মের ক্ষেপ্য হইতে পারে। সঞ্চিত দুরিত নিত্যনৈমিত্তিক কর্ম্মের ক্ষেপ্য, ইহা স্বীকার করিলাম বলিয়া যে দেহান্তরোৎপত্তির নিমিত্ত বা কারণ না থাকা সিদ্ধ হইবে, তাহা হইবে না। দুষ্কৃতরূপ কারণের অভাব হইলেও সুকৃত কারণের অভাব হয় না। সুকৃতরূপ কারণ (পুণ্য) বিদ্যমান থাকিতে পারে। তাহা থাকিলেই পুনর্জ্জন্ম হইবেক। নিত্য-নৈমিত্তিক কর্ম্মে দুরিতক্ষয় হয় সত্য; পরন্তু তাহা নিরবশেষ ক্ষয় কি না, সে বিষয় সংশয়িত। (পূর্ব্বেই বলিয়াছি, লক্ষ লক্ষ জন্ম হইয়া গিয়াছে, সেই সকল জন্মের সঞ্চিত কর্ম্ম এক জন্মের কর্ম্মে অথবা ভোগে প্রক্ষয় হওয়ার সম্ভাবনা নাই।) [ন চ…ইতি] নিত্যনৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান হইলে তাহাতে পাপের অনুৎপত্তি মাত্র সিদ্ধ হইবে, তাহা হইতে যে অন্য কিছু হইবে না অর্থাৎ ফলান্তর জন্মিবেক না, সে বিষয়ে কোন প্রমাণ নাই। অবশ্যই তাহাতে কোন (একটা হইতে গেলে তৎসঙ্গে যে বিনা যত্নে আর একটা হয়—সেইটা অনুনিষ্পন্ন) অনুনিষ্পন্নী ও অনভিসন্ধিত ফল হওয়ার সুসম্ভব আছে। ঋষি আপস্তম্ব এ কথা দৃষ্টান্তের দ্বারা বুঝাইয়া দিয়াছেন। যথা—"ফলের উদ্দেশেই আম্রবৃক্ষ রোপিত হয়; কিন্তু পরে তাহা হইতে ছায়া ও গন্ধ উৎপন্ন হইয়া থাকে। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, কামনা পরিহীন হইয়া ধর্ম্মাচরণ (নিত্যনৈমিত্তিক কর্ম্ম) করিলেও তাহা হইতে অবাক্যে অর্থেরও আগমন (উৎপত্তি) হয়।" (অতএব, পাপের অনুৎপত্তি ব্যতীত অন্য ফল অভিহিত ও অনুসন্ধিত না হইলেও কর্ত্তার অজ্ঞাতসারে নিত্য-নৈমিত্তিক কর্ম্ম ফলবিশেষ উৎপাদন করিয়া থাকে, এবং সেই সকল

মাণমর্থা অনুৎপদ্যন্ত' ইতি। ন চাসতি সম্যগ্দর্শনে সর্ব্বাত্মনা কাম্যপ্রতিষিদ্ধবর্জ্জনং জন্মপ্রায়ণান্তরালে কেনচিৎ প্রতিজ্ঞাতুং শক্যম্। সুনিপুণানামপি সূক্ষ্মাপরাধদর্শনাৎ। সংশয়িতব্যং তু ভবতি তথাপি নিমিত্তাভাবস্য দুর্জ্ঞানত্বমেব। ন চানভ্যুপগম্যমানে জ্ঞানগম্যে ব্রহ্মাত্মত্বে কর্ত্তৃত্বভোক্তৃত্বস্বভাবস্যাত্মনঃ কৈবল্যমাকাঙ্ক্ষয়িতুং শক্যমগ্ন্যৌষ্ণ্যবৎ স্বভাবস্যা-

---

সম্যগ্দর্শনে"ইতি। সম্যগ্দর্শী হি বিরক্তঃ কাম্যনিষিদ্ধে বর্জ্জয়ন্নপি প্রমাদাদুপনিপতিতে তেনৈব সম্যগ্দর্শনেন ক্ষপয়তি। জ্ঞানপরিপাকে চ ন করোত্যেব। অজ্ঞস্তু নিপুণোঽপি প্রমাদাৎ করোতি কৃতে চ ন ক্ষয়িতুং ক্ষমত ইতি বিশেষঃ। "ন চানভ্যুপগম্যমানে জ্ঞানগম্যে ব্রহ্মাত্মত্বে"ইতি। কর্ত্তৃভোক্তৃত্বে সমাক্ষিপ্তক্রিয়াভোগে তে চেদাত্মনঃ স্বভাবাবধারিতে ন ত্বারোপিতে ততো ন শক্যাবপনেতুম্। ন হি স্বভাবাদ্ভাবোঽবরোপয়িতুং শক্যো ভাবস্য বিনাশপ্রসঙ্গাৎ। ন চ ভোগোঽপি সৎস্বভাবঃ শক্যোঽসৎকর্ত্তুম্। নো খলু নীলমনীলং শক্যং শক্রেণাপি কর্ত্তুম্। তদিদমুক্তং "স্বভাবস্যাপরিহার্য্যত্বাদি"তি। সমারোপিতস্য ত্বনির্ব্বচনীয়স্য তৎস্বভাবস্য শক্যস্তত্ত্বজ্ঞানেনাবরোপঃ কর্ত্তুং

ফল পুনঃ সংসার গতির কারণ হয়।) [ন চা...হার্য্যত্বাৎ] অপিচ, সম্যক্ দর্শন অর্থাৎ তত্ত্বজ্ঞান উদিত না হইলে কোনও জীব যে জীবদ্দশায় (এ জন্ম ও দিকে মরণ, মধ্যে) সম্পূর্ণরূপে কাম্য নিষিদ্ধ বর্জ্জন করিয়া থাকিতে পারে অথবা বর্জ্জনের প্রতিজ্ঞা করিয়া তাহা পরিপালন করিতে পারে, তাহা আমাদের বিবেচনাবহির্ভূত। অত্যন্ত নিপুণ (সাবধানী) পুরুষেরও সূক্ষ্ম সূক্ষ্ম অপরাধ হইতে দেখা যায়। (অজ্ঞাতসারে যে কত শত সদসৎ কর্ম্ম হইতেছে তাহা কে গণনা করিয়া বলিতে পারে।) কর্ম্মাশয়ে সঞ্চিত কর্ম্মের মধ্যে যে কাম্যকর্ম্ম নাই তাহা কে বলিতে পারে! থাকিতেও পারে, না থাকিতেও পারে, এরূপ সংশয়ও পুনর্জ্জন্মের কারণাভাব জ্ঞানের বাধক। ফলকথা, নিমিত্তাভাব অর্থাৎ জন্মকারণ না থাকা পক্ষ নিতান্ত দুর্জ্ঞেয়। যদি তোমরা জ্ঞানগম্য ব্রহ্মাত্মভাব স্বীকার না কর, আর আত্মা কর্ত্তৃভোক্তৃস্বভাব এরূপ অবধারণ কর, তাহা হইলে তোমাদের কৈবল্য লাভের প্রত্যাশা দুরাশা ব্যতীত অন্য কিছু নহে। কেন-না, স্বভাব অপরিহার্য্য। অগ্নি যেমন উষ্ণস্বভাব ত্যাগ করে না, তেমনি, আত্মাও কর্ত্তৃভোক্তৃস্বভাব ত্যাগ করিবেন না। (কাযেই

পরিহার্য্যত্বাৎ। স্যাদেতৎ। কর্ত্তৃত্বভোক্তৃত্বকার্য্যমনর্থো ন তচ্ছক্তিঃ। তেন শক্ত্যবস্থানেঽপি কার্য্যপরিহারাদুপপন্নো মোক্ষ ইতি। তচ্চ ন। শক্তিসদ্ভাবে কার্য্যপ্রসবস্য দুর্নিবারত্বাৎ॥ অথাপি স্যাৎ ন কেবলা শক্তিঃ কার্য্যমারভতেঽনপেক্ষ্যান্যানি নিমিত্তান্যত একাকিনী সা স্থিত্বাপি নাপরাধ্যতীতি। তচ্চ ন। নিমিত্তানামপি শক্তিলক্ষণেন সম্বন্ধেন নিত্যসম্বদ্ধত্বাৎ। তস্মাৎ কর্ত্তৃত্বভোক্তৃত্বস্বভাবে সত্যাত্মন্যসত্যাং বিদ্যাগম্যায়াং ব্রহ্মাত্মতায়াং ন কথঞ্চন মোক্ষপ্রত্যাশাঽস্তি। শ্রুতিশ্চ 'নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়' ইতি জ্ঞানাদন্যৎ মোক্ষমার্গং বারয়তি।

সর্পস্যেব রজ্জুতত্ত্বজ্ঞানেনেতি ভাবঃ। ভাবমিমমবিদ্বান্ পরিচোদয়তি—"স্যাদেতৎ। কর্ত্তৃত্বভোক্তৃত্বকার্য্যমি"তি। অপ্রকাশিতভাবো যথোক্তমেব সমাধত্তে—"তচ্চ নে"তি। কর্ত্তৃভোক্তৃত্বয়োর্নিমিত্তসম্বন্ধস্য চ শক্তিদ্বারেণ নিত্য-

---

কেবল হওয়ার প্রত্যাশা দুরাশা)। [স্যাদেতৎ…প্রত্যাশাঽস্তি] যদি বল, কার্য্যভূত কর্ত্তৃত্ব ভোক্তৃত্বই অনর্থ, তাহা শক্তি নহে, কিন্তু শক্তির কার্য্য, শক্তি থাকে থাকুক, কার্য্যপরিহার হইলেই মোক্ষ হইতে পারে। কার্য্যভূত কর্ত্তৃত্ব ভোক্তৃত্বই অনর্থ, যদি তাহাই রহিত হইল ত মোক্ষ না হইবে কেন? ইহার প্রত্যুত্তরে আমরা বলি, তাহা বলিতে পার না। কেননা শক্তি থাকিলে কার্য্যোৎপত্তিনিবারণ হয় না। কেবলা অর্থাৎ সহায়শূন্যা শক্তি কার্য্য (কোন কিছু অর্থাৎ কর্ত্তৃত্বাদি) জন্মায় না, নিমিত্তান্তরের যোগেই কার্য্য (কর্ত্তৃত্বভোক্তৃত্বরূপ অনর্থ—সংসার) জন্মায়, সেই নিমিত্তান্তর (পুণ্যাপুণ্য) বিধ্বস্ত করিতে পারিলে শক্তি একাকিনী হইবেক, একাকিনী অপরাধপাত্রী নহে অর্থাৎ অনর্থ জন্মাইতে পারিবে না, এরূপ বলিলেও অভীষ্টসাধন হইবেক না। কারণ, নিমিত্ত সকল শক্তিনামক সম্বন্ধের সহিত সর্ব্বদা সম্বদ্ধ; তাহার অবিচ্ছেদ ব্যতীত বিচ্ছেদ দৃষ্ট হয় না। অতএব, আত্মা কর্ত্তৃভোক্তৃস্বভাব হন হউন তাহাতে ক্ষতি বোধ করি না, কিন্তু বিদ্যাগম্য ব্রহ্মাত্মভাব না থাকিলে কিছুতেই তাঁহার মুক্তির প্রত্যাশা নাই। [শ্রুতিশ্চ…শক্যা] শ্রুতিও বলিয়াছেন, জ্ঞান অর্থাৎ ব্রহ্মাত্মভাব সাক্ষাৎকার ব্যতীত মোক্ষের অন্য উপায় নাই। যথা—"ব্রহ্মপ্রাপ্তির অন্য উপায় নাই।" যদি এমন আপত্তি কর যে, জীব পরব্রহ্ম হইতে অভিন্ন হইলে ব্যবহার বিলোপ ও প্রত্যক্ষাদি প্রমাণের অপ্রবৃত্তি হইত (তুমি

পরস্মাদনন্যত্বেঽপি জীবস্য সর্ব্বব্যবহারলোপপ্রসঙ্গঃ। প্রত্যক্ষাদিপ্রমাণাপ্রবৃত্তেরিতি চেৎ। ন। প্রাক্প্রবোধাৎ স্বপ্নব্যবহারবৎ তদুপপত্তেঃ। শাস্ত্রঞ্চ 'যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং পশ্যতি' ইত্যাদিনাঽপ্রবুদ্ধবিষয়ে প্রত্যক্ষাদিব্যবহারমুক্ত্বা পুনঃ প্রবুদ্ধবিষয়ে 'যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং পশ্যেৎ' ইত্যাদিনা তদভাবং দর্শয়তি। তদেবং পরব্রহ্মবিদো গন্তব্যাদিবিজ্ঞানস্য বাধিতত্বাৎ ন কথঞ্চন গতিরুপপাদয়িতুং শক্যা। কিংবিষয়াঃ পুনর্গতিশ্রুতয় ইতি।

ত্বাদ্ভবিষ্যতি কদাচিদেষাং সমুদাচারো যতঃ সুখদুঃখে ভোক্ষ্যেতে ইতি সম্ভাবনাতঃ কুতঃ কৈবল্যনিশ্চয় ইত্যর্থঃ। ভূয়োনিরস্তমপি মতিদ্রঢ়িম্নে পুনরুপন্যস্য দূষয়তি—"পরস্মাদনন্যত্বেঽপী"তি। শেষমতিরোহিতার্থম্।

আমি ও ইহা দেখিতেছি তাহা দেখিব, ইত্যাদি ব্যবহার নিষ্পন্ন হইত না।) আপত্তির প্রত্যাপত্তি এই যে, প্রবোধের অর্থাৎ ব্রহ্মাত্মজ্ঞান জন্মিবার পূর্ব্বে স্বপ্ননিদর্শনে সমুদায় ব্যবহার উপপন্ন হইতে পারে। (স্বপ্নকালে আত্মা আপনিই আপনাকে দেখেন। শাস্ত্রও এ কথা বলিয়াছেন। যথা—"যখন তিনি অজ্ঞানাবরণে দ্বৈতের ন্যায় হন তখনই অন্য হইয়া অন্য দেখেন।" এই শাস্ত্রে দেখা যায় যে, অনাত্মজ্ঞ অবস্থায় প্রত্যক্ষাদি ব্যবহার থাকে এবং অন্য শাস্ত্রে দেখা যায়, প্রবুদ্ধ হইলে পরমার্থ পক্ষে ভেদব্যবহার থাকে না, লুপ্ত হইয়া যায়। যথা—"এ সমুদায়ই যখন আত্মা হইয়া যায়, অর্থাৎ সর্ব্বত্র আত্মদর্শন হয়, তখন, কে কি দিয়া কি দেখিবেক। তখন ভেদব্যবহার থাকে না।)" এই শাস্ত্র প্রবোধকালে বাস্তব প্রত্যক্ষাদি ব্যবহারের অভাব দেখাইয়াছেন। অতএব, পরব্রহ্মের গন্তব্যাদি বিজ্ঞান বর্ণিতপ্রকারে বাধিত (অর্থাৎ থাকে না)। সুতরাং তাহার গতির বা পাওয়ার যুক্তিযুক্ততা অবধারণ করিতে পার না। [কিংবিষয়াঃ...গতিঃ] তবে গতিশ্রুতির গতি কি? তাহা বলিতেছি। সগুণ ব্রহ্মবিজ্ঞানেই গতি উপপন্ন হয় এবং গতি সেই সেই উপাসনাতেই কথিত হইয়াছে। কোন কোন শ্রুতি পঞ্চাগ্নিবিদ্যা প্রস্তাবে গতি (গমন পূর্ব্বক ব্রহ্মপ্রাপ্তি) বলিয়াছেন। কোন কোন শ্রুতি পর্য্যঙ্কবিদ্যায় ও কোন কোন শ্রুতি বৈশ্বানরবিদ্যায় ব্রহ্মগমনের কথা বলিয়াছেন। যেখানে দেখিবে যে, শ্রুতি ব্রহ্মের প্রস্তাব (অবতারণা) করিয়া গতি বলিয়া

উচ্যতে। সগুণবিদ্যাবিষয়া ভবিষ্যন্তি। তথাহি কচিৎ পঞ্চাগ্নিবিদ্যাং প্রকৃত্য গতিরুচ্যতে কচিৎ পর্য্যঙ্কবিদ্যাং কচিৎ বৈশ্বানরবিদ্যাম্। যত্রাপি ব্রহ্ম প্রকৃত্য গতিরুচ্যতে 'যথা প্রাণো ব্রহ্ম কং ব্রহ্ম খং ব্রহ্ম' ইতি 'অথ যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম' ইতি তত্রাপি চ বামনীত্বাদিভিঃ সত্যকামাদিভিশ্চ গুণৈঃ সগুণস্যৈবোপাস্যত্বাৎ সম্ভবতি গতিঃ। ন কচিৎ পরব্রহ্মবিষয়া গতিঃ শ্রাব্যতে। তদ্যথা গতিপ্রতিষেধঃ শ্রাবিতঃ 'ন তস্য প্রাণা উৎক্রামন্তি' ইতি 'ব্রহ্মবিদাপ্নোতি পরম্' ইত্যাদিষু তু সত্যপ্যাপ্নোতের্গত্যর্থত্বে বর্ণিতেন ন্যায়েন দেশান্তরপ্রাপ্ত্যসম্ভবাৎ স্বরূপপ্রতিপত্তিরেবেয়মবিদ্যাধ্যারোপিতনামরূপপ্রপঞ্চপ্রবিলয়াপেক্ষয়াঽভিধীয়তে। 'ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি' ইত্যাদি চ দ্রষ্টব্যম্। অপি চ পরবিষয়া গতির্ব্যাখ্যায়মানা প্ররোচনায় বা স্যাদনুচিন্ত-

---

ছেন। যথা—প্রাণই ব্রহ্ম, সুখই ব্রহ্ম, আকাশই ব্রহ্ম, ইত্যাদি এবং ব্রহ্মপুরে (হৃদয়ে) এই যে, অল্পপরিমিত পদ্মাকার গৃহ, ইত্যাদি। বুঝিতে হইবে যে ব্রহ্ম সেখানে বামনীত্বাদি ও সত্যকামত্বাদি গুণে উপাসিত হইতেছেন সুতরাং সেখানে সেই সেই গুণযুক্ত উপাসনার গতিরূপ ফল সম্ভব। [ন কচিৎ···দ্রষ্টব্যম্] সগুণ ব্রহ্মবিষয়েই গতি শ্রবণ আছে কিন্তু নির্গুণ ব্রহ্মে অর্থাৎ পরব্রহ্মে গতি শ্রবণ নাই। অধিকন্তু তাঁহাতে গতি নাই বলিয়াই অভিহিত হয়। যথা—"পরব্রহ্মাভিজ্ঞের প্রাণ উৎক্রান্ত হয় না।" "পরব্রহ্মবিৎ পরব্রহ্মপ্রাপ্ত হন।" ইত্যাদি শ্রুতিতে যদিও আপ্নোতি—আপ্-ধাতুর প্রয়োগ আছে এবং যদিও আপ্-ধাতুর অর্থ গতি, তথাপি সে গতি দেশান্তর বা পদার্থান্তর প্রাপ্তিরূপা নহে। বর্ণিত প্রকারের গতি অর্থাৎ দেশান্তর প্রাপ্তিরূপা গতি অসম্ভব্যমানা হওয়ায় স্বরূপ প্রতিপত্তিরূপা গতিই স্বীকার্য্য। স্বরূপ প্রতিপত্তি (আপনার ব্রহ্মতা সাক্ষাৎকার) রূপা গতি বিদ্যার দ্বারা অবিদ্যারোপিত নামরূপাদি প্রপঞ্চের বিলয় হইলেই সিদ্ধ হয় এবং তাহাই ব্রহ্মবিদাপ্নোতি পরং—ইত্যাদি শাস্ত্রে অভিহিত হইয়াছে। "ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি" এ শ্রুতিও দর্শিতপ্রকারে ব্যাখ্যেয়।" [অপিচ...তদপরম্] পরব্রহ্মবিৎ ব্রহ্মে গমন করে,

নায় বা। তত্র প্রয়োচনং তাবৎ ব্রহ্মবিদো ন গত্যুক্ত্যা ক্রিয়তে স্বসম্বেদ্যেনৈবাব্যবহিতেন বিদ্যাসমর্পিতেন স্বাস্থ্যেন তৎসিদ্ধেঃ। ন চ নিত্যসিদ্ধনিঃশ্রেয়সনিবেদনস্যাসাধ্যফলস্য বিজ্ঞানস্য গত্যনুচিন্তনে কাচিদপ্যপেক্ষোপপদ্যতে। তস্মাদপরবিষয়ৈব গতিঃ। তত্র পরাপরব্রহ্মবিবেকানবধারণেনাপরস্মিন্ ব্রহ্মণি প্রবর্ত্তমানঃ গতিশ্রুতয়ঃ পরস্মিন্নধ্যারোপ্যন্তে। কিং দ্বে ব্রহ্মণী পরমপরঞ্চেতি। বাঢ়ং দ্বে। 'এতদ্বৈ সত্যকামঃ পরঞ্চাপরঞ্চ ব্রহ্ম যদোঙ্কারঃ' ইত্যাদিদর্শনাৎ। কিং পুনঃ পরং ব্রহ্ম কিমপরং ইতি। উচ্যতে। যত্রাবিদ্যাকৃত-

---

এ কথা কি জন্য বলিতে চাও? রুচি জন্মাইবার জন্য? না অনুচিন্তনের (ধ্যানের) জন্য? ব্রহ্মপ্রাপ্তি-কথা ব্রহ্মজ্ঞের রুচি উৎপাদন করে; এরূপ বলিতে পার না। কারণ, ব্রহ্মানুভব বা ব্রহ্ম স্বসম্বেদ্য—তাহা বিদ্যাসমর্পিত স্বাস্থ্য ব্যতীত অন্য কিছু নহে। বিদ্যা অর্থাৎ ব্রহ্মসাক্ষাৎকার হওয়ার অব্যবহিত পরেই আপনা হইতে স্বরূপাবস্থান নামক মোক্ষ সিদ্ধ হয়, সুতরাং তাহার জন্য গতি বিধান কেন? তাহা অনাবশ্যক। যে বিজ্ঞান অসাধ্যফল অর্থাৎ যাহা (জ্ঞান) জ্ঞেয়ের স্বরূপাবোধ ব্যতীত অন্য কিছু আধান (উৎপাদন) করে না, জন্মায় না, যাহা কেবল আপনার নিত্যসিদ্ধ মোক্ষরূপিতা নিবেদন করে, জানায় মাত্র, তাহাতে গতি অনুচিন্তনের (ধ্যানের) অপেক্ষা কি? সে অপেক্ষা উপপন্ন নহে। প্রোক্তকারণে কে-না বুঝিবে, স্বীকার করিবে যে, অপর বিদ্যাবিষয়েই গতি, পরবিদ্যাবিষয়ে নহে। শ্রুতিতে ব্রহ্ম সাধকহিতার্থে পরাপর ভেদে উপদিষ্ট হইয়াছেন। তন্মধ্যে পরব্রহ্মের স্বরূপ কি ও অপরব্রহ্মের লক্ষণ কি তাহা নিশ্চয়রূপে জানা না থাকাতেই অপরব্রহ্মবিষয়োপদিষ্ট গতি ভ্রম বশতঃ পরব্রহ্মে নীত হইয়া থাকে। ব্রহ্ম কি তবে পরাপর ভেদে দুই? হাঁ। ব্রহ্ম দ্বিবিধ, পর ও অপর। ইহা "হে সত্যকাম! এই যে ওঁকার—ইহাই পর ও অপর ব্রহ্ম।" ইত্যাদি শ্রুতিতে কথিত হইয়াছে। পরব্রহ্ম ও অপর ব্রহ্ম কি? তাহা বলিতেছি। যে স্থানে দেখিবে, অবিদ্যাধ্যস্ত নামরূপাদিবিশেষের প্রতিষেধ হইতেছে, ব্রহ্মকে অস্থূলাদি শব্দে বুঝান হইতেছে, (নিষেধমুখে ব্রহ্ম প্রতিপাদন হইতেছে), জানিবে, সেই স্থানের প্রতিপাদ্য ব্রহ্ম পরব্রহ্ম। ইনিই শ্রুতিবিশেষে সাধক দিগের সিদ্ধির নিমিত্ত অর্থাৎ

নামরূপাদিবিশেষপ্রতিষেধেনাস্থূলাদিশব্দৈর্ব্রহ্ম ব্যপদিশ্যতে তৎ পরম্। তদেব যত্র নামরূপাদিবিশেষেণ কেনচিৎ বিশিষ্টমুপাসনায়োপদিশ্যতে 'মনোময়ঃ প্রাণশরীরো ভারূপঃ' ইত্যাদিশব্দৈস্তদপরম্। নন্বেবং সত্যদ্বিতীয়শ্রুতিরুপরুধ্যেত। ন। অবিদ্যাকৃতনামরূপোপাধিকতয়া পরিহৃতত্বাৎ। তস্য ত্বপরব্রহ্মোপাসনস্য তৎসন্নিধৌ শ্রূয়মাণং 'স যদি পিতৃলোককামো ভবতি' ইত্যাদিজগদৈশ্বর্য্যলক্ষণং সংসারগোচরমেব ফলং ভবতি। অনিবর্ত্তিতত্বাদবিদ্যায়াঃ। তস্য চ দেশবিশেষাবচ্ছিন্নত্বাৎ তৎপ্রাপ্ত্যর্থং গমনমবিরুদ্ধম্। সর্ব্বগতত্বেঽপি চাত্মন আকাশস্যেব ঘটাদিগমনে বুদ্ধ্যাদ্যুপাধিগমনে গমনপ্রসিদ্ধিরিত্যবাদিষ্ম 'তদ্গুণসারত্বাৎ' (ব্র০ সূ০) ইত্যত্র। তস্মাৎ

ব্রহ্মোপাসনার্থ নামরূপাদি বিশেষণে বিশেষিত ও উপদিষ্ট হইয়াছেন, হইয়া 'অপর' এই আখ্যা প্রাপ্ত হইতেছেন। এই অপরব্রহ্ম "তিনি মনোময়, প্রাণশরীর ও ভারূপ" ইত্যাদি ইত্যাদি শব্দে অভিহিত হইয়াছেন। [নন্বেবং...ইত্যত্র] বলিবে যে তবে (ব্রহ্ম যদি দু-ই হয় তবে) অদ্বয় ব্রহ্মবোধিকা শ্রুতি বাধিত? তাহা বলিতে পারিবে না। সে বিরোধ বা বাধা আবিদ্যক নামরূপাদি উপাধি স্বীকার দ্বারা নিবারিত হয়। (উপাধি সকল আবিদ্যক—মিথ্যা—মিথ্যা দ্বৈতে সত্য অদ্বৈতের ক্ষতি হয় না।) যে যে স্থানে অপরব্রহ্মোপাসনার বিধান হইয়াছে সেই সেই স্থানে অর্থাৎ তৎসন্নিধানেই দেখিতে পাইবে, "তিনি যদি পিতৃলোককামী হন" ইত্যাদি প্রকারে জগতের উপর ক্ষমতা বিস্তার বা ঐশ্বর্য্যলক্ষণ ফল কথিত হইয়াছে। সে সমস্ত ফলই সংসারমধ্যপাতী—সংসারের অন্তর্গত। অবিদ্যার মূলোচ্ছেদ বা সম্পূর্ণ অবিদ্যানিবৃত্তি না হওয়ায় কাযেই সে সকল সংসারাধিকারের অন্তর্ব্বর্ত্তী। তাঁহাদের সেই সকল ঐশ্বর্য্যফল সীমাবদ্ধ (অসীম নহে), সুতরাং তৎপ্রাপ্ত্যর্থ তাঁহাদের গতি অবিরুদ্ধ অর্থাৎ সঙ্গত বলিয়া জান। আত্মা যদিও আকাশের ন্যায় সর্ব্বগত, সর্ব্বব্যাপী, সর্ব্বত্রই আছেন, তথাপি, ঘটাদির গমনে তদুপহিত আকাশের গমনের ন্যায় বুদ্ধ্যাদির গমনে আত্মার গমন উপচরিত হওয়া প্রসিদ্ধ আছে। এ কথা আমরা "তদ্গুণসারত্বাৎ" সূত্রে বলিয়াছি, বুঝাইয়া দিয়াছি। [তস্মাৎ...দ্রষ্টব্যম্] অতএব, "কার্য্যং বাদরিঃ" এই পক্ষই সিদ্ধান্ত

'কার্য্যং বাদরিঃ' ইত্যেষ এব পক্ষঃ স্থিতঃ। 'পরং জৈমিনিঃ' (ব্র০ সূ০) ইতি চ পক্ষান্তরপ্রতিপাদনমাত্রপ্রদর্শনং প্রজ্ঞা-বিকাশনায়েতি দ্রষ্টব্যম্ ॥ ১৪ ॥

অপ্রতীকালম্বনান্নয়তীতি বাদরায়ণ উভয়থা-হদোষাৎ তৎক্রতুশ্চ ॥ ১৫ ॥*

স্থিতমেতৎ কার্য্যবিষয়া গতি র্ন পরবিষয়েতি। ইদমি-দানীং সন্দিহ্যতে। কিং সর্ব্বান্ বিকারালম্বনানবিশেষেণৈবা-

---

অব্রহ্মক্রতবো যান্তি যথা পঞ্চাগ্নিবিদ্‌যথা।
ব্রহ্মলোকং প্রযান্ত্যন্তি প্রতীকোপাসকাস্তথা ॥

সন্তি হি মনো ব্রহ্মেত্যুপাসীতেত্যাদ্যাঃ প্রতীকবিষয়া বিদ্যাস্তদ্বন্তোঽপ্য-র্চ্চিরাদিমার্গেণ কার্য্যব্রহ্মোপাসকা ইব গন্তুমর্হন্ত্যনিয়মঃ সর্ব্বাসামিত্যবিশেষেণ

এবং "পরং জৈমিনিঃ" এ পক্ষ পূর্ব্বপক্ষমাত্র। অর্থাৎ শ্রোতার বুদ্ধি বিস্তারের জন্যই প্রোক্ত পক্ষান্তর সূত্রে গ্রথিত হইয়াছে এবং তাহাতে দেখান হইয়াছে যে, এ বিষয়ে পক্ষান্তরও উদ্ভাবিত হইতে পারে।

সিদ্ধান্ত হইল যে, গতি-শাস্ত্র (ব্রহ্মে গমন করে, এই কথা) কার্য্য-ব্রহ্মবিষয়েই পর্য্যবসিত। সম্প্রতি অন্য এক সংশয় এই যে, অমানব পুরুষেরা কি অবিশেষে সমুদায় উপাসক দিগকে ব্রহ্মলোকে লইয়া যায়?

---

* প্রতীকোপাসকান্ নামাদ্যুপাসকান্ বর্জ্জয়িত্বা নয়তি ব্রহ্মলোকমমানবাঃ পুরুষা ইতি বাদরায়ণো মন্যত ইতি শেষঃ। উভয়থাঽদোষাৎ উভয়থাভাবাভ্যুপগমেঽপ্যবিরোধাদিত্যর্থঃ। অনিয়মঃ সর্ব্বাসামিত্যনিয়মাধিকরণে তত্ত্ববিদোঽন্যত্র সর্ব্বোপাসকানাং মার্গোপসংহার উক্ত ইদানীন্তু প্রতীকোপাসকানামেব মার্গো ন সর্ব্বেষামিত্যুভয়থোক্তৌ পূর্ব্বোক্তবিরোধঃ স্যাদিতি মনসি নিধায় তত্রানিয়মঃ সর্ব্বেষামিতি সূত্রে সর্ব্বশব্দস্য প্রতীকোপাসকান্যপরত্বং তেন বিরোধ-পরিহারঃ স্যাদিতি মন্যমান আচার্য্য উভয়থাঽদোষাদিত্যাহ। তৎক্রতুশ্চেতি চো হেত্বর্থে। উভয়থাভাবে তৎক্রতুন্যায়োহেতুরিত্যভিপ্রায়ঃ। তৎক্রতুন্যায়শ্চ যো যৎ ধ্যায়তি স তদাপ্নো-তীতি শ্রুতিমূলা প্রসিদ্ধিঃ।—বাদরায়ণ মুনি মনে করেন, প্রতীকোপাসক অর্থাৎ নামাদি উপা-সক ব্যতীত সমুদায় উপাসকই অমানব পুরুষ কর্ত্তৃক ব্রহ্মলোকে নীত হয়। যদিও পূর্ব্বে অনিয়মের কথা বলা হইয়াছে, এখন আবার নিয়ম কথা বলা হইল, হইলেও বিরুদ্ধ বলা হয় নাই। অর্থাৎ পূর্ব্ববাক্যের সহিত এতদ্বাক্যের বিরোধ হইবেক না। সেস্থানে সর্ব্বশব্দকে "প্রতীকোপাসক ব্যতীত অন্য সকলকে" এইরূপে সঙ্কোচ কর (সংকোচ—ব্যাপক অর্থ ভঙ্গ করিয়া নির্দ্দিষ্ট অর্থে স্থাপন)। করিলে অবিরোধ হইবেক। এ কথা তৎক্রতুন্যায়মূলক। সুতরাং অপ্রমাণ নহে। যে যাহা ভাবে, ধ্যান করে বা উপাসনা করে, সে তাহা পায়, এই শ্রৌত উপদেশ এ স্থলে তৎক্রতুন্যায় নামে পরিচিত।

মানবঃ পুরুষঃ প্রাপয়তি ব্রহ্মলোকমুত কাংশ্চিদেবেতি। কিং তাবৎ প্রাপ্তম্। সর্ব্বেষামেবৈষাং বিদুষামন্যত্র পরস্মাদ্ব্রহ্মণো গতিঃ স্যাৎ। তথা হি 'অনিয়মঃ সর্ব্বাসাম্' ইত্যত্রাহরিশেষেণৈবৈষা বিদ্যান্তরেষ্ববতারিতেত্যেবং প্রাপ্তে প্রত্যাহ— অপ্রতীকালম্বনানিতি। প্রতীকালম্বনান্ বর্জ্জয়িত্বা সর্ব্বানন্যান্ বিকারালম্বনান্নয়তি ব্রহ্মলোকমিতি বাদরায়ণাচার্য্যো মন্যতে। ন হ্যেবমুভয়থাভাবাভ্যুপগমে কশ্চিৎ দোষোঽস্তি। অনিয়মন্যায়স্য প্রতীকব্যতিরিক্তেষ্বপ্যুপাসনেষূপপত্তেঃ। তৎক্রতু-

---

বিদ্যান্তরেষ্বপি গতেরবধারণাৎ। ন চৈষাং পরব্রহ্মবিদামিব গত্যসম্ভব ইতি। ন চ ব্রহ্মক্রতব এব ব্রহ্মলোকভাজো নাতৎক্রতব ইত্যপ্যেকান্তঃ। অতৎক্রতূনামপি পঞ্চাগ্নিবিদাং তৎপ্রাপ্তেঃ। ন চৈতে ন ব্রহ্মক্রতবো মনো ব্রহ্মে-

---

কি সে বিষয়ে কোনরূপ বিশেষ (নির্দ্দিষ্ট নিয়ম) আছে? (কোন কোন ব্রহ্মবিকারাবলম্বী অমানব পুরুষ কর্ত্তৃক ব্রহ্মলোকে নীত হয়? কি ব্রহ্মবিকারাবলম্বী মাত্রেই নীত হয়?) পাওয়া যায় কি? পাওয়া যায়, পরব্রহ্ম ব্যতীত অন্য সমুদায় উপাসক ব্রহ্মলোকগামী হয়। "অনিয়মঃ সর্ব্বাসাম্" এই সূত্রে উক্ত বিষয়ের বিচার অবতারিত হইয়া কথিতপ্রকার সিদ্ধান্তই স্থাপিত হইয়াছে। তাহাই পূর্ব্বপক্ষ, তৎপ্রাপ্তে সিদ্ধান্ত বলা হইল, অপ্রতীকাবলম্বীরাই ব্রহ্মলোকে নীত হয়। [প্রতীকালম্বনান্...দ্রষ্টব্যঃ] আচার্য্য বাদরায়ণ (ব্যাস) মানেন যে, প্রতীকোপাসক ব্যতীত অন্য যে কোন ব্রহ্মবিকারোপাসক, সকলকেই অমানব পুরুষেরা ব্রহ্মলোকে লইয়া যায়। পূর্ব্বে বলা হইয়াছে, "অনিয়মঃ সর্ব্বাসাম্" পরে আবার বলা হইল, প্রতীকোপাসক নহে, এই দুই কথা বা উভয়প্রকার গতি বলা হইল বলিয়া দোষ মনে করিও না। অর্থাৎ বিরুদ্ধ বলা হয় নাই। কারণ, পূর্ব্বোক্ত অনিয়ম ন্যায় (সূত্র) প্রতীকোপাসক ভিন্ন অন্য উপাসকের উদ্দেশে প্রবর্ত্তিত। (এই ১৫ সূত্রের দ্বারা সে সূত্র সঙ্কোচার্থে পর্য্যবসিত হইবেক)। এই উভয়থা ভাব অর্থাৎ এক বার বলা হইয়াছে, সকলেই ব্রহ্মলোকে যায়, সে বিষয়ে কোন নিয়ম নাই, আবার বলা হইল, প্রতীকোপাসক যায় না,—এই দ্বিপ্রকার উক্তি তৎক্রতুন্যায় সমর্থন করিতে সক্ষম আছে। বুঝিতে হইবে যে, তৎক্রতু-ন্যায়ই ঐ দ্বিপ্রকার বলিবার কারণ। (ক্রতু=সঙ্কল্প অর্থাৎ ধ্যান করা। তৎক্রতুন্যায়=যে যাহা নিরন্তর ভাবে বা ধ্যান করে সে তাহা

শ্চাস্যোভয়থাভাবস্য সমর্থকো হেতুর্দ্রষ্টব্যঃ। যো হি 'ব্রহ্মক্রতুঃ স ব্রাহ্মমৈশ্বর্য্যমাসীদেদিতি শ্লিষ্যতে 'তং যথা যথোপাসতে তদেব ভবতি' ইতি শ্রুতেঃ। ন তু প্রতীকেষু ব্রহ্মক্রতুত্বমস্তি প্রতীকপ্রধানত্বাদুপাসনস্য। নন্বব্রহ্মক্রতুমানপি ব্রহ্ম গচ্ছতীতি শ্রূয়তে। যথা পঞ্চাগ্নিবিদ্যায়াং 'স এতান্ ব্রহ্ম গময়তি' ইতি। ভবতু যত্রৈবমাহত্যবাদ উপলভ্যতে। তদভাবে ত্বৌৎসর্গিকেন তৎক্রতুন্যায়েন ব্রহ্মক্রতূনামেব তৎপ্রাপ্তির্নেতরেষামিতি মন্যতে॥ ১৫॥

বিশেষঞ্চ দর্শয়তি॥ ১৬॥*

ত্যুপাসীতেত্যাদৌ সর্ব্বত্র ব্রহ্মানুগমেন তৎক্রতুত্বস্যাপি সম্ভবাৎ। ফলবিশেষস্য ব্রহ্মলোকপ্রাপ্তাবপ্যুপপত্তেঃ। তস্য সাবয়বতয়োৎকর্ষনিকর্ষসম্ভবাৎ। ইতি প্রাপ্তে প্রত্যুচ্যতে।

পায় এই নিয়ম বা শ্রুতিমূলা যুক্তি) [যো হি...মন্যতে] যে ব্রহ্মক্রতু (ব্রহ্মধ্যানী) হয় সে যে ব্রাহ্মী ঐশ্বর্য্য পাইবে তাহা বিচিত্র কি? পাওয়াই সঙ্গত। শ্রুতিও বলিয়াছেন "তাঁহাকে যে যে-ভাবে ভাবে তাহার নিকট তিনি সেইরূপই হন।" ভাবিয়া দেখ, প্রতীক উপাসনায় (প্রতীক=দ্বারীভূত আলম্বন। যেমন প্রতিমা অথবা নাম।) ব্রহ্মক্রতুত্ব অবসন্ন হয় না অর্থাৎ তাহাতে সাক্ষাৎ ব্রহ্মধ্যান হয় না। প্রতীক উপাসনায় প্রতীকই প্রধান, ব্রহ্ম তাহাতে অপ্রধান থাকেন। (সেই কারণে অর্থাৎ ব্রহ্ম ধ্যান না হওয়ায় সে ব্রাহ্মী ঐশ্বর্য্য পায় না।) অব্রহ্মধ্যায়ীরাও ব্রহ্মলোকে যায়, এ কথা শ্রুতিতে আছে সত্য; যথা—ছান্দোগ্যে পঞ্চাগ্নিবিদ্যায় কথিত হইয়াছে—"তাহা ইহাদিগকে ব্রহ্ম পাওয়ায়।" ইত্যাদি। পরন্তু থাকিলেও বাধা হইতেছে না। আচার্য্য বাদরায়ণ বলেন, যেখানে আহত্যবাদ অর্থাৎ প্রত্যক্ষ বিধান আছে সে স্থানে তাহা অবশ্যই হইবেক। যেখানে আহত্যবাদ নাই সে স্থানে সামান্যতঃ প্রবৃত্ত তৎক্রতু শাস্ত্রের দ্বারা নিশ্চয় করিবে যে, ব্রহ্মক্রতুরাই ব্রহ্মপ্রাপ্ত হন, অন্যে নহে।

---

* বিশেষং প্রতীকতারতম্যেন ফলতারতম্যং, দর্শয়তি বিজ্ঞাপয়তি শ্রুতিরিতি শেষঃ।—শ্রুতি বলিয়াছেন যে, প্রতীক অনুসারে ফলবিশেষ হইয়া থাকে। তাহাতেও বুঝা গেল, প্রতীকধ্যায়ী দিগের ব্রহ্মগতি হয় না। (ভাষ্যব্যাখ্যা দেখ)।

নামাদিষু প্রতীকোপাসনেষু পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাৎ ফলবিশেষমুত্তরস্মিন্নুত্তরস্মিন্নুপাসনে দর্শয়তি 'যাবন্নাম্নো গতং তত্রাস্য যথাকামচারো ভবতি বাগ্বাব নাম্নো ভূয়সী বাবদ্বাচো গতং তত্রাস্য যথাকামচারো ভবতি মনো বাব বাচো ভূয়ঃ' ইত্যাদিনা। স চায়ং ফলবিশেষঃ প্রতীকতন্ত্রত্বাদুপাসনানামুপপদ্যতে। ব্রহ্মতন্ত্রত্বে তু ব্রহ্মণোঽবিশিষ্টত্বাৎ কথং ফল-

---

উত্তরোত্তরভূয়স্ত্বাদব্রহ্মক্রতুভাবতঃ।
প্রতীকোপাসকান্ ব্রহ্মলোকং নামানবোনয়েৎ॥

ভবতু পঞ্চাগ্নিবিদ্যায়ামব্রহ্মক্রতূনামপি ব্রহ্মলোকনয়নং বচনাৎ। কিমিব হি বচনং ন কুর্য্যাদ্ নাস্তি বচনস্যাতিভারঃ। ইহ তু তদভাবাৎ তং যথাযথোপাসতে তদেব ভবতীতি শ্রুতেরৌৎসর্গিক্যাং নাসতি বিশেষবচনেঽপবাদো যুজ্যতে। ন চ প্রতীকোপাসকো ব্রহ্মোপাস্তে সত্যপি ব্রহ্মেত্যনুগমে কিন্তু নামাদিবিশেষব্রহ্মরূপতয়া। তথা চ খল্বয়ং নামাদিতন্ত্রো ন ব্রহ্মতন্ত্রঃ। আশ্রয়ান্তরপ্রত্যয়স্যাশ্রয়ান্তরে প্রক্ষেপঃ প্রতীক ইতি হি বৃদ্ধাঃ। ব্রহ্মাশ্রয়শ্চ প্রত্যয়ো নামাদিষু প্রক্ষিপ্ত ইতি নামতন্ত্রঃ। তস্মান্ন তদুপাসকো ব্রহ্মক্রতুঃ কিন্তু নামাদিক্রতুঃ। ন চ ব্রহ্মক্রতুত্বে নামাদ্যুপাসকানামবিশেষাদুত্তরোত্তরোৎকর্ষঃ সম্ভবী। ন চ ব্রহ্মক্রতুস্তদবয়বক্রতুঃ যেন তদবয়বাপেক্ষয়োৎকর্ষোবর্ণ্যেত। তস্মাৎ প্রতীকালম্বনান্ বিদুষো বর্জ্জয়িত্বা সর্ব্বানন্যান্ বিকারালম্বনান্নয়ত্যমানবো ব্রহ্মলোকম্। ন হ্যেবমুভয়থা ভাব উভয়থার্থত্বে কাংশ্চিৎ প্রতীকালম্ব-

---

নাম ও বাক্য প্রভৃতি প্রতীক অর্থাৎ ব্রহ্মোপাসনার আলম্বন। যে স্থানে সে সকলে উপাসনার বিধান হইয়াছে, সেই স্থলেই দেখা যায়, পূর্ব্ব-পূর্ব্ব অপেক্ষা পর পর প্রতীক উপাসনার ফল অধিক। একরূপ ফল নহে, প্রতীক অনুসারে বিভিন্ন। যথা—"নামধ্যাতা যখন নামত্ব পায় তখন তাহার তদুপযুক্ত কামচারিতা জন্মে। বাক্য নাম অপেক্ষা বড়, উপাসক যখন তাহাতে অবস্থান করে তখন সে তদনুরূপ কামচারী হয়। মন বাক্য অপেক্ষা বড়—" ইত্যাদি। এখানে দেখ, প্রতীকের তারতম্য অনুসারে ফলেরও তারতম্য হইতেছে। হওয়াই সঙ্গত। কারণ, প্রতীক উপাসনায় প্রতীকই প্রধান। * এ সকল উপাসনা ব্রহ্মপ্রধান হইলে

---

* নাম প্রভৃতিতে যে ব্রহ্মদৃষ্টি অধ্যস্ত করিয়া উপাসনা করিবার বিধান আছে তাহা প্রতীক উপাসনা নামে খ্যাত। ঐ সকল উপাসনা সাক্ষাৎব্রহ্মোপাসনা নহে। ব্রহ্মবুদ্ধি ব্রহ্মে সমর্পিত না হইয়া নামাদিতে সমর্পিত হয়, কাযেই তাহাতে ব্রহ্ম অপ্রধান ও নাম প্রধান হয়।

বিশেষঃ স্যাৎ। তস্মান্ন প্রতীকালম্বনানামিতরৈস্তুল্যফলত্ব-মিতি ॥ ১৬ ॥

ইতি শ্রীমচ্ছারীরকমীমাংসাভাষ্যে শ্রীমচ্ছঙ্করভগবৎ-পাদকৃতৌ চতুর্থাধ্যায়স্য তৃতীয়ঃ পাদঃ ॥

নান্ন নয়তি বিকারালম্বনান্ বিদুষস্তু নয়তীত্যভ্যুপগমে কশ্চিদ্দোষোঽস্ত্যনিয়মঃ সর্ব্বেষামিত্যস্য ন্যায়স্যেতি সর্ব্বমবদাতম্।

ইতি শ্রীবাচস্পতিমিশ্রবিরচিতে শারীরকভগবৎপাদভাষ্যবিভাগে ভামত্যাং চতুর্থস্যাধ্যায়স্য তৃতীয়ঃ পাদঃ সমাপ্তঃ।

ফলবিশেষ হইবে কেন? ব্রহ্ম ত অবিশিষ্ট—একরূপ? সেই জন্যই বলা যায় যে, প্রতীকোপাসক ব্যতীত অর্থাৎ প্রধান্যরূপে ব্রহ্মক্রতু হইতে পারিলেই তাহারা ব্রহ্মলোকগামী হয়।

চতুর্থাধ্যায়ের তৃতীয় পাদ সমাপ্ত।

চতুর্থঃ পাদঃ।

সম্পাদ্যাবির্ভাবঃ স্বেনশব্দাৎ ॥ ১ ॥*

'এবমেবৈষ সংপ্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে' ইতি শ্রূয়তে। তত্র সংশয়ঃ। কিং দেবলোকাদ্যুপভোগস্থানেষ্বিবাগন্তুকেন

প্রাগভূতস্য নিষ্পত্তৌ কর্তৃত্বং ন সতো যতঃ।
ফলত্বেন প্রসিদ্ধেশ্চ মুক্তেরূপাস্তবোদ্ভবঃ॥

অভূতস্য ঘটাদের্ভবনং নিষ্পত্তির্ন পুনরত্যন্তসতোঽসতো বা। ন জাতু গগনতৎকুসুমে নিষ্পদ্যেতে। স্বরূপাবস্থানঞ্চেদাত্মনো মুক্তির্ন সা নিষ্পদ্যেত। তস্য গগনবদত্যন্তসতঃ প্রাগসত্ত্বাভাবাৎ। ন চাস্য বন্ধাভাবো নিষ্পদ্যতে তস্য তুচ্ছস্বভাবস্য কার্য্যত্বেনাতুচ্ছত্বপ্রসঙ্গাৎ ফলত্বপ্রসিদ্ধেশ্চ মোক্ষস্যাঽকার্য্যস্য

"এই সম্প্রসাদ (উপাধিকালুষ্যরহিত আত্মা। পক্ষে সুষুপ্ত জীব) এ শরীর হইতে সম্যকরূপে উত্থিত হইয়া (এ শরীরের অভিমান ত্যাগ করিয়া। পক্ষান্তরে বিদেহ হইয়া) পরম জ্যোতিতে সম্পন্ন হন অর্থাৎ ব্রহ্মভাব প্রাপ্ত হন,

---

* স্বেনশব্দাৎ স্বেনরূপেণেতি বিশেষণাৎ অভিনিষ্পদ্যত ইত্যস্যাবির্ভাবার্থতা ন তূৎপত্ত্যর্থতা। অভিনিষ্পত্তিঃ সাক্ষাৎকারবৃত্ত্যভিপ্রায়েণ বন্ধধ্বংসজন্মন্যোপচারিকীতি বাচস্পতিমিশ্রাঃ। সম্প্রসাদ শব্দে সুষুপ্ত জীব ও মুক্ত আত্মা। কিন্তু এখানে মুক্ত আত্মা। সম্প্রসাদ অর্থাৎ মুক্তিপ্রাপ্ত আত্মা স্বীয় রূপে অভিনিষ্পন্ন হন, এই শ্রুত্যুক্ত কথার ভাবার্থে এই সংশয় হইতে পারে যে, মোক্ষ হইলে আত্মা কি কোনরূপ বিশেষধর্মবিশিষ্ট হন? কি নির্দ্ধর্মক কেবল অবস্থায় অবস্থান করেন? (কেবলনির্দ্ধর্মকতাই আত্মার স্বরূপ, বুদ্ধি উপধানে তাহা প্রচ্ছন্ন ছিল, মুক্তিতে তাহা অভিব্যক্ত হইয়াছে মাত্র। তাহাই লক্ষ্য করিয়া শ্রুতি বলিয়াছেন, স্বেন রূপেণ অভিনিষ্পদ্যতে।) সংশয়ের উচ্ছেদ ও সিদ্ধান্ত কথনার্থ বলা হইল—শ্রুতি 'স্বেন রূপেণ' বিশেষণ দেওয়ায় বুঝা যাইতেছে—আত্মা তখন সর্ব্বপ্রকার বিশেষ বিবর্জ্জিত কেবলাদ্বয় রূপেই অভিনিষ্পন্ন হন। (ভাষ্যব্যাখ্যা দেখ)।

কেনচিদ্বিশেষেণাভিনিষ্পদ্যতে। আহোস্বিদাত্মমাত্রেণেতি। কিন্তাবৎ প্রাপ্তম্। স্থানান্তরেষ্বিবাগন্তুকেন কেনচিদ্রূপেণাভিনিষ্পত্তিঃ স্যাৎ। মোক্ষস্যাপি ফলত্বপ্রসিদ্ধেঃ। অভিনিষ্পদ্যত ইতি চোৎপত্তিপর্য্যায়ত্বাৎ। স্বরূপমাত্রেণ চেদভিনিষ্পত্তিঃ পূর্ব্বাস্ববস্থাসু স্বরূপানপায়াদ্বিভাব্যেত। তস্মাদ্বিশেষেণ কেন-

ফলত্বানবরুদ্ধমাদাগন্তুনা রূপেণ কেনচিদুৎপত্তৌ স্বেনেতি প্রাপ্তমনূদ্যত ইতি প্রাপ্তেঽভিধীয়তে।

সম্ভবত্যর্থবত্ত্বে হি নানর্থক্যমুপেয়তে।
বন্ধস্য সদসত্ত্বাভ্যাং রূপমেকং বিশিষ্যতে॥

হইয়া স্বরূপে অভিনিষ্পন্ন হন *।" এই একটা শ্রুতি আছে। ইহাতে সংশয়—স্বীয় রূপে অভিনিষ্পন্ন হন, কথাটার অর্থ কি? (জন্মাদির দ্বারা আপনার কোন রূপান্তর হইলে তাহা অভিনিষ্পত্তিশব্দের অভিধেয় হইতে পারে। যেমন বলা যায়, মানুষ দেবজন্ম লাভ করিয়া দেবরূপে অভিনিষ্পন্ন হইয়াছে। কিংবা প্রকৃতিস্থ লোক বিকারযোগে অপ্রকৃতিস্থ হইয়াছিল, পরে বিকার অপনীত হওয়ায় সে যেমন ছিল তেমনিই হইয়াছে, তাদৃশ স্থলেও স্বরূপে অভিনিষ্পত্তি হইয়াছে বলা যাইতে পারে। অতএব "স্বেনরূপেণ অভিনিষ্পদ্যতে" কথার কোন এক প্রকার আগন্তুক রূপ হওয়া ও স্বাত্মরূপে অবস্থান অর্থাৎ যেমন ছিল তেমনি হওয়া, এই দ্বিবিধ অর্থ হইতে পারে। কাযেই সংশয় হয়—মোক্ষ হইলে কি হয়? মোক্ষে কি কোন প্রকার ভোগপ্রদ আগন্তুক রূপ জন্মে? কি মাত্র আত্মভাব (নির্ব্বিশেষ ব্রহ্মভাব) প্রকটিত হয়? যেমন দেবলোক ও গন্ধর্ব্বলোক প্রভৃতি স্বর্গস্থানে জন্মগ্রহণ করিলে বিশেষ বিশেষ আগন্তুক রূপ জন্মে, তেমনি, মোক্ষ হইলেও কি কোন প্রকার আগন্তুক রূপ জন্মে? কি মাত্র অনাত্মভাব ত্যাগ করিয়া আত্মভাবে অবস্থান করে?) [কিন্তাবৎ...নিষ্পদ্যত] কি পাওয়া যায়? পাওয়া যায়—স্থানান্তরে অর্থাৎ দেবাদি লোকে যেমন আগন্তুক রূপ জন্মে তেমনি মোক্ষেও কোন এক আগন্তুক রূপ জন্মে। মোক্ষও ফল, তাহারও ফলত্ব প্রসিদ্ধ আছে। (যাহা যাহা জন্মে তাহা

* অভিনিষ্পত্তি শব্দের অর্থ উৎপত্তি। অভিনিষ্পন্ন হন কিনা উৎপন্ন হন। স্বরূপে উৎপন্ন হন, এ কথা শুনিলে অবশ্যই শ্রোতার মনে "স্বরূপ ছিল না হইল," এইরূপ অর্থ আরোহণ করিবে। স্বরূপাবস্থানরূপিণী মুক্তি অভিনবরূপে জন্মগ্রহণ করে, ইহা সত্য হইলে মুক্তিকামনা বৃথা হয়। কেননা তাহা জন্মবান্ বলিয়া নশ্বর। কাযেই মুক্তিবিষয়ক বিচার আবশ্যক।

চিদভিনিষ্পদ্যত ইত্যেবং প্রাপ্তে ব্রূমঃ। কেবলেনৈবাত্মনাবির্ভবতি ন ধর্ম্মান্তরেণেতি। কুতঃ। স্বেন রূপেণাভিনিষ্পদ্যত ইতি স্বশব্দাৎ। অন্যথা হি স্বশব্দেন বিশেষণমনবকল্পং স্যাৎ। নন্বাত্মীয়াভিপ্রায়ঃ স্বশব্দো ভবিষ্যতি। ন। তস্যাবচনীয়ত্বাৎ। যেনৈব হি কেনচিদ্রূপেণাভিনিষ্পদ্যতে তস্যৈবাত্মীয়ত্বাপত্তেঃ স্বেনেতি বিশেষণমনর্থকং স্যাৎ। আত্মবচনতা-

---

অনধিগতাববোধনং হি প্রমাণং শাব্দমগত্যা কথঞ্চিদনুবাদতয়া বর্ণ্যতে। সকলসাংসারিকধর্ম্মাপেতস্তু প্রসন্নমাত্মরূপমপ্রসন্নাৎ তস্মাদেব রূপাৎ ব্যাবৃত্তমনধিগতমববোধয়ন্নানুবাদোযুজ্যতে। ন চাস্য নিষ্পত্ত্যসম্ভবঃ সত ইব ঘটাদেঃ সাম্ব্যবহারিকেণ প্রমাণেন বন্ধবিগমস্যাপি নিষ্পত্তের্লোকসিদ্ধত্বাৎ। বিচারা-

---

তাহাই ফল। মোক্ষও সাধনপ্রভাবে জন্মে; সেই কারণে মোক্ষও ফল) অপিচ, "অভিনিষ্পদ্যতে" এই কথাটী উৎপত্তিসমানার্থক। অভিনিষ্পত্তি, উৎপত্তি, জন্ম, এ সকল পর্য্যায় শব্দ, সুতরাং ঐ সকল কথার অর্থের প্রভেদ নাই। তাহাতেও বুঝা যায়, মোক্ষে স্বরূপাতিরিক্ত কোন কিছু জন্মে। যদি স্বরূপে অবস্থানই অভিনিষ্পত্তি, এরূপ হয় তাহা হইলে মুক্তির পূর্ব্বেও স্বরূপ থাকায় তখনও তাহা বিভাবিত (স্বীয়রূপে অভিনিষ্পন্ন বা লব্ধমোক্ষ বলিয়া পরিগণিত) হইতে পারে। অতএব, প্রতীত হইতেছে যে, অভিনিষ্পদ্যতে কথায় অবশ্যই কোন বিশেষ অর্থাৎ স্বরূপাতিরিক্ত ধর্ম্মের গ্রহণ হইয়াছে। "স্বেন রূপেণ অভিনিষ্পদ্যতে" অর্থাৎ আত্মা স্বসম্পর্কীয় কোন এক বিশেষরূপে উৎপন্ন হন। [ইত্যেবং প্রাপ্তে···স্যাৎ] এই পূর্ব্বপক্ষের প্রতিক্ষেপার্থ বলা যাইতেছে—যাহা কেবল আত্মভাব—জ্ঞানী তাহাতেই আবির্ভূত হন, ধর্ম্মান্তরে আবির্ভূত হন না। কারণ এই যে, শ্রুতি "স্বেনরূপেণ—আপনার যেরূপ সেই রূপে" এইরূপ কথা বলিয়াছেন। ধর্ম্মান্তরে বা রূপান্তরে আবির্ভূত হইলে "স্বেন রূপেণ" এরূপ কথা বলিতেন না। অর্থাৎ স্বশব্দের প্রয়োগ করিতেন না। করিলেও তাহা নিরর্থক হইত। [নন্বাত্মী... আহ] যদি বল শ্রুতি আত্মীয় (আত্মসম্বন্ধীয়) অর্থে স্ব-শব্দের প্রয়োগ করিয়াছেন অর্থাৎ আত্মা, আত্মীয়, ধন, জ্ঞাতি, স্ব-শব্দের এত গুলি অর্থ আছে তন্মধ্য হইতে আত্মীয় অর্থে স্বশব্দের প্রয়োগ হইয়াছে,—অন্যান্য অর্থের ব্যাবর্ত্তনার্থ "স্বেন" এই বিশেষণ দেওয়া হইয়াছে, বস্তুতঃ তাহা নহে। কারণ, তাহা বলিতে বা "স্বেন" শব্দ বিশেষণ দিতে হয় না। না বলিলেও অর্থাৎ

য়াস্ত্বর্থবৎ। কেবলেনৈবাত্মরূপেণাভিনিষ্পদ্যতে নাগন্তুকেনাপররূপেণাপীতি। কঃ পুনর্ব্বিশেষঃ পূর্ব্বাস্ববস্থাস্বিহ চ স্বরূপানপায়সাম্যে সতি ইত্যত আহ ॥ ১ ॥

মুক্তঃ প্রতিজ্ঞানাৎ ॥ ২ ॥*

যোঽত্রাভিনিষ্পদ্যত ইত্যুক্তঃ স পূর্ব্ববন্ধবিনির্মুক্তঃ শুদ্ধেনৈবাত্মনাঽবতিষ্ঠতে পূর্ব্বত্রান্ধো ভবত্যপি রোদিতীব বিনাশমেবাপীতো ভবতীতি চ অবস্থাত্রয়কলুষিতেনাত্মনা ইত্যয়ং

সহ্যতয়া ত্বসিদ্ধিরুভয়ত্রাপি তুল্যা। ন হ্যসদুৎপত্তুমর্হতীত্যসকৃদাবেদিতম্। অন্ধোভবতীতি স্বপ্নাবস্থা দর্শিতা। বাহ্যেন্দ্রিয়ব্যাপারাভাবাৎ। রোদিতীবেতি জাগ্রদবস্থা। দুঃখশোকাদ্যাত্মকত্বাৎ। বিনাশমেবাপীত ইতি সুষুপ্তিঃ। এবকারশ্চেনার্থে নাবধারণে।

জাগরিতে হ্যান্ধ্যাদিদেহধর্ম্মবান্ ভবতি স্বপ্নে তু হত ইব কেনচিৎ। অপি চ পুত্রাদিনাশাদ্রোদিতীব ভবতি। সুষুপ্তৌ তু বিশেষাজ্ঞানাদ্বিনষ্ট ইবেতি বন্ধ-

---

স্বশব্দের প্রয়োগ না করিলেও তাহা পাওয়া যায়। আত্মা যখন যে-কোনরূপে নিষ্পন্ন হউন না কেন সমস্তই তাঁহার স্বীয়। অর্থাৎ আত্মসম্বন্ধবিশিষ্ট। সুতরাং সে জন্য "স্বেন" বিশেষণ দিতে হয় না। দেওয়া নিষ্প্রয়োজন। বরং স্বশব্দের আত্মবাচিতা স্বীকার করিলে বিশেষণের স্বার্থক্য লাভ হইতে পারে। যাহা আপনার কেবল অর্থাৎ বিশুদ্ধ অনারোপিত রূপ তাহারই আবির্ভাব হয়, অন্য কিছু হয় না। নূতন বা আগন্তুক কোন ধর্ম্মের উৎপত্তি হয় না। আশঙ্কা হইতে পারে যে, মোক্ষে যদি নূতন কিছু না হয়, তবে পূর্ব্বাবস্থার সহিত মোক্ষাবস্থার প্রভেদ কি? সূত্রকার ইহার প্রত্যুত্তর দানার্থ বলিতেছেন—

যিনি অভিনিষ্পন্ন হন তিনি ইদানীং বিমুক্ত। পূর্ব্বে বদ্ধ ছিলেন, এখন বিমুক্ত। পূর্ব্বের বন্ধন বিগলিত হইয়াছে, এখন নিতান্ত শুদ্ধ। অজ্ঞতা বশতঃ পূর্ব্বে অন্ধতা প্রভৃতি দেহধর্ম্মের ধর্ম্মী হইয়াছিলেন, পুত্রকলত্রাদির বিনাশে রোদন করিতেন, যেন অন্য কর্ত্তৃক হত হইতেন, এখন

---

* য অভিনিষ্পদ্যতে স মুক্তঃ বিগলিতবন্ধনঃ নির্দ্দুঃখ ইতি যাবৎ। এতচ্চ প্রতিজ্ঞানাৎ বিজ্ঞায়তে। প্রাক্ বন্ধদশায়াং কলুষিতাত্মনাসীৎ ইদানীং বিগলিতাখিলদুঃখঃ পরিতঃ প্রসৃতস্বানুপূর্ণানন্দাত্মনাবতিষ্ঠত ইতি বন্ধমোক্ষয়োর্ভেদঃ।—যিনি স্বরূপে অভিনিষ্পন্ন হন তিনি মুক্ত অর্থাৎ বিগলিতসংসারবন্ধন বা দুঃখশোকাদিপরিহীন। ইহা শ্রুতির প্রতিজ্ঞাবাক্যে অবধারিত হয়।

বিশেষঃ। কথং পুনরবগম্যতে মুক্তোঽয়মিদানীং ভবতীতি। প্রতিজ্ঞানাদিত্যাহ। তথাহি, 'এতস্ত্বেব তে ভূয়োঽনুব্যাখ্যাস্যামি' ইত্যবস্থাত্রয়দোষবিহীনমাত্মানং ব্যাখ্যেয়ত্বেন প্রতিজ্ঞায় 'অশরীরং বাব সন্তং ন প্রিয়াপ্রিয়ে স্পৃশতঃ' ইতি চোপন্যস্য 'স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে স উত্তমঃ পুরুষঃ' ইতি

দশায়াং কলুষিতাত্মনা তিষ্ঠতি, মোক্ষে তু বিগলিতাখিলদুঃখঃ পরিতঃ প্রদ্যোতমানপূর্ণানন্দাত্মনাবতিষ্ঠত ইতি মহান্ বিশেষ ইত্যর্থঃ। কার্য্যগোচরমিতি কার্য্যপ্রাপ্তমিত্যর্থঃ। ইতি রত্নপ্রভা।

আর তাঁহার সে সকল নাই। পূর্ব্বে জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি এই তিন অবস্থা প্রাপ্তে কালুষ্য কবলিত ছিলেন, এখন তিনি প্রোক্ত তিন অবস্থা হইতে নির্ম্মুক্ত হইয়াছেন, হইয়া শুদ্ধ কেবল নির্দুঃখ ও পূর্ণানন্দস্বভাবে বিরাজ করিতেছেন। ইহাই বিশেষ—বদ্ধাবস্থা হইতে মুক্তাবস্থার প্রভেদ *। [কথং... জ্ঞানম্] তিনি এখন মুক্ত হইয়াছেন অর্থাৎ অবস্থাত্রয় হইতে পরিত্রাণ পাইয়াছেন ইহা কিসে জানিলাম তাহা বলিতেছি। শ্রৌত প্রতিজ্ঞাই ঐ অববোধের মূল। শ্রুতির প্রতিজ্ঞা পর্য্যালোচন করিলে ঐ অর্থই প্রতীত হয়। যথা—শ্রুতি প্রথমতঃ "তোমাকে পুনর্ব্বার ইহাঁর কথা বলিতেছি।" এই বলিয়া অবস্থা ত্রয় বিনির্ম্মুক্ত আত্মার কথা বলিয়াছেন। শ্রুতির বক্তব্য কি? বক্তব্য—অবস্থাত্রয়বিনির্ম্মুক্ত আত্মা বলা অর্থাৎ বুঝাইয়া দেওয়া। সুতরাং তাহাই তাঁহার প্রতিজ্ঞা। ঐরূপ প্রতিজ্ঞা করিয়া পরে বলিয়াছেন "শরীর ও শরীরধর্ম্মবর্জ্জিত হইলে তখন আর তাঁহাকে প্রিয় অপ্রিয় (সুখ দুঃখ) স্পর্শ করে না।" অনন্তর তিনি (শ্রুতি) এই বলিয়া প্রকরণ সমাপ্ত করিয়াছেন—"স্বরূপে অভিনিষ্পন্ন হন, সে-ই উত্তম পুরুষ।" এতৎ প্রসঙ্গে যে আখ্যায়িকা অভিহিত হইয়াছে তাহার প্রারম্ভেও মুক্তাত্মা বুঝাইবার

---

* বাহ্য সংসারাবস্থা তাহাই বদ্ধাবস্থা। জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি এ তিনটী সংসারাবস্থার ধর্ম্ম। ঐ ধর্ম্ম ত্যাগ হইলে চতুর্থ, তুরীয় ও মুক্ত হয়। শ্রবণ মননাদির দ্বারা আত্মযাথার্থ্য প্রতিভাত হইলে তুরীয় বা মুক্তাবস্থা আইসে। তখন আর জাগ্রতের, স্বপ্নের ও সুষুপ্তির কালুষ্য তাহাকে স্পর্শ করে না। জাগ্রতে দেহের আদ্ধ্য ও বাধির্য্য প্রভৃতি ধর্ম্ম আপনাতে অঙ্গীকার করিয়া, মানিয়া লইয়া, দুঃখী হইতেন। শোকে অস্থির হইয়া রোদন করিতেন এবং স্বপ্নেও মৃতকল্প ও সুষুপ্তিতে বিনষ্টপ্রায় হইতেন। সে সকল দোষ এখন উন্মার্জ্জিত হইয়াছে, এখন তিনি নিতান্ত নির্ম্মল নির্দুঃখ সর্ব্বব্যাপী ও পরিপূর্ণানন্দ।

চোপসংহরতি। তথাখ্যায়িকোপক্রমেঽপি 'য আত্মাঽপহত-পাপ্মা' ইত্যাদি মুক্তাত্মবিষয়মেব প্রতিজ্ঞানম্। ফলত্বসিদ্ধিরপি মোক্ষস্য বন্ধননিবৃত্তিমাত্রাপেক্ষা নাপূর্ব্বোপজনাপেক্ষা। যদপ্যভিনিষ্পদ্যত ইত্যুৎপত্তিপর্য্যায়ত্বং তদপি পূর্ব্বাবস্থাপেক্ষম্। যথা রোগনিবৃত্তাবরোগোঽভিনিষ্পদ্যত ইতি তদ্বৎ। তস্মাদদোষঃ ॥ ২ ॥

আত্মা প্রকরণাৎ ॥ ৩

কথং পুনর্মুক্ত ইত্যুচ্যতে 'যাবতা পরং জ্যোতিরুপসম্পদ্য' ইতি কার্য্যগোচরমেবৈনং শ্রাবয়তি। জ্যোতিঃশব্দস্য

নন্বু জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যত ইতি পৌর্ব্বাপর্য্যশ্রবণাৎ স্বরূপনিষ্পত্তেরন্যা জ্যোতিরুপসম্পত্তিস্তথা চ ভৌতিকত্বেঽপি ন মোক্ষব্যা-

---

প্রতিজ্ঞা দেখা যায়। যথা—"যাহা আত্মা তাহা পাপতাপাদিপরিশূন্য—" ইত্যাদি। [ফলত্ব...দোষঃ] মোক্ষও ফল অর্থাৎ শমদমাদি সাধনানন্তর জন্মে বা হয়, এ কথা বা এ রহস্য মাত্র বন্ধননিবৃত্তিসাপেক্ষ। অর্থাৎ বন্ধন নিবৃত্তি হইলেই স্বরূপভূত মোক্ষ সিদ্ধ হইয়াছে বা জন্মিয়াছে বলিয়া গণ্য হয়। ছিল না হইল, মোক্ষে এমন কোন ধর্ম্ম প্রসাধিত হয় না। অর্থাৎ জন্মে না। অভিনিষ্পদ্যতে—অভিনিষ্পন্ন হয়, এ কথা যদিও উৎপত্তিবাচী, উৎপত্তির নামান্তর, তথাপি, রোগনিবৃত্তি হইলে অরোগ নিষ্পন্ন হয়, এ কথা যদ্রূপ, বন্ধননিবৃত্তি হইলে স্বরূপ নিষ্পন্ন হয়, এ কথাও তদ্রূপ জানিবে। অর্থাৎ ঐ অভিনিষ্পত্তিশব্দ উপচারক্রমে প্রয়োজিত হইয়াছে, ইহা অবধারণ করিবে। অতএব, সিদ্ধ বা স্বরূপভূত মোক্ষে উৎপত্তিবাচী শব্দের প্রয়োগ কোনও প্রকারে দোষাবহ নহে।

যে স্বীয় রূপে অভিনিষ্পন্ন হয় সে মুক্ত, এ কথা বলিতে পার না। বলিলে, সঙ্গত হয় কৈ? শ্রুতি বলিয়াছেন, জ্যোতিঃ সম্পন্ন হয়, হইয়া

---

* জ্যোতিরুপসম্পদ্য ইত্যত্র জ্যোতিঃশব্দেনাত্মা বেদ্যতে ন ভৌতিকং তেজোভূতম্। হেতুমাহ—প্রকরণাদিতি। পরমাত্মপ্রকরণোক্তেঃ জ্যোতিঃশব্দঃ পরমাত্মপর এব ন তদন্যপর ইত্যভিপ্রায়ঃ।—পরং জ্যোতিরুপসম্পদ্য—পরম জ্যোতিঃসম্পন্ন হইয়া—এ স্থলে জ্যোতিঃশব্দ তেজোভূত অর্থে প্রয়োজিত হয় নাই, পরমাত্মা অর্থেই প্রয়োজিত হইয়াছে। কারণ, ঐ কথা পরমাত্মার প্রস্তাবে অভিহিত।

ভৌতিকজ্যোতিষি রূঢ়ত্বাৎ। ন চানতিবৃত্তো বিকারবিষয়াৎ কশ্চিদ্বিমুক্তো ভবিতুমর্হতি বিকারস্যার্ত্তত্বপ্রসিদ্ধেরিতি। নৈষ দোষঃ। যত আত্মৈবাত্র জ্যোতিঃশব্দেনাবেদ্যতে প্রকরণাৎ। 'য আত্মাঽপহতপাপ্মা বিরজো বিমৃত্যুঃ' ইতি প্রকৃতে পরস্মিন্নাত্মনি নাকস্মাৎ ভৌতিকং জ্যোতিঃ শক্যং গ্রহীতুম্। প্রকৃতহান্যপ্রকৃতপ্রক্রিয়াপ্রসঙ্গাৎ। জ্যোতিঃশব্দস্ত্বাত্মন্যপি দৃশ্যতে

ঘাতঃ। ভবেদেতদেবং যদি জ্যোতিরুপসম্পদ্য তৎ পরিত্যজেদিতি শ্রূয়েত। তদধ্যাহারেঽপি তৎপ্রতিপাদনবৈয়র্থ্যং তদপরিত্যাগে চ জ্যোতিষৈব তেন রূপেণেতি গম্যতে। তস্য চ ভূতত্বে বিকারত্বাৎ মরণধর্ম্মকত্বপ্রসিদ্ধেরমুক্তিত্বমিতি প্রাপ্তে প্রত্যুচ্যতে।

জ্যোতিষ্পদস্য মুখ্যত্বং ভৌতিকে যদ্যপি স্থিতম্।
তথাপি প্রক্রমাদ্বাক্যাদাত্মন্যেবাঽত্র যুজ্যতে॥

পরং জ্যোতিরিতি হি পরপদসমভিব্যাহারাৎ পরত্বস্য চানপেক্ষস্য ব্রহ্মণ্যেব প্রবৃত্তের্জ্যোতিষি চাপরে কিঞ্চিদপেক্ষ্য পরত্বাৎ পরং জ্যোতিরিতি বাক্যাদাত্মৈবাত্র গম্যতে। প্রকরণঞ্চোক্তম্। যৎ সম্পদ্য নিষ্পদ্যত ইতি তন্মুখং ব্যাদায় স্বপিতীতিবৎ। তস্মাৎ জ্যোতিরুপসম্পন্নো মুক্ত ইতি সূক্তম্।

স্বীয় রূপে অভিনিষ্পন্ন হয়। জ্যোতিঃ বলিলে ভৌতিক জ্যোতিঃই (পঞ্চভূতের অন্তর্গত তেজোভূত) বুঝায়, তৎপ্রাপ্তে মুক্তিসম্ভাবনা কি? বিকার অর্থাৎ জন্য পদার্থের অধিকার অতিক্রম করিতে না পারিলে মুক্ত হওয়া যায় না। বিকার যে অস্থায়ী, নশ্বর, তাহা সর্ব্ববিদিত। সেই জন্য বিকার প্রাপ্তে অমুক্ত—মুক্ত নহে। [নৈষ দোষঃ...ইত্যত্র] সত্য বটে; পরন্তু "জ্যোতিরুপসম্পদ্য" কথায় ঐ দোষ হয় না। কারণ এই যে, উক্ত স্থলে জ্যোতিঃ শব্দে ভৌতিক জ্যোতিঃ বুঝায় না; কিন্তু আত্মা বুঝায়। আত্মা বুঝাইবার কারণ—উহা আত্মপ্রকরণে অভিহিত। শ্রুতি "যে আত্মা নিষ্পাপ, নিষ্কলঙ্ক ও অমর—" এবংক্রমে পরমাত্মার প্রস্তাব করিয়া তদ্বোধার্থ জ্যোতিঃশব্দ বলিয়াছেন সে জ্যোতিঃশব্দে আত্মা ব্যতীত অন্য অর্থের (তেজোভূতের) গ্রহণ করিতে পার না। করিলে প্রস্তাব হানি ও অপ্রস্তাবিত কথার আগমন এই দুই দোষ হইবে। শ্রুত্যন্তরেও আত্মায় জ্যোতিঃশব্দের প্রয়োগ আছে। যথা—"দেবতারা সেই জ্যোতির জ্যোতিঃ

'তদ্দেবা জ্যোতিষাং জ্যোতিঃ' ইতি। প্রপঞ্চিতঞ্চৈতৎ জ্যোতির্দ্দর্শনাৎ (ব্র০ সূ০) ইত্যত্র ॥ ৩ ॥

অবিভাগেন দৃষ্টত্বাৎ ॥ ৪ ॥*

পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে যঃ স কিং পরস্মাদাত্মনঃ পৃথগেব ভবত্যুতাহবিভাগেনৈবাবতিষ্ঠত ইতি বীক্ষায়াং 'স তত্র পর্য্যেতি' ইত্যধিকরণাধিকর্ত্তব্যনির্দ্দেশাৎ 'জ্যোতিরুপসম্পদ্য' ইতি চ কর্ত্তৃকর্ম্মনির্দ্দেশাদ্ভেদেনৈবাবস্থানমিতি যস্য মতিস্তং ব্যুৎপাদয়তি। অবিভক্ত এব পরেণাত্মনা মুক্তোহবতিষ্ঠতে। কুতঃ। দৃষ্টত্বাৎ। তথা হি 'তত্ত্বমসি' 'অহং ব্রহ্মাস্মি' 'যত্র নান্যৎ পশ্যতি' 'ন তু তদ্দ্বিতীয়মস্তি'

যদ্যপি জীবাত্মা ব্রহ্মণো ন ভিন্ন ইতি তত্র তত্রোপপাদিতং তথাপি স তত্র

উপাসনা করেন।" এ কথা "জ্যোতির্দ্দর্শনাৎ" সূত্রে বিস্তৃতরূপে বলা হইয়াছে।

স্বরূপনিষ্পন্ন অর্থাৎ মুক্তাত্মা কি পরমাত্মা হইতে পৃথক্ অবস্থান করেন? কি অবিভক্ত (একীভূত) হন? বিচার করিতে গেলে প্রথমতঃ পাওয়া যায়, পৃথক্ অবস্থান করেন। কারণ, "তিনি তাঁহাতে পরিক্রম করেন" এই শ্রুতি মুক্ত পুরুষকে আধেয় ও পরমাত্মাকে আধার বলিয়া বর্ণন করিয়াছেন। আধার ও আধেয় এক নহে, কিন্তু ভিন্ন। "জ্যোতিরুপসম্পদ্য—জ্যোতিঃসম্পন্ন হইয়া" এ শ্রুতিও মুক্ত পুরুষকে কর্ত্তা ও জ্যোতির্নামক পরমাত্মাকে কর্ম্ম (সম্পন্ন হওয়া ক্রিয়ার কর্ম্ম) বলিয়াছেন। কর্ত্তা ও কর্ম্ম এক নহে; কিন্তু ভিন্ন। কদাচিৎ কাহার ঐরূপ সংশয় হইতে পারে; সে জন্য অর্থাৎ তাহাদের সংশয়ছেদ করিবার জন্য সূত্রকার ব্যাস বলিতেছেন—মুক্ত পুরুষ পৃথক্ অবস্থান করেন না, পরমাত্মায় অবিভক্ত (একীভূত) হন। এতৎসিদ্ধান্তের সাধক হেতু—দর্শন অর্থাৎ শ্রৌত বিজ্ঞান। শ্রুতি দেখাইয়াছেন—মুক্ত পুরুষ অবিভক্ত অর্থাৎ একাদ্বয় হন। [তথাহি...

---

* অবিভক্ত এব পরমাত্মনা ব্যবতিষ্ঠতে মুক্তঃ। দর্শয়ন্তি হি শ্রুতিবাক্যানি মুক্তস্য তথাত্বেনাবস্থানম্।—মুক্ত হইলে আত্মা পরমাত্মার একীভূত হয়। তত্ত্বমস্যাদি শ্রুতি তাহার প্রমাণ। (পরমাত্মাই উপাধিসম্পর্কে বিভক্তের ন্যায় হইয়াছিলেন, সম্প্রতি উপাধিবিগমে যে-পরমাত্মা সেই পরমাত্মাই হইলেন)।

'ততোঽন্যদ্বিভক্তং যৎ পশ্যেৎ' ইত্যেবমাদীনি বাক্যান্যবিভাগেনৈব পরমাত্মানং দর্শয়ন্তি। যথাদর্শনমেব চ ফলং যুক্তং তৎক্রতুন্যায়াৎ। 'যথোদকং শুদ্ধে শুদ্ধমাসিক্তং তাদৃগেব ভবতি' 'এবং মুনের্ব্বিজানতঃ' 'আত্মা ভবতি গৌতম' ইতি চৈবমাদীনি মুক্তস্বরূপনিরূপণপরাণি বাক্যান্যবিভাগমেব দর্শয়ন্তি নদীসমুদ্রাদিনিদর্শনানি চ। ভেদনির্দ্দেশস্ত্বভেদেঽপ্যুপচর্য্যতে। 'স ভগবঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ' ইতি 'স্বে মহিম্নি' ইতি 'আত্মরতিরাত্মক্রীড়ঃ' ইতি চৈবমাদিদর্শনাৎ॥ ৪॥

পর্য্যেতীত্যাধারাধেয়ভাবব্যপদেশস্য সম্পত্তৃসম্পত্তব্যভাবব্যপদেশস্য চ সমাধানার্থমাহ।

দর্শনানি চ] "তৎ ত্বং অসি—সেই ব্রহ্ম তুমি" "অহং ব্রহ্ম অস্মি—আমি ব্রহ্ম" "যাঁহাতে অন্য দর্শন নাই" "তিনি সদ্বিতীয় নহেন" "যে-কিছু বিভক্ত—ভিন্ন ভিন্ন—সমস্তই ব্রহ্মভিন্ন। (যাহা ব্রহ্মভিন্ন তাহা মিথ্যা বা কল্পিত)।" এই সকল শ্রুতিবাক্য ব্রহ্মের অভিভক্ততা (একাকারতা) দেখাইয়াছেন। ভাবনানুরূপ ফল হওয়া তৎক্রতুন্যায়সিদ্ধ। (যে যেরূপ ভাবে, ধ্যান করে বা উপাসনা করে, সে সেইরূপ হয়, ইহাই তৎক্রতু ন্যায়ের লক্ষণ। তৎক্রতুন্যায়ের বিস্তৃত আকার পূর্ব্বে বর্ণিত হইয়াছে।) "যেমন নির্ম্মল জল নির্ম্মল জলে মিশাইলে এক হইয়া যায় মননশীল জ্ঞানীর আত্মাও সেইরূপ শুদ্ধ ব্রহ্মে অভিভক্ত হইয়া যায়।" এই মুক্তাত্মনিরূপক বাক্য ও এতদনুরূপ অন্যান্য বাক্য মুক্তাত্মার সহিত পরমাত্মার অবিভাগ দেখাইয়াছেন এবং তাহারই অনুকূলে নদীসমুদ্রাদির দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছেন। (নদীর জল সমুদ্রে পড়িলে সমুদ্রতাই প্রাপ্ত হয়)। [ভেদ...দর্শনাৎ] কোন কোন শ্রুতিতে ভেদ নির্দ্দেশ (মুক্তাত্মা ও পরমাত্মা অভিন্ন নহে, কিন্তু ভিন্ন, এই ভাবের কথা) আছে বটে; কিন্তু সে নির্দ্দেশ ঔপচারিক। উপচার ব্যতীত অভেদে ভেদনির্দ্দেশ হয় না। "হে ভগবন্! তিনি কিসে প্রতিষ্ঠিত?" এই প্রশ্নের প্রত্যুত্তরে শ্রুতি বলিয়াছেন "আপন মহিমায়"। "তিনি আত্মরতি আত্মকাম আত্মক্রীড়—" ইত্যাদি শ্রুতিতেও দেখা যায়, আত্মাদ্বৈত পক্ষই বেদের অভিপ্রেত।

ব্রাহ্মেণ জৈমিনিরুপন্যাসাদিভ্যঃ ॥ ৫ ॥*

স্থিতমেতৎ 'স্বেন রূপেণ', ইত্যত্রাত্মমাত্রস্বরূপেণাভিনিষ্পদ্যতে নাগন্তুকেনাপররূপেণেতি। অধুনা তু তদ্বিশেষবুভুৎসায়ামভিধীয়তে। স্বমস্য রূপং ব্রাহ্মমপহতপাপ্মত্বাদি সত্যসঙ্কল্পত্বাবসানং তথা সর্ব্বজ্ঞত্বং সর্ব্বেশ্বরত্বঞ্চ তেন স্বেন রূপেণাভিনিষ্পদ্যত ইতি জৈমিনিরাচার্য্যো মন্যতে। কুতঃ। উপন্যাসাদিভ্যস্তথাত্বাবগমাৎ। তথা হি 'এষ আত্মাপহতপাপ্মা' ইত্যাদিনা 'সত্যকামঃ সত্যসঙ্কল্পঃ' ইত্যেবমন্তেনোপ-

---

উপন্যাস উদ্দেশো জ্ঞাতস্য যথা য আত্মাঽপহতপাপ্মেত্যাদিঃ। তথাঽজ্ঞাতজ্ঞাপনং বিধিঃ। যথা স তত্র পর্য্যেতি জক্ষন্ বমমাণ ইতি। তস্য সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতীত্যেতদজ্ঞাতজ্ঞাপনং বিধিঃ। সর্ব্বজ্ঞঃ সর্ব্বেশ্বর ইতি ব্যপদেশঃ। নায়মুদ্দেশো বিধেয়ান্তরাভাবাৎ। নাপি বিধিরপ্রতিপাদ্যত্বাৎ। সিদ্ধবদব্যপদেশাৎ তন্নির্ব্বচনসামর্থ্যাদয়মর্থঃ প্রতীয়তে ত এতে উপন্যাসাদয়ঃ। এতেভ্যোহেতুভ্যঃ।

সিদ্ধান্ত হইল যে, মোক্ষে আত্মা মাত্র আত্মরূপে অভিনিষ্পন্ন হন্, অপর কোন আগন্তুক রূপ বা ধর্ম্ম তাঁহাতে থাকে না বা হয় না। এই স্থানে অবশ্যই তত্ত্ববুভুৎসুর তদ্বিষয়ক বিশেষ ভাব অর্থাৎ সেই আত্মরূপ কিম্বিধ তাহা জানিবার ইচ্ছা হইতে পারে। ব্যাস তদর্থ সূত্র রচনা করিয়া বলিতেছেন—এ সম্বন্ধে জৈমিনি বলেন, মুক্তের স্বরূপ ব্রহ্ম, তাহা নিষ্পাপাদি ও সত্যসংকল্পান্ত বিশেষণে অন্বিত। অপিচ, তাহা সর্ব্বজ্ঞ ও সর্ব্বেশ্বর প্রভৃতি নামের উপযোগী। শ্রৌত উপন্যাস (যাহা আত্মা তাহা নিষ্পাপ, ইত্যাদিবিধ বর্ণনা) ও উদ্দেশ (তিনিই অন্বেষণীয় ইত্যাদি বিধ উল্লেখ) পর্য্যালোচনা করিলে তাঁহাই অবগত হওয়া যায়। [তথাহি···ভবিষ্যন্তীতি] যথা— "এই আত্মা নিষ্পাপ—" এই স্থান হইতে আরম্ভ করিয়া "সত্যকাম ও সত্যসংকল্প" এতদন্ত বাক্যসন্দর্ভ (শব্দবিন্যাসপরিপাটী) মুক্তাত্মার তদা-

---

* মুক্তো ব্রাহ্মেণ রূপেণাভিনিষ্পদ্যত ইতি জৈমিনির্ম্মেনে। তত্র হেতুরুপন্যাসাদিঃ। বিধ্যর্থ উদ্দেশ উপন্যাসঃ এষ আত্মেত্যাদিঃ। আদিশব্দাৎ বিধিব্যপদেশো গৃহ্যতে। স চ সর্ব্বজ্ঞ ইত্যাদিঃ।—জৈমিনি মুনি বলেন, শ্রুতির উপন্যাস (শব্দবিন্যাস) অর্থাৎ বিধানার্থ ধর্ম্ম বিশেষের উদ্দেশ (উল্লেখ) ও বিধিসদৃশ বাক্যপরিপাটী অনুসারে স্থির হয় যে মুক্ত পুরুষ ব্রাহ্মরূপে অভিনিষ্পন্ন হন। ব্রাহ্ম=ব্রহ্মসম্বন্ধীয়। তাহা নিষ্পাপ ও সর্ব্বজ্ঞ প্রভৃতি।

ন্যাসেনৈবমাত্মকতামাত্মনো বোধয়তি। তথা 'স তত্র পর্য্যেতি জক্ষন্ ক্রীড়ন্ রমমাণঃ' ইত্যৈশ্বর্য্যরূপমাবেদয়তি। 'তস্য সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি' ইতি চ। 'সর্ব্বজ্ঞঃ সর্ব্বেশ্বরঃ' ইত্যাদিব্যপদেশাশ্চৈবমুপপন্না ভবিষ্যন্তীতি ॥ ৫ ॥

চিতি তন্মাত্রেণ তদাত্মকত্বাদিত্যৌড়ুলোমিঃ ॥ ৬ ॥*

যদ্যপ্যপহতপাপ্মত্বাদয়ো ভেদেনৈব ধর্ম্মা নির্দ্দিশ্যন্তে

ভাবাভাবাত্মকৈ রূপৈর্ভাবিকৈঃ পরমেশ্বরঃ।
মুক্তঃ সম্পদ্যতে স্বৈরিত্যাহ স্ম কিল জৈমিনিঃ ॥

ন চ চিৎস্বভাবস্যাত্মনোঽভাবাত্মানোঽপহতপাপ্মত্বাদয়ো ভাবাত্মানশ্চ সর্ব্বজ্ঞত্বাদয়ো ধর্ম্মা অদ্বৈতং ঘ্নন্তি। নো খলু ধর্ম্মিণো ধর্ম্মা ভিদ্যন্তে। মা ভূদগবাশ্ববদ্ধর্ম্মিধর্ম্মভাবাভাব ইতি জৈমিনিরাচার্য্য উবাচ।

অনেকাকারতৈকস্য নৈকত্বান্নৈকতা ভবেৎ।
পরস্পরবিরোধেন ন ভেদাভেদসম্ভবঃ ॥

ন হ্যেকস্যাত্মনঃ পারমার্থিকানেকধর্ম্মসম্ভবঃ। ন চেদাত্মনোভিদ্যন্তে দ্বৈতাপত্তেরদ্বৈতশ্রুতয়োব্যাবর্ত্তেরন্। অথ ন ভিদ্যন্তে তত একস্মাদাত্মনোঽভেদান্মিথোঽপি ন ভিদ্যেরন্। আত্মরূপবৎ। আত্মরূপং বা ভিদ্যেত। ভিন্নেভ্যোঽনন্যত্বান্নীলপীতরূপবৎ। ন চ ধর্ম্মণ্যাত্মনো ন ভিদ্যন্তে মিথস্তু ভিদ্যন্ত ইতি সাম্প্রতম্। ধর্ম্ম্যভেদেন তদনন্যত্বেন তেষামপ্যভেদপ্রসঙ্গাৎ।

আত্মকতা বুঝাইয়া দিতেছে। অপিচ "তিনি সেই কালে পরিক্রম করেন বা তাদৃক্ ভাব প্রাপ্ত হন ও ক্রীড়া করেন, ভোগ করেন, রমমাণ থাকেন" ইত্যাদি শ্রুতি মুক্তাত্মার ঐশ্বর্য্য আবেদন করিতেছে। ঐশ্বর্য্যযোগ থাকাতে "সমুদায় লোক তাঁহার ইচ্ছাচর" "তিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্বেশ্বর" ইত্যাদি উল্লেখ সঙ্গত হইতে পারে।

যদিও ব্রহ্মে নিষ্পাপত্ব প্রভৃতি ধর্ম্ম অতিরিক্তভাবে নির্দ্দিষ্ট হইয়াছে

---

* চিতিশ্চৈতন্যং তদেবাত্মনঃ স্বং রূপং ততশ্চ তন্মাত্রেণ চৈতন্যমাত্রেণাভিনিষ্পদ্যতে মুক্ত ইত্যৌড়ুলোমিরাহ।—ঔড়ুলোমি মুনি বলেন, কেবল চৈতন্যই আত্মার স্বরূপ। আত্মা যখন কেবল চৈতন্যাত্মক, তখন বুঝা উচিত যে, মুক্তিতে আত্মা চৈতন্যমাত্রে অভিনিষ্পন্ন হন। সত্যসংকল্পত্ব সর্ব্বজ্ঞত্ব ও সর্ব্বেশ্বরত্ব এ সকল ধর্ম্ম থাকে না। (ভাষ্য দেখ)।

তথাপি শব্দবিকল্পজা এবৈতে। পাপ্মাদিনিবৃত্তিমাত্রং হি তত্র গম্যতে। চৈতন্যমেব ত্বস্যাত্মনঃ স্বরূপমিতি তন্মাত্রেণ স্বরূপেণাভিনিষ্পত্তির্যুক্তা। তথা চ শ্রুতিঃ 'এবং বা অরেঽয়মাত্মাঽনন্তরোঽবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘনঃ' ইত্যেবঞ্জাতীয়কাঽনুগৃহীতা ভবিষ্যতি। সত্যকামত্বাদয়স্তু যদ্যপি বস্তুস্বরূপেণৈব ধর্ম্মা উচ্যন্তে সত্যাঃ কামা অস্যেতি তথাপ্যুপাধিসম্বন্ধাধীনত্বাৎ তেষাং ন চৈতন্যবৎ স্বরূপত্বসম্ভবঃ। অনেকাকারত্বপ্রতিষেধাৎ। প্রতিষিদ্ধং হি ব্রহ্মণোঽনেকাকারত্বং 'ন স্থানতোঽপি পরস্যোভয়লিঙ্গম্' [ব্র০ সূ০] ইত্যত্র। অত এব চ জক্ষণাদিসঙ্কীর্ত্তনমপি দুঃখাভাবমাত্রাভিপ্রায়ং স্তুত্যর্থমাত্ম-

---

ভেদে বা ধর্ম্মিণোঽপি ভেদপ্রসঙ্গাদিত্যুক্তম্। ভেদাভেদৌ চ পরস্পরবিরোধাদেকত্রাভাবং ন সম্ভবত ইত্যুপপাদিতং প্রথমে সূত্রে। অভাবরূপাণামদ্বৈতাবিহন্তৃত্বেঽপি তস্য পাপ্মাদেঃ কাল্পনিকতয়া তদধীননিরূপণানাং তেষামপি কাল্পনিকত্বমিতি ন তাত্ত্বিকী তদ্ধর্ম্মতা শ্লিষ্যতে। এতেন সত্যকামসর্ব্বজ্ঞসর্ব্বেশ্বরত্বাদয়োপ্যোপাধিকা ব্যাখ্যাতাঃ। তস্মাৎ নিরস্তাশেষপ্রপঞ্চেনাব্যপদেশেন চৈতন্যমাত্রাত্মনাভিনিষ্পদ্যমানস্য মুক্তাবাত্মনোঽর্থশূন্যৈরেবাপহতপাপ্মসত্যকামাদিশব্দৈর্ব্ব্যপদেশ ইত্যৌডুলোমির্ম্মেনে। তদিদমুক্তং "শব্দবিকল্পজা এবৈতে" অপহতপাপ্মত্বাদয়ো ন তু সাংব্যবহারিকা অপীতি।

হইলেও সে সকল বা সে সকল কথার অর্থ শব্দবিকল্পপ্রভব * অর্থাৎ অত্যন্ত মিথ্যা। বস্তুতঃ তাঁহাতে পাপাদি নাই, এই মাত্র সে সকলের অভিধেয়। চৈতন্যই আত্মার স্বরূপ; সুতরাং তিনি মোক্ষকালে তন্মাত্রে অভিনিষ্পন্ন হন। অর্থাৎ তাঁহাতে চৈতন্যাতিরিক্ত ভাবের সম্পর্ক বা লেশ থাকে না। ইহাই তথ্য ও যুক্তিযুক্ত। ঐরূপ হইলেই "এই আত্মা অন্তর্ব্বাহ্যবর্জ্জিত অর্থাৎ একরস, পূর্ণ ও চৈতন্যঘন" ইত্যাদি শ্রুতি সানুকূল হয়। [সত্যকাম...বৎ] অপিচ, সত্যকামত্বাদি ধর্ম্ম ব্রহ্মের স্বরূপ সন্নিবিষ্টের

---

* শব্দবিকল্প=শব্দজ্ঞানজন্য বা শব্দব্যবহারমূলক মিথ্যাপ্রত্যয়। যেমন রাহুর মস্তক। মস্তকই রাহু, কিন্তু 'রাহুর' এই শব্দ কর্ণপ্রবিষ্ট হইবামাত্র প্রতীতি হয়, রাহু পৃথক্। ঐ প্রতীতি মিথ্যা অথচ ঐরূপ বলার প্রথা আছে। মুক্ত ঐশ্বর্য্যপ্রাপ্ত হয় এ কথাও ঐরূপ জানিবে।

রতিরিত্যাদিবৎ। ন হি মুখ্যান্যেব রতিক্রীড়ামিথুনান্যাত্মনি-মিত্তানি শক্যন্তে বর্ণয়িতুম্। দ্বিতীয়বিষয়ত্বাৎ তেষাম্। তস্মাৎ নিরস্তাশেষপ্রপঞ্চেন প্রসন্নেনাব্যপদেশ্যেন বোধাত্মনাঽভি-নিষ্পদ্যত ইত্যৌড়ুলোমিরাচার্য্যো মন্যতে ॥ ৬ ॥

এবমপ্যুপন্যাসাৎ পূর্ব্বভাবাদবিরোধং বাদরায়ণঃ ॥৭ ॥*

ন্যায় অভিহিত হইয়াছে সত্য; (সত্যাঃ কামা অস্য—যাঁহার ইচ্ছা সকল সত্য) পরন্তু তাহা উপাধি সম্পর্কের অধীন। যেহেতু সত্যকামত্বাদি ধর্ম্ম উপাধিসম্বন্ধের অধীন, সেই হেতু সে সকল স্বরূপের অন্তর্গত নহে। মাত্র চৈতন্যই স্বরূপ, আর সকল উপাধিসংসর্গে অধ্যস্ত। কারণ, শাস্ত্রে প্রতিপাদিত হইয়াছে যে আত্মস্বরূপ অনেক নহে। আত্মা যে অনেক-রূপী নহে তাহা "ন স্থানতোঽপি—" সূত্রে প্রতিপাদিত হইয়াছে। অত-এব, বুঝিতে হইতেছে যে, তিনি ক্রীড়া করেন, রমমাণ থাকেন, এ সকল কথা কেবল দুঃখাভাব ও স্তুতি এই দুই বলিবার উদ্দেশেই অভিহিত হইয়াছে। [ন হি…মন্যতে] মুখ্য বা প্রকৃত ক্রীড়া—যাহা পদার্থান্তর সাপেক্ষ—বস্তুতঃ আত্মার তাহা নাই। যাহা নাই তাহা আছে বলিয়া বর্ণনা করিতে পার না। তৎকালে যদি কোনরূপ ভেদভাব কি অন্য কোন পদার্থ বিদ্যমান থাকে তবেই তন্নিমিত্ত ক্রীড়া প্রভৃতি অবধারণ করিতে পার, নচেৎ পার না। অতএব, মোক্ষে নিঃশেষরূপ নিরস্ত-প্রপঞ্চ, নিতান্ত প্রসন্ন ও অব্যপদেশ্য † কেবল চেতনরূপ অভিনিষ্পন্ন হওয়াই সুস্থির, ইহা ঔড়ুলোমি মুনি অবধারণ করেন।

---

* এবমপি চৈতন্যমাত্রস্বরূপাভ্যুপগমেঽপি উপন্যাসাৎ উপন্যাসাদিভ্যো হেতুভ্যঃ। পূর্ব্ব-ভাবাৎ পূর্ব্বস্তু ব্রাহ্মৈশ্বর্য্যরূপস্য অপ্রত্যাখ্যেয়ত্বাৎ অবিরোধং ব্যবহারদৃষ্ট্যা বিরোধাভাবং বাদ-রায়ণঃ প্রাহ। অত্র কেচিৎ মুহ্যন্তি—অখণ্ডচিন্মাত্রজ্ঞানাৎ মুক্তস্যাজ্ঞানাভাবাৎ কুত আজ্ঞানিকধর্ম্ম-যোগ ইতি। তে ইত্থং বোধনীয়াঃ। যে ঈশ্বরধর্ম্মাস্ত এব চিদাত্মনি মুক্তে জীবান্তরৈর্ব্যবহ্রিয়ন্তে। ন চ মূলাবিদ্যৈক্যাৎ তন্নাশে কুতো জীবান্তরমিতি বাচ্যম্। ন বয়ং তন্নাশে জীবান্তরে ব্যবহারং ব্রূমঃ কিন্তু তদংশনাশেঽংশারব্ধাধ্যাত্মিকশরীরদ্বয়াভিমানিনো মুক্তাত্মংশান্তরোপাধিকা জীবা ব্যবহ্রিয়ন্ত ইতি বদামঃ।—আত্মা অসঙ্গচিদেকরস সত্য পরন্তু তাঁহার উপন্যাসাদিশাস্ত্রসমর্পিত ঈশ্বররূপও ব্যবহারতঃ অপ্রত্যাখ্যেয়। যাহা পারমার্থিক রূপ তাহার সহিত ব্যবহারিক রূপের বিরোধ কি? বাদরায়ণ মুনি বলেন, বিরোধ নাই।

† নিরস্তপ্রপঞ্চ=কোনও প্রকার প্রভেদ না থাকা অর্থাৎ নিতান্ত একরূপ হওয়া। প্রসন্ন=

এবমপি পারমার্থিকচৈতন্যমাত্রস্বরূপাভ্যুপগমেঽপি ব্যবহারাপেক্ষয়া পূর্ব্বস্যাপ্যুপন্যাসাদিভ্যোঽবগতস্য ব্রাহ্মস্যৈশ্বর্য্যরূপস্যাপ্রত্যাখ্যানাদবিরোধং বাদরায়ণ আচার্য্যো মন্যতে ॥৭॥

সঙ্কল্পাদেব তু তচ্ছ্রুতেঃ ॥ ৮ ॥*

হার্দ্দবিদ্যায়াং শ্রূয়তে 'স যদি পিতৃলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য পিতরঃ সমুত্তিষ্ঠন্তি' ইত্যাদি। তত্র সংশয়ঃ কিং সঙ্কল্প এব কেবলঃ পিত্রাদিসমুত্থানহেতুরুত নিমিত্তা-

---

তদেতদতিশৌণ্ডীরমৌডুলোমেন মৃষ্যতে।
বাদরায়ণ আচার্য্যো মৃষ্যন্নপি হি তন্মতম্ ॥

এবমপীত্যৌডুলোমিমতমনুজানাতি শৌণ্ডীরস্তু ন সহত ইত্যাহ—"ব্যবহারাপেক্ষয়ে"তি। এতদুক্তং ভবতি। সত্যং তাত্ত্বিকানন্দচৈতন্যমাত্র এবাত্মাপহতপাপ্মসত্যকামত্বাদয়স্তৌপাধিকতয়াঽতাত্ত্বিকা অপি ব্যবহারিকপ্রমাণোপনীততয়া লোকসিদ্ধা নাত্যন্তাসন্তো যেন তচ্ছব্দা রাহোঃ শির ইতিবদবাস্তবা ইত্যর্থঃ।

যত্নানপেক্ষঃ সঙ্কল্পো লোকে বস্তুপ্রসাধনঃ।
ন দৃষ্টঃ সোঽত্র যত্নস্য লাঘবাদবধারিতঃ ॥

কিন্তু বাদরায়ণ মুনির মত এই যে, আত্মা পারমার্থিক দর্শনে নির্দ্ধর্ম্মক ও অখণ্ড চিন্মাত্র হইলেও ব্যবহার দৃষ্টিতে তাঁহার পূর্ব্বোক্ত উপন্যাসাদিশাস্ত্রাবগত ব্রাহ্ম ঐশ্বর্য্য বিলুপ্ত হয় না এবং সে সম্বন্ধে কোনরূপ বিরোধ ঘটনাও হয় না।

উপনিষদে, হৃৎপদ্মে ব্রহ্মের উপাসনা ও তাহার প্রণালী অভিহিত হইয়াছে। সেই উপাসনার অন্য নাম হার্দ্দবিদ্যা ও দহরবিদ্যা। সেই স্থানে অভিহিত আছে—"উপাসক যদি পিতৃলোককামী হন ত পিতৃগণ

অত্যন্ত নির্ম্মল—উপাধিকালুষ্যবিহীন। অব্যপদেশ্য=ব্যপদেশের বা বর্ণনার অযোগ্য। অথচ নির্ব্বিশেষণ, নির্ব্বিকল্প বা অখণ্ডৈকরস, ইত্যাদি ইত্যাদি বাক্যে বোধনীয়।

*ইদানীমপরবিদ্যাফলং চিন্তয়তি। তুঃ পক্ষব্যাবর্ত্তনার্থঃ। সঙ্কল্পাদেব সঙ্কল্পমাত্রাৎ ব্রহ্মলোকং গতস্যোপাসকস্য ভোগঃ সিদ্ধ্যতীতি সূত্রতাৎপর্য্যার্থঃ।—তিনি যদি পিতৃলোক-কামনা করেন ত কেবল মাত্র সঙ্কল্প তাঁহার সে কামনা পূর্ণ করায়। তাহাতে অন্য কিছুর প্রতীক্ষা থাকে না। এ কথা শ্রুতিও বলিয়াছেন।" (ভাষ্য দেখ)।

ন্তরসহিত ইতি। তত্র সত্যপি সঙ্কল্পাদেবেতি শ্রবণে লোকবৎ নিমিত্তান্তরাপেক্ষা যুক্তা। যথা লোকেঽস্মদাদীনাং সঙ্কল্পাৎ গমনাদিভ্যশ্চ হেতুভ্যঃ পিত্রাদিসম্পত্তির্ভবত্যেবং মুক্তস্যাঽপি স্যাৎ এবং দৃষ্টবিপরীতং ন কল্পিতং ভবিষ্যতি। সঙ্কল্পাদেবেতি তু রাজ্ঞ ইব সঙ্কল্পিতার্থসিদ্ধিকরীং সাধনান্তরসামগ্রীং সুলভামপেক্ষ্যোচ্যতে। ন চ সঙ্কল্পমাত্রসমুত্থানাঃ পিত্রাদয়ো মনোরথবিজৃম্ভিতবচ্চঞ্চলত্বাৎ পুষ্কলং ভোগং

লোকে হি কঞ্চিদর্থং চিকীর্ষুঃ প্রযততে প্রযতমানঃ সমীহতে সমীহানন্তরমর্থমাপ্নোতীতি ক্রমো দৃষ্টঃ। ন ত্বিচ্ছানন্তরমেবাস্যেষ্যমাণমুপতিষ্ঠতে। তেন শ্রুত্যাপি লোকবৃত্তমনুরুধ্যমানয়া বিদুষস্তাদৃশ এব ক্রমোঽনুমন্তব্যঃ। 'অবধারণন্তু সঙ্কল্পাদেবেতি লৌকিকং যত্নগৌরবমপেক্ষ্য বিদ্যাপ্রভবতো বিদুষো যত্নলাঘবাৎ। যত্নঘু তদসংকল্পমিতি। স্যাদেতৎ। যথা মনোরথমাত্রোপস্থাপিতা স্ত্রী স্ত্রৈণানাং চরমধাতুবিসর্গহেতুরেবং পিত্রাদয়োঽপ্যস্য সঙ্কল্পোপস্থাপিতাঃ কল্পিষ্যন্তে স্বকার্য্যায়েত্যত আহ—"ন চ সঙ্কল্পমাত্রসমুত্থানা" ইতি। সন্তি হি খলু কানিচিদ্বস্তুরূপসাধ্যানি কার্য্যাণি যথা স্ত্রীবস্তুসাধ্যানি দন্তক্ষতমণিমালা-

---

তাঁহার সংকল্পমাত্রে (ধ্যানমাত্রে) সমুত্থিত হন।" এই স্থানে সংশয়—কেবলমাত্র সংকল্পই কি প্রোক্ত পিতৃসমুত্থানের হেতু? কি তৎসঙ্গে অন্য কিছু বাহ্য সহায় আছে? [তত্র···ক্রমঃ] যদিও শ্রুতিতে "সংকল্পাদেব" মাত্র সংকল্পের দ্বারা, এইরূপ সাবধারণ শব্দ আছে, থাকিলেও লোকদৃষ্টান্তে তাহাতে নিমিত্তান্তরের যোগ থাকা স্বীকার্য্য। কেবল সংকল্পে কোন কিছু পাওয়া যায় না, সংকল্পের সঙ্গে সহায়ান্তর থাকা আবশ্যক। যেমন লোক মধ্যে দেখা যায়, অস্মদাদির সংকল্প গমনাদি নিমিত্তের সহায়তায় পিতৃদর্শনাদি কার্য্য সাধন করে তেমনি মুক্ত পুরুষও নিমিত্তান্তর সহকৃত সংকল্পের দ্বারা পিত্রাদি লাভ করিয়া থাকেন। কেবল সংকল্পে পিত্রাদির সমুত্থান হয় বলিলে দৃষ্টবিপরীত বলা হইবে। (যাহা দেখা যায় না, যাহার দৃষ্টান্ত নাই, তাহা কল্পনীয়, অনুমেয় ও বক্তব্য নহে।) শ্রুতি যে "সংকল্পাদেব" এইরূপ সাবধারণ বাক্য বলিয়াছেন, তাহার কারণ আছে। যেমন রাজাদিগের সাধন সামগ্রী সুলভ, ইচ্ছা হইলে যাওয়া পাওয়া সমস্তই অনায়াসে হয়, তাহা দেখিয়া লোকে বলে, সঙ্কল্পমাত্রে রাজার কার্য্য সিদ্ধি হয়, মুক্তাত্মার সংকল্পে পিত্রাদির সমুত্থানও সেই-

সমর্পয়িতুং পর্য্যাপ্নুয়ুরিত্যেবং প্রাপ্তে ব্রূমঃ। সঙ্কল্পাদেব তু কেবলাৎ পিত্রাদিসমুত্থানমিতি। কুতঃ। তচ্ছ্রুতেঃ। 'সঙ্কল্পাদেবাস্য পিতরঃ সমুত্তিষ্ঠন্তি' ইত্যাদিকা হি শ্রুতির্নিমিত্তান্তরাপেক্ষায়াং পীড্যেত। নিমিত্তান্তরমপি তু যদি সঙ্কল্পানুবিধায্যেব স্যাৎ ভবতু ন তু প্রযত্নান্তরসম্পাদ্যং নিমিত্তা-

---

দীনি। কানিচিত্তু জ্ঞানসাধ্যানি যথোক্তচরমধাতুবিসর্গরোমহর্ষাদীনি। তত্র মনোরথমাত্রোপনীতে পিত্রাদৌ ভবন্তু তজ্জ্ঞানমাত্রসাধ্যানি কার্য্যাণি ন তু তৎসাধ্যানি ভবিতুমর্হন্তি। ন হি স্ত্রৈণস্য রোমহর্ষাদিবস্তবস্তি স্ত্রীবস্তুসাধ্যা মণিমালাদয়ঃ। তদিদমুক্তং পুষ্কলভোগমিতি প্রাপ্তেঽভিধীয়তে।

পিত্রাদীনাং সমুত্থানং সঙ্কল্পাদেব তচ্ছ্রুতেঃ।
ন চানুমানবাধোঽত্র শ্রুত্যা তস্যৈব বাধনাৎ॥

প্রমাণান্তরানপেক্ষা হি শ্রুতিঃ স্বার্থং গোচরয়ন্তী ন প্রমাণান্তরেণ শক্যা বাধিতুম্। অনুমানমেব তু স্বোৎপাদায় পক্ষধর্ম্মত্বাদিবন্মানান্তরাবাধিতবিষয়ত্বং স্বসামগ্রীমধ্যপাতেনাপেক্ষ্যমাণং সামগ্রীখণ্ডনেন তদ্বিরুদ্ধয়া শ্রুত্যা বাধ্যতে। অত এব নরশিরঃকপালাদিশৌচানুমানমাগমবাধিতবিষয়তয়া নোপ-

---

রূপ জানিবে। অর্থাৎ তাঁহাদিগের নিমিত্তান্তর সুলভ, ও তাহাই বলিবার নিমিত্ত সাবধারণশব্দের প্রয়োগ "সংকল্পাদেব"। নিরবচ্ছিন্নসংকল্পপ্রভব পিত্রাদি মনোরথবিজৃম্ভিতের ন্যায় অস্থির, চঞ্চল, সুতরাং সেরূপ পিত্রাদি পরিপুষ্ট ভোগ সমর্পণ করিতে সমর্থ নহে। কাযেই বলিতে ও মানিতে হইতেছে যে, সংকল্প ও অন্যান্য সাধন সামগ্রী উভয় একত্রিত হইয়া মুক্ত পুরুষের পিতৃলোক দর্শনাদি কামনা (অভিলাষ) পূরণ করিয়া থাকে। ইহা পূর্ব্বপক্ষ; কিন্তু ইহার উত্তর বা সিদ্ধান্ত পক্ষ এই—কেবল সংকল্পেই (সুদৃঢ় ইচ্ছা প্রভাবেই) মুক্ত পুরুষের নিকট পিত্রাদির আগমনাদি হয়। কেননা, শ্রুতি সেইরূপ হওয়ার কথা বলিয়াছেন। [সংকল্পাদেব···সংকল্পস্য] বাদরির অভিপ্রেত নিমিত্তান্তর যদি সংকল্পের অনুগামী হয়, তাহা হইলে আমরা নিমিত্তান্তর স্বীকারে সম্মত হইতে পারি। নিমিত্তান্তর বা পিত্রাদি সমুত্থানের কারণকূট মুক্ত পুরুষের সংকল্পাধীন, এরূপ হয় হউক, তাহাতে আপত্তি নাই; পরন্তু তাহা অস্মদাদির ন্যায় প্রযত্নান্তর সম্পাদ্য নহে। প্রযত্নান্তর সম্পাদ্য হইলে তৎসম্পত্তির পূর্ব্বে তাঁহারা নিষ্ফলসংকল্প হন, কিন্তু তাহা শ্রুতির অনভিমত। (আমরা যেমন আজ সংকল্প করিলাম, কিন্তু সামগ্রী

ন্তরমিষ্যতে। প্রাক্ তৎসম্পত্তের্ব্বন্ধ্যসঙ্কল্পত্বপ্রসঙ্গাৎ। ন চ শ্রুতিগম্যেঽর্থে লোকবদিতি সামান্যতো দৃষ্টং ক্রমতে। সঙ্কল্পবলাদেব চৈষাং যাবৎ প্রয়োজনং স্থৈর্য্যোপপত্তিঃ প্রাকৃতসঙ্কল্পবিলক্ষণত্বান্মুক্তসঙ্কল্পস্য ॥ ৮ ॥

অত এব চানন্যাধিপতিঃ ॥ ৯ ॥*

অত এব চাবন্ধ্যসঙ্কল্পত্বাদনন্যাধিপতির্ব্বিদ্বান্ ভবতি। নাস্যান্যোধিপতির্ভবতীত্যর্থঃ। ন হি প্রাকৃতোঽপি সঙ্কল্পয়ন্ অন্যস্বামিকত্বমাত্মনঃ সত্যাং গতৌ সঙ্কল্পয়তি। শ্রুতিশ্চৈতৎ

পদ্যতে। তস্মাৎ বিদ্যাপ্রভাবাদ্বিদুষাং সঙ্কল্পমাত্রাদেব পিত্রাদ্যুপস্থানমিতি সাম্প্রতম্। তথাহুরাগমিনঃ। কো হি যোগপ্রভাবাদৃতেঽগস্ত্য ইব সমুদ্রং পিবতি স ইব দণ্ডকারণ্যং সৃজতি। তস্মাৎ সর্ব্বমবদাতম্।

নন্বীশ্বরাধীনস্য বিদুষঃ কথং সঙ্কল্পমাত্রাৎ ভোগসিদ্ধিস্তত্রাহ অত এবেতি। ঈশ্বরধর্ম্ম এব বিদুষামাবির্ভূত ইতি ন সঙ্কল্পভঙ্গ ইতি ভাবঃ। ইতি রত্নপ্রভা।

আয়োজন করিতে ১০ দিন কাটিয়া গেল, মুক্ত পুরুষের সংকল্প সেরূপ নহে। সেরূপ হইলে তাঁহাদিগকে সত্যসংকল্প বলা অনুচিত। তাঁহাদের যে-ই সংকল্প সে-ই সংকল্পিত লাভ।) অপিচ, লৌকিক নিদর্শন অবলম্বন করিয়া শ্রুতিগম্য পদার্থে সামান্যতোদৃষ্ট অনুমান প্রয়োগ করিতে পার না। সামান্যতোদৃষ্ট অনুমান শ্রৌত পদার্থের নিকট সর্ব্বতোভাবে পরাভূত আছে। যে কিছু প্রয়োজন সে সমস্তই মুক্ত পুরুষ কেবল মাত্র সংকল্পে সিদ্ধ করিতে পারেন। মুক্ত পুরুষের সংকল্প প্রাকৃত পুরুষের সংকল্পের ন্যায় নহে। তাহা অত্যন্ত বিলক্ষণ।

যেহেতু তাঁহারা অবন্ধ্যসংকল্প সেই হেতু তাঁহারা অনন্যাধিপতি। অর্থাৎ তাঁহাদের অন্য শাস্তা বা নিয়োক্তা নাই। অধিক কি বলিব, গত্যন্তর থাকিলে প্রাকৃত পুরুষেরাও আপনার অস্বামিকত্ব (স্বাধীনতার বিপরীত পরাধীনতা) সংকল্প করেন না। শ্রুতিও তাহাই দেখাইয়াছেন। যথা—"যাঁহারা ইহ শরীরে আপনাকে সাক্ষাৎ সন্দর্শন করত (আত্মবিষয়ে

---

* অতঃ পূর্ব্বোক্তাৎ এব অবন্ধ্যসংকল্পত্বাদেবেত্যর্থঃ।—মুক্ত পুরুষ যেহেতু অবন্ধ্যসংকল্প (অমোঘ বা অব্যর্থ ইচ্ছ) সেই হেতু তাঁহারা অনন্যাধিপতি। অর্থাৎ তাঁহারা সকল বিষয়ে স্বাধীন।

দর্শয়তি 'অথ য ইহ আত্মানমনুবিদ্য ব্রজন্ত্যেতাংশ্চ সত্যান্ কামান্ তেষাং সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি' ইতি ॥৯॥

অভাবং বাদরিরাহ হ্যেবম্ ॥ ১০ ॥*

'সঙ্কল্পাদেবাস্য পিতরঃ সমুত্তিষ্ঠন্তি' ইত্যতঃ শ্রুতের্ম্মনস্তাবৎ সঙ্কল্পসাধনং সিদ্ধম্। শরীরেন্দ্রিয়াণি পুনঃ প্রাপ্তৈশ্বর্য্যস্য বিদুষঃ সন্তি ন সন্তীতি সমীক্ষ্যতে। তত্র বাদরিস্তাবদাচার্য্যঃ শরীরস্যেন্দ্রিয়াণাঞ্চাভাবং মহীয়মানস্য বিদুষো মন্যতে। কস্মাৎ। এবং হ্যাহাম্নায়ঃ 'মনসৈতান্ কামান্ পশ্যন্ রমতে ব্রহ্মলোকে' ইতি। যদি মনসা শরীরেন্দ্রিয়ৈশ্চ বিহরেৎ মনসেতি বিশেষণং ন স্যাৎ। তস্মাদভাবঃ শরীরেন্দ্রিয়াণাং মোক্ষে ॥ ১০ ॥

অন্যযোগব্যবচ্ছিত্ত্যা মনসেতি বিশেষণাৎ।
দেহেন্দ্রিয়বিয়োগঃ স্যাদ্বিদুষো বাদরের্ম্মতম্ ॥

অনেকধাভাবশ্চর্দ্ধিপ্রভাবভুবো মনোভেদাদ্বা স্তুতিমাত্রং বা কথঞ্চিদুমবিদ্যায়াং নির্গুণায়াং তদসম্ভবাৎ অসতাপি হি গুণেন স্তুতির্ভবত্যেবেতি।

তত্ত্বজ্ঞান লাভ করিয়া) পরলোকে গমন করেন, তাঁহারা কথিত প্রকার সত্যকামত্বাদি প্রাপ্ত হন ও সমুদায় লোকে তাহারা কামচর হন।"

"সংকল্পমাত্রেই মুক্ত পুরুষের পিতৃগণ সমুপস্থিত হন" এই শ্রুতিতে জানা গেল, প্রাপ্তৈশ্বর্য্য জ্ঞানীর মন থাকে। কেননা মনঃই সংকল্পের সাধন অর্থাৎ উপায়। শরীর ও ইন্দ্রিয় থাকে কি-না তাহা উক্ত শ্রুতিতে অবগত হওয়া যায় না। সে জন্য তাহা চিন্তার বিষয় বটে। এ বিষয়ে বাদরি মুনি বলেন, পরিমুক্ত বিদ্বানের সংকল্পসাধন মন থাকে বটে; কিন্তু শরীর ও ইন্দ্রিয় থাকে না। কেননা, বেদ বলিয়াছেন—মুক্তি হইলে অন্য কিছু থাকে না, কেবল মাত্র সংকল্পসাধন মন থাকে। যথা—"তাঁহারা ব্রহ্মলোকে মনের দ্বারা সেই সেই অভিলষিত অনুভব করতঃ

---

* অভাবং শরীরেন্দ্রিয়াণাং বিদুষ ইতি যোজনীয়ম্। বাদরিস্তন্নামক আচার্য্যঃ মেনে। হি যতঃ এবং বিদুষঃ শরীরেন্দ্রিয়াণামভাবং আহ আম্নায় ইতি শেষঃ।—বাদরি মুনি বলেন, যেহেতু বেদ জ্ঞানী পুরুষের শরীরাদি নাই, বলিয়াছেন সেই হেতু মুক্ত পুরুষ অনিন্দ্রিয় ও অশরীর।

ভাবং জৈমিনির্বিকল্পামননাৎ ॥ ১১ ॥*

জৈমিনিরাচার্য্যো মনোবচ্ছরীরস্যাপি সেন্দ্রিয়স্য ভাবং মুক্তং প্রতি মন্যতে। যতঃ 'স একধা ভবতি ত্রিধা ভবতি' ইত্যাদিনাঽনেকধা ভাববিকল্পমামনন্তি। ন হ্যনেকবিধতা বিনা শরীরভেদেনাঞ্জসী স্যাৎ। যদ্যপি নির্গুণায়াং ভূমবিদ্যা-য়াময়মনেকধাভাবে বিকল্পঃ পঠ্যতে তথাপি বিদ্যমানমেবেদং

শরীরেন্দ্রিয়ভেদে হি নানাভাবঃ সমঞ্জসঃ।
ন চার্থসম্ভবে যুক্তং স্তুতিমাত্রমনর্থকম্॥

ন হি মনোমাত্রভেদে স্ফুটতরোঽনেকধাভাবো যথা শরীরেন্দ্রিয়ভেদে। অত এব সৌভরেরভিবিনির্ম্মিতবিবিধদেহস্যাপর্য্যায়েণ মান্ধাতৃকন্যাভিঃ পঞ্চাশতা বিহারঃ পৌরাণিকৈঃ স্মর্য্যতে। ন চার্থসম্ভবে স্তুতিমাত্রমনর্থকমবকল্পতে। সম্ভবতি চাস্যার্থবত্ত্বম্। যদ্যপি নির্গুণায়ামিদং ভৌমবিদ্যায়াং পঠ্যতে তথাপি তস্যাঃ পুরস্তাদনেন সগুণাবস্থাগতেনৈশ্বর্য্যেণ নির্গুণেব বিদ্যা স্তূয়তে। ন চান্যযোগব্যবচ্ছেদেনৈব বিশেষণমযোগব্যবচ্ছেদেনাপি বিশেষণাৎ। যথা চৈত্রো ধনুর্দ্ধরঃ। তস্মান্মনঃশরীরেন্দ্রিয়যোগ ঐশ্বর্য্যশালিনাং নিয়মেনেতি মেনে জৈমিনিঃ।

রমমাণ হন।" যদি তাঁহারা মন, শরীর ও ইন্দ্রিয়, এই তিনের দ্বারা বিহার করেন এমন হয়, তাহা হইলে মনসা—মনের দ্বারা, এ কথা বলা নিষ্প্রয়োজন বা অনর্থক। অতএব, মোক্ষ হইলে শরীর ও ইন্দ্রিয় থাকে না, ইহাই অবধারণীয়। (ইহা পূর্ব্বপক্ষ)।

জৈমিনি মুনি বলেন, যেমন মন থাকে তেমনি শরীরেন্দ্রিয়েরও ভাব অর্থাৎ অস্তিত্ব থাকে, ইহা মানিতে হইবেক। কারণ, শ্রুতি বলিয়াছেন "সেই মুক্ত পুরুষ কখন এক প্রকার ও কখন অনেক প্রকার হন।" এই শ্রুত্যুক্ত অনেকবিধ ভাববিকল্প সেন্দ্রিয় শরীর থাকার অনুমাপক। ভিন্ন ভিন্ন শরীর (অনেক শরীর) না থাকিলে অনেকবিধ হওয়ার সম্ভাবনা কি? যদিও নির্গুণ ব্রহ্মবিদ্যা অধিকারে ঐ অনেকবিধতা

---

* মনোবৎ সেন্দ্রিয়স্য শরীরস্য ভাবং সত্ত্বং আহ জৈমিনিঃ। বিকল্পস্য অনেকাভাবস্য আমননং কথনং তস্মাৎ।—জৈমিনি বলেন, শ্রুতির বিকল্প অর্থাৎ অনেকধাভাব কথন দৃষ্টে স্থির হয় যে, মোক্ষে মনের ন্যায় শরীর ও ইন্দ্রিয় উভয়ই বিদ্যমান থাকে।

সগুণাবস্থায়ামৈশ্বর্য্যং ভূমবিদ্যাস্তুতয়ে সঙ্কীর্ত্ত্যত ইত্যতঃ সগুণবিদ্যাফলভাবেনোপতিষ্ঠত ইত্যুচ্যতে ॥ ১১ ॥

দ্বাদশাহবদুভয়বিধং বাদরায়ণোঽতঃ ॥ ১২ ॥*

বাদরায়ণঃ পুনরাচার্য্যোঽত এবোভয়লিঙ্গশ্রুতিদর্শনাদুভয়বিধত্বং সাধু মন্যতে। যদা সশরীরতাং সঙ্কল্পয়তি তদা সশরীরো ভবতি যদা ত্বশরীরতাং তদা অশরীর ইতি। সত্যসঙ্কল্পত্বাৎ সঙ্কল্পবৈচিত্র্যাচ্চ। দ্বাদশাহবৎ। যথা দ্বাদশাহঃ সত্রমহীনশ্চ ভবত্যুভয়লিঙ্গশ্রুতিদর্শনাদেবমিদমপীতি ॥ ১২ ॥

মনসেতি কেবলমনোবিষয়াঞ্চ স একধা ভবতি ত্রিধা ভবতীতি শরীরেন্দ্রিয়ভেদবিষয়াঞ্চ শ্রুতিমুপলভ্যানিয়মবাদী খলু বাদরায়ণো নিয়মবাদো পূর্ব্বয়ো র্ন সহতে। দ্বিবিধশ্রুত্যনুরোধাৎ। ন চাযোগব্যবচ্ছেদেনৈবম্বিধেষু বিশেষণমবকল্পতে। কামেষু হি রমণং সমনস্কেন্দ্রিয়েণ শরীরেণ পুরুষাণাং সিদ্ধমেবেতি নাস্তি শঙ্কা মনোযোগস্যেতি তদ্ব্যবচ্ছেদো ব্যর্থঃ। সিদ্ধস্য তু মনোযোগস্য তদন্যপরিসঙ্খ্যানেনার্থবত্ত্বমবকল্পতে। তস্মাৎ বামেনাক্ষা পশ্যতীতিবদত্রান্যযোগব্যবচ্ছেদ ইতি সাম্প্রতম্। "দ্বাদশাহবদি"তি।

দ্বাদশাহস্য সত্রত্বমাসনোপায়িচোদনে।
অহীনত্বঞ্চ যজতিচোদনে সতি গম্যতে ॥

দ্বাদশাহমৃদ্ধিকামা উপেয়ুরিত্যুপায়িচোদনেন য এবং বিদ্বাংসঃ সত্রমুপয়ন্তীতি চ দ্বাদশাহস্য সত্রত্বং বহুকর্ত্তৃকস্য গম্যতে। এবং তস্যৈব দ্বাদশাহেন

বা ভাববিকল্প অভিহিত হইয়াছে, তথাপি, বুঝিতে হইবেক যে, সগুণাবস্থায় ঐ ঐশ্বর্য্য ব্রহ্মবিদ্যার স্তুত্যর্থ পরিপঠিত। (ইহাও পূর্ব্বপক্ষ)।

বাদরায়ণ মুনি বলেন, পূর্ব্বোক্ত হেতু দ্বয় অর্থাৎ দ্বিপ্রকার শ্রুতি থাকায় দ্বিপ্রকার হওয়াই সঙ্গত। অর্থাৎ তাঁহারা কখন সশরীর কখন বা অশরীর। যখন সশরীরতার সংকল্প করেন তখন সশরীর এবং যখন অশরীরতার সংকল্প করেন তখন অশরীর হন। তাঁহাদের সংকল্প অমোঘ ও বিচিত্র।

---

* অতঃ উভয়লিঙ্গশ্রুতেঃ উভয়বিধত্বং সশরীরত্বমশরীরত্বঞ্চাহ বাদরায়ণো মুনিঃ। একস্যাহনেকভাবে দ্বাদশাহবদিতি নিদর্শনম্।—বাদরায়ণ মুনি বলেন, সশরীর অশরীর উভয় বোধিকা শ্রুতি থাকায় উভয় প্রকার হওয়াই সঙ্গত। যেমন দ্বাদশাহ অর্থাৎ দ্বাদশদিনব্যাপী একই যাগ এক শ্রুতি অনুসারে সত্র এবং অন্য শ্রুতি অনুসারে অহীন, তেমনি, মুক্ত পুরুষও সশরীর ও অশরীর। কখন সশরীর, কখন বা অশরীর। (ইচ্ছা অনুসারে)।

তত্ত্বভাবে সন্ধ্যবদুপপদ্যতে ॥ ১৩ ॥*

যদা তু সেন্দ্রিয়স্য শরীরস্যাভাবস্তদা যথা সন্ধ্যে স্থানে শরীরেন্দ্রিয়বিষয়েষ্বিদ্যমানেষ্বপ্যুপলব্ধিমাত্রা এব পিত্রাদি-কামা ভবন্ত্যেবং মোক্ষেঽপি স্যুঃ। এবং তদুপপদ্যতে ॥১৩॥

ভাবে জাগ্রদ্বৎ ॥ ১৪ ॥†

প্রজাকামং যাজয়েদিতি যজতিচোদনেন নিয়তকর্ত্তৃপরিমাণত্বেন দ্বিরাত্রেণ যজেতেত্যাদিবদহীনত্বমপি গম্যত ইতি।

সম্প্রতি শরীরেন্দ্রিয়াভাবেন মনোমাত্রেণ বিদুষঃ স্বপ্নবৎ সূক্ষ্মো ভোগো ভবতি। কুতঃ। উপপত্তেঃ। মনসৈতানিতি শ্রুতেঃ। যদি পুনঃ সুষুপ্তবদ-ভোগো ভবেৎ নৈষা শ্রুতিরুপপদ্যেত। ন চ সশরীরবদুপভোগঃ শরীরাদ্যু-পাদানবৈয়র্থ্যাৎ।

যেমন এক দ্বাদশাহ যাগ সত্র ও অহীন উভয় প্রকার, সেইরূপ, মুক্তও উভয়প্রকার—সশরীর ও অশরীর। ‡

যখন শরীরেন্দ্রিয় না থাকে, তখন, যেমন সন্ধ্যস্থানে (এ দিকে মরণ ও দিকে জন্ম না হওয়া, মধ্যে বা অন্তরালে। অথবা এ দিকে জাগ্রৎ, ও দিকে সুষুপ্তি, মধ্যে বা অন্তরালে। অর্থাৎ স্বপ্নকালে) শরীর, ইন্দ্রিয় ও বিষয়, তিনের কিছুই নাই অথচ জীব মাত্র ভাবনাময় কামনায় পিত্রাদি-কামী হয়, তেমনি, মোক্ষেও অশরীর কালে উপলব্ধিমাত্রে অর্থাৎ কল্পনা-ময় ভাবনাবিজ্ঞানে পিত্রাদিকামী হয়। ইহা অনুপপন্ন নহে; প্রত্যুত উপপন্ন। (সিদ্ধান্ত)

---

* তত্ত্বভাবে সেন্দ্রিয়স্য শরীরস্য অভাবে। সন্ধৌ ভবং সন্ধ্যং স্বপ্নস্থানমিতি যাবৎ।—যখন অশরীর তখন তাঁহার কামনা স্বাপ্নকামনার সদৃশ। শরীরেন্দ্রিয়বিষয় থাকে না, অথচ স্বপ্নে বিষয়োপলব্ধি হয়। এতদ্দৃষ্টান্তে অশরীর কালের কাম্যকামনা উপপন্ন হইতে পারে।

† সেন্দ্রিয়স্য শরীরস্য ভাবে সশরীরকাল ইতি যাবৎ।—সশরীরকালে জাগ্রৎ অবস্থার ন্যায় বিদ্যমান কাম্যকামনা করেন অর্থাৎ তখন পরিপুষ্ট ভোগ হয়।

‡ একটী বিধান আছে, দ্বাদশাহেন প্রজাকামং যাজয়েৎ। এই বিধানে একটি দ্বাদশদিন-সাধ্য যাগ লব্ধ হয়। পূর্ব্বমীমাংসার সিদ্ধান্ত অনুসারে এই যাগ সত্র ও অহীন দ্বিপ্রকার লক্ষণান্বিত। পূর্ব্বমীমাংসায় লিখিত আছে, যে যাগ উপবসথ ও আসতে এই দুই ক্রিয়াবোধক শব্দে বিহিত এবং যে যাগ অনির্দ্দিষ্ট (অনেক গুলি) কর্ত্তার নিষ্পাদ্য সে যাগ "সত্র" তদ্ভিন্ন সমস্তই "অহীন।" যেমন দ্বাদশাহ যাগ "এবমুপবসথি" ও "দ্বাদশাহেন প্রজাকামং যাজয়েৎ" এই দুই প্রকারে বিহিত হওয়ায় সত্র ও অহীন, তেমনি, সশরীর অশরীর এই দুই প্রকারের বোধক শ্রুতিবাক্য থাকায় মুক্ত পুরুষও সশরীর ও অশরীর। সশরীর অশরীর যুগপৎ সম্ভবে না, কিন্তু

ভাবে পুনস্তনোর্যথা জাগরিতে বিদ্যমানা এব পিত্রাদি-কামা ভবন্ত্যেবং মুক্তস্যাপ্যুপপদ্যন্তে ॥ ১৪ ॥

প্রদীপবদাবেশস্তথা হি দর্শয়তি ॥ ১৫ ॥*

'ভাবং জৈমিনির্ব্বিকল্পামননাৎ' [ব্র০সূ০] ইত্যত্র সশরীরত্বং মুক্তস্যোক্তং তত্র ত্রিধাভাবাদিষ্বনেকশরীরসর্গে কিং নিরাত্মকানি শরীরাণি দারুযন্ত্রবৎ সৃজ্যন্তে কিংবা সাত্মকান্য-

---

সশরীরস্য তু পুষ্কলো ভোগ ইহাপ্যুপপত্তেরিত্যনুষঙ্গনীয়ম্। তদিদমুক্তং সূত্রাভ্যাম্।

বস্তুতঃ পরমাত্মনোঽভিন্নোঽপ্যয়ং বিজ্ঞানাত্মাঽনাদ্যবিদ্যাকল্পিতপ্রাদেশিকান্তঃকরণাবচ্ছেদেনানাদিজীবভাবমাপন্নঃ প্রাদেশিকঃ সন্ন দেহান্তরাণি স্বভাবনির্ম্মিতান্যপি নানাপ্রদেশবর্ত্তীনি সান্তঃকরণো যুগপদাবেষ্টুমর্হতি। ন চাত্মান্তরং স্রষ্টুমপি সৃজ্যমানস্য স্রষ্ট্রতিরেকেণানাত্মত্বাদাত্মত্বে বা কর্ত্তৃকর্ম্মভাবাভাবাদ্ভেদাশ্রয়ত্বাদস্য। নাপ্যন্তঃকরণান্তরং তত্র সৃজতি সৃজ্যমানস্য তদুপাধিত্বাভাবাৎ। অনাদিনা খল্বন্তঃকরণেনৌৎপত্তিকেনাঽয়মবরুদ্ধো নেদানীন্তনেনাঽন্তঃকরণেনোপাধিতয়া সম্বন্ধুমর্হতি। তস্মাৎ যথা দারুযন্ত্রং তৎপ্রয়োক্ত্রাঽচেতনেনাধিষ্ঠিতং সকৃদিচ্ছামনুরুধ্যত এবং নির্ম্মাণশরীরাণ্যপি সেন্দ্রিয়াণীতি প্রাপ্তে প্রত্যভিধীয়তে।

মুক্তাত্মা যখন সশরীর অর্থাৎ সাংকল্পিক শরীরেন্দ্রিয়যুক্ত হন তখন জাগ্রতে বিদ্যমান পিত্রাদি অভিলাষী হওয়ার ন্যায় মোক্ষেও বিদ্যমান পিত্রাদি অভিলাষী হন। ইহা অনুপপন্ন নহে; প্রত্যুত উপপন্ন।

এই অধ্যায়ের ১১ সূত্রে বলা হইয়াছে, মুক্ত পুরুষের শরীর থাকে ও তাঁহারা ভোগার্থ দুই তিন ও ততোধিক শরীর সৃজন করিতে সক্ষম। এতৎসিদ্ধান্তে অন্য এক বিচার আপতিত হয়। সেই সকল সৃষ্ট শরীর সাত্মক? কি নিরাত্মক? যেমন কাষ্ঠনির্ম্মিত পুত্তলিকাশরীর নিরাত্মক, তাহাতে আত্মার আবেশ নাই, মুক্ত কি তদনুরূপ শরীর সৃজন করেন? কি

সময় ভেদে তাহা সম্ভবে। অভিপ্রায় এই যে, মুক্ত পুরুষ যখন সশরীর হওয়ার সংকল্প করেন তখন সশরীর হন, যখন অশরীর হওয়ার সংকল্প করেন তখন অশরীর হন।

* প্রদীপো যথাঽনেকবর্ত্তিষু প্রবিশতি তথা বিদ্যাযোগবশাদনেকেষু দেহেষু লিঙ্গস্যাবেশ ইতি সূত্রাঙ্কয়ার্থঃ।—পূর্ব্বে বলা হইয়াছে, ঐশ্বর্য্যপ্রাপ্ত মুক্ত পুরুষ অনেক প্রকার হন। অনেক শরীর গ্রহণ ব্যতীত অনেক প্রকার হয় না। কাযেই অনেক শরীর স্বীকার্য্য। সেই সকল শরীরে প্রদীপের ন্যায় লিঙ্গ শরীরের (মন ও ইন্দ্রিয় প্রভৃতির) প্রবেশ হইয়া থাকে।

হস্মদাদিশরীরবদিতি ভবতি বীক্ষা। তত্রাত্মমনসোর্ভেদানুপপত্তেরেকেন শরীরেণ যোগাদিতরাণি নিরাত্মকানীত্যেবং প্রাক্তে প্রতিপদ্যতে।—প্রদীপবদাবেশ ইতি। যথা প্রদীপ একোঽনেকপ্রদীপভাবমাপদ্যতে বিকারশক্তিযোগাৎ এবমেকোঽপি সন্ বিদ্বানৈশ্বর্য্যযোগাদনেকভাবমাপদ্য সর্ব্বাণি শরীরাণ্যাবিশতি। কুতঃ। তথাহি দর্শয়তি শাস্ত্রমেকস্যানেকভাবম্। 'স একধা ভবতি ত্রিধা ভবতি পঞ্চধা সপ্তধা' ইত্যাদি। নৈতদ্দারুযন্ত্রোপমাভ্যুপগমেঽবকল্পতে নাপি জীবান্তরাবেশে। ন চ নিরাত্মকানাং শরীরাণাং প্রবৃত্তিঃ

শরীরত্বং ন জাতু স্যাদ্ভোগাধিষ্ঠানতাং বিনা।
স ত্রিধেতি শরীরত্বমুক্তং যুক্তঞ্চ তদ্বিভৌ॥

স ত্রিধা ভবতি পঞ্চধা সপ্তধা নবধেত্যাদিকা শ্রুতির্ব্বিভুবো নানাভাবমাচক্ষমাণা ভিন্নশরীরেন্দ্রিয়োপাধিসম্বন্ধেঽবকল্পতে নাদেহহেতুভেদে। ন হি যন্ত্রাণি ভিন্নানি নির্ম্মায় বাহয়ন্ যন্ত্রবাহো নানাত্বেনোপদিশ্যতে। ভোগাধিষ্ঠানত্বঞ্চ শরীরত্বং নাভোগাধিষ্ঠানেষু যন্ত্রেষ্বিব যুজ্যতে। তস্মাদ্দেহান্তরাণি সৃজতি। ন চানেনাধিষ্ঠিতানি দেহপক্ষে বর্ত্তন্তে। ন চ সর্ব্বগতস্য বস্তুতো বিগলিতপ্রায়া-

---

অস্মদাদির শরীরের ন্যায় সাত্মক শরীর সৃজন করেন? আত্মা ও মন একই বস্তু, উভয়ের ভিন্নতা অনুপপন্ন, সুতরাং তাহা এক শরীরে যুক্ত থাকিলে অন্য শরীর কাযেই নিরাত্মক থাকে। (পূর্ব্বপক্ষ বাদীর অভিপ্রায় এই যে, মন পরমাণুতুল্য সূক্ষ্ম, আত্মাও তদনুরূপ, সেই কারণে তাহা একে বৈ দু-এ যুক্ত হইতে পারে না।) এইরূপ আপত্তি বা পূর্ব্বপক্ষ উত্থাপিত হইতে পারে বলিয়া তন্নিরাসার্থ ১৫ সূত্র অবতারিত হইল। [যথা...ইত্যাদি] যেমন স্বরূপ শক্তির বলে একই প্রদীপ অনেক প্রদীপ হয়, তেমনি, মুক্তজ্ঞানী এক হইলেও ঐশ্বর্য্য বলে অনেক শরীর সৃজন করিয়া সেই সমুদায় শরীরে আবিষ্ট হন। শাস্ত্রও এ কথা বলিয়াছেন। "তিনি এক প্রকার, তিন প্রকার, পাঁচ প্রকার ও সাত প্রকার (ইচ্ছানুসারে) হন।" ইত্যাদি শাস্ত্র (শ্রুতি) একের অনেক হওয়া বর্ণন করিয়াছেন। [নৈতদ্দারু...প্রক্রিয়া] সে সকল শরীর কাষ্ঠনির্ম্মিত যন্ত্রের সদৃশ অথবা তাহাতে অন্য জীবের আবেশ আছে, এরূপ বলিতে গেলে প্রোক্ত শাস্ত্র বিরুদ্ধ অর্থাৎ অর্থশূন্য হইবেক। কেননা, সে সকল শরীরের প্রবৃত্তি বা চেষ্টা

সম্ভবতি। যত্ত্বাত্মমনসোর্ভেদানুপপত্তেরনেকশরীরযোগাসম্ভব ইতি। নৈষ দোষঃ। একমনোঽনুবৃত্তীনি সমনস্কান্যেবাপরাণি শরীরাণি সত্যসঙ্কল্পত্বাৎ স্রক্ষ্যতি। সৃষ্টেষু চ তেষূপাধিভেদাদাত্মনোঽপি ভেদেনাধিষ্ঠাতৃত্বং যোক্ষ্যতে। এষৈব চ যোগশাস্ত্রেষু যোগিনামনেকশরীরযোগপ্রক্রিয়া। কথং পুনর্মুক্তস্যানেকশরীরাবেশাদিলক্ষণমৈশ্বর্য্যমভ্যুপগম্যতে যাবতা 'তৎ কেন কং বিজানীয়াৎ, ন তু তদ্দ্বিতীয়মস্তি, ততোঽন্যদ্বিভক্তং যদ্বিজানীয়াৎ, সলিল একো দ্রষ্টা দ্বৈতো ভবতি'

বিদ্যস্য বিদুষঃ পৃথগ্জনস্যেবোৎপত্তিকান্তঃকরণবশ্যতা যেন তদৌৎপত্তিকমন্তঃকরণমাগন্তুকান্তঃকরণান্তরসম্বন্ধমস্য বারয়েৎ। তস্মাদ্বিদ্বান্ সর্ব্বস্য বশী সর্ব্বেশ্বরঃ সত্যসঙ্কল্পঃ সেন্দ্রিয়মনাংসি শরীরাণি নির্ম্মায় তানি চৈকপদে প্রবিশ্য তত্তদিন্দ্রিয়মন্তঃকরণৈস্তেষু লোকেষু মুক্তো বিহরতীতি সাম্প্রতম্। প্রদীপবদিতি তু নিদর্শনম্। প্রদীপৈক্যং প্রদীপব্যক্তিষূপচর্য্যতে ভিন্নবর্ত্তি বর্ত্তিনীনাং ভিন্নব্যক্তীনাং ভেদাৎ। এবং বিদ্বান্ জীবাত্মা দেহভেদেঽপ্যেক ইতি পরামর্শার্থঃ। এক মনোবর্ত্তীনীত্যেকাভিপ্রায়বর্ত্তীনীত্যর্থঃ। সম্পন্নঃ কেবলো মুক্ত ইত্যুচ্যতে। ন চৈতস্যেত্থম্ভাবসম্ভবঃ শ্রুতিবিরোধাদিত্যুক্তমর্থজাতমাক্ষিপতি—"কথং পুনর্মুক্তস্যে"তি। "সলিল" ইতি। সলিলমিব সলিলঃ সলিলপ্রাতিপদি-

---

থাকে, সুতরাং সে সকল নিরাত্মক নহে। নিরাত্মকের প্রবৃত্তি অসম্ভব। বলিয়াছিলে যে, আত্মার ও মনের ভিন্নতা অনুপপন্ন (অযুক্ত), সুতরাং তাদৃশ আত্মার অনেক শরীরে অবস্থান অসম্ভব, আমরা বলি, তাহাও অসম্ভব নহে। অর্থাৎ সে কথা দোষাবহ বা সিদ্ধান্তনাশক নহে। মুক্ত পুরুষের মন একটী সত্য; কিন্তু তাঁহারা সত্যসংকল্প। সত্যসংকল্পতার বলে তাঁহারা স্বীয় মনের অনুগামী শত শত সমনস্ক সেন্দ্রিয় শরীর সৃজন করেন, এবং শত শত সমনস্ক সেন্দ্রিয় শরীর সৃষ্ট হইলে আত্মা সেই সকল সেন্দ্রিয় শরীরে উপহিত হন, সুতরাং সে সকলের প্রতি তাঁহার অধিষ্ঠাতৃত্ব অসম্ভব হয় না। যোগশাস্ত্রে যে যোগিদিগের অনেক শরীর সৃষ্টি করিবার প্রণালী অভিহিত আছে, সে প্রণালীও মদুক্ত সিদ্ধান্তের অনুকূল বা পোষক প্রমাণ। [কথং...পঠতি] এক্ষণে প্রশ্ন হইতে পারে যে, মুক্তের অনেক শরীরপ্রবেশাদির ক্ষমতা অর্থাৎ সেই সেই ঐশ্বর্য্য থাকে, এ কথা কিপ্রকারে স্বীকার করিতে পার? উপনিষদ্ শাস্ত্রে লিখিত আছে, মুক্তি হইলে চিন্মাত্র

ইত্যেবঞ্জাতীয়কা শ্রুতির্ব্বিশেষবিজ্ঞানং বারয়তীত্যত উত্তরং পঠতি ॥ ১৫ ॥

স্বাপ্যয়সম্পত্ত্যোরন্যতরাপেক্ষমাবিষ্কৃতং হি ॥ ১৬ ॥*

স্বাপ্যয়ঃ সুষুপ্তম্। 'স্বমপীতো ভবতি তস্মাদেনং স্বপিতীত্যাচক্ষতে' ইতি শ্রুতেঃ। সম্পত্তিঃ কৈবল্যম্। 'ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি' ইতি শ্রুতেঃ। তয়োরন্যতরামবস্থামপেক্ষ্যৈতদ্বিশেষসংজ্ঞাভাববচনং ক্বচিৎ সুষুপ্তাবস্থামপেক্ষ্যোচ্যতে।

কাৎ সর্ব্বপ্রাতিপদিকেভ্য ইত্যুপমানাদাচারে ক্বিপি কৃতে পচাদ্যচি চ কৃতে রূপম্। এতদুক্তং ভবতি। যথা সলিলমম্ভোনিধৌ প্রক্ষিপ্তং তদেকীভাবমুপযাতি এবং দ্রষ্টাপি ব্রহ্মণেতি। অত্রোত্তরং সূত্রম্।

আসু কাশ্চিচ্ছ্রুতয়ঃ সুষুপ্তিমপেক্ষ্য কাশ্চিত্তু সম্পত্তিং তদধিকারাৎ।

অদ্বয় হয়, ভেদজ্ঞান থাকে না। "তখন কে কি দিয়া কি দেখিবে?" "তখন তাঁহার দ্বিতীয় থাকে না।" ইত্যাদি ইত্যাদি শ্রুতি মুক্ত পুরুষের বিশেষ বিজ্ঞান (এ, ও, সে, ইত্যাদিবিধ ভেদজ্ঞান) থাকে না বলিয়াছেন। এই প্রশ্নের প্রত্যুত্তর বা সমাধান এই—

স্বাপ্যয়শব্দে সুষুপ্তি। কথিতার্থে "জীব আপনাতে অপীত অর্থাৎ আপন স্বরূপে লীন বা আত্মরূপ প্রাপ্ত হন বলিয়া তৎকালে তাঁহাকে স্বপিতি (স্বাপ, স্বাপ্যয়, সুষুপ্তি ইত্যাদি) শব্দে উল্লেখ করা হয়।" এই শ্রুতি প্রমাণ। আর সম্পত্তি শব্দে কৈবল্য—কেবল হওয়া। এতদর্থেও "ব্রহ্মই ছিলেন

---

সর্ব্বাসূপাসনাসূত্তরমার্গবিধানম্। ...	৩১	১৮
ব্রহ্মতত্ত্বজ্ঞানিনাং মুক্তির্নিয়তা ন তু পাক্ষিকীত্যস্য প্রতিপাদনম্।	৩২	১৯
আত্মস্বরূপলক্ষকাণাং নিষেধানাং পরস্পরোপসংহর্ত্তব্যত্বম্।	৩৩	২০
ঋতং পিবন্তাবিতি দ্বা সুপর্ণাবিতি চ মন্ত্রয়োর্দ্বৈদ্যৈকত্বম্।	৩৪	২১
একশাখাস্থয়োরুষস্তকহোলয়োর্ব্রাহ্মণয়োর্দ্বৈদ্যৈক্যপ্রতিপাদনম্।	৩৫-৩৬	২২
উপাসনার্থং পৃথক্ত্বেনোপাস্যস্য দ্বৈধজ্ঞানম্। ...	৩৭	২৩
সত্যবিদ্যায়া একত্বপ্রতিপাদনম্। ...	৩৮	২৪
দহরাকাশহার্দ্দাকাশয়োরুপসংহর্ত্তব্যত্বম্। ...	৩৯	২৫

প্রতিপাদ্যবিষয়াঃ।	পৃ০	অধি০
উপাসকস্য ভোজনে প্রাণাহুতিলোপাপত্তিঃ।	৪০-৪১	২৬
উদ্গীথকর্ম্মাঙ্গীভূতদেবতোপাসনায়া অনিয়তত্বম্।	৪২	২৭
সম্বর্গবিদ্যোক্তাধিদৈববায়ুধ্যাত্মপ্রাণয়োরনুচিন্তনস্য পৃথক্ত্বম্।	৪২	২৭
মনশ্চিদাদীনাং স্বতন্ত্রবিদ্যাত্বস্বীকারঃ। ...	৪৪-৫২	২৯
ভৌতিকস্যাত্মত্বনিবাকরণপূর্ব্বকতদন্যস্যাত্মত্বপ্রতিপাদনম্।	৫২-৫৪	৩০
ঐতরেয়গতোক্থোপাসনায়াং পৃথিব্যাদিদৃষ্টেঃ কৌশীতক্যামপি সমানত্বম্।	৫৫-৫৬	৩১
বিরাড্রূপবৈশ্বানরস্য কৃৎস্নস্যৈব ধ্যাতব্যত্বং ন তদংশস্যেতি।	৫৭	৩২
অনুষ্ঠাতব্যশাণ্ডিল্যদহরাদিবিদ্যানাং বেদ্যব্রহ্মভিন্নত্বেন ভিন্নত্বম্।	৫৮	৩৩
আত্মনঃ সগুণোপাসনায়াং একস্য দ্বয়োর্ব্বহূনাঞ্চ উপাসনানাং বৈকল্পিকনিয়মকথনম্।	৫৯	৩৪
বিকল্পেন সমুচ্চয়েন বা প্রতীকোপাসনায়া ঐচ্ছিকত্বম্।	৬০	৩৫
বিকল্পসমুচ্চয়য়োর্যাথাকাম্যম্।	৬১-৬৬	৩৬

চতুর্থপাদে।

আত্মজ্ঞানস্য স্বতন্ত্রত্বং ন ক্রত্বর্থত্বম্।		১-১৭	১
ঊর্দ্ধরেতোরূপাশ্রমাণামস্তিত্বব্যবস্থাপনম্।	১ বর্ণকম্	১৮-২০	২
লোককামিনামাশ্রমিণাং ব্রহ্মনিষ্ঠানর্হত্বম্।	২ বর্ণকম্		
উদ্গীথাক্ষরবস্তোঙ্কারস্য ধ্যেয়ত্বম্।		২১-২২	৩
ঔপনিষদাখ্যানানাং বিদ্যাস্তাবকত্বম্। ...		২৩-২৪	৪
আত্মবোধস্য কর্ম্মানপেক্ষত্বম্। ...		২৫	৫
বিদ্যায়াঃ স্বোৎপত্তৌ কর্ম্মসাপেক্ষত্বম্। ...		২৬-২৭	৬
আপদি সর্ব্বান্নাভ্যনুজ্ঞানম্।		২৮-৩১	৭
বিদ্যার্থিনামাশ্রমধর্ম্মাণাঞ্চ যজ্ঞাদীনাং সকৃদনুষ্ঠানম্।		৩২-৩৫	৮
অনাশ্রমিণোজ্ঞানসম্ভাবনম্।		৩৬-৩৯	৯

প্রতিপাদ্যবিষয়াঃ।		সূ০	অধি০
আশ্রমিণামবরোহাভাবনিরূপণম্।	...	৪০	১০
ভ্রষ্টোর্দ্ধরেতসঃ প্রায়শ্চিত্তসদ্ভাবঃ। ...	...	৪১-৪২	১১
ভ্রষ্টোর্দ্ধরেতসঃ প্রায়শ্চিত্তস্য আমুষ্মিকশুদ্ধিজনকত্বং তাদৃশশুদ্ধিমতোব্যবহারানর্হত্বঞ্চ।	...	৪৩	১২
উপাসনস্য ঋত্বিক্কর্ম্মত্বম্। ...	...	৪৪-৪৬	১৩
মৌনস্য বিধেয়ত্বম্। ...	...	৪৭-৪৯	১৪
বাল্যস্য ভাবশুদ্ধিত্বং ন বয়ঃকামচারোভয়ত্বম্। ...		৫০	১৫
ইহ বা জন্মান্তরে বা জ্ঞানোৎপত্তিরিতি জ্ঞানোৎপত্তেঃ পাক্ষিকত্বম্। ...	...	৫১	১৬
সালোক্যাদিমুক্তীনাং জন্যত্বেন সাতিশয়ত্বং নির্ব্বাণমুক্তেশ্চ নিরতিশয়ত্বম্। ...	...	৫২	১৭

চতুর্থাধ্যায়স্য প্রথমপাদে।

শ্রবণাদীনামাবর্ত্তনীয়ত্বম্। ...	...	১-২	১
জ্ঞাত্রা জীবেন স্বাত্মতয়া ব্রহ্মণো গ্রাহ্যত্বম্।	...	৩	২
প্রতীকেঽহংদৃষ্ট্যভাবঃ। ...	...	৪	৩
অব্রহ্মণি প্রতীকে ব্রহ্মধ্রিয়ঃ কর্ত্তব্যত্বম্।	...	৫	৪
কর্ম্মাঙ্গেষ্বাদিত্যাদিদৃষ্টকর্ত্তব্যত্বম্।	...	৬	৫
উপাসনায়ামাসনস্য নিয়তত্বম্। ...	...	৭-১০	৬
ধ্যানসাধনস্যৈকাগ্র্যস্য প্রধানত্বেন দিগ্দেশকালানামনিয়মঃ। ...	...	১১	৭
উপাস্তীনামামরণমাবৃত্তিঃ। ...	...	১২	৮
জ্ঞানিনঃ পাপলেপাভাবঃ। ...	...	১৩	৯
জ্ঞানিনঃ পুণ্যলেপাভাবঃ। ...	...	১৪	১০
সঞ্চিতয়োরিবারব্ধয়োঃ পুণ্যপাপয়োর্জ্ঞানোদয়সময়ে বিনাশাভাবঃ। ...	...	১৫	১১
অগ্নিহোত্রাদিনিত্যকর্ম্মণোবিদ্যোপযোগ্যংশসাবিনাশঃ।		১৬-১৭	১২

প্রতিপাদ্যবিষয়াঃ।	সূ০	অধি০
সোপাসনস্য নিরুপাসনস্য চ নিত্যকর্ম্মণো তারতম্যেন বিদ্যাসাধনত্বম্।	১৮	১৩
অধিকারিণাং ভাগিতা।	১৯	১৪
দ্বিতীয়পাদে।		
বাগাদীনাং মনসি বৃত্তিপ্রবিলয়ো ন স্বরূপেণ।...	১-২	১
মনসঃ প্রাণে বৃত্ত্যা প্রবিলয়ঃ। ...	৩	২
প্রাণস্য জীবে লয়ান্তরং পুনর্ভূতেষু লয়ঃ। ...	৪-৬	৩
জ্ঞান্যজ্ঞানিনোরুৎক্রান্তেরপি সাম্যম্। ...	৭	৪
তেজঃপ্রভৃতীনাং ভূতানাং পরমাত্মনি বৃত্ত্যা লয়ঃ।	৮-১১	৫
দেহাদেব প্রাণোৎক্রান্তের্নিষেধঃ। ...	১২-১৪	৬
তত্ত্বজ্ঞানিনো বাগাদীনাং পরমাত্মনি লয়ঃ। ...	১৫	৭
তত্ত্ববিদোবাগাদীনাং নিঃশেষেণ পরমাত্মনি লয়ঃ।	১৬	৮
উপাসকস্যোৎক্রান্তের্বিশেষবত্ত্বম্।	১৭	৯
নিশায়ামপি ভূতানাং রশ্মিপ্রাপ্তিঃ। ...	১৮-১৯	১০
দক্ষিণায়নমৃতস্যোপাসকস্য জ্ঞানফলপ্রাপ্তিঃ। ...	২০-২১	১১
তৃতীয়পাদে।		
অর্চ্চিরাদিকস্য ব্রহ্মলোকমার্গস্যৈকত্বম্। ...	১	১
সংবৎসরাদিত্যয়োর্ম্মধ্যে দেবলোকবায়ুলোকৌ সন্নিবেশয়িতব্যৌ।	২	২
বরুণাদীনাং সন্নিবেশাদর্চ্চিরাদিমার্গস্য ব্যবস্থাপিতত্বম্।	৩	৩
অর্চ্চিরাদীনামাতিবাহিকত্বম্।	৪-৬	৪
উত্তরমার্গেণ কার্য্যব্রহ্মগমনম্।	৭-১৪	৫
প্রতীকোপাসকানাং ব্রহ্মলোকাঽপ্রাপনম্। ...	১৫-১৬	৬
চতুর্থপাদে।		
মুক্তিরূপস্য স্বস্যঃ পুরাতনত্বম্।	১-৩	১
মুক্তস্য ব্রহ্মণোঽভিন্নত্বম্।	৪	২

প্রতিপাদ্যবিষয়াঃ।	সূ০	অধি০
মুক্তস্বরূপভূতস্য ব্রহ্মণো যুগপৎ সবিশেষত্বনির্ব্বিশেষত্বে।	৫-৭	৩
অর্চ্চিরাদিমার্গেণ ব্রহ্মলোকং প্রাপ্তস্যোপাসকস্য ভোগ্যবস্তূনাং সৃষ্টৌ মানসসঙ্কল্পস্যৈব হেতুত্বম্।	৮-৯	৪
একস্যাপি পুরুষস্য দেহভাবাভাবয়োরৈচ্ছিকত্বম্। ...	১০-১৪	৫
সর্ব্বেষাং দেহানাং সাত্মকত্বম্।	১৫-১৬	৬
ব্রহ্মলোকগতানামুপাসকানাং জগৎসৃষ্টৌ স্বাতন্ত্র্যাভাবেঽপি ভোগমোক্ষয়োস্তেষাং স্বাতন্ত্র্যসিদ্ধিঃ।	১৭-২২	৭

সমাপ্তং ব্রহ্মসূত্রীয়াধিকরণার্থদর্শনম্।

মুখবন্ধঃ।

ইহ খলু ভগবান্ পরমকারুণিকোমুনির্ব্বাদরায়ণঃ কর্ম্মকাণ্ডোদিতবজ্ঞদান-তপঃস্বাধ্যায়াদিকর্ম্মভির্ব্বিশুদ্ধাশয়ানাং শমদমাদিমতাং নিত্যানিত্যবস্তুবিবেকেনেহামুত্রফলভোগবিরাগিণাং মুমুক্ষূণাং মোক্ষোপায়ভূতামধ্যাত্মবিদ্যামুপদিদিক্ষুঃ "অথাঽতোব্রহ্মজিজ্ঞাসা" ইত্যাদিভিঃ সূত্রজাতৈরখিলোপনিষদ্বাক্যানি বিচার্য্য সংগ্রথয়ামাস। সোঽয়ং গ্রন্থশ্চতুর্ভিরধ্যায়ৈর্ব্বিততোবেদান্তশাস্ত্রমিতি ব্রহ্মমীমাংসেত্যুত্তরমীমাংসেতি চ ব্যপদিশ্যতে ব্যবহর্ত্তৃভিঃ পুরুষৈঃ। তত্র তাবৎ প্রথমেঽধ্যায়ে সর্ব্বেষাং বেদান্তবাক্যানাং তাৎপর্য্যতো ব্রহ্মণি পর্য্যবসানলক্ষণঃ সমন্বয়ঃ, দ্বিতীয়ে সম্ভাবিতবিরোধপরিহারঃ, তৃতীয়েঽধ্যাত্মবিদ্যাসাধননির্ণয়ঃ, চতুর্থে চ বিদ্যাফলবিচারঃ সূত্রিতঃ।

সোঽয়ং সূত্রগ্রন্থঃ কালবশাৎ কৃশত্বমাপন্নোঽপি শ্রীমচ্ছঙ্করাচার্য্যৈস্তদুপরিভাষ্যং নাম প্রসন্নগম্ভীরং মহানিবন্ধং বিরচয্য সমুপবৃংহিতস্তদনু চ বাচস্পতিমিশ্রপ্রভৃতিভিরাচার্য্যবর্য্যৈর্ভামতীপ্রমুখানুদারনিবন্ধনিচয়ান্ নিবধ্য সুপ্রতিষ্ঠাপিতশ্চ। শঙ্করাচার্য্যপ্রাদুর্ভাবস্তু বিক্রমার্কসময়াৎ প্রগতে ৮৪৫ পঞ্চচত্বারিংশদধিকাষ্টশতমিতে সংবৎসরে কেরলদেশে কালপীগ্রামে শিবগুরুশর্ম্মণোর্ভার্য্যায়াং সম্ভবদিতি সম্প্রদায়বিদ আহুঃ। অস্মাচ্চ ভগবতঃ শঙ্করাচার্য্যাৎ প্রাগেতস্য ব্রহ্মসূত্রাখ্যগ্রন্থস্য ভগবদ্বৌধায়নাচার্য্যকৃতাতিবিস্তীর্ণা বৃত্তিনামধেয়া ব্যাখ্যাসীদিতি প্রমাণশতৈর্ব্বিজ্ঞায়তে। তামেবাবলম্ব্য রামানুজেন বিশিষ্টাদ্বৈতপ্রতিপাদকং ব্রহ্মসূত্রভাষ্যং নিরমায়ীতি রামানুজীয়ব্রহ্মসূত্রভাষ্যদর্শনান্নিশ্চীয়তে।

শঙ্করস্তাবদেবং মেনে।—"ব্রহ্মবিদাপ্নোতি পরম্" "তরতি শোকমাত্মবিৎ" ইত্যাদিশ্রুতিবাক্যৈর্ব্বোধিতস্য সফলস্য ব্রহ্মাত্মজ্ঞানস্য সাধনং শ্রবণং "শ্রোতব্যোমন্তব্যোনিদিধ্যাসিতব্যঃ" ইতি শ্রুতির্ব্বোধয়তি। শ্রবণঞ্চ নাম বেদান্তবাক্যানাং ব্রহ্মণি তাৎপর্য্যাবধারণানুকূলবিচারঃ। তাদৃশেনৈব শ্রবণেন নির্ব্বিচিকিৎসং ব্রহ্মাত্মজ্ঞানং সম্পদ্যতে। তদেব তাবৎ সমস্তদুঃখোপশমক-

মানন্দৈকরসং পরমং প্রয়োজনং মুমুক্ষূণাম্। তচ্চ ব্রহ্মাত্মজ্ঞানং বস্তুতঃ প্রাপ্তমপ্যনাদ্যবিদ্যাবশাদপ্রাপ্তকল্পমস্তীত্যতস্তৎ প্রেপ্সিতমিব ভবতি। যথা চ স্বগ্রীবাগতমপি গ্রৈবেয়কং কুতশ্চিৎ ভ্রমাৎ নাস্তীতি মন্যমানঃ পরেণ প্রতিবোধিতমপ্রাপ্তমিব প্রাপ্নোতি তদ্বৎ।

ন চ লোকে বহুশঃ কৃতশ্রবণস্যাপি ব্রহ্মাত্মজ্ঞানানুৎপত্তিদর্শনাদকৃতশ্রবণস্য বামদেবাদের্গর্ভবাসকাল এব তদুৎপত্তিদর্শনাচ্চ শ্রবণং ন ব্রহ্মাত্মসাক্ষাৎকারহেতুরিতি বাচ্যম্। সহকারিবৈকল্যেনান্বয়ব্যভিচারস্য দোষত্বাভাবাৎ জাতিস্মরস্য তস্য তস্য চ জন্মান্তরীয়শ্রবণাৎ ফলসম্ভবেন ব্যতিরেকব্যভিচারাযোগাচ্চ। নো খলু কৃতশ্রবণস্য নিয়মেন সর্ব্বত্র শাব্দং পরোক্ষমেব জ্ঞানমুপজায়তে। সন্নিকৃষ্টযোগ্যবস্তুবিষয়কস্য যাবৎপ্রমাণজন্যজ্ঞানস্য প্রত্যক্ষত্বাভ্যুপগমাৎ। চক্ষুঃসন্নিকৃষ্টস্য বহ্নেঃ সত্যামনুমিৎসায়ামনুমানজন্যজ্ঞানস্য প্রত্যক্ষত্বাব্যভিচারাৎ। কেনচিন্নিমিত্তেন ব্যাধকুলসম্বর্দ্ধিতস্য রাজকুমারস্য স্বীয়যথার্থস্বরূপানভিজ্ঞস্য কদাচিৎ প্রাপ্তেঽবসরে রাজকুমারস্ত্বমসীত্যাপ্তবাক্যাৎ স্বস্বরূপসাক্ষাৎকারোদয়দর্শনাচ্চ শব্দানামপ্যপরোক্ষজ্ঞানজননক্ষমত্বমস্ত্যেবেতি নাত্র বিবদিতব্যম্। অতএব শ্রুতিবিহিতানাং শ্রবণমননাদীনাং তৃণারণিমণিন্যায়েন প্রত্যেকং ব্রহ্মাত্মসাক্ষাৎকারহেতুত্বমস্ত্যেবেতি সিদ্ধান্তিতম্।

কিঞ্চাস্যাং ভ্রান্তিদশায়াং সংসারদশায়াং বা যদয়মহমস্মীত্যহম্প্রত্যয়ানুবিদ্ধমাত্মজ্ঞানমবভাসতে তন্ন প্রমারূপম্। অনিয়তাকারতয়া সন্দিগ্ধত্বাৎ। তথা হি—স্থূলোঽহং কৃশোঽহং ইত্যাদ্যনুভবকালীনাহম্প্রত্যয়ো দেহাভিন্নমাত্মানং গৃহ্ণাতি। তথা বধিরোঽহমন্ধোঽহমিত্যাদ্যনুভবকালীনাহম্প্রত্যয় ইন্দ্রিয়াকারমাত্মানং গৃহ্ণাতি। এবমন্যদাপ্যন্যৎ। তস্মাদহম্প্রত্যয়েনানিয়তাকারাত্মবস্তুগ্রহণাদস্ত্যেব তত্র সন্দিগ্ধতা। সন্দিগ্ধত্বাদেব চ তত্রাস্তি প্রমাত্বব্যাঘাতঃ। অপি চ "একোদেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা।" ইতি "অয়মাত্মা ব্রহ্ম" ইতি চৈবমাদ্যাঃ শ্রুতয়ঃ স্মৃতয়শ্চ সমস্তোপাধিশূন্যমখণ্ডৈকরসমদ্বিতীয়ং ব্রহ্মাত্মত্বেনোপদিশন্তি। অহম্প্রত্যয়স্তু প্রাদেশিকমনেকবিধদুঃখশোকাদিপ্রপঞ্চোপপন্নমাত্মানং প্রত্যাপয়তি। ততোঽপি সন্দিগ্ধতাবস্তুনঃ। তত্রাপৌরুষেয়তয়া নিরস্তসমস্তদোষাশঙ্কেন স্বতঃসিদ্ধপ্রমাণভাবেন শ্রুতিবচনেন বিরুদ্ধত্বাদহম্প্রত্যয়প্রতীতস্যাপ্রামাণ্যমেবাধ্যবসীয়তে। নিশ্চীয়তে চ

দেহাদিতাদাত্ম্যধ্যাসেন স্থূলোঽহমিত্যাদিরূপোঽহম্প্রত্যয়োভ্রান্তিবিলসিত ইতি। অতস্মিংস্তদ্বুদ্ধির্ভ্রান্তিরিতি ভ্রান্তেরৌৎসর্গিকং লক্ষণম্। বিশেষলক্ষণন্তু ভাষ্যে প্রবিতত্তমস্তীতি তদ্দ্রষ্টব্যম্। ন চাঽপুরোবর্ত্তিনি নিরবয়বে নীরূপে চ চিদাত্মনি দেহাদিতদ্ধর্ম্মাণাঞ্চাধ্যাসোঘটত অদৃষ্টত্বাদিতি মন্তব্যম্। অধ্যাসহেতোরনাদ্যজ্ঞানদোষস্য নিরর্গলত্বাৎ। ন চায়মস্তি নিয়মো পুরোবর্ত্তিত্বাদিবিশিষ্ট এব বিষয়ান্তরমধ্যসিতব্যমিতি যতো বালা অতাদৃশেঽপ্যাকাশে তলমলিনতাদ্যধ্যস্যন্তি। বস্তুতস্ত্বারোপ্যপদার্থস্য সত্ত্বমধ্যাসে নাপেক্ষিতং কিন্তু প্রতীতিমাত্রম্। এবঞ্চ কূটকার্ষাপণাদিনা ব্যবহারদর্শনাৎ পূর্ব্বপূর্ব্বমিথ্যাজ্ঞানোপস্থাপিতদেহাদিপ্রপঞ্চপ্রতীতিরেবোত্তরোত্তরাধ্যাস উপযোক্ষ্যতে ন ত্বন্যৎ কিমপি। যদ্যপি দেহাদিপ্রপঞ্চস্য কথঞ্চিৎ প্রতীতৌ সত্যামধ্যাসঃ সিধ্যতি সিদ্ধে চাধ্যাসে দেহাদিপ্রপঞ্চস্য প্রতীতিরিত্যন্যোন্যাশ্রয় আপততি তথাপি নাঽসৌ দোষঃ। বীজাঙ্কুরবৎ সংসারপ্রবাহস্যাঽনাদিত্বেন তৎকারণাস্যাধ্যাসস্যাপ্যনাদিত্বাৎ। তদেবমপবিচ্ছিন্নে চৈতন্যৈকরসেঽদ্বিতীয়ে প্রত্যগাত্মবস্তন্যঽধ্যস্তো নিখিলোঽন্তঃকরণাদির্জ্জড়বর্গশ্চেতনবৎ সদ্রূপেণাবভাসতে প্রত্যগাত্মা চান্তঃকরণাদিষ্বঽধ্যস্তোঽন্তঃকরণাদ্যবচ্ছিন্নঃ সন্ পূর্ণোপি প্রাদেশিক ইব চেতনোপি জড় ইবাবভাসমানঃ কর্ত্তা ভোক্তা চাঽহঙ্কারাস্পদমুপজায়তে। সোঽয়মনির্ব্বচনীয়ো মিথ্যাজ্ঞানবিলাসোঽনাদিরপার ইতরেতরাধ্যাসরূপঃ সর্ব্বানর্থমূলকারণং ন শক্যতে তত্ত্বজ্ঞানেনমন্তবা সমূলঘাতং হন্তুম্। তস্মাদাদরনৈরন্তর্য্যদীর্ঘকালাভ্যাসজন্মনা প্রবলতরতত্ত্বজ্ঞানসংস্কারেণাঽনন্তজন্মান্তরপ্রণালিকাগতঃ সুদৃঢোঽপি মিথ্যাজ্ঞানসংস্কারঃ সমূলঘাতং হন্যত ইত্যুপদিশতি মাতেব হিতকারিণী শ্রুতিঃ "দ্রষ্টব্যোমন্তব্যোনিদিধ্যাসিতব্যঃ" ইত্যাদিকা।

অস্মিন্ হি শাস্ত্রে ব্রহ্মণো যৎ জগৎকারণত্বরূপং লক্ষণমুক্তং তন্ন পরমাণূনামিবারম্ভকত্বরূপং নাপি প্রকৃতেরিব পরিণামিত্বরূপং কিন্তু মায়য়া ব্যোমাদিরূপেণ বিবর্ত্তমানত্বলক্ষণম্। তথা চেন্দ্রজালসদৃশস্যেবাস্য জগতো মায়িকত্বেন তাত্ত্বিকসত্তাশূন্যত্বাৎ জগৎকারণত্ববোধিকাশ্রুতির্জ্জগদ্ব্রহ্মণোস্তাত্ত্বিককার্য্যকারণভাবং নাভিধত্তে কিন্ত্বৌপচারিকমেব। যথা চাস্মিংশ্চ লোকে লোকপ্রসিদ্ধো মায়াবী পরমৈন্দ্রজালিকো মণিমন্ত্রাদিপ্রয়োগসংক্ষুভ্যমাণয়া মায়য়া প্রেক্ষকাণাং বিস্মাপনমিন্দ্রজালং সৃজতি তথা মহামায়াবী মহেশ্বরোঽপ্যন-

স্বশক্তির্নির্ব্ব্যাপার এব স্বেচ্ছামাত্রেণাঽখিলং সৃজতি। যা তস্যেচ্ছাশক্তিঃ সৈব মায়েত্যঽস্মিন্ বেদান্তশাস্ত্রে নিগদ্যতে। জীবেশ্বরবিভাগোঽপি তদ্বিভেদাদুপপদ্যত এব। একাপি হি গুণবতীচ্ছাশক্তীরজস্তমোঽনভিভূতশুদ্ধসত্ত্বগুণপ্রধানা সতী মায়েতি রজস্তমোঽভিভূতমলিনসত্ত্বপ্রধানা সতী চাবিদ্যেত্যভিধীয়তে। একমপি সদ্ ব্রহ্ম মায়োপাধিকমীশ্বর ইতি গীয়তে শ্রুতিস্মৃতিষু। তদেব পুনরবিদ্যোপাধিকং সৎ জীব ইতি ব্যপদিশ্যতে চ। বিশুদ্ধেরেকবিধত্বাৎ শুদ্ধসত্ত্বপ্রধানমায়ায়া একত্বেন মায়াবিন ঈশ্বরস্যাপ্যেকত্বমেব। মালিন্যস্য তারতম্যেন মলিনসত্ত্বপ্রধানায়া অবিদ্যায়া নানাত্বাৎ তদুপাধিকস্য জীবস্যাপি দেবমনুষ্যতির্য্যগাদিপ্রভেদেন নানাত্বম্। তত্রেশ্বরঃ সর্ব্বজ্ঞঃ স্বতন্ত্রঃ সর্ব্বনিয়ন্তা, তদুপাধের্ম্মায়ায়া শুদ্ধসত্ত্বপ্রধানত্বাৎ জীবস্তু ন তথা মলিনসত্ত্বপ্রধানয়া অবিদ্যয়া উপহিতত্বাৎ। এবঞ্চ কৌন্তেয়স্যৈব রাধেয়ত্ববদবিকৃতস্যৈব পরমাত্মনঃ স্বাঽবিদ্যয়া জীবভাবঃ। যদপি সদসদ্ভ্যামনির্ব্বচনীয়ং জ্ঞানবিরোধি ভাবরূপং মূলকারণমজ্ঞানং তদেব প্রকৃতিরিতি মিথ্যাজ্ঞানমিতি মায়েতি চাভিধীয়তে। তদেব পুনর্জ্জীবেশ্বরাদিভেদে কারণমিত্যুপপন্না বিভাগব্যবস্থা। যথা চ স্বভাবে নানবচ্ছিন্ন আকাশে ঘটমুপাধিং নিমিত্তীকৃত্য তৎক্রোড়ীকৃতত্বেনাঽংশং কল্পয়িত্বা ঘটাকাশ ইত্যেকো বিভাগঃ, ঘটাদ্বহিরিতি শব্দমাত্রনিবন্ধনো মহাকাশ ইত্যপরো বিভাগঃ, বস্তুতস্তু নাসৌ বিভাগঃ পারমার্থিকঃ, এবং দেহাদিনাঽহং মনুষ্য ইত্যাদিপ্রকারেণ বিশেষ্যমাণো জীবঃ স এব পুনস্তেনাঽবিশেষ্যমাণঃ পরম ইতি বিভাবনীয়ম্।

ঘটোঽস্তি, ঘটঃ স্ফুরতি, ইত্যাদিনা ঘটাদিসত্ত্বস্ফুরণগ্রাহকং প্রত্যক্ষমাগমবিরোধাদনৈকান্তিকমেব। দৃশ্যতে হি প্রত্যক্ষদৃষ্টবস্তুস্বরূপস্য বহুশো ব্যভিচারঃ।

"তলবদ্দৃশ্যতে ব্যোম খদ্যোতোঽব্যবাড়িব।
ন তলং বিদ্যতে ব্যোম্নি ন খদ্যোতো হুতাশনঃ॥
বিতস্তিমাত্রং গগনে প্রত্যক্ষেণেন্দুমণ্ডলম্।
দৃশ্যতাং বালিশৈস্তন্ন প্রমাণং শাস্ত্রদৃষ্টিতঃ॥"

অতএব হ্যাগমস্যৈব নির্ব্বিশঙ্কং প্রামাণ্যমাস্থেয়মেব। অত্রেদমবধারণীয়ম্। যৎ যদধীনসত্তাস্ফূর্ত্তিকং তৎ তস্মিন্ কল্পিতমেব যথা জলাধীনসত্তাস্ফূর্ত্তিকং

তরঙ্গবুদ্বুদাদিকং জলে কল্পিতম্। তথা চ বিশ্বমপি সচ্চিদাত্মাধীনসত্তাস্ফূর্ত্তিকত্বাৎ সচ্চিদাত্মন্যেব কল্পিতমিতি কৃতবুদ্ধয়ো বিদাং কুর্ব্বন্তু। যথা স্বগতেনৈব কালিম্না দর্পণস্বভাব আচ্ছাদ্যতে তথা স্বগতেনৈবাঽনাদ্যনির্ব্বচনীয়াঽজ্ঞানেন স্বস্বরূপমাচ্ছাদ্যতে। তত এব হি বিচারমন্তরেণ বালিশা লোকা দ্বৈতপ্রপঞ্চস্য স্বাত্মকল্পিতত্বং ন বিজানন্তি। আকাশবদনবচ্ছিন্নঃ পূর্ণঃ সর্ব্বগতঃ স্বয়ম্প্রকাশশ্চিদাত্মা স্বাশ্রিতমূলাজ্ঞানলক্ষণদোষবশাৎ স্বস্মিন্নুত্থিতময়মহমস্মীত্যহঙ্কারভেদেন প্রতিপদ্যতে। অয়মেব স্বাভেদেন গৃহীতোঽহঙ্কার আত্মচৈতন্যখচিতো-ভূত্বা নিখিলং প্রপঞ্চচমৎকারমবভাসয়ন্নাত্মানমানন্দয়তি। তস্মাচ্চ কারণাদেষ আনন্দময়কোষ ইতি বেদান্তশ্রুতিষু কীর্ত্ত্যতে। ততশ্চাঽহং বিজানামীতি বুদ্ধিং বিবর্ত্তয়ন্ বিজ্ঞানময়ং কোষমধিতিষ্ঠতি। ততশ্চাঽহং মন্য ইতি মননং ভাবয়ন্ সংকল্পবিকল্পাদ্যাত্মকেন মনোময়কোষেণাব্রিয়তে। ততঃ পরং মনুষ্যোঽহমিত্যাদ্যভিমন্যমানোবাল্যতারুণ্যাদ্যনেকধর্ম্মবতাঽন্নময়কোষেণ দেহাপরনাম্নোপহিতো ভূত্বা নানাবিধান্ পুত্রকলত্রধনাগারাদিরূপান্ দেহতোঽপি বাহ্যান্ বিষয়ান্ বিচরন্ তত্র তত্রাভেদেনোপরজ্যতে। এবং স পরমোঽপি সন্ মিথ্যাজ্ঞানেন মোহমুপগতো দেহাদ্যভিন্নমাত্মানং গৃহ্নন্ স্বস্য প্রাদেশিকত্বমভিমন্যতে। তদেবমখণ্ডানন্দে স্বপ্রকাশে চিদাত্মন্যহঙ্কারেণ বৃথা প্রসঞ্জিতং কর্ত্তৃত্বভোক্তৃত্বাদিকং ভেদপ্রতিভাসমপবদিতুং জীবাত্মপরমাত্মনোরভেদং প্রত্যায়য়ন্তি শ্রুতয়ঃ—"তত্ত্বমসি" "অয়মাত্মা ব্রহ্ম" ইত্যাদিকাঃ।

ন চাগ্রমাত্রাবয়বেঽপ্যবয়বিত্বারোপেণাগ্রহস্ত ইতি রাজসচিবেঽপি রাজত্বারোপেণ রাজেতি চ প্রযোগং দৃষ্ট্বা তত্ত্বমস্যাদিবাক্যানাং জীবেশ্বরয়োরংশাংশিভাবাভিপ্রায়তা স্বামিভৃত্যভাবাভিপ্রায়তা বা কল্পনীয়া। যত আকাশস্যেব বিভোরীশ্বরস্যাংশো ন সম্ভবতি। জীবাত্মানশ্চেদীশ্বরাংশাস্তর্হি সোঽপ্যংশীতি স্বীক্রিয়তাম্। অংশিত্বং সাবয়বত্বমিত্যনর্থান্তরম্। তস্য সাবয়বত্বে জন্যত্ববিনাশিত্বাদয়ো দোষা আপতেয়ুরিতি তন্মতমসমঞ্জসমেব। কিঞ্চ জীবাত্মপরমাত্মনোর্ভেদঘটিতঃ স্বস্বামিভাবাদি র্ন কোঽপি সম্বন্ধো ঘটতে। "সদেব সোম্যেদমগ্র আসীৎ" "একমেবাদ্বিতীয়ম্" "ঐতদাত্ম্যমিদং সর্ব্বম্" ইত্যাদ্যুপক্রমোপসংহারয়োঃ পঠিতেন শ্রুতিকদম্বেন যৎ স্ফুটমেবানয়োরখণ্ডত্বাপরপর্য্যায়মদ্বিতীয়ত্বমাম্নাতং তদেব প্রত্যায়য়িতুং প্রবৃত্তানাং তত্ত্বমস্যাদিবাক্যানাং

ভেদঘটিতাংশাংশিস্বস্বামিভাবাদৌ ন লেশতোঽপি তাৎপর্য্যং স্থাপয়িতুং পার্য্যতে কেনাপি। "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" "স এষ ইহ প্রবিষ্ট আনখাগ্রেভ্যঃ" ইত্যাদ্যনেকশ্রুতিভির্ব্বলবতীভিঃ স্রষ্টুরীশ্বরস্য স্বসৃষ্টেষু সংঘাতেষ্বহবিকৃতস্যৈব প্রবেশবোধনাৎ ভেদঘটিতস্বামিভৃত্যভাবাদিসম্বন্ধস্য দূরনিরস্তত্বমবারণীয়মেব। "যথাঽগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তি এবং—" ইত্যাদিকাস্তু শ্রুতয়স্তত্তদুপাধিকল্পিতভেদমাশ্রিত্য প্রবৃত্তা ইত্যৌপচারিকমেব তত্র তত্র তত্তদ্ভেদশ্রবণম্। ততশ্চ "নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্।" ইত্যাদ্যাঃ শ্রুতয়ঃ সাধু সঙ্গচ্ছন্ত এব। কিমধিকেনোক্তেন—ঔপাধিকত্বেনাতাত্ত্বিক এব দ্বৈতপ্রপঞ্চ ইতি সর্ব্বাসাং বেদান্তশ্রুতীনাং হৃদয়ম্।

এতৎ সর্ব্বং মনসিকৃত্য পদবাক্যপ্রমাণজ্ঞো ভগবান্ শঙ্করাচার্য্যঃ শারীরকং নাম ভাষ্যং বাদরায়ণকৃতব্রহ্মসূত্রব্যাখ্যানাত্মকং শ্রুতিস্মৃতিপুরাণাদিভিরুপবৃংহিতং ন্যায়ৈশ্চ লৌকিকবৈদিকৈর্দৃঢ়ীকৃতং নির্ব্বিশেষাদ্বৈতপ্রতিপাদকং বিরচয়ামাস। তস্যায়মুপক্রম উপঘাতো বা—যুষ্মদস্মৎপ্রত্যয়গোচরযোরিতি। অস্যোপঘাতসন্দর্ভস্যাধ্যাসভাষ্যমিতি প্রসিদ্ধিরস্তীত্যাস্তাং তাবৎ সর্ব্বমগ্রে দর্শনপথমাগমিষ্যতীত্যলং বহুনা।

শ্রীকালীবরশর্ম্মণাম্।

———

ভাষা-ভাষ্য-ভূমিকা।

পূর্ব্বে দ্বাপরযুগের শেষ ভাগে ভগবান্ ব্যাস সমুদায় বেদরাশি ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব, এই চার বিভাগে বিভক্ত করিয়া জৈমিনি প্রভৃতি শিষ্যে অর্পণ করিয়াছিলেন। সেই প্রত্যেক প্রসিদ্ধ বেদ কর্ম্ম, উপাসনা ও জ্ঞান, এতন্নামক কাণ্ডত্রয়ে বিভূষিত। মহামুনি জৈমিনি কর্ম্মী দিগের নিমিত্ত কর্ম্মকাণ্ডাত্মক বেদ ভাগের ও তদীয় গুরু বাদরায়ণ ব্যাস মুমুক্ষু দিগের নিমিত্ত উপাসনা ও জ্ঞান এই দ্বিকাণ্ডী বেদের উৎকৃষ্ট মীমাংসা নিবন্ধ প্রস্তুত করিয়া জগতের হিতসাধন করিয়া গিয়াছেন। জৈমিনির অভিপ্রায়, অধিকারী জীবনিবহ নিত্য নিয়মিত বেদোক্ত ক্রিয়াকলাপে রত থাকুক এবং ব্যাসের অভিপ্রায়, কর্ম্মী লোক কর্ম্মের দ্বারা পূত হইয়া তাহা হইতে (কর্ম্ম-বন্ধন হইতে) মুক্ত হউক। জৈমিনি মুনি জানিয়াছিলেন, একমাত্র কর্ম্মই জীবের ভোগের ও অপবর্গের মুখ্য উপায়, তাই তিনি লোকের কর্ম্মবৈগুণ্য না জন্মে, এই ভাবে ভাবিত হইয়া কর্ম্মমীমাংসা প্রস্তুত করিয়াছিলেন। কর্ম্মের স্বভাব এই যে, কর্ম্ম কামনাপূর্ব্বক অনুষ্ঠিত হইলে কাম্যফল প্রদান করিবে এবং নিষ্কাম মুমুক্ষু কর্ত্তৃক অনুষ্ঠিত হইলে অনুষ্ঠাতাকে মোক্ষের সোপান পরম্পরায় অধিরোহণ করাইবে। কামনা-পরিশূন্য হইয়া কর্ম্মকরণে প্রসক্ত বা রত থাকিলে অল্পে অল্পে কামক্রোধাদি মনোদোষ ক্ষয় প্রাপ্ত হয়, বুদ্ধি নির্ম্মল হয়, ক্রমে বৈরাগ্য আইসে, পরে শমদমাদি গুণ দৃঢ় হওয়ায় মুক্তির পরম কারণ তত্ত্বজ্ঞান উৎপাদনে অধিকারী হওয়া যায়। সুতরাং কর্ম্ম ভোগ ও অপবর্গ উভয়েরই কারণ। সকাম কর্ম্ম ভোগের ও নিষ্কাম কর্ম্ম মোক্ষের সোপান স্বরূপ। স্বর্গাদি ভোগের ও ভোগক্ষয়রূপ মোক্ষের সোপান স্বরূপ কর্ম্মের অনুষ্ঠানরহস্য অর্থাৎ বিচার বা মীমাংসা জৈমিনি মুনি কর্ত্তৃক এবং মোক্ষের সাক্ষাৎ কারণ তত্ত্বজ্ঞানের ও তত্ত্বজ্ঞানের মুখ্য সহায় উপাসনার স্বরূপ, রহস্য বা মীমাংসা, বেদ-গুরু ব্যাস কর্ত্তৃক উপদিষ্ট হইয়া অদ্যাপি ইহ জগতে বিরাজিত ও পূজিত আছে। জৈমিনিকৃত কর্ম্মরহস্য পূর্ব্বমীমাংসা ও কর্ম্মমীমাংসা নামে এবং ব্যাসের উপদিষ্ট তত্ত্বজ্ঞানরহস্য ব্রহ্মমীমাংসা, উত্তরমীমাংসা ও বেদান্ত নামে বিখ্যাত।

পূর্ব্বমীমাংসা-গ্রন্থ ১৬ অধ্যায়ে বিভক্ত। তন্মধ্যে শেষ ৪ অধ্যায় দেবতা-কাণ্ড ও সঙ্কর্ষণকাণ্ড নামে প্রসিদ্ধ। এই সঙ্কর্ষণকাণ্ড অদ্যাপি মুদ্রিত হয় নাই এবং ইহার কোন ভাষ্য কি টীকা আছে কি না তাহা জানিতে পারি নাই। উত্তরমীমাংসা বা বেদান্তসূত্র ৪ অধ্যায়ে বিভক্ত এবং ইহার অনেক ভাষ্য বৃত্তি বার্ত্তিক ও টীকা আছে। স্বস্বমতের অনুকূলে বেদান্তের টীকা বা ব্যাখ্যা নাই এমন সম্প্রদায় নাই বলিলেও অত্যুক্তি হয় না। বৈষ্ণবসম্প্রদায়ে রামানুজ, মাধ্ব, নিম্বার্ক, বল্লভাচার্য্য ও আধুনিক বলদেব বিদ্যাভূষণ প্রভৃতির, শৈবসম্প্রদায়ে অবধূতাচার্য্য প্রভৃতির, সন্ন্যাসীদলে শঙ্কর প্রভৃতির ভাষ্যাদি প্রচলিত থাকা দৃষ্ট হয়। এমন কি ৺রাজা রামমোহনরায় মহোদয়ও এই বেদান্তসূত্রের স্বীয় মতের অনুকূলে ব্যাখ্যা করিতে সচেষ্ট হইয়াছিলেন। যে সকল ব্যাখ্যাকারের নাম লিখিত হইল, তাঁহাদের পূর্ব্বেও অন্যান্য আচার্য্যের ব্যাখ্যা বিদ্যমান ছিল। বেদান্তসূত্রের খুব্ পুরাতন ব্যাখ্যা এখন পাওয়া যায় না। পুরাতন ব্যাখ্যাকারের মধ্যে বৌধায়ন মুনি ও পাণিনিগুরু উপবর্ষ পণ্ডিত * এই দুই আচার্য্যই অত্যন্ত প্রসিদ্ধ। অনেক স্থলেই দেখা যায়, রামানুজ ও শঙ্করস্বামী এই দুই ভাষ্যকার ঐ দুই প্রাচীন ব্যাখ্যাকারের বাক্য ও মত উদ্ধৃত করিয়া সাবধানতার সহিত বিচার করিয়া গিয়াছেন।

পূর্ব্বে এই ব্রহ্মমীমাংসা-শাস্ত্র গুরু শিষ্য ও আচার্য্য সমাজে বিশেষ মান্য গণ্য ও আদরণীয় ছিল। মধ্যে বৌদ্ধ প্রাদুর্ভাবে ইহার হতাদর ও বিরল-প্রচার ঘটনা হইয়াছিল সত্য; পরন্তু সে অবস্থা অধিক কাল স্থায়ী হয় নাই। শীঘ্রই ভগবান্ শঙ্কর-সূর্য্য উদিত হইয়া ভাষ্য-কিরণ বিস্তার করতঃ সমুদায় অধ্যাত্মবিদ্যার আবরক অন্ধকার দূরীকৃত করিয়াছিলেন। সম্বৎ অব্দের ৮৪৫ অতীত হইলে কেরল দেশের কালপী গ্রামে শিবগুরু ব্রাহ্মণের

---

*, বৌধায়ন এক জন ঋষি। উপবর্ষ পাণিনি মুনির অধ্যাপক। পাণিনি মুনি শাক্যসিংহের বহুপূর্ব্বের লোক। সুতরাং ব্রহ্মসূত্র গ্রন্থ অতি পুরাতন। ব্রহ্মসূত্র গ্রন্থ বাদরায়ণ ব্যাসের কি না, সংশয় করিবার অল্পমাত্রও কারণ নাই। মহাভারত প্রণেতা ব্যাস মহাভারত ও ব্রহ্মসূত্র প্রস্তুত করিয়াছিলেন, তাহার কতকটা আভাস মহাভারতান্তর্গত গীতাপর্ব্বাধ্যায়ের "ব্রহ্মসূত্রপদৈশ্চৈব" ইত্যাদি শ্লোকে পাওয়া যায়।

ঔরসে জ্ঞানগুরু শঙ্করের জন্ম হয়। প্রথিত আছে, সর্ব্বজ্ঞকল্প শঙ্কর ১৬ বৎসর বয়সের পূর্ব্বে সমুদায় উপনিষদের, গীতার, সনৎসুজাত পর্ব্বাধ্যায়ের ও ব্যাসকৃত ব্রহ্মসূত্রের অতি উৎকৃষ্ট ভাষ্য প্রস্তুত করিয়া প্রচারিত করিয়াছিলেন এবং অন্যান্য অনেক প্রকরণ গ্রন্থও (অধ্যাত্মবিদ্যাবিষয়ক) প্রস্তুত করিয়াছিলেন। আজ্ কাল ব্রহ্মসূত্র গ্রন্থের যত গুলি ব্যাখ্যা বিদ্যমান আছে, সে সমুদায়ের মধ্যে শাঙ্কর ভাষ্যই অধিক পুরাতন। শঙ্করের অনেক পরে বল্লভ, মধ্ব ও রামানুজ জন্ম গ্রহণ করিয়া নিজ নিজ মতের অনুকূলে বেদান্তভাষ্য প্রস্তুত করিয়াছিলেন। বল্লভ, মধ্ব ও রামানুজের মত পরে বলিব, আগে শঙ্করের মত বলা যাউক। শঙ্কর বলেন—

"জীব ব্রহ্মসাক্ষাৎকার করিবা মাত্র ব্রহ্ম হয়" "আত্মজ্ঞ সংসারদুঃখ অতিক্রম করে" এই সকল আপ্ত বাক্য প্রমাণে ও তদনুকূল যুক্তিতে স্থির হয় যে, ব্রহ্মাত্মজ্ঞান ব্যতীত দুঃখাতীত হইবার অন্য কোন উপায় নাই। "ব্রহ্মই আমি" ইত্যাকার অসন্দিগ্ধ অনুভবের নাম ব্রহ্মাত্মজ্ঞান। এই জ্ঞানের প্রধান উপায় শ্রবণ। মনন ও নিদিধ্যাসন তাহার সাহায্যকারী। শাস্ত্রকথা শুনিলেই যে শ্রবণ হয় তাহা হয় না। গুরুমুখে শাস্ত্রীয় উপদেশ শুনা, মনোমধ্যে তাহার বিচারিত অর্থ ধারণ করা, সাক্ষাৎ অথবা পরম্পরায় ব্রহ্মেই সমুদায় শাস্ত্রের তাৎপর্য্য আছে, এ বিষয়ে বিশ্বাস, এতগুলি একত্রিত হইলে তবে তাহা শ্রবণ বলিয়া গণ্য হইবে। ঐরূপ শুনাই শুনা, তদ্ভিন্ন শুনা শুনা নহে। তোমার বাড়ী গিয়া তোমার চাকরকে বলিলাম, তামাক সাজ্। সে তামাক সাজিল না। আমি দুঃখিত হইয়া বলিলাম, তোমার চাকর আমার কথা শুনিল না। সত্য সত্যই কি সে আমার "তামাক সাজ্" এই কথা শুনে নাই? "তামাক সাজ্" এ শব্দ কি তাহার কর্ণপ্রবিষ্ট হয় নাই? তাহা হইয়াছিল, সে তাহা শুনিয়াছিল, কিন্তু সে কথা সে মনে স্থান দেয় নাই, আদর করে নাই, অথবা সে কথার অর্থ কার্য্যে পরিণত করে নাই। বক্তব্য তাহাই, কিন্তু শব্দ সাজাইলাম, "তোমার চাকর আমার কথা শুনে নাই।" অতএব, উপর উপর শুনা শুনা নহে, শ্রুত পদার্থে আদর ও বিশ্বাসাদি না করিলে তাহাও শুনা নহে।

বলিতে পার, শত শত লোক বেদান্ত অধ্যয়ন করে, তত্ত্বমসি মহাবাক্যও

শ্রবণ করে এবং তাহার অর্থও আদর পূর্ব্বক গ্রহণ করে, অথচ তাহাদের তত্ত্বজ্ঞানের উদয় হয় না। আবার ইহাও দেখা যায় যে, অনেক লোক বেদান্ত না পড়িয়া ও তত্ত্বমসি বাক্য না শুনিয়া জ্ঞানী হয়। শাস্ত্রেও শুনা যায়, কপিল ও বামদেব প্রভৃতি ঋষি জন্মজ্ঞানী। সুতরাং শ্রবণের ফল তত্ত্বজ্ঞান বা তত্ত্বজ্ঞান শ্রবণের কার্য্য, একথা কিরূপে স্বীকার করা যায়। শঙ্কর বলেন, ইহার প্রত্যুত্তরে আমাদের বক্তব্য এই যে, চিত্তের অনির্ম্মলতা ও জন্মান্তরীয় পাপ প্রভৃতি প্রতিবন্ধকে শ্রবণফল তত্ত্বজ্ঞান অবরুদ্ধ থাকে, তাহাতে তাহার কারণতার অভাব ঘটে না। যেমন অগ্নিসংযোগ থাকিলেও মণি-মন্ত্রাদি প্রতিবন্ধকে দাহকার্য্য অবরুদ্ধ থাকে তেমনি শ্রবণফল তত্ত্বজ্ঞান নানা প্রতিবন্ধকে অবরুদ্ধ থাকে। প্রতিবন্ধক ক্ষয় হইলেই তাহা উদয় প্রাপ্ত হয়। বামদেবাদি ঋষিবৃন্দের তাহাই হইয়াছিল। তাঁহাদের পূর্ব্বজন্মের শ্রবণ এতৎ জন্মে প্রতিবন্ধকশূন্য হইয়া তত্ত্বজ্ঞান উৎপাদন করিয়াছিল, সেই জন্য আর ইহ জন্মে তাঁহাদের শ্রবণ মননাদি করিতে হয় নাই। অতএব, শ্রবণই তত্ত্বজ্ঞানের প্রধান কারণ, মনন ও নিদিধ্যাসন তাহার সহকারী কারণ। "তত্ত্বমসি" মহাবাক্য শ্রবণ করিলে তাহার অর্থে যে অবিশ্বাস ও অসম্ভববোধ প্রভৃতি ঘটনা হয় সে ঘটনা মননের দ্বারা নিবারিত হইতে পারে। মননের পরেও যদি স্পষ্টরূপে আমি ব্রহ্ম, অন্য কিছু নহি, এ অনুভব না হয় তাহা হইলে নিদিধ্যাসনের আবশ্যক হয়। নিদিধ্যাসনে সিদ্ধিলাভ করিতে পারিলেই ঐ অনুভব স্থিরতর হইবে। অন্যথা হইলে হইবে না। এই স্থলে কোন কোন আচার্য্য বলেন, নিদিধ্যাসনই তত্ত্বজ্ঞানের মুখ্য কারণ এবং অন্য দুইটী (শ্রবণ ও মনন) তাহার সহায়।

আপনার ব্রহ্মভাব অপরোক্ষজ্ঞানে আরূঢ় হওয়াই তত্ত্বজ্ঞান। যেমন মরু-মরীচিকায় জলভ্রান্তি, তেমনি, ব্রহ্মে দৃশ্যভ্রান্তি। সুতরাং দৃশ্যপ্রপঞ্চ মিথ্যা, ব্রহ্মই সত্য। প্রথমে এই জ্ঞান অর্জ্জন ও দৃঢ় করিতে হয়। অনন্তর "আমি" এই জ্ঞান ও তাহার আলম্বন দেহ, ইন্দ্রিয়, মন, সমস্তই ভ্রান্তি-বিশেষের বিলাস, অন্য কিছু নহে, সুতরাং আমি-জ্ঞান ও আমি জ্ঞানের আলম্বন, সমস্তই ব্রহ্মে রজ্জুসর্পের ন্যায় মিথ্যা, এই জ্ঞান অবিচাল্য হয়, তখন আপনা আপনি "অহং" অর্থাৎ আমি জ্ঞানটী ইন্দ্রিয়, মন, এ সকল ত্যাগ

করিয়া ব্রহ্মে গিয়া অবগাহন করিতে থাকে। অহং-জ্ঞান ব্রহ্মাবগাহী হইলেই তত্ত্বজ্ঞান, ব্রহ্মজ্ঞান বা আত্মজ্ঞান হইয়াছে বলিয়া অবধারণ করিবে। তদ্বিধ তত্ত্বজ্ঞান হইলেই মোক্ষ অনিবার্য্য। তাহাকে মোক্ষ বল, জীবত্ব নাশ বল, জীবন্মুক্তি বল, তুরীয়প্রাপ্তি বল, আর ব্রহ্মপ্রাপ্তি বল, যাহা ইচ্ছা তাহা বলিতে পার। সে অবস্থা সাত্ত্বিক রাজসিক তামসিক মনোবৃত্তির অতীত সুতরাং গুণাতীত। এখন যাহা সুখ দুঃখ বলিয়া জান, সে অবস্থা সে সুখ দুঃখের অতীত। তাহা নির্ভয়, অদ্বয়, ঘন আনন্দ, একরস ও কূটস্থনিত্য।

একই চৈতন্য আমাতে তোমাতে ও অন্যান্য জীবে বিরাজমান। সেই এক অখণ্ড চৈতন্যই ব্রহ্ম এবং সেই অনাদি অনন্ত ব্রহ্মচৈতন্য উপাধি ভেদে অর্থাৎ আধার (দেহাদি) ভেদে বিভিন্ন ভাব প্রাপ্তের ন্যায় হইয়া আছে। বস্তুতঃ তাহা অভিন্ন বৈ বিভিন্ন নহে। উপাধি অন্তর্হিত হইলেই এক; নচেৎ বহু। স্বর্গ, মর্ত্ত্য, পাতাল, এই লোকত্রয় সেই ব্রহ্মচৈতন্যে অবভাসিত অথবা মায়িকরূপে দৃষ্ট হইতেছে। যে হেতু একাদ্বয় মহান্ ব্যাপি চৈতন্যে স্বাশ্রিত অজ্ঞানের প্রভাবে বিশ্বরূপ ইন্দ্রজাল প্রকাশ পাইয়াছে সেই হেতু বিশ্ব মিথ্যা, কেবল প্রকাশক চৈতন্যই সত্য। অধিক কি, সত্য চৈতন্যে যাহা যাহা ভাসমান তাহা তাহাই অসত্য। সে সকল চৈতন্যাশ্রিত অজ্ঞানের বিলাস বা বিভ্রম ব্যতীত অন্য কিছুই নহে। এই প্রতীতি সুদৃঢ় হওয়া আবশ্যক এবং ঐ প্রতীতি সুদৃঢ় বা অবিচলিত বিশ্বাসে আবদ্ধ হইলেই জীব আপনার ব্রহ্মত্ব সাক্ষাৎকার করিয়া কৃতার্থ হইতে পারে। শক্তিমান্ গুরু যখন বিবেকী ও বুভুৎসু শিষ্যকে "তত্ত্বমসি" "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইত্যাদি মহাবাক্য উপদেশ করেন, তখন তাহার তদুক্ত বাক্যের সামর্থ্যে পূর্ব্বোক্ত প্রকারের প্রতীতি অর্থাৎ বিশ্বের মিথ্যাত্ব ও আপনার ব্রহ্মত্ব বোধ উপস্থিত হয়। অনন্তর সেই বোধ সাধনের বলে অপরোক্ষ পথে প্রবিষ্ট হইয়া তাহাকে কৃতার্থ করে। শ্রবণাদির পর দুই প্রকারে বাক্যার্থবোধ হইতে দেখা যায়। এক পরোক্ষরূপে, অপর অপরোক্ষরূপে। বাক্‌প্রকাশ্য বস্তু শ্রোতার সন্নিহিত (প্রত্যক্ষ পথে) থাকিলে তদ্বোধক বাক্য তদ্বস্তুবিষয়ে অপরোক্ষ জ্ঞান জন্মায় এবং অসন্নিহিত থাকিলে পরোক্ষ জ্ঞান জন্মায়। "তুমিই দশম" এই বাক্য "দশম

নাই" এই ভ্রান্তি বিদূরিত করিয়া শ্রোতাকে আপনার দশমত্ব সাক্ষাৎকার করাইয়াছিল *। "তুমি রাজপুত্র, ব্যাধ নহ" এই বাক্য রাজপুত্রের ব্যাধভ্রান্তি বিদূরিত করিয়া তাহার স্বরূপ সাক্ষাৎকার উৎপাদন করিয়াছিল †। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, তত্ত্বমস্যাদি মহাবাক্যও শিষ্যের মানুষ্যভ্রান্তি বিদূরিত করিয়া ব্রহ্মত্বসাক্ষাৎকার উৎপাদন করিয়া থাকে। কারণ এই যে, ব্রহ্মই স্বাশ্রিত অনাদি অনির্বাচ্য অজ্ঞানে "আমি অমুক" এই সদ্বয়ভাব বা পরিচ্ছেদভ্রান্তি প্রাপ্ত ও জীব হইয়া আছেন। সুতরাং অদ্বয়ব্রহ্মবোধক তত্ত্বমস্যাদি মহাবাক্য তাহার সেই স্বাত্মভ্রান্তি বিদূরিত করিয়া ব্রহ্মস্বরূপ সাক্ষাৎকার করাইতে সমর্থ। উপদেশাত্মক তত্ত্বমস্যাদি মহাবাক্য জিজ্ঞাসু শিষ্যের মনে ব্রহ্মাকার বৃত্তি উদিত করে, তদ্দ্বারা ক্রমে তাহার "আমি অমুক" এই চিরাভ্যস্ত ভ্রান্তিবৃত্তি বিদূরিত বা নিবৃত্ত হয়, তখন তাহার সেই চিরসিদ্ধ অদ্বয়ভাব অর্থাৎ ব্রহ্মভাব স্থিরীকৃত হয়। এই অদ্বয় ব্রহ্মভাবই মোক্ষ। যদিও আলোক অন্ধকারের ন্যায় জ্ঞান ও অজ্ঞান অর্থাৎ চৈতন্য ও অচৈতন্য পরস্পর বিরোধী ‡ তথাপি তাহাদের অভিভাব্য-অভিভাবক-ভাব

---

* দশম। দশ জন চাষা একদা দেশান্তর যাইতেছিল। পথি মধ্যে এক নদী, সন্তরণ ব্যতীত পার হইবার উপায় নাই, দেখিয়া সন্তরণ দ্বারা পার গমন করিল। দশ জনই আছি কি না, কেহ নক্রকুম্ভিবগ্রস্ত হইয়াছে কি না, বুঝিবার নিমিত্ত একে একে সকলেই সকলকে গণিল, পরন্তু গণনামধ্যে আপনাকে নিবিষ্ট না করায় সকলেরই দশম নাই, এই প্রতীতি(ভ্রান্তি) জন্মিল, তাহাতে তাহারা দশমের জন্য অনেকবিধ শোক পরিতাপাদি করিতে লাগিল। এই সময়ে জনৈক বিজ্ঞ পথিক তথায় আগমন করতঃ তাহাদের শোকের কারণ জ্ঞাত হইয়া তাহাদিগকে পুনর্গণনা করিতে বলিল। নবম পর্য্যন্ত গণা হইলে পথিক উপদেশ করিল, "তুমি দশম।" "তুমি দশম" এই উপদেশে তাহাদের ভ্রান্তি গেল এবং দশম জ্ঞান অপরোক্ষ পথে আসিল। তখন তাহাদের শোক মোহ বিনষ্ট হইল। বাক্য এই উদাহরণের অনুরূপ স্থলে প্রত্যক্ষ জ্ঞান জন্মায়।

† রাজপুত্র। এক সময়ে কোন এক রাজপুত্র চৌরনীত, ব্যাধকুলে বিক্রীত ও বর্দ্ধিত হইয়াছিল। দীর্ঘকাল পরে কোন এক তদীয় আত্মীয় তাহাকে "তুমি রাজপুত্র, ব্যাধ নহ" এইরূপ এইরূপ বাক্য বলিয়া তাহার জন্মবৃত্তান্ত বুঝাইয়া দেয়। তাহাতে তাহার ব্যাধপুত্রত্বাভিমান বিদূরিত ও স্বরূপসম্বোধ উদিত হয়।

‡ বিরোধী পদার্থের সহাবস্থান ঘটে না। যেমন আলোক অন্ধকার সহাবস্থিত হয় না

অপ্রত্যাখ্যেয়। নিপুণ হইয়া অনুসন্ধান করিলে দেখিতে পাইবে, চেতনের পার্শ্বচর শক্তি অজ্ঞান ও তাহার সত্তা চৈতন্যসত্তার অধীন। উক্ত উভয় পরস্পর পরস্পরের প্রতিযোগী হইয়াও পরস্পরের স্বরূপ বোধক। অন্ধকার না থাকিলে কে আলোক থাকা প্রমাণিত করিতে পারে? জড় না থাকিলে ও অজ্ঞান না থাকিলে কে চেতন থাকা ও জ্ঞান থাকা জানিতে বা বিশ্বাস করিতে পারে? অপিচ, প্রত্যেক আলোকের ও প্রত্যেক চেতনের অধীনে অন্ধকারের ও অজ্ঞানের অবস্থান দৃষ্ট হয়। কোন্ চেতনে অজ্ঞানসংশ্রব নাই? সমুদায় চেতন জীবে অজ্ঞান-সংশ্রব দৃষ্টে স্থির করা যাইতে পারে যে, অজ্ঞান চেতনের পার্শ্বচর শক্তি। ছায়া যেমন আলোকের পার্শ্বচর, তেমনি অজ্ঞানও জ্ঞানের পার্শ্বচর। উক্ত উভয় কোন এক অনির্বাচ্য সম্বন্ধে কখন দূরে, কখন নিকটে, কখন প্রকাশ্যরূপে ও কখন অন্তর্হিতরূপে আলোকের ও জ্ঞানের সহিত দেখা শুনা করিয়া থাকে। সুবিধা এই যে, তাহারা পরস্পর বিরুদ্ধস্বভাবান্বিত—সাক্ষাৎ সম্বন্ধে দেখা শুনা করিতে পারে না। সেই জন্যই আমরা মোক্ষের আশা করি। যেমন অন্ধকারকালে আলোকের অপসার, এবং আলোককালে অন্ধকারের অপসার হয়, তেমনি, অজ্ঞান-কালে জ্ঞানের তিরোভাব ও জ্ঞানকালে অজ্ঞানের পলায়ন ঘটনা হয়। জ্ঞান হইলে অজ্ঞান পলায়ন করিবে; ইহা স্থির থাকাতেই আমরা অজ্ঞান নিবারণের চেষ্টা করিয়া থাকি। অজ্ঞানই সংসার; সংসার অন্য কিছু নহে। অখণ্ডচেতন অদ্বয়ব্রহ্মের পার্শ্বচর শক্তি অজ্ঞান, তাহার প্রাদুর্ভাবে অন্তঃকর-

---

অর্থাৎ আলোকে অন্ধকার স্থান পায় না, তেমনি, জ্ঞানে অজ্ঞান স্থান পায় না। ইহা দেখিয়া ব্রহ্মে অজ্ঞানের আবেশ অস্বীকার করা ন্যায্য নহে। কারণ, জ্ঞান অজ্ঞান একত্রাবস্থিত হয় না, এ নিয়ম বৃত্তিজ্ঞানে প্রচলিত। ঘটাকারা মনোবৃত্তি ও ঘটাভাবাকারা মনোবৃত্তি একত্রিত হয় না, এই মাত্র নিয়ম দৃষ্ট হয়। সুতরাং উক্ত উভয় বৃত্তির গ্রাহক যে আত্মচৈতন্য তাহা তাহার অধিকার ভুক্ত নহে। আত্মচৈতন্যে দ্বিপ্রকার বৃত্তিই ভিন্ন ভিন্ন সময়ে ভাসমান হইয়া থাকে। যাহা আত্মা বা চেতন, তাহাই ব্রহ্ম। যাহা তাহার প্রতিযোগী—বিপর্য্যয়—এবং কখন আচ্ছাদক—কখন বা পার্শ্বস্থায়ী—তাহাই অজ্ঞান। অতএব, মূলাজ্ঞান ও মূল জ্ঞান ব্যবহারিক জ্ঞান অজ্ঞানের তুল্যস্বভাবাপন্ন নহে। সেই জন্যই চিৎ ও জড় এই দুই বিরুদ্ধ পদার্থের অভিভাব্য অভিভাবক ভাব সম্ভব হয়।

ণাদির উৎপত্তি, অনন্তর তিনি অন্তঃকরণাদিপরিছিন্ন জীব, আবার তাহারই তিরোভাবে তিনি অপরিছিন্ন ও নিরঞ্জন। চিদাত্মা ব্রহ্মের তাদৃশ পার্শ্বচর কখন বা সহচর শক্তিবিশেষই এতৎ শাস্ত্রে ঐশীশক্তি, জগদ্যোনি, অজ্ঞানশক্তি, মায়া, সৃজনশক্তি ও মূলপ্রকৃতি, ইত্যাদি নামে পরিভাষিত হইয়াছে। কি অন্তঃপ্রপঞ্চ কি বাহ্যপ্রপঞ্চ সমস্তই অজ্ঞানের বিলাস, সেই জন্য তাহা ভ্রান্তির বিজৃম্ভণ বলিয়া বর্ণিত হইয়াছে।

"অস্তি ভাতি প্রিয়ং রূপং নাম চেত্যর্থপঞ্চকম্।
আদ্যত্রয়ং ব্রহ্মরূপং জগদ্রূপং ততো দ্বয়ম্॥"

শক্তিরূপী ব্রহ্মাশ্রিত অজ্ঞান ব্রহ্মে বা ব্রহ্মকে জগৎ দেখাইয়াছে। সে জন্য জগৎ ও ব্রহ্ম এখন বিমিশ্রিত বা একাবভাসে ভাসিত। সেই কারণে এখন প্রত্যেক দৃশ্যই পঞ্চরূপী। অস্তি—আছে (১), ভাতি—প্রকাশ পাইতেছে (২), প্রিয়—ভাল বা বেশ্ এই ভাব (৩), রূপ—ইহা এতৎ-প্রকার (৪), নাম—ইহা অমুক বস্তু (৫)। এই পঞ্চরূপের প্রথমোক্ত তিন রূপ ব্রহ্ম, অবশিষ্ট দুই রূপ জগৎ। অর্থাৎ অজ্ঞানবিকার। অজ্ঞান-বিকার বা জগৎ পরমার্থতঃ সত্য নহে। সেই জন্যই বলা যায় "জগৎ মিথ্যা ও ব্রহ্ম সত্য।"

অজ্ঞানকালে অর্থাৎ সংসার দশায় "অহং—আমি" এই বৃত্তি অস্থির বা অনিশ্চিতরূপে উদিত থাকে। সংসারকালের অহং-জ্ঞান একাকার নহে বলিয়া তাহা অপ্রমা অর্থাৎ মিথ্যা। ভাবিয়া দেখ, অজ্ঞানকালের অহং কখন মন, কখন ইন্দ্রিয়, কখন শরীর, অবলম্বন করতঃ অবস্থান করে, পূর্ণ-চৈতন্যের দিকে অগ্রসর হয় না। সুতরাং সংসারকালের অহং-জ্ঞান, অস্থি-রতা বিধায় সন্দিগ্ধের ন্যায় অপ্রমা অর্থাৎ মিথ্যা। জননীর ন্যায় হিতাভি-লাষিণী শ্রুতি তত্ত্বমস্যাদি মহাবাক্য উপদেশ দ্বারা সেই অপ্রমা বা ভ্রান্তি বিদূরিত করিতে প্রবৃত্তা আছেন। শ্রবণে অকৃতকার্য্য হইলে মনন, মননে ফল না পাইলে নিদিধ্যাসন অবলম্বনীয়। শ্রবণ মনন নিদিধ্যাসনে অধি-কারিত্ব লাভের জন্য ও বুদ্ধিদৌর্ব্বল্য নিবারণের জন্য প্রথমে চিত্তপরিকর্ম্ম-কারক উপাসনা প্রয়োজনীয়। শম, দম, উপরতি, শ্রদ্ধা, সমাধান প্রভৃতি বেদোক্ত অনুষ্ঠানে কিছু দিন রত থাকিলেই চিত্ত নির্ম্মলীকৃত হয়, তখন

শ্রবণাদিকার্য্যে অধিকারিতা জন্মে। মনন নিদিধ্যাসনের প্রভাবে প্রতিবন্ধক অভাবপ্রাপ্ত হয়, প্রতিবন্ধক অভাব প্রাপ্ত হইলেই শ্রবণফল তত্ত্বজ্ঞান (অহং ব্রহ্ম ইত্যাকার অনুভব) আপনা হইতেই উৎপন্ন হয়। তত্ত্বজ্ঞান অর্থাৎ ব্রহ্মাকারা অহংবৃত্তি ব্রহ্মদর্শন করায়, করাইয়া বিনাশ প্রাপ্ত হয়, তখন আর অহং থাকে না, সুতরাং ব্রহ্মনির্ব্বাণ বা মোক্ষ জন্মে। শ্রোতার চিত্তে ব্রহ্মাকারা বৃত্তি উদিত করাইবার নিমিত্ত শ্রুতি ব্রহ্মের স্বরূপ তটস্থ দ্বিবিধ লক্ষণ বলিয়াছেন। ব্রহ্ম জগৎকারণ, এ লক্ষণ তটস্থ। ব্রহ্ম সচ্চিদানন্দ, অখণ্ড, একরস ও অদ্বয়, এ লক্ষণ স্বরূপসন্নিবিষ্ট। জগৎকারণ হইলেও তিনি সাংখ্যের প্রকৃতির ও বৈশেষিকের পরমাণুর ন্যায় পরিণামী ও আরম্ভক নহেন। তিনি নিজেই নিজ মায়ায় আকাশাদি রূপে বিবর্ত্তিত হইয়াছেন, সুতরাং অভিন্ননিমিত্তোপাদান বিবর্ত্তী কারণ। অভিন্ননিমিত্তোপাদানের দৃষ্টান্ত লূতা (মাকড়শা)। লূতা সৃজ্যমান সূত্রের প্রতি স্বচৈতন্যপ্রাধান্যে নিমিত্ত কারণ এবং স্বশরীরপ্রাধান্যে উপাদান কারণ। লূতা যে সূত্র সৃজন করে, তাহার উপাদান সে অন্য কোথা হইতে আনে না, তাহা তাহার নিজ শরীরেই আছে। বিবর্ত্তশব্দের অর্থও শ্লোকে গ্রথিত আছে।

"সতত্ত্বতোঽন্যথাপ্রথা বিকার ইত্যুদাহৃতঃ।
অতত্ত্বতোঽন্যথাপ্রথা বিবর্ত্ত ইত্যুদীরিতঃ॥"

সত্য সত্যই একপ্রকার বস্তু অন্যপ্রকার হইলে তাহা বিকার এবং মিথ্যা অন্যথা প্রতীত হইলে তাহা বিবর্ত্ত। দুগ্ধ দধি হয়, তাহা বিকার। রজ্জু সর্পাকারে প্রতীত হয়, তাহা বিবর্ত্ত। জগৎ ব্রহ্মের বিকার নহে, কিন্তু বিবর্ত্ত। সুতরাং এই দৃশ্য জগৎ ইন্দ্রজালসদৃশ তাত্ত্বিকসত্তাশূন্য অর্থাৎ মিথ্যা। যেমন কোন ঐন্দ্রজালিক কৌশলাদিপ্রয়োগক্ষুভ্যমান মায়ার দ্বারা ইন্দ্রজাল সৃজন করে, সেইরূপ, মহামায়াবী ঈশ্বরও বিনা ব্যাপারে স্বেচ্ছার দ্বারা জগৎ সৃজন করেন। তাঁহার তাদৃশী ইচ্ছাশক্তিই এতৎশাস্ত্রে মায়া নামে অভিহিত হইয়াছে। গুণবতী মায়া এক হইলেও গুণের প্রভেদে প্রভিন্না। সেই প্রভেদেই জীবেশ্বর বিভাগ প্রচলিত। উৎকৃষ্টসত্ত্ব প্রাবল্যে মায়া এবং মলিনসত্ত্ব প্রাবল্যে অবিদ্যা। মায়ার উপহিত ঈশ্বর ও অবিদ্যার উপহিত জীব। জীব কেবল উপহিত নহে, অবিদ্যার বশও বটে। মায়া

এক, সেজন্য, ঈশ্বরও এক। মালিন্যের অল্পাধিক্য অনুসারে অবিদ্যা নানা, তদনুসারে জীবও নানা। সুর, অসুর, মানুষ, পশু, ইত্যাদি। মায়ার জ্ঞানশক্তির চরমোৎকর্ষ, সেই জন্য তদুপহিত ঈশ্বরও সর্ব্বেশ্বর, সর্ব্বজ্ঞ, স্বতন্ত্র ও সর্ব্বনিয়ন্তা। জীব জ্ঞানশক্তির অল্পতা বশতঃ সেরূপ নহে। ব্রহ্মের জীব হওয়া কৌন্তেয় কর্ণের রাধেয় হওয়ার অনুরূপ। অপিচ, যেমন একই আকাশ ঘটরূপ উপাধিতে ঘটাকাশ, তত্ত্যাগে মহাকাশ, তেমনি ব্রহ্মও মনুজাদি উপাধিতে (আধারে) জীব ও তদপগতে ব্রহ্ম।

শাস্ত্র, যুক্তি, অনুভব, তিন্ প্রকার অনুসন্ধানে পাওয়া যায় যে, যাহার অস্তিত্ব ও প্রকাশ যাহার অধীন, তাহাতে তাহা কল্পিত। যেমন তরঙ্গ বুদ্বুদ প্রভৃতি জলের অধীন বলিয়া জলে কল্পিত অর্থাৎ সে সকলের সত্তা জলসত্তার অতিরিক্ত নহে, তেমনি, এই দৃশ্য ব্রহ্মাণ্ডের অস্তিত্ব ও প্রকাশ সচ্চিদানন্দব্রহ্মসত্তার অধীন। এতদ্দৃষ্টে স্থির করা যায়, সমস্তই সচ্চিদানন্দ ব্রহ্মচৈতন্যে কল্পিত। অজ্ঞ জীব এই আত্মকল্পিত ভাব সাক্ষাৎকার করিতে অসমর্থ। যদ্রূপ দর্পণের কালিমা দর্পণের স্বচ্ছস্বভাব প্রচ্ছন্ন করে, তদ্রূপ, স্বীয় অনির্ব্বাচ্য অনাদি অজ্ঞানও স্বস্বরূপ প্রচ্ছন্ন করিয়াছে। তাই অজ্ঞ জীব দ্বৈতপ্রপঞ্চের মিথ্যাত্ব জ্ঞাত নহে। বিচারাত্মক শ্রবণাদির দ্বারা অজ্ঞানমালিন্য পরিমার্জ্জিত হইলে তখন তাহারা বুঝিতে পারে, আমি পূর্ণ, অনবচ্ছিন্ন ও সত্য ; অপর সমস্ত আমাতে ও আমারই কল্পিত।

আত্মা আকাশের ন্যায় অনবচ্ছিন্ন, পূর্ণ, সর্ব্বগত, স্বয়ম্প্রকাশ ও চেতন। ইহার পার্শ্বচর অজ্ঞান নামক দোষ ইহাতে প্রথমে বৃথা অহং-প্রতিভাস উত্থাপন করে। অহং-প্রতিভাস উৎপন্ন হওয়াতেই ক্রমে অসংখ্য দ্বৈত-প্রতিভাস উৎপন্ন হয়। জীব বস্তুতঃ পরম, পরন্তু তিনি পরম হইয়াও স্বীয় পার্শ্বচর অজ্ঞানের দোষে অপরম অর্থাৎ প্রাদেশিক (পরিছিন্ন) জীব হইয়া আছেন এবং জীবভাব প্রাপ্ত হওয়াতেই বৃথা কর্তৃত্ব ভোক্তৃত্ব ভোগ করিতে-ছেন। জননী অপেক্ষা অধিক হিতৈষিণী শ্রুতি তাহা বুঝাইয়া দিবার অভিপ্রায়ে জীবাত্মা পরমাত্মার অভেদপ্রতিপাদক (অভেদবোধক) "তত্ত্বমসি" "অয়মাত্মা ব্রহ্ম" ইত্যাদি ইত্যাদি মহাবাক্য উপদেশ করিয়াছেন।

যদি বল, অভেদ তত্ত্বমসি-বাক্যের মুখ্যার্থ নহে, ঔপচারিক ; লোকে

যেমন অমাত্যকেও রাজা বলে, তেমনি শ্রুতি চৈতন্যাংশে ব্রহ্মস্বভাবের সাদৃশ্য আছে দেখিয়া জীবকে ব্রহ্ম বলিয়াছেন। অথবা জীব ব্রহ্মের অংশ, অথবা জীব ব্রহ্মের সেবক, তৎকারণে শ্রুতি জীবকে ব্রহ্ম বলিতে কুণ্ঠিত হন নাই। সাদৃশ্য থাকিলে সদৃশ বস্তুকে তৎস্বরূপ বলা যায় এবং অংশাংশিভাব সেব্যসেবকভাব অথবা স্বামিভৃত্যভাব থাকিলেও ঐ রূপ প্রয়োগ হইতে পারে। হয় ত শ্রুতির অভিপ্রায়—অংশাংশিভাব, না হয় স্বামিভৃত্যভাব, না হয় সেব্যসেবকভাব। শঙ্কর বলেন, প্রত্যুত্তরে আমরা বলিব, তাহা নহে। অংশাংশিভাব অথবা স্বামিভৃত্যভাব অভিপ্রায়ে ঐ সকল মহাবাক্য উচ্চারিত হওয়া অসম্ভব। কারণ, শ্রুতি-সন্দর্ভের পূর্ব্বাপর অনুসন্ধান ও তাৎপর্য্য বিচার করিলে স্পষ্টই বুঝা যায়, অভেদ অর্থ গৌণ নহে; প্রত্যুত মুখ্য। বিবেচনা কর, আকাশের ন্যায় নিরবয়ব বিভু পরমেশ্বরের অংশ নিতান্ত অসম্ভব। জীবগণ ঈশ্বরাংশ, এ কথা সত্য হইলে ঈশ্বর অংশী, এ কথাও সত্য হইবে; কিন্তু তাহা অযুক্ত। বিবেচনা কর, অংশী ও সাবয়ব সমান কথা এবং সাবয়ব পদার্থ যে জন্যত্ববিনাশিত্বাদি দোষে প্রলিপ্ত তাহা সকলেই বিদিত আছেন। এবিষয়ে অধিক কি বলিব, ভেদঘটিত স্বামিভৃত্যভাব বা সেব্য-সেবকভাব শ্রুতিতাৎপর্য্যের বিরোধী; সে জন্য তাহা অপ্রমাণ। অপিচ, উপক্রমে ও উপসংহারে পরিপঠিত * "সৃষ্টির পূর্ব্বে এ সকল সৎ অর্থাৎ ব্রহ্ম ছিল, অন্য কিছু ছিল না।" "এ সমস্তই ব্রহ্ম" "অদ্বয় ব্রহ্মই আদিতত্ত্ব।" এই সকল শ্রুতি সুব্যক্তরূপে অদ্বয়-ব্রহ্মতত্ত্ব উপদেশ করিয়া অনন্তর তৎ-প্রতিপাদনার্থ "তত্ত্বমসি" প্রভৃতি মহাবাক্য উপদেশ করায় স্পষ্টই বুঝা যাইতেছে যে, ভেদঘটিত স্বামিভৃত্যভাবে কি অন্যভাবে ঐ সকল শ্রুতির

---

* উপক্রম ও উপসংহার, অভ্যাস, অপূর্ব্বতা, ফলবর্ণন, অর্থবাদ, ও যুক্তিযোজনা, এই ছয়টী প্রস্তাবতাৎপর্য্য ও শাস্ত্রতাৎপর্য্য বুঝিবার প্রকৃষ্ট উপায়। উপক্রম=আরম্ভ, উপসংহার=সমাপ্তি। আরম্ভকালের বাক্য ও সমাপ্তিকালের বাক্য যদি একরূপ বা একার্থবোধক হয়, তাহা হইলে বুঝিতে হইবে, তাহাই তৎপ্রস্তাবের প্রতিপাদ্য। অভ্যাসশব্দের অর্থ পুনঃ পুনঃ। উপক্রান্ত পদার্থের পুনঃ পুনঃ বা বার বার উপদেশ বা উল্লেখ থাকিলে তাহাকে অভ্যাস বলে। যে উপদেশ অন্যত্র অলব্ধ হইলে অপূর্ব্ব। ফলবর্ণন, অর্থবাদ (প্রশংসাদি) ও যুক্তিপ্রদর্শন সেই উপক্রান্ত বিষয়েই প্রযোজিত হইয়াছে দেখিলে স্থির করিবে যে তাহাই তৎপ্রস্তাবের তাৎপর্য্য।

অল্পমাত্রও তাৎপর্য্য নাই। আরও দেখ, "তিনি সৃজন করিয়া তাহাতে প্রবিষ্ট হইলেন" "তিনিই এই শরীরে প্রবিষ্ট" ইত্যাদি শ্রুতি স্বসৃষ্ট সংঘাতে (দেহে) অবিকৃত পরমেশ্বরের (ব্রহ্মের) অনুপ্রবেশ উপদেশ করিয়াছেন। দুই একটী ভেদ-শ্রুতি আছে সত্য; পরন্তু সে গুলিও ঔপচারিক অর্থ ব্যক্ত করে। একের ঔপচারিকত্বে অন্যের মুখ্যতা, এ নিয়ম অনুসারে অবশ্যই সেই সেই অভেদ শ্রুতি জীবব্রহ্মের অভেদ অর্থ প্রতিপাদন করিবে। অদ্বয় ব্রহ্মবাদেই "নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্" ইত্যাদি শ্রুতি সাধু-রূপে সঙ্গত হয়। ইহাই বেদান্তশ্রুতির হৃদয় অথবা বেদান্তনিহিত রহস্য।

উপরে যাহা বলা হইল তাহাই আচার্য্য শঙ্করস্বামীর অভিপ্রেত। শঙ্কর উক্তরূপে শ্রুতিরহস্য অনুভব করতঃ অদ্বৈতবাদে ব্রহ্মসূত্রের বিস্তীর্ণা ব্যাখ্যা প্রস্তুত করিয়া ইহপরলোকে সুপ্রতিষ্ঠিত হইয়াছেন। ব্যাখ্যার নাম শারীরক ভাষ্য। ভাষ্যমধ্যে তিনি উপরোক্ত তত্ত্বের অনুকূলে নানা যুক্তি, নানা উদাহরণ ও নানা প্রমাণাদি বিন্যস্ত করিয়াছেন। বর্ণিতপ্রকারের তত্ত্বজ্ঞান উৎপাদনে অধিকারী হইবার জন্য যে সকল কার্য্য করিতে হয় সে সকল কার্য্য, বুদ্ধিনৈর্ম্মল্যের উপকরণ, শ্রুতিবিচারের প্রণালী, সাধনরহস্য, উপাসনাতত্ত্ব, কর্ম্মানুষ্ঠানের ও উপাসনানিবিষ্ট ব্যক্তির উচ্চাবচ ফল, জীবন্মুক্তি, ক্রমমুক্তি ও নির্ব্বাণ মোক্ষ, এ সমস্তই বিশদরূপে বর্ণন করিয়াছেন এবং প্রসঙ্গাগত স্বর্গনরকাদি ফলভোগের কথাও বলিয়াছেন। ঈদৃশ শাঙ্করভাষ্য প্রাদুর্ভাবের পূর্ব্বে বৌধায়ন মুনির ও আচার্য্য উপবর্ষের বৃত্তি বা ভাষ্য ছিল। তাঁহারা যে কি মর্ম্মে বেদান্তসূত্রের ব্যাখ্যা প্রস্তুত করিয়াছিলেন তাহা জ্ঞাত নহি। শুনা যায় এবং রামানুজস্বামীর ভাষ্য দৃষ্টে জানা যায় যে, বৌধায়ন ও উপবর্ষ বিশিষ্টাদ্বৈতবাদী ছিলেন। শঙ্কর ব্যতীত অন্য কেহ নির্ব্বিশেষাদ্বৈত হৃদ্গত করেন নাই। নির্ব্বিশেষাদ্বৈতবাদের সংক্ষিপ্ত মর্ম্ম এই যে, ব্রহ্ম একরূপ, তাঁহার আর কোন রূপ বিশেষ অর্থাৎ স্বজাতীয় বিজাতীয় ও স্বগত, কোন রূপ প্রভেদ নাই। এ সকল ভেদপ্রতিভাস (বিশ্ব) মায়িক সুতরাং মিথ্যা। বিশিষ্টাদ্বৈতবাদের সংক্ষিপ্ত মর্ম্ম এই যে, অন্য দ্বিপ্রকার ভেদ না থাকুক, স্বগত ভেদ আছে। বৃক্ষ এক বটে; পরন্তু তাহার কাণ্ড, শাখা, পত্র, পুষ্প, ফল, ইত্যাদি নানা ভেদ আছে। সে সকল বৃক্ষ ছাড়া নহে;

অথচ ভিন্ন। সেইরূপ, ব্রহ্ম এক হইলেও তাঁহার নানা ভেদ আছে। জীব ও জীবোপজীব্য জগৎ তাঁহারই প্রভেদ অথচ তাঁহা ছাড়া নহে। তিনি সেব্য, জীব সকল তাঁহার সেবক। এই মত রামানুজ ও মধ্ব স্বামীর। রামানুজ স্বামীর ও মধ্ব মুনির মতের অপেক্ষাকৃত বিস্তৃত বিবরণ এই———

রামানুজ বিশিষ্টাদ্বৈতবাদী ও তিন পদার্থবাদী। তাঁহার মতে চিৎ, জড়, ও ঈশ্বর, এই তিন তত্ত্ব প্রধান। চিৎ—জীব। জড়—দৃশ্য জগৎ। ঈশ্বর—পরমাত্মা হরি। জীব ভোক্তা, দৃশ্য জগৎ তাহাদের ভোগ্য, এবং ঈশ্বর তৎসমুদায়ের নিয়ন্তা। দৃশ্য জগৎ তিন ভাগে বিভক্ত। ভোগ্য, ভোগের উপকরণ, ও ভোগের আয়তন। ঈশ্বর এই ত্র্যাত্মক জগতের কর্ত্তা ও উপাদান। ন্যায়বিৎ গৌতম প্রভৃতি নিত্য পরমাণু প্রভৃতিকে বিশ্বের উপাদান কারণ বলেন, কিন্তু রামানুজ তাহা বলেন না। রামানুজ বলেন, ভগবান্ হরি নিজেই নিজসৃষ্টির উপাদান এবং তিনিই পুরাণাদি শাস্ত্রে ভগবান্, পুরুষোত্তম, বাসুদেব, ইত্যাদি ইত্যাদি নামে ব্যপদিষ্ট হইয়াছেন। তিনি পরম-কারুণিক ও ভক্তবৎসল। যে সকল জীব তাঁহার উপাসনা করে, তাহাদিগকে তিনি তাহাদের উপাসনানুরূপ ফল প্রদান করেন। ভক্তবৎসলতা বিধায় তিনি লীলাবিশেষের বশবর্ত্তী হন, হইয়া অর্চ্চা, বিভব, ব্যূহ, সূক্ষ্ম ও অন্তর্যামী ভেদে ব্যপদিষ্ট হন। তদীয় ভক্তগণ সোপানারোহণ ন্যায়ে পূর্ব্ব পূর্ব্ব মূর্ত্তির উপাসনা করিয়া পর পর মূর্ত্তির অনুগ্রহ লাভে চরম সোপানে গিয়া কৃতার্থতা লাভ করেন। উপাসক জীব পূর্ব্ব পূর্ব্ব উপাসনায় বাসুদেবপ্রাপ্তিরূপ মোক্ষের পরম শত্রু দুরিতনিচয় ক্ষয় করিয়া উত্তরোত্তর উপাসনায় অধিকারী হয়। অর্চ্চা=প্রতিমাদি। বিভব=অবতার সমূহ। ব্যূহ=সঙ্কর্ষণ, বাসুদেব, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, এই চার রূপ। বাসুদেব=সম্পূর্ণ ষড়্গুণ। এই বাসুদেবই বেদান্তাদি শাস্ত্রে পরব্রহ্ম আখ্যায় প্রথিত। সূক্ষ্ম ও অন্তর্যামী মূর্ত্তি জীবস্থ ও জীবপ্রেরক রূপে বিজ্ঞেয়।

রামানুজ বলেন, উপাসনা পাঁচ প্রকার। অভিগমন, উপাদান, ইজ্যা, স্বাধ্যায় ও যোগ। অভিগমন শব্দে ভগবৎস্থানের মার্জ্জন ও লেপনাদি। উপাদান শব্দে গন্ধপুষ্পধূপদীপাদি দান। ইজ্যা শব্দে পূজা। স্বাধ্যায় শব্দে মন্ত্রজপ, নামজপ, স্তোত্রপাঠ, নামসঙ্কীর্ত্তনাদি ও ভগবত্তত্ত্বপ্রকাশক শাস্ত্রের

অভ্যাস। যোগ শব্দে একাগ্রচিত্তে ভগবদনুসন্ধান। এই পঞ্চবিধ উপাসনায় অল্পে অল্পে ভক্তিনামক জ্ঞান আবির্ভূত হয় এবং চরমোৎকর্ষ অবস্থায় যখন অহঙ্কারাদি বিলুপ্ত হইয়া যায় তখন ভক্তবৎসল ভগবান্ তাহাকে আবৃত্তিরহিত স্বীয় পরমানন্দ ধাম প্রদান করেন। তাহাই শাস্ত্রান্তরের মোক্ষ। ধ্যানাদি সহকৃত ভক্তির দ্বারাই ভগবত্তত্ত্ব সাক্ষাৎকার করা যায়; অন্য উপায়ে নহে। ভগবত্তত্ত্ব সাক্ষাৎকার তত্ত্বমসি প্রভৃতি বাক্য শুনিয়া হয় না।

রামানুজ আরও বলেন, একমাত্র ভক্তিই ভগবৎপ্রাপ্তির উপায়। ভক্তি জ্ঞানবিশেষ, জ্ঞানের সার বা ফল। তাহা ইতরবৈতৃষ্ণ্যরূপিণী। ভগবান্ ব্যতীত আর সমস্ত যখন হেয় গোচরে আইসে তখন যে অনন্যপরা বা অচলা ভক্তি বিকাশমানা হয়, সেই ভক্তিই ভক্তি। বৈরাগ্য ব্যতীত তাদৃশী ভক্তি লাভ করিবার আশা করা যায় না এবং বৈরাগ্যও সত্ত্বশুদ্ধি ব্যতীত উৎপন্ন হয় না। সত্ত্বশুদ্ধি আহারাদির শুদ্ধতা হইতে অল্পে অল্পে হইয়া থাকে। স্বামী রামানুজ এইরূপ এইরূপ তাৎপর্য্যে ব্যাসকৃত ব্রহ্মসূত্রের বৃত্তি রচনা করিয়া গিয়াছেন। তাঁহার সেই বৃত্তি এক্ষণে ভাষ্য নামে প্রথিত।

মধ্বাচার্য্যের মত প্রায় ঐরূপ; কোন কোন অংশে কিছু কিছু প্রভেদ আছে। জীব অণুপরিমাণ, তাহারা ভগবানের দাস, বেদ নিত্য ও অপৌরুষেয়, পঞ্চরাত্র নামক শাস্ত্র জীবের আশ্রয়নীয়, প্রপঞ্চভেদ (জগৎ) সত্য, এই কয় বিষয়ে মধ্ব রামানুজের সহিত একমত; পরন্তু তত্ত্ববিভাগ ব্যবস্থায় অন্যমত। মধ্ব সম্পূর্ণ দ্বৈতবাদী এবং তন্মতে তত্ত্ব দ্বিবিধ। স্বতন্ত্র ও অস্বতন্ত্র। অশেষ-সদ্‌গুণ ভগবান্ বিষ্ণু স্বতন্ত্র তত্ত্ব; জীব ও জড়জগৎ অস্বতন্ত্র তত্ত্ব। ভগবদ্দাস জীব ভ্রমবশতঃ ভগবদ্দাস্য ত্যাগ করিয়া ভগবৎ সাম্য ইচ্ছা করিলে অর্থাৎ অহংব্রহ্মাস্মি উপাসনায় নিবিষ্ট হইলে অধঃপতিত হয়। সে জন্য, অস্বতন্ত্র ও সেবক জীবের ভগবদ্দাস্যই পরম অবলম্বনীয়। অধিক কি বলিব, পরমসেব্য ভগবানের সেবা ব্যতীত জীবের পক্ষে অন্য কর্ত্তব্য নাই।

মধ্বমতে সেবা প্রধানতঃ ত্রিবিধ। অঙ্কন, নামকরণ ও ভজন। সর্ব্বদা ভগবৎরূপের স্মরণ হইবে, এই আশায় তন্মতাবলম্বীরা শরীরে গদাচক্রাদি নারায়ণাস্ত্রের প্রতিচ্ছবি অঙ্কিত করেন। সর্ব্বদা তাঁহার নাম স্মরণ পথে থাকিবে; সেই আশায় তাঁহারা পুত্রাদির "কেশব" "কৃষ্ণ" প্রভৃতি নাম

রাখিয়া থাকেন। এ সকল ব্যাপারও তন্মতে সেবা বলিয়া গণ্য। ভজন দশ প্রকার। দয়া, ভগবৎস্পৃহা ও শ্রদ্ধা, এই তিন মানসিক। সত্যবাক্য, হিতবাক্য, প্রিয়বাক্য ও স্বাধ্যায়, এই চার বাচিক। দান, পর-পরিত্রাণ ও পূজা, এই তিন কায়িক।

পরম সেব্য স্বতন্ত্র তত্ত্ব ভগবানের প্রসন্নতা লাভই অস্বতন্ত্র সেবক জীবের পরমপুরুষার্থ। কিন্তু তাহা ভগবদ্‌গুণোৎকর্ষজ্ঞান ব্যতীত হয় না। সে জ্ঞান তত্ত্বমস্যাদি বাক্য শ্রবণে জন্মে না। অঙ্কন, নামকরণ ও ভজনের দ্বারাই তাহা লব্ধ ও স্থিরতর হয়। "তত্ত্বমসি" বাক্য "অগ্নির্ম্মাণবকঃ" ইত্যাদি বাক্যের ন্যায় সাদৃশ্যপর। নির্ব্বাণমুক্তি বন্ধ্যাপুত্রাদির ন্যায় কথামাত্র, সারূপ্য সালোক্যাদি মুক্তিই পরমার্থ। মধ্ব মুনি এই ভাব হৃদিস্থ করিয়া ব্রহ্মসূত্র-ভাষ্য রচনা করিয়া গিয়াছেন।

প্রসঙ্গক্রমে বল্লভাচার্য্যের মতও সংক্ষেপে বলি, প্রণিহিত হউন।

জীব অণু, সেবক, প্রপঞ্চভেদ (জগৎ) সত্য, এ সকল বিষয়ে বল্লভ মধ্ব-মুনির সহিত একমত। প্রভেদ এই যে, মধ্বমতে বৈকুণ্ঠপতি বিষ্ণু মুমুক্ষু জীবের সেব্য, বল্লভমতে গোলকাধিপতি শ্রীকৃষ্ণ মুমুক্ষু জীবের সেব্য। মধ্ব বলেন, অঙ্কনাদিভেদে সেবা ত্রিবিধ ; বল্লভ বলেন, সেবা দ্বিবিধ। ফলরূপা ও সাধনরূপা। সর্ব্বদা কৃষ্ণশ্রবণচিন্তনরূপ মানসী সেবা ফলরূপা এবং দ্রব্যা-র্পণাদি নিষ্পাদ্য ও কায়ব্যাপারনিষ্পাদ্য শারীরী সেবা সাধনরূপা। মধ্ব বলেন, বৈকুণ্ঠলোক প্রাপ্তিই মোক্ষ ; বল্লভ বলেন, গোলোকস্থ পরমানন্দ-সন্দোহ বৃন্দাবনে ভগবদনুগ্রহে গোপীভাব প্রাপ্ত হইয়া অখণ্ডরাসরসোৎসবে নির্ভররসাবেশে পতিভাবে ভগবান্‌কে সেবা করাই মোক্ষ। এতন্মতে জ্ঞান-মার্গ কিছুই নহে, ভক্তিমার্গও উৎকৃষ্ট নহে, প্রীতিমার্গই সর্ব্বোৎকৃষ্ট। বল্লভ সম্পূর্ণ দ্বৈতবাদী হইয়াও জীবাত্মার ও পরমাত্মার শুদ্ধতা বর্ণন করিয়াছেন, সেজন্য তন্মত শুদ্ধ দ্বৈতবাদ নামে প্রখ্যাত। এতদ্ভিন্ন আর যে সকল কথা আছে সে সকল তাঁহাদের দর্শনে দ্রষ্টব্য।

শঙ্কর দ্বৈতবাদী দিগের কথিত প্রকার মুক্তিকে স্বর্গ মধ্যে গণনা করেন। বিশিষ্টাদ্বৈতবাদী রামানুজ ও শুদ্ধদ্বৈতবাদী বল্লভ প্রভৃতির অভিপ্রায় তাঁহার অনুমোদনীয় নহে। তাঁহার অভিপ্রায় এই যে, যাবৎ না অদ্বয়ব্রহ্মপ্রতিপত্তি

হয় তাবৎ অমোক্ষ। ভগবৎসারূপ্য ও ভগবৎস্থান লাভ করিলেও কোন না কোন কালে তৎপরিচ্যুত হইতে হইবে। পদে পদে সেবকের সেবাপরাধ সংঘটন হইয়া থাকে। যে দিন তাহা ঘটিবে সেই দিনেই আবার সংসার আসিবে। ভগবানের নিত্য পার্ষদ জয় বিজয় তাহার দৃষ্টান্ত। অতএব, সাযুজ্য সারূপ্য সালোক্য, এ সকল মুক্তি পরম মুক্তি নহে; কিন্তু গৌণ মুক্তি। অর্থাৎ আপেক্ষিক মুক্তি। ঐ সকল মুক্তি কর্ম্মী দিগের মধ্যে স্বর্গ নামে পরিচিত। মোক্ষের অন্য নাম অমৃত। যাহারা কর্ম্মপ্রভাবে দীর্ঘকাল স্বর্গসুখ-সন্দোহে অবস্থান করে, শাস্ত্র, প্রশংসা করিবার অভিপ্রায়ে তাহাদিগকেও অমৃতী বলেন। অর্থাৎ মুক্ত পুরুষ বলেন। অথচ তাহারা প্রকৃত মুক্ত নহে। মোক্ষ উৎকর্ষাপকর্ষ-শূন্য, একরূপ ও একরস। সুতরাং তাহা অদ্বয়। অদ্বয় ব্যতীত সদ্বয়ে সংসার ভয় নিবারিত হয় না, ইহা শ্রুতি উচ্চৈ রবে বলিয়াছেন। "দ্বিতীয়াদ্বৈ ভয়ন্তবতি।" ইত্যাদি। শাঙ্কর দর্শনে এইরূপ অনেক কথা আছে, সে সকল তত্তৎস্থানে দ্রষ্টব্য। ভূমিকা উপলক্ষ্যে তদীয় মতের সংক্ষেপ বিবরণ বলা হইল; তাঁহার বিস্তৃতভাব বুঝিতে হইলে সমুদায় ভাষ্যানুবাদ দেখা আবশ্যক। আচার্য্য শঙ্কর যে প্রথমতঃ ভাষ্যভূমিকা লিখিয়াছেন এক মাত্র সেই ভূমিকাই অদ্বৈত প্রতিপাদন করিতে সমর্থ। বলা বাহুল্য যে, শঙ্করের অধ্যাসভাষ্য যার পর নাই সুগভীর, যুক্তিপূর্ণ ও অদ্ভুত। তাহা পাঠ মাত্রে বিজ্ঞ পাঠকের চিত্ত প্রস্ফুরিত হইতে থাকে। ভাষ্য পাঠে মন যে কিরূপ প্রফুল্ল হয় তাহা বর্ণনাতীত এবং অব্যবহিত পরেই তাহার নিদর্শন দেখিতে পাইবেন। ইত্যলম্।

শিবমস্তু।

ভাষ্যস্থিত শ্রুতির অনুক্রমণিকা।

১ ম অধ্যায়।

শ্রুতি	পৃষ্ঠা
অ	
অস্য মহতো ভূতস্য ...	৮০
অয়মাত্মা ব্রহ্ম ...	৮৭,২৭৭
অশরীরং বাব সন্তং	১০৮,১৪৩,৪৫৪, ৫৫৫
অশরীরং শরীরেষু ...	১০৯
অপ্রাণো হ্যমনাঃ শুভ্রঃ	১০৯,২৯১,২৯৮
অন্যত্র ধর্ম্মাদন্যত্রাধর্ম্মাদ্	১১১,৫৮৮
অভয়ং বৈ জনক ...	১১২
অনন্তং বৈ মনো	১১৩
অন্যদেব তদ্বিদিতাদথ	১১৬
অপাণিপাদো ...	১১৯
অন্নময়ং	১৯৬
অসন্নেব স ভবতি ...	২১৫
অথ য এষ ...	২২৭,৪৪২,৪৬১
অশব্দমস্পর্শম্ ...	২৩৩,৫৮৫
অস্য লোকস্য ...	২৩৫
অথ যদতঃ পরো	২৪৯,২৬৭
অথ খলু ...	২৬৯,২৯০
অহং ব্রহ্মাস্মি ...	৩০৮
অসন্নন্যোঽভি ...	৩২১
অথোত্তরেণ ...	৩৩৬
অথ যদু	৩৩৭
অস্যৈব শরীরস্য ...	৩৩৮
অদৃষ্টোঽশ্রুত ...	৩৪৪
অদৃষ্টো দ্রষ্টা ...	৩৪৬
অথ পরা	৩৫০
অক্ষরাৎ পরতঃ	৩৫৫,৩৬০,৩৬১,৫৭৯
অগ্নির্মূর্দ্ধা চক্ষুষী ...	৩৬১
অতশ্চ সর্ব্বা ...	৩৬২
অন্নময়ির্বৈশ্বানরঃ ...	৩৬৬
অমৃতস্যৈষ সেতুঃ ...	৩৮৭
অন্যা বাচো ...	৩৯২
অথ যত্রান্যৎ ...	৪০২
অস্তি ভগবঃ ...	৪০৪,৪পুং
অতি বাদ্যসি ...	৪০৪
অতি বাদ্যস্মীতি ...	৪০৪
অতোঽন্যদার্ত্তম্ ...	৪১৪
অথ যদিদ	৪২৬
অথ য ইহাত্মান ...	৪৩৬
অস্মিন্ কামাঃ ...	৪৩৬
অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষঃ	৪৭১,৪৭৬

শ্রুতি	পৃষ্ঠা
অগ্নির্ব্বা অকামযত ...	৫১৪
অগ্নিঃপাদো বায়ুঃপাদঃ ...	৫১৭
অহ হারেত্বা ...	৫৩৭
অথ হ শৌনকঞ্চ ...	৫৪৩
অন্যত্র ধর্ম্মাৎ ...	৫৫৩,৫৮৮
অনেন জীবেন ...	৫৫৭,৬৫২
অয়ং পুরুষঃ ...	৫৬১
অয়ং শারীর ...	৫৬১
অনন্বাগতং পুণ্যেন ...	৫৬৩
অজামেকাং ...	৫৯৭
অর্ব্বাগ্বিলশ্চমস ...	৫৯৯
অসদ্বা ইদমগ্র	৬১৯,৬২৬,৬২৭
অসদেবেদমগ্র ...	৬২০
অন্নেন সৌম্য ...	৬২৪
অসন্নেব স ...	৬২৬
অত্রৈব মা ...	৬৫৬
অন্তোঽসাবন্তোঽহং ...	৬০৯
